সারণি ৩-৩: প্রকল্প এলাকাতে ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যার ঘনত্বের অভিক্ষেপ ৩-৮
সারণি ৪-১: জলবায়ুপরিবর্তন বিষয়ক কর্মপরিকল্পনা ৪-৪
সারণি ৫-১: কাঠামো পরিকল্পনার পলিসি জোনসমূহ ৫-৭
সারণি ৬-১: প্রধান অর্থনৈতিক কর্মকান্ডের খাত ৬-২
সারণি ৬-২: রাঙ্গামাটি পৌরসভার বাজারের তালিকা ৬-৩
সারণি ৭-১: রাঙ্গামাটি শহরের বস্তি সংক্রান্ত তথ্য ৭-২
সারণি ৭-২: উত্তরদাতাদের মধ্যে শিক্ষার অবস্থা ৭-৬
সারণি ৭-৩: গত পাঁচ বছরে ঋণ গ্রহণকারীর সংখ্যা ৭-৮
সারণি ৭-৪: লক্ষণীয় ঋণের পরিমান ৭-৮
সারণি ৭-৫: ঋণ নেয়ার উদ্দেশ্য ৭-৯
সারণি ৭-৬: এই বস্তিতে বস্তি উন্নয়ন কমিটির উপস্থিতি ৭-১০
সারণি ৭-৭: পৌরসভার সহায়তা ৭-১০
সারণি ৮-১ খসড়া মহাপরিকল্পনার বিভিন্ন ক্ষেত্রে (অবকাঠামো, যোগাযোগ ব্যবস্থা, ড্রেনেজ, স্থানীয় সুযোগ-সুবিধা, জলাবদ্ধতা, দুর্যোগ ইত্যাদি) মন্তব্যসমূহ ৮-৮
সারণি ৮-২ খসড়া মহাপরিকল্পনার জন্য পরামর্শসমূহ ৮-৯
সারণি ৯-১: সেক্টর ভিত্তিক বাস্তবায়ন কৌশল, বাস্তবায়নের মাধ্যম এবং স্থানীয় জনগণের অংশগ্রহণ পদ্ধতি ৯-২
সারণি ৯-২ :সমস্যা ও কৌশলগত বিষয়সমূহ যা সুশাসনের ক্ষেত্রে বিবেচনা করা উচিত ৯-১১
সারণি ৯-৩ :মহাপরিকল্পনার অধীনে বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা ৯-১৬
সারণি ১০-১ : বর্তমান ভূমি ব্যবহার প্রকারভেদ ১০-২
সারণী ১০-২: রাঙ্গামাটি পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ ১০-৩
সারণি ১০-৩: রাঙ্গামাটি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়নে নির্ধারিত মানদন্ড ১০-৭
সারণি ১০-৪: নগর পরিচালনা এবং সেবা প্রদানের দায়িত্ব অনুসারে স্ট্যান্ডিং কমিটির মতামতসমূহ ১০-১২
সারণি ১০-৫: বিভিন্ন ভূমি ব্যবহার শ্রেণি অভিযোজনের প্রস্তাবিত এলাকা ১০-১৩
সারনি ১০-৬: ওয়ার্ড ভিত্তিক পাহাড়ি ভুমির পরিমাণ ১০-১৯
সারণি ১০-৭: বিভিন্ন ভূমি ব্যবহারের অনুমোদিত এবং শর্ত সাপেক্ষে অনুমোদিত ব্যবহার ১০-২২
সারণি ১০-৮: আবাসিক খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান ১০-২৬
সারণি ১০-৯: বাণিজ্যিক খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান ১০-৩০
সারণি ১০-১০: শিল্প খাতের প্রস্তাবনাসমূহের অবস্থান ১০-৩৬
সারণি ১০-১১: শিক্ষা খাতের প্রস্তাবনা সমূহের অবস্থাণ ১০-৩৮
সারণি ১০-১২: স্বাস্থ্য খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান ১০-৩৮
সারণি ১০-১৩: প্রকল্প এলাকার স্থানীয় নগরকেন্দ্র সমূহের অবস্থান ১০-৪০
সারণি ১০-১৪: পরিবহন ও যোগাযোগ খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান ১০-৪২

সারণি ১০-১৫: অত্যাবশ্যকীয় সেবা খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান.....১০-৪৫
সারণি ১০-১৬: বিনোদন খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান..... ১০-৪৮
সারণি ১১-১: ব্যবহারের দিক থেকে ওয়ার্ড ভিত্তিক সড়কের বিন্যাস..... ১১-২
সারণি ১১-২: রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক ১১-২
সারণি ১১-৩: ট্রাকে মালামাল পরিবহনের বর্ণনা ১১-৫
সারণি ১১-৪: রাঙ্গামাটি পৌরসভায় যানবাহণ চলাচলের বিস্তারিত জরিপ তথ্য ১১-৭
সারণি ১১-৫ লেভেল অফ সার্ভিসের মানদণ্ড..... ১১-৮
সারণি ১১-৬: রাস্তার ধরন ও তুঙ্গ সময়ে তার ধারন ক্ষমতা ১১-৮
সারণি ১১-৭: রাস্তা অনুযায়ী সার্ভিস লেভেল ১১-৯
সারণি ১১-৮: রাস্তা উন্নয়নের প্রস্তাবনাসমূহ..... ১১-১০
সারণি ১১-৯: প্রস্তাবিত রাস্তার ধরণ, বিবরণ এবং সংশ্লিষ্ট ব্যবস্থাপনা সংস্থার নাম ১১-১৪
সারণি ১১.১০ বিভিন্ন রাস্তা এবং ব্রিজের প্রস্তাবনা ১১-১৪
সারণি ১১-১১: প্রকল্প এলাকায় সড়ক মানদন্ডের জন্য প্রস্তাবনা..... ১১-১৫
সারণি ১১-১২: বিদ্যমান সরু রাস্তা সম্প্রসারণের প্রস্তাব..... ১১-১৭
সারণি ১১-১৩: প্রস্তাবিত নতুন রাস্তা ১১-১৭
সারণি ১১-১৪: প্রকল্প এলাকার যাতায়াত ও যানবাহন খাতের প্রস্তাবিত এলাকা এবং অবস্থান..... ১১-২৩
সারণি ১১-১৫: রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত ফুটপাতের ওয়ার্ড অনুসারে বিন্যাস..... ১১-২৮
সারণি ১১-১৬: পরিবহন পরিকল্পনা বাস্তবায়নের প্রবিধান..... ১১-৩৩
সারণি ১১-১৭: রাস্তার মানদণ্ডের জন্য জ্যামিতিক আবশ্যিক শর্ত..... ১১-৩৬
সারণি ১২-১: প্রকল্প এলাকার স্পট হাইট (Spot Height) (নদী বাদে)..... ১২-২
সারণি ১২-২: ধরণ অনুসারে রাঙ্গামাটি পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে ড্রেনের দৈর্ঘ্য (কি মি) ১২-৩
সারণি ১২-৩: রাঙ্গামাটি পৌরসভায় সেকেন্ডারি ড্রেনেজ নেটওয়ার্কের ভৌত অবস্থা ১২-৪
সারণি ১২-৪: সেকেন্ডারি ড্রেনেজ নেটওয়ার্কের চিত্র..... ১২-৪
সারণি ১২-৫: রাঙ্গামাটি পৌরসভার কাঁচা অ্যাকসেস ড্রেনেজ নেটওয়ার্কের ভৌত অবস্থা ১২-৫
সারণি ১২-৬: রাঙ্গামাটি পৌরসভায় ওয়ার্ড অনুসারে ড্রেনেজ নেটওয়ার্কের বণ্টন (ভৌত অবস্থা)..... ১২-৭
সারণি ১২-৭ : রাঙ্গামাটি পৌরসভার জলাশয়সমূহ ১২-১০
সারণি ১২-৮: রাঙ্গামাটি পৌরসভায় পুকুরের বণ্টন..... ১২-১১
সারণি ১২-৯: রাঙ্গামাটি পৌরসভায় খানা-খন্দের বণ্টন..... ১২-১২
সারণি ১২-১০: রাঙ্গামাটি পৌরসভায় সেচ খালের বণ্টন ১২-১২
সারণি ১২-১১: রাঙ্গামাটি পৌরসভায় ওয়ার্ড অনুসারে জলাশয়সমূহ ১২-১২
সারণি ১২-১২: রাঙ্গামাটি পৌরসভার সেকেন্ডারি ড্রেনের (প্রস্তাবিত নতুন ও পুনঃসংস্কার) ওয়ার্ড ভিত্তিক বণ্টন ১২-১৬
সারণি ১২-১৩: রাঙ্গামাটি পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার বর্তমান চিত্র ১২-২৭
সারণি ১২-১৪ : রাঙ্গামাটি পৌরসভায় পাম্প হাউজের বণ্টন..... ১২-২৯
সারণি ১২-১৫ : পানির ট্যাঙ্ক ও রিজার্ভারের বণ্টন ১২-৩০
সারণি ১২-১৬: বাংলাদেশের নগর ও গ্রামীণ অঞ্চলে পানির চাহিদা ১২-৩২
সারণি ১২-১৭: পৌরসভায় ২০৩৭ সাল পর্যন্ত পানির চাহিদার প্রক্ষেপন (একক হাজার লিটার) ১২-৩৩
সারণি ১২-১৮: পৌরসভার পানি সরবরাহের জন্য প্রস্তাবিত অবকাঠামো ১২-৩৪
সারণি ১২-১৯: রাঙ্গামাটি পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার জনবল ও অন্যান্য সরঞ্জামাদির চিত্র..... ১২-৩৬
সারণি ১২-২০: কঠিন বর্জ্যের ক্ষেত্রে বিবেচ্য পরিকল্পনা মানদন্ডসমূহ ১২-৩৭
সারণি ১২-২১: প্রকল্প এলাকায় ২০৩৭ সাল পর্যন্ত উৎপাদিত প্রক্কেপিত বর্জ্য (টন/দিন) ১২-৩৮
সারণি ১২-২২: বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তাবনাসমূহ এবং তাদের অবস্থানসমূহ..... ১২-৩৯
সারণি ১২-২৩: রাঙ্গামাটি পৌরসভায় বিভিন্ন ধরণের স্যানিটেশন সেবা এবং এর ব্যবহারকারী ১২-৪২
সারণি ১২-২৪: টেলিফোন পোল ও মোবাইল টাওয়ারের বণ্টন..... ১২-৪৩
সারণি ১২-২৫: রাঙ্গামাটি পৌরসভায় হাই ভোল্টেজ টাওয়ার ১২-৪৫
সারণি-১৩.১ :জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা এবং তার প্রভাব..... ১৩-১
সারণি ১৩-২: রাঙ্গামাটি পৌরসভার ঝুঁকি নির্ণয় (Wu, Yarnal, & Fisher, ২০০২ অনুযায়ী)..... ১৩-৫
সারণি ১৩-৩: বর্তমান চিত্র ও দুর্যোগ উপশম সহায়ক ব্যবস্থাপনা পরিকল্পনা..... ১৩-৭
সারণি ১৩-৪: রাঙ্গামাটি শহরে ভূ-প্রযুক্তিগত বোরহোল এর অবস্থান..... ১৩-১৩

সারণি ১৩-৫: রাঙ্গামাটি পৌরসভায় ভূমিধ্বসের মাত্রা ও ঘটনসংখ্যা.....১৩-২১
সারণি ১৩-৬: আক্রান্ত জনসংখ্যার লিঙ্গ ও বয়স পর্যালোচনা (SADD).....১৩-২২
সারণি ১৩-৭: বাংলাদেশের প্রধাণ ভূমিকম্পসমূহ.....১৩-২৫
সারণি ১৩-৮: বাংলাদেশের সিসমিক জোনের বিস্তারিত.....১৩-২৮
সারণি ১৩-৯: রাঙ্গামাটি পৌরসভায় বজ্রপাতের ফলে সৃষ্ট মৃত্যু এবং হতাহত হওয়ার তথ্য.....১৩-২৮
সারণি ১৩-১০: রাঙ্গামাটি পৌরসভায় পানির অপ্রাপ্যতার তীব্রতা এবং পুনরাবৃত্তির স্তর.....১৩-৩৫
সারণি ১৪-১: রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান শিক্ষা সেবাসমূহ.....১৪-১
সারণি ১৪-২: রাঙ্গামাটি পৌরসভায় শিক্ষা প্রতিষ্ঠানের মানদণ্ড.....১৪-২
সারণি ১৪-৩: প্রি-প্রাইমারি স্কুলের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-৩
সারণি ১৪-৪: প্রাইমারি স্কুলের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-৪
সারণি ১৪-৫: মাদ্রাসার প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-৫
সারণি ১৪-৬: রাঙ্গামাটি পৌরসভায় বিশ্ববিদ্যালয়ের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-৭
সারণি ১৪-৭: শিক্ষা সুবিধা বিষয়ক প্রস্তাবনাসমূহ.....১৪-৭
সারণি ১৪-৮: রাঙ্গামাটি পৌরসভায় স্বাস্থ্যসেবা সংক্রান্ত সংস্থাসমূহ.....১৪-৮
সারণি ১৪-৯: স্বাস্থ্য সেবার মানদন্ড.....১৪-৮
সারণি ১৪-১০: স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-৯
সারণি ১৪-১১: বিদ্যমান বিনোদন সুবিধা.....১৪-১৩
সারণি ১৪-১২: রাঙ্গামাটি শহরে ওয়ার্ড অনুসারে খেলার মাঠ.....১৪-১৩
সারণি ১৪-১৩: বিনোদন সুবিধা প্রদানের মানদন্ড.....১৪-১৪
সারণি ১৪-১৪: ওয়ার্ড ভিত্তিক বিনোদন সুবিধার প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-১৪
সারণি ১৪-১৫: প্রস্তাবিত ওয়ার্ড ভিত্তিক খেলার মাঠের চাহিদা এবং ঘাটতি.....১৪-১৪
সারণি ১৪-১৬: প্রস্তাবিত বিনোদন সুবিধাদি.....১৪-১৫
সারণি ১৪-১৭: পৌর নাগরিক সুবিধাদির মান.....১৪-১৬
সারণি ১৪-১৮: কমিউনিটি সেন্টারের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-১৭
সারণি ১৪-১৯: ধর্মীয় প্রতিষ্ঠানের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-১৭
সারণি ১৪-২০: এক নজরে প্রস্তাবিত নাগরিক সুবিধাদি.....১৪-২২
সারণি ১৫-১: গত পাঁচ বছরের বাজেট বরাদ্দ.....১৫-২
সারণি ১৫-২: আয়ের উৎস.....১৫-২
সারণি ১৫-৩: রাজস্ব আয় (গত তিন বছরের).....১৫-৩
সারণি ১৫-৪: হোল্ডিং ট্যাক্স থেকে আয়.....১৫-৩
সারণি ১৫-৫: স্থাবর সম্পত্তি স্থানান্তর কর থেকে আয়.....১৫-৪
সারণি ১৫-৬: ইউজিপ-৩ এবং তহবিলের অন্যান্য উৎসের বিন্যাস.....১৫-৪
সারণি ১৫-৭: অবকাঠামো উন্নয়ন ও সেবা প্রদানের জন্য বরাদ্দকৃত সম্পদ.....১৫-৪
সারণি ১৫-৮: অগ্রাধিকার পরিকল্পনার তালিকা.....১৫-৫
সারণি ১৫-৯: অগ্রাধিকার প্রকল্পগুলো বাবদ খরচের হিসাব.....১৫-১১
সারণি ১৫-১০: মহাপরিকল্পনার অগ্রাধিকার পরিকল্পনা অর্থায়নের জন্য পৌরসভার আয়ের সম্ভাব্য উৎস (২০১৪-২০২০).....১৫-১৪
সারণি ১৫-১১: রাঙ্গামাটি পৌরসভার অগ্রাধিকার প্রকল্পগুলোর বাস্তবায়নের ধাপ.....১৫-১৫

চিত্রলেখের তালিকা

চিত্রলেখ ১: রাঙ্গামাটি পৌরসভার ২০১৭ ও ২০৩৭ সালের ওয়ার্ড ভিত্তিক ঘনত্ব..... v
চিত্রলেখ ২: প্রকল্পে সম্পাদিত জরিপ সমূহ..... v
চিত্রলেখ ৩: রাঙ্গামাটি পৌরসভার বিদ্যমান বিশদ ভূমি ব্যবহার vi
চিত্রলেখ ৪: ওয়ার্ড ভিত্তিক ড্রেনের প্রস্তাবনা xi
চিত্র ১-১: মহাপরিকল্পনার উপাদানসমূহ.....১-৫
চিত্রলেখ ২-১: রাঙ্গামাটি পৌরসভার বয়স ও লিঙ্গ অনুসারে জনসংখ্যা বন্টন.....২-৬
চিত্রলেখ ২-২ : পরিবারের সদস্যদের পেশা.....২-৬
চিত্রলেখ ২-৩: অভিবাসনের উৎপত্তিস্থল..... ২-৭
চিত্রলেখ ২-৪: অভিবাসনের ধারা.....২-৮
চিত্রলেখ ২-৫: পরিবারের আয়ের গঠন..... ২-৯
চিত্রলেখ ২-৬: পরিবারের আয়ের মূল উৎস.....২-৯
চিত্রলেখ ২-৭: ঘরবাড়ির ধরণ.....২-১০
চিত্রলেখ ৬-১: আয়ের প্রধান উৎস.....৬-২
চিত্রলেখ ৭-১: বস্তির পরিবারগুলোর সদস্যদের বয়স ও লিঙ্গ বণ্টন.....৭-৪
চিত্রলেখ ৭-২: পরিবারের সদস্যদের পেশা.....৭-৭
চিত্রলেখ ৭-৩: বস্তিতে পরিবারের মাসিক আয়.....৭-৭
চিত্রলেখ ৭-৪: দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ.....৭-৮
চিত্রলেখ ৭-৫: পানির উৎস.....৭-৯
চিত্রলেখ ৭-৬: বস্তির যাতায়াত ব্যবস্থার.....৭-১০
চিত্রলেখ ৮-১: অংশীদারদের দ্বারা উত্থাপিত প্রধান সমস্যাগুলো.....৮-৪
চিত্রলেখ ৮-২: অংশীদারদের রাঙ্গামাটি পৌরসভার রূপকল্প বিবৃতি.....৮-৬
চিত্রলেখ ৯-১: সরকারি আইনগত অধিকারের অধিক্রমণ.....৯-৬
চিত্রলেখ ১০-১: রাঙ্গামাটি পৌরসভার বিশদ ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস..... ১০-৩
চিত্র ১০-২: মানিকছড়িতে তাঁত শিল্প কারখানা এবং মার্কেটিং সুবিধার নমুনা চিত্র.....১০-৩৩
চিত্র ১০-৩: দেপ্পাছড়ি, মানিকছড়িতে জুম সংস্কৃতিক কেন্দ্রের নমুনাচিত্র.....১০-৩৪
চিত্রলেখ ১১-১: ভৌত অবস্থা অনুসারে রাস্তার বন্টন..... ১১-১
চিত্রলেখ ১১-২: রাঙ্গামাটি পৌরসভায় কাজের দিনে বিভিন্ন সড়কে ট্রাফিক প্রবাহ.....১১-৭
চিত্রলেখ ১১-৩: রাঙ্গামাটি পৌরসভায় ছুটির দিনে বিভিন্ন সড়কে ট্রাফিক প্রবাহ.....১১-৮
চিত্রলেখ ১১-৪: রাঙ্গামাটি পৌরসভায় বিভিন্ন ধরনের সড়ক..... ১১-১৯
চিত্র ১১-৫: প্রাইমারি সড়কের পরিকল্পনা..... ১১-১৯
চিত্র ১১-৬: প্রাইমারি সড়কের প্রস্থচ্ছেদ.....১১-২০
চিত্র ১১-৭: সেকেন্ডারি সড়কের পরিকল্পনা..... ১১-২০
চিত্র ১১-৮: সেকেন্ডারি সড়কের প্রস্থচ্ছেদ.....১১-২০
চিত্রলেখ ১১-৯: কালেক্টর/টারশিয়ারি সড়কের পরিকল্পনা.....১১-২১
চিত্রলেখ ১১-১০: কালেক্টর/টারশিয়ারি সড়কের প্রস্থচ্ছেদ.....১১-২১
চিত্র ১১-১১: প্রবেশ রাস্তার অংশ..... ১১-২২
চিত্র ১১-১২ প্রবেশ রাস্তার প্রস্থচ্ছেদ..... ১১-২২
চিত্রলেখ ১১-১৩: প্রস্তাবিত ফুটপাতের প্রস্থচ্ছেদ.....১১-২৮
চিত্রলেখ ১১-১৪: প্রয়োজনীয় ট্রাফিক সাইন..... ১১-৩২
চিত্রলেখ ১২-১: ধরণ অনুসারে রাঙ্গামাটি পৌরসভায় ড্রেনেজ ব্যবস্থা..... ১২-৩
চিত্রলেখ ১২-২ : রাঙ্গামাটি পৌরসভার সেকেন্ডারি ড্রেনের ওয়ার্ড ভিত্তিক বণ্টন..... ১২-৪
চিত্রলেখ ১২-৩: রাঙ্গামাটি পৌরসভার অ্যাকসেস ড্রেনের ওয়ার্ড ভিত্তিক বণ্টন.....১২-৫
চিত্রলেখ ১২-৪: রাঙ্গামাটি পৌরসভার অ্যাকসেস ড্রেনের চিত্র.....১২-৬
চিত্রলেখ ১২-৫: রাঙ্গামাটি পৌরসভায় ড্রেনেজ নেটওয়ার্কের ভৌত অবস্থা..... ১২-৬

চিত্রলেখ ১২-৬: রাঙ্গামাটি পৌরসভায় প্রস্থ অনুসারে ড্রেনেজ নেটওয়ার্কের বণ্টন..... ১২-৭
চিত্রলেখ ১২-৭: কাপ্তাই লেকের ওয়ার্ড অনুসারে বণ্টন..... ১২-১১
চিত্রলেখ ১২-৮: একটি বক্স কালভার্টের নমুনা নকশা এবং উচ্চতা..... ১২-২২
চিত্রলেখ ১২-৯: পৌরসভায় পানি সরবরাহ সেবা এলাকার পরিধি.....১২-২৭
চিত্রলেখ ১২-১০: রাঙ্গামাটি পৌরসভায় পানির কল ও হস্তচালিত নলকূপের বণ্টন.....১২-২৯
চিত্রলেখ ১২-১১: বৈদ্যুতিক পোল ও সড়ক বাতির পোলের বণ্টন.....১২-৪৪
চিত্রলেখ ১২-১২: ওয়ার্ড অনুসারে ইলেকট্রিক ট্রান্সফরমারের বণ্টন.....১২-৪৪
চিত্রলেখ ১২-১৩: ওয়ার্ড অনুসারে বৈদ্যুতিক লাইনের বণ্টন.....১২-৪৫
চিত্রলেখ ১৩-১: রাঙ্গামাটি পৌরসভার অভিযোজন সক্ষমতার চিত্র..... ১৩-৬
চিত্রলেখ ১৩-২: রাঙ্গামাটি পৌরসভায় বোরহোলের অবস্থান.....১৩-১৩
চিত্র ১৩-৩: কঠিন বর্জ্যের ময়লা পানি বের হয়ে কাপ্তাই লেকের পানির সাথে মিশছে.....১৩-৩৮
চিত্রলেখ ১৩-৪: পাহাড়ী ঢাল বান্ধব কাঠামো.....১৩-৪৩
চিত্র ১৩-৫: বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রস্তাবিত উপায়.....১৩-৪৫
চিত্রলেখ ১৪-১: হাই স্কুলের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-৫
চিত্রলেখ ১৪-২: কলেজের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি..... ১৪-৬
চিত্রলেখ ১৪-৩: পলিটেকনিক ইন্সটিটিউটের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি.....১৪-৬
চিত্রলেখ ১৪-৪: ডাকঘরের চাহিদা..... ১৪-১৯

মানচিত্রের তালিকা

মানচিত্র ১: রাঙ্গামাটি পৌরসভার কাঠামো পরিকল্পনা viii
মানচিত্র ২: রাঙ্গামাটি পৌরসভার ভূমি ব্যবহার পরিকল্পনা x
মানচিত্র ৩: রাঙ্গামাটি পৌরসভার যোগাযোগ ও যাতায়াত ব্যবস্থার পরিকল্পনা xi
মানচিত্র ১-১: রাঙ্গামাটি পৌরসভা, বাংলাদেশ ১-২
মানচিত্র ১-২: রাঙ্গামাটি পৌরসভার আঞ্চলিক মানচিত্র ১-৩
মানচিত্র ২-১ : রাঙ্গামাটি পৌরসভার ওয়ার্ড সমূহ ২-৪
মানচিত্র ২-২ : রাঙ্গামাটি পৌরসভার স্থানিক বৃদ্ধি ২-১১
মানচিত্র ৩-১: বছর ভিত্তিক জনসংখ্যার ঘনত্ব ও জনসংখ্যার বন্টন ৩-৯
মানচিত্র ৫-১: প্রকল্প এলাকার কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলসমূহ ৫-৮
মানচিত্র ৭-১: রাঙ্গামাটি পৌরসভার বস্তিগুলোর অবস্থান ৭-৫
মানচিত্র ১০-১ : রাঙ্গামাটি পৌরসভার সাধারণ ভূমি-ব্যবহার ১০-৪
মানচিত্র ১০-২ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত সাধারন ভূমি ব্যবহার ১০-১৪
মানচিত্র ১০-৩ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত আবাসিক ভূমি ব্যবহার ১০-১৬
মানচিত্র ১০-৪ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত মিশ্র (বাণিজ্যিক এবং বাণিজ্যিক ও আবাসিক) ভূমি-ব্যবহার ১০-১৭
মানচিত্র ১০-৫: রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত শিল্প-কারখানা ভূমি ব্যবহার ১০-১৮
মানচিত্র ১০-৬ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত নাগরিক সুবিধা ভূমি ব্যবহার ১০-২০
মানচিত্র ১০-৭: রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত সংরক্ষিত ভূমি ব্যবহার ১০-২১
মানচিত্র ১০-৮ : রাঙ্গামাটি পৌরসভার আবাসিক খাতের প্রস্তাবনাসমূহ (সব ধরনের আবাসন) ১০-২৮
মানচিত্র ১০-৯ : রাঙ্গামাটি পৌরসভার বাণিজ্যিক খাতের প্রস্তাবনাসমূহ (খুচরা বাজার এলাকা) ১০-৩১
মানচিত্র ১০-১০ : রাঙ্গামাটি পৌরসভার শিল্প খাতের প্রস্তাবনাসমূহ (অর্থনৈতিক অঞ্চল এবং হাই-টেক পার্ক) ১০-৩৭
মানচিত্র ১০-১১ : রাঙ্গামাটি পৌরসভার স্বাস্থ্য ও শিক্ষা খাতের প্রস্তাবনা সমূহ ১০-৩৯
মানচিত্র ১০-১২ : রাঙ্গামাটি পৌরসভার প্রশাসনিক খাতের প্রস্তাবনা সমূহ ১০-৪১
মানচিত্র ১০-১৩ : রাঙ্গামাটি পৌরসভার পরিবহন খাতের প্রস্তাবনা সমূহ ১০-৪৪
মানচিত্র ১০-১৪ : রাঙ্গামাটি পৌরসভার উপযোগ খাতের প্রস্তাবনা সমূহ ১০-৪৭
মানচিত্র ১০-১৫ : রাঙ্গামাটি পৌরসভার বিনোদন খাতের (খেলাধুলা আয়োজন এলাকা) প্রস্তাবনা সমূহ ১০-৫০
মানচিত্র ১১-১ : ধরণ অনুসারে রাঙ্গামাটি পৌরসভার সড়ক নেটওয়ার্ক বিন্যাস ১১-৩
মানচিত্র ১১-২ : ব্যবহার অনুসারে রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান সড়ক নেটওয়ার্ক বিন্যাস ১১-৪
মানচিত্র ১১-৩ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক ও ব্রিজ ১১-১৩
মানচিত্র ১১-৪ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক ১১-১৬
মানচিত্র ১১-৫ : রাঙ্গামাটি পৌরসভার বিদ্যমান রাস্তার প্রশস্তকরন ও সংস্কার প্রস্তাবনা ১১-১৮
মানচিত্র ১১-৬ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত যাতায়াত সুবিধা সমূহ ১১-২৭
মানচিত্র ১১-৭ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত পথচারী পথ ১১-২৯
মানচিত্র ১২-১ : রাঙ্গামাটি পৌরসভার বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্ক (ভৌত অবস্থা অনুসারে) ১২-৮
মানচিত্র ১২-২ : রাঙ্গামাটি পৌরসভার বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্ক (ধরন অনুসারে) ১২-৯
মানচিত্র ১২-৩ : রাঙ্গামাটি পৌরসভায় জলাশয়সমূহ ১২-১৪
মানচিত্র ১২-৪ : রাঙ্গামাটি পৌরসভার ড্রেনেজ নেটওয়ার্ক পরিকল্পনা ১২-১৯
মানচিত্র ১২-৫ : রাঙ্গামাটি পৌরসভায় সেতু ও কালভার্ট ১২-২৬
মানচিত্র ১২-৬: রাঙ্গামাটি পৌরসভায় পানি সরবরাহের বিদ্যমান চিত্র ১২-৩১
মানচিত্র ১২-৭ : রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত পানি সরবরাহ সেবার প্রস্তাবনাসমূহ ১২-৩৫
মানচিত্র ১২-৮: রাঙ্গামাটি পৌরসভায় কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তাবনাসমূহ ১২-৪১
মানচিত্র ১২-৯: রাঙ্গামাটি পৌরসভায় বৈদ্যুতিক পোল, বৈদ্যুতিক লাইন, টাওয়ার এবং ট্রান্সফর্মারের বণ্টন ১২-৪৬
মানচিত্র ১২-১০ : রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত উপযোগ সেবাসমূহের পরিপোষক সুবিধাদি (সোলার, বায়োগ্যাস) ১২-৪৮
মানচিত্র ১৩-১: রাঙ্গামাটি পৌরসভার ডিজিটাল এলিভেশন মডেল ১৩-১৯
মানচিত্র ১৩-২: রাঙ্গামাটি পৌরসভার ভূমিধ্বস সংবেদনশীলতা মানচিত্র ১৩-২০

মানচিত্র ১৩-৩: উপজেলায় মারাত্মকভাবে আক্রান্ত মানুষের সংখ্যা (NIRAPAD) ১৩-২৩
মানচিত্র ১৩-৪: রাঙ্গামাটি পৌরসভার ভূমিধ্বসে ঝুঁকিপূর্ণ এলাকার মানচিত্র ১৩-২৪
মানচিত্র ১৩-৫: বাংলাদেশের ভূমিকম্প প্রবণ জোনে রাঙ্গামাটি পৌরসভার অবস্থান ১৩-২৭
মানচিত্র ১৩-৬: বজ্রপাতে জেলাভিত্তিক বাৎসরিক মৃত্যুর হার প্রতি দশ লক্ষে। রঙ ছায়াকরনের ব্যাপ্তি (Color Sheading) সর্বোচ্চ লাল থেকে সর্বনিম্ন নীল পর্যন্ত বিস্তৃত। জেলা ভিত্তিক মৃত্যুর হার ক্রম সংখ্যার ভিত্তিতে করা হয়েছে; (দেওয়ান এবং আরো অনেকে, ২০১৭) ১৩-২৯
মানচিত্র ১৩-৭: জেলা ভিত্তিক প্রতিবছর প্রতি দশ লক্ষে বজ্রপাতে মৃত্যুহার ১৩-৩০
মানচিত্র ১৩-৮: রাঙ্গামাটি পৌরসভার জলাবদ্ধ এলাকাসমূহ ১৩-৩৪
মানচিত্র ১৩-৯: রাঙ্গামাটি পৌরসভায় পানির অপ্রাপ্যতা ঝুঁকির মানচিত্র ১৩-৩৬
মানচিত্র ১৪-১ : রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান শিক্ষা ও স্বাস্থ্যসেবা সংক্রান্ত সুবিধাদি ১৪-১১
মানচিত্র ১৪-২ : রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত শিক্ষা ও স্বাস্থ্যসেবা সংক্রান্ত সুবিধাদি ১৪-১২
মানচিত্র ১৪-৩ : রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান বিনোদন সুবিধাদি ১৪-২০
মানচিত্র ১৪-৪ : রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত বিনোদন সুবিধাদি ১৪-২১
মানচিত্র ১৫-১ : আবাসিক, বাণিজ্যিক এবং শিল্প খাতের উন্নয়নের জন্য অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্প সমূহ ১৫-৭
মানচিত্র ১৫-২ : রাঙ্গামাটি পৌরসভার অগ্রাধিকারপ্রাপ্ত নাগরিক সুবিধা প্রকল্প সমূহ ১৫-৮
মানচিত্র ১৫-৩ : রাঙ্গামাটি পৌরসভার অগ্রাধিকারপ্রাপ্ত ড্রেনেজ প্রকল্প সমূহ ১৫-৯
মানচিত্র ১৫-৪ : রাঙ্গামাটি পৌরসভার অগ্রাধিকারপ্রাপ্ত সড়ক ও যোগাযোগ সুবিধা সম্পর্কিত প্রকল্প সমূহ ১৫-১০

স্থিরচিত্রের তালিকা

স্থিরচিত্র ৩-১: রাঙ্গামাটি পৌরসভায় বর্তমান পাহাড় কাঁটা এবং পাহাড়ধ্বসের দৃশ্যপট ৩-২
চিত্র ৩-২: ভূমিকম্পের ঘটনায় (১৩ জুন, ২০১৭) কিছু গুরুত্বপূর্ণ দৈনিক জাতীয় এবং আন্তর্জাতিক সংবাদপত্রের সংবাদ ৩-৩
স্থিরচিত্র ৮-১: ১ম আলোচনা সভা ৮-৩
স্থিরচিত্র ৮-২: রাঙ্গামাটি পৌরসভায় ২য় মতবিনিময় সভা ৮-৫
স্থিরচিত্র ৮-৩: রাঙ্গামাটি পৌরসভায় ৩য় মতবিনিময় সভা ৮-৮
স্থিরচিত্র ৮-৪: চূড়ান্ত মতবিনিময় সভা ৮-১০
স্থিরচিত্র ৮-৫: সভার উপস্থিতি ৮-১৩
স্থিরচিত্র ৮-৬: মহাপরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ৮-২৯
স্থিরচিত্র ১২-১ : রাঙ্গামাটি পৌরসভার কাপ্তাই লেক ১২-১০
স্থিরচিত্র ১২-২ : রাঙ্গামাটি পৌরসভায় সেতু ১২-২৫
স্থিরচিত্র ১২-৩ : রাঙ্গামাটি পৌরসভায় পানি সরবরাহের বর্তমান চিত্র ১২-২৮
স্থিরচিত্র ১২-৪: রাঙ্গামাটি পৌরসভায় পানি শোধনাগার ১২-৩০
স্থিরচিত্র ১২-৫: রাঙ্গামাটি পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার বর্তমান অবস্থা ১২-৩৭
স্থিরচিত্র ১২-৬: রাঙ্গামাটি পৌরসভার স্যানিটারি সেবার বিদ্যমান অবস্থা ১২-৪২
স্থিরচিত্র ১৩-১: জলাশয় ও খাওয়ার পানির উৎসের বর্তমান চিত্র ১৩-১৭
স্থিরচিত্র ১৩-২: ক. পাহাড় কাটা এবং খ. ভূমিধ্বসে আক্রান্ত এলাকা ১৩-১৮
স্থিরচিত্র ১৩-৩: বর্জ্য নিষ্কাশন স্টেশন এবং ক. শোধনাগারের অবস্থান, খ. পাহাড়ের পাশে নিষ্কাশিত বর্জ্য, গ. রাস্তার পাশে নিষ্কাশিত বর্জ্য ১৩-৩১
স্থিরচিত্র ১৩-৪: পাহাড় কাটা এবং গড়ে ওঠা ভারসাম্যহীন বসতি ১৩-৩২
স্থিরচিত্র ১৩-৫ খ: বন ও গাছপালা পোড়ানো ১৩-৩২
স্থিরচিত্র ১৩-৬: বিভিন্ন উৎসের মাধ্যমে জলাশয়ের দূষণ ১৩-৩৯
স্থিরচিত্র ১৩-৭: ডেন ভরাট (আসাম বস্তির কাছে) ১৩-৪০
স্থিরচিত্র ১৩-৮: সহনশীল অবকাঠামো উন্নয়নের জন্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে মাঠ পরিদর্শন ও আলোচনা ১৩-৪৩
স্থিরচিত্র ১৩-৯: ঢাল সুরক্ষা ব্যবস্থা ১৩-৪৪
স্থিরচিত্র ১৩-১০: কাপ্তাই লেকের নিচু জায়গায় বনায়ন ১৩-৪৫
স্থিরচিত্র ১৪-১ : রাঙ্গামাটি পৌরসভার কিছু শিক্ষা প্রতিষ্ঠান ১৪-২
স্থিরচিত্র ১৪-২: বক্ষব্যাধি হাসপাতাল, রাঙ্গামাটি ১৪-৮
স্থিরচিত্র ১৪-৩: রাঙ্গামাটি পৌরসভার কিছু বিনোদন সুবিধাদি ১৪-১৩
স্থিরচিত্র ১৪-৪: রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান অন্যতম কমিউনিটি সুবিধা ১৪-১৬

সংক্ষিপ্ত শব্দের তালিকা

এডিবি	এশীয় উন্নয়ন ব্যাংক
এডিপি	বার্ষিক উন্নয়ন কর্মসূচি
এএডিটি	বার্ষিক দৈনিক ট্রাফিক ভলিউম
বার্ড	বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী
বিবিএস	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বিআইডব্লিউটিএ	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
বিএম	বেঞ্চমার্ক
বিএনবিসি	বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড
বিআর	বাংলাদেশ রেলওয়ে
বিআরটিএ	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
বিসিক	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন
সিএএ	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সিবিডি	কেন্দ্রীয় বাণিজ্যিক এলাকা
সিবিও	কমিউনিটি বেজড অর্গানাইজেশন
সিসি	সিটি কর্পোরেশন
সিইও	প্রধান নির্বাহী কর্মকর্তা
সিএনজি	কমপ্রেসড ন্যাচারাল গ্যাস
সিএস	ক্যাডেস্ট্রাল সার্ভে
সিইউপি	প্রধান নগর পরিকল্পনাবিদ
সিডব্লিউজিসি	কমনওয়েলথ ওয়ার গ্রেভ কমিশন
ডিবেজ	ডাটাবেজ (তথ্যভান্ডার)
ডিসি	জেলা প্রশাসক
ডিইএম	ডিজিটাল এলিভেশন মডেল
ড্যাপ	ডিটেইল্ড এরিয়া প্ল্যান
ডিজিপিএস	ডিফারেন্সিয়াল গ্লোবাল পজিশনিং সিস্টেম
ডিএলআরএস	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ডিওই	পরিবেশ অধিদপ্তর
ডিপিএইচই	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ডিপিপি	উন্নয়ন প্রকল্প পরিকল্পনা
ডিপিজেড	ডিটেইল্ড প্ল্যানিং জোন
ডিটিআইডিপি	জেলা শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প
ডিটিএম	ডিজিটাল টেরেইন মডেল
ইবিবিসি আইন	দি ইস্ট বেঙ্গল বিল্ডিং কন্সট্রাকশন এ্যাক্ট ১৯৫২
ইসিএ	বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন
ইসিআর	পরিবেশ সংরক্ষণ বিধিমালা
ইআইএ	পরিবেশগত প্রভাব নিরূপণ
ইপিজেড	রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
ফার	ফ্লোর-এরিয়া রেশিও
এফজিডি	ফোকাস গ্রুপ ডিসকাশন
জিসিপি	গ্রাউন্ড কন্ট্রোল পয়েন্ট
জিডিপি	মোট দেশজ উৎপাদন
জিআইএস	জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম
আইইই	প্রাথমিক পরিবেশগত সমীক্ষা
আইসিটি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
সিজিপি	সিটি গভর্নেন্স প্রজেক্ট
আইএলডিআই	অবকাঠামো ভিত্তিক উন্নয়ন কার্যক্রম
এলজিইডি	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
এলজিডি	স্থানীয় সরকার বিভাগ

এলওএস	লেভেল অফ সার্ভিস
এমডিজি	সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা
এমজিএসপি	মিউনিসিপ্যাল গভর্ন্যান্স অ্যান্ড সার্ভিসেস প্রকল্প
এমপিডব্লিউডি	মিটার পিডব্লিউডি (গণপূর্ত বিভাগের হিসেবে অনুসারে সমুদ্রপৃষ্ঠ থেকে উচ্চতা)
এমএফডিএম	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
এমওডব্লিউএ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
এমএসএল	সমুদ্রপৃষ্ঠের গড় উচ্চতা
এমএসপি	পৌরসভা সেবা অগ্রাধিকার প্রকল্প
এমভি	যান্ত্রিক বাহন
এনবিআর	জাতীয় রাজস্ব বোর্ড
এনএইচএ	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
এনজিও	বেসরকারী সংস্থা
এনএমভি	অযান্ত্রিক বাহন
ও-ডি	অরিজিন-ডেস্টিনেশন সার্ভে
পিসিইউ	প্যাসেঞ্জার কার ইউনিট
পিডিবি	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
পিজিসিবি	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
পিএমও	প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়
পিপিএ	প্রতি একরে জনসংখ্যার ঘনত্ব
পিআরএসপি	দারিদ্র বিমোচন কৌশলপত্র
পিডব্লিউডি	গণপূর্ত বিভাগ
আরসিসি	রিইনফোর্সড সিমেন্ট কংক্রিট
আরইবি	পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সওজ	সড়ক ও জনপথ অধিদপ্তর
আরওডব্লিউ	রাইট অফ ওয়ে (রাস্তার জায়গা)
আরটিকে-জিপিএস	রিয়াল টাইম কাইনেম্যাটিক গ্লোবাল পজিশনিং সিস্টেম
এসএফওয়াইপি	ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা
এসওবি	বাংলাদেশ জরিপ অধিদপ্তর
এসপি	স্ট্রাকচার প্ল্যান
এসপিজেড	স্ট্রাটেজিক প্ল্যানিং জোন
এসটিআইডিপি	মাঝারি শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প
টিআইএন	ট্রায়াঙ্গুলেটেড ইরেগুলার নেটওয়ার্ক
টিওআর	কার্যাদেশের শর্তাবলী
টিএলসিসি	নগর সমন্বয় কমিটি
টিএস	টোটাল স্টেশন
টিভিএস	ট্রাফিক ভলিউম সার্ভে
ইউডিডি	নগর উন্নয়ন অধিদপ্তর
ইউজিপ-৩	তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (ইউজিপ-৩)
ইউএলসি	স্থানীয় নগরকেন্দ্র
ইউএনডিপি	জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী
ইউএপি	আরবান এরিয়া প্ল্যান
ইউপি	ইউনিয়ন পরিষদ
ইউএসসি	নগর উপকেন্দ্র
ভি/সি	ভলিউম বনাম ক্যাপাসিটি অনুপাত
পাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ডব্লিউসি	ওয়ার্ড কমিটি

২০ বছর মেয়াদী পরিকল্পনা

কাঠামো পরিকল্পনা

ভূমিকা
পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ
পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সনাক্তকরণ
সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও পরিকল্পনা পর্যালোচনা
নগরের প্রবৃদ্ধি
অর্থনীতি
নগর দারিদ্র্য
পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ
বাস্তবায়নের বিষয়সমূহ

বাংলাদেশ পরিকল্পনা

প্রথম অধ্যায় ভূমিকা

সূচিপত্র

১.১ ভূমিকা ----------১-১
১.২ পটভূমি----------১-১
১.৩ রূপকল্প ---------- ১-৪
১.৪ মহাপরিকল্পনার উদ্দেশ্য ---------- ১-৪
১.৫ প্রকল্পের পরিসর---------- ১-৪
১.৬ কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) এলাকা ----------১-৬
১.৭ পরিকল্পনার সময়সীমা, পর্যবেক্ষণ এবং হালনাগাদ ----------১-৬
১.৮ আইনি বিধান ---------- ১-৭
১.৯ কৌশল ও স্থানিক পরিকল্পনা---------- ১-৭
১.৯.১ কৌশল ---------- ১-৭
১.৯.২ স্থানিক পরিকল্পনা---------- ১-৭
১.১০ পরিকল্পনার মূলনীতি ---------- ১-৭
১.১০.১ আত্মনির্ভরশীল হয়ে গড়ে ওঠা ---------- ১-৮
১.১০.২ পর্যটন বিকাশ---------- ১-৮
১.১০.৩ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান---------- ১-৮
১.১০.৪ পরিবহন এবং যোগাযোগ----------১-৯
১.১০.৫ উদ্ভাবনী উন্নয়নের উদ্যোগ----------১-৯

প্রথম অধ্যায়
ভূমিকা

১.১ ভূমিকা

কাঠামো পরিকল্পনার (স্ট্রাকচার প্ল্যান) প্রথম অধ্যায়ে উন্নয়নের রূপকল্প, কৌশল এবং স্থানিক পরিকল্পনা, কর্তৃপক্ষের জন্য গৃহীত নীতিমালা, সময়সীমা, পরিকল্পনার সংশোধন, হালনাগাদ এবং পরিকল্পনা তৈরির অংশগ্রহণমূলক প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হয়েছে।

১.২ পটভূমি

নগরায়ন এবং জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে জটিল এবং পারস্পরিক ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। তবে, এখন পর্যন্ত বাংলাদেশে নগরায়নের অপরিকল্পিত এবং অসংযত স্থানিক প্রবৃদ্ধি জীবনযাপনের উপযুক্ত পরিবেশকে ব্যাহত করছে। নগরায়নের স্থানিক বৃদ্ধি পর্যাপ্ত অবকাঠামো ও পরিষেবা, প্রয়োজনীয় আবাসন, পরিবহন পরিকল্পনা ও উন্নয়নের তুলনায় দ্রুত হয়েছে। টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং জীবনযাত্রার মান উন্নয়নের জন্য বাংলাদেশের শহর এলাকার উন্নয়ন খুবই জরুরী।

পৌরসভার বর্তমান উন্নয়ন বিশৃঙ্খলআর চিত্র প্রদর্শন করে যেখানে অব্যবস্থাপনাই নিয়ম হয়ে দাঁড়িয়েছে, কারণ প্রধানত এর সংগঠিত উন্নয়নের জন্য কোন মহাপরিকল্পনা নেই। যথাযথ মহাপরিকল্পনার অনুপস্থিতিতে, অবকাঠামো, যেমন, আবাসন, সড়ক, নিষ্কাশন ব্যবস্থা, পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা সেবা সহ সমস্ত উন্নয়ন অসঙ্গতিপূর্ণ অবস্থায় রয়েছে। অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলো বিচ্ছিন্ন ভাবে নেওয়া হয়।

ইউজিপ ১ ও ২, ইউটিআইডিপি এবং ডিটিআইডিপি সফলভাবে সম্পন্ন হওয়ার পর এই উপলব্ধি হয়েছে যে মহাপরিকল্পনা পৌরসভার উন্নয়নকে আরও কার্যকর সমাধান দিতে পারে। সুন্দর আর্থিক ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের সাথে একটি সুসংহত সমন্বিত স্থানিক এবং পর্যায়ক্রমিক পরিকল্পনা নগরের পরিবেশকে সুবিন্যস্ত করতে পারে যা কেবল স্বাস্থ্যকর ও বাসযোগ্যই নয় বরং কার্যকরী ও নিরাপদ হবে। বর্তমান প্রকল্পটি ইউজিপ-৩ এর অধীনে ২০ বছর মেয়াদি '১৬ টি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়ন' প্রকল্পের অংশ। এই মহাপরিকল্পনাটি বর্তমান অবকাঠামোর সাথে প্রস্তাবিত ভবিষ্যতের বিনিয়োগ পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য প্রস্তুত করা হচ্ছে যাতে এই সুবিধার সাথে পৌরসভার ব্যবস্থাপনাগত দক্ষতা বৃদ্ধি পায় এবং তাদের রাজস্ব আয় বর্ধিত হয়ে একটি স্বয়ংসম্পূর্ণ স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠিত হয়। মহাপরিকল্পনার অনুশীলন সম্ভাব্য ভবিষ্যতের জলবায়ু পরিবর্তনের ঘটনাগুলো মোকাবেলা করার জন্য সমন্বিত অবকাঠামো উন্নয়নকেও সুপারিশ করবে।

বর্তমান প্রকল্পের আওতায় ১৬ টি পৌরসভার মহাপরিকল্পনা প্রস্তুতি এবং হালনাগাদ করার জন্য পরামর্শকারী সংস্থাগুলো জড়িত। শেল্‌টেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড ও শেল্‌টেক্ (প্রাঃ) লিমিটেড কে যৌথভাবে প্যাকেজ ০১ প্রদান করা হয়েছে যা মহাপরিকল্পনার প্রস্তুতির জন্য ৬টি পৌরসভা যেমন রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, লক্ষ্মীপুর এবং মৌলভীবাজার পৌরসভা নিয়ে গঠিত। পৌরসভার প্রকল্প বিবরণী বিস্তারিত ***সারণি ১-১*** এ দেখানো হল।


সারণি ১-১: প্যাকেজ -১, এল জি ই ডি এর ইউ জি আই পি ৩ এর আওতাধীন পৌরসভা সমূহের নাম

প্যাকেজ নং	বিভাগ	জেলা	উপজেলা	পৌরসভার নাম
০১	চট্টগ্রাম	রাঙ্গামাটি	রাঙ্গামাটি সদর	রাঙ্গামাটি
		খাগড়াছড়ি	খাগড়াছড়ি সদর	খাগড়াছড়ি
		বান্দরবান	বান্দরবান সদর	বান্দরবান
		লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর সদর	লক্ষ্মীপুর

প্যাকেজ নং	বিভাগ	জেলা	উপজেলা	পৌরসভার নাম
	সিলেট	হবিগঞ্জ	হবিগঞ্জ সদর	হবিগঞ্জ
		মৌলভীবাজার	মৌলভীবাজার সদর	মৌলভীবাজার

রাঙ্গামাটি পৌরসভা বাংলাদেশের দক্ষিন-পূর্ব প্রান্তের পার্বত্য অঞ্চলে অবস্থিত। ভৌগলিকভাবে যা ২২°৩৫' থেকে ২২°৪২' উত্তর অক্ষাংশে এবং ৯২°৭' থেকে ৯২°১৩' পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত। ***মানচিত্র ১-১*** এ বাংলাদেশে রাঙ্গামাটির পৌরসভার অবস্থানকে দেখানো হয়েছে।

মানচিত্র ১-১: রাঙ্গামাটি পৌরসভা, বাংলাদেশ




তথ্যসূত্রঃ শেলটেক কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড

কাঠামো পরিকল্পনা

রাঙ্গামাটি জেলার দশটি (১০) উপজেলা রয়েছে। প্রকল্প এলাকার অবস্থান রাঙ্গামাটি সদর উপজেলায়। নিম্নলিখিত মানচিত্রে রাঙ্গামাটি পৌরসভার আঞ্চলিক অবস্থান দেখানো হয়েছে।

মানচিত্র ১-২: রাঙ্গামাটি পৌরসভার আঞ্চলিক মানচিত্র



তথ্যসূত্রঃ শেল্‌টেক্‌ কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড

কাঠামো পরিকল্পনা

১.৩ রূপকল্প

প্রতিটি শহরের পরিকল্পনা শহরে বসবাসকারী মানুষের জন্য তৈরি করা হয়। পরিকল্পনা প্রণয়নের পূর্বেই এটি জানা গুরুত্বপূর্ণ যে ভবিষ্যতে একটি নির্দিষ্ট সময়ের পর মানুষ কিভাবে তাদের শহরকে দেখতে চায়। প্রথম ও দ্বিতীয় মতবিনিময় সভায় অংশগ্রহণকারীরা ভবিষ্যৎ শহর সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি প্রকাশ করেছিলেন এবং যা সংশোধিত পরিকল্পনায় প্রতিফলনের চেষ্টা করা হয়েছে। মহাপরিকল্পনাটি একটি অংশীদারী প্রক্রিয়ার মধ্য দিয়ে করা হয়েছে, যার মধ্যে রয়েছে শহরে বসবাসকারী বিভিন্ন শ্রেণিপেশার মানুষ এবং জনপ্রতিনিধিবৃন্দ, যেমন ওয়ার্ড কাউন্সিলর, দরিদ্র সম্প্রদায়ের সদস্য, ব্যবসায় সম্প্রদায়ের প্রতিনিধিবৃন্দ, পেশাজীবী সংগঠন এবং ক্ষুদ্র জাতিগোষ্ঠী। পরিকল্পনা চূড়ান্ত করার পূর্বে প্রতিটি গ্রুপের মতামত বিশ্লেষণ করা হয়েছে এবং একত্রিত করা হয়েছে। রাঙ্গামাটি পৌরসভার টি এল সি সি সভায় নিম্নোক্ত রূপকল্প অনুমোদন করা হয়েছে যা ছিল ব্যাপক অংশগ্রহণমূলক।

রাঙ্গামাটি পৌরসভা এই শহরকে ২০৩৭ সালের মধ্যে সকল নাগরিক সুবিধা নিশ্চিত করে পরিবেশবান্ধব এবং পরিকল্পিত অবকাঠামো নির্মাণ করে, মাদক ও সন্ত্রাসমুক্ত রেখে আধুনিক পর্যটন শহর হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ।



১.৪ মহাপরিকল্পনার উদ্দেশ্য

পরামর্শক দল মহাপরিকল্পনার রূপকল্প বাস্তবায়নের জন্য নিম্নোক্ত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে কাজ করেন।

১. শহরটিকে একটি আধুনিক, স্বয়ংসম্পূর্ণ, নিরাপদ, দারিদ্র্য এবং মাদক মুক্ত হিসাবে বিকাশ করা।
২. নিষ্কাশন এবং বিনোদন ব্যবস্থা উন্নত করা।
৩. উন্নয়নে সক্রিয়ভাবে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা।
৪. পৌরসভার ব্যবস্থাপনাকে দক্ষ, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক করে তোলা।

১.৫ প্রকল্পের পরিসর


মহাপরিকল্পনা হল একটি উন্মুক্ত দলিল, তাই একে সাধারণ জনগণ এবং এর সমস্ত সুবিধাভোগীদের কাছে পৌঁছাতে হবে। পরিকল্পনাটি সকল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাছে পাঠাতে হবে যারা পরিকল্পনার বিধানগুলো বাস্তবায়নের ভূমিকা পালন করবে পৌরসভার মধ্যে তাদের নিজস্ব উন্নয়ন পরিকল্পনা ও কার্যক্রম এবং প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সংস্থার জ্ঞান, নির্দেশিকা ও সম্পর্ক স্থাপনার জন্য এটি খুবই গুরুত্বপূর্ণ। পরিকল্পনা অনুমোদনের সরকারি গেজেট বিজ্ঞপ্তির পরে প্রতিবেদন এবং মানচিত্রগুলোর অনুলিপি আনুষ্ঠানিকভাবে সমস্ত সরকারি উন্নয়ন সংস্থার কাছে পাঠানো উচিত।

বর্তমান সমস্যা ও উন্নয়নের সীমাবদ্ধতা এবং জনগণের প্রত্যাশিত আকাঙ্খার বিবেচনায় পরামর্শকরা একটি উদ্ভাবনী, বাস্তবসম্মত এবং জনগনের অংশগ্রহনমূলক পরিকল্পনা পদ্ধতি অনুসরণ করেছে। এই পরিস্থিতিতে বর্তমান অবস্থার অধীনে বাস্তবায়নের আরও ভাল সম্ভাবনা রয়েছে।

এই পরিকল্পনাটি শুধুমাত্র একটি যথাযথ ভূমি ব্যবহার নিয়ন্ত্রনের জন্য ব্যবহৃত হবে না বরং উন্নয়নও নিয়ে আসবে, যা পরিবেশ, যাতায়াত, আশ্রয় এবং সেবা কেন্দ্র তৈরি করবে এবং বর্তমানে অনিয়ন্ত্রিত এবং অসামঞ্জস্য উন্নয়নের তুলনায় আরো যুক্তিসঙ্গত হবে।

পরিকল্পনার ফলাফলঃ পরিকল্পনা প্রক্রিয়ার চূড়ান্ত ফলাফল হচ্ছে কিছু স্তরভিত্তিক সমন্বিত পরিকল্পনার ধারা, যা ভিতর আছে ২০ বছর মেয়াদি কাঠামো পরিকল্পনা, ১০ বছর মেয়াদি ভূমি ব্যবহার পরিকল্পনা, পরিবহন ও যোগাযোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ড্রেনেজ এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা, নগর সেবা পরিকল্পনা এবং ৫ বছর মেয়াদি আর্থিক বিনিয়োগ ও কর্ম পরিকল্পনা।

চিত্র ১-১: মহাপরিকল্পনার উপাদানসমূহ



কাঠামো পরিকল্পনাঃ কাঠামো পরিকল্পনা, যেকোনো কর্ম পরিকল্পনা বা উন্নয়ন কাজের জন্য নীতির একটা কাঠামো প্রদান করে যা নির্দিষ্ট একটা স্তর পর্যন্ত উন্মুক্ত। এটা বড় বড় উন্নয়ন কর্মকান্ডের জন্য একটা কাঠামো এবং পরবর্তীকালে নিচের স্তরের পরিকল্পনা প্রস্তুত করার জন্য একটা একটা পথ নির্দেশক। পরিকল্পনাটি জনসংখ্যার বিতরণ ও পুনঃবিতরণ, কার্যক্রম, তাদের সম্পর্ক ও প্যাটার্ন বা ভূমি ব্যবহার নির্দেশ করে যে, উপযোগ সেবা এবং যোগাযোগ ব্যবস্থার একসাথে উন্নয়ন ঘটবে। কাঠামো পরিকল্পনাটি ২০ বছরের জন্য প্রস্তুত করা হয়েছে যা ১:৩৯৬০ এর স্কেলে যথাযথ শীটের মাপে বিভক্ত করা হয়েছে। কাঠামোগত পরিকল্পনাগুলো জটিল পরিকল্পনা সংক্রান্ত বিষয়গুলো যেমন, জনসংখ্যা বৃদ্ধির প্রবণতা বিশ্লেষণ, জনসংখ্যার প্রক্ষেপণ, বিদ্যমান উন্নয়ন প্যাটার্ন, পৌরসভা শহুরে বৃদ্ধির ক্ষেত্রের উন্নয়ন সমস্যাগুলোর সনাক্তকরণ। এই পরিকল্পনাটি প্রাসঙ্গিক জাতীয় নীতি যেমন পৌরসভা অধ্যাদেশ, শহুরে ব্যবস্থাপনা নীতি, ভূমি ব্যবহার নীতি, হাউজিং পলিসি, পরিবেশ নীতি এবং শহুরে উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন আইন এবং প্রবিধান অন্তর্ভুক্ত করে। বর্তমান নীতি ব্যবহারের সম্ভাব্য সুযোগ বিশ্লেষণ করে এবং বর্তমান নীতির সীমাবদ্ধতা এবং দুর্বলতা খুঁজে বের করে এবং পৌরসভার উন্নয়ন ও ব্যবস্থাপনার যথাযথ ব্যবস্থার পরামর্শ প্রদান করে। এই পরিকল্পনাটি ভবিষ্যতে ভূমি ব্যবহার এবং ক্ষেত্র বিশেষে উন্নয়ন কৌশল, নীতি ও বাস্তবায়ন বিষয়সমূহের প্রস্তাব দেয়।

ভূমি ব্যবহার পরিকল্পনাঃ ভূমি ব্যবহার পরিকল্পনায় বিদ্যমান ভূমি ব্যবহার শ্রেণিবিভাগ ও এর ব্যবহারের প্যাটার্নের সংক্ষিপ্ত বিবরণ অন্তর্ভুক্ত আছে; গৃহায়ন এবং আবাসিক ভূমি উন্নয়ন, শিল্প ও বাণিজ্যিক ভূমি, প্রতিষ্ঠান, কমিউনিটি সুবিধা, সরকারি সেবা, ইউটিলিটি (বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন), যোগাযোগ এবং পরিবহন (রাস্তা সহ); অন্যান্য ভূমি ব্যবহার যেমন কৃষি, গ্রামীণ বসতবাড়ি, জলাশয়, জলাভূমি, খালি জমি, ইটের ভাটা ইত্যাদি; ভবিষ্যতে ভূমি ব্যবহার, ভূমি উন্নয়ন, ভূমি উন্নয়ন প্রবিধান এবং ভূমি ব্যবস্থাপনা কৌশল।

পরিবহন এবং যাতায়াত ব্যবস্থাপনা পরিকল্পনাঃ পরিবহন এবং যাতায়াত ব্যবস্থাপনা পরিকল্পনা জরিপ, ভবিষ্যৎ অনুমান, পরিবহন উন্নয়ন পরিকল্পনা, পরিবহন ব্যবস্থার ব্যবস্থাপনা কৌশল (টিএসএম), পরিবহন চাহিদা পরিচালন কৌশল

(টিডিএম), যানবাহনের শব্দ দূর করার ব্যবস্থা এবং আগামী ১০ বছরের সময়সীমার জন্য সড়ক পরিবহন সুবিধা নিয়ন্ত্রণ এবং রক্ষণাবেক্ষণ করে।

নিষ্কাশন এবং উপযোগ সেবা পরিকল্পনাঃ নিষ্কাশন এবং উপযোগ সেবা পরিকল্পনা ১০ বছরের সময়-সীমায় অন্তর্ভুক্ত এবং জরিপের প্রধান ফলাফলগুলো সংক্ষিপ্তভাবে আলোচনা করে; বিদ্যমান নিষ্কাশন ব্যবস্থা, জল ও বিদ্যুৎ সরবরাহের শর্ত, বিদ্যমান ক্ষমতা এবং অবকাঠামোগুলোর দুর্বলতা, ও সমন্বয়ের অনুপস্থিত ইত্যাদি। বিদ্যমান এবং নতুন নৌ-যানের উন্নয়ন/উন্নতি; নিষ্কাশন অবকাঠামো; জল সরবরাহ সুবিধা; প্রস্তাবিত বিদ্যুৎ সরবরাহ, বিকল্প উৎস, প্রবিধান ও নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রসারের জন্য প্রস্তাব পেশ করে।

পরিবেশগত ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাঃ পরিবেশগত ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বর্তমান প্রাকৃতিক সম্পদ, পরিবেশগত অবস্থা, সংবেদনশীল এলাকা, মনুষ্য সৃষ্ট এবং প্রাকৃতিক ঝুঁকির অঞ্চল, দূষণমুক্ত এলাকা, দূষণের কারণ, বর্তমান প্রশমন ও পৌরসভার দ্বারা গৃহীত ব্যবস্থা সংক্রান্ত মূল বিষয় এবং জরিপের প্রতিবেদন ফলাফলগুলো বর্ণনা করে। পরিকল্পনাটি বিভিন্ন পরিবেশগত উপাদান নিয়ন্ত্রণ এবং নিয়ন্ত্রণ পদ্ধতি প্রস্তাব করে। পৌরবাসীদের জন্য সম্ভাব্য পৌর সম্পত্তি, স্থানান্তরের পথ, কাঠামোগত এবং অ-কাঠামোগত ব্যবস্থাগুলোর জন্য ঝুঁকি প্রশমন, বন্যা নিয়ন্ত্রণ, নীতি প্রক্রিয়াকরণ এবং বাস্তবায়ন পদ্ধতি ১০ বছর সময়সীমার জন্য ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।

নগর সেবা পরিকল্পনাঃ পৌরসভার বর্তমান ও ভবিষ্যতের জনসংখ্যার ভিত্তিতে নগর সেবা পরিকল্পনায় সমস্ত সামাজিক ও নগর সেবা, তাদের অবস্থান, আচ্ছাদিত এলাকা, তাৎপর্য এবং দুর্বলতাগুলো খুঁজে বের করার কথা অন্তর্ভুক্ত রয়েছে। আদর্শ বিধান অনুসারে এই পরিষেবাগুলোর ভবিষ্যত চাহিদা বিশ্লেষণ করা হয়েছে। ১০ বছর সময়সীমার জন্য প্রস্তাব, নিয়ন্ত্রণ পদ্ধতি এবং ব্যবস্থাপনা পদ্ধতি মোকাবেলা করতে পরিকল্পনাটি ভবিষ্যৎ নগর পরিষেবা, তাদের বাস্তবায়ন কৌশল এবং প্রবিধান অন্তর্ভুক্ত করেছে।

কর্ম পরিকল্পনাঃ মহাপরিকল্পনার সাথে পরামর্শক দল পরিকল্পনার প্রথম পাঁচ বছরে সড়ক, নিষ্কাশন এবং অন্যান্য কাঠামোগত ও সামাজিক অবকাঠামো বাস্তবায়নের জন্য অগ্রাধিকার প্রকল্পগুলোর তালিকাসহ একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করেছে। কর্ম পরিকল্পনায় বাস্তবায়ন প্রক্রিয়া এবং আর্থিক বরাদ্দ উল্লেখ করা হয়েছে।

আর্থিক বিনিয়োগ পরিকল্পনাঃ আর্থিক বিনিয়োগ পরিকল্পনা ৫ বছর সময়-সীমায় অন্তর্ভুক্ত। পৌরসভা বাজেটের বরাদ্দ, আর্থিক উৎস, আর্থিক অংশীদারের অন্তর্ভুক্তি, বর্তমান বিনিয়োগ প্রোগ্রাম, ব্যাকলগ ইত্যাদি বিশ্লেষণ এর মাধ্যমে এই পরিকল্পনাটি বিদ্যমান আর্থিক দক্ষতা এবং দুর্বলতাগুলো বিবেচনা করে। পরের পাঁচ বছরের জন্য আর্থিক বিনিয়োগ প্রবর্তনের পর পরামর্শদাতারা খরচ হিসেব, অর্থের উৎস, বিনিয়োগ পরিকল্পনা, এবং অগ্রাধিকার প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া প্রস্তুত করে।

১.৬ কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) এলাকা

কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) হল রাঙ্গামাটি মহাপরিকল্পনার তিনটি স্তরের মধ্যে একটি। এটি পুরো পৌরসভা এবং ভবিষ্যতে সম্প্রসারণের উদ্দেশ্যে নির্ধারিত এলাকা জুড়ে প্রণয়ন করা হয়েছে।

১.৭ পরিকল্পনার সময়সীমা, পর্যবেক্ষণ এবং হালনাগাদ

রাঙ্গামাটি পৌরসভা মহাপরিকল্পনা গেজেট বিজ্ঞপ্তির তারিখ থেকে ২০ বছর মেয়াদ পর্যন্ত বৈধ থাকবে। মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক হিসাবে রাঙ্গামাটি পৌরসভা এর নীতিসমূহ, প্রস্তাবনা ও প্রকল্প বাস্তবায়নের জন্য দায়বদ্ধ থাকবে। পৌরসভার পরিকল্পনা বিভাগ নিয়মিত মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য পর্যবেক্ষণ করবে এবং মেয়রকে মাসিক প্রতিবেদন জমা দিবে। প্রকল্প প্রণয়নকালে মহাপরিকল্পনা প্রস্তাবন বাস্তবায়নের নিজস্ব উদ্যোগ ছাড়াও, পৌরসভার অন্যান্য সরকারি সংস্থাগুলোকে লিখিতভাবে এই পরিকল্পনার প্রকল্পগুলো বাস্তবায়ন করতে এবং নীতিমালা অনুসরণ করতে সুপারিশ করবে।

মহাপরিকল্পনা সময়মত হালনাগাদ করা উচিত এবং এটি প্রতি ৫ বছর পর পর করতে হবে।

১.৮ আইনি বিধান

পৌর এলাকার মহাপরিকল্পনা তৈরির জন্য পৌরসভাকে ক্ষমতা দেওয়া হয়। স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯-এর তফসিল -২ এর অনুচ্ছেদ -৩২ অনুযায়ী পৌর এলাকার মহাপরিকল্পনা প্রণয়ন করার জন্য পৌরসভাকে ক্ষমতায়ণ করা হয়েছে। এই আইনের মতে, পৌরসভা প্রতিষ্ঠার পাঁচ বছরের মধ্যে অথবা এই আইন প্রয়োগের পর, পৌরসভা তার এলাকার জন্য একটি মহাপরিকল্পনা প্রস্তুত করবে এবং এটি মহাপরিকল্পনার জন্য প্রযোজ্য নিয়ম এবং প্রবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। অন্যান্য বিষয়গুলোর মহাপরিকল্পনা মধ্যে অন্তর্ভুক্ত হবে-

১। পৌরসভার একটি জরিপ যাতে তার ইতিহাস, পরিসংখ্যান, সরকারি সেবা এবং অন্যান্য নির্ধারিত বিষয়ের বর্ণনা থাকবে;

২। পৌরসভার মধ্যে যে কোনো এলাকার উন্নয়ন ও সম্প্রসারণ;

৩। পৌরসভার মধ্যে যে কোন জায়গায় ভূমি উন্নয়ন, নির্মাণ বা পুনঃনির্মাণের জন্য ভবন অপসারণের বিধান, নিয়ন্ত্রণ ও নিষেধাজ্ঞা।

এই আইনে 'সাইট উন্নয়ন প্রকল্প' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৩), 'সাইট উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন' (সংশোধিত -২ এর অনুচ্ছেদ -৩৪), 'বিল্ডিং নির্মাণ ও পুনঃনির্মাণ' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৪), 'বিল্ডিং সমাপ্তি, বিল্ডিং পুনঃনির্মাণ' (তফসিল-২ এর অনুচ্ছেদ-৩৬), 'বিল্ডিং এর প্রবিধান' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৭) এর বিধান রয়েছে।

রাঙ্গামাটি পৌরসভার পক্ষ থেকে এলজিইডির বর্তমান মহাপরিকল্পনার প্রকল্পটি গ্রহণ করা হয়েছে, কারণ এ বিষয়ে পৌরসভার একটি মহাপরিকল্পনা প্রস্তুত করার মত সংশ্লিষ্ট জনবল, দক্ষতা ও বাজেট সরবরাহ নেই।

১.৯ কৌশল ও স্থানিক পরিকল্পনা

১.৯.১ কৌশল

বর্তমানে, বাংলাদেশে পৌরসভা একটি অসংগঠিত পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। উন্নয়নের উদ্যোগগুলো নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন না করেই বিচ্ছিন্ন ভাবে ও খণ্ড খণ্ড ভাবে নেয়া হয়েছে এবং এগুলো প্রায়ই শহরের সমস্যাগুলোর সমাধান না করে মূল্যবান সম্পদসমূহের অপব্যবহার করছে। এই ধরনের চর্চা বন্ধ করার জন্য, সময় এবং লক্ষ্য ভিত্তিক স্থানিক পরিকল্পনার উপর ভিত্তি করে সংগঠিত উন্নয়ন চালু করা প্রয়োজন। স্থানিক পরিকল্পনার কৌশলগত ভূমিকা এমনভাবে বিকাশ করা প্রয়োজন যা অংশগ্রহণমূলক এবং সময় ও লক্ষ্য ভিত্তিক হবে।

১.৯.২ স্থানিক পরিকল্পনা

স্থানিক পরিকল্পনা হল এমন একটি দলিল যা একটি নির্দিষ্ট সময়ের জন্য স্থানীয় জনগণের চাহিদা এবং আকাঙ্খাকে প্রতিফলিত করে এবং যা যথাযথ বাজেট বরাদ্দের মাধ্যমে প্রণয়ন করা হয়। বর্তমান পৌরসভার মহাপরিকল্পনাটি তিনটি উপাদানে বিভক্ত-কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান), অবকাঠামো ও সেবা উন্নয়ন পরিকল্পনা এবং আর্থিক বিনিয়োগ পরিকল্পনা।

১.১০ পরিকল্পনার মূলনীতি

পরিকল্পনা নীতিমালা অনুযায়ী পরিকল্পনা এগিয়ে নিতে হবে, যা পরিকল্পনা তৈরীর ভিত্তি হিসাবে কাজ করবে। এই নীতিগুলো পৌরসভার ভবিষ্যৎ চাহিদা ও আকাঙ্ক্ষা পূরণের লক্ষ্যে প্রণীত হবে এবং উন্নয়ন কাজগুলো সম্পন্ন করার লক্ষ্যে কিছু নির্বাচিত বিষয় যেমন; প্রাপ্ত সুযোগ এবং সীমাবদ্ধতা বিবেচনা করবে।

১.১০.১ আত্মনির্ভরশীল হয়ে গড়ে ওঠা

যেকোনো টেকসই উন্নয়নের জন্য যথাসম্ভব নিজের সম্পদের উপর নির্ভরশীল হওয়া প্রয়োজন। রাঙ্গামাটি পৌরসভা এখনও তার উন্নয়ন কর্মকাণ্ড ও তার কর্মীদের প্রতিপালনের জন্য সরকারি খাত এবং বিভিন্ন দাতা তহবিলের উপর নির্ভরশীল। নিজের উপার্জন ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অর্জনের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- ট্যাক্স পরিধি বৃদ্ধির মাধ্যমে রাজস্ব আয়ের পরিমান বৃদ্ধি করা।
- বানিজ্যিক উদ্যোগে নতুন বিনিয়োগের জন্য নন-ট্যাক্স রাজস্ব আয় বৃদ্ধি করা।
- বাণিজ্যিক ব্যাংকিং ব্যবস্থা থেকে মূলধন ঋণ নেয়া যেতে পারে।
- বাণিজ্যিক উদ্যোগে সরকারি- বেসরকারি অংশীদারিত্ব ভিত্তিক উদ্যোগ গ্রহণ করা।

১.১০.২ পর্যটন বিকাশ

পাহাড় অঞ্চলের প্রাকৃতিক প্রাকৃতিক সৌন্দর্যের সুযোগ গ্রহণ করে পর্যটন স্থানীয় অর্থনীতিতে উন্নীত করার একটি অনন্য সুযোগ রয়েছে। পর্যটন ভিত্তিক অর্থনৈতিক প্রবৃদ্ধি নতুন অর্থনৈতিক কার্যক্রম এবং কর্মসংস্থান সৃষ্টি করবে এবং পৌরসভার অবকাঠামো ও সেবা বিকাশের জন্য কর রাজস্ব বৃদ্ধি করবে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- পর্যটনের বাসস্থান, নিরাপত্তা এবং আতিথেয়তা সহ পর্যটন অবকাঠামো উন্নয়ন, পর্যটন কেন্দ্রগুলোতে যাওয়ার জন্য উন্নত পরিবহন নেটওয়ার্ক ব্যবস্থা এবং সুবিধার উন্নয়নের জন্য প্রচার করা।
- উন্নয়নের ক্ষেত্রে ব্যক্তিগত বিনিয়োগের সুবিধা প্রদান করা, যাতে তা বিনিয়োগকারীদের কাছে আরও আকর্ষণীয় হয়ে ওঠে।
- পাহাড়ের কৌশলগত অবস্থানে রিসোর্ট এবং রেস্টুরেন্ট প্রতিষ্ঠার ক্ষেত্রে ব্যক্তিগত বিনিয়োগ সহজ করে তোলা।
- পর্যটকদের মনোযোগ আকর্ষণের জন্য শহরটিকে পরিষ্কার ও দৃশ্যত আকর্ষণীয় এবং সাংস্কৃতিকভাবে প্রাণবন্ত রাখা।
- পর্যটনের সকল ক্ষেত্র সৌন্দর্যমন্ডিত, রোমাঞ্চকর পর্যটন, সাংস্কৃতিক পর্যটন, পাহাড়-জল ভিত্তিক পর্যটন, উৎসবভিত্তিক পর্যটন, ধর্মীয় পর্যটন, কমিউনিটি পর্যটন, ইকো-পর্যটন উন্নত করা এবং সুবিধা দেওয়া এবং অ্যাক্টিভ ও প্যাসিভ বিনোদন, পানির দ্বারা বিনোদনের জন্য আরো আকর্ষণীয় করে তোলা।
- পর্যটক আকর্ষণের জন্য প্রচার চালিয়ে যাওয়া।

১.১০.৩ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান

অর্থনৈতিক প্রবৃদ্ধিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সংশ্লিষ্ট সরকারি খাতের সংস্থাগুলোকে শহরে ব্যক্তিগত বিনিয়োগের সুবিধা প্রদানের উদ্যোগ নিতে হবে। খুচরা ব্যবসায়ের প্রবৃদ্ধি এবং এসএমই বিনিয়োগের মাধ্যমে পর্যটন ও পিছিয়ে পড়া শহরের অগ্রগতি ও চাষীদের কৃষি পণ্য বিপণন সহজতর করতে হবে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- পর্যটকদের আকৃষ্ট করার জন্য বিভিন্ন স্থানে পরিকল্পিত, সংগঠিত এবং পরিষ্কার বাজারের স্থান তৈরি করা যা তাৎক্ষণিক এবং ভবিষ্যৎ অর্থনৈতিক প্রবৃদ্ধির দিকে পরিচালিত করবে।
- স্থানীয়দের জ্ঞান এবং কাঁচামাল ব্যবহার করে ভবিষ্যৎ শিল্প খাতের উন্নয়নের জন্য অবিলম্বে পরিকল্পিত শিল্প স্থানগুলো তৈরি করা।
- চাষীদের পণ্য বিক্রয়ের সুবিধা প্রদানের জন্য শহরের নিকটবর্তী স্থানে অনানুষ্ঠানিক সাপ্তাহিক বাজার আয়োজন।
- এসএমই খাতে স্থানীয় বিনিয়োগের জন্য ঋণ সুবিধা প্রদান করা।

- স্থানীয় যুবকদের চাকরির সুযোগ বাড়ানোর জন্য দক্ষতার সাথে বিভিন্ন ব্যবসা ও আতিথেয়তা (Hospitality) খাতের উন্নয়ন বজায় রাখা।

১.১০.৪ পরিবহন এবং যোগাযোগ

উন্নয়নের মূলভিত্তি হিসেবে কাজ করে পরিবহন এবং যোগাযোগ ব্যবস্থা। যদি যাত্রী ও পণ্যে পরিবহনে গতিশীলতা উন্নত হয়, তবে উন্নয়নও দ্রুত হবে। উন্নত মানের পরিবহনকে উৎসাহিত করার জন্য বহিঃসংযোগকে উন্নত করা উচিত। ভাল মানের এবং পরিকল্পিত ও প্রশস্ত রাস্তা শহরের গতিশীলতা বৃদ্ধি ছাড়াও শহরকে বাসযোগ্য স্থান হিসেবে তৈরি করে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- জাতীয় মহাসড়ক থেকে শহরে প্রবেশ উন্নত করতে হবে।
- পৌর বাস টার্মিনাল কার্যকর করা এবং পুরাতন বাস টার্মিনাল উন্নত করা।
- ট্রাকের ক্রমবর্ধমান সংখ্যা মোকাবেলা করার জন্য ট্রাক টার্মিনাল নির্মাণ করা।
- ন্যুনতম ২০ ফুট প্রস্থের রাস্তা নিয়ে সড়ক ব্যবস্থা গড়ে তোলা।
- ১৫ থেকে ২০ ফুট প্রস্থের সাথে সুসংযুক্ত সড়ক গড়ে তোলা।
- কেবলমাত্র পথচারীদের জন্য কিছু রাস্তা নিশ্চিত করা।
- সব বয়সের ব্যবহারকারীদের জন্য ব্যবহারযোগ্য ফুটপাত তৈরি করা।

১.১০.৫ উদ্ভাবনী উন্নয়নের উদ্যোগ

স্থানিক উন্নয়ন কোন স্থান বা ভূমিতে হতে হবে। কিন্তু শহর এলাকায় ভূমি অপ্রতুল এবং মূল্যবানই নয় বরং তা প্রধানত বেসরকারি খাতের অন্তর্গত। তাই, যখনই সরকার কোন বেসরকারি যায়গায় স্থানিক উন্নয়ন পরিকল্পনা করতে চায় সরকারকে আইনি ক্ষমতা ব্যবহার করে বাধ্যতামূলকভাবে জমি অধিগ্রহণ করতে হয়। কিন্তু শহরের ক্রমবর্ধমান ভূমি মূল্যের জন্য এটি প্রায়ই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার জন্য একটি বাধা হয়। সংশ্লিষ্ট সংস্থাকে উন্নয়নের জন্য ভূমি প্রাপ্তির ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা বিবেচনা করা উচিত। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- উন্নয়ন প্রকল্পে অংশগ্রহণমূলক ভূমি উন্নয়ন কৌশল গ্রহণ করে ভূমি মালিকদের সাথে লভ্যাংশ ভাগ করে নেওয়া।
- পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকা সংরক্ষণের জন্য স্থানীয় জনগণকে অন্তর্ভুক্ত করা।
- অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পগুলোর জন্য পিপিপি স্কিম গ্রহণ করা।
- নতুন পদ্ধতি উদ্ভাবন করে সুবিধাভোগীদের কাছ থেকে সম্পূর্ণ বা আংশিক অবকাঠামো উন্নয়ন খরচ পুনরুদ্ধার করার জন্য উদ্ভাবনী পদ্ধতি নির্ধারণ করা।
- গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের জন্য ভূমি প্রাপ্তি নিশ্চিত করা এবং উন্নয়ন অধিকার হস্তান্তর (টিডিআর) পদ্ধতির ব্যবহার করা।

দ্বিতীয় অধ্যায় পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ

সূচিপত্র

২.১ ভূমিকা----------২-১
২.২ পৌরসভা এবং এর গঠন ----------২-১
২.২.১ ইতিহাস ---------- ২-২
২.৩ জনসংখ্যা ---------- ২-৫
২.৩.১ জনসংখ্যা এবং ঘনত্ব---------- ২-৫
২.৩.২ বয়স ও লিঙ্গ ---------- ২-৫
২.৩.৩ পরিবার প্রধানের লিঙ্গ---------- ২-৬
২.৩.৪ পরিবারের সদস্যদের পেশা---------- ২-৬
২.৩.৫ অভিবাসন---------- ২-৭
২.৩.৬ সাক্ষরতা এবং শিক্ষার স্তর---------- ২-৮
২.৩.৭ পরিবারের আয় ---------- ২-৮
২.৩.৮ ঘরবাড়ির অবস্থা---------- ২-৯
২.৩.৯ ভবন পরিকল্পনা অনুমোদন----------২-১০
২.৩.১০ স্থানিক বৃদ্ধির ধরণ----------২-১০
২.৪ রাঙ্গামাটি পৌরসভার ত্রিমাত্রিক দৃশ্য----------২-১২
২.৫ ভূমি ব্যবহার বিশ্লেষণের প্রধান ফলাফল----------২-১২
২.৬ গৃহায়নের চাহিদা পরিমাপ----------২-১৩

দ্বিতীয় অধ্যায়
পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ

২.১ ভূমিকা

মহাপরিকল্পনার দ্বিতীয় অধ্যায়ে পৌরসভার বর্তমান অবস্থার বর্ণনা এবং পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পর্কিত বিদ্যমান বিষয়গুলোর অবস্থা বিশ্লেষণ করা হয়েছে।

২.২ পৌরসভা এবং এর গঠন

রাঙ্গামাটি পৌরসভা চট্টগ্রাম পার্বত্য অঞ্চলের একটি শহর। ১৯৭২ সালে গঠিত এই পৌরসভাটি এখন 'ক' শ্রেণিতে পৌরসভাতে উন্নিত হয়েছে। ভূমি ব্যবহার জরিপ অনুসারে প্রকল্প এলাকার আয়তন ৫৪.১৭ বর্গ কি.মি. যা ৯ টি প্রশাসনিক ওয়ার্ডে বিভক্ত যা নিম্নে দেখানো হয়েছে (***সারণি ২-১***)।

সারণি ২-১: রাঙ্গামাটি পৌরসভার প্রশাসনিক সীমানা

ওয়ার্ড নং	এলাকা (একর)	এলাকা (বর্গ কি. মি.)
১	৯২১.৯০	৩.৭৩
২	২৫৮.২৮	১.০৫
৩	৫০০.৭০	২.০৩
৪	৯৫১.৭৭	৩.৮৫
৫	৪৭৭৩.৭২	১৯.৩২
৬	১৫৭৬.৮৯	৬.৩৭
৭	৪৮০.৪৭	১.৯৪
৮	৭০২.৩৬	২.৮৪
৯	৩২২১.২৩	১৩.০৩
মোট	১৩৩৮৭.৩২	**৫৪.১৭**

তথ্যসূত্রঃ জনসংখ্যা ও গৃহায়ন গণনা, ২০০১-কমিউনিটি: রাঙ্গামাটি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

* নোট: ১ বর্গ কিলোমিটার = ২৪৭.১০৫ একর

রাঙ্গামাটি পৌরসভা রাঙাপানি ১০২ এবং ঝগড়াবিল ১০৪ মৌজা দ্বারা গঠিত।

রাঙ্গামাটি একটি ছোট শহর যা পার্বত্য চট্টগ্রামের সবুজ পাহাড়, লেক ও নদীর মাঝে অবস্থিত। এর অনন্য গঠনশৈলীর জন্য এটি দেশের অন্যতম পর্যটন স্থানে পরিণত হয়েছে। এটি অনিন্দ্য সুন্দর কাপ্তাই লেকের মাঝে অবস্থান করায় এটি বাংলাদেশের লেক সিটি নামে পরিচিত। রাঙ্গামাটি পৌরসভা বাংলাদেশের বৃহত্তম জেলা রাঙ্গামাটি পার্বত্য জেলার প্রশাসনিক সদর দপ্তর যা চট্টগ্রাম থেকে মাত্র ৭৭ কিলোমিটার দূরে অবস্থিত। দীর্ঘদিন ধরে রাঙ্গামাটি তার অবস্থান, মনোরম সৌন্দর্য, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি, নিজস্ব তৈরিকৃত কাপড় এবং গয়নার জন্য এটি বাংলাদেশের একটি প্রধান পর্যটন স্থল। ***সারণি ২ -২*** তে পৌরসভার প্রধান প্রধান তথ্যগুলো দেয়া হয়েছে।

সারণি ২-২: এক নজরে রাঙ্গামাটি পৌরসভা

বিষয়	তথ্য
সংস্থাপন বছর	১৯৭১
পৌরসভার শ্রেণি	"ক"
আয়তন	৫৪.১৭ বর্গ কি. মি.

বিষয়	তথ্য
ওয়ার্ডের সংখ্যা	০৯ টি
হোল্ডিং এর সংখ্যা	১৪৪৬৪ (সরকারি-১৭৫০ , বেসরকারি-১২৭১৪)
জনসংখ্যার বিবরণ	
জনসংখ্যা	৯৯২৮৪ (২০১১ সালের আদমশুমারির উপর ভিত্তি করে প্রক্ষেপণ করা হয়েছে)
জনসংখ্যা বৃদ্ধির হার	৩.৪%
শিক্ষা	
শিক্ষার হার (৭ বছরের উর্ধে)	৭০.১৭% (বিবিএস ২০১১)
প্রাথমিক বিদ্যালয়	১৫
মাধ্যমিক বিদ্যালয়	০৯
মাদ্রাসা	০৫
কলেজ	০২
কারিগরি প্রতিষ্ঠান	০২
স্বাস্থ্য সুবিধা	
ক্লিনিক	০৮
পরিবার পরিকল্পনা কেন্দ্র	০১
হাসপাতাল	০৫
প্রসূতি কেন্দ্র	০২
সাংস্কৃতিক এবং ধর্মীয় প্রতিষ্ঠান	
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক কেন্দ্র	০১
শিল্পকলা একাডেমী	০১
শিশু একাডেমী	০১
চারুকলা ইনস্টিটিউট	০১
মারমা সাংস্কৃতিক প্রতিষ্ঠান	০১
মসজিদ	৩৭
মন্দির (আখড়া)	২১
গির্জা	০১
বুদ্ধমন্দির	১২
কবরখানা	০৫
শ্মশান	০৪
অন্যান্য সুবিধা	
মিলনায়তন	০৩
সিনেমা হল	০২
কমিউনিটি কেন্দ্র	০২
জাদুঘর	০১
আখড়া	০১
পার্ক	০১
স্টেডিয়াম	০২

তথ্যসূত্রঃ রাঙ্গামাটি পৌরসভা, ২০১৬ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ২০১১

২.২.১ ইতিহাস

রাঙ্গামাটি ত্রিপুরা ও আরাকানের রাজাদের মধ্যে প্রতিদ্বন্দ্বীমূলক এলাকা ছিল। ১৫৬৬ খ্রিস্টাব্দে মুসলিম আগ্রাসনের পর এই অঞ্চলটি মুঘল সাম্রাজ্যের অধীনে আসে। ১৭৩৭ খ্রিস্টাব্দে একজন উপজাতীয় নেতা শের মোস্তা খান মুঘলদের আশ্রয় নেন। এরপরে চাকমারা বসবাস করতে শুরু করে পাশাপাশি অন্যান্য গোষ্ঠীর লোকজনও বসবাস শুরু করে। ১৭৬০ থেকে ১৭৬১ পর্যন্ত এই এলাকাটি ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাছে ইজারা দেওয়া হয়েছিল।


১৯৬৭ সালে এখানে বসবাসরত বাসিন্দাদের জীবনযাপনের মান উন্নয়ন করার জন্য রাঙ্গামাটি শহর কমিটি গঠন করা হয়। ১৯৭২ সালে, রাঙাপানি ১০২ মৌজা এবং ঝগড়াবিলের ১০৪ (আংশিক) মৌজা একত্রিত হয়ে ৬৪.৭৫ বর্গ কিলোমিটার এলাকায় রাঙ্গামাটি পৌরসভা গঠিত হয়। ২০শে সেপ্টেম্বর ১৯৮৭ এ এই পৌরসভাকে 'খ' শ্রেণিতে উন্নীত হয় এবং ১৩ই জানুয়ারী ১৯৯৮ এ পূনরায় 'ক' শ্রেণিতে উন্নীত করা হয়।

রাঙ্গামাটি সদর উপজেলা মুক্তিযুদ্ধের সময় সেক্টর ১ এর অধীনে ছিল। ১৯৭১ সালের ২৭ মার্চ স্টেশন ক্লাবের খেলার মাঠে মুক্তিযোদ্ধাদের একটি অস্থায়ী প্রশিক্ষণ ক্যাম্প স্থাপন করা হয়। অস্ত্র সরবরাহের জন্য ২৯ মার্চ ৬০ জন মুক্তিযোদ্ধার একটি দল ভারতে যায়। ২ এপ্রিল ডেপুটি কমিশনার হোসেন তৌফিক ইমাম তহবিল থেকে মুক্তিযোদ্ধাদের মাঝে (পুলিশ, ইপিআর এবং আনসারদের) বিপুল পরিমাণ অর্থ, অস্ত্র ও গোলাবারুদ বিতরণ করেন। ১০ ই এপ্রিল মুক্তিযোদ্ধাদের প্রথম দল রাঙ্গামাটিতে ফিরে আসেন এবং পরে তারা বিভিন্ন অঞ্চলের মুক্তিযোদ্ধাদের অস্ত্র প্রশিক্ষণ দেয়। ১৯৯৭ সালের পার্বত্য চট্টগ্রামের শান্তি চুক্তির আওতায় রাঙ্গামাটি শহরে আঞ্চলিক পরিষদের (আঞ্চলিক পরিষদ) সদর দপ্তর স্থাপিত হয়।

প্রত্নতাত্ত্বিক ঐতিহ্যসমূহ এবং নিদর্শনের মধ্যে; প্রাসাদ, দিঘি এবং রাজা জান বশক খানের মসজিদ, রাজা হরিশ চন্দ্র রায়ের বাসভবনের অবশিষ্টাংশ এবং ঝুঁলন্ত সেতুটি উল্লেখযোগ্য ।

মানচিত্র ২-১ : রাঙ্গামাটি পৌরসভার ওয়ার্ড সমূহ

1:62,000



Ward	Area (acre)	Population 2017	PPA 2017	Population 2037	PPA 2037
1	921.9	9407	10	14738	16
2	258.28	10593	41	16595	64
3	500.7	7273	15	11395	23
4	951.77	9634	10	15093	16
5	4773.72	6906	1	10819	2
6	1576.89	10510	7	16466	10
7	480.47	12214	25	19135	40
8	702.36	17149	24	26866	38
9	3221.23	12423	4	19463	6
Total	13387.32	96110	7	150568	11

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:62,000 or 1 " = 5,167 ' or 1 cm = 620 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Tertiary

Ward No.
- Ward No. 1
- Ward No. 2
- Ward No. 3
- Ward No. 4
- Ward No. 5
- Ward No. 6
- Ward No. 7
- Ward No. 8
- Ward No. 9

২.৩ জনসংখ্যা

২.৩.১ জনসংখ্যা এবং ঘনত্ব

বিবিএস ২০১১ অনুযায়ী, রাঙ্গামাটি পৌরসভার মোট জনসংখ্যা ছিল ৮৪০০০ জন। ***সারণি ২-৩*** থেকে স্পষ্ট যে, ০৫ নং ওয়ার্ডে জনসংখ্যা তুলনামূলকভাবে কম এছাড়া পৌরসভার অন্যান্য ওয়ার্ডের জনসংখ্যা প্রায় একই রকমের। প্রতিটি ওয়ার্ডের মোট জনসংখ্যা চার হাজার থেকে সাত হাজারের মধ্যে। প্রতিটি ওয়ার্ডে মহিলার সংখ্যা পুরুষের তুলনায় একটু কম।

সারণি ২-৩: রাঙ্গামাটি পৌরসভার ওয়ার্ড অনুসারে জনসংখ্যা সংক্রান্ত তথ্য (২০১১)

ওয়ার্ড নং	এলাকা (বর্গ কি.মি.)	মোট জনসংখ্যা	পুরুষ জনসংখ্যা	মহিলা জনসংখ্যা	জনসংখার ঘনত্ব		লিঙ্গ অনুপাত
					প্রতি বর্গ কি.মি.	প্রতি একরে	
১	৩.৭৩	৮২২২	৪৪৯৪	৩৭২৮	২৩১৬	৯	১২১
২	১.০৫	৯২৫৮	৫১৮২	৪০৭৬	৮৪১৬	৩৬	১২৭
৩	২.০৩	৬৩৫৭	৩৩০৯	৩০৪৮	২৯৯৯	১৩	১০৯
৪	৩.৮৫	৮৪২০	৪৫৩০	৩৮৯০	২২৭০	৯	১১৬
৫	১৯.৩২	৬০৩৬	৩০৬২	২৯৭৪	৩২৮	১	১০৩
৬	৬.৩৮	৯১৮৬	৪৬৮৪	৪৫০২	১২৩৩	৬	১০৪
৭	১.৯৪	১০৬৭৫	৫৯৩৬	৪৭৩৯	৫৬৪৮	২২	১২৫
৮	২.৮৪	১৪৯৮৮	৭৮১৯	৭১৬৯	৫১৮৬	২১	১০৯
৯	১৩.০৪	১০৮৫৮	৫৯০৯	৪৯৪৯	৮৩১	৩	১১৯
মোট	**৫৪.১৭**	**৮৪০০০**	**৪৪৯২৫**	**৩৯০৭৫**	**১৫৫১****	**৬****	**১১৫**

তথ্যসূত্রঃ জনসংখ্যা ও গৃহায়ন গণনা, ২০১১-কমিউনিটি: রাঙ্গামাটি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

***প্রতি একরের জনঅসংখ্যা ঘনত্ব তুলনামূলকভাবে কম কারণ বিশাল জলাধার এলাকা (কাপ্তাই হ্রদ) যা মোট ভুমি এলাকা থেকে বাদ দেয়া হয়নি।*


২নং ওয়ার্ডে জনসংখ্যার ঘনত্ব সর্বাধিক, যা প্রতি বর্গকিলোমিটারে ৮৪১৬। অন্যান্য ওয়ার্ডের ঘনত্ব ৩২৮ জন/ বর্গ কি.মি. থেকে ৫৬৪৮ জন/ বর্গ কি.মি. অবধি।

২.৩.২ বয়স ও লিঙ্গ

চিত্রলেখ ২-১ এ রাঙ্গামাটি পৌরসভার জনসংখ্যার পিরামিড দেখানো হয়েছে। বেশিরভাগ মানুষের বয়স ৩০-৪০ বছর শ্রেণিতে। এই শ্রেণির জনসংখ্যার মধ্যে পুরুষের চেয়ে মহিলাদের সংখ্যা বেশি। চিত্রলেখ থেকে আরও দেখা যায় যে ৬০-৬৪ বছর বয়স শ্রেণির জনসংখ্যা সবচেয়ে কম।

কাঠামো পরিকল্পনা

চিত্রলেখ ২-১: রাঙ্গামাটি পৌরসভার বয়স ও লিঙ্গ অনুসারে জনসংখ্যা বণ্টন



তথ্যসূত্রঃ জনসংখ্যা এবং গৃহায়ন গণনা, ২০১১-কমিউনিটি: রাঙ্গামাটি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো


২.৩.৩ পরিবার প্রধানের লিঙ্গ

ইউজিপ-৩ বেসলাইন জরিপের সময় পরিবার প্রধানের লিঙ্গ সম্পর্কে তদন্ত করা হয়েছিল। এটি পাওয়া গিয়েছে যে, গবেষণা এলাকায় ৫০% এর উপর পরিবারের প্রধান পুরুষ এবং ৫০% পরিবার প্রধান নারী। ঐতিহ্যগতভাবে, উপজাতীয় সম্প্রদায়গুলোর মধ্যে, বেশীরভাগ পরিবারের প্রধান নারী।

২.৩.৪ পরিবারের সদস্যদের পেশা

জরিপকৃত পরিবারের সদস্যদের বর্তমান পেশাগত অবস্থা সম্পর্কে ***চিত্রলেখ ২-২*** এ দেখানো হয়েছে। জরিপ থেকে প্রাপ্ত ফলাফল অনুসারে অধিকাংশ উত্তরপ্রদানকারী ছাত্রছাত্রী। জরিপে সর্বমোট উত্তরপ্রদানকারী ২০২৩ জনের মধ্যে ৫৬৩ জন ছাত্রছাত্রী; ৪৪৪ জন গৃহিণী, ২৬১ জন শিশু/বৃদ্ধ, ২১৫ জন চাকুরীজীবী। প্রায় ১৩৬ জন দক্ষ কর্মী এবং ১৭০ জন ক্ষুদ্র ব্যবসায়ী।

চিত্রলেখ ২-২ : পরিবারের সদস্যদের পেশা




তথ্যসূত্রঃ বেসলাইন সার্ভে, রাঙ্গামাটি পৌরসভা, ২০১৬

২.৩.৫ অভিবাসন

এই পরিকল্পনা অনুযায়ী পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকায় এলোমেলো এবং অপরিকল্পিতভাবে নগরায়ণ রোধ করা প্রয়োজন। অতএব, প্রান্ত এলাকায় শহরের সম্প্রসারণ এবং অপরিকল্পিত বিস্তার রোধ করতে হবে। শহরের বৃদ্ধি

যথাযথ দিকে উৎসাহিত করতে হবে, পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকায় অযাচিত শহরের বৃদ্ধি নিরুৎসাহিত করতে হবে; অব্যহৃতত এবং সম্পূর্ণ মাত্রায় না ব্যবহৃত ভুমিকে কাঙ্খিত মাত্রায় ব্যবহারে উৎসাহী করতে হবে। আর্থিক এবং অবকাঠামোগত সুবিধাদি খুব কার্যকরভাবে ব্যবহার করতে হবে।

স্থানীয় সরকার সংস্থাগুলো তার নিজস্ব সম্পদ দ্বারা তার কর্মসূচী চালিয়ে যাবে এবং/অথবা ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ এলাকার মধ্যে দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলোকে তাদের উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা করতে সহযোগিতা করবে।

ঘ. টেকসই ভূমি ব্যবহার

রাঙ্গামাটি শহরের একটি অন্যতম দুর্লভ সম্পদ হচ্ছে ভূমি। তাই এই পরিকল্পনাতে এই গুরুত্বপূর্ণ সম্পদের জন্য কৌশল নির্ধারণ করা হয়েছে। এই সম্পদ এমনভাবে ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে যাতে তা পরিবেশগত এবং সামাজিক ভারসাম্য নিশ্চিত করে। টেকসই ভূমি ব্যবহার বলতে, যে ভূমি ব্যবহার একটি প্রজন্মকে সন্তুষ্টি প্রদান করে ও তার পরবর্তী প্রজন্মও সেখান থেকে একই সন্তুষ্টি লাভ করতে পারবে। জমিতে বিনিয়োগকৃত পুঁজি ও অন্যান্য উন্নয়ন থেকে মানুষ অনেক দীর্ঘ সময়ের জন্য সুফল পায়। একারণে সম্পদশালী মানুষজন তুলনামূলক বেশি সুবিধা পেয়ে থাকেন। নিম্নবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত শ্রেণির মানুষদের জন্য সরকার বিভিন্ন নীতি ও প্রণোদনার ব্যবস্থা করে। এভাবে এই শ্রেণির মানুষের জন্য ভূ-সম্পদের যোগান দেয়া হয়।

৫.৪ নতুন এলাকার উন্নয়ন কৌশল

পরিকল্পিত আবাসন ব্যবস্থা বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুশৃঙ্খল ও পরিবেশবান্ধব আবাসিক এলাকা সৃষ্টি করবে। এরকম নতুন এলাকার উন্নয়নে সমস্ত ফাঁকা কৃষি জমি অধিগ্রহণ করা, পাহাড় কাঁটা অথবা জলাধার ভরাট করা অপ্রয়োজনীয়। তবে উন্নয়নকে বিক্ষিপ্তভাবে পরিচালিত না করে একটি সুনিয়ন্ত্রিত এবং সুবিন্যস্ত পদ্ধতিতে পরিচালিত করতে হবে। সরকার একা না করে সরকারি-বেসরকারি সংস্থার অংশগ্রহণের ভিত্তিতে উন্নয়ন কর্মকান্ড গ্রহণ করলে তা অনেক বেশি সফল ও কার্যকর হয়। এ জন্য প্রয়োজন পরিকল্পনার যথাযথ মানদন্ড, বিধিবিধান এবং ভূমি উন্নয়নের নতুন নতুন পদ্ধতির। পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে নিম্নলিখিত বিষয়সমূহ অর্জন করা সম্ভবঃ

- জমি ও অবকাঠামো উন্নয়নের সম্পূর্ণ/আংশিক ব্যয় পুনরুদ্ধার;
- বেসরকারি খাত/স্থানীয় জনগণের অংশগ্রহণ ও অংশীদারিত্ব নিশ্চিত হয়;
- সকল শ্রেণির আয়ের মানুষের জন্য জমির মালিকানা নিশ্চিত হয়;
- টেকসই ও উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টি।

স্থানীয় সরকার এবং অন্যান্য সংস্থাকে শুধুমাত্র সেবা প্রদানকারী না হয়ে ভূমি উন্নয়ন কর্মকান্ডেও সহায়ক হওয়া উচিত। উন্নয়নকৃত ভূমির সুফল সাধারণত উচ্চ শ্রেণির মানুষরাই বেশি ভোগ করে থাকে; নিম্নবিত্তরা বঞ্চিতই থেকে যায়। নতুন নগর এলাকার চাহিদা উন্নয়ন প্রক্রিয়াকে উৎসাহিত করবে। সকল শহর এলাকার জন্য এধরণের উন্নয়ন কোনও পরিকল্পনা বা উন্নয়ন নিয়ন্ত্রণ ছাড়াই সংঘটিত হচ্ছে। দেখা যায় যে, ভূমি উন্নয়নে সাধারণত মানুষজন পরিবেশগত, বাস্তুগত, ভূতাত্ত্বিক বিষয়সমূহ এবং সেগুলো সংশ্লিষ্ট সমস্যাসমূহ উপেক্ষা করে থাকে। এই মহাপরিকল্পনা, এসকল বিষয়সমূহে আলোকপাত করে পরিকল্পনা সম্পর্কিত উপযুক্ত নীতিমালা ও মানদন্ড প্রদান করে, বিকশিত এলাকার উন্নয়ন ও বিকাশকে দিকনির্দেশনা প্রদান করবে। দেখা যায় যে সরকারি খাতের ভূমি উন্নয়ন প্রক্রিয়া শেষ হতে অনেক দীর্ঘ সময় প্রয়োজন হয়। এজন্য অগ্রাধিকার এলাকাসমূহে ব্যক্তিখাতের অধীনে পরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করা প্রয়োজন। তাই অপ্রথাগত ভূমি উন্নয়ন প্রক্রিয়াকে সুনির্দিষ্ট পন্থার অন্তর্ভূক্ত করতে স্থানীয় পর্যায়ে সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সরকার শুধুমাত্র মৌলিক অবকাঠামো ও সেবা সুবিধা প্রদানের দায়িত্ব পালন করবে। নতুন এলাকার পরিকল্পিত উন্নয়নের পদ্ধতিসমূহ নিচে সংক্ষিপ্তভাবে বর্ণনা করা হল।

ক. অবকাঠামো নির্ভর উন্নয়ন কৌশল (ILDC)

সড়ক, পানি, বিদ্যুৎ, ড্রেনেজ প্রভৃতি মৌলিক অবকাঠামো সমূহের উন্নয়ন ভিত্তিক নগরোন্নয়ন আইএলডিসির অন্তর্ভূক্ত। ব্যক্তিখাতের উন্নয়নকে উৎসাহিত করতে সরকার অবকাঠামো প্রদান করবে। সরকারি-বেসরকারি অংশগ্রহণের ভিত্তিতে ভূমি উন্নয়ন প্রক্রিয়াকে সহায়তা করতে একটি আইএলডিসি কর্মসূচী গ্রহণ করা যেতে পারে। এর ফলে সুবিধাভোগী জমির মালিকদের কাছ থেকে অবকাঠামো উন্নয়নের ব্যয় পুনরুদ্ধারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। জমির মালিকানা সংরক্ষিত থাকবে এবং শুধুমাত্র অবকাঠামো ব্যতীত অন্য কোন কারণে জমি অধিগ্রহণ করা হবে না। পরস্পর সমঝোতা এবং সিদ্ধান্তের ভিত্তিতে কর্তৃপক্ষ ব্যয় পুনরুদ্ধারের পদ্ধতি নির্ধারণ করবে।

অবকাঠামো নির্মাণের সময় লক্ষ্য রাখতে হবে যে, পরিবেশগত বিপর্যয় যেন না ঘটে। তাই, টেকসই পরিবেশবান্ধব পদ্ধতিতে অবকাঠামোর উন্নয়ন করতে হবে। আইএলডিসি এর মাধ্যমে নতুন বিকশিত নগর এলাকার উন্নয়ন নিশ্চিত হবে এবং টেকসই ভাবে পরিবেশ প্রভাব নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। বিদ্যমান নগর এলাকার অভ্যন্তরে অবস্থিত অব্যবহৃত এবং অনুন্নত এলাকাসমূহে উন্নয়ন কর্মসূচী গ্রহণ করা উচিত।

সড়ক, পানি, বিদ্যুৎ প্রভৃতি অবকাঠামোর যোগান সীমিত। তাই, এই সেবাসমূহের ব্যাপারে চাহিদা ও যোগান উভয় দিকেই দৃষ্টি প্রদান করা প্রয়োজন। অবকাঠামোর অসীম যোগান কখনই টেকসই হয় না।

আইএলডিসির মাধ্যমে উন্নয়নের জন্য উপযোগী এলাকার দিকে এবং অনুপোযোগী এলাকা এড়িয়ে শহরের বিকাশকে পরিচালিত করতে আর্থিক ও অবকাঠামো নির্ভর পদ্ধতিসমূহ বিবেচনায় নেওয়া প্রয়োজন।

খ. সরকারি খাতে ভূমি উন্নয়ন

সরকারকে (জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন, পিডব্লিউডি) ভূমি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। পৌরকেন্দ্র, বাণিজ্যিক এলাকা, দরিদ্র ও বাস্তুচ্যুত মানুষদের জন্য আবাসিক এলাকা, প্রভৃতি এবং সাধারণ জনগণের জন্য আবাসন, যেসব ক্ষেত্রে বেসরকারি খাতের উদ্যোক্তারা তেমন একটা এগিয়ে আসেন না; সেসব এলাকার পরিকল্পিত উন্নয়নে সরকারি খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, যা পালন করতে হবে।

গ. সরকারি-বেসরকারি অংশিদারিত্ব (পিপিপি) পদ্ধতি

দক্ষ ও কার্যকরভাবে অবকাঠামো ও সেবার সময়োচিত স্থাপনা নিশ্চিত করতে সকল ধরণের পিপিপি পদ্ধতির সম্ভাব্যতা পরীক্ষা করা প্রয়োজন। শুধুমাত্র অর্থাভাবের কারণেই পিপিপি পদ্ধতিসমূহ জনপ্রিয়তা লাভ করছেনা। এর মাধ্যমে সম্পদ ও বাস্তবায়নের ব্যবস্থায়নায় দক্ষতা অর্জন সম্ভব হয়। পিপিপি-এর মাধ্যমে সরকারি দায়িত্বসমূহ বেসরকারি খাতে সাধারণ আউটসোর্সিং (Outsourcing) থেকে চুক্তিভিত্তিক বা কিছুটা চুক্তিভিত্তিক সম্পর্ক, যৌথ সামাজিক দায়বদ্ধতা এবং জনসেবা থেকে প্রশাসনের সহযোগী হিসেবে অর্পণ করা হয়। পিপিপি প্রক্রিয়া শুরুর পূর্বে এর বিভিন্ন সমস্যাসমূহ যেমন; নিয়ন্ত্রণের অস্পষ্টতা, আর্থিক সুবিধা গ্রহণ, সরকারি খাতের ক্রমহ্রাসমান সক্ষমতা প্রভৃতির দিকে নজর দেওয়া প্রয়োজন।

৫.৫ সংরক্ষিত এবং সুরক্ষিত এলাকা

পরিবেশগতভাবে সংবেদনশীল, ঐতিহ্য ও সাংস্কৃতিক বিবেচনায় মূল্যবান স্থানসমূহকে আইনের দ্বারা সংরক্ষণ করতে হবে। সংরক্ষণের এই ব্যয় অবশ্যই সরকারি কোষাগার থেকে আসতে হবে। সংরক্ষিত সম্পদসমূহ যদি ব্যক্তি পুঁজিনির্ভর অর্থনীতির হাতে ছেড়ে দেওয়া হয় তাহলে তা দীর্ঘমেয়াদে সমাজের উন্নয়নের কাজে ব্যবহৃত না হয়ে বরং ব্যক্তিগত উন্নয়নের জন্য ব্যবহৃত হবে। তাই, নিম্নলিখিত গুরুত্বপূর্ণ স্থানসমূহ সংরক্ষণ করা প্রয়োজন।

ক. পাহাড়ি এলাকা

রাঙ্গামাটি শহর সবুজ পাহাড় নৈস্বর্গিক সৌন্দর্যের লীলাভুমি। পুরো শহরটা পাহাড়ের চূড়ায় অবস্থিত যা চারদিক কাপ্তাই লেক দ্বারা পরিবেষ্ঠিত। পাহাড়ের সৌন্দর্য সবাই উপভোগ করে চায় বিশেষ করে দেশি-বিদেশি পর্যটকরা। পাহাড় শুধুমাত্র এর নৈস্বর্গিক সৌন্দর্যের জন্যই নয় বরং পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। এই অনন্য

সম্পদ কে যেকোনো মূল্যে দেখাশুনা এবং সংরক্ষণ করা প্রয়োজন। পাহাড় এবং জলাধারসমূহকে বহিঃস্থ চিত্রবিনোদনের উৎস হিসেবে ব্যবহার করা যেতে পারে যা পর্যটকদেরকে আকর্ষণ করে। এই পাহাড়ি অঞ্চলগুলোকে ভ্রমণ সুবিধা, ক্যাম্পিং সুবিধা, বিনোদনের উপাদান, সাংস্কৃতিক, ঐতিহ্য, ভূমি ব্যবহার, ভুমির আচ্ছাদন, শিক্ষা ও কৃষি সুবিধার প্রসারের মাধ্যমে পর্যটকদের কাছে আরো আকর্ষনীয় করে তোলা যেতে পারে।

১৯৫২ সালের ইমারত নির্মান আইনের ১৮ ধারায় প্রনীত ইমারত নির্মাণ,পুকুর খনন ও পাহাড় কর্তন সংক্রান্ত বিধিমালার অংশ

পাহাড় কর্তন বা ধ্বংস সাধনের বিশেষ বিধানাবলীঃ

(১) কোন পাহাড় কর্তন বা ধ্বংস সাধন অনুমোদনের জন্য আবেদনপত্রের সহিত বিধি ৪ ও ৫ এ বর্ণিত কাগজপত্র ছাড়াও নিম্নবর্ণিত কাগজপত্র জমা প্রদান করিতে হইবে, যথাঃ

(ক) পরিবেশ অধিদপ্তর হইতে উক্ত কর্তন বা ধ্বংস সাধনের জন্য গৃহীত ছাড়পত্র;

(খ) জায়গার অবস্থান, পার্শ্ববর্তী জায়গার পরিবেশগত অবস্থা, পাহাড়ি জমির উচ্চতা, ঢালু অংশ, সমতল ভূমি বা নীচু ভূমি, খাদ, গর্ত ইত্যাদি প্রকারের জমির টপোগ্রাফিক্যাল বা কনটোর ম্যাপ; এবং

(গ) রাস্তার প্রোফাইল সহ প্রস্তাবিত জায়গার উন্নয়ন পরিকল্পনার বিস্তারিত নির্দেশিকা এবং এলাকার সহিত সংযোগকারী রাস্তা, নালা, বিদ্যুৎ, গ্যাস, পানি, পয়ঃনিস্কাশন লাইন ইত্যাদি এবং পরিবেশ সংরক্ষণকল্পে প্রয়োজনীয় বৃক্ষরোপণ, রিটেইনিং ওয়াল ও প্রতিরক্ষা দেয়াল, টেরাসিং প্যালাসাইডিং ইত্যাদি বিস্তারিতভাবে প্রর্দশিত নকশা।

(২) কর্তন বা ধ্বংস সাধনের জন্য অনুমোদনপ্রাপ্ত পাহাড়ের পাদদেশে টার্ফিং এবং স্লোপকে স্টেবিলাইজ করিয়া ধ্বংস নিয়ন্ত্রণ করার ব্যবস্থা করিতে হইবে; এবং যে সমস্ত নালা বা খালের উৎস কর্তনের জন্য অনুমোদনপ্রাপ্ত পাহাড়ের সহিত সংযুক্ত সে সমস্ত নালা বা খালের উৎসমুখে স্পিলওয়ে, সিলটট্রাপ ইত্যাদি নির্মাণ করিতে হইবে।

বাংলাদেশ ইমারত নির্মাণ আইন ১৯৫২ পাহাড়ের সুরক্ষার সব রকম ব্যবস্থা রাখে। এই নিয়মগুলো ১৮ নং ধারার অধীনে প্রনীত, পাহাড় কাটা প্রতিরোধের জন্য **দালান নির্মাণ, পুকুর খনন এবং পাহাড় কাটা** সংক্রান্ত আইন প্রণয়ন করা হয়েছে। এই বিধানের ২৭ নং ধারার উপধারায়(১) বলা হয়েছে (ক) পাহাড় কাটার জন্য পরিবেশ অধিদপ্তরের অনুমোদন; (খ) সীমাসূচক রেখা/ ভৌগলিক মানচিত্রের মাধ্যমে পাহাড়ের অবস্থান, উচ্চতা, ঢাল, এলাকার সীমাসূচক রেখা, এলাকার নিম্নোতা দেখাতে হবে; (গ) পাহাড়ের দিকে অগ্রসর হওয়া রাস্তার বর্ণনা, এলাকার উন্নয়ন পরিকল্পনা এবং নিষ্কাশন ব্যবস্থা, বিদ্যুৎ, গ্যাস, পানি সরবরাহ লাইন, পরিবেশ সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ এবং সুরক্ষা দেয়াল, চত্বর, প্যালিসেডিং ইত্যাদি; ভূমিধ্বস প্রতিরোধে পাহাড়ে সার্ফিং এবং ঢাল স্থিতিশীলকরণের জন্য প্রস্তাবিত অনুমোদনকৃত পরিকল্পনা।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, (সংশোধিত) ২০১০ পাহাড় কাটার ক্ষেত্রে সবরকম বিধিনিষেধ এবং নিয়ন্ত্রণ রাখে। এই আইনের ৬(খ) ধারায় বলা আছে,

"পাহাড় কাটায় নিষেধাজ্ঞা যে কোন ব্যাক্তি, সরকারি, আধা-সরকারি কিংবা বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাহাড় কিংবা টিলা কাটা অথবা ঘিরে ফেলা সম্পূর্ণ নিষিদ্ধ, তবে জাতীয় স্বার্থের প্রয়োজনে পরিবেশ অধিদপ্তর থেকে অনুমতি নিয়ে পাহাড় বা টিলা কেটে ফেলা সম্ভব হবে।

পাহাড় কেটে ফেলা এবং যে কোন ধরণের পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের অনুমোদনের প্রয়োজন হবে।

কিন্তু এই আইনের বিধি বিধান বা নিয়ম ভঙ্গের জন্য বিল্ডিং কমিটি কিংবা পরিবেশ অধিদপ্তর কোনরকম শাস্তির বিধান রাখে নাই।

খ. কাপ্তাই লেক

কাপ্তাই লেক বাংলাদেশের একমাত্র কৃত্তিম লেক যা রাঙ্গামাটির কাপ্তাই এলাকায় অবস্থিত, রাঙ্গামাটি পৌরসভার একটা বৃহৎ অংশ জুড়ে রয়েছে কাপ্তাই লেক, যা তৈরি করা হয়েছিল ৬০ দশকের প্রথম দিকে কর্ণফুলী নদীর উপরে নেয়া কর্ণফুলী

কাঠামো পরিকল্পনা

জলবিদ্যুৎ প্রকল্পের অংশ হিসেবে। যদিও কৃত্তিম লেক সৃষ্টি অত্র এলাকার পূর্ব বিদ্যমান প্রতিবেশের উপর প্রভাব ফেলছে, তথাপি বিভিন্ন ধরেনের কর্মকাণ্ডের জন্য অবস্থা আরো অবনতি হচ্ছে। অসচেতনভাবে কঠিন বর্জ্য ফেলা, মনুষ্য বর্জ্য ফেলা এবং লেকের ভিতরে কনক্রিটের কাঠামো তৈরির ফলে পানির গুনাগুণ নষ্ট হচ্ছে। জরুরী অবস্থায় এই জলাশয় শহরের পানি সরবরাহের প্রধান উৎস। এই গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের সাথে সাথে কাপ্তাই লেককে চিত্র বিনোদনের মাধ্যম হিসেবে ব্যবহার করা যেতে পারে।

গ. পর্যটন স্থান

রাঙ্গামাটি শহর এবং এর চারপাশে পর্যটকদের জন্য অনেক আকর্ষণীয় স্থান রয়েছে। আশেপাশের অঞ্চলগুলোর মধ্যে সবচেয়ে বড় নগর কেন্দ্র হওয়ায় পর্যটকরা বিভিন্ন এলাকা থেকে ভ্রমনের জন্য রাঙ্গামাটিকে শহরকে ব্যবহার করে এবং যাত্রা বিরতির স্থান হিসাবেও ব্যবহৃত হয়। পর্যটকরা তাদের রাত্রি যাপনের জন্য এই শহরের হোটেল ব্যবহার করেন। রাঙ্গামাটির পর্যটকদের ভ্রমনের জন্য অন্যতম স্থানগুলো হচ্ছে,

- কাপ্তাই লেক
- শুভলং ঝর্ণা
- নৃগোষ্ঠী জাদুঘর
- ঝুলন্ত ব্রীজ
- রাজবন বিহার
- পেদা টিং টিং
- চাকমা রাজবাড়ী
- ডি সি বাংলো পার্ক

৫.৬ কাঠামো পরিকল্পনার সুপারিশকৃত নীতিসমূহ

আগামী ২০ বছর অর্থাৎ ২০৩৭ সাল পর্যন্ত এই কাঠামো পরিকল্পনায় প্রস্তাবিত নীতিসমূহ কার্যকর থাকবে। রাঙ্গামাটি শহরের ভবিষ্যতের সার্বিক উন্নয়নের উপর প্রধান নগর সম্পর্কিত বিষয়ের সবধরনের নীতির প্রভাব থাকবে। এই সকল নীতিতে পরিবহণ, যোগাযোগ, নিষ্কাশন, পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা, শিল্প ও বাণিজ্যিক উন্নয়ন, আবাসন ব্যবস্থা, বিনোদন এলাকা, শিক্ষা ও স্বাস্থ্য এবং শহরের দরিদ্র শ্রেণির জন্য ব্যবস্থাও অন্তর্ভুক্ত থাকবে।

৫.৬.১ রাঙ্গামাটি শহর ও তৎসংলগ্ন প্রভাব এলাকার কাঠামো পরিকল্পনার অধীন এলাকা

রাঙ্গামাটি শহর ও তৎসংলগ্ন প্রভাব এলাকার কাঠামো পরিকল্পনার অধীনে সর্বমোট এলাকা ৬২.৯৫ বর্গ কি.মি. বা ১৫৫৫৬.৪৭ একর যার মধ্যে ৫৪.২৭ বর্গ কি.মি. পৌরসভা এলাকা ও ৮.৬৯ বর্গ কি.মি. প্রভাব এলাকা। পৌরসভার ৯টি ওয়ার্ড ও পাশ্ববর্তী এলাকা এই কাঠামো পরিকল্পনার অন্তর্ভুক্ত।

৫.৬.২ কাঠামো পরিকল্পনার জোনিং ও ভবিষ্যতের সম্প্রসারণ

৫.৬.২.১ জোনিং


প্রধান উন্নয়ন জোন সমূহ বিশদভাবে ভবিষ্যৎ উন্নয়ন সম্ভাব্য এলাকা চিহ্নিত করে এবং কাঠামো পরিকল্পনা এলাকার মধ্যে যেসব এলাকাতে মূল উন্নয়নের সম্ভাবনা পরিলক্ষিত হয়, যার দ্বারা বিকাশ নির্দেশিত হয় তার উপর ভিত্তি করে ৩টি ভাগে শ্রেণিবিন্যস্ত করা হয়। নিম্নলিখিত সারণিতে কাঠামো এলাকার জোনসমূহ, তাদের আয়তন ও শতাংশ দেখানো হয়েছে। ***মানচিত্র ৫-১*** এ কাঠামো পরিকল্পনার পলিসি জোনসমূহ দেখানো হল।

সারণি ৫-১: কাঠামো পরিকল্পনার পলিসি জোনসমূহ

জোন সমূহের নাম	জোন সমূহের বর্ণনা	আয়তন (একর)	শতাংশ
বিকশিত নগর এলাকা/প্রধান শহর	উন্নয়নশীল শহর এলাকা /প্রধান শহর উন্নত এলাকা হিসাবে বলা হতে পারে এই এলাকার জনসংখ্যা এবং সেবা কেন্দ্রীকরণের সর্বোচ্চ গুরুত্ব আছে। ভূমি ব্যবহার পরিকল্পনার (২০১৭-২০৩৭) সময়ের মধ্যে অধিকাংশ জনসংখ্যার বৃদ্ধির পরিসংখ্যান অব্যাহত থাকবে।	১৪৩৩.৬২	৯.২২
সম্প্রসারমান এলাকা	এই এলাকা শহরের মূল এলাকার বাইরে অবস্থিত এবং মহাপরিকল্পনাতে প্রস্তাবিত নতুন ভূমি ব্যবহার সম্পর্কে নির্দেশিত হয়েছে। যেখানে বিভিন্ন ব্যবহারসমূহ ২০৩৭ সাল পর্যন্ত প্রস্তাবিত যা সময়ের সাথে সাথে হবে। তবে এই এলাকায় প্রয়োজনীয় সুবিধাদি উন্নয়নের সঙ্গে তাল মিলিয়ে প্রদান করা উচিত। এই এলাকাগুলো অনুন্নত সেবা ও সুযোগ প্রদান করে এই কারণে নিম্ন আয়ের লোক এই এলাকা গুলোতে বেশি আকৃষ্ট হয়। এই সব এলাকা গুলোর বিশেষ ব্যবস্থাপনা করা প্রয়োজন যাতে ভবিষ্যতে পরিকল্পনা করতে অসুবিধা না হয়।	২৪৭৮.৩২	১৫.৯৩
সংরক্ষণ ও সুরক্ষা এলাকা	সংরক্ষণ এবং সুরক্ষা এলাকা সংরক্ষণ করবে কৃষি জমি। এই উৎপাদনশীল কৃষি জমি খাদ্য এবং অন্যান্য কৃষি পণ্য উৎপাদন করে শহুরে উন্নয়নকে ত্বরান্বিত করবে। আরও সংরক্ষণ করবে নদী, খাল, জলাশয় যা বৃষ্টি এবং বন্যার পানির প্রবাহ ঠিক রাখবে। জলাশয়, পাহাড় ও লেক সংরক্ষণ না করলে বহুলাংশে পরিবেশগত অবনতি সৃষ্টি হবে। মহাসড়ক, রেলপথ এবং শহরাঞ্চলের অন্যান্য সড়কপথের রাইট অফ ওয়ের অবৈধ দখল রোধ করা প্রয়োজন। এই অবৈধ দখল শহরের সুষম উন্নয়নের জন্য একটি প্রধান বাঁধা। পরিবহন নেটওয়ার্কের রক্ষার জন্য একটি বাফার অঞ্চল তৈরি ও কঠোরভাবে তা পর্যবেক্ষণ ও সংরক্ষণ করা জরুরী। পাহাড়, ঐতিহাসিক স্থান, ঐতিহ্য এবং জাতীয় গুরুত্বপূর্ণ জায়গার একইভাবে সংরক্ষণ ও রক্ষা করা প্রয়োজন।	১১৬৪৪.৫২	৭৪.৮৫

মানচিত্র ৫-১ : প্রকল্প এলাকার কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলসমূহ

1:65,000



Policy Zone	Structure Plan Area		
	Area in Sq. KM	Area in Acre	%
Developed Urban Area/Core Area/Build Up Area	5.8	1433.21	9.22
Urban Growth Area	10.03	2478.46	15.93
Area of Conservation and Protection	47.12	11643.59	74.85
Total	62.95	15555.26	100

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.75 1.5 3 4.5 6 7.5 9 Kilometers

Scale: 1:65,000 or 1 " = 5,417 ' or 1 cm = 650 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Structure Plan Boundary
- Waterbodies

Plan Road Category
- Primary
- Secondary
- Collector

Policy Zone
- Existing Urban
- Urban Growth
- Conservation

৫.৬.৩ ভবিষ্যৎ সম্প্রসারণ

বর্তমান নগর এলাকার আয়তন প্রায় ১৪৩৩.৬২ একর। কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) তৈরি করা হয়েছে ১৫৫৫৬.৪৭ একর জমির জন্য যার মধ্যে বর্তমান নগর এলাকা, ভবিষ্যৎ নগর এলাকা এবং সংরক্ষণ এলাকা অন্তর্ভুক্ত। যদি কোন শহরের জনসংখ্যা বৃদ্ধি পেতে থাকে এবং তার ফলে অত্র এলাকায় জমির চাহিদা বৃদ্ধি পায় তাহলে ঐ শহর সীমারেখা বর্ধন করতে পারবে। এ ধরনের প্রয়োজনীয়তা পূরণ করার জন্য পরামর্শক পৌরসভার সীমারেখা ক্রমান্নয়ে বর্তমান কাঠামো পরিকল্পনা এলাকাতে সম্প্রসারণের জন্য সুপারিশ করছেন। এটি ভবিষ্যৎ প্রবৃদ্ধি এলাকাতে (হলুদ চিহ্নিত) আশু নগর সম্প্রসারণ করার পরামর্শ দেয়া হয়েছে। নগর সম্প্রসারণের জন্য নিম্নবর্ণিত এলাকা সুপারিশ করা হলোঃ

- উত্তর-পশ্চিম দিকে ভবিষ্যতে নগরের সম্প্রসারণের জন্য খাগড়াছড়ি সড়ক পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।
- পশ্চিম দিকে ভবিষ্যতে নগরের সম্প্রসারণের জন্য মানিকছড়ি, বিসিক শিল্প এলাকা পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।
- দক্ষিন দিকে ভবিষ্যতে নগরের সম্প্রসারণের জন্য দেপ্পাছড়ি মুখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

মানচিত্র ৫-১ এ কাঠামো পরিকল্পনা, নগরের বর্ধিত এলাকা ও সংরক্ষণ এলাকা সম্পর্কে দেখানো হয়েছে।

৫.৬.৪ নগরের প্রবৃদ্ধির সীমা

পরিবেশ এবং পর্যটনগত দিক থেকে জায়গার মূল্য বিবেচনা করলে, শহরের স্থানিক প্রবৃদ্ধির সীমা থাকা উচিত। এটা শহরের বসবাস উপযোগিতা এবং পরিবেশের ভারসাম্য নিশ্চিত করবে এবং পর্যটকদের জন্য শহরকে আরো আকর্ষণীয় করে তুলবে।

৫.৬.৫ কাঠামো পরিকল্পনার জন্য প্রস্তাবিত নীতিমালা

এই নীতিগুলো প্রকল্প এলাকার সামগ্রিক ভবিষ্যৎ উন্নয়নের উপর প্রভাব ফেলবে। এই নীতির মধ্যে বিভিন্ন বিষয় আছে যেমন, নগরের ভূ-সম্পদ, খাস জমি, সরকারি জমির সর্বোত্তম ব্যবহার। খালি জমি, ভবিষ্যত নগর এলাকার উন্নয়ন, সংরক্ষণ ও সুরক্ষা এলাকা, নগর প্রান্ত এলাকা, সংরক্ষিত নগরায়ণ এলাকা এবং পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা সম্পর্কে নিম্নে আলোকপাত করা হয়েছে।

৫.৬.৫.১ ইমারত এর উচ্চতা নির্ধারণ

নীতি-ভূ-সম্পদ /০১: ইমারত এর উচ্চতা সর্বোচ্চ ৬ তলা নির্ধারণ

কোন ভবন ৬ তলার উপরে নির্মাণ করার অনুমতি দেয়া যাবে না।

যৌক্তিকতা

- শহরকে ঘনবসতিপূর্ণ অবস্থা থেকে মুক্ত এবং বসবাস উপযোগী পরিবেশ সৃষ্টি।
- পর্যটকরা চারপাশের প্রাকৃতিক সৌন্দর্য আরও ভালভাবে উপভোগ করতে পারবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

পৌরসভার যেকোনো স্থানে ইমারত নির্মাণের ক্ষেত্রে পরিকল্পনা অনুমোদনে জন্য ইমারত এর উচ্চতা ভুমি স্তর থেকে পরিমাপ করতে হবে। পৌরসভা এলাকাতে ইমারতের উচ্চতা সর্বোচ্চ ৬ তলা পর্যন্ত অনুমোদন দেয়া যাবে এবং নির্মাণাধীন সময়ে অনুমোদিত সেটব্যাক নিয়মনীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

নীতি-ভূ-সম্পদ /০২: ভূমির মালিকানার কাগজপত্র

যৌক্তিকতা

ইমারতের নকশা অনুমোদনের জন্য জমির মালিকানার বৈধ কাগজপত্র জমা দিতে হবে।

নীতি-ভূ-সম্পদ /০৩: ভবনের অ্যাকসেস সড়ক এর প্রশস্ততা সর্বনিম্ন ২ মিটার এবং ২ মিটার রাস্তার জন্য ভবনের সর্বোচ্চ উচ্চতা ২ তলা হবে

যানজট নিরসনে এই ধরনের নীতিমালা প্রয়োজন।

নীতি-ভূ-সম্পদ /০৪: কোন ভবনের পয়ঃনিষ্কাশনের সংযোগ কাপ্তাই লেকের ভিতর থাকতে পারবে না এবং প্রত্যেক ভবনের অবশ্যই নিজস্ব সেপ্টিক ট্যাঙ্ক এবং শোকওয়েল থাকতে হবে

কাপ্তাই লেক রাঙ্গামাটি শহরের একটা গুরুত্বপূর্ণ সম্পদ। এটাকে দূষণমুক্ত রাখতে হবে, তাহলে মানুষজন লেকের সৌন্দর্য উপভোগ করতে পারবে এবং নিরাপদে মাছ চাষ করা যাবে।

পৌরসভা ভ্যাকু ট্যাঙ্কের ব্যবস্থা করবে সেপ্টিক ট্যাঙ্ক থেকে মনুষ্য বজ্র সংগ্রহ করার জন্য এবং সেগুলোকে স্লাজ ট্রিটমেন্ট প্লান্টে স্থানন্তর করার জন্য।

নীতি-ভূ-সম্পদ /০৫: ভবন নির্মাণ আইন অনুসারে পাহাড়ের উপর জমি বরাদ্দের ক্ষেত্রে পরিবেশবান্ধব বাড়ির নকশা প্রণয়ন করতে হবে

যৌক্তিকতা

এই নীতি পাহাড়ের পরিবেশ এবং প্রতিবেশ নিশ্চিত করার পাশাপাশি ভুমিধ্বসের মত বিপর্যয় থেকে রক্ষা করবে।

নীতি-ভূ-সম্পদ /০৬: শহরের বিদ্যমান ভূমির যথাযথ ব্যবহার

রাঙ্গামাটি পৌরসভার ভিতরে প্রবৃদ্ধি সব জায়গাতে সমান নয়। প্রবৃদ্ধি একই জায়গাতে হওয়ার কারণে ভূমির সর্বোত্তম ব্যবহার এবং সুযোগ সুবিধা প্রদান সহজ হয়। পৌরসভা এলাকাতে এখনও বিভিন্ন শ্রেণির অব্যবহৃত জায়গা রয়েছে যেগুলোর যথাযথ ব্যবহার করা দরকার।

যৌক্তিকতা

সকল খালি জায়গার ব্যবহার না করে বিদ্যমান নগর এলাকার সীমারেখা বৃদ্ধি করা যুক্তিসম্মত নয়। এরকম কর্মকাণ্ড কৃষিজমির পরিমান কমিয়ে দিবে । প্রতিনিয়ত জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে এমতাবস্থায় কৃষিজমির সর্বোত্তম ব্যবহার এবং নগরের ভূমি রক্ষা করার চেষ্টা করা উচিত।

বাস্তবায়নের উপায়

নিয়ন্ত্রণ ব্যবস্থা, যেমন, খালি জমির উপর অতিরিক্ত ট্যাক্স আরোপ করা যেতে পারে, যা ভুমিকে ব্যবহারে আনার জন্য একটি কার্যকর হাতিয়ার। অন্যান্য পদ্ধতির মধ্যে সুবিধাবঞ্চিত এলাকার আবকাঠামো ও নাগরিক সুযোগসুবিধা বৃদ্ধি করে জমির মালিকদের উন্নয়নমূলক কার্যক্রমে উৎসাহিত করতে হবে। অবকাঠামোগুলোর ধারণ ক্ষমতার উপর ভিত্তি করে ঘনত্ব নিয়ন্ত্রিত রাখা হওয়া উচিত। সেবার মান ও সুযোগ সুবিধা গুলো বজায় রাখা প্রয়োজন। উন্নয়ননীতি এবং বিধান কার্যকরভাবে প্রয়োগ করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা কর্তৃপক্ষ
- জেলা প্রশাসন
- পরিবেশ অধিদপ্তর
- সংশ্লিষ্ট সরকারি সংস্থাসমূহ
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূ-সম্পদ /০৭: নগর উন্নয়ন প্রকল্পের প্রসার ঘটানো

শহরের বিশাল অংশই কম বেশি উন্নত। কিন্তু যদি উপযুক্ত নগর উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয় এবং অবকাঠামো উন্নয়ন করা হয় তাহলে এসব এলাকা আরোও উন্নত হবে এবং বেশি সংখ্যক মানুষকে জায়গা দিতে পারবে। উন্নয়ন কর্মকান্ডের দ্বারা উচ্চ আয় ও সামাজিক প্রসার ঘটে। এ ধরণের উন্নয়ন কার্যক্রম, ভবনের স্থানান্তর এবং ভূমি ব্যবহারের পরিবর্তন অত্যন্ত প্রয়োজনীয়।

যৌক্তিকতাঃ

নগরের ভৌত সম্প্রসারণ হ্রাস করবে এবং ভূমি সাশ্রয় করবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

যেকোন এলাকার উন্নয়ন পদ্ধতিসমূহের মধ্যে রয়েছে; বস্তি উন্নয়ন, নগর সংরক্ষণ, উন্নয়ন, পুনঃগঠন, সংস্কার, আধুনিকীকরণ, নির্দেশিত ভূমি উন্নয়ন, ভূমির পুনর্বিন্যাস, সম্প্রদায়/ওয়ার্ড ভিত্তিক পরিকল্পনা প্রভৃতি।

যদিও এধরণের উন্নয়ন কর্মকান্ডে বৃহৎ জনগোষ্ঠী উপকৃত হয় তবে কিছু ব্যক্তি এর সামাজিক ও আর্থিক বোঝা বহন করেন। এধরণের প্রতিকূলতা দূরীকরণে যেসকল ব্যক্তি এধরণের উন্নয়ন ব্যয়ের শিকার হোন তাদেরকে যথাযথভাবে ক্ষতিপূরণ প্রদান করতে হবে। এধরণের কর্মকান্ডে সমাজ, এনজিও এবং সিবিও-এর কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে বিভিন্ন ধরণের অংশগ্রহণভিত্তিক গ্রামীণ মূল্যায়ন (পিআরএ) পদ্ধতি, ফোকাস গ্রুপ ডিসকাশন (এফজিডি), গণসচেতনতা মূলক কর্মকান্ড অন্তর্ভূক্ত করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা কর্তৃপক্ষ
- কৃষি মন্ত্রণালয়
- দাতা সংস্থা
- সরকারি-বেসরকারি অংশীদারিত্ব
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

৫.৬.৫.২ খাস জমি এবং সরকারি মালিকানাধীন জমির ব্যবহার

নীতি-ভূ-সম্পদ /০৮: উন্নয়ন কাজে খাস জমি এবং সরকারি মালিকানাধীন জমির ব্যবহার করতে হবে

পৌর এলাকার মধ্যে বিদ্যমান যথেষ্ট পরিমাণ খাস জমি ব্যবহারের আওতায় আনা যেতে পারে। নগর ভূ-সম্পদের উপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে এই জমিগুলো ভালোভাবে চিহ্নিত ও নথিভূক্ত করা প্রয়োজন। সরকারের অধীন অন্যান্য জমি যেমন; বাজার (রিজার্ভবাজার, বনরূপা, তবলছড়ি প্রভৃতি), শহীদ শুক্কুর স্টেডিয়াম, রিজার্ভ বাজার পার্ক, প্রভৃতি যা সাধারণত অরক্ষিত থাকে; রাজস্ব আদায় ও উন্নয়ন কর্মকান্ড নিশ্চিত করার জন্য সেগুলোর মালিকানা পৌরসভার নিকট হস্তান্তর করাই যুক্তিযুক্ত।

যৌক্তিকতাঃ

খাসজমি হল রাষ্ট্র বা সাধারণ জনগণের জমি যা তাদের সুবিধার্থে সর্বোত্তম ব্যবহার করা উচিত। দেশের সব এলাকায় এই জমি যদি খালি থাকে তবে তা অবৈধ দখল হয়ে যায়। জমির দুষ্প্রাপ্যতার মধ্যে এধরণের জমির সামাজিক ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ।

বাস্তবায়নের পদ্ধতিঃ

প্রকল্প এলাকার খাসজমির মানচিত্র এবং নথি নিয়মিতভাবে হালনাগাদ করা উচিত। পরিস্থিতি নিয়মিত পর্যালোচনা করা এবং নির্দিষ্ট সময় অন্তর অন্তর পর্যালোচনা করা উচিত। পৌরসভা এইসব জমিতে উন্নয়ন প্রকল্প নিতে পারে এবং তাদের

তথ্য জনপ্রশাসনে অবহিত করে নথি হালনাগাদ কাজে সহায়তা করতে পারে। সরকারি প্রকল্প/পরিকল্পনায় ব্যবহার করার জন্য পৌরসভার অধীনে জমি হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা রাখা উচিত।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা কর্তৃপক্ষ
- ডিসি, রাঙ্গামাটি
- ভূমি মন্ত্রণালয়
- রেলপথ মন্ত্রণালয়
- পানি সম্পদ মন্ত্রণালয়
- সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

৫.৬.৫.৩ নগর সম্প্রসারণ এলাকা

নীতি ভূ-সম্পদ /০৯: ভবিষ্যৎ নগর এলাকার উন্নয়ন নীতি

ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে মানিয়ে নিতে শহরের জমির ভবিষ্যৎ প্রয়োজনীয়তা নির্ধারণ করা প্রয়োজন। এক্ষেত্রে উপযুক্ত নীতিগত কাঠামো প্রস্তুত করলে সফলতা পাওয়া যাবে।

যৌক্তিকতাঃ

নতুন এলাকাসমূহের বিকাশমান অবস্থায় সুবিন্যস্ত ও পরিকল্পিত উন্নয়নের ক্ষেত্রে ভূমি হুকুম দখলের কারণে কম ক্ষতিপূরণ প্রদান করতে হয়। যা পরিকল্পিত উন্নয়নের জন্য খুবই সুবিধাজনক। পরিকল্পিত উন্নয়নের জন্য স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ করতে হবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

ভবিষ্যৎ নগরোন্নয়নের জন্য স্থানীয় জনগণ যারা পরিকল্পিত উন্নয়নকে সহায়তা করবেন তাদের অংশগ্রহণ প্রয়োজন। বাস্তবায়নের প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণের মূলনীতি আত্মীকরণ করতে হবে এবং ভবিষ্যৎ উন্নয়নের জন্য নতুন নতুন পদ্ধতি চালু করার চেষ্টা করতে হবে। সরকার, বেসরকারি খাতকে কারিগরী ও আর্থিক সহায়তা প্রদান করবে এবং সেবা প্রদানকারী সংস্থাগুলো সহায়ক ভূমিকা পালন করবে। এর ফলে উন্নয়ন কর্মকান্ড সহজতর এবং দ্রুত হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- এলজিইডি
- পিডব্লিউডি
- বিডব্লিউডিবি
- আর্থিক সংস্থা
- দাতা সংস্থা
- সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাসমূহ
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি ভূ-সম্পদ /১০: জমি অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা এবং বিক্ষিপ্ত নগরায়ণ নিরুৎসাহিত করতে হবে।

এই পরিকল্পনাতে গ্রামীণ এবং পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকাসমূহকে বিশৃঙ্খল এবং অপরিকল্পিত নগরায়নের হাত থেকে রক্ষা করার প্রয়োজনীয়তার উপর জোর দেওয়া হয়েছে। তাই নগর প্রান্ত এলাকায় ভবিষ্যৎ লাভের আশায় জমি খালি ফেলে রাখা এবং ছড়ানো ছিটানো ভাবে নগরায়নকে নিরুৎসাহিত করা হয়েছে।

যৌক্তিকতাঃ

বর্তমানে বিদ্যমান নগর এলাকাসমূহতে ঘনত্ব তেমন বেশি নয়; অন্যদিকে নতুন নগর বসতিগুলো গ্রাম এলাকাতে ছড়িয়ে ছিটিয়ে গড়ে উঠছে। বিভিন্ন সরকারি কর্তৃপক্ষ/সংস্থা এই বিস্তৃত বসতিগুলোতে সেবা এবং অবকাঠামো যথাযথভাবে প্রদান করতে ব্যর্থ হচ্ছে। যার ফলে দেখা যায় যে, এসকল সেবার মান ভালো হচ্ছেনা এবং ঘনত্ব কম হওয়ার কারণে সেবা প্রদানের ব্যয় অনেক বেশি হচ্ছে। তাই এই কাঠামো পরিকল্পনার কৌশল হল নগরের সীমান্ত এলাকায় অসংগঠিত উন্নয়ন না করে বিদ্যমান নগর এলাকার মধ্যে অব্যবহৃত এবং অনুন্নত জমিতে উন্নয়ন কর্মকান্ডকে উৎসাহিত করা।

বাস্তবায়নের পদ্ধতিঃ

গ্রামীণ অর্থনীতির সংরক্ষণ ও বিকাশ এবং জীবিকার উন্নয়ন করতে হবে; এই কাঠামো পরিকল্পনার (স্ট্রাকচার প্ল্যান) উন্নয়ন কৌশলে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এজন্য পল্লী এলাকার জমিকে অনাকাঙ্খিত উন্নয়ন থেকে রক্ষা করা খুবই গুরুত্বপূর্ণ। উপযুক্ত দিকে নগরের বিকাশকে পরিচালিত করতে হবে, কৃষিজমি ও পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকার দিকে নগর বিকাশকে নিরুৎসাহিত করতে হবে, অব্যবহৃত ও স্বল্প ব্যবহৃত জমিকে আকাঙ্খিত ঘনত্বে উন্নীত করতে হবে, ভবিষ্যৎ লাভের জন্য জমি খালি রাখা নিরুৎসাহিত করতে হবে; আর্থিক ও অবকাঠামো নির্ভর পদ্ধতিসমূহ কার্যকরভাবে ব্যবহার করা যেতে পারে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- এলজিইডি
- সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা সমূহ
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি ভূ-সম্পদ /১১: নগর প্রান্ত এলাকার ভূ-সম্পদের সর্বোত্তম ব্যবহারের নীতি

এই এলাকাসমূহ শহরের প্রান্তদেশে অবস্থিত যেখানে, রাস্তা এবং সেবার অভাবই হল কম বিকাশ ও সুষম উন্নয়নের কারণ। সাধারণভাবেই এখানে সেবার সুবিধা নগর এলাকা থেকে কম হওয়ায় জমি এবং বাড়ির ভাড়া কম। স্বল্প আয়ের মানুষজন এসব এলাকায় আকৃষ্ট হয়ে থাকেন। অনাকাংক্ষিত বিকাশ যা কৃষি জমি ধ্বংস করে তা রোধ করতে এইসব প্রান্ত এলাকার কার্যকর ব্যবহার প্রয়োজন আর এই ব্যবহার শুধুমাত্র পরিকল্পিত উন্নয়নের মাধ্যমেই সম্ভব।

যৌক্তিকতাঃ

নগর প্রান্ত এলাকার পরিধি বৃদ্ধি পেতে থাকবে। নিম্ন আয়ের মানুষে আকাঙ্খিত জায়গা হওয়ায়, তারা আসতে থাকবে যার কারণে এই বৃদ্ধি বন্ধ করা যাবে না। তাই পরিকল্পিত বিকাশ শহরের সার্বিক উন্নয়নের জন্য অপরিহার্য। নগর প্রান্ত এলাকার বৃদ্ধির জন্য যথাযথ কৌশলগত পদ্ধতির অনুপস্থিতি সকল পরিকল্পনার দীর্ঘমেয়াদী বাস্তবায়ন ও ব্যাপকতাকে নষ্ট করবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

মহাপরিকল্পনা হল নগরের বিকাশকে সঠিক দিকনির্দেশনা প্রদান করার চূড়ান্ত হাতিয়ার। বর্তমান ও ভবিষ্যৎ চাহিদার ভিত্তিতে প্রয়োজনীয় অবকাঠামো ও পরিসেবার পরিকল্পনা প্রণয়ন করা উচিত।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- এলজিইডি
- পিডব্লিউডি
- ডিসি, রাঙ্গামাটি
- দাতা সংস্থা
- অন্যান্য
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

৫.৬.৫.৪ সংরক্ষণ ও সুরক্ষা এলাকা

মহাপরিকল্পনার আওতাধীন নির্দিষ্ট এলাকা সমূহের সার্বিক উন্নয়ন এবং যথাযথ ব্যবস্থাপনা ভবিষ্যতের টেকসই উন্নয়নের জন্য কিছু ভূমি সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই এলাকা সমূহ যেকোন মূল্যে সংরক্ষণ করা উচিত।

নীতি-ভূ-সম্পদ /১২: পাহাড় কাটা প্রতিরোধ

যৌক্তিকতাঃ

পরিবেশের ভারসাম্য এবং জীববৈচিত্র এবং পাহাড়ের সৌন্দর্য রক্ষার্থে শহরের ভিতরে পাহাড় কাটা বন্ধ করতে হবে। সকল প্রকার পাহাড় কাটা এবং পাহাড়ে খনন করা বন্ধ করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- এলজিইডি
- পিডব্লিউডি
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূ-সম্পদ /১৩: অবৈধ দখল এবং অবকাঠামো নির্মাণ/ পাহাড় কেটে ভবন নির্মাণ নিয়ন্ত্রণ করা উচিত

সংরক্ষিত এলাকার জীববৈচিত্র রক্ষার্থে পাহাড়ী এলাকায় অবকাঠামো নির্মাণে নিয়ন্ত্রণ নীতি প্রণয়ন করা।

নীতি-ভূ-সম্পদ /১৪: উৎপাদনশীল কৃষি জমি

উচ্চ ফলনশীল কৃষি জমিতে ভবন নির্মাণ প্রতিরোধ করা।

যৌক্তিকতাঃ

রাঙ্গামাটি পৌরসভা এলাকার পাশে মানিকছড়ি এলাকাতে উচ্চ ফলনশীল সুবিশাল কৃষিজমি রয়েছে। যেহেতু শহরের প্রবৃদ্ধি পশ্চিম দিকে মানিকছড়ির দিকে হচ্ছে সেহেতু টেকসই এবং স্বাস্থ্যকর বসবাসযোগ্য পরিবেশ বজায় রাখতে এই জমিগুলো সংরক্ষণ করা উচিত।

বাস্তবায়নের পদ্ধতিঃ

পরিবেশ অধিদপ্তরের EIA নির্দেশিকায় উৎপাদনশীল জমিতে উন্নয়ন গ্রহণের বিরুদ্ধে সুপারিশ করা হয়েছে। এর মাধ্যমে বিদ্যমান ব্যবহৃত জমিসমূহের অধিক অর্থনৈতিক ব্যবহার অপরিহার্য করে তুলবে। খাদ্যের যোগানের সুরক্ষায় সরকারের

কাঠামো পরিকল্পনা

কৃষিনীতি উচ্চ ফলনশীল কৃষি জমি সুরক্ষায় গুরুত্বারোপ করেছে। এটি উৎপাদনশীল কৃষিজমির হ্রাস রোধ করবে। ন্যূনতম প্রয়োজনীয়তার ভিত্তিতে শহরের বিকাশ এবং জমি অধিগ্রহণ সতর্কভাবে নির্ধারণ করতে হবে।

পৌরসভা সীমানার ভিতরের কৃষি জমিগুলো বর্তমানে কৃষিকাজে ব্যবহৃত হতে পারে কিন্তু ভবিষ্যতের ব্যবহার অবশ্যই শহুরে হবে। মহাপরিকল্পনায় প্রস্তাবিত কৃষিজমি ভবিষ্যতের নগরায়নের জন্য সংরক্ষিত থাকবে। যখন নগরের জমির চাহিদা বৃদ্ধি পাবে কৃষি জমিগুলো নগরায়নের জন্য ব্যবহার করা যাবে। কৃষি ভূমি ব্যবহার সম্পর্কিত পরিবেশ অধিদপ্তরের যে নির্দেশনা রয়েছে তা সংশোধন করে নগরায়নের কাজে ব্যবহার করার বিধান রাখা প্রয়োজন।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- কৃষি মন্ত্রণালয়
- পরিবেশ অধিদপ্তর
- বিআরডিবি
- অন্যান্য
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূ-সম্পদ /১৫: লেকের পাড়ের ভাঙ্গন রোধ

যৌক্তিকতাঃ

কাপ্তাই লেকের কিছু স্থান ভাঙ্গনের জন্য খুবই ঝুঁকিপূর্ণ এবং লেকের ভাঙ্গনের বৃদ্ধি ভূমি এবং সম্পত্তির জন্য হুমকি হয়ে দাড়াচ্ছে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

সম্ভাবতা যাচাইয়ের পর ফুটপাতের সহিত হ্রদের চারপাশে বাঁধ নির্মাণ।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- বিডব্লিউডিবি
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূ-সম্পদ /১৬: কাপ্তাই লেক সংরক্ষণ

যৌক্তিকতাঃ

কাপ্তাই লেক বিভিন্ন ধরনের মাছ, প্রানিকুল, জলচর, স্তনপায়ী প্রাণী এবং স্থানীয় বিভিন্ন প্রজাতির পাখি এবং অনেক অতিথি পাখির উপস্থিতিতে এক অপরুপ সৌন্দর্যের লীলাভূমিতে পরিনত হয়েছে। সমগ্র কাপ্তাই লেক জুড়ে ৭৬ প্রজাতির মাছ এবং অনেক প্রজাতির প্রাণী পাওয়া গেছে। ৭৬ প্রজাতির মধ্যে ৬৮ প্রজাতি দেশীয় এবং ৮ প্রজাতি বিদেশী। বর্তমানে, প্রাকৃতিক আবাসভূমি ধ্বংসের কারণে দিনে দিনে বিভিন্ন প্রজাতির দেশীয় মাছ এবং জলচরের সংখ্যা কমে যাচ্ছে। মানুষের মলমুত্র এবং অন্যান্য বর্জ্য, নৌকা থেকে তেল নির্গমন ইত্যাদি সরাসরি পানিতে মেশার কারণে দেশীয় প্রজাতি কমে যাচ্ছে, লেকের চারপাশের বন-জঙ্গল উজাড় এবং মানুষের অবকাঠামো নির্মাণের অতিরিক্ত চাপের কারণে ভূমিক্ষয় হচ্ছে এবং লেক ভরাট হয়ে যাচ্ছে, কীটনাশক এবং সার ব্যবহারের ফলে পানির পরিবেশ নষ্ট হচ্ছে।

কাঠামো পরিকল্পনা

বাস্তবায়নের পদ্ধতিঃ

কাপ্তাই লেকে বাছবিচারহীনভাবে সকল প্রকার বর্জ্য ফেলা বন্ধ করতে হবে। কোন ভবনের পয়ঃনিষ্কাসনের সংযোগ কাপ্তাই লেক এর সাথে সংযুক্ত থাকতে পারবে না এবং প্রত্যেক ভবনের অবশ্যই নিজস্ব সেপ্টিক ট্যাঙ্ক এবং শোকওয়েল থাকতে হবে। পৌরসভা ভ্যাকু ট্যাঙ্কের ব্যবস্থা করবে সেপ্টিক ট্যাঙ্ক থেকে মানুষের বর্জ্য সংগ্রহ করার জন্য এবং সেগুলোকে স্লাজ ট্রিটমেন্ট প্লান্টে স্থান্তারিত করার জন্য।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- এলজিইডি
- বিডব্লিউডিবি
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূ-সম্পদ /১৭: চিত্রবিনোদনের স্থানের উন্নয়ন

যৌক্তিকতাঃ

জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে চিত্তবিনোদনের জায়গা কমে যাচ্ছে। হারিয়ে যাওয়ার আগেই তা সংরক্ষণ করা উচিত।

বাস্তবায়নের পদ্ধতিঃ

শহরের পরিকল্পনায় চিত্তবিনোদনের জন্য জায়গা নির্দিষ্ট করে দিতে হবে, জমি অধিগ্রহণ এবং উন্নয়নের জন্য বাজেট বরাদ্দ করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- পরিবেশ অধিদপ্তর
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূ-সম্পদ /১৮: পাহাড়ের ঢালে বৃক্ষরোপণ

যৌক্তিকতাঃ

বাসযোগ্য পরিবেশ এবং ভূমিধ্বস রোধে বৃক্ষরোপণ কর্মসূচী গ্রহণ করতে হবে। গভীর শিকরযুক্ত বৃক্ষ যেমন, তাল, নারিকেল এবং বাদাম জাতীয় বৃক্ষরোপণ করতে হবে যা ভুমিকম্প এবং বজ্রপাত প্রতিরোধেও সহায়তা করবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- পরিবেশ অধিদপ্তর
- বন অধিদপ্তর
- এলজিইডি
- বিডব্লিউডিবি
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভুসম্পদ/১৯: দুর্যোগ প্রতিরোধে প্রাকৃতিকভাবে 'প্রচন্ড দুর্যোগপ্রবণ' এলাকাসমূহ চিহ্নিত করা

জরিপ রিপোর্ট থেকে জানা যায় যে, রাঙ্গামাটি বাংলাদেশের একটা দুর্যোগপ্রবণ এলাকাসমূহের একটি। রাঙ্গামাটি প্রচন্ড ভূমিকম্প প্রবণ, ভূমিধ্বস এবং অগ্নি দুর্যোগপ্রবণ এলাকা। প্রচন্ড দুর্যোগ থেকে এই এলাকাকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থা প্রয়োজন।

বাস্তবায়নের পদ্ধতিঃ

প্রাকৃতিকভাবে 'প্রচন্ড দুর্যোগপ্রবণ' (ভূমিকম্প, বন্যা) এলাকাসমূহ চিহ্নিত করে দুর্যোগ প্রতিরোধে প্রতিকারক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। দুর্যোগ হল প্রাকৃতিক চরম ঘটনা এবং মানবীয় কর্মকান্ডের ফলাফল। উন্নয়ন কর্মকান্ডে দুর্যোগের ঝুঁকি একটি অমিমাংসিত বিষয়। নগরায়ণ এবং দুর্যোগের সম্পর্ক খুবই জটিল এবং পরিস্থিতির উপর নির্ভর করে। জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ সংঘটনের হার বৃদ্ধি পেতে পারে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- এলজিইডি
- ডিওই
- সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা
- দাতা সংস্থা

৫.৬.৫.৫ পর্যটন ও বিনোদন

একটা শহরে ভ্রমণকারী এবং পর্যটকদের আকর্ষণ করার জন্য তার নিজস্ব আকর্ষণ থাকা প্রয়োজন। পর্যটন এবং বিনোদন একটা শহরে ভ্রমণকারীদের আসার জন্য পুল ফ্যাক্টর হিসাবে কাজ করে।

নীতি-ভূ-সম্পদ /২০: পর্যটনের প্রচার

যৌক্তিকতাঃ

পর্যটনের মাধ্যমে দেশবিদেশ থেকে অনেক পর্যটক এই শহরে আসবে; পর্যটকরা এখানে এসে বিভিন্ন জায়গায় ব্যয় করবে যা শহরে কর্মসংস্থান তৈরি হবে। অবকাঠামো, বাসস্থান, উন্নত নাগরিক সুবিধা এবং অন্যান্য সুবিধার উন্নয়ন করলে পর্যটকরা এখানে আসবে ফলে শহর এবং এর আশেপাশের পর্যটনের প্রচার হবে। উন্নত নাগরিক সুবিধা শুধুমাত্র এবং সুযোগসুবিধা শুধুমাত্র পর্যটনের জন্যই নয় বরং শহর এবং তার আশেপাশের এলাকাগুলোর অর্থনৈতিক উন্নয়নের জন্যও গুরুত্বপূর্ণ।

বাস্তবায়নের পদ্ধতিঃ

সড়ক ও যাতায়াত ব্যবস্থা এবং বাসস্থান নির্মাণ ইত্যাদি প্রকল্পের জন্য বাজেট বণ্টন করতে হবে। পর্যটকদের আকর্ষণের জন্য পর্যটন এলাকাগুলোতে ওয়াচ টাওয়ার, ক্যাবল কার, অত্যাধুনিক রিসোর্ট, সাফারি পার্ক, বোট ক্লাব, আন্ডারওয়াটার একুরিয়াম ইত্যাদি উপকরণ যুক্ত করে শহরকে আরো আকর্ষণীয় ও নান্দনিক করে তুলতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
- পৌরসভা
- এলজিইডি
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড

- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূ-সম্পদ /২১: শহরের বিনোদন সুবিধাগুলোর প্রচার

যৌক্তিকতাঃ

বিনোদন সুযোগসুবিধা যেমন, কেন্দ্রীয় পার্ক, খেলার মাঠ, লেকের পাশের হাটার রাস্তা, কনভেনশন সেন্টার ইত্যাদি স্থানীয় জনগণ, পর্যটক এবং ভ্রমণকারীদের এই শহরের দিকে আকর্ষিত করবে। এখানে এই সুবিধাগুলো প্রদান করার যথেষ্ট সুযোগ রয়েছে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

বিনোদন উন্নয়ন প্রকল্প করার জন্য বাজেট বণ্টন করতে হবে। বিনোদনের জন্য যথাযথ জায়গা এবং নতুন নতুন ধারণা বের করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
- পৌরসভা
- এলজিইডি
- ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
- বেসরকারি উন্নয়ন সংস্থা

নীতি-ভূ-সম্পদ /২২: স্থানীয় ঐতিহ্য ভিত্তিক পর্যটনের প্রচার

যৌক্তিকতাঃ

স্থানীয় ঐতিহ্য এবং সংস্কৃতির পৃষ্ঠপোষকতা করে পর্যটনের ক্ষেত্রে তা প্রচার করতে হবে। হস্তশিল্প, সংস্কৃতি, প্রত্নতত্ত্ব/ঐতিহাসিক স্থান, ধর্মীয়ভাবে গুরুত্বপূর্ণ জায়গা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর গ্রাম ইত্যাদি স্থানীয় ঐতিহ্য এবং সংস্কৃতির অংশ হতে পারে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

ঐতিহ্য সংরক্ষণ, ঐতিহ্যগত সংস্কৃতির ভিত্তিক অবকাঠামোগুলোর উন্নয়ন।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
- পৌরসভা
- এলজিইডি
- ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়
- এনজিও
- পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
- পার্বত্য চট্রগ্রাম আঞ্চলিক পরিষদ
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
- বেসরকারি উন্নয়ন সংস্থা

ষষ্ঠ অধ্যায় অর্থনীতি

সূচিপত্র

৬.১ ভূমিকা ----------৬-১
৬.২ স্থানীয় অর্থনীতি এবং অর্থনীতির চালক ----------৬-১
৬.৩ অর্থনৈতিক চালিকা---------- ৬-৪
৬.৪ ক্রুড এ্যক্টিভিটি রেট (CRUDE ACTIVITY RATE) ---------- ৬-৪
৬.৫ জীবন জীবিকা ---------- ৬-৫
৬.৬ রাঙ্গামাটি শহরের সঙ্গে আঞ্চলিক ও জাতীয় বাণিজ্যিক সম্পর্ক ---------- ৬-৫
৬.৭ স্থানীয় অর্থনীতির উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব ---------- ৬-৫
৬.৮ উন্নয়ন কৌশল ও নীতিমালা ---------- ৬-৬
৬.৯ বাস্তবায়ন---------- ৬-৭

ষষ্ঠ অধ্যায়
অর্থনীতি

৬.১ ভূমিকা

এই অধ্যায়ের বিষয়বস্তু স্থানীয় অর্থনীতির ভিত্তি। এতে স্থানীয় জনগণের জীবন জীবিকা নিয়েও অলোচনা করা হয়েছে। পরিশেষে স্থানীয় অর্থনীতির প্রবৃদ্ধি বিষয়ে কৌশল এবং নীতিমালা সুপারিশ করা হয়েছে।

৬.২ স্থানীয় অর্থনীতি এবং অর্থনীতির চালক


অর্থনৈতিক চালিকা কতকগুলো শক্তির একটি সমন্বিত রূপ যা অর্থনীতিকে এগিয়ে নিয়ে যায়। যেকোনো অর্থনীতিতে অনেকগুলো অর্থনৈতিক শক্তি আছে যা অর্থনীতিকে এগিয়ে নিয়ে যায়, কিন্তু তার ভিতর একটি বা অল্প কিছু সংখ্যক চালকের ভূমিকা পালন করে। প্রতিটি অর্থনীতিতে মূলত তিনটি খাত থাকে- প্রাইমারি, সেকেন্ডারি এবং টারশিয়ারি বা সার্ভিস খাত। কৃষি এবং কৃষি বিষয়ক যেমন, মৎস, হাঁস-মুরগি ও গবাদিপশু এবং কৃষি বিপণন নিয়ে হচ্ছে প্রাইমারি খাত। সেকেন্ডারি খাতে আছে, শিল্প এবং শিল্প পণ্য বিপণন। তৃতীয় খাত হচ্ছে টারশিয়ারি খাত বা সার্ভিস খাত। এই খাতের কাজ হচ্ছে ব্যবসা বাণিজ্য পরিচালনা করা। এই খাত যে কোন অর্থনীতির সর্ব বৃহৎ খাত। এই খাতের মূল কাজ ভোক্তাদের সেবা প্রদান। এই খাতে আছে বাণিজ্য যেমন, পাইকারী ও খুচরা পন্য বিপণন, অর্থ বিষয়ক সেবা, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সেবা, হোটেল রেস্টুরেন্ট, পরিবহন ইত্যাদি। ইদানিং সার্ভিস খাত জোর দিচ্ছে "জ্ঞান ভিত্তিক অর্থনীতি" এর উপর। এর লক্ষ্য হচ্ছে ভবিষ্যতে ভোক্তারা কি ধরণের পন্য চায় তা অনুধাবন করা এবং সল্প ব্যয়ে তা উৎপাদন করে বাজার দখলে সক্ষমতা অর্জন করা। একটি শহর এলাকা হিসেবে রাঙ্গামাটিতে বৃহৎ পরিসরে প্রাইমারি খাত এর উপস্থিতি নেই।

বাংলাদেশের সেবা খাতে বিভিন্ন ধরণের কার্যক্রম আছে, যেমন, বাণিজ্য, হোটেল ও রেস্টুরেন্ট, পরিবহন, স্টোরেজ এবং যোগাযোগ, অর্থ ব্যবস্থা, বীমা, রিয়েল এস্টেট, ব্যবসায়িক সেবা, সম্প্রদায়, সামাজিক ও ব্যক্তিগত সেবা, নির্মাণের মাধ্যমে সেবা প্রদান, গৃহপরিচারক, ভ্রমণের সাথে সম্পর্কিত সেবা, নার্সিং এবং শিক্ষাদান। চুক্তিভিত্তিকভাবে, শিল্প বা উৎপাদন খাতে আলাদাভাবে স্পৃশ্য পণ্য (tangible goods) যেমন গাড়ি, বস্ত্র বা সরঞ্জাম উৎপাদন করে। ব্যবসা সেবা খাতে দ্রুত জায়গা করে নিচ্ছে এবং তা "জ্ঞান ভিত্তিক অর্থনীতি" হিসাবে পরিচিত হয়ে উঠছে বা প্রতিদ্বন্দ্বীদের অতিক্রম করে গ্রাহকদের ইচ্ছা ও চাহিদা মতো সেবা প্রদান করার সক্ষমতা এবং তাদের সেবা নির্দিষ্ট সময়ে সবচেয়ে কম খরচে প্রদান করা।

রাঙ্গামাটি পৌরসভাতে পরিবারের আয়ের প্রধান উৎস হচ্ছে বিভিন্ন সরকারি এবং বেসরকারি চাকরি থেকে বেতন (৩৫%) এবং ব্যবসা থেকে আয় (৩৪%)। শুধুমাত্র ৪% এবং ৮% পরিবারের আয়ের উৎস হচ্ছে যথাক্রমে বৈদেশিক মুদ্রা এবং বাড়ি ভাড়ার টাকা। অন্যান্য আয়ের উৎস হচ্ছে ক্ষুদ্র ব্যবসা এবং মজুরি উপার্জন কার্যক্রম।

কাঠামো পরিকল্পনা

চিত্রলেখ ৬-১: আয়ের প্রধান উৎস



তথ্যসূত্রঃ রাঙ্গামাটি পৌরসভার বেসলাইন জরিপ, ২০১৬

পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (২০১৪) অনুযায়ী, রাঙ্গামাটি শহরে ১৫টি তথাকথিত সুপার মার্কেট, ৩টি হাট/বাজার এবং ৫টি কাঁচা বাজার রয়েছে। গুরুত্বপূর্ণ বাজারগুলো হচ্ছে, নতুন রাঙ্গামাটি বাজার, আপার রাঙ্গামাটি বাজার এবং তবলছড়ি বাজার। এই সমস্ত বাজার ও বাজারের মাধ্যমে শহরের সমস্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা হয়। রিজার্ভ বাজার, তবলছড়ি, বনরূপা, ভেদভেদি, কলেজ গেট এবং আসামবস্তিতে কয়েকটি সাপ্তাহিক বাজার বসে। শহরে বিভিন্ন আকারের ১০৫টি ফুড কোর্ট এবং ৪৫টি আবাসিক হোটেল রয়েছে। পৌরসভা কর্তৃপক্ষ কর্তৃক নির্মিত সাধারণ ওভারভিউ ডকুমেন্ট থেকে এই আবাসিক হোটেল এবং ফুড কোর্টের তথ্য সংগ্রহ করা হয়েছে। পৌরসভার তথ্যমতে, পৌরসভা এলাকার ৩১ একর জমি (০.২৬%) বাণিজ্যিক এলাকা হিসেবে এবং ৯ একর জমি (০.০৮%) মিশ্র এলাকা হিসেবে ব্যবহার করা হচ্ছে। এটি এখনও খুব কম এবং ইঙ্গিত দেয় যে শহরটি একটি জেলা শহর হিসাবে নিম্নগামী বাণিজ্যিক কার্যক্রম চলছে। শিল্প খাতের পরিস্থিতি আরও খারাপ। জরিপ থেকে দেখা যায় যে মাত্র ১৬ একর জমি শিল্প ব্যবহারের অধীনে যা পৌরসভা এলাকার মাত্র ০.১৪%। বেশিরভাগ তথাকথিত শিল্পকে বাস্তব অর্থে শিল্প বলা যায় না কারণ প্রকৃতপক্ষে সেগুলো সবগুলো প্রক্রিয়াকরণ ইউনিট যেমন চালকল, তেলকল, আটা কল এবং বেকারি। প্রাপ্ত বাণিজ্যিক কর্মকান্ডের প্রধান ক্ষেত্রগুলো নিম্নে তালিকাভুক্ত করা হয়েছে।

সারণি ৬-১: প্রধান অর্থনৈতিক কর্মকান্ডের খাত

ক্রমিক নং	নির্বাচিত অর্থনৈতিক কর্মকাণ্ডের অবস্থান	নং
১	সুপার মার্কেট	পৌরসভার নিজস্বঃ ০১
		ব্যক্তিগত/বেসরকারিঃ ১৪
২	হাট/বাজার	০৩
৩	কাঁচা বাঁজার	০৫
৪	আবাসিক হোটেল	৪৫
৫	ফুড কোর্ট	১০৫

তথ্যসূত্রঃ রাঙ্গামাটি পৌরসভার উন্নয়ন পরিকল্পনা ২০১৫

রিজার্ভ বাজার, তবলছড়ি বাজার, বনরূপা বাজার, পৌরসভা সুপার মার্কেট এবং রাঙ্গামাটি পাইকারি মাছ বাজার নামে পাঁচটি নির্দিষ্ট বাজার রয়েছে। পাইকারি মাছ বাজারে কাপ্তাই লেক ও কর্ণফুলী নদী থেকে মাছ ধরে নিয়ে আসা হয়। অন্যান্য সাপ্তাহিক বাজার সপ্তাহে ২ বা ৩ বার বসে। উল্লেখযোগ্য সাপ্তাহিক বাজারগুলো হলো রিজার্ভ বাজার, তাবলছড়ি, বনরূপা, কলেজ গেট, রাজবাড়ী, ভেদভেদি, আসামবস্তি।

বাজারের গ্রেড এবং দখলকৃত জমির পরিমাণ ***সারণি ৬-২*** এ তালিকাভুক্ত করা হয়েছে.

সারণি ৬-২: রাঙ্গামাটি পৌরসভার বাজারের তালিকা

ক্রমিক নং	বাজারের নাম	গ্রেড	জমির পরিমান
১	নতুন রাঙ্গামাটি বাজার	১ম	২.৫০ একর
২	আপার রাঙ্গামাটি বাজার	১ম	২.০০ একর
৩	তাবলছড়ি বাজার	১ম	১.৫০ একর

তথ্যসূত্রঃ রাঙ্গামাটি পৌরসভা, ২০১৬

নগরবাসী সাধারণত তাদের নিয়মিত গৃহস্থালি পন্য কেনাকাটার জন্য এসব বাজারে যায়। এমনকি দূরবর্তী এলাকার মানুষও কেনাকাটা করার জন্য এই বাজারগুলোতে আসে। কৃষক এবং ব্যবসায়ীরা সাধারণত নৌকা, সিএনজিতে করে আশেপাশের এলাকা থেকে ফলমূল, ফসল, শাকসবজি, মশলা এবং অন্যান্য উপজাতীয় দ্রব্যাদি বিক্রয় করার জন্য এসব বাজারে নিয়ে আসে। কিছু ক্ষুদ্র বিক্রেতারা রাস্তার পাশে ভ্রাম্যমাণ দোকান দিয়ে পণ্য বিক্রি করে এবং এভাবে বাজারের মাঝে সমাবেশ ঘটে এবং এর চারদিকে মানুষজন একত্রিত হয়।

গ্রীষ্মমন্ডলীয় সবুজ পাহাড়, অনিন্দ্যসুন্দর লেক, বন ও আদিবাসী সাথে সাথে প্রাকৃতিক সৌন্দর্যের কারণে এই পাহাড়ি এলাকা পর্যটকদের আকর্ষণীয় স্থান হয়ে উঠছে। সমতল জমির মানুষ জায়গাটিতে বিভিন্নতা এবং আকর্ষণীয়তা খুঁজে পায়। প্রতি বছর পাহাড়ি অঞ্চলে পর্যটকদের সংখ্যা বাড়ছে। তারা রাতে থাকার জন্য শহরের হোটেল ব্যবহার করে, ফলে প্রতি বছর শহরে হোটেলের সংখ্যা বাড়ছে। পর্যটকদের আগমনের কারণে বাণিজ্যিক কর্মকান্ড বৃদ্ধি পায়। যাতায়াত খাতেও পর্যটনের একটি প্রভাব রয়েছে। যাইহোক, তারা শুধু মৌসুমভিত্তিক ভাল ব্যবসা করতে পারে। শীর্ষ পর্যটন মৌসুম হচ্ছে অক্টোবর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত, তখন হোটেল এবং দোকান ভালো ব্যবসা করে। দেশের রাজধানী শহর এবং অন্যান্য বড় বড় শহরগুলোর সাথে সহজ যোগাযোগ এবং পাহাড়ের তুলনামূলক স্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতি অঞ্চলেটির সমৃদ্ধ পর্যটনের প্রধান কারণ। পর্যটকদের মাধ্যমে স্থানীয় পরিবহনগুলোও ভাল মৌসুমী ব্যবসা করে।

রাঙ্গামাটি ব্যপকভাবে কৃষির উপর নির্ভরশীল, মোট জনসংখ্যার ৪১.৯৪% কৃষির উপর নির্ভরশীল। অন্যান্য পেশাজীবী হচ্ছে ১২.০৬% কৃষিশ্রমিক, ৪.৯৫% দিনমজুর, ৮.২২% ব্যবসায়ী, ১৩.০৪% চাকরিজীবী, ২.০২% জেলে, ৪.৫৭% শিল্প, ৩.২% বন, এবং ১০% অন্যান্য পেশজীবি। সর্বোমোট ১২২৭৫ হেক্টর জমি ব্যবহার হয় খাদ্যশস্য এবং অখাদ্যশস্য চাষ করতে, যেমন ধান, আলু, ভুট্টা, সরিষা বীজ, তুলা ও পাটজাত দ্রব্য। এছাড়াও রাঙ্গামাটিতে ফল, যেমন আম, কাঁঠাল, কলা, আনারস, লিচু, কালো জাম ইত্যাদি উৎপাদন হয়।

দেশের উন্নত অংশ থেকে আমদানীকৃত ভোগ্যপণ্যের নির্ভরশীল, এছাড়াও বাঁশ ও কাঠসহ স্থানীয়ভাবে উৎপাদিত কৃষি পণ্যও অন্তর্ভুক্ত আছে।

রাঙ্গামাটিতে উল্লেখযোগ্য কুটিরশিল্প হচ্ছে তাঁত শিল্প, কামাড় শিল্প এবং কাষ্ঠ শিল্প। তাঁত শিল্প বিশেষভাবে পশমি কাপড়, পাটের তৈরি কম্বল, হাতে বোনা জামা কাপড়ের জন্য বিখ্যাত। প্রধান শিল্পকারখানাগুলো হচ্ছে চন্দ্রঘোনা পেপার অ্যান্ড রায়ন মিল, প্লাই-উড ফাক্টরি, বেতবুনিয়ার ঘাগরা টেক্সটাইল অ্যান্ড স্যাটেলাইট ষ্টেশন এবং অন্যান্য যারা পণ্য উৎপাদন এবং রপ্তানি করে।

রাঙ্গামাটি পৌরসভায় দিনে দিনে টেক্সটাইল এবং কুটির শিল্প বেড়েই চলেছে। উল্লেখযোগ্য শিল্প হচ্ছে রাঙ্গামাটি কুটিরশিল্প, বেইন টেক্সটাইল মিল, বনলতা টেক্সটাইল মিল, বনানী টেক্সটাইল মিল, নকশী টেক্সটাইল মিল, তানতুজ টেক্সটাইল মিল, বাবর টেক্সটাইল মিল, বায়ান টেক্সটাইল মিল ইত্যাদি। এই শিল্পগুলো প্রধানত আসামবস্তি রোড, মানিকছড়ি রোড, মাঝেরবস্তি রোড এবং কাঁঠালতলী রোড ঘেঁষে গড়ে উঠেছে।

টিমবার এবং বাশেঁর ব্যবসা রাঙ্গামাটির অর্থনীতিতে অবদান রাখে পাশাপাশি শিল্প উৎপাদনেও সাহায্য করে। প্রায় ৫০,০০০ শ্রমিক প্রত্যেক্ষ এবং পরোক্ষভাবে চট্টগ্রাম পাহাড়ি এলাকার বিভিন্ন বন থেকে কর্ণফুলি নদী দিয়ে জেটিঘাটে বাঁশ পরিবহন, লোডিং এবং আনলোডিং এর সাথে কাজে জড়িত।

কাঠামো পরিকল্পনা

রাঙ্গামাটি জেলা দেশে মৎস্য উৎপাদন জেলাগুলোর মধ্যে অন্যতম এবং মাছ উৎপাদনের প্রধান উৎস হচ্ছে কাপ্তাই লেক যা বিএফডিসি (বাংলাদেশ মৎস্য উন্নয়ন সংস্থা) দ্বারা পরিচালিত। কাপ্তাই লেক হচ্ছে জেলার বৃহত্তম জলধারা যা মোট বদ্ধ জলধারার ৩৩% দখল করে আছে। এখানে আরও কিছু ছোট পুকুর, খাড়ি, নদী আছে যা মাছ উৎপাদনের জন্য যথেষ্ট নয়।

ভৌগলিকভাবে রাঙ্গামাটির আশেপাশের এলাকা উঁচুনিচু পাহাড় দিয়ে গঠিত যা জলপথ দ্বারা বিচ্ছিন্ন উপজেলার সাথে সংযুক্ত। ক্ষুদ্র নৃগোষ্ঠীদের এলাকায় জুম চাষ হচ্ছে কৃষি ভিত্তিক জনগোষ্ঠীর প্রধান চাষাবাদ। অধিকাংশ ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণ অপর্যাপ্ত আয়ের উৎসের কারণে নিম্ন আয় নিয়ে অর্থনৈতিকভাবে হতাশায় থাকে। তারা বেশিরভাগই বন থেকে প্রাপ্ত সম্পদ এবং হর্টিকালচারাল পন্য চাষ করে জীবিকা অর্জন করে। পাহাড়ি এলাকায় আনারস, আম, পাপায়া, কলা এবং পেয়ারার মত ফল উৎপাদন হয়।

রাঙ্গামাটিতে অর্থনৈতিক কার্যক্রম মূলত অদক্ষ শ্রমশক্তি, কম বিনিয়োগ এবং উচ্চমাত্রায় অবৈধ শ্রম বাজারের জন্য অবিকাশিত রয়েছে। সুনিয়ন্ত্রিত উন্নয়ন এবং পরিকল্পিত নগর উন্নয়নের দিকে মনোযোগের অভাবে দীর্ঘমেয়াদী অর্থনীতিক ব্যয় বেড়ে যেতে পারে।

রাঙ্গামাটির জন্য জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকির মধ্যে আছে মৌলিক অবকাঠামো সংকট, পানি সরবরাহ সংকট, ড্রেনেজ সংকট, স্যানিটেশন এবং বর্জ্য ব্যবস্থাপনা সংকট। পরিকল্পিত উন্নয়ন কার্যক্রমকে অবহেলার কারণে ভবিষ্যতে সরকারকে কঠিন মূল্য দিতে হবে। মৌলিক অবকাঠামোতে ঘাটতির মুখোমুখি জলবায়ু স্থিতিশীল উন্নয়নের লক্ষ্যে, স্থিতিশীলতার মাত্রা এবং উন্নয়নের লক্ষ্য অগ্রাধিকার কাজগুলো খুজে বের করা হবে পৌরসভার প্রধান কাজ।

উপরে প্রকাশিত তথ্যটি স্থানীয় অর্থনীতি ধীর গতি নির্দেশ করে যা প্রধানত টারশিয়ারি বা সেবা খাত এর উপর ভিত্তি করে গঠিত। জনসংখ্যা প্রতিবেদন এবং পারিবারিক জরিপ দেখায় যে সেবা খাত ও ব্যবসা পৌরসভাটির কর্মসংস্থান ক্ষেত্রে আধিপত্য বিস্তার করে আছে।

৬.৩ অর্থনৈতিক চালিকা

কর্মসংস্থান দৃষ্টিকোণ থেকে এটা স্পষ্ট যে, কৃষি এখনও স্থানীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে যেখানে প্রায় ৪২% কৃষির উপর নির্ভরশীল। এখানে সেবা (১৩.০৪%), ব্যবসা (৮.২২%), এবং শিল্প (৪.৫৭%)। রাঙ্গামাটিকে বলা হয় পর্যটন নগর, কিন্তু এটা অর্থনীতিতে প্রধান ভূমিকা পালন করে না। ব্যবসা এবং সেবা খাতের অংশগ্রহণ যৌথভাবে ২১.২৬% অবদান রাখে। তবে পর্যটন থেকে আয় বাড়ানোর জন্য বিশাল সম্ভাবনা রয়েছে।

৬.৪ ক্রুড এ্যাক্টিভিটি রেট (Crude Activity Rate)

ক্রুড এ্যাক্টিভিটি রেট হচ্ছে ১০ বছর বা বেশি বয়সি অর্থনৈতিকভাবে সক্রিয় জনসংখ্যা এবং মোট জনসংখ্যার অনুপাত যা শতাংশে প্রকাশ করা হয়। অর্থনৈতিকভাবে সক্রিয় জনসংখ্যা হচ্ছে তারাই, যারা ইতিমধ্যে কাজ করছে অথবা কাজ অনুসন্ধান করছে। বাংলাদেশের সার্বিক ক্রুড এ্যাক্টিভিটি রেট হচ্ছে ৩৫.৩৯% পুরুষের ক্ষেত্রে ৫৭.৫৮% এবং নারীর ক্ষেত্রে ১২.২৭%। রাঙ্গামাটি শহরে সার্বিক ক্রুড এ্যাক্টিভিটি রেট হচ্ছে ৪৩.৫৭% (উভয় লিংগ)-পুরুষ- ৭০.১২% এবং নারী- মাত্র ১২.০০%। এটা পাহাড়ি এলাকায় অন্যতম কিন্তু জাতীয় মানের অনেক নিচে।

পার্বত্য এলাকা ভৌগলিকভাবে সমতল এবং পাহাড় থেকে স্বতন্ত্র। এটি অনেক জায়গায় কাপ্তাই লেক দ্বারা ঘেরা, বাঁশের জঙ্গলে ঘনবসতিপূর্ন, খুব ঢালু, পর্বতমালায় গঠিত। একটি দীর্ঘস্থায়ী সংঘাতের সাথে জড়িত স্থলভাগের বিক্ষিপ্ত ভূখণ্ড এবং বাসস্থানগুলোর দূরত্ব এবং অস্থিতিশীল রাজনৈতিক বিষয়গুলো অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে বাধা দেয়।

৬.৫ জীবন জীবিকা

জীবন ধারণের জন্য মানুষ প্রতিদিন আয় রোজগার করে থাকে। এটি কিছু কর্মকান্ডের সমষ্টি, যার প্রধান উদ্দেশ্য খাদ্য, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য এবং শিক্ষা নিশ্চিত করা এবং একই সাথে এই সব প্রয়োজন পূরণ করার মত সক্ষমতা অর্জন করা। জীবিকা নির্বাহের জন্য কর্মকান্ড প্রধানত একটি ধারাবাহিক প্রক্রিয়া। উদাহরণস্বরূপ, একজন জেলের জীবিকা নির্ভর করে মাছের প্রাপ্যতা এবং গ্রহণযোগ্যতার ওপর। শহর হিসাবে রাঙ্গামাটি শহরের মানুষের জীবনধারণ প্রক্রিয়া গ্রামের তুলনায় ভিন্ন। তবে নগরায়ন ধারা ধীর গতিতে হওয়ায় এখানে অনেক গ্রামীণ সংস্কৃতি এখনো রয়ে গিয়েছে, যার ফলে এখনো অনেক মানুষ কৃষি এবং এর আনুষাঙ্গিক কাজের সাথে জড়িত (খানা জরিপ অনুসারে ৪১.৯৪%)।

নমুনা জরিপ থেকে দেখা যায় যে ৫৭% পরিবারের মাসিক আয় ৳১৪০০০ বা তার বেশি; ৩৫% পরিবারের মাসিক আয় ৳৮০০০ থেকে ৳১৪০০০ এর মধ্যে। এটি দারিদ্র সীমার আয়ের সামান্য উপরে।

জরিপ থেকে দেখা যায় যে ২৫% বাড়ি ঘর সেমি পাকা। এ সমস্ত বাড়ির ছাদ টিনের এবং দেয়াল ইটের তৈরী। প্রায় ৫৯% বাড়ি টিন শেডের; এবং মাত্র ১৫% বাড়ি পাকা বা এপার্টমেন্ট ধরণের।

প্রায় ৯০% বাড়িতে বিদ্যুৎ সংযোগ আছে, কিন্তু ৪৮% বাড়িতে পৌরসভা কিংবা ডিপিএইচই থেকে প্রদত্ত কোন পানির সংযোগ নেই। নমুনা জরিপ থেকে দেখা যায় যে ৮৪.২৫% বাড়িতে স্যানিটারি ল্যাট্রিন আছে।

পৌরসভা সূত্র (২০১৬) থেকে জানা যায় যে শহরে ৩১ টি বস্তি আছে। এগুলোতে ৫৯১৬ টি পরিবারের অধীনে ২৯৯৮৭ জন মানুষ বসবাস করে। বস্তিতে বসবাসকারী পরিবারগুলোর মধ্যে ৫% পরিবার মাসে গড়ে ৳৪০০০ থেকে ৳ ৬০০০ আয় করে থাকে। ২.৫০% মানুষ ৪০০০ টাকার কম আয় করে এবং এদেরকে দরিদ্র বলা যায়। প্রায় ৩৫% পরিবার মাসে গড়ে ১২,০০০ টাকার উপরে আয় করে থাকে।

৬.৬ রাঙ্গামাটি শহরের সঙ্গে আঞ্চলিক ও জাতীয় বাণিজ্যিক সম্পর্ক

রাঙ্গামাটি শহরের সঙ্গে দেশের প্রায় সকল এলাকার বাণিজ্যিক সম্পর্ক আছে। যেখানে খাগড়াছড়ি, চট্টগ্রাম ও ঢাকায় প্রধান সংযোগ রয়েছে। রাঙ্গামাটি পৌরসভা বাণিজ্যিক লেনদেনের জন্য লেনদেনের কেন্দ্রস্থল হিসাবে কাজ করে যেখানে শাকসবজি, ফলমূল (আম, বাতাবিলেবু, কাঁঠাল, লিচু, তরমুজ এবং কলা), মাছ ইত্যাদি নিকটবর্তী উপজেলা এবং বাজার যেমন, বিলাইছড়ি, ছোটহরিণা, মারিসিয়া, হরিণা, কাঁঠালতলী, বেগুনছড়ি ইত্যাদি এখানে আসে তারপর প্রধানত চট্টগ্রাম এবং ঢাকায় পাঠানো হয়। পঁচনশীল খাদ্যদ্রব্য ছাড়া প্রায় সমস্ত ভোগ্যপণ্য চট্টগ্রাম এবং ঢাকা থেকে আমদানি করা হয়। শাল, হস্তশিল্পের মত কিছু ক্ষুদ্র নৃগোষ্ঠীর পণ্য রাঙামাটি থেকে রপ্তানি করা হয়।

৬.৭ স্থানীয় অর্থনীতির উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব

জলবায়ু পরিবর্তনের ফলে কিছু গভীর প্রকৃতিক বিপর্যয় তৈরী হবে যেমন, ট্রপিক্যাল সাইক্লোন যা সম্পদ ও প্রাণহানী ঘটাবে। অতি বৃষ্টি বন্যার প্রকোপ বৃদ্ধি করবে ফলে কৃষি, বাড়িঘর ও অবকাঠামো ক্ষতিগ্রস্থ হবে। রাঙ্গামাটি এলাকার প্রধাণ দুর্বলতা হিসেবে ধরা হয় মূলত জলবায়ুর পরিবর্তনের ফলে মৌলিক সেবার অভাব, বিশেষ করে পানির সরবরাহ, নিষ্কাশন, পয়ঃনিষ্কাশন এবং বর্জ্য পরিশোধন। পরিকল্পিত নগর উন্নয়নের দিকে কম দৃষ্টিপাত করার ফলে পুরো উন্নয়নের ওপর নিয়ন্ত্রণ কমে যায়, যা দীর্ঘমেয়াদি হতে পারে। জলবায়ু পরিবর্তন সহনীয় উন্নয়ন অর্জন করতে হলে অবকাঠামোগুলোকে জলবায়ু পরিবর্তন সহনীয় করে নির্মাণ করার কার্যক্রম গ্রহণ করতে হবে। এটি হতে হবে পৌরসভার অগ্রাধিকার দায়িত্ব।

৬.৮ উন্নয়ন কৌশল ও নীতিমালা

উদ্দেশ্যঃ বিনিয়োগ ও কর্মসংস্থান প্রসার করা এবং নিরাপত্তা সুনিশ্চিত করা।

কৌশলঃ অবকাঠামো এবং সেবা খাতে বিনিয়োগ বৃদ্ধি করতে হবে (সল্প সুদে ঋণ প্রদানের মাধ্যমে)। পৌরসভার তথ্যমতে চাঁদাবাজি শিল্প খাতে বিনিয়োগ হওয়ার জন্য একটা বড় হুমকি। পর্যাপ্ত আইন শৃঙ্খলা বৃদ্ধির মাধ্যমে এই হুমকি দূর করার জন্য মহাপরিকল্পনায় প্রস্তাবনা রাখা হয়েছে।

নীতি/অর্থ/১: স্থানীয় এবং আঞ্চলিক চাহিদার প্রতি লক্ষ্য রেখে SME খাতের প্রসার ঘটাতে হবে।

এই খাতের প্রসারের ফলে নতুন কর্মসংস্থান হবে এবং নতুন উদ্যোক্তারা বিনিয়োগে আকৃষ্ট হবে।

নীতি/অর্থ/২: উন্নত অবকাঠামো এবং সেবা সুবিধা দিয়ে বিসিক শিল্প এলাকাকে পূনরুজ্জিবিত করতে হবে।

এর ফলে শিল্প এলাকা পরিপূর্ণভাবে ব্যবহারের সুযোগ তৈরী হবে, নতুন বিনিয়োগকারীরা শিল্প স্থাপনে এগিয়ে অসবে।

নীতি/অর্থ/৩: নতুন যারা ব্যবসা শুরু করবে তাদের জন্য ক্ষুদ্র ঋণের ব্যবস্থা করা।

যা নতুন উদ্যোক্তাদের ব্যবসা করতে উৎসাহি করবে।

নীতি/অর্থ/৪: পৌরসভার উদ্যোগে আধুনিক শপিং মল স্থাপন করতে হবে।

এর ফলে শহরের বাইরে থেকে ক্রেতারা এখানে কেনাকাটা করতে আগ্রহী হবে। শহরের অর্থনৈতিক তৎপরতা বৃদ্ধি পাবে, আরো বিপনি কেন্দ্র তৈরী হবে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে।

নীতি/অর্থ/৫: অবকাঠামো উন্নয়ন করতে হবে, যেমন, ড্রেনেজ ব্যবস্থা, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, পানি সরবরাহ এবং সড়ক যোগাযোগ।

ভালো অবকাঠামো শহরের ভালো ইমেজ তৈরী করে এবং মানুষ সেখানে বসবাস এবং বিনিয়োগ করতে আগ্রহী হয়।

নীতি/অর্থ/৬: স্থানীয় জনগনের জন্য নিরাপদ পানির ব্যবস্থা করা।

এটি স্বাস্থ্যকর জীবনযাত্রার জন্য মৌলিক প্রয়োজন।

নীতি/অর্থ/৭: বাইরের সঙ্গে মান সম্পন্ন রাস্তার সাহায্যে নতুন যোগাযোগ তৈরী করতে হবে।

ভালো যোগযোগ ব্যবস্থা আমদানি-রপ্তানি সহায়ক এবং সহজ যাতায়াত মানুষের মধ্যে যোগাযোগ এবং মিথস্ক্রিয়া বৃদ্ধি করে।

নীতি/অর্থ/৮: কোল্ড স্টোরেজ স্থাপন।

মৌসুমী ফল সংরক্ষণে স্থানীয়ভাবে কোল্ড স্টোরেজ প্রয়োজন

নীতি/অর্থ/৯: তাঁতশিল্প প্রতিষ্ঠা করা।

এই খাতের উন্নয়নে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে এবং অন্যান্য বিনিয়োগকারীদের আকৃষ্ট করবে।

নীতি/অর্থ/১০: হস্তশিল্প শিল্প ও ইকো ইন্ডাস্ট্রিয়াল জোন স্থাপন করা।

এই খাত বিনিয়োগকারীর জন্য নতুন চাকরি এবং সুযোগ সৃষ্টি করবে

নীতি/অর্থ/১১: পর্যাপ্ত সেবা সুবিধা সহ নতুন বাস ও ট্রাক টার্মিনাল স্থাপন করতে হবে।

ভালো মানের পরিবহন ব্যবস্থা যাত্রী এবং মালামাল পরিবহন সহায়ক।

নীতি/অর্থ/১২: জুম চাষ কেন্দ্র প্রতিষ্ঠা করা।

জুম চাষ সংরক্ষণ, উন্নয়ন, দৃঢ়তা এবং প্রদর্শন যা কেবল চাষের উৎসাহই দেয় না বরং টেকসই জীবনযাত্রার আদিবাসী জ্ঞান স্থানীয় ও দর্শনার্থীদের মধ্যে সেতুবন্ধন তৈরি করে।

নীতি/অর্থ/১৩: শহরে পর্যটক ভিত্তিক অর্থনৈতিক এলাকার উন্নয়ন করা।

সম্প্রদায়ের অর্থনৈতিক উন্নয়নের জন্য বিনিয়োগ বাড়ানো।

নীতি/অর্থ/১৪: পৌরসভা ও বাজার তহবিলের মধ্যবর্তী আন্তঃসম্পর্কিত বিরোধ নিষ্পত্তি করা।

নীতি/অর্থ/১৫: বিনিয়োগ কারীদের আকৃষ্ট করার জন্য আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন করা।

৬.৯ বাস্তবায়ন

স্থানীয় অর্থনীতি প্রসারের জন্য নীতিমালা বাস্তবায়নের দায়িত্ব পৌরসভা ছাড়াও এই শহরের উন্নয়ন এবং সেবা প্রদানে নিয়োজিত সকল সরকারি প্রতিষ্ঠানের। এই কাজে তাদের সক্রিয় ভূমিকা পালন করতে হবে। শহরের অর্থনীতিকে সমৃদ্ধ করতে হলে সকলের সম্মিলিত প্রয়াস প্রয়োজন। ঋণ সুবিধা প্রদান জাতীয় পর্যায়ের সিদ্ধান্ত। বিসিক শিল্প এলাকাকে পুনরুজ্জীবিত করা বিসিকের দায়িত্ব। এমনিভাবে উন্নয়নের সঙ্গে জড়িত সকল প্রতিষ্ঠানকে তাদের স্ব স্ব ভূমিকা পালনে এগিয়ে অসতে হবে। ব্যবসা বাণিজ্যে বিনিয়োগ মূলত আসবে বেসরকারি উদ্যোক্তাদের কাছ থেকে। পৌরসভা ও পার্বত্য জেলা পরিষদের পৌরসভা ও বাজার তহবিলের মধ্যে আন্তঃসম্পর্কের বিরোধ নিষ্পত্তির জন্য উদ্যোগ গ্রহণ করা উচিত। পার্বত্য চট্টগ্রাম পরিষদের সহযোগিতায় বাংলাদেশ পর্যটন সংস্থা এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ একত্রে কাজ করে পর্যটন ভিত্তিক অর্থনৈতিক অঞ্চল উন্নয়নে একটি বড় প্রকল্প গ্রহণ করতে পারে।

সপ্তম অধ্যায় নগর দারিদ্র্য

সূচিপত্র

৭.১ ভূমিকা ---------- ৭-১
৭.২ বাংলাদেশে নগর দারিদ্র্য ---------- ৭-১
৭.৩ দারিদ্র্য এবং বস্তির জনসংখ্যা ---------- ৭-১
৭.৪ রাঙ্গামাটি শহরের বস্তি ---------- ৭-১
৭.৪.১ জনসংখ্যা ---------- ৭-১
৭.৪.২ বস্তিবাসীদের বয়স ---------- ৭-৪
৭.৪.৩ পুরুষ-মহিলার অনুপাত ---------- ৭-৬
৭.৪.৪ শিক্ষার হার ---------- ৭-৬
৭.৪.৫ পেশা ---------- ৭-৬
৭.৪.৬ পরিবারের আয় ---------- ৭-৭
৭.৪.৭ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ---------- ৭-৮
৭.৪.৮ ঋণ গ্রস্ততা ---------- ৭-৮
৭.৪.৯ বিদ্যুৎ সংযোগ ---------- ৭-৯
৭.৪.১০ স্বাস্থ্য সেবা ---------- ৭-৯
৭.৪.১১ পানি সরবরাহ ---------- ৭-৯
৭.৪.১২ স্যানিটেশন ---------- ৭-৯
৭.৪.১৩ বর্জ্য ব্যবস্থাপনা ---------- ৭-১০
৭.৪.১৪ যাতায়াত ব্যবস্থা ---------- ৭-১০
৭.৪.১৫ ড্রেনেজ ব্যবস্থা ---------- ৭-১০
৭.৪.১৬ বস্তি উন্নয়ন কমিটি ---------- ৭-১০
৭.৪.১৭ বস্তিতে পৌরসভার সহায়তা ---------- ৭-১০
৭.৫ বস্তিবাসীদের ঝুঁকি ---------- ৭-১১
৭.৫.১ মৌসুমি ঝুঁকি ---------- ৭-১১
৭.৫.২ দুর্যোগের ঝুঁকি ---------- ৭-১১
৭.৫.৩ উচ্ছেদ ঝুঁকি ---------- ৭-১১
৭.৫.৪ কর্মহীনতার ঝুঁকি ---------- ৭-১১
৭.৫.৫ অসুস্থতা ঝুঁকি ---------- ৭-১১
৭.৫.৬ জলবায়ু পরিবর্তন ঝুঁকি ---------- ৭-১১
৭.৬ উন্নয়ন কৌশল এবং নীতিমালা ---------- ৭-১২
৭.৭ বাস্তবায়ন ---------- ৭-১২
৭.৭ বাস্তবায়ন ---------- ৭-১২

সপ্তম অধ্যায়
নগর দারিদ্র্য

৭.১ ভূমিকা

সপ্তম অধ্যায়ে রাঙ্গামাটি শহরের দরিদ্রদের জীবন জীবিকা সম্পর্কে আলোচনা করা হয়েছে। এর মধ্যে আছে প্রতিদিনের জীবন যাপনের সমস্যা ও ঝুঁকি। পরিশেষে সমস্যা থেকে পরিত্রাণের কৌশল এবং নীতিমালা সুপারিশ করা হয়েছে।

৭.২ বাংলাদেশে নগর দারিদ্র্য

স্বাধীনতা উত্তর বাংলাদেশে নগরায়নের সূত্রপাত হয় আশির দশকে। প্রাথমিকভাবে এই ধারা শুরু হয় পল্লী দারিদ্র্য তাড়িত মানুষের শহরে আগমনকে কেন্দ্র করে। গ্রামীণ দারিদ্র্য এবং বেকারত্ব বহু পরিবারকে গ্রাম ছাড়া করে শহরমুখী করে শহরের কর্মসংস্থানের সুযোগ গ্রহণের জন্য (Lewis 2011)। কয়েক দশক ধরে শহুরে জনসংখ্যা প্রবৃদ্ধির হার ক্রমাগতভাবে জাতীয় জনসংখ্যা প্রবৃদ্ধির উপরে অবস্থান করে।

২০০৪ সালে নগরায়নের হার হয় ২৫% এবং ২০১১ সালে হয় ২৮% (নগর এলাকার সংজ্ঞা অনুযায়ী)। নগরায়ণ শহুরে জীবনের একটি বৈশিষ্ঠপূর্ণ এবং অত্যাবশকীয় অংশ। ২০০০ সালের বিবিএস এর খানা আয় এবং ব্যয় জরিপ থেকে প্রাপ্ত তথ্য নিয়ে হেড কাউন্ট পদ্ধতিতে দারিদ্র্য নির্ধারণ করতে গিয়ে দেখা যায় যে শহরে দারিদ্রের হার ৫৩ শতাংশ এবং গ্রামে ৩৬.৬০ শতাংশ। একই তথ্য নিয়ে ডাইরেক্ট ক্যালরি ইনটেক (DCI) পদ্ধতিতে যাচাই করে দেখা যায় যে শহরে দারিদ্রের হার ৫২.৫ শতাংশ এবং গ্রামে ৪২.৩ শতাংশ (LCG 2010)। দারিদ্র্য সমাবেশ বড় শহরগুলোতে বেশি হয়।

৭.৩ দারিদ্র্য এবং বস্তির জনসংখ্যা

বিবিএস অনুযায়ী বস্তি হচ্ছে, *"A cluster of compact settlements of five or more that generally grow very unsystematically and haphazardly in an unhealthy condition atmosphere on a vacant land."* বস্তি শহুরের দরিদ্র জনগোষ্ঠির আবাসস্থল। রাঙ্গামাটি শহরে খানা নমুনা জরিপ থেকে দেখা যায় যে, ২.৫% পরিবারের মাসিক আয় গড়ে ৪০০০ টাকা বা তার নিচে। শহরের বস্তিগুলো সাধারণত প্রান্তিক এলাকায় গড়ে উঠে যেখানে জমি বা বাড়িভাড়া কম থাকে। দাম কম থাকার প্রধান কারণ এলাকাগুলো অনুন্নত এবং মৌলিক নাগরিক সুবিধার অভাব রয়েছে। LGED কর্তৃক UGIIP III প্রকল্পের অধীনে ৬০ টি দরিদ্র পরিবারের উপর একটি জরিপ সম্পাদন করা হয় যা থেকে শহরের দরিদ্র জনগোষ্ঠীর একটি চিত্র পাওয়া যায়।

৭.৪ রাঙ্গামাটি শহরের বস্তি

২০১৬ সালে UGIIP III কর্তৃক সম্পদিত বেসলাইন জরিপ থেকে শহরে ৩১ টি বস্তির সন্ধান পাওয়া যায় যেখানে ৫৯১৬ পরিবারের অধীনে ২৯৯৮৭ জন মানুষ বসবাস করে এবং বস্তিগুলোর অধিবাসিদের অধিকাংশই নিজেরাই তাদের ঘরের মালিক। প্রায় সব ওয়ার্ডেই বিভিন্ন আয়তনের বস্তি আছে।

৭.৪.১ জনসংখ্যা

সারণি ৭-১ এ রাঙ্গামাটি শহরে বস্তিগুলোর চিত্র দেখানো হয়েছে। অধিকাংশ বড় বস্তিগুলো ১, ৭ এবং ৯ নং ওয়ার্ডে অবস্থিত। ১ নং ওয়ার্ডে পুরানপাড়া-ইসলামপুর-শরিয়তপুর এলাকা সংলগ্ন ৩.১০ একর এলাকা জুড়ে একটি বস্তি আছে যা ২৪৮টি পরিবারকে ধারণ করে। পাশাপাশি শান্তিনগর-রসুলপুর-বনানী কলোনি এলাকা সংলগ্ন ৭নং ওয়ার্ডে একটি বড়

কাঠামো পরিকল্পনা

বস্তি আছে যেটা রাঙ্গামাটি পৌরসভায় ৩.১০ একর জায়গা জুড়ে আছে। বস্তিটিতে ২৭৬ টি পরিবারের অধীনে ১৩৫২ জন মানুষ বসবাস করে। যাইহোক, বিহারপুর বস্তি হচ্ছে আরো একটি বড় বস্তি যা রাঙ্গামাটি পৌরসভার ৩.১০ একর জায়গা জুড়ে আছে যেখানে ১৮৩টি পরিবারের অধীনে ৮৯৬ জন মানুষ বসবাস করে।

বস্তিগুলোর মধ্যে ৬টি পৌরসভা কর্তৃক অনুমোদিত। অনুমোদিত বস্তিগুলো ***মানচিত্র ৭-১*** এ দেখানো হয়েছে। বস্তিগুলোর মোট জনসংখ্যা ১০৬৩৮ জন (পুরুষ ৫৩৮৬ এবং মহিলা ৫২৫২ জন)। মোট খানার সংখ্যা ২৩৭০ টি। বস্তিগুলোতে ৫৮০ টি মহিলা প্রধান পরিবার পাওয়া যায়। বস্তিগুলো ১০.৪ একর খাস জমি, ৫০.৫ একর বেসরকারি জমি এবং ১৩.১৭ একর অন্যান্য জমির উপর অবস্থিত।

সারণি ৭-১: রাঙ্গামাটি শহরের বস্তি সংক্রান্ত তথ্য

ক্র. নং	বস্তির নাম	আয়তন (একর)	পরিবারের সংখ্যা	জনসংখ্যা			প্রধান পেশা	জমির মালিকানা
				পুরুষ	মহিলা	মোট		
ওয়ার্ড নং ১								
**১.	পুরানপাড়া-ইসলামপুর-শরিয়তপুর সংলগ্ন বস্তি	৩.১	২৪৮	৫৯৭	৬১৮	১২১৫	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	মহসিন গীতাশ্রম-শুটকিপাড়া-চনবনুরমার টিলা সংলগ্ন বস্তি	২.৯	২২৮	৫২৪	৫৯৩	১১১৭	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৩.	নতুন এবং পুরাতন জালিয়াপাড়া সংলগ্ন বস্তি	২.৩	২৩৮	৬১২	৫৫৪	১১৬৬	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৪.	তৈয়বিয়া পাহাড় বস্তি	০.৯	১০৬	২৩১	২৮৮	৫১৯	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		৯.২	৮২০	১৯৬৪	২০৫৩	৪০১৭		
ওয়ার্ড নং ২								
**১.	আব্দুল আলী একাডেমী সংলগ্ন বস্তি (রাস্তার পূর্ব পশ্চিম পার্শ্বে)	২.১	২২২	৫৬৪	৫২৩	১০৮৭	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	এসপি অফিস এবং উন্নয়ন বোর্ড সংলগ্ন বস্তি (২নং পাথরঘাটা সহ)	২.২	২৬৭	৬৩২	৬৭৬	১৩০৮	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৩.	পুরাতন হাসপাতাল এবং পৌর কলোনী সংলগ্ন বস্তি	১.৯	১৯৬	৪৯৩	৪৬৮	৯৬১	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৪.	বেকারী লাইন সংলগ্ন বস্তি	১.৪	১৪২	৩৩৭	৩৫৮	৬৯৫	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		৭.৬	৮২৭	২০২৬	২০২৫	৪০৫১		
ওয়ার্ড নং ৩								
**১.	পুলিশ লাইন এলাকা সংলগ্ন বস্তি (সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং হাসপাতাল এলাকা সহ)	২.৩	২৫৬	৬১৫	৬৩৯	১২৫৪	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	রিসার্ভমুখ সংলগ্ন বস্তি	১.৬	১৫৯	৩৮৩	৩৯৬	৭৭৯	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৩.	মাঝের বস্তি (পানির কিনারা সংলগ্ন বস্তি)	২.২	১৭৪	৪১৭	৪৩৫	৮৫২	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		৬.১	৫৮৯	১৪১৫	১৪৭০	২৮৮৫		
ওয়ার্ড নং ৪								
**১.	ধনমিয়া-বিএডিসি-ওয়াটার পাম্প এলাকা সংলগ্ন বস্তি	২.১	২৫৯	৬৪৩	৬২৬	১২৬৯	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	তবলছড়ি বাজার এবং মসজিদ/ ওয়ার্কার কলোনি এলাকা সংলগ্ন বস্তি	২.৩	২৯২	৭৩৭	৬৯৪	১৪৩১	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		৪.৪	৫৫১	১৩৮০	১৩২০	২৭০০		

ক্র. নং	বস্তির নাম	আয়তন (একর)	পরিবারের সংখ্যা	জনসংখ্যা			প্রধান পেশা	জমির মালিকানা
				পুরুষ	মহিলা	মোট		
ওয়ার্ড নং ৫								
**১.	সিলেটিপাড়া-খিপাপাড়া-তংচঙ্গাপাড়া-লেমুছড়িপাড়া এলাকা সংলগ্ন বস্তি	২.৯	২৩৬	৫৮৬	৫৭০	১১৫৬	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	স্বর্ণটিলা সংলগ্ন বস্তি	২.২	২৩৮	৫৭৪	৫৯২	১১৬৬	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৩.	নতুনপাড়া বস্তি	১.৮	১৮৩	৪৬৫	৪৩১	৮৯৬	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৪.	শান্তিনগর এবং মাশরুম এলাকা সংলগ্ন বস্তি	১.৭	১৫৩	৩৫১	৩৯৮	৭৪৯	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		**৮.৬**	**৮১০**	**১৯৭৬**	**১৯৯১**	**৩৯৬৭**		
ওয়ার্ড নং ৬								
**১.	রাঙ্গাপানি বিল এবং উদনী আদম এলাকা সংলগ্ন বস্তি	২.৬	২৫৩	৫৯৮	৬৪১	১২৩৯	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	শিমুলতলি এলাকা সংলগ্ন বস্তি	৪.১	১৭৪	৪৪৩	৪০৯	৮৫২	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৩.	হাটছড়ি এবং টেকনিক্যাল পাড়া সংলগ্ন বস্তি	১.৭	১৬৫	৩৯৬	৪১২	৮০৮	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৪.	নওদাম (নতুনপড়া) বস্তি	১.৯	১৪২	৩৬৩	৩৩২	৬৯৫	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		**১০.৩**	**৭৩৪**	**১৮০০**	**১৭৯৪**	**৩৫৯৪**		
ওয়ার্ড নং ৭								
**১.	শান্তিনগর-রসূলপুর-বনানী এলাকা সংলগ্ন বস্তি	৩.১	২৭৬	৬৪১	৬৭৬	১৩৫২	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	গর্জনতলী-আলম ডক ইয়ার্ড এলাকা সংলগ্ন বস্তি	২.২	১৬৬	৪২৪	৩৮৯	৮১৩	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		**৫.৩**	**৪৪২**	**১০৬৫**	**১০৬৫**	**২১৬৫**		
ওয়ার্ড নং ৮								
১.	রাজদ্বীপ এলাকা সংলগ্ন বস্তি	২.৩	১৮৬	৪১৭	৪৯৫	৯১২	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	মোহাম্মাদপুর এবং চম্পকনগর সংলগ্ন বস্তি	১.৮	২০৮	৫৩১	৪৮৮	১০১৯	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৩.	জনস্বাস্থ্য এলাকা সংলগ্ন বস্তি	১.৩	১৫৬	৩৯৬	৩৭৩	৭৬৯	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৪.	পূর্ব উপজাতি আদম এলাকা সংলগ্ন বস্তি	২.২	১৬৯	৩৯৮	৪৩০	৮২৮	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		**৭.৬**	**৭১৯**	**১৭৪২**	**১৭৮৬**	**৩৫২৮**		
ওয়ার্ড নং ৯								
১.	আমানতবাগ এলাকা সংলগ্ন বস্তি	২.২	১৯৭	৪৯৩	৪৭২	৯৬৫	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
২.	সদর হাসপাতাল এলাকা সংলগ্ন বস্তি	১.৯	২৪৩	৫৮৩	৬০৮	১১৯১	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৩.	বিহারপুর বস্তি	৩.১	১৮৩	৪২৬	৪৭০	৮৯৬	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
৪.	আউলিয়া নগর এবং নতুনপাড়া সংলগ্ন বস্তি (কলেজগেট সংলগ্ন)	১.৭	১৯২	৪৮২	৪৫৮	৯৪০	দিন মজুর	ব্যক্তি মালিকানাধীন
মোট		**৮.৯**	**৮১৫**	**১৯৮৪**	**২০০৮**	**৩৯৯২**		
সর্বমোট		**৬৩.৫**	**৪৬৬০**	**১৪৯৩৫**	**১৫০১৭**	**২৯৯৮৭**		


তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

***পৌরসভার স্বীকৃত বস্তিসমূহ*

৭.৪.২ বস্তিবাসীদের বয়স

৮০ জন মানুষের নমুনা জরিপ অনুসারে, বস্তির অধিকাংশ মানুষ ২৬-৬০ বছর বয়সের শ্রেণিভুক্ত। তিনটি শ্রেণির মধ্যে ৭৭.৫% মানুষ এই বয়সের অন্তর্ভুক্ত। বাকি ৬.২৫% এবং ১৬.২৫% মানুষ যথাক্রমে ১৬-২৫ এবং ৬০ বছর বয়সের বেশি বয়সী শ্রেণির অন্তর্ভুক্ত। তবে ২৬-৬০ এবং ৬০ উর্ধ্ব বয়সী শ্রেনিতে পুরুষ ও মহিলার অনুপাত প্রায় একই। ***চিত্রলেখ ৭-১*** এ রাঙ্গামাটির পৌরসভার বস্তিবাসীর বয়স বন্টন দেওয়া আছে।


চিত্রলেখ ৭-১: বস্তির পরিবারগুলোর সদস্যদের বয়স ও লিঙ্গ বণ্টন



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

মানচিত্র ৭-১ : রাঙ্গামাটি পৌরসভার বস্তিগুলোর অবস্থান

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Tertiary

Slum Location in Rangamati

৭.৪.৩ পুরুষ-মহিলার অনুপাত

বস্তি এলাকাতে পুরুষ ও মহিলার অনুপাত পাওয়া গেছে ১:১। অর্থাৎ পুরুষ এবং মহিলার সংখ্যা প্রায় সমান।

৭.৪.৪ শিক্ষার হার

ইউজিপ-৩ প্রকল্পের নমুনা জরিপ থেকে দেখা যায় যে, মাত্র ২২.৪২% মানুষের প্রাথমিক স্তর পর্যন্ত শিক্ষা আছে। অন্যান্য ১৭.১১% এর জুনিয়র সেকেন্ডারি স্তর অর্থাৎ ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষা আছে। পাশাপাশি ৬৫% উত্তরদাতা পাওয়া গেছে যারা অশিক্ষিত। বিস্তারিত ***সারণি ৭-২*** দ্রষ্টব্য।

সারণি ৭-২: উত্তরদাতাদের মধ্যে শিক্ষার অবস্থা


ক্রমিক নং	শিক্ষাগত যোগ্যতা	লিঙ্গ				মোট	শতকরা
		পুরুষ		মহিলা			
		সংখ্যা	শতকরা	সংখ্যা	শতকরা		
১	অশিক্ষিত	২৮	৪৩.০৮	৩৭	৫৬.৯২	৬৫	১৫.৬৬
২	শুধু স্বাক্ষর করতে পারে	৯	৪০.৯১	১৩	৫৯.০৯	২২	৫.৩০
৩	স্বশিক্ষিত (শুধু পড়তে ও লিখতে পারে)	৫	৫০.০০	০৫	৫০.০০	১০	২.৪১
৪	প্রাথমিক পর্যন্ত (সর্বোচ্চ পঞ্চম শ্রেণী পর্যন্ত)	৫২	৫৫.৯১	৪১	৪৪.০৯	৯৩	২২.৪১
৫	জুনিয়র সেকেন্ডারি পর্যন্ত (ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত)	৩২	৪৫.০৭	৩৯	৫৪.৯৩	৭১	১৭.১১
৬	সেকেন্ডারি পর্যন্ত (দশম শ্রেণী পর্যন্ত)	১৯	৪৫.২৪	২৩	৫৪.৭৬	৪২	১০.১২
৭	এসএসসি অথবা সমমান	১৯	৫৫.৮৮	১৫	৪৪.১২	৩৪	৮.১৯
৮	এইচএসসি অথবা সমমান	১৬	৪৮.৪৮	১৭	৫১.৫২	৩৩	৭.৯৫
৯	স্নাতক অথবা সমমান	০২	৪০.০০	০৩	৬০.০০	০৫	১.২০
১০	স্নাতকোত্তর এবং উপরে	০২	১০০.০০	-	-	০২	০.৪৮
১১	অন্যান্য	২৩	৬০.৫৩	১৫	৩৯.৪৭	৩৮	৯.১৬
মোট		২০৭	১০০.০০	২০৮	১০০.০০	৪১৫	১০০.০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৫ পেশা

২৬.০২% এর উপরে পরিবারের সদস্য হচ্ছে ছাত্র এবং ২২.৬৫% হচ্ছে গৃহিণী। সাধারনত এই দুই পেশায় হচ্ছে বস্তি এলাকায় প্রধান পেশা যা ৪১৫ জন মানুষের উপর জরিপ করে পাওয়া গেছে। অন্যান্য পেশাজীবী হচ্ছে পোশাক শ্রমিক, অদক্ষ শ্রমিক, দক্ষ শ্রমিক, কৃষি শ্রমিক, মাঝারি ব্যবসা ইত্যাদি। বাকিরা পরনির্ভরশীল অর্থাৎ বৃদ্ধ ও শিশু। ***চিত্রলেখ ৭-২*** বিস্তারিতভাবে উপস্থাপন করে।

চিত্রলেখ ৭-২: পরিবারের সদস্যদের পেশা




তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

বাংলাদেশের অন্যান্য অঞ্চলের মত রাঙ্গামাটি পৌরসভার বস্তি এলাকায়ও প্রধান রোজগার সদস্য হচ্ছে পুরুষ। ***চিত্রলেখ ৭-৩*** দেখায় যে মোট পরিবারের মধ্যে ৮৬% পরিবারে আয়কারী সদস্য হচ্ছে পুরুষ। অন্যদিকে মাত্র ১৪% পরিবারের আয়কারী সদস্য হচ্ছে মহিলা।

৭.৪.৬ পরিবারের আয়

বিশ্ব ব্যাংকের সংজ্ঞা অনুযায়ী কোন ব্যাক্তির আয় যদি দিনে ২ ডলার (১৬০ টাকা) বা মাসে ৪৮০০ টাকার কাছাকাছি হয় তবে সে দরিদ্র (*https://en.wikipedia.org/wiki/Poverty_in_Bangladesh*), যদি কেউ দিনে এর চেয়ে কম রোজগার করে তবে সে অতি দরিদ্র। ***চিত্রলেখ ৭-৪*** থেকে দেখা যায় যে, ৩.৭৫% মানুষ প্রতি মাসে ৪০০০ থেকে ৬০০০ টাকা আয় করে যাদেরকে দরিদ্র বলা হয়। ২.৫% মানুষ অতি দরিদ্র, কারণ এদের মাসিক আয় ৪০০০ টাকার কম। প্রায় ৬.২৫% মানুষের মাসিক আয় ১৪০০০ টাকার বেশি। উপাত্তটি নির্দেশ করে যে রাঙ্গামাটি পৌরসভার বস্তিতে বসবাসকারী মানুষ অতি দরিদ্র নয়। যদি প্রতিজন মানুষ দিনে ১৫২ টাকা করে আয় করে তাহলে দুজন মিলে দিনে ৩০৪ টাকা আয় হবে এবং মাসিক আয় হবে ৯১২০ টাকা। যা দারিদ্র সীমার একটু উপরে। ***চিত্রলেখ ৭-৩*** দ্রষ্টব্য।

চিত্রলেখ ৭-৩: বস্তিতে পরিবারের মাসিক আয়




তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৭ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

বস্তিতে বসবাসকারী লোকদের জিজ্ঞাসা করা হয়েছিল যে পরিবারের কোন সদস্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহন করেছিল কিনা। ৯৬% মানুষ বলেছে তারা কোন প্রশিক্ষণ গ্রহন করেনি। মাত্র ৪% মানুষ পাওয়া গেছে যারা এ ধরণের কিছু প্রশিক্ষণ গ্রহণ করেছে। বিস্তারিত ***চিত্রলেখ ৭-৪।***

চিত্রলেখ ৭-৪: দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ



তথ্যসূত্রঃ নমুনা জরিপ, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৮ ঋণ গ্রস্ততা

বস্তিবাসীদের মধ্যে ৪৩.২৫% ঋণ গ্রস্ত। এরা এনজিও এবং বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছে দৈনিন্দন ব্যয় নির্বাহ, ব্যবসা অথবা গৃহ নির্মাণের জন্য।

সারণি ৭-৩: গত পাঁচ বছরে ঋণ গ্রহণকারীর সংখ্যা

ক্রমিক নং	গত পাঁচ বছরে ঋণ নিয়েছে	সংখ্যা	%
১	হ্যাঁ	৩৫	৪৩.৭৫
২	না	৪৫	৫৬.২৫
মোট		৮০	১০০.০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

প্রায় ২৮.৭৫% উত্তরদাতার ঋণ ২০ হাজার টাকার উপর; ৩.৭৫% এর ঋণ ১৫০০০ থেকে ১০০০০ টাকার মধ্যে। বিস্তারিত ***সারণি ৭-৩*** দ্রষ্টব্য।

সারণি ৭-৪: লক্ষণীয় ঋণের পরিমান

ক্রমিক নং	ঋণ (টাকা) উপরের মাত্রা বাদে	সংখ্যা	%
১	কোন ঋণ নাই	৫২	৬৫
২	৫,০০০ - ১০,০০০	০১	১.২৫
৩	১০,০০০ - ১৫,০০০	০১	১.২৫
৪	১৫,০০০ - ২০,০০০	০৩	৩.৭৫
৫	২০,০০০ >	২৩	২৮.৭৫
মোট		৮০	১০০.০০
গড় ঋণ (টাকায়) =		৬৩৪৬৪.০০	

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

দরিদ্র বস্তিবাসী বিভিন্ন কাজের জন্য ঋণ করে থাকেন যেমন ক্ষুদ্র ব্যবসা, হাঁস-মুরগী পালন এবং এ ধরণের কাজকর্ম। প্রায় ৬৮.৭৫% উত্তরদাতা ক্ষুদ্র ব্যবসায় বিনিয়োগের জন্য ঋণ গ্রহণ করেছে। ***সারণি ৭-৫*** এ বিস্তারিত তুলে ধরা হয়েছে।

কাঠামো পরিকল্পনা

সারণি ৭-৫: ঋণ নেয়ার উদ্দেশ্য

ক্রমিক নং	উদ্দেশ্য	উত্তরদাতার সংখ্যা	%
১	ক্ষুদ্র ব্যবসা	১১	৬৮.৭৫
২	হাঁস-মুরগী পালন	০৪	২৫.০০
৩	অন্যান্য	০১	৬.২৫
মোট		১৮	১০০.০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৯ বিদ্যুৎ সংযোগ

৯৮.৭৫% পরিবারে বিদ্যুৎ সংযোগ আছে এবং ১.২৫ % পরিবারে নেই। তবে ৮০ জন উত্তরদাতার মধ্যে ৯৬.২৫% বলেছে যে তাদের লোকালয় এ পর্যাপ্ত পরিমান সড়ক বাতি আছে, যেখানে ৩.৭৫% উত্তরদাতা এই বিবৃতির প্রতি অসঙ্গতি জানিয়েছে।


৭.৪.১০ স্বাস্থ্য সেবা

প্রায় ৯৮% দরিদ্র পরিবার জানায় তাদের জন্য বিশেষ কোন স্বাস্থ্য সেবা সুবিধা নেই। মাত্র ২% উত্তরদাতা বলেছে যে বস্তিতে এনজিও থেকে তাদের স্বাস্থ্য সেবা দেওয়া হয়।

৭.৪.১১ পানি সরবরাহ

নিম্নোক্ত চিত্রলেখ দেখায় যে দৈনন্দিন কাজকর্ম করার জন্য পানির উৎস হিসেবে নলকূপ এবং রাস্তার পানির কল ব্যবহার করে। নমুনা জরিপ অনুসারে, পানি সরবরাহের জন্য মোট জনসংখ্যার ৬০% নলকূপ এবং ২০% রাস্তার পানির কল ব্যবহার করে। অন্যান্য উৎসগুলো হচ্ছে কূয়া, লেক, পুকুর ইত্যাদি।

চিত্রলেখ ৭-৫: পানির উৎস



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.১২ স্যানিটেশন

স্বাস্থ্যসম্মত সেনিটারী ল্যাট্রিন আছে ৬০% পরিবারের। ২৫% পরিবার পিট/স্ল্যাব ল্যাট্রিন ব্যবহার করে। কাঁচা ল্যাট্রিন আছে ১১% পরিবারের। বস্তিতে ঝুলন্ত ল্যাট্রিন ব্যবহার করে ৩% পরিবার এবং ১% খোলা জায়গায় পায়খানা করে।


৭.৪.১৩ বর্জ্য ব্যবস্থাপনা

দরিদ্র পরিবারের ৭৮.৭৫ শতাংশ বাড়ির আশে পাশে যেখানে সেখানে তাদের বর্জ্য ফেলে থাকে। মাত্র ৮.৭৫ শতাংশ পৌরসভার ডাস্টবিনে তাদের বর্জ্য ফেলে থাকে বলে জানিয়েছে।

৭.৪.১৪ যাতায়াত ব্যবস্থা

জরিপকৃত ৪৫ শতাংশ দরিদ্র পরিবার মনে করে যে তাদের এলাকার সংযোগ রাস্তার অবস্থা ভালো নয়; ২২ শতাংশ মনে করে ভালো এবং ৩৩ শতাংশ এটিকে মোটামুটি চলনসই বলে উল্লেখ করেন। সুতরাং বস্তির সার্বিক যাতায়াত ব্যবস্থা চলার মত না।

চিত্রলেখ ৭-৬: বস্তির যাতায়াত ব্যবস্থার



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.১৫ ড্রেনেজ ব্যবস্থা

রাঙ্গামাটি পৌরসভার বস্তিগুলোর ড্রেনেজ ব্যবস্থা চলার মতো নয়। বৃষ্টির সময় বাড়িগুলো জলে নিমজ্জিত হয়। বিদ্যমান ড্রেনেজ ব্যবস্থা অপর্যাপ্ত এবং অসমতল। জরিপ থেকে দেখা যায় যে, ৪৮.৭৫% বলেছে যে তাদের এলাকায় কোনো ড্রেনেজ ব্যবস্থা নেই। মাত্র ৫% উত্তরদাতা ড্রেনেজ ব্যবস্থা চলার মতো এবং ৪৬.২৫ % এর অবস্থা খুবই খারাপ।

বস্তিতে ড্রেন আছে, তবে তা কার্যকর নয়। এ জন্য ৭৭% উত্তরদাতা ড্রেনেজ ব্যবস্থা খারাপ বলে উল্লেখ করেছেন। ২০ শতাংশ উত্তরদাতা জানায় যে তাদের বাড়ি সংলগ্ন কোন ড্রেন নেই।

৭.৪.১৬ বস্তি উন্নয়ন কমিটি

এলজিইডি এর বস্তি উন্নয়ন কার্যক্রমের আওতায় পৌরসভা স্বীকৃত বস্তিগুলোতে একটি করে বস্তি উন্নয়ন কমিটি আছে বস্তির মানুষের উন্নয়নের জন্য। জরিপকৃত বস্তির অধিবাসীরা জানায় যে তাদের বস্তিতে কোন বস্তি উন্নয়ন কমিটি নেই (*সারণি ৭-৬*)।

সারণি ৭-৬: এই বস্তিতে বস্তি উন্নয়ন কমিটির উপস্থিতি

ক্রমিক নং	এই বস্তিতে বস্তি উন্নয়ন কমিটি আছে	সংখ্যা	%
১	হ্যাঁ	৪	৫
২	না	৭৬	৯৫
মোট		**৬০**	**১০০**

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.১৭ বস্তিতে পৌরসভার সহায়তা

উত্তরদাতাদের ৯৬.২৫% এর মতামত অনুযায়ী পৌরসভা বস্তিতে কোন ধরণের সহায়তা প্রদান করা হয় না। বিস্তারিত *সারণি ৭-৭* দ্রষ্টব্য।

সারণি ৭-৭: পৌরসভার সহায়তা

ক্রমিক নং	কখনো কি পৌরসভার সহায়তা পেয়েছেন	সংখ্যা	%
১	হ্যাঁ	৩	৩.৭৫
২	না	৭৭	৯৬.২৫
মোট		৮০	১০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৫ বস্তিবাসীদের ঝুঁকি

যেকোনো শহরের বস্তিবাসীরা হল সবচেয়ে বঞ্চিত জনগোষ্ঠী। তারা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে সামাজিক এবং শারীরিক ভাবে দুর্বল। সকল দুর্বলতাই শেষ পর্যন্ত তাদের জীবিকায় আঘাত হানে। নিচে কিছু প্রধান দুর্বলতাগুলো দেয়া হল যা তারা প্রায়শই সম্মুখীন হয়। এর ভিতর আছে আসন্ন জলবায়ু পরিবর্তন যা তারা নিকট ভবিষ্যতে সম্মুখীন হবে।

৭.৫.১ মৌসুমি ঝুঁকি

বস্তিবাসীরা সাধারনত অনানুষ্ঠানিক (Informal) পেশার সাথে সংযুক্ত থাকে এবং দিন এনে দিন খায়। বর্ষার মৌসুমে দিনমজুররা প্রায়ই কাজে যেতে পারে না, ফলে তাদের আয় বন্ধ হয়ে যায়। খারাপ আবহাওয়ার কারণে বিক্রেতাদের বিক্রি কমে যায় এবং দিনমজুররা কাজে যেতে পারে না। গরীব পরিবারগুলো সাধারনত অভাবের সময় কাজের অভাবে ঋণ নিতে বাধ্য হয়। তারা বাকিতে তাদের নিত্যপণ্যগুলো স্থানীয় দোকান থেকে নেয় এবং পরে পরিশোধ করে। মাঝে মাঝে মুনাফা সহ শোধ করতে হয়। ঋণ পরিশোধ করতে তাদের কঠোর পরিশ্রম করতে হয়। বর্ষা মৌসুমে তাদের আর্থিক দৈন্যতা দেখা দেয় যা তাদের উন্নতির প্রধান বাধা হিসেবে থাকে এমনকি বর্ষা মৌসুম শেষ হয়ে যাওয়ার পরেও তাদের অবস্থার বিশেষ কোন পরিবর্তন ঘটে না। খাপ খাইয়ে নেয়ার সক্ষমতা ও কমতে থাকে, যেমন, তাদের খাদ্যে সংগ্রহ ৫০ শতাংশে নেমে যায় যা পরিবারের সদস্যদের স্বাস্থ্য এবং পুষ্টির সমস্যা হয় যা তাদের কর্মক্ষমতা কমিয়ে দেয়।

৭.৫.২ দুর্যোগের ঝুঁকি

দুর্যোগ যেমন বন্যা, ঘূর্ণিঝড় অথবা ভূমিধ্বসের সময় গরীব বস্তিবাসীদের আয় কমে যায়। ভূমিধ্বস অথবা নদীভাঙ্গনের ফলে তাদের অস্থায়ী ঘরবাড়ি গুলো ধ্বংস হয়ে যায় এবং তাদের জীবনে অনিশ্চিত অবস্থা তৈরি হয়। কখনো তারা আশ্রয়হীন হয়ে পরে। নতুন করে আবাস নির্মাণ করতে তাদের আয়ের অধিকাংশই চলে যায়।

৭.৫.৩ উচ্ছেদ ঝুঁকি

অনেক দরিদ্র পরিবার সরকারি জমিতে ঘর তৈরী করে থাকে। এর ফলে তারা সর্বক্ষণ উচ্ছেদ ঝুঁকিতে থাকে। উচ্ছেদের ফলে তারা তাদের আবাস হারায়। এতে তারা গৃহহীন হয়ে পড়ে।

৭.৫.৪ কর্মহীনতার ঝুঁকি

দরিদ্রদের আয়ের ব্যাপক অনিশ্চিয়তা রয়েছে। অধিকাংশ দরিদ্র অনানুষ্ঠানিক কাজে নিয়োজিত, ফলে তারা দৈনিক আয়ের উপর নির্ভরশীল। রাজনৈতিক, সামাজিক বা প্রাকৃতিক কোন কারণে কাজ করতে না পারলে তারা দৈনিক আয় রোজগার থেকে বঞ্চিত হবে। এ ধরণের অনিশ্চয়তা থেকে পরিত্রাণ পেতে দরিদ্র মানুষরা একাধিক পেশায় দক্ষতা অর্জন করে থাকে, যাতে করে রোজগারের একাধিক দ্বার উন্মুক্ত থাকে। তারা পরিবারের সর্বাধিক সংখ্যক সদস্যকে রোজগারে নিয়োজিত রাখতে চেষ্টা করে যাতে পারিবারিক আয় ঝুঁকিতে না পড়ে। এ জন্য শিশুদেরও কাজে নিয়োগ করা হয়, ফলে শিশুরা শিক্ষা থেকে বঞ্চিত হয় এবং তারা তাদের উন্নত ভবিষ্যৎ থেকে বঞ্চিত হয়।

৭.৫.৫ অসুস্থতা ঝুঁকি

স্বাস্থ্য সচেনতার অভাব এবং নিম্ন জীবনযাত্রার মান দরিদ্রদের স্বাস্থ্য ঝুঁকিতে ফেলবে। অসুস্থ হলে দিন মজুর শ্রেণির মানুষ দৈনিক রোজগার থেকে বঞ্চিত হবে এবং তারা আরো দরিদ্র হয়ে পড়বে। সরকারি স্বাস্থ্য সেবা না পেলে দরিদ্ররা বেসরকারি স্বাস্থ্য সেবার দ্বারস্থ হবে ফলে স্বাস্থ্য ব্যয় বৃদ্ধি পাবে এবং তাদের দারিদ্র্যও বৃদ্ধি পাবে।

৭.৫.৬ জলবায়ু পরিবর্তন ঝুঁকি

যে কোন জলবায়ু পরিবর্তনের প্রধান ভূক্তভোগী দরিদ্র জনগোষ্ঠী। জলবায়ু পরিবর্তনের ফলে অধিক বৃষ্টি হবে, বন্যা হবে। দরিদ্রদের বাড়িঘর ক্ষতিগ্রস্ত হবে। বেশি দিন ক্রমাগত বৃষ্টি হলে দরিদ্ররা কাজ থেকে বঞ্চিত হবে। খরা হলে বা উষ্ণতা

বৃদ্ধি পেলে পানির চাহিদা বৃদ্ধি পাবে এবং অভাব দেখা দেবে। ভুমিকম্প হলে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হবে। দরিদ্ররা দৈনিক কাজ থেকে বঞ্চিত হবে। এভাবে যে কোন নগরে বিপর্যয় হলে দরিদ্ররা সর্বাগ্রে ক্ষতিগ্রস্ত হবে।

৭.৬ উন্নয়ন কৌশল এবং নীতিমালা

উদ্দেশ্য: নগর দরিদ্রদের জীবন জীবিকার উন্নয়ন।

কৌশল: দরিদ্রদের কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্যসেবার প্রসার এবং এলাকার পরিবেশ উন্নয়ন।

নীতিমালা:

নীতি/দারিদ্র্য-১: প্রচুর কর্মসংস্থানের জন্য শিল্পায়ন।

শহরের দরিদ্রদের জন্য প্রচুর কর্মসংস্থানের জন্য শহরে শিল্পায়ন ঘটাতে হবে।

নীতি/দারিদ্র্য-২: মালিকানাসহ দরিদ্রদের জন্য গৃহায়নের ব্যবস্থা করতে হবে।

গৃহ মালিকানা দরিদ্রদের মধ্যে সামাজিক নিরাপত্তা তৈরী করবে। গৃহের উত্তম পরিবেশ তাদের স্বাস্থ্য ভালো রাখবে এবং অধিক পরিশ্রম করতে সহায়তা করবে।

নীতি/দারিদ্র্য-৩: দুর্যোগের সময় দরিদ্রদের বিশেষ আর্থিক সহায়তা দিতে হবে।

আর্থিক সহায়তা দুর্যোগের সময় দরিদ্রদের আর্থিক সহায়তা তাদের আর্থিক দূরবস্থা থেকে উত্তরণে সহায়তা করবে।

নীতি/দারিদ্র্য-৪: দরিদ্রদের সহজ শর্তে জামানত বিহীন ঋণের ব্যবস্থা করতে হবে।

জামানতের অভাবে আর্থিক প্রতিষ্ঠানগুলো দরিদ্রদের ঋণ প্রদান করতে চায় না। এই ধরণের ঋণ তাদের অপ্রাতিষ্ঠানিক অর্থনৈতিক উদ্যোগ গ্রহণে সহায়তা করবে।

নীতি/দারিদ্র্য-৫: উপযুক্ত বস্তিগুলোকে পৌরসভা কর্তৃক স্বীকৃতি দিতে হবে।

স্বীকৃত প্রাপ্ত বস্তি পৌরসভার সহায়তা পাওয়ার জন্য যোগ্যতা অর্জন করবে।

নীতি/দারিদ্র্য-৬: বস্তিগুলোতে ড্রেন, ফুটপাত, পানি সরবরাহ এবং বিদ্যুতের ব্যবস্থা করতে হবে।

বস্তিবাসীদের জীবন যাত্রার মান উন্নয়নের জন্য এ সমস্ত মৌলিক সুবিধা দিতে হবে।

নীতি/দারিদ্র্য-৭: মহিলা এবং পুরুষদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দিতে হবে।

এর ফলে দরিদ্রদের কাজের পরিধি বৃদ্ধি পাবে।

৭.৭ বাস্তবায়ন

দরিদ্রদের জন্য প্রস্তাবিত উন্নয়ন কৌশল এবং নীতিমালা বাস্তবায়নের জন্য নিম্ন বর্ণিত ব্যবস্থা নিতে হবে।

১. শিল্পায়ন করতে হলে যৌথ ব্যবস্থা নিতে হবে। এতে থাকবে পৌরসভা, শিল্প মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়। পৌরসভা যাবতীয় অবকাঠামো এবং সেবা সুবিধা প্রদান করবে।
২. পৌরসভা দুর্যোগকালে পৌরসভা সরকারি সহায়তায় ক্ষতিগ্রস্তদের গৃহ সহায়তা প্রদান করবে।
৩. পৌরসভা বস্তিগুলোকে স্বীকৃতি প্রদান করবে এবং রাস্তাসহ অন্যান্য অবকাঠামো সহায়তা প্রদান করবে।
৪. যুব মন্ত্রণালয় পেশাগত দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করবে।

অষ্টম অধ্যায় পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ

সূচিপত্র

৮.১ ভূমিকা ---------- ৮-১
৮.২ জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তা ---------- ৮-১
৮.৩ অংশগ্রহণের বর্তমান চিত্র ---------- ৮-১
৮.৪ বর্তমান প্রকল্পের অধীনে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা ---------- ৮-২
৮.৪.১ মতবিনিময় সভা---------- ৮-২
৮.৪.১.১ প্রথম মতবিনিময় সভা---------- ৮-২
৮.৪.১.২ দ্বিতীয় মতবিনিময় সভা---------- ৮-৫
৮.৪.১.৩ তৃতীয় মতবিনিময় সভা---------- ৮-৬
৮.৪.১.৪ চূড়ান্ত মতবিনিময় সভা ----------৮-১০
৮.৪.১.৫ ইউজিপ প্রকল্পের ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনা উপস্থাপন ও পর্যালোচনা সভা----------৮-১১
৮.৪.২ ফোকাস গ্রুপ ডিসকাশন ----------৮-১৩
৮.৪.২.১ বস্তিতে পরিচালিত ফোকাস গ্রুপ ডিসকাশন----------৮-১৪
৮.৪.২.২ ব্যবসায়ীদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন ----------৮-১৬
৮.৪.২.৩ সাংবাদিকদের সাথে পরিচালিত ফোকাস গ্রুপ ডিসকাশন----------৮-১৭
৮.৪.২.৪ কলেজ শিক্ষকদের সাথে পরিচালিত ফোকাস গ্রুপ ডিসকাশন ----------৮-১৮
৮.৪.২.৫ মেয়র, কাউন্সিলর, নগর পরিকল্পনাবিদদের সাথে পরিচালিত ফোকাস গ্রুপ ডিসকাশন----------৮-১৯
৮.৪.২.৬ জেলা পরিষদের সদস্যদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন ----------৮-২৬
৮.৪.৩ পৌরসভায় বসবাসকারীদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন ---------- ৮-২৭
৮.৪.৩.১ শিখা, একটি নিম্ন আয়ের পরিবারের গৃহিণী ----------৮-২৭
৮.৪.৩.২ মোহাম্মদ আলী, চায়ের দোকানের মালিক----------৮-২৭
৮.৫ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ও সুপারিশ সমূহ ---------- ৮-২৮
৮.৫.১ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ---------- ৮-২৮
৮.৫.২ পরামর্শ সমূহ---------- ৮-২৮
৮.৬ জনগণের অংশগ্রহণে প্রতিবন্ধকতাসমূহ----------৮-২৯
৮.৭ নীতি সুপারিশ----------৮-২৯
৮.৮ বাস্তবায়ন ---------- ৮-৩০

অষ্টম অধ্যায়
পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ

৮.১ ভূমিকা

মহাপরিকল্পনা প্রতিবেদনের অধ্যায় ৮ এ অংশগ্রহণমূলক পরিকল্পনার গুরুত্ব, সিদ্ধান্ত গ্রহণে জনগণের অংশগ্রহণের বর্তমান অবস্থা, চলতি প্রকল্পে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা, অংশগ্রহণে বাধাসমূহ এবং সবশেষে কার্যকর জন অংশগ্রহণের জন্য কিছু নীতি ও প্রস্তাবনা নিয়ে আলোকপাত করা হয়েছে।

৮.২ জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তা

বাংলাদেশ একটি গণতান্ত্রিক দেশ যেখানে একটি রাজনৈতিক দল জনগণের ভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে দেশ শাসনের দায়িত্ব নেয়। কিন্তু এখন পর্যন্ত উন্নয়ন পরিকল্পনার সকল সিদ্ধান্ত নিয়েছেন আমলা দ্বারা পরিচালিত রাজনীতিবিদগণ। এখানে উন্নয়ন প্রকল্পের সুবিধা-অসুবিধা ভুক্তভোগী জনগণের ইচ্ছা-অনিচ্ছা খুব কমই গ্রাহ্য করা হয়। অনেকদিন ধরেই উন্নয়ন পরিকল্পনা পদ্ধতিতে এরকম রীতি চলে আসছে। সাম্প্রতিক সরকার, স্থানীয় উন্নয়নে উন্নয়ন প্রকল্পের নীতি নির্ধারণ স্তরে সুবিধাভোগী জনগণের অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করছে। স্থানীয় উন্নয়ন পরিকল্পনায় কেন জনগণের অংশগ্রহণ প্রয়োজন সে ব্যাপারে যুক্তিসমূহ নিম্নে বর্ণিত হলো-

১। স্থানীয় জনগণকে একটি উন্নয়ন প্রকল্প হতে প্রাপ্ত সুবিধাসমূহ ভোগ করতে হবে। সুতরাং, যুক্তিযুক্তভাবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মতামত প্রদান তাদের অধিকার।

২। স্থানীয় জনগণ তাদের নিজেদের এলাকা সমন্ধে অধিক জানেন। তাই পরিকল্পনা প্রণয়নে তাদের মতামত অধিক গুরুত্বপূর্ণ।

৩। মাঝেমাঝে যেসব সমস্যাগুলো জনগণের অসুবিধার কারণ হতে পারে সেগুলো নিতান্ত গতানুগতিক পর্যালোচনা ছাড়াই প্রকল্পগুলো হাতে নেয়া হয় যা পরবর্তীতে অনেক সময় জনগণের মধ্যে প্রকল্পের বিরুদ্ধে অসন্তোষ তৈরি করে এবং পুরো প্রকল্পকে ঝুঁকির মুখে ঠেলে দেয়।

৪। জনগণের সাথে পূর্ব আলোচনার মাধ্যমে অনেক বিতর্কিত বিষয় মধ্যস্ততা করা যেতে পারে যা প্রকল্পকে সহজে এগিয়ে চলতে সাহায্য করে।

৮.৩ অংশগ্রহণের বর্তমান চিত্র

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ প্রচলন করার পূর্বে পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭ বিদ্যমান ছিল। এই অধ্যাদেশে পৌরসভা উন্নয়নে জনগণের অংশগ্রহণের কোনো বিধান ছিল না। প্রথমবারের মত সরকার আইনি বিধানসহ উন্নয়ন সিদ্ধান্ত গ্রহণে স্থানীয় জনগণকে জড়িত করা বাধ্যতামূলক করা হয়েছে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯, এর অনুচ্ছেদ ৫০ এ বর্ণিত আছে-

"(১) প্রতি পৌরসভায় নির্বাচিত পৌরসভা সেবামূলক ও অন্যান্য কার্যে জনগণের মতামত গ্রহণের উদ্দেশ্যে কমিটি গঠন করিবে যাহার সদস্য সংখ্যা সর্বোচ্চ পঞ্চাশ (৫০) হইতে পারিবে৷ (২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটির সভায় কর ধার্যকরণ ও আদায়সহ বিভিন্ন সেবা ও উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে সদস্যগণের মতামত ব্যক্ত করিবার সুযোগ থাকিবে৷ "

কাঠামো পরিকল্পনা

এখানে বর্ণিত আছে – (১) প্রত্যেক নির্বাচিত পৌরসভায় সেবা এবং অন্যান্য কর্মকান্ডের ব্যাপারে জনগণের মতামত নেয়ার জন্য ৫০ সদস্য (এর বেশি নয়) বিশিষ্ট একটি করে কমিটি গঠন করা হবে। (২) উপধারা (১) এর অধীনে তৈরি কমিটির মিটিং এ কর নিরূপণ ও অনুধাবন এবং পৌরসভা প্রদত্ত বিভিন্ন সেবা এবং উন্নয়ন কর্মকান্ডের ব্যাপারে সদস্যদের নিজ নিজ মতামত ব্যক্ত করার সুযোগ থাকবে।

এই নীতির আওতায় প্রত্যেক পৌরসভা নগর পর্যায়ে "নগর পর্যায়ের সমন্বয় কমিটি (টিএলসিসি)" এবং প্রত্যেকটা ওয়ার্ডে "ওয়ার্ড সমন্বয় কমিটি (ডব্লিউসিসি)" গঠন করবে। যা স্থানীয় লোকজনদেরকে একটা প্ল্যাটফর্ম প্রদান করবে যাতে করে তারা উন্নয়ন কার্যক্রম এবং সেবা প্রদানে পৌরসভাকে জবাবদিহি করতে পারে।

৮.৪ বর্তমান প্রকল্পের অধীনে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা

ইউজিপ-৩ প্রকল্পের অধীনে গৃহীত পৌরসভা মহাপরিকল্পনা প্রকল্পে চার স্তরের জনপরামর্শের ব্যবস্থা রাখা হয়েছে – এর মধ্যে তিনটি হলো প্রকল্প এলাকার জনগণের সাথে এবং একটি এলজিইডি কর্তৃপক্ষের সাথে। মাঠ পর্যায়ের আলোচনা সভাগুলো জন প্রতিনিধি সহ নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে করা হয়। ToR এর শর্তসমূহ পূরণ করে বিভিন্ন শ্রেণির অংশীদারদের সাথে বিস্তারিত নির্ধারিত দলভিত্তিক আলোচনা করা হয়। নিম্নে চলতি প্রকল্পের অধীনে সম্পাদিত জন অংশগ্রহণমূলক কার্যাবলীর সংক্ষিপ্তসার বর্ণনা করা হলো।

৮.৪.১ মতবিনিময় সভা

ToR এর নির্দেশাবলী অনুসারে পরামর্শক দল তিনটি মতবিনিময় সভা পরিচালনা করেন।

৮.৪.১.১ প্রথম মতবিনিময় সভা

মে ১০, ২০১৬ তারিখে রাঙ্গামাটি পৌরসভার সম্মেলন কক্ষে ১ম মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ আলোচনা সভার উদ্দেশ্য ছিল পৌরসভা নেতৃবৃন্দ / প্রতিনিধি / সম্প্রদায়কে তথ্য প্রদানের পাশাপাশি পরিকল্পনা প্রস্তুতির প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করা। মতবিনিময় সভাটিতে সভাপতিত্ব করেন পৌরসভার মেয়র, মোঃ আকবর হোসেন চৌধুরী। দলনেতা, নগর পরিকল্পনা বিশেষজ্ঞ এবং পরিকল্পনাবিদদের একটি দলসহ রাঙ্গামাটি পৌরসভা পরিদর্শন করেন এবং সফলতার সাথে পরামর্শ কর্মশালা সম্পন্ন করেন। সকল ওয়ার্ড কাউন্সিলর, মহিলা কাউন্সিলর, নির্বাহী প্রকৌশলী, সচিব, সহকারি প্রকৌশলী, টিএলসিসি সদস্য, সদস্য, স্থানীয় বাণিজ্যিক জনসমাজ এই সভায় উপস্থিত ছিলেন। মেয়রের উদ্বোধনী বক্তৃতা দ্বারা সভা শুরু হওয়ার পর, দলনেতা আখতার হোসেন চৌধুরী পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। এর আলোচ্য বিষয় ছিল- এই প্রকল্পের উদ্দেশ্য ও গুরুত্ব, কীভাবে এই প্রকল্প থেকে জনগণ উপকৃত হবে, কিভাবে পৌরসভা একটি উপযুক্ত মহাপরিকল্পনা প্রস্তুতিতে সাহায্য করতে পারে। সর্বশেষে তিনি রাঙ্গামাটি পৌরসভাকে নিয়ে জনগণের রূপকল্প সম্পর্কে জানতে চান; অর্থাৎ ২০ বছর পর তারা পৌরসভাকে কীরকম দেখতে চান ।



Honorable Mayor Akbar Hossain Chowdhury


Lecturer, Rangamati Government College


ADF,Champaknagar, Banarupa


Rangamati First Consultation Meeting



Team Leader, Dr. Akhter Husain Chaudhury


Councilor, Ward 6


Ex-Civil Surgeon


Ex Member of Rangamati Hill District Council


Secretary, Rangamati Press Club

স্থিরচিত্র ৮-১: ১ম আলোচনা সভা


এর পরপরই সভার অংশগ্রহণকারীদের মধ্যে প্রকল্প এবং এলাকার বর্তমান চিত্র নিয়ে একটি উনুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

৮.৪.১.১.১ সমস্যার তালিকা (১ম মতবিনিময় সভা)

উন্মুক্ত আলোচনা থেকে যে প্রধান সমস্যাগুলো উঠে আসে সেগুলো নিম্নরূপঃ

- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এবং অন্যান্য সরকারি সংগঠনের মধ্যে সমন্বয়ের অভাব
- পৌরসভা এলাকায় কোনো উন্নয়ন কর্মকান্ড ছাড়াই বাজার তহবিলের কর সংগ্রহ
- অবৈধভাবে পাহাড় কাটা
- কঠিন বর্জ্য ব্যবস্থাপনার অভাব। কাপ্তাই লেকে ময়লা ফেলার ফলে লেকের পানি দূষিত হচ্ছে।
- নিরাপদ খাওয়ার পানির অভাব
- প্রাকৃতিক প্রবাহগুলো (খাল) দখল
- পৌরসভার প্রযুক্তিগত সামর্থ্য এবং জনবলের অভাব
- বিদ্যুৎ বিভ্রাট
- যথাযথ স্যানিটেশনের অভাব
- বাস ও ট্যাক্সি টার্মিনালের অভাব
- বনরূপা এলাকায় যানজট
- রাস্তার পাশে বস্তি উন্নয়ন
- খাস জমির অবৈধ দখল

চিত্রলেখ ৮-১: অংশীদারদের দ্বারা উত্থাপিত প্রধান সমস্যাগুলো



বর্তমান অর্থনৈতিক চালিকাশক্তি

- কাঠ
- বাঁশ
- মাছ
- কৃষি
- পর্যটন এবং
- স্থানীয় বাণিজ্য

৮.৪.১.১.২ ইচ্ছা তালিকা (১ম মতবিনিময় সভা)

ভবিষ্যৎ অর্থনৈতিক চালিকা

- পর্যটন
- পর্যটন আকর্ষণীয় এলাকার সম্প্রসারণ
- পর্যটন সুযোগ-সুবিধার উন্নয়ন
- আদিবাসী দলের তাঁতবস্ত্র শিল্পের উন্নয়ন
- কাপ্তাই লেককে সম্পদ হিসেবে ব্যবহার

ভবিষ্যৎ পৌরসভা নিয়ে অংশগ্রহণকারীদের রূপকল্প

- একটি সুন্দর পর্যটন শহর
- পরিচ্ছন্ন ও পরিকল্পিত শহর
- ভিড়মুক্ত শহর
- পার্ক নির্মাণ ও উন্নয়ন, ছোট চিড়িয়াখানা
- কেন্দ্রে একটি কফি হাউজ নির্মাণ
- বিনোদনমূলক সুবিধাদি নির্মাণ
- বেকার সমস্যা সমাধানে ছোট ছোট শিল্প প্রতিষ্ঠা করা

৮.৪.১.২ দ্বিতীয় মতবিনিময় সভা

জরিপ পর্যায়ে, সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে এবং পৌরসভা এবং ওয়ার্ডের সীমানির্দেশ, বেঞ্চমার্ক পিলারের অবস্থান, চলমান জরিপ কর্মকান্ড, জরিপ থেকে প্রাপ্ত তথ্য সম্পর্কে জানতে পৌরসভা নেতাগণ, প্রতিনিধিবৃন্দ ও স্থানীয় জনগণকে নিয়ে আলোচনা ও পরামর্শ সংগঠিত হয়। জরিপ সংক্রান্ত সকল তথ্য পৌরসভার নেতাগণ/প্রতিনিধিবৃন্দ/স্থানীয় জনগণের কাছে বর্ণনা করতে এবং এর পাশাপাশি পরিকল্পনা প্রস্তুতির প্রক্রিয়ায় সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে ২য় মতবিনিময় সভাটি ২৮ ডিসেম্বর, ২০১৬ এ পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভাটিতে সভাপতিত্ব করেন পৌরসভার মেয়র আকবর হোসেন চৌধুরী। একদল পরিকল্পনাবিদসহ দলনেতা, সহকারী দলনেতা, জ্যেষ্ঠ নগর পরিকল্পনাবিদ, নগর পরিকল্পনা বিশেষজ্ঞ রাঙ্গামাটি পৌরসভা পরিদর্শন করেন এবং সফলভাবে পরামর্শ কর্মশালা পরিচালনা করেন। সকল ওয়ার্ড কাউন্সিলর, মহিলা কাউন্সিলর, নির্বাহী প্রকৌশলী, সচিব, সহকারি প্রকৌশলী, টিএলসিসি সদস্য, সদস্য, স্থানীয় বাণিজ্যিক জনসমাজ এই মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। মেয়রের উদ্বোধনী বক্তৃতা দ্বারা সভা শুরু হওয়ার পর, দলনেতা আখতার হোসেন চৌধুরী মহাপরিকল্পনার বিষয়ে একটি প্রারম্ভিক বক্তৃতা দেন। এরপর পরিকল্পনাবিদ গাজি মোহাম্মদ শাহিনুর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। এর আলোচ্য বিষয় ছিল- এই প্রকল্পের উদ্দেশ্য এবং জরিপ থেকে প্রাপ্ত তথ্যের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। এছাড়াও, তিনি বিভিন্ন জরিপ থেকে প্রাপ্ত তথ্য চিত্রলেখের মাধ্যমে উপস্থাপন করেন। সেখানে অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য ইস্তাহার, কলম এবং মন্তব্য লেখার জন্য কাগজ সরবরাহ করা হয়। অংশগ্রহণকারীদের মন্তব্য লেখার জন্য সরবরাহকৃত এই কাগজে তাদের মতামত লেখার জন্য অনুরোধ করা হয়, যাতে অংশগ্রহণকারীদের রূপকল্প, সমস্যা এবং প্রয়োজন সনাক্ত করা যায়। বিশিষ্টজনেরা তাদের রূপকল্প, অর্থনৈতিক চালিকাশক্তি, নগর দুর্যোগ ও স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন, নগর অবকাঠামো উন্নয়ন এবং স্থানীয় সুযোগ-সুবিধা নিয়ে মন্তব্য করেন। মৌখিক পরামর্শের পাশাপাশি, অনেকেই লিখিত মন্তব্য পেশ করেন।



স্থিরচিত্র ৮-২: রাঙ্গামাটি পৌরসভায় ২য় মতবিনিময় সভা


রূপকল্প বিবৃতি (২য় মতবিনিময় সভা)

১. বেশিরভাগ অংশগ্রহণকারী বলেন যে, তারা রাঙ্গামাটি পৌরসভাকে একটি পর্যটন শহর হিসেবে দেখতে চান।

২. এর পাশাপাশি তারা একটি পরিচ্ছন্ন, নান্দনিক, পরিবেশবান্ধব শহরের স্বপ্ন দেখে যেখানে সকল ধরণের আধুনিক সুযোগ-সুবিধা; যেমন- পর্যাপ্ত স্কুল-কলেজ, বিনোদন পার্ক, ভিড়মুক্ত, সাম্প্রদায়িক সম্প্রীতি বিদ্যমান থাকবে এবং সব মিলিয়ে একটি পরিকল্পিত নগর হবে।

কাঠামো পরিকল্পনা

চিত্রলেখ ৮-২: অংশীদারদের রাঙ্গামাটি পৌরসভার রূপকল্প বিবৃতি



নগর দুর্যোগ ও স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন (২য় মতবিনিময় সভা)

ভূমিধ্বস, পানির অভাব এবং বন্যা – এই তিনটি রাঙ্গামাটি পৌরসভার প্রধান দুর্যোগ। জনগণ জানান যে, বেশিরভাগ লোক পাহাড় কেটে তাদের ঘর বানান। এর ফলে বর্ষাকালে প্রবল বর্ষণে ভূমিধ্বস ঘটে। আরেকটি সমস্যা হলো বিশুদ্ধ খাওয়ার পানির অভাব। জনগণ জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত পানি সরবরাহের পাইপ অনেক বছর আগেই কিছু এলাকায় ভেঙ্গে গিয়েছে এবং কিছু দ্বীপ আছে যেখানে পাইপের মাধ্যমে সবরাহকৃত পানি এখনো পৌঁছায়নি। এর ফলে সেখানে লোকজন খাওয়ার পানির জন্য স্থানীয় নলকূপ ও লেকের পানি ব্যবহার করে থাকে। কিন্তু পানির চাহিদা এর সরবরাহ থেকে অনেক বেশি। বর্ষাকালে লেকের পানি বেড়ে যায় এবং লেক সংলগ্ন বাড়িঘর পানিতে নিমজ্জিত হয়ে যায়। এর ফলে বাসিন্দাদের কিছু সময়ের জন্য তাদের বাড়িঘর ত্যাগ করতে হয়।

অর্থনৈতিক চালিকাশক্তি (২য় মতবিনিময় সভা)

বেশিরভাগ লোক মনে করেন যে, মাছ, কাঠ, বাঁশ, কৃষি পন্য বিক্রয় এবং পর্যটন রাঙ্গামাটি পৌরসভার প্রধান অর্থনৈতিক চালিকাশক্তি। জনগণ মনে করেন যে, কৃষি পন্যের উৎপাদন ত্বরান্বিত করার জন্য সরকার থেকে কৃষকদের জন্য একটি ক্ষুদ্র ঋণের ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া, পর্যটকদের জন্য বিভিন্ন আধুনিক সুযোগ-সুবিধা প্রদান করা উচিত যাতে পর্যটন বাণিজ্যের উন্নতিসাধন হয়। বেকারত্ব দূরীকরণে সরকারের কিছু ছোট ছোট শিল্প স্থাপন করা উচিত।

৮.৪.১.৩ তৃতীয় মতবিনিময় সভা

খসড়া মহাপরিকল্পনা প্রণয়নের ধাপে, পরিকল্পনা পদ্ধতিতে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে পৌরসভার নেতা, প্রতিনিধি এবং স্থানীয় জনগণের সাথে আলোচনা ও পরামর্শ আদানপ্রদান সংগঠিত হয়। সকল ধরণের তথ্য পৌরসভার নেতাগণ/প্রতিনিধিবৃন্দ/স্থানীয় জনগণের কাছে বর্ণনা করতে এবং এর পাশাপাশি পরিকল্পনা প্রস্তুতির প্রক্রিয়ায় সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে ৩য় মতবিনিময় সভাটি ৩১ জানুয়ারি, ২০১৮ এ রাঙ্গামাটি পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সংসদ সদস্য ফিরোজা বেগম চিনু সেখানে প্রধান অতিথি হিসেবে ছিলেন। সভায় সভাপতিত্ব করেন শ্রদ্ধেয় মেয়র জনাব আকবর হোসেন চৌধুরী। একদল পরিকল্পনাবিদসহ দলনেতা, সহকারী দলনেতা, জ্যেষ্ঠ নগর পরিকল্পনাবিদ, নগর পরিকল্পনা বিশেষজ্ঞ রাঙ্গামাটি পৌরসভা পরিদর্শন করেন এবং সফলভাবে পরামর্শ কর্মশালা পরিচালনা করেন। সকল ওয়ার্ড কাউন্সিলর, মহিলা কাউন্সিলর, নির্বাহী প্রকৌশলী, সচিব, সহকারি প্রকৌশলী, টিএলসিসি সদস্য, সদস্য, স্থানীয় বাণিজ্যিক জনসমাজ এই মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। মেয়রের উদ্বোধনী বক্তৃতার মাধ্যমে সভা শুরু হওয়ার পর, শেলটেক পরামর্শক (প্রাঃ) লিঃ এর নির্বাহী পরিচালক জিনাত নাহরীন মহাপরিকল্পনার বিষয়ে একটি প্রারম্ভিক বক্তৃতা দেন। এরপর নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল মাসুদ পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে অংশীদারিদের পূর্ণ সহযোগীতায় পরামর্শক কর্তৃক প্রস্তুতকৃত সমগ্র পরিকল্পনাটি বর্ণনা করেন।

৩য় মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য ইস্তাহার, কলম এবং মন্তব্য লেখার জন্য কাগজ সরবরাহ করা হয়। অংশগ্রহণকারীদের মন্তব্য লেখার জন্য সরবরাহকৃত এই কাগজে তাদের মতামত লেখার জন্য অনুরোধ করা হয়,

যাতে অংশগ্রহণকারীদের রূপকল্প, সমস্যা এবং প্রয়োজন সনাক্ত করা যায়। বিশিষ্টজনেরা তাদের রূপকল্প, অর্থনৈতিক চালিকাশক্তি, নগর দুর্যোগ ও স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন, নগর অবকাঠামো উন্নয়ন এবং স্থানীয় সুযোগ-সুবিধা নিয়ে মন্তব্য করেন। মৌখিক পরামর্শের পাশাপাশি, অনেকেই লিখিত মন্তব্য পেশ করেন।



আখতার হুসাইন চৌধুরী, টিমলিডার



জিনাত নাহরীন, নির্বাহী পরিচালক, শেলটেক পরামর্শকস (প্রাঃ) লিঃ



আকবর হোসেন চৌধুরী, মেয়র, রাঙ্গামাটি পৌরসভা



ফিরোজা বেগম চিনু, মাননীয় সংসদ সদস্য



সুবর্ণ চাকমা, নগর পরিকল্পনাবিদ, রাঙ্গামাটি পৌরসভা



আবদুল্লাহ আল মাসুদ, নগর পরিক্লপনাবিদ, শেলটেক পরামর্শকস (প্রাঃ) লিঃ



এস. এম. মনজুরুল হক, প্রধান নির্বাহী, রাঙ্গামাটি পৌরসভা



আনোয়ার আল হক, সাধারন সচিব, রাঙ্গামাটি প্রেস ক্লাব



নারী প্রতিনিধি



সাজিদ বিন জাহিদ, সাধারন সচিব, জীবন



স্থিরচিত্র ৮-৩: রাঙ্গামাটি পৌরসভায় ৩য় মতবিনিময় সভা

৮.৪.১.৩.১ খসড়া মহাপরিকল্পনার উপর মন্তব্য ও পরামর্শ

সারণি ৮.১ খসড়া মহাপরিকল্পনার বিভিন্ন ক্ষেত্রে (অবকাঠামো, যোগাযোগ ব্যবস্থা, ড্রেনেজ, স্থানীয় সুযোগ-সুবিধা, জলাবদ্ধতা, দুর্যোগ ইত্যাদি) মন্তব্যসমূহঃ

মন্তব্যসমূহ	মন্তব্যের পুনরাবৃত্তি
বেকারত্ব ও দারিদ্র্য নিরসনের উপায়	১
উন্নয়নে তথ্য প্রযুক্তির ভূমিকা	১
হাই-টেক পার্ক নির্মাণ	১
শহর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে পৌরসভার ভূমিকা, পাবলিক টয়লেট ও বর্জ্য ব্যবস্থাপনার পদক্ষেপ	৫
তবলছড়িতে তিনটি বাজারের (মাংসের বাজার, মাছের বাজার, শাক-সবজির বাজার) দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনা	১
ভেদভেদি এলাকায় ময়লা ফেলা বন্ধ করা	১
সড়ক প্রশস্তকরণ	৬
পৌরসভায় পর্যটন স্থান শুরু করা	৭
জলাবদ্ধতা নিরসনে পদক্ষেপ গ্রহণ	৬
বর্তমান ডাম্পিং সাইটটিকে দূরবর্তী কোনো স্থানে স্থানান্তরিত করা	১

সারণি ৮.২ খসড়া মহাপরিকল্পনার জন্য পরামর্শসমূহঃ	
পরামর্শসমূহ	**মন্তব্যের পুনরাবৃত্তি**
শিশু ও প্রাপ্ত বয়স্কদের জন্য বিনোদন পার্ক নির্মাণ করা	৪
কর্মজীবী মায়েদের জন্য শিশুসদন কেন্দ্র	১
বর্তমান ড্রেনেজের উন্নয়ন	৬
শহরে রাস্তার দুইপাশে ফুটপাথের পরিকল্পনা, ভূমিধ্বস প্রবণ এলাকায় রাস্তা টেকসই ও শক্তিশালীকরণে পদক্ষেপ গ্রহণ	১০
তবলছড়ি বাজারে রাস্তার দু'পাশে বসার ব্যবস্থা তৈরির পদক্ষেপ গ্রহণ	১
ছড়িয়েছিটিয়ে থাকা বাজারকে একটি নির্দিষ্ট স্থানে স্থানান্তরিত করা	১
জোনিং ও পর্যটন এলাকা নির্ধারণ করা এবং আধুনিক সুযোগ-সুবিধাদি রাখা	৯
সকল কাঠামো তালিকাবদ্ধ করা এবং অবৈধভাবে গ্রহণকৃত ভবনসমূহ আটক করা	২
প্রত্যেক ওয়ার্ডে চিকিৎসা সেবার উন্নয়ন এবং চিকিৎসা কেন্দ্র স্থাপন	৫
প্রত্যেক ওয়ার্ডে ওয়ার্ড কমিশনারের অফিস	৫
যেসব লোকেরা পাহাড়ের নিচে বসবাস করে তাদের পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনার জন্য পদক্ষেপ গ্রহণ	৩
কলেজ গেটে ময়লা ফেলা বন্ধ করা	২
কল সেন্টার স্থাপন করা	১
গুরুত্বপূর্ণ স্থানগুলোতে পর্যটক পথপ্রদর্শক কেন্দ্র	২
বাজার এলাকায় পাবলিক টয়লেট ও নিরাপদ খাওয়ার পানির জন্য নলকূপ স্থাপন	২
প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে খেলার মাঠ	২
রাঙ্গামাটি শহরের প্রবেশমুখে পর্যটন স্থানগুলো নিয়ে বিলবোর্ড স্থাপন এবং জনাকীর্ণ এলাকায় বিলবোর্ড ও বৈদ্যুতিক বিলবোর্ড স্থাপন	২
উন্নত মানের জল চালিত যানবাহন এবং সৌর চালিত নৌযানের ব্যাপারে পদক্ষেপ গ্রহণ	২
পার্ক ও পর্যটন স্থান সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ	৩
গ্যাস লাইনের জন্য পদক্ষেপ গ্রহণ	২
পর্যটন এলাকাগুলোতে ডাস্টবিন স্থাপন এবং কঠিন বর্জ্য ব্যবস্থা উন্নয়ন	১০
পাঠাগার ও নৌ অগ্নিনির্বাপক দল	১
বায়ু কল ও সৌর উদ্যান	১
রাস্তার দু'পাশে সোডিয়াম ও LED লাইট স্থাপন	২
পৌরসভার জন্য মোবাইল অ্যাপ	১
বাজারে কসাইখানা স্থাপন	১
নৌ অ্যাম্বুলেন্স	৫
পর্যটন স্থানগুলোতে ডাইনিং ও রান্নাঘরের ব্যবস্থা করা	২
গুরুত্বপূর্ণ পর্যটন স্থানগুলোতে CCTV ক্যামেরা স্থাপন	৪
পর্যটন স্থানগুলোতে পার্কিং এর জায়গা	২
বৃক্ষরোপণ এবং রাজদ্বীপ এলাকার উন্নয়ন	১
বনরূপা-চৌমহুনী বাজারে ওভারপাস	১
কাপ্তাই হ্রদ থেকে প্রাণিকূল অপসারণ এবং এটি জৈবসারে রূপান্তর	৪
গুরুত্বপূর্ণ স্থানগুলোতে পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখা	৪
যোগাযোগ ব্যবস্থা আধুনিকীকরণ	১
পাহাড়ি জেলাগুলোর জন্য আলাদা জেলা অফিসের ব্যবস্থা করা	১
সিলেটি বাজার ও দেওয়ান বাজারে ব্রিজের ব্যবস্থা করা	১

৮.৪.১.৪ চূড়ান্ত মতবিনিময় সভা

মহাপরিকল্পনা প্রণয়নের চতুর্থ ও চূড়ান্ত মতবিনিময় সভা ২৬ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি. এলজিইডির আরডিইসি ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়, সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব খন্দকার আলী নূর, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এলজিইডি, আইসিটি বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আহসান হাবিব, সভাপতির ভূমিকা পালন করেন ইউজিপ-৩ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব এ.কে.এম. রেজাউল ইসলাম এবং সভায় উপস্থাপকের ভূমিকা পালন করেন প্রকল্প ব্যবস্থাপক জনাব জনাব মোঃ শামসুল ইসলাম, সাবেক প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ নাজমুল হাসান চৌধুরী সভায় আরো উপস্থিত ছিলেন ইউজিপ-৩ ডিপিএইচই এর প্রকল্প ব্যবস্থাপক জনাব খাঁন মোঃ গোলাম রাব্বানী। রাঙ্গামাটি পৌরসভার পক্ষ থেকে উপস্থিত ছিলেন পৌরসভার নির্বাহী প্রকৌশলী মোঃ আতিকুর রহমান, সচিব সুমন চৌধুরী, পৌরসভার নগর পরিকল্পনাবিদ সুবর্ণ চাকমা, বস্তি উন্নয়ন কর্মকর্তা মোঃ রেজাউল ইসলাম, যোগাযোগ ও অবকাঠামো উন্নয়ন কমিটির সভাপতি মোঃ করিম আকবর।

মহাপরিকল্পনা প্রণয়নের নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান শেলটেক কনসালন্ট্যান্টস (প্রাঃ) লিঃ এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন টিম লিডার ড. আখতার হোসেন চৌধুরী, ডেপুটি টিমলিডার ও নির্বাহী পরিচালক জীনাত নাহরিন, শেলটেক কনসালন্ট্যান্টস (প্রাঃ) লিঃ এর ব্যবস্থাপক আনিসুর রহমান, পরিকল্পনাবিদ গাজী মোঃ শাহিনুর, পরিকল্পনাবিদ আব্দুল্লাহ আল মাসুদ, পরিকল্পনাবিদ সুদীপ্ত চৌধুরী, পরিকল্পনাবিদ তৌহিদুল ইসলাম এবং পরিকল্পনাবিদ সুজানা হক।

সভার বিস্তারিত কার্যবিবরণী রিপোর্টের পিছনে পরিশিষ্টে দেয়া হয়েছে।



স্থিরচিত্র ৮-৪: চূড়ান্ত মতবিনিময় সভা

৮.৪.১.৫ ইউজিপ প্রকল্পের ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনা উপস্থাপন ও পর্যালোচনা সভা

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন তৃতীয় নগর পরিচলন ও অবকাঠামো উন্নয়ন (সেক্টর) প্রকল্প (ইউজিপ-৩) এর আওতায় ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনার উপস্থাপন ও পর্যালোচনা সভা বিগত ১৫ এপ্রিল, ২০১৯ ইং তারিখ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের লেভেল ৪ এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ডেভেলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিঃ ও শেলটেক কনসালটেন্টস (প্রাঃ) লিঃ পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে উপস্থিত ছিলেন। সভার প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ আবুল কালাম আজাদ। সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), প্রকল্প প্ররিচালক, ইউজিপ-৩, প্রকল্প প্ররিচালক, সিটিইআইপি, প্রকল্প প্ররিচালক, সিআরডিপিএল, প্রকল্প প্ররিচালক, ইউটিএমআইডিপি, প্রকল্প প্ররিচালক, ১৯ পৌরসভা, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, চাঁপাইনবাবগঞ্জ, শেরপুর, মেহেরপুর, মৌলভীবাজার পৌরসভার মাননীয় মেয়র মহোদয়বৃন্দ ও তাদের প্রতিনিধি, নির্বাহী প্রকৌশলী বৃন্দ, শহর পরিকল্পনাবিদগণ, প্রফেসর, আইডব্লিউএফএম, বুয়েট, প্রফেসর, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বুয়েট ও প্রফেসর, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, পরিচালক, সিজিআইএস মহাকরিকল্পনা প্রণয়নে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ, আন্তর্জাতিক সংস্থার কর্মকর্তাবৃন্দ, সিজিআইএস এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং মহাপরিকল্পনা প্রকল্পের বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ সভায় উপস্থিত ছিলেন। সভার উল্লেখযোগ্য বিষয়গুলো নিচে তুলে ধরা হলো,

- সড়কের মানদন্ডের ক্ষেত্রে যেসব সড়কের প্রস্থ বাড়াতে অনেক কাঠামো ভাঙ্গতে হবে সেখানে মানদন্ড না মেনে নতুন মান নেয়া হয়েছে।
- ভবিষ্যৎ মহাপরিকল্পনা প্রণয়নে ডিজিটাল এলিভেশন মডেল (ড্যাম) অন্তর্ভুক্ত করার ব্যপারটি বিবেচনা করা হয়।
- আলোচনার মূল বিষয় হল আগের মহাপরিকল্পনায় যা বলা নাই ভবিষ্যত মহাপরিকল্পনা প্রণয়নে তা অন্তর্ভুক্ত করা।
- ভবিষ্যতে জলবায়ু পরিবর্তনের কথা বিবেচনা করে পরিকল্পনা করতে হবে।
- ড্রেনেজ পরিকল্পনায় সাব ক্যাচমেন্ট এর কথা না থাকলে তা বলতে হবে এবং গতিপথ গুলো চিহ্নিত করে দিতে হবে।
- সুয়ারেজ এর বর্জ্য এবং ড্রেনেজ লাইন একই হওয়া যাবেনা।
- ইউজিপ-১ এ ড্রেনেজ মহাপরিকল্পনা করা হয়েছিল যা বর্তমানে কিছুটা পরিবর্তন করে কাজ করা লাগছে।
- এক্ষেত্রে বেজলাইন ডাটা যদি তৈরি করা যায় তাহলে পরিকল্পনা কিছুটা পরিবর্তনের সময় যেই বিষয় নিয়ে কাজ করা হয় শুধু তার জন্য জরিপ করলেই হবে। এ বিষয়ে নীতি প্রণয়ন করা যায়।
- এলজিইডির কাছে যে ডাটাগুলো রয়েছে তা কেনো সবার ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেয়া হচ্ছে না। তা উন্মুক্ত করে দিলে যারা গবেষণা করেন তারা তা ব্যবহার করতে পারে এবং তা আপডেট করতে পারে তাতে করে এলজিইডি আরো উপকৃত হবে।
- অনেক পৌরসভায় ইউজিপ-১ এ ড্রেনেজ মাস্টার প্ল্যান করা হয়েছে কিন্তু পরিবর্তিতে প্ল্যান করার সময় ড্রেনের আউটফলগুলো চিহ্নিত করে রাখা হয় নাই ফলে লোকজন আউটফলের জায়গায় বাড়িঘর বা অন্যান্য কাজ করছে যা পানি প্রবাহে বাধা প্রদান করে। প্ল্যানের এই সংঘর্ষিকতার জন্য অনেক জায়গায় সমস্যা হচ্ছে। মানে আগের প্ল্যানের অনুসরণ করা হয় না।
- ডাটা শেয়ারিং- একাডেমীয়ান ও পেশাদার ব্যক্তির মধ্যে তথ্য শেয়ার করা গেলে পরিকল্পনা প্রণয়নের ভুল ত্রুটি সমাধান করা যায়। এক্ষেত্রে তথ্য ব্যাংক তৈরি করতে হবে।
- পরিকল্পনাটিকে আরো ভালো ভাবে করার জন্য আমাদের সবার সাথে ডাটার শেয়ারিং করতে হবে এবং সরকারি কাজে প্রয়োজনে ডাটা সংগ্রহ করতে ভর্তুকি দিতে হবে।

- প্রয়োজনে সিজিআইএস, সার্ভে অফ বাংলাদেশ, অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক যেকোন সংস্থা থেকে থেকে ডাটা সংগ্রহ করা যেতে পারে।
- এই সকল ডাটা সংগ্রহ করতে কোন আইনি জটিলতা বা আর্থিক বিষয়গুলোও দেখতে হবে।
- ডাটা সংগ্রহ থাকলে যেসকল প্রতিষ্ঠান পরিকল্পনা প্রণয়ন করে তারা এলজিইডির কাছ থেকে ডাটা সংগ্রহ করে ড্যাম তৈরি করতে পারবে যা তাদের ড্রেনেজ নেটওয়ার্ক তৈরিতে অনেক সহায়ক হবে পাশাপাশি তা বাস্তবায়ন করাও সহজ হবে।
- মহাপরিকল্পনা প্রণয়নের পরবর্তী ধাপ হল তা বাস্তবায়ন। এক্ষেত্রে কোন কাজগুলো অগ্রাধিকার পাবে এবং তার প্রেক্ষিতে যেসব জমি অধিগ্রহণ করতে হবে তা এখনিই সিদ্ধান্ত নিতে হবে।
- প্রাথমিক ড্রেন এর ক্ষেত্রে খোলা ড্রেন ও পাইপ ড্রেনের বিষয়টি নিয়ে আরও চিন্তা করতে হবে। প্রকৌশলীদের ড্রেনের গুণগত মান সঠিক রাখা নিশ্চিত করতে হবে।
- পেশাদার ব্যক্তিদের নিয়ে পিয়ার রিভিউ গ্রুপ করতে হবে।
- বিভিন্ন কাজের জন্য বাস্তবায়ন সংস্থা আলাদা করে দিতে হবে, সব দায়িত্ব পৌরসভার না।
- ১০/১৫/২০ বছরে পৌরসভার সম্ভাবনা চিন্তা করে পরিকল্পনা করতে হবে।
- সরকার মনুষ্য বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আইন করেছে। কিন্তু ব্যবস্থাপনা কীভাবে হবে সেটা মহাপরিকল্পনায় থাকতে হবে।
- সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট, লিকুইড স্লাজ ম্যানেজমেন্ট এই বিষয়গুলো TOR এ থাকা উচিত এবং সেই অনুযায়ী বাজেট করা উচিত।
- ড্রেনেজ মাস্টার প্ল্যান করতে গেলে ডিটেইল ক্যাচমেন্ট এরিয়া দেখানো উচিত।
- ড্রেনেজ নেটওয়ার্ক করতে গেলে রিজিওনাল কানেক্টিভিটি দেখানো প্রয়োজন।
- পরিকল্পনা বাস্তবায়ন করতে হলে পৌরসভার আর্থিক ও দক্ষ লোকবল বৃদ্ধি করতে হবে।
- পৌরসভায় নগর পরিকল্পনাবিদ থাকা আবশ্যক।

সভার বিস্তারিত এই প্রতিবেদনের পরিশিষ্ট অধ্যায়ে সংযুক্ত করা হয়েছে।



স্থিরচিত্র ৮-৫: সভার উপস্থিতি

৮.৪.২ ফোকাস গ্রুপ ডিসকাশন

বেসলাইন জরিপ ব্যতীত আরও বিস্তারিত তথ্য সংগ্রহ করতে পৌরসভার সহযোগিতায় স্থানীয় অংশীদারদের (জনগণের প্রতিনিধি, পেশাদারি, স্থানীয় বাণিজ্য সংগঠন এবং মূল ও জ্ঞানী ব্যক্তিবর্গ) অংশগ্রহণ নিশ্চিত করে কিছু ফোকাস গ্রুপ ডিসকাশন পরিচালনা করা হয়েছে। ফোকাস গ্রুপ ডিসকাশন থেকে প্রাপ্ত প্রধান প্রধান ভবিষ্যৎ প্রত্যাশাগুলো নিম্নরূপঃ

- ❖ পর্যটন শহর
- ❖ পর্যটন আকর্ষণীয় এলাকার সম্প্রসারণ
- ❖ পর্যটন সুযোগ-সুবিধা উন্নত করা
- ❖ আদিবাসী দলের তাঁত বস্ত্র শিল্পের উন্নয়ন
- ❖ কাপ্তাই লেককে সম্পদ হিসেবে ব্যবহার

কাঠামো পরিকল্পনা

কিছু ফোকাস গ্রুপ ডিসকাশনের বিস্তারিত নিম্নরূপঃ

৮.৪.২.১ বস্তিতে পরিচালিত ফোকাস গ্রুপ ডিসকাশন

৮.৪.২.১.১ রসুলপুর বস্তি, ওয়ার্ড নং- ৭

তারিখ : **৮ মার্চ, ২০১৭**
স্থান : **রসুলপুর বস্তি**

এলাকা ও জনগণের বর্ণনা

রসুলপুর বস্তিতে প্রায় ৩৮০ এর মতো পরিবার বাস করে। বস্তির পরিবেশ খুবই খারাপ। বস্তিতে যাওয়ার রাস্তাটা খুব সরু। আগুন লাগলে ফায়ার সার্ভিস আসে না। অ্যাম্বুলেন্স আসতে পারে না। অধিকাংশ লোকই লেকের পানি ব্যবহার করে। পৌরসভা থেকে ১-২ টা ডীপ টিউবওয়েল বসিয়ে দেয়া হয়েছে। সেখান থেকে খাবার পানি পাওয়া যায়। আগে লেকের থেকে খাবার পানি সরবরাহ করতে হতো। গৃহস্থালি বর্জ্য লেকে ফেলা হয়। স্যানিটেশন এর অবস্থা খুবই খারাপ। সবার জন্য কমন টয়লেট। তবে কিছু কিছু ফ্যামিলির আলাদা টয়লেট আছে। এলাকার অধিকাংশ ছেলেমেয়ে ই স্কুল এ যায়। স্বাস্থ্য সেবার অবস্থা খুব বেশি ভালো না। পৌরসভা বা কোন এনজিও থেকে স্বাস্থ্য সেবা প্রদান করে না। মাসে দুই একবার



আসে সূর্যের হাসি ক্লিনিক থেকে এসে প্রাথমিক সেবা প্রদান করে যায় তবে বড় কোন চিকিৎসা সেবা প্রদান করে না। প্রেশার মাপা, বাচ্চাদের সাধারন রোগের সেবা যেমন সর্দিজ্বর, ভ্যাকসিন দেয়। হটাৎ কেউ অসুস্থ হলে গাড়ি বা অ্যাম্বুলেন্স পাওয়া যায় না। এখানে অধিকাংশ ঘর ই কাঠ এবং টিনের তৈরি। এখানে অধিকাংশ লোক ই দিনমজুর। অনেকে সিএনজি চালায়, ট্রাক চালায়। মেয়েরা এখানে সেলাই মেশিন এ কাজ করে। অনেকে আবার তাঁত, ব্লক, বুটিক, কাপড়ে রং করা, ঝুড়ি সেলাই এর কাজ করে। তবে তারা সেই হিসেবে মার্কেট এ দাম পায় না। এদের অধিকাংশ জমিই দখলদার দের কাছ থেকে নগদ অর্থের বিনিময়ে ক্রয় করা। সেই অর্থে তারা দাবি করে এটা তাদের মালিকানা সম্পত্তি। দখলদারদের কাছ থেকে তারা প্রতি শতক জমি ৩ লক্ষ টাকা দামে কিনে নিয়েছে। বর্ষার সময় যখন লেকের পানি ১২০ ফিট এর উপরে উঠে যায় তখন তাদের বসতবাড়ি পানিতে তলিয়ে যায়। রসুলপুর বস্তিতে অধিকাংশ পরিবারই বিভিন্ন বেসরকারি সংস্থা থেকে অল্প সুদে ঋণ গ্রহণ করে। বেসরকারি সংস্থাগুলোর মধ্যে গ্রামীণ ব্যাংক অন্যতম। গ্রামীণ ব্যাংক এখানে লোণ দেয় খুব কম ইন্টারেস্ট রেটে। গ্রামীণ ব্যাংক থেকে ১০ হাজার টাকা নিলে সুধ সহ ১ বছর পর ১১ হাজার টাকা শোধ করতে হয়। মোট ৪০ তা কিস্তিতে টাকা শোধ করতে হয়। গ্রামীণ ব্যাংক থেকে অনেক সুযোগ সুবিধা পাওয়া যায়। পরামর্শক টিম এসকল দরিদ্র পরিবারের কিছু মহিলা সদস্যের সাথে তাদের জীবনের নানারকম সমস্যা নিয়ে দীর্ঘ আলোচনা করেন।

আসমা বেগম এই বস্তির একজন বাসিন্দা তিনি দীর্ঘদিন ধরে এখানে বাস করছেন। তার বয়স ৩৮ বছর। তার এক ছেলে এবং এক মেয়ে। মেয়ের বয়স ২১ বছর এবং তার বিয়ে হয়ে গেছে তবে এখন পড়ালেখার জন্য বাবা মায়ের সাথে থাকে। মেয়ে রাঙ্গামাটি কলেজে অনার্স ৩য় বর্ষে পড়ে। আর ছেলের বয়স ১৯ বছর। ছেলে ও অনার্স ১ম বর্ষে পড়ালেখা করে। তারা এইখানে প্রায় ২৫-২৬ বছর ধরে বসবাস করে। তার আদি নিবাস চট্টগ্রাম এর বোয়ালখালিতে। তাদের আগে অবস্থা খুব খারাপ ছিল কিন্তু এখন একটা মুদি দোকান আছে যেখান থেকে প্রতিদিন প্রায় ২০০-৩০০ টাকা আয় হয়। দোকানে লোকদের অনেক বাকি দিতে হয়। এবং লোকজন বাকির টাকা পরিশোধ করতে চায় না। তার স্বামী একজন দিনমজুর। তার মাসিক আয় আনুমানিক ৮ থেকে ১০ হাজার টাকার মতো।

পূরবি বড়ুয়া রসুলপুর বস্তির একজন বাসিন্দা। তার বয়স ২৬ বছর। তার এক ছেলে এবং এক মেয়ে। বড় ছেলের বয়স ১১ বছর। এবং মেয়ের বয়স ৭ বছর। ছেলে পঞ্চম শ্রেণীতে পড়ালেখা করে। সে যখন দশম শ্রেণীর ছাত্রী তখন তার বিয়ে হয়ে যায়। বাবা মারা যাবার কারণে মা বিয়ে দিয়ে দিছে। তার বাবার বাড়ি রাউজান আর স্বামীর বাড়ি হাটহাজারী। তার

স্বামী একজন ট্রাক ড্রাইভার। স্বামীর কাজের জন্য তাদের কে রাঙ্গামাটিতে থাকতে হয়। আগে অন্য জায়গায় ছিল কিন্তু এখন এখানে জায়গা নিয়ে থাকে। তিনি নিজে টেইলারিং এর কাজ করে। তবে এখান থেকে নির্দিষ্ট কোন আয় হয় না। আশেপাশের প্রতিবেশীদের কাজ করে দেয় এতে তার মাসে ২০০০ টাকার মতো আয় হয়। স্বামীর একটা মিনি ট্রাক আছে তাতে থেকে তার মাসে আনুমানিক ১৫ হাজার টাকার মতো আয় হয়।



তাসলিমা আক্তার এই বস্তির একজন বাসিন্দা। তার বয়স ২৭ বছর। তাদের পরিবারে মোট সদস্য সংখ্যা ৪ জন। তার এক ছেলে এবং এক মেয়ে। মেয়ের বয়স ৯ এবং ছেলের বয়স সাড়ে ৪ বছর। মেয়ে এখন স্কুল এ যায় এবং ছেলেকে ও আগামী বছর স্কুলে দিবে। তিনি এসএসসি পাশ করে এইচএসসি তে ভর্তি হয়ে ১ম বর্ষ পর্যন্ত পড়ালেখা করেছেন। তারপর বিয়ে হয়ে যায়। তার স্বামী বিল্ডিং এর সাব কন্ট্রাকটার, তার আনুমানিক আয় মাসিক ১৫ হাজার টাকার মতো। তিনি তার পরিবার নিয়ে একটা ভাড়া বাসায় বসবাস করে যেখানে তার প্রতি মাসে ২৫০০ টাকা বাসা ভাড়া দিতে হয়। তিনি আগে হেলথ এডুকেটর ছিলেন। কিন্তু এখন টিউশনি করেন। তাতে তার মাসে ৫ থেকে সাড়ে ৫ হাজার টাকার মতো আয় করেন।

রুমা আক্তার এখানে দীর্ঘদিন ধরে বসবাস করেন। তার বয়স ৩৮ বছর। তিনি ডিগ্রী পর্যন্ত পড়ালেখা করেছেন। তার পরিবারে সদস্য সংখ্যা মোট ৪ জন। তার এক ছেলে এবং এক মেয়ে। তার ছেলের বয়স ১৫ বছর এবং মেয়ের বয়স ১৩ বছর। ছেলে দশম শ্রেণি এবং মেয়ে অষ্টম শ্রেণিতে পড়ালেখা করে। তার স্বামী সেনাবাহিনীতে চট্টগ্রাম এ কর্মরত আছেন। এখানে জায়গা দখলদার দের কাছ থেকে জায়গা ক্রয় করে বসবাস করেন। তিনি এখানে ১০ বছর ধরে বসবাস করতেছেন। তিনি টেইলারিং এর কাজ করেন কিন্তু এখানে তেমন কোন সুযোগ নাই।



জয়নাথ বেগম রসুলপুর বস্তির প্রাইমারী গ্রুপের একজন সভানেত্রী। তার বয়স ৩৯ বছর। তিনি এসএসসি পাশ। তার ১৮ বছর বয়সে বিয়ে হয়ে যায়। তিনি দীর্ঘদিন ধরে এখানে বসবাস করছেন। তার পরিবারের সদস্য সংখ্যা ৪ জন। তার এক ছেলে এবং এক মেয়ে। ছেলের বয়স ১৮ বছর, এইবার এইচএসসি পরিক্ষা দিবে। মেয়ে এইবার এসএসসি পরিক্ষা দিয়েছে। স্বামী ব্যবসা করে। পৌরসভাতে একটা মুদি দোকান আছে। এই এলাকায় আছে প্রায় ১০-১১ বছর ধরে। তিনি নিজে সূর্যের হাসি ক্লিনিকের কমিউনিটি ফিল্ড ওয়ার্কার হিসেবে কাজ করেন তাতে টাকে সম্মানি হিসেবে মাসে ৬০০ টাকা দেয়া হয় আর নিজে আলাদা ২০০০-২৫০০ টাকার মতো আয় করেন। স্বামী মাসে ২০ থেকে ২৫ হাজার টাকার মতো আয় করেন।

মন্তব্য

বর্তমানে রসুলপুর বস্তি এলাকার লোকদের সবচেয়ে বড় সমস্যা হলো ঘন বসতি। এবং রাস্তাঘাট এর বড়ই অভাব। এলাকার একমাত্র যে রোড প্রয়োজনের তুলনায় অনেক সরু। ফলে দেখা যায় জরুরী প্রয়োজনে ফায়ার সার্ভিস বা অ্যাম্বুলেন্স প্রবেশ করতে পারে না। জরুরী প্রয়োজনে সিএনজি ডেকে আনলেও তারজন্য ও অনেক ভোগান্তির সম্মুখিন হতে হয়। এখানে যেহেতু অধিকাংশ ঘরবাড়ি লেকের উপর তৈরি। তার দাবি করে যে এই জমি গুলো তাদের নিজেদের এবং তাদের মধ্যে অনেকে জমি অনেক চড়া দামে দখলদার দের কাছ থেকে ক্রয় করে নিয়েছেন এবং জমির দাম বর্তমানে প্রতি শতাংশ তিন লক্ষ টাকার অধিক। তারা যে লেকের উপরে কাঠের খুঁটি দিয়ে ঘর তৈরি করেছেন তা বর্ষার মৌসুমে খুবই ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকে। বর্ষার মৌসুমে জলাবদ্ধতার মতো সমস্যা হয়। এখানে মশার ও উপদ্রব আছে। এখানে

মাঝে মাঝে পাহাড়িদের সাথে সমস্যা হয়। এখানে সবচেয়ে বেশি প্রয়োজন যে জিনিসটা তা হল যথাযথ স্যানিটেশন এর ব্যবস্থা করা। পৌরসভা থেকে ময়লা নেয়ার জন্য কোন ব্যবস্থা নাই ফলে দেখা যায় অধিকাংশ লোকজন তাদের নিত্য উৎপাদিত ময়লা লেকে ফেলছে। এখানে অধিকাংশ লোকজনের নিজস্ব টয়লেট আছে। তবে যারা ভাড়া থাকে তাদের কমন টয়লেট ব্যবহার করতে হয়। সবার টয়লেটই রিং বসানো এবং পরিষ্কার করানোর জন্য পৌরসভা থেকে কখন ব্যবস্থা গ্রহণ করা হয় না। তাদের খাওয়ার জন্য পৌরসভা থেকে ২-১ টা গভীর নলকূপ বসিয়ে দেয়া হইছে কিন্তু গৃহস্থালীর কাজের জন্য তাদের লেকের পানি ব্যবহার করতে হয়। গরম কালে যখন পানি কমে যায় তখন অনেক সমস্যা হয়। বিভিন্ন সময় অনেক পানি বাহিত রোগ হয় তবে তার জন্য নিজেদের অনেক সচেতন ভাবে চলাফেরা করতে হয়।

এখানে অধিকাংশ মহিলারাই শিক্ষিত, সবাই এখন শিক্ষার ব্যাপারে গুরুত্ব প্রদান করে। বয়স্ক মহিলা ছাড়া প্রায় সবাই কম বেশি পড়ালেখা জানে। বয়স্কদের শিক্ষার জন্য ও ইসলামিক ফাউন্ডেশন থেকে ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। এখানে কমবেশি সবাই শিক্ষিত এবং তাদের সবার ছেলেমেয়েই স্কুলে যায়। তবে তাদের এলাকার আশেপাশে কোন প্রাইমারী স্কুল নাই ছেলেমেয়েদের অনেকখানি রাস্তা পাড় হয়ে স্কুলে যেতে হয়। এখানে মেয়েদের কর্মসংস্থান এর কোন ব্যবস্থা নাই। ফলে দেখা যায় অনেকেই পড়ালেখা করে কিছু করতে পারছে না। তাদের জন্য টেইলরিং, ব্যাগ বানানো, নকশী কাঁথা বানানো, ব্লক, পুতির কাজ, বুটিক এর কাজ এর ব্যবস্থা করলে তারা উপকৃত হবে।

৮.৪.২.২ ব্যবসায়ীদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

৮.৪.২.২.১ বাণিজ্য ও শিল্প অধিদপ্তরের সদস্যদের সাথে ফোকাস গ্রুপ ডিসিকাশন

তারিখ : ৯ মার্চ, ২০১৭
স্থান : বাণিজ্য ও শিল্প অধিদপ্তর, রাঙ্গামাটি পৌরসভা

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

রাঙ্গামাটি বাণিজ্য ও শিল্প অধিদপ্তরের অংশগ্রহণকারী সদস্য এবং পরিচালকের আগমনের সাথে সাথেই ১০:৩০ এ ফোকাস গ্রুপ ডিসকাশন শুরু হয়। অংশগ্রহণকারীরা বিভিন্ন মন্তব্য করেন এবং বিভিন্ন সমস্যা; যেমন- স্থানীয় অর্থনীতি, বাণিজ্য, ভূমি ও প্রশাসন নিয়ে তাদের মতপ্রকাশ করেন। ফোকাস গ্রুপ থেকে প্রাপ্ত মন্তব্য ও মতামতসমূহ নিম্নরূপঃ

রাঙ্গামাটিকে অবশ্যই একটা পর্যটন শহর হিসেবে গড়ে তুলতে হবে।

- ব্যবসায়িক দিক থেকে পর্যটন কে তৃতীয় অর্থনৈতিক খাত হিসেবে ঘোষণা করতে হবে।
- অনেক টুরিস্ট আসে রাঙ্গামাটি তে মাস্টার প্ল্যান করতে হবে এমন ভাবে যেন তা অবশ্যই পর্যটন বান্ধব হয়।
- সরকার পর্যটন শিল্পে উন্নয়ন করবে সেদিকে না তাকিয়ে থেকে নিজেদের ই উন্নয়ন করতে হবে।
- পর্যটন শিল্পে দীর্ঘ মেয়াদি পরিকল্পনা করতে হবে।
- রাঙ্গামাটি তে একটা বোট ক্লাব হবে। গুলশান, চট্টগ্রাম এর পরে রাঙ্গামাটি তে দেশের ৩য় বোট ক্লাব গড়ে উঠবে। যা পর্যটন শিল্পকে আরও উন্নয়ন করবে।
- রিজার্ভ বাজার সহ শহরের বিভিন্ন ব্যস্ততম জায়গা গুলোতে পাবলিক টয়লেট করে দিতে হবে। তবে তাতে এমন সুযোগ সুবিধা থাকতে হবে যাতে করে লোকজন টয়লেট ব্যবহার করতে স্বাচ্ছন্দ্যবোধ করে। তারজন্য কিছু কিছু জায়গায় সেন্ট্রাল এসি করে দেয়া যেতে পারে।
- পাবলিক টয়লেট এর জায়গা আগে থেকে নির্ধারণ করা আছে। শহরের ২৪ জায়গায় পাবলিক টয়লেট করার জন্য জায়গা নির্ধারণ করা আছে তবে তা দখল হয়ে গেছে এগুলো দখল মুক্ত করতে হবে।



- লেকের ভিতর এ অনেক দ্বীপ আছে যেগুলো পর্যটক দের অনেক আকর্ষণ করে তবে তাতে যেতে হলে বোটে করে যেতে হয়। মেইন ল্যান্ড থেকে ঐ দ্বীপ গুলোতে যেতে ক্যাবল কার করে দেয়া যেতে পারে।
- আগে তবলছরি থেকে রিজার্ভ বাজার পর্যন্ত গার্ড ওয়াল ছিল ঐটার উপর দিয়ে হেটে যাওয়া যেত এখন ঐ ওয়াল টা দখল হয়ে গেছে। লেকের পাশ দিয়ে একটা ওয়াক ওয়ে করে দেয়া যেতে পারে।
- লেকটা কে রক্ষা করতে হলে লেকের পাশের লোকগুলোকে পুনর্বাসন করতে হবে।
- লেক এর কর্নার গুলোতে পরিকল্পিতভাবে ফিশিং এবং ফিস প্রসেসিং করার ব্যবস্থা করা যেতে পারে।
- ছোট পরিসরে কিছু ডেইরি ফার্ম হতে পারে।
- যেহেতু রাঙ্গামাটিতে প্রচুর পরিমানে আনারস, আম, কাঁঠাল হয় সেহেতু এখানে একটা ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিাল জোন করা যেতে পারে।

৮.৪.২.২.২ তবলছড়ি বাজারের ব্যবসা মালিক সমিতির সদস্যদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

তারিখ : **৮ মার্চ, ২০১৭**
স্থান : **তবলছড়ি বাজার, রাঙ্গামাটি পৌরসভা**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা



১. ইন্ডাস্ট্রি করতে গেলে পাহাড়িদের কে চাঁদা দিতে হয় যার কারণে লোকজন এখানে বিনিয়োগ করতে চায় না। সরকারকে বিনিয়োগ এর পরিবেশ তৈরি করে দিতে হবে তাহলে অনেক লোকজনই এখানে বিনিয়োগ করবে। পাহাড়িদের কে দোকান প্রতি বাৎসরিক একটা চাঁদা দিতে হয়।
২. বাজারের ভবনগুলো সেই পাকিস্তান আমলের এগুলো খুবই ঝুঁকিপূর্ণ। এগুলো ভেঙ্গে নতুন করে করতে হবে।
৩. বাজার এর যে রাস্তাটা আছে তার অবস্থাও খুব খারাপ শুধু মাঝে মাঝে কার্পেটিং করা হয়। রাস্তাটা পুনঃনির্মাণ করা প্রয়োজন।
৪. যথেষ্ট পাবলিক টয়লেট নেই যা আছে তাও ব্যবস্থাপনার অভাবে খুবই খারাপ অবস্থা।
৫. তবলছরি কেন্দ্রীয় জামে মসজিদ এর পাশে বিশাল ফাঁকা জায়গা আছে ঐখানে একটা মার্কেট করে দেয়া যায়। কিছু গার্মেন্টস ফ্যাক্টরি, টেক্সটাইল ফ্যাক্টরি হওয়া দরকার।
৬. আমাদের এখানে প্রচুর পরিমানে আম, কাঁঠাল, আনারস, পেঁপে ও কলা উৎপাদন হয় আমরা এগুলোকে সংরক্ষণ বা প্রসেস করার কোন ব্যবস্থা নাই। এখানে একটা কোল্ড স্টোরেজ দরকার। যেহেতু এখানে অনেক ফল উৎপাদন হয় সেহেতু একটা ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিয়াল জোন করে দেয়া যেতে পারে।
৭. কসাইখানা দরকার প্রতিটি বাজার এ- একটা কেন্দ্রীয় কসাইখানা করে দিলে ভালো হয়।
৮. বনরুপা, রিজার্ভ বাজার এ কোন পাবলিক টয়লেট নাই। এইসব জায়গায় পাবলিক টয়লেট করে দিতে হবে।
৯. লোকাল লোকদের জন্য বিনোদনের কোন জায়গা নাই। পর্যাপ্ত খেলার মাঠ, পার্ক নাই। খেলার মাঠ, পার্ক যা আছে তার অবস্থা খুবি খারাপ এগুলোর সংস্কার করা প্রয়োজন।
১০. তবলছড়িতে একটি পেট্রোল রিফিলিং স্টেশন আছে।
১১. জরুরী ভিত্তিতে সিএনজি পার্কিং এর জন্য একটা স্ট্যান্ড দরকার। পাবলিক টয়লেট এর পাশে লেক ভরাট করে সিএনজি স্ট্যান্ড করা যায় অথবা থানার সামনে একটা মাঠ আছে ঐখানেও করা যায়।

কাঠামো পরিকল্পনা

৮.৪.২.৩ সাংবাদিকদের সাথে পরিচালিত ফোকাস গ্রুপ ডিসকাশন

তারিখ : ৮ মার্চ, ২০১৭
স্থান : রাঙ্গামাটি প্রেস ক্লাব, রাঙ্গামাটি পৌরসভা

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা



অল্পসংখ্যক অংশগ্রহণকারী নিয়ে রাঙ্গামাটি প্রেস ক্লাবের ফোকাস গ্রুপ ডিসকাশন অনুষ্ঠিত হয়। রাঙ্গামাটি পৌরসভার বিভিন্ন ধরণের সমস্যাকে ঘিরে আলোচনা অনুষ্ঠিত হয়। নিম্নলিখিত সমস্যাগুলো নিয়ে ফোকাস গ্রুপ ডিসকাশনে আলোচনা করা হয়ঃ

১. রাঙ্গামাটিতে লেকের পাড় দখল করে কিছু নিম্ন আয়ের লোকজন পাকা, কাঁচা বসতবাড়ি গড়ে তুলছে। কিছু কিছু জায়গায় তারা পাকা দালান করছে।
২. পৌরসভা এলাকার অধিকাংশ জায়গাই সরকারি অফিস হওয়ায় সাধারন লোকজন এর জায়গা কম। পৌরসভা এরিয়ার ভিতর ক্যান্টনমেন্ট, বিজিবি ক্যাম্প হওয়ায় জায়গা আরো কমে গেছে।
৩. ডিপিএইচই র জায়গায় অবৈধভাবে লেকের পাড় দখল করে ফেলছে। তাদেরকে উচ্ছেদ করতে গেলে উপর মহল থেকে হস্তক্ষেপ করা হয়।
৪. শহরে পর্যাপ্ত পাবলিক টয়লেট নাই। যার কারনে পর্যটক দের বিভিন্ন সময় সমস্যা হয়।
৫. কোন পার্কিং এর ব্যবস্থা নাই তাই বিভিন্ন সময় পর্যটক দের গাড়ি গুলো রাস্তায় পার্ক করে।
৬. শহরে বিভিন্ন জায়গায় অপরিকল্পিত ভাবে দালান গড়ে উঠছে। ঝুপড়ির মতো এই দালান গুলো না করে মাল্টিস্টোরেজ দালান করতে লোকজনকে উৎসাহী করতে হবে।
৭. সরকার যদি রাঙ্গামাটি তে বিনিয়োগ এর পরিবেশ তৈরি করতে পারে তবে অর্থনৈতিক ভাবে উন্নয়ন করবে।
৮. কাপ্তাই লেক যখন করা হয় তখন বন্দোবস্তী তে বলা ছিল ১০৯ ফুট পানি উঠবে কিন্তু এখন ১২০ ফুট পানি উঠে। ফলে এখন অনেক লোকের বাসাবাড়ি পানিতে তলিয়ে যায়। পৌরসভা থেকে এদের ক্ষতিপূরণ দেয়ার ব্যবস্থা করতে হবে। পৌরসভা থেকে এর জন্য একটা প্রকল্প হাতে নিতে হবে।
৯. কাপ্তাই লেকের পাড়ে কোন উঁচু দালান করতে অনুমোদন দেয়া বন্ধ করতে হবে।
১০. পরিবেশ বান্ধব দালান করতে লোকজনকে উৎসাহী করতে হবে।

৮.৪.২.৪ কলেজ শিক্ষকদের সাথে পরিচালিত ফোকাস গ্রুপ ডিসকাশন

তারিখ : ৮ মার্চ, ২০১৭
স্থান : অধ্যক্ষের অফিস, রাঙ্গামাটি সরকারি কলেজ

৮ মার্চ, ২০১৭ এ রাঙ্গামাটি সরকারি কলেজে অধ্যক্ষ অধ্যাপক জাফর আহমেদের অফিসে ফোকাস গ্রুপ ডিসকাশন অনুষ্ঠিত হয়।



কিছু শিক্ষকও সেখানে অংশগ্রহণ করেন। ফোকাস গ্রুপ ডিসকাশনের মাধ্যমে নিম্নলিখিত তথ্যগুলো প্রকাশিত হয়।

১. **অধ্যক্ষ** বলেন, এটি ষাটের দশকে স্থাপিত একটি পুরোনো কলেজ। এখানে ১২টি বিষয়ে স্নাতক পর্যায়ে পড়ার সুযোগ রয়েছে। উচ্চ মাধ্যমিক পর্যায়ের বেশিরভাগ ছাত্র উপজাতি সম্প্রদায়ের। কিন্তু উচ্চতর পর্যায়ে এই সংখ্যা কমতে থাকে। কারণ, বেশিরভাগ ছাত্রছাত্রী কোটার সুযোগ কাজে লাগাতে

বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, এবং অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে চলে যায়। অধ্যক্ষ জানান যে, খুব শীঘ্রই শহরে একটি সরকারি বিশ্ববিদ্যালয় ও একটি মেডিকেল কলেজ হবে। তিনি জানান যে, শহরে একটি মহিলা কলেজ আছে, কিন্তু সেখানে পর্যাপ্ত শিক্ষকের অভাবে শিক্ষাদান ব্যাহত হচ্ছে। সেকারণে, ছাত্রীরা বর্তমানে এই কলেজটি পছন্দ করছে না।

তিনি জানান যে, একাডেমিক ভবনটি ১২০০০ বর্গ ফুট এলাকা জুড়ে আছে। বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে; এর মধ্যে আছে- হোস্টেল, খেলার মাঠ, স্টাফ কোয়ার্টার। তিনি জানান এই কলেজটি এই অঞ্চলে পুরাতন ও বিখ্যাত। ছাত্ররা রাওজান, রাঙ্গুনিয়া এবং খাগড়াছড়ি এর মত দূর-দুরান্ত থেকে এখানে আসে। তিনি আরও জানান যে, রাঙ্গামাটিতে স্কুল পর্যায়ের সুযোগ-সুবিধার খুবই খারাপ অবস্থা। এখানে উন্নতমানের মানের স্কুলের খুবই অভাব। এছাড়া, শহরজুড়ে স্কুলগুলো সঠিকভাবে বন্টিত নয়।



১. **আবদুল মান্নান, সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ** জানান, শহরে আবাসন সমস্যা প্রকট। একটি আদর্শ বাড়ি পাওয়া বড়ই দুষ্কর। আবাসন ও স্কুলের সমস্যা থাকার কারণে অনেক শিক্ষক এই শহরে আসতে অনীহা প্রকাশ করেন। এটি এই শহরের শিক্ষক স্বল্পতার একটি প্রধান কারণ।

তিনি বলেন যে, শহরের যানবাহন ব্যবস্থা অটোরিকশা মালিক ও চালকের হাতে চলে গিয়েছে। তারা শহরের ভেতর বাস ও টেম্পো চলাচল অনুমোদন করে না। সুতরাং অটোরিকশা এই শহরে একমাত্র যানবাহন মাধ্যম। ছাত্র-ছাত্রীরা প্রায়ই ক্ষতিগ্রস্থ হয়, পরীক্ষা চলাকালীন সময় তারা যানবাহন পায় না। পাহাড়ি ও আঁকাবাঁকা সড়কের কারণে এখানে রিকশা চলাচল করতে পারে না।

৮.৪.২.৫ মেয়র, কাউন্সিলর, নগর পরিকল্পনাবিদদের সাথে পরিচালিত ফোকাস গ্রুপ ডিসকাশন

৮.৪.২.৫.১ মেয়রের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (রাঙ্গামাটি পৌরসভা)

তারিখ : **৯ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

আলোচনা



পরামর্শক টিম, মেয়র জনাব আকবর হুসাইন চৌধুরীর সাথে ৯ মার্চ, ২০১৭ এ রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। এটি পৌরসভার বর্তমান সমস্যা ও ভবিষ্যৎ উন্নয়ন সমস্যা নিয়ে একটি একান্ত সাক্ষাৎকার ছিল। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ

১. মানিকছড়িতে একটি নগর ফটক প্রয়োজন।
২. মানিকছড়িতে একটি নজর ঘাঁটি (ওয়াচ টাওয়ার) থাকতে পারে যেখান থেকে পাহাড় ও পানির সমন্বয়ে নান্দনিক দৃশ্য উপভোগ করতে পারবে।
৩. মানিকছড়ি থেকে বনরূপার রাস্তা প্রশস্ত করতে হবে।
৪. আসামবস্তি থেকে বালাইছড়ি এলাকায় পর্যটন ভিত্তিক উন্নয়ন গড়ে তুলতে হবে।
৫. পৌরসভার ভেতর উপজাতীয় ঐতিহ্যগত মহল্লা গড়ে তোলা যেতে পারে যা ঐতিহ্যকে ফুটিয়ে তুলবে।
৬. চিড়িয়াখানা, ইকো-পার্ক, বোটানিকাল গার্ডেন তৈরি করা যেতে পারে যা পর্যটকদের আকর্ষণ করবে।
৭. বনরূপায় অবস্থিত কাঁচা বাজারটি শীঘ্রই স্থানান্তরিত করা হবে।

কাঠামো পরিকল্পনা

৮. কাপ্তাই লেক সংলগ্ন এলাকায় বা এর পাড়ে বসবাসকারী লোকজনকে কিছু পুনর্বাসন পরিকল্পনার মাধ্যমে পৌরসভার ভেতরে ভিন্ন উপশহরে স্থানান্তর করা উচিত।
৯. ভবন অনুমোদন থেকে ভবন নির্মাণের পুরো সময় জুড়ে কাজ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা উচিত, কিন্তু পর্যাপ্ত জনবলের অভাবে এই কাজ বাধাপ্রাপ্ত হয়।
১০. লেক ও পাহাড়ের চমৎকার দৃশ্য উপভোগ করতে শহীদ মিনার থেকে কেরানী পাহাড়ে একটি হাঁটার রাস্তা নির্মাণ করা যেতে পারে।

৮.৪.২.৫.২ কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ২)

তারিখ : **৭ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

পরামর্শক টিম, ওয়ার্ড নং- ২ এর কাউন্সিলর জনাব করিম আকবরের সাথে ৭ মার্চ, ২০১৭ এ রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। তার ওয়ার্ডের সমস্যাসমূহ নিয়ে এখানে আলোচনা করা হয়। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ



১. ওয়ার্ডের লোকজনের প্রধান পেশা ব্যবসা, অল্প চাকুরিজীবি।
২. শিক্ষার হার ১০০%, পানি সরবরাহ ২৫%
৩. বেকারি লেইন হতে যদি শ্রী শ্রী গীতাশ্রমের দক্ষিণ পাশের রাস্তার সাথে যদি একটি ফুট ওভার ব্রীজ করা যায় তাহলে স্কুলের ছেলে-মেয়ে ঐদিক দিয়ে চলে যাবে তখন মেইন বাজার এলাকায় চাপ কম পরবে।
৪. এই ওয়ার্ডে কোন প্রাকৃতিক দূর্যোগ হয় না।
৫. এই এলাকায় ওয়াটার এ্যাম্বুলেন্স দরকার।
৬. শহীদ মিনারের পাশ হতে কেরাণী হিল পর্যন্ত রাস্তার পাশে একটি ওয়াকওয়ে করা দরকার।
৭. প্রেস ক্লাবের সামনে অবস্থিত পার্কটির আরো সংস্কার প্রয়োজন। অত্যধুনিক কিছু সুযোগ সুবিধা এখানে দেওয়া উচিত।
৮. বাজারে পাবলিক টয়লেট নেই।
৯. শহীদ শুক্কুর স্টেডিয়ামটি সংস্কার করা প্রয়োজন।
১০. সিএনজি স্টেন্ডটি আরো বড় করা প্রয়োজন।

৮.৪.২.৫.৩ কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ৩)

তারিখ : **৫ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

পরামর্শক টিম, ওয়ার্ড নং- ৩ এর কাউন্সিলর জনাব করিম আকবরের সাথে ৫ মার্চ, ২০১৭ এ রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। তার ওয়ার্ডের সমস্যাসমূহ নিয়ে এখানে আলোচনা করা হয়।

কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ

১. ওয়ার্ডের বেশিরভাগ মানুষ চাকুরীজীবী

২. স্বাস্থ্য সেবা অপর্যাপ্ত।
৩. ওয়াটার সাপ্লাই, স্যানিটেশন এবং শিক্ষার হার ১০০%।



৪. পুলিশ লাইন এলাকাতে কাঁচা বাজার, কাউন্সিলর অফিস কাম কমিউনিটি ক্লিনিক হতে পারে।
৫. পুলিশ লাইন ও কেন্দ্রীয় কবরস্থানের পাশে একটি কানেক্টিং ব্রীজ দরকার
৬. শহীদ মিনার পাশ হতে কেরাণী হিল পর্যন্ত এলাকা রাস্তার পাশে ওয়াকওয়ে করা যায়।
৭. পুরো পৌরসভাতে কালেক্টিভ বেসিসে হ্যান্ডি ক্রাফট ইন্ড্রাষ্ট্রি করা যায়।

এই ওয়ার্ডে একটি অস্থায়ী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় রয়েছে।

৮.৪.২.৫.৪ কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ৪)

তারিখ : **৭ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

পরামর্শক টিম, ওয়ার্ড নং- ৪ এর কাউন্সিলর জনাব মিজানুর রহমান (বাবু) এর সাথে ৭ মার্চ, ২০১৭ এর সকালে রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। তার ওয়ার্ডের সমস্যাসমূহ নিয়ে এখানে আলোচনা করা হয়। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ



১. ওয়ার্ডের লোকজনের প্রধান পেশা শ্রমজীবী, চাকুরীজীবী এবং ব্যবসায়ী।
২. এই ওয়ার্ডের শিক্ষার হার ৯৯% এবং সাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহার করে ৯০% কিন্তু মানুষের বর্জ্য পদার্থগুলো সরাসরি লেকে গিয়ে পড়ে।
৩. ওয়ার্ডের ৫০% এলাকা জুড়ে ওয়াটার সাপ্লাই সুবিধা পাওয়া যায়।
৪. তবলছড়ি এলাকায় প্রবেশের সময় এবং শ্রী শ্রী কালি মন্দিরের পাশ দিয়ে যে ছড়াটি প্রবাহিত হয়েছে ওখানে একটি ছোট পার্ক করা যায়।
৫. এই ওয়ার্ডে ড্রেনেজ সমস্য খুব প্রকট।
৬. পোষ্ট অফিস কলোনী হতে তবলছড়ি বাজার, আমিনা পাহাড় হতে সিলেটি পাড়া কানেকটিং ব্রীজ দরকার।
৭. পর্যটনের রাস্তাগুলো আরো চওড়া করতে হবে এবং পর্যটনে আরো আধুনিক সুবিধা আনতে হবে যেমন ক্যবল কার, আধুনিক ওয়াটার ট্যাক্সি ইতাদি।
৮. এডিসি হিল এলাকায় একটি খেলার মাঠ করা যেতে পারে।

কাঠামো পরিকল্পনা

৮.৪.২.৫.৫ কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ৫)

তারিখ : **৫ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

পরামর্শক টিম, ওয়ার্ড নং- ৫ এর কাউন্সিলর জনাব বাচিং মারমার সাথে ৫ মার্চ, ২০১৭ এর বিকালে রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। তার ওয়ার্ডের সমস্যাসমূহ নিয়ে এখানে বিশদ আলোচনা করা হয়। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ



১. ওয়ার্ডের লোকজনের ৬০% লোক মৎসজীবি, ২৫% লোক চাকুরীজীবী এবং বাকি ব্যবসায়ী।
২. এই ওয়ার্ডে একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হওয়ার পরিকল্পনা রয়েছে।
৩. মিটিংগাছড়িতে পায়ে হাটার রাস্তাগুলো চওড়া ও পাকা করতে হবে।
৪. এই এলাকায় যারা নিজস্বভাবে হস্তশিল্পের কাজ করে, সবাইকে সম্মিলিতভাবে করে মাঝারি আকারের কোন ক্ষুদ্র ইন্ড্রাস্ট্রি করা যায় তাহলে ভালো হবে এবং আরো লাভজনক হবে।
৫. তংচঙ্গাপাড়া হতে শুরু করে পৌরসভার শেষ পর্যন্ত স্যানিটেশনের অবস্থা খুব খারাপ।
৬. উত্তর তংচঙ্গাপাড়া হতে খিপা পাড়া পর্যন্ত একটি ব্রীজ দরকার।
৭. এই এলাকায় কোন ওয়াটার সাপ্লাই নাই।
৮. ভবিষ্যতের কথা চিন্তা করে ভেতরের গলিগুলোকে চওড়া করা দরকার।
৯. আসাম বস্তি বাজারে একটি কাউন্সিলর অফিস কাম কমিউনিটি ক্লিনিক দরকার।
১০. বিডিআর এরিয়া হতে সিলেটি পাড়াতে একটি ব্রীজ দরকার।
১১. আসাম বস্তি ব্রীজের পাশে একটি কাঁচা বাজার দরকার।
১২. খিপা পাড়া হতে লেমুছড়ি একটি কানেকটিং ব্রীজ দরকার এবং ঝগড়াবিল প্রাইমারী বিদ্যালয় হতে লেমুছড়ি পর্যন্ত একটি কানেকটিং রোড দরকার।
১৩. এই এলাকায় পানির সমস্য প্রকট। কমিউনিটি বেসিসে কিছু ওভার হেড ট্যাঙ্ক করে দেয়া যায়।
১৪. আসামবস্তি বাজারে ড্রেন দরকার।
১৫. পুরো ওয়ার্ডের স্যানিটেশন ব্যবস্থা উন্নত করা উচিত।

৮.৪.২.৫.৬ কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ৬)

তারিখ : **৫ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

পরামর্শক টিম, ওয়ার্ড নং- ৬ এর কাউন্সিলর জনাব রবি মোহন চাকমার সাথে ৫ মার্চ, ২০১৭ এর বিকালে রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। তিনি তার ওয়ার্ডের সমস্যা ও প্রয়োজনসমূহ নিয়ে এখানে বিশদ আলোচনা করেন। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ

১. ওয়ার্ডের লোকজনের প্রধান পেশা শ্রমজীবী, চাকুরীজীবী এবং ব্যবসায়ী।
২. এই ওয়ার্ডের শিক্ষার হার খুব ভালো এবং স্যানিটেশনও সন্তোষজনক।
৩. এই ওয়ার্ডের অনেকগুলো জায়গায় সিড়ি দরকার এবং বেশ কিছু জায়গায় কানেকটিং রোড দরকার।

৪. মনগড় এবং ভেদভেদী নতুন পাড়া এইসব জায়গায় ভূমিধ্বস হয়।
৫. ভেদভেদী চেকপোষ্ট এর ওখানে একটি কাউন্সিলর অফিস এবং একটি কাঁচা বাজার হতে পারে।
৬. এছাড়াও মানিকছড়ি পার হয়ে পৌরসভাতে আসার সময় সড়ক ও জনপথ অফিসের আগে বর্তমান মেয়র সাহেবের একটি ওয়াচ টাওয়ার করার পরিকল্পনা আছে বলে তিনি জানান।
৭. অধিকাংশ জায়গা পাহাড় হওয়ার কারণে এখানে পানির সমস্য প্রকট। এই সমস্য দূরীকরণে পানির ডিপ টিউবওয়েল দরকার বলে তিনি মনে করেন। এছাড়া এই সমস্য সমাধানের জন্য জনসাস্থ্য ও প্রকৌশল অধীদপ্তর এবং পৌরসভাকে সমন্বিতভাবে কাজ করতে হবে।



রাঙ্গাপানি ও মনগড়ে ২ টি খেলার মাঠ রয়েছে। পাহাড়ি এলাকা বলে খেলার মাঠ করা কষ্টকর।

৮.৪.২.৫.৭ কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ৭)

তারিখ : **৯ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা



পরামর্শক টিম, ওয়ার্ড নং- ৭ এর কাউন্সিলর জনাব জামাল উদ্দিনের সাথে ৯ মার্চ, ২০১৭ এর বিকালে রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। তিনি তার ওয়ার্ডের সমস্যা ও প্রয়োজনসমূহ নিয়ে এখানে বিশদ আলোচনা করা হয়। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ

১. এই ওয়ার্ডের শিক্ষার হার ১০০% এবং স্যানিটেশনের হার ৭০%।
২. অত্র এলাকায় জলাবদ্ধতা এবং ভূমিধস হয় না তবে মাঝে মাঝে আগুন লাগে এবং স্বাস্থ্য সুবিধাও পর্যাপ্ত নয়।
৩. বনরুপাতে পেট্রোল পাম্পের জন্য জ্যাম হয়। এটিকে অন্যত্র সরানো গেলে খুব ভালো হয় এবং শহরের কেন্দ্রে ব্যস্ত জায়গায় একটি পেট্রোল পাম্প বিপদজনক বলে মনে করেন।
৪. বনরূপাতে পুলিশ বক্সের উপরে একটি কাউন্সিলর অফিস করার পরিকল্পনা রয়েছে।
৫. কাটাপাহাড় লেনের শেষে সমতা ঘাটের আগে একটি কিচেন মার্কেট করা যায় এবং কাঁটা পাহাড়লেনকে ২০ ফুট পর্যন্ত চওড়া করা উচিত।
৬. এস এ পরিবহন এর উত্তরে রাস্তার ওপারে লেকের পাড়ে শিশুদের জন্য একটি পার্ক করা যায়।
৭. রাঙ্গামাটি আর্ট একাডেমির সামনে এবং গণপূর্ত অফিসের আগে ২টি স্পিড ব্রেকার দরকার।
৮. পৌরসভার সামনে একটি পুলিশ বক্স দরকার।
৯. পানি সরবরাহের সমস্যা কম বেশি সবখানে আছে ওভার হেড ট্যাঙ্কের মাধ্যমে কমিউনিটি ভাবে এই সমস্য , দূর করা যাবে।
১০. টি.বি ক্লিনিকের সুবিধা আরো বাড়াতে হবে। পৌরসভার নিজস্ব ২টি অ্যাম্বুলেন্স দরকার।
১১. প্রতিটি এলাকায় আগুন নিয়ন্ত্রনের জন্য রিজার্ভ পানির ব্যবস্থা রাখা উচিত।
১২. পৌরসভাতে যে বাঁধের রাস্তাটি রয়েছে তা কমপক্ষে ৪০ ফুট করা দরকার।

কাঠামো পরিকল্পনা

১৩. ফরেষ্ট কলোনী এলাকাটি আগুনের জন্য ঝুঁকিপূর্ণ।

৮.৪.২.৫.৮ কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ৮)

তারিখ : **৫ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা



পরামর্শক টিম, ওয়ার্ড নং- ৮ এর কাউন্সিলর জনাব কল্যাণ চাকমার সাথে ৫ মার্চ, ২০১৭ এর বিকালে রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। তিনি তার ওয়ার্ডের সমস্যা ও প্রয়োজনসমূহ নিয়ে এখানে বিশদ আলোচনা করা হয়। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ

১. সমতা ঘাট হতে রঙ রাং রেস্তোরা হয়ে ডাক্তার ভিটা পর্যন্ত একটি সংযোগকারী সেতু দরকার।
২. ডাক্তার ভিটাতে যদি একটি কাঁচা বাজার করা যায় তাহলে বনরূপার উপর চাপ কমে যাবে।
৩. সমতা ঘাট হতে রাজবাড়ী লিচু বাগানে একটি সংযোগকারী সেতু দরকার।
৪. দেবাষীশ নগর, উত্তর কল্যাণপুর, ওয়াপদা এই এলাকাগুলোতে পানির সমস্য খুব প্রকট। কমিউনিটি বেসিসে যদি ওভার হেড ট্যাঙ্ক দিয়ে ওয়াটার সাপ্লাই করা যায় তাহলে খুব ভালো হবে।
৫. স্যানিটেশনের হার ৬০-৭০%। সাধারনত সেপটিক ট্যাঙ্ক ব্যবহার করে কিন্তু চম্পকনগর এলাকাইয় মানুষের সব বর্জ্য পদার্থ লেকেই পড়ে।
৬. ত্রি সপ্তক সঙ্গিতালইয়ের রাস্তার সাথে জিলা পরিষদ অফিস কোয়ার্টারের সাথে একটি কানেকটিং ব্রীজ দরকার।
৭. চক্রপাড়া, রাজদ্বীপ, উত্তর কল্যানপুর, ডি.পি.এইচ.ই, কালীন্দিপুর এলাকা ভূমিধ্বসে বেশি ঝুঁকিপূর্ণ।
৮. ওয়াটার বেইসড কমিউনিটি ফায়ার স্টেশন করা দরকার।
৯. এছাড়া রাজবাড়ি এলাকায় নিজস্বভাবে অনেক মহিলা শাল বুনে। ওনাদেরকে একসাথে করে সম্মিলিতভাবে ক্ষুদ্র পরিসরে ইন্ডাস্ট্রি করা সম্ভব। এছাড়াও দক্ষ মহিলা দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে নতুনদের নিয়ে যার ফলে নতুনরা কাজ করার অনুপ্রেরণা পাবে এবং দক্ষতা বাড়বে।
১০. পৌরসভার মধ্যে অনেক ফলজ পণ্য উৎপাদিত হয় যা সংরক্ষণের জন্য কোল্ড স্টোরেজ দরকার এছাড়াও চিপস জুস,ইত্যাদির ইন্ডাস্ট্রিও হতে পারে।
১১. জরুরি অবস্থার জন্য ওয়াটার এম্বুলেন্স দরকার।

৮.৪.২.৫.৯ কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ৯)

তারিখ : **৭ মার্চ, ২০১৭**
স্থান : **পৌরসভা অফিস**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

পরামর্শক টিম, ওয়ার্ড নং- ৯ এর কাউন্সিলর জনাব বিল্লাল হোসেনের সাথে ৭ মার্চ, ২০১৭ এর বিকালে রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। তিনি তার ওয়ার্ডের সমস্যা ও প্রয়োজনসমূহ নিয়ে এখানে বিশদ আলোচনা করা হয়। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ

১. ওয়ার্ডের শিক্ষার হার ভালো এবং স্যানিটেশনের হার ৬০-৭০%।

২. ৭০% এলাকায় পানি সরবরাহ হয় কিন্তু দ্বীপগুলোতে পানি সরবরাহ করা হয় না। ঐখানে রিং ওয়েল ব্যবহার করা হয়।
৩. দ্বিপগুলোতে পানির সমস্য প্রকট।
৪. দ্বীপগুলোতে কমিউনিটি ক্লিনিকের ব্যবস্থা করা উচিত এছাড়াও ওয়াটার অ্যাম্বুলেন্সের ব্যবস্থা রাখা দরকার।
৫. এছাড়াও প্রাথমিকভাবে আগুনের মোকাবেলা করার জন্য ওয়াটার রিজার্ভ ট্যাঙ্ক এর ব্যবস্থা রাখা দরকার।
৬. রাজবন বিহার হতে বিহারপুর পর্যন্ত রাস্তা দরকার।
৭. উত্তর কল্যণপুরে কলেজ পাড়াতে একটি খোলা জায়গা আছে যেখানে খেলার মাঠ করা যায়।
৮. আনসার ক্যম্প হতে উলুছোড়াতে একটি কানেক্টিং ব্রীজ দরকার।
৯. আমানতবাগ এলাকায় বেশি ভূমিধ্বস হয়।
১০. জালালাবাদ কলোনীতে হালকা ভূমিধ্বস হয়।



৮.৪.২.৫.১০ প্রাক্তন কাউন্সিলরের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (ওয়ার্ড নং- ৯)

তারিখ : ২০ জুলাই, ২০১৬

স্থান : পৌরসভা অফিস

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

পরামর্শক টিম, ওয়ার্ড নং- ৯ এর প্রাক্তন কাউন্সিলর, জনাব সন্তোষ কুমারের সাথে ২০ জুলাই, ২০১৬ এ রাঙ্গামাটি পৌরসভা অফিসে সাক্ষাৎ করেন এবং সেখানে অয়ার্ড নং- ৯ সমস্যাসমূহ নিয়ে একটি সংক্ষিপ্ত কথোপকথন হয়। কথোপকথন থেকে প্রাপ্ত তথ্যসমূহ নিম্নরূপঃ

১. মোষপাড়া হতে কাটাছড়ি নিচের পাড়াতে ব্রীজ দরকার।
২. উলুছড়া থেকে আনসার ক্যম্প পর্যন্ত ব্রীজ করলে নোয়াদম আলুটিলা এই জায়গাগুলোকে সংযোগ করা সম্ভব , হবে।
৩. কাটাছড়ি এলাকায় পানির সমস্য প্রকট। এই কারণে ডিপ টিউবওয়েল দরকার।
৪. কাটাছড়ি এলাকায় একটি হেলথ কমপ্লেক্স দরকার।

৮.৪.২.৫.১১ নগর পরিকল্পনাবিদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

তারিখ : ৫ সেপ্টেম্বর, ২০১৬, দুপুর ২:৩০
স্থান : পৌরসভা অফিস

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

পরামর্শক টিম, নগর পরিকল্পনাবিদ সুবর্ণ চাকমার সাথে ৫ সেপ্টেম্বর, ২০১৬ এ রাঙ্গামাটি পৌরসভা অফিসে একটি সাক্ষাৎকার পর্বের আয়োজন করেন। এটি পৌরসভার সমস্যাসমূহ এবং ভবিষ্যৎ উন্নয়ন সমস্যা নিয়ে একটি একান্ত সাক্ষাৎকার ছিল। কথোপকথনের বিস্তারিত ছিল নিম্নরূপঃ

১. বনরূপা কে নতুনভাবে ডিজাইন করতে হবে। বনরূপার মূল কেন্দ্রে যে পেট্রোল পাম্প টা আছে তার জন্য রাস্তায় যানজট তৈরি হয়। কারন পেট্রোল পাম্প এর তেল দেয়ার ষ্টেশনটা রাস্তার পাশে ফলে তেল নেয়ার সময় অনেক গাড়ি রাস্তার পাশে দাড়ায় ফলে যানজটের সৃষ্টি হয়। এখানে পেট্রোল পাম্প টা সরিয়ে একটা সিএনজি স্ট্যান্ড করে দেয়া যেতে পারে। বনরূপার আগে এবং পরে দুইটা আন্ডারপাস করে দেয়া যেতে পারে।
২. কলেজ গেট এর মোড়ে যে বাজারটা আছে ঐটা তুলে দিয়ে ঐখানে একটা পুলিশ বক্স এবং সৌন্দর্যবর্ধন এর

কাঠামো পরিকল্পনা

কাজ করা যেতে পারে।

৩. চট্টগ্রাম থেকে রাঙ্গামাটি পৌরসভা এবং ভেদভেদি রোড এর ইন্টারসেকশন পয়েন্ট এ একটা রোড আইল্যান্ড দরকার।
৪. পেট্রোল পাম্প এর ঐখানে একটা কাঁচা বাজার বসে ঐটা ওখান থেকে সরিয়ে রাস্তা ফাঁকা করতে হবে।
৫. রিজার্ভ বাজার থেকে বাস স্ট্যান্ড সরিয়ে দিতে হবে।
৬. ২ থেকে ৩ টা নগর কেন্দ্র ঠিক করতে হবে এবং যথেষ্ট বিনোদনের ব্যবস্থা করতে হবে। অরণ্যক এর ঐদিকে পার্ক এর জন্য কিছু জায়গা আছে।
৭. পৌরসভার মেইন রোডটা ৫০ ফিট করা দরকার।
৮. রিজার্ভ বাজার ঐখানে যে খোলা জায়গা আছে, পার্বত্য উন্নয়ন বোর্ডের পিছনে যে স্টেডিয়াম, আশেপাশের এলাকা এবং পৌরপার্ক সহ পুরো এলাকাটা কে বিনোদন এলাকা হিসেবে ঘোষণা করা যেতে পারে।

৮.৪.২.৬ জেলা পরিষদের সদস্যদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

তারিখ : **৮ মার্চ, ২০১৭**
স্থান : **জেলা পরিষদ সভাকক্ষ**

ফোকাস গ্রুপ ডিসকাশন সভার আলোচনা

ফোকাস গ্রুপ ডিসকাশনটি জেলা পরিষদ অফিসের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জেলা পরিষদের সভাপতি প্রারম্ভিক ভূমিকা দিয়ে আলোচনা শুরু করেন। একইদিনে আরেকটি গুরুত্বপূর্ণ সভা থাকায় তিনি প্রস্থান করেন। মূলত রাঙ্গামাটি পৌরসভার উন্নয়ন সমস্যাগুলো নিয়ে এখানে আলোচনা করা হয়। সেখানে নিম্নলিখিত আলোচনাসমূহ করা হয়েছিলঃ



১. মানুষ বাড়ছে কিন্তু পরিকল্পিত ভাবে নগরায়ণ হচ্ছে না।
২. আবর্জনা, ময়লা সবখানে ছড়িয়ে ছিটিয়ে থাকে। স্থায়ী ভাবে বর্জ্য ব্যবস্থাপনা করতে হবে।
৩. বাজারে পাবলিক টয়লেট নাই।
৪. রাঙ্গামাটি শহর টাকে আরো সম্প্রসারণ করা প্রয়োজন।
৫. বাস টার্মিনাল, ট্রাক টার্মিনাল পৌরসভার বাইরে নিয়ে যেতে হবে কারণ শহরের ভিতর রাস্তা অনেক সরু। খাগড়াছড়ি রোডের দিকে কুতুকছড়িতে ট্রাক টার্মিনাল করা যায়।
৬. ট্রিটমেন্ট প্ল্যান্টের মাধ্যমে লেকের পানি ব্যবহারের ব্যবস্থা করতে হবে এবং তা শহরে সরবরাহ করতে হবে।
৭. পানি সরবরাহের ইউনিট একটা না করে জোন অনুসারে আলাদা আলাদা ইউনিট করা যেতে পারে। তবে তা এমন ভাবে করতে হবে যাতে পরিবেশ এর কোন ক্ষতি না হয়।
৮. লেক এর পাশে কোন উঁচু দালান করতে যেন না দেয়া হয়। এতে করে লেকের দৃশ্য নষ্ট হবে। লেকের পাড়ে যে নিয়ম কানুন আছে লোকজন তার তোয়াক্কা করে না।
৯. গাছ, মাছ এবং বাঁশ এই তিনটার উপর রাঙ্গামাটি অর্থনীতি নির্ভরশীল। এগুলোকে শিল্পে পরিণত করতে হবে।
১০. যেসকল পাহাড়ি এলাকায় এখনো উন্নয়ন হয় নাই ঐসব জায়গায় পৌরসভার সুযোগ সুবিধা বাড়ালে এমনিতেই



কাঠামো পরিকল্পনা

লোকজন যাবে। যেমন কাটাছড়ি, বিলাইছড়ি, খেপু পাড়া

১১. বনরূপাতে লোকজনের বিনোদনের ব্যবস্থা নাই। কোন খেলার মাঠ নাই।

১২. বহুতল বিশিষ্ট পার্কিং এর ব্যবস্থা করলে ভাল হয়।

১৩. বাস, ট্রাক টার্মিনাল মানিকছড়ি তে সরিয়ে নিতে হবে।

৮.৪.৩ পৌরসভায় বসবাসকারীদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

৮.৪.৩.১ শিখা, একটি নিম্ন আয়ের পরিবারের গৃহিণী

তারিখ : **২৮ ডিসেম্বর, ২০১৬, সন্ধ্যা**
স্থান : **কাঁঠালতলী, রাঙ্গামাটি**

আলোচনা

শিখা, এক নিম্ন আয়ের পরিবারের গৃহিণী, যে রাঙ্গামাটির কাঁঠালতলীর একটি ঝুঁকিপূর্ণ অবস্থানে বসবাস করে। তার বাড়িটি লেকের পাশে একটি রাস্তার ঢালে অবস্থিত।

শিখা এসেছে চট্টগ্রাম থেকে। ১০ বছর আগে তার বিয়ে হয় এবং এরপর থেকেই তিনি রাঙ্গামাটিতে তার স্বামীর সাথে বসবাস করছে। তার স্বামী রতন, রাঙ্গামাটিতে মাছের ব্যবসা করছে অনেকদিন ধরে। রতন স্থানীয় জেলেদের কাছ থেকে মাছ কিনে নিয়ে সেগুলো বাজারে বিক্রি করে। মাঝেমাঝে তিনি পাইকারি বাজারেও চট্টগ্রামের ক্রেতাদের কাছে মাছ বিক্রি করে। তিনি মাসে প্রায় ১০,০০০-১২,০০০ টাকার মত আয় করে, যা তার পরিবারের চলার জন্য যথেষ্ট। তাদের দুটো স্কুলগামী কন্যা আছে যাদের বয়স ১০ বছরের নিচে। তারা বর্তমানে যে জায়গাটিতে বসবাস করছে সেটি ১০ বছর আগে তাদের বিয়ের পরপরই কিনে নেন এবং সেখানে একটি অর্ধস্থায়ী বাড়ি নির্মাণ করেন। এটি রাস্তার একটি ঢালের মধ্যে অবস্থিত যা নিচের দিকে কাপ্তাই লেকের দিকে চলে গেছে। বাড়িটি রাস্তার উচ্চতা থেকে কিছুটা নিচে অবস্থিত। তার এই বাড়িটি RCC পিলারের উপর তৈরি যা যেকোনো ধরণের সম্ভাব্য পতন থেকে বাড়িকে রক্ষা করবে। তারা পিট ল্যাট্রিন ব্যবহার করে যার সবগুলো RCC রিং লেকে। সকল গৃহস্থালির বর্জ্য এই লেকে ফেলা হয়। কিছু পরিবারের তথাকথিত সেপটিক ট্যাংক আছে, কিন্তু বেশিরভাগেরই তা নেই। তারা সরাসরি তাদের মলমূত্র লেকে নিষ্কাশন করে। এটিই রাঙ্গামাটির সামগ্রিক পরিস্থিতি। শিখার পরিবার প্রায় সকল ধরণের পৌরসেবা; যেমন- পানি সরবরাহ, বিদ্যুৎ ইত্যাদি উপভোগ করে। রান্নার জ্বালানি হিসেবে তিনি কাঠ ব্যবহার করেন। শিখা জানান যে, এই বাড়ি নির্মাণের পর থেকে এখন পর্যন্ত তারা কোনো বন্যা বা পানি ওঠার সমস্যার সম্মুখীন হননি। তার জলবায়ু পরিবর্তন এবং এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে কোনো ধারণা নেই এবং তিনি তার বাড়িতে বসবাস করা নিরাপদ মনে করেন।

মাঠ পর্যবেক্ষণ থেকে দেখা যায় যে, শিখার বাড়ির মত বেশিরভাগ বাড়ি রাস্তার ঢালে নির্মিত এবং লেকের দিকে অগ্রসর হয়েছে। এই বাড়িগুলো আসলে খুব ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। জলবায়ু পরিবর্তনের কারণে অতিবৃষ্টিতে লেকের পানি কোনোভাবে বেড়ে গেলে তা এই বাড়িগুলো পানিতে নিমজ্জিত হয়ে যাবে এবং এর ফলে সম্পদ ক্ষতিগ্রস্থ হবে এবং অনেক পরিবার গৃহহীন হয়ে পরবে।

৮.৪.৩.২ মোহাম্মদ আলী, চায়ের দোকানের মালিক

তারিখ : **২৮ ডিসেম্বর, ২০১৬, সন্ধ্যা**
স্থান : **গর্জনতলী, কাঁঠালতলী, রাঙ্গামাটি**

আলোচনা

মোহাম্মদ আলী কাঁঠালতলী এলাকার গর্জনতলী সড়কে একটি চায়ের দোকানের মালিক। সে তার পরিবারসহ এই স্টলের নিচ তলায় বসবাস করেন। মোহাম্মদ আলী জীবিকার খোঁজে ৩০ বছর আগে চট্টগ্রাম থেকে রাঙ্গামাটি আসেন। এর আগে তিনি ঠেলাগাড়িতে মালামাল বহন করে জীবিকা নির্বাহ করত। এটি ছিল খুবই কষ্টকর, তিনি বলেন, বিশেষ করে রাঙ্গামাটি

কাঠামো পরিকল্পনা

এলাকায়, যেখানে রাস্তা অত্যন্ত আঁকাবাঁকা ও উঁচুনিচু। সুতরাং, তিনি বেশিদিন সেই কাজ চালিয়ে যেতে পারেননি। পরবর্তীতে তিনি রাস্তায় ফল ও সবজি বিক্রয় শুরু করেন। কিন্তু সেই কাজ থেকে যে আয় হতো, তা তার চার সদস্যবিশিষ্ট পরিবার চালানোর জন্য যথেষ্ট নয়। এরপর তিনি গর্জনতলীতে আসেন এবং বর্তমান দোকানটি ভাড়া করেন এবং চা বিক্রি করা শুরু করেন। তিনি চায়ের পাশাপাশি অন্যান্য স্ন্যাক্স; যেমন- চিপস, বিস্কুট ও কিছু মুদিখানার জিনিসপত্রও বিক্রি করেন। তাদের চা এত সুস্বাদু আর বিখ্যাত যে শহরের বিভিন্ন স্থান থেকে লোকজন এখানে চা খেতে আসে। তার স্ত্রী তাকে চা বানাতে ও বাসনকোসন পরিষ্কারে সাহায্য করেন। তাদের বিদ্যুৎ ও পানি সরবরাহের লাইন আছে। মোহাম্মদ আলীর পরিবারে দু'জন পুত্রসন্তান আছে, যারা দিনমজুরের কাজ করে। তারা কখনো স্কুলে যায়নি। মোহাম্মদ আলী দোকানের ও বাড়ি ভাড়া বাবদ ১৯০০/- দিয়ে থাকেন। তিনি প্রতি মাসে ৮০০০/- থেকে ১০,০০০/- এর মত আয় করে থাকেন। তার দোকানটি রাস্তার ঢালে অবস্থিত যা কাপ্তাই লেকের দিকে অগ্রসর হয়েছে। যে বেজমেন্টে তারা ঘুমায়, তা লেকের পানির কাছাকাছি। পুরো স্থাপনাটি বেশ কয়েকটি কাঠের পায়ার উপর দাঁড়ানো। মোহাম্মদ আলী জানান, এখানে থাকা অবস্থায় এখন পর্যন্ত তিনি এখানে কোনো বন্যা দেখেননি। তার জলবায়ু পরিবর্তন এবং এর প্রভাব সম্পর্কে কোনো ধারণা নেই।

মোহাম্মদ আলীর আবাসটি খুবই ঝুকিপূর্ণ এলাকায় অবস্থিত। জলবায়ু পরিবর্তনের কারণে অতিবৃষ্টিতে লেকের পানি কোনোভাবে বেড়ে গেলে তা তার বাড়ি পানিতে নিমজ্জিত হয়ে যাবে। একটি শক্তিশালী ঝড় তার এই বাড়ি ভেঙ্গে ফেলতে পারে। এই দরিদ্র পরিবারের জন্যও কোনো সম্পদ বিনষ্ট মানে জীবিকা ধ্বংস হয়ে যাওয়া। ভাড়া কম হওয়ার কারণে এই শহরে হাজার হাজার দরিদ্র পরিবার এরকম ঝুঁকিপূর্ণ আবাসস্থলে বসবাস করছে।

৮.৫ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ও সুপারিশ সমূহ

৮.৫.১ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ

- বস্তিগুলোতে মহিলাদের সাথে গুরুত্ব দিয়ে পৃথক পৃথক উঠান বৈঠক করা হয়।
- বিভিন্ন নাগরিক সেবা যেমন, পার্ক, বাজার, পাবলিক টয়লেট, বাসস্ট্যান্ড, যাত্রী ছাউনি, ফুটপাত ইত্যাদি প্রস্তাবনা প্রণয়ণের জন্য বিভিন্ন শ্রেণির মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে।
- বিভিন্ন **FGD** তে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৩০ শতাংশ।
- আর্থ-সামাজিক জরিপে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৩০ শতাংশ।

৮.৫.২ পরামর্শ সমূহ

- ✓ মহিলাদের জন্য পৃথক পাবলিক টয়লেট স্থাপন।
- ✓ কর্মসংস্থানের জন্য দরিদ্র মহিলাদের জন্য পৃথক দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ
- ✓ ওয়ার্ড সেন্টারে ম্যাটারনিটি ক্লিনিক এবং শিশু স্বাস্থ্যসেবা কেন্দ্র স্থাপন।
- ✓ পৌরসভার কর্মকাণ্ডে মহিলাদের আরো বেশি অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি।
- ✓ ক্ষুদ্র ব্যবসাতে মহিলাদের অংশগ্রহণে উৎসাহিত করার জন্য সুযোগ সুবিধা প্রদান।
- ✓ বিভিন্ন নাগরিক সেবা যেমন, পার্ক, বাজার, পাবলিক টয়লেট, বাসস্ট্যান্ড, যাত্রী ছাউনি, ফুটপাত ইত্যাদি সেবাসমূহ নারীবান্ধব করা।



মতবিনিময় সভা



দ্বিতীয় মতবিনিময় সভা



তৃতীয় মতবিনিময় সভা



রসুলপুর বস্তি

স্থিরচিত্র ৮-৬: মহাপরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ

৮.৬ জনগণের অংশগ্রহণে প্রতিবন্ধকতাসমূহ

বর্তমান সময়ে টি.এল.সি.সি এবং ডব্লিউ.এল.সি.সি একমাত্র প্রচারমাধ্যম যেখানে জনপ্রতিনিধিরা পৌরসভার কর্মক্ষমতা এবং স্থানীয় সমস্যা ও অভিলাষের ব্যাপারে মত প্রকাশ করতে পারে। কিন্তু জানা গেছে যে এই দুই পর্ষদগুলোর মধ্যে নিয়মিত আলোচনাসভা অনুষ্ঠিত হয় না। আলোচনাসভা হলেও সেখানে যথেষ্ট পরিমাণ সদস্য অংশগ্রহণ না করার অভিযোগ পাওয়া গেছে। সদস্যদের সাথে কথা বলে জানা গেছে যে তাদের বেশিরভাগ চাহিদা অপূর্ণ থেকে যাওয়ার কারণে তারা আলোচনাসভায় অংশগ্রহণ করতে অনাগ্রহী।

এতে কোনো সন্দেহ নেই যে আর্থিক সংস্থানের অভাবে পৌরসভা কর্তৃপক্ষ আলোচনাসভায় উঠে আসা সব চাহিদা মেটাতে পারছে না। কিন্তু এই পর্ষদগুলো একটি ভালো প্রচারমাধ্যম হিসেবে কাজ করছে যেখানে জনগণ যেসব সমস্যার সম্মুখীন হচ্ছে সেগুলোর ব্যাপারে মুক্ত আলোচনা করা যায় এবং যৌথ প্রচেষ্টায় সম্ভাব্য সমাধান খুঁজে বের করা যায়। সুতরাং, একটি জবাবদিহি ও স্বচ্ছ স্থানীয় সরকার তৈরি করতে টি.এল.সি.সি এবং ডব্লিউ.এল.সি.সি সক্রিয় এবং কার্যকর থাকা উচিত।

৮.৭ নীতি সুপারিশ

স্থানীয় সরকার বিষয়ক ব্যাপারগুলোতে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি কে কার্যকর রাখতে নিম্নলিখিত কৌশল এবং নীতি সুপারিশগুলো বাস্তবায়ন করা যেতে পারেঃ

লক্ষ্য: পৌরসভার কার্যক্রমে জনগণের স্বক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা

নীতি/অংশগ্রহণ ১: নিয়মিত টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি এর আলোচনাসভা নিশ্চিত করা।

নিয়মিত আলোচনাসভা অনুষ্ঠিত হলে বোঝা যাবে যে সংস্থাগুলো অন্তত কার্যকর আছে।

নীতি/অংশগ্রহণ ২: সদস্যদের আলোচনাসভায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করা।

সদস্যরা এই সংস্থাগুলোর প্রধান অংশ। তাদের অবশ্যই নিয়মিত আলোচনাসভায় অংশগ্রহণের ব্যাপারে উদ্বুদ্ধ করা উচিত।

নীতি/অংশগ্রহণ ৩: পরিকল্পনা তৈরির সময়, অবকাঠামোগত অবস্থান নির্বাচন এবং অবকাঠামো নকশা তৈরি করতে মহিলা, শিশু এবং প্রতিবন্ধি ব্যক্তিদের প্রয়োজন নিশ্চিত করা

মাস্টার প্ল্যান বাস্তবায়নের সময় এই পরিকল্পনা, অবস্থান এবং নকশা কঠোরভাবে অনুসরণ করা উচিত।

নীতি/অংশগ্রহণ ৪: বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করতে হবে, যেমন রাস্তা প্রশস্ত করার সুবিধাসমূহ, কীভাবে প্রশস্তকরণ অর্জন করা যেতে পারে, ড্রেন পরিষ্কার রাখতে কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে, মানুষের ভূমিকা ইত্যাদি।

এধরণের মতবিনিময় আলোচনাসভাগুলোকে প্রাঞ্জল করবে এবং ধীরে ধীরে কার্যকর প্রস্তাব উপস্থাপিত হবে আশা করা যায় ।

নীতি/অংশগ্রহণ ৫: এলজিইডি কে নিয়মিত আলোচনা সভার কার্য বিবরনী পাঠানো।

আলোচনাসভার এই কার্য বিবরনী দেখে এলজিইডি বুঝতে পারবে যে পর্ষদগুলো আসলেই কাজ করছে কিনা।

নীতি/অংশগ্রহণ ৬: সফল টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি মিটিং এর জন্য প্রণোদনা বাজেট তৈরি করা।

এর ফলে পৌরসভা নিয়মিত আলোচনাসভা আয়োজন করতে উৎসাহিত হবে এবং টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি সক্রিয় হবে।

৮.৮ বাস্তবায়ন

নীতি সুপারিশগুলোর বাস্তবায়নের দ্বায়িত্ব হবে পৌরসভার নিজের এবং এলজিইডি এর। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দ্বারা পরিচালিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কাজ হবে নির্দেশনা দেওয়া এবং তত্ত্বাবধান করা। অন্যদিকে, নীতিমালা বাস্তবায়নে পৌরসভাকে সক্রিয় ভূমিকা নিতে হবে।

নবম অধ্যায় বাস্তবায়নের বিষয়সমূহ

সূচিপত্র

৯.১ ভূমিকা ----------৯-১
৯.২ মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক ----------৯-১
৯.৩ মহাপরিকল্পনা পর্যালোচনা, সংশোধন এবং হালনাগাদ করা----------৯-১
৯.৪ মহাপরিকল্পনা বাস্তবায়ন---------- ৯-২
৯.৫ বাস্তবায়ন প্রকারতা ---------- ৯-২
৯.৬ উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম---------- ৯-৫
৯.৬.১ ব্যয় কার্যক্রম ---------- ৯-৫
৯.৬.২ উন্নয়ন সমন্বয় ---------- ৯-৫
৯.৬.৩ প্রয়োজনীয় জনশক্তি ---------- ৯-৮
৯.৬.৪ দক্ষতা উন্নয়ন ---------- ৯-৮
৯.৬.৫ পৌরসভা প্রভাব এলাকায় উন্নয়ন নিয়ন্ত্রণ ---------- ৯-৮
৯.৬.৬ নির্মাণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ---------- ৯-৮
৯.৭ মহাপরিকল্পনার বিপরীতে ভূমি ব্যবহারে বিধিনিষেধ---------- ৯-৯
৯.৭.১ ইমারত নির্মাণ---------- ৯-৯
৯.৭.২ অপরিকল্পিত এলাকায় ভৌত উন্নয়ন ব্যবস্থাপনা ---------- ৯-৯
৯.৭.৩ যেসব এলাকায় উন্নয়ন করা হবে সেসব এলাকায় ইমারত নির্মাণ অনুমোদন ----------৯-১০
৯.৭.৪ বাণিজ্যিক এবং মিশ্র ভূমি ব্যবহার এলাকায় যানবাহন পার্কিং ----------৯-১০
৯.৭.৫ নির্মাণ বিধিনিষেধ ----------৯-১০
৯.৮ রাঙ্গামাটি পৌরসভার সক্ষমতা তৈরি----------৯-১০
৯.৯ পরিকল্পনা বাস্তবায়নের জন্য সুশাসন নীতি----------৯-১২
৯.১০ আইনগত ব্যবস্থা----------৯-১২
৯.১১ সম্পদ আহরণ ----------৯-১৪
৯.১২ বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা ----------৯-১৬
৯.১৩ উপসংহার ----------৯-২০

নবম অধ্যায়
বাস্তবায়নের বিষয়সমূহ

৯.১ ভূমিকা

মহাপরিকল্পনাকে বাস্তবে রূপ দেওয়া একটি বৃহৎ চ্যালেঞ্জ, এবং এদিকে নজর দেয়া সবচেয়ে বেশি প্রয়োজন। বাস্তবায়নের বিষয়সমূহ গতানুগতিক প্রকৃতির, কিন্তু তা বাস্তবায়নে বিশেষ দক্ষতা প্রয়োজন। পরিস্থিতি অনুযায়ী সঠিক সিদ্ধান্ত নিতে হবে।

বাস্তবায়নের বিষয়সমূহ মহাপরিকল্পনা প্রণয়নের মূল কাঠামো ও দর্শনের সাথে সম্পর্কিত হওয়া উচিত। প্রতিটি বিষয়ের পৃথক মাত্রা এবং তীব্রতা রয়েছে। তাই বিষয়গুলোতে পৃথক পৃথক মনোযোগ প্রয়োজন। একই সময়ে তার আইনি, আর্থিক, ব্যবস্থাপনাগত সহায়তা এবং বাস্তবায়নকৃত প্রকল্প/পরিকল্পনা/কার্যক্রমের রক্ষণাবেক্ষণের প্রতিশ্রুতি সহ সুবিধাভোগীদের অংশগ্রহণ প্রয়োজন।

স্বচ্ছতা তথা সুশাসন, বাস্তবায়নের জন্য আরেকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। তা যদি সঠিকভাবে পরিচালিত হয় তবে তা পরিকল্পনা বাস্তবায়নকে সফল এবং প্রশংসা যোগ্য করে তুলতে পারে।

৯.২ মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক

উন্নয়নের প্রায় সব দিক (কাঠামো, সামাজিক ইত্যাদি) বিভিন্ন সময়ের মধ্যে বিভিন্ন গোষ্ঠীর কল্যাণের জন্য মহাপরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়েছে। রাঙ্গামাটি পৌরসভা এই মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক। পরিকল্পনা প্রস্তাবের উল্লেখযোগ্য অংশ বাস্তবায়নের দ্বায়িত্বও পৌরসভার উপর। পৌরসভা পরিকল্পনা সংশোধনের জন্য দায়ী থাকবে। বর্তমান পরিকল্পনা মেয়াদোত্তীর্ণ হয়ে যাওয়ার পর পৌরসভা নতুন পরিকল্পনা প্রস্তুত করবে। পরিকল্পনার প্রস্তাবসমূহ বাস্তবায়নে অনেক সময় প্রয়োজন। এ কারণে সরকারের আনুষ্ঠানিক অনুমোদন পাওয়ার সাথে সাথেই প্রস্তাবসমূহের বাস্তবায়নে উদ্যোগী হতে হবে। মহাপরিকল্পনার ভারপ্রাপ্ত হওয়ার কারণে পৌরসভা মহাপরিকল্পনার বাস্তবায়ন প্রক্রিয়া পর্যালোচনা করবে এবং সে অনুসারে পরবর্তী কর্ম সম্পাদন করবে। পরিকল্পনার প্রস্তাবসমূহ কার্যকরভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে, স্থানীয় সরকার, জাতীয় শীর্ষ স্তরে থাকা পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে মহাপরিকল্পনার বিরুদ্ধে যায় এমন কোনো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা যাবে না। যেকোনো নতুন প্রকল্প সংশোধিত মহাপরিকল্পনায় অন্তর্ভূক্ত করতে হবে।

৯.৩ মহাপরিকল্পনা পর্যালোচনা, সংশোধন এবং হালনাগাদ করা

জনগণের স্বার্থে ভবিষ্যতের সুষম উন্নয়নের কথা চিন্তা করে মহাপরিকল্পনায় (কাঠামো পরিকল্পনা/ ভূমি ব্যবহার পরিকল্পনা/পরিবহন ও যানবাহন ব্যবস্থাপনা পরিকল্পনা/ নিষ্কাশন ও উপযোগ সেবা পরিকল্পনা/ পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা/ মৌলিক নাগরিক সেবা পরিকল্পনা/ আর্থিক বিনিয়োগ পরিকল্পনা) সংশোধন প্রয়োজন হলে তা স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয়ের অনুমোদনের সাপেক্ষে সংশোধন করা যেতে পারে।

আর্থিক বিনিয়োগ পরিকল্পনাটি পরিকল্পনা কালের প্রত্যেক পঞ্চম বছরে পর্যালোচনা করা উচিত যা বাস্তবায়ন শুরু হবে ষষ্ঠ বছরে। পর্যালোচনার উদ্দেশ্য হবে পরিকল্পনা বাস্তবায়ন, ভৌত বিকাশের ছাঁচ, অবকাঠামো উন্নয়ন এবং বিকাশের অভিমুখসহ সরকারি ও বেসরকারি ভৌত উন্নয়নের ধারার বিশ্লেষণ করা।

৯.৪ মহাপরিকল্পনা বাস্তবায়ন

পুরো মহাপরিকল্পনা প্যাকেজটি বেশ কয়েকটি অংশ নিয়ে গঠিত; যেমন- কাঠামো পরিকল্পনা, ভূমি ব্যবহার পরিকল্পনা, পরিবহন ও যানবাহন ব্যবস্থাপনা পরিকল্পনা, নিষ্কাশন ও অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, মৌলিক নাগরিক সেবা পরিকল্পনা, এবং আর্থিক বিনিয়োগ পরিকল্পনা। সহজে বাস্তবায়নের জন্য এই সব উন্নয়ন প্রস্তাবনাগুলোর কর্ম পরিকল্পনা তৈরি করতে হবে।

মহাপরিকল্পনার প্রধান তত্ত্বাবধায়ক হিসাবে পৌরসভা মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য দায়বদ্ধ। খেয়াল করলে দেখা যায় যে ধারাবাহিকভাবে ৫ বছরের জন্য ধাপে ধাপে মহাপরিকল্পনা শুরু করা কঠিন হবে, কিন্তু সময়ের সাথে সাথে কার্যোপযোগিতা সহজতর হবে।

পরিকল্পনার পুরো দর্শনটি বুঝতে হবে। বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সময়মত কাজ পর্যালোচনা ও পর্যবেক্ষণ করার প্রয়োজন হবে।

জনগণের তাদের ভূমিকা সম্পর্কে সচেতন হয়ে উন্নয়ন প্রক্রিয়ায় অবদান রাখা উচিত। অগ্রাধিকার তালিকায় থাকা বিষয়গুলো বাস্তবায়নের জন্য অগ্রাধিকার পাওয়া উচিত। যদি কোনো ক্ষেত্রে অগ্রাধিকারে কোনো পরিবর্তন আসে, তবে এর পেছনে কারণসমূহ লিপিবদ্ধ করে জনসম্মুখে আনা উচিত।

দায়বদ্ধতা নিশ্চিত করতে, কোনো প্রকল্পের প্রধান বৈশিষ্ট্যগুলো বিল বোর্ডে রাখতে হবে যাতে জনগণ অগ্রগতি দেখতে পারে এবং তাদের কোনো পরামর্শ থাকলে তা দিতে পারে।

৯.৫ বাস্তবায়ন প্রকারতা

বিভিন্ন খাতের প্রস্তাবিত ভূমি ব্যবহার পরিকল্পনা বাস্তবায়নের প্রক্রিয়াতে জনগণের জীবনে প্রভাব সন্নিবেশিত রয়েছে। খাতওয়ারী পরিকল্পনাগুলো, কিছু অভিন্ন উপাদান থাকলেও, প্রতিটি খাতকে এক একটি স্বাধীন স্বত্বা হিসেবে বিবেচনা করতে হবে। সেজন্যই প্রতিটি খাতের প্রস্তাবনগুলো কে বাস্তবায়ন করবে, কিভাবে করবে, কৌশলগুলো কি এবং কিভাবে জনগণের অংশগ্রহণ নিশ্চিত হবে তা নির্ধারণ করে দেয়া জরুরী। নিচে বিষয়গুলো সারণি আকারে উপস্থাপিত হল।

সারণি ৯-১: সেক্টর ভিত্তিক বাস্তবায়ন কৌশল, বাস্তবায়নের মাধ্যম এবং স্থানীয় জনগণের অংশগ্রহণ পদ্ধতি

ভূমি ব্যবহার বিভাগ	বাস্তবায়ন কৌশল	বাস্তমায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
আবাসন	• সম্ভাব্যতা যাচাই • সরকারি এবং আবাসন পরিকল্পনায় সহায়তা • কাঙ্ক্ষিত জনসংখ্যার জন্যে সাশ্রয়ী মূল্যে আবাসন • অবকাঠামো সুযোগ-সুবিধা প্রদান • স্বতঃস্ফূর্ত আবাসন উন্নয়নে হস্তক্ষেপ • বস্তি উন্নয়ন • অননুমোদিত পেশা অপসারন করা • বিনিয়োগের পরিবেশ তৈরি • স্বচ্ছতা এবং দ্বায়বদ্ধতা সহজতর করা • মহাপরিকল্পনার কাগজপত্রের সাথে বিভিন্ন	• পৌরসভার কর্মীবৃন্দ এবং আউট সোর্সিং। • বাস্তবায়নযোগ্য কার্যক্রম প্রস্তুতকরণ এবং তাদের বিতরণ • ব্যবহারকারীদের শ্রেণি চিহ্নিতকরণ • সড়ক, এলাকার জনগণের জন্য সুযোগ-সুবিধা এবং অন্যান্য সমর্থনকারী উপাদান প্রদান • সীমানাবর্তী এলাকার উন্নয়ন দেখাশোনা করা • বসবাসযোগ্য এলাকার উন্নয়ন • অবৈধ দখল উচ্ছেদ করা	• খবরের কাগজ, টেলিভিশন, রেডিও এর মাধ্যমে • প্রচারপত্র বিতরণ • সভাগুলো এবং অন্যান্য ফোরামে আলোচনা • স্থানীয় জনগণের আস্থা অর্জন • আবাসনের মাধ্যমে বিভিন্ন সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা • অবকাঠামো উন্নয়ন বনাম আবাসন উন্নয়ন ব্যাখ্যা করা • স্থানীয় জনগণ ভিত্তিক সচেতনতা প্রোগ্রাম শুরু করা

ভূমি ব্যবহার বিভাগ	বাস্তবায়ন কৌশল	বাস্তমায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
	উপায়ে মেলানোর মাধ্যমে শুদ্ধতাপরীক্ষা • স্থানীয় এলাকা ভিত্তিক কর্ম পরিকল্পনা তৈরির জন্য এলাকা ভিত্তিক কর্মকান্ড স্থানীয় জনগণকে ভূমির আচ্ছাদন অনুপাত মেনে চলার জন্য অনুপ্রাণিত করা	• ব্যাংক ঋণ সুবিধা, ঋণপত্র প্রচার করা ইত্যাদি • দলিলপত্র প্রকাশ করা মহাপরিকল্পনা অনুসারে বাস্তবায়ন	
যানবাহন	• বিদ্যমান সড়ক তালিকা প্রস্তুতকরণ • রাস্তার অনুক্রম রক্ষা করা • রাস্তার সরু অংশ প্রশস্ত করা • রাস্তার আয়তন বনাম গাড়ির ঘনত্ব • গনযোগাযোগ উন্নীত করা • রাস্তার অবস্থা ও রক্ষণাবেক্ষণ পরিস্থিতি • বিভিন্ন যানবাহন মাধ্যম ও তাদের গুরুত্ব • অবকাঠামোর বন্দোবস্ত • রাস্তার স্থাপত্য অবকাঠামো পরিকল্পনা তৈরির জন্য বিভিন্ন সরকারি সংস্থার পশ্চাদনুসরণ করা।	• পূর্ণ দৈর্ঘ্য জরিপ বা অধ্যয়ন • বিদ্যমান উপাত্ত সংগ্রহ • সড়ক প্রশস্তকরণ • বেসরকারি খাতকে জড়িত করা • নোডাল পয়েন্টগুলো চিহ্নিতকরণ • ব্রিজ, কালভার্ট ইত্যাদি নির্মাণ • সড়ক বাতি, বাস বে, বিশ্রাম স্থান, রাস্তার পাশে বাগান সরবরাহ করা	• চাহিদা এবং অন্যান্য পথনির্দেশক উৎপাদক চিহ্নিত করতে স্থানীয় জনগণ / জড়িত করা • প্রশস্ততার সুবিধার ব্যাখ্যা • জরিপ পরিচালনা করা এবং স্থানীয় জনগণকে জড়িত করা • বেসরকারি খাতকে উদীপক প্রদানের ব্যাপারে উৎসাহিত করা • স্থানীয় জনগণ সহায়তা প্রদান করতে পারে • হালনাগাদকৃত মানচিত্র এবং স্থানীয় জনগণ থেকে খোঁজা • স্থানীয় জনগণের সহায়তায় উপযুক্ত অবস্থান নির্বাচন প্রস্তাবিত রাস্তার প্রান্তিককরণ সনাক্তকরণ
বাণিজ্যিক	• মুক্ত অর্থনীতি উদ্বুদ্ধকরণ • সহজাত পরিবেশ তৈরি করা • পাইকারি ও খুচরা এলাকা চিহ্নিতকরণ • সরকারি ভূমি উন্নয়ন নীতি • প্রধান কেনাকাটা এলাকার তালিকা • শপিং মল নির্মাণের সম্ভাব্যতা • বহু-ক্ষেত্রীয় ব্যাঙ্কিংকে উৎসাহ প্রদান • সড়ক ও অন্যান্য অবকাঠামো প্রদান • বাস/ট্রাক টার্মিনাল প্রদান	• ৫ বছর মেয়াদি পরিকল্পনা এবং এর মুক্ত বাজার নীতিকে সমর্থন • এলাকাভিত্তিক, পরিদর্শকের সংখ্যা, প্রবেশ এবং সঞ্চয়স্থান সম্পর্কিত উপাত্ত • শপিং মলে বিভিন্ন প্রকৃতির আরও কার্যক্রম পরিলক্ষিত হবে • প্রয়োজনীয় বিনিয়োগ করা বা করতে উৎসাহিত করা • নিরাপত্তার ভাল ব্যবস্থা করা উচিত • প্রস্তাবিত মার্কেট এলাকা পাবলিক প্রাইভেট	• এলাকার লোকজনের জাতীয় পরিকল্পনা সম্পর্কে সচেতন হওয়া উচিত • স্থানীয় উৎস এবং জরিপ থেকে সংগ্রহ • স্থল বন্দর ইতোমধ্যেই বিদ্যমান, ডিজাইনের চাহিদা এবং অন্যান্য নির্দেশক উপাদান চিহ্নিত করার জন্য স্টেকহোল্ডারের পরামর্শ নেওয়া শুরু করা • জনমত খোঁজা এবং স্থানীয় চাহিদাগুলো পরীক্ষা করা • ব্যাংকিং সেক্টরে সহায়তা প্রদান

ভূমি ব্যবহার বিভাগ	বাস্তবায়ন কৌশল	বাস্তমায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
	• বাণিজ্যিক এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি	পার্টনারশিপে করা যেতে পারে। অঞ্চলটির বিদ্যমান চরিত্র বজায় রাখা	• পুলিশ বিভাগকে জড়িত করতে হবে যারা রাঙ্গামাটিতে ঘুরতে আসে তাদের কাছে শহরটি এমনভাবে প্রচার করতে হবে যাতে করে শহরের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন চিত্র প্রকাশ পায়।
প্রশাসনিক	• কর্মী বিশেষভাবে প্রযুক্তিগত কর্মীর সংখ্যা বৃদ্ধি • পৌরসভা কর্মকর্তাদের শক্তিশালীকরণ ওয়ার্ড কমিটি শক্তিশালীকরণ	• ওয়ার্ড কমিটি শক্তিশালী করতে সহায়তা • আরও লোকবল সরবরাহ করা আরও কার্জকলাপ সরবরাহ করা	• স্থানীয় জনগণের সাথে আলোচনা অভ্যন্তরীণ এবং অন্যান্য সভায় আলোচনা
শিল্প	• মহাপরিকল্পনায় প্রস্থাবিত অর্থনৈতিক অঞ্চলটি অবলম্বন করা • দুর্বল শিল্পগুলোকে পুনরুজ্জীবিত করা • ছোট ছোট শিল্পকারখানাগুলোকে উৎসাহ প্রদান • খোলা জমিতে শিল্প ভূ-সম্পত্তি স্থাপন করা • পরিবেশবান্ধব শিল্পাঞ্চল	• চাহিদা সনাক্তকরণ এবং প্রয়োজন মূল্যায়ন • অনুমতি প্রদানের মাধ্যমে উতসাহিত করা এবং প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করা • ভূমি উন্নয়ন প্রস্তাবিত মার্কেট এলাকা পাবলিক প্রাইভেট পার্টনারশিপে করা যেতে পারে।	• জনগণের জন্য মহাপরিকল্পনাটি সহজলভ্য করা • জনগণ এবং অন্যান্যদের সাথে পরামর্শ করা • জনগণকে অবগত করা • স্থানীয় জনগণের সাথে পরামর্শ করা স্থানীয় এলাকা ভিত্তিক কর্ম ও সচেতনতামূলক কার্যক্রম
শিক্ষা	• জাতীয় শিক্ষা নীতি অনুসরণ • প্রয়োজন মূল্যায়ন করা • অবকাঠামোর তালিকা শিক্ষক-ছাত্র অনুপাত	• নীতি সংগ্রহ • জরিপ এবং স্থানীয় পরামর্শ গ্রহণ জরিপ এবং স্থানীয় জনগণের সাথে অবকাঠামো উন্নয়নের ব্যাপারে পরামর্শ করা	• জনগণের মধ্যে বিতরণ • অভ্যন্তরীণ জরিপ ও তথ্য অভ্যন্তরীণ এবং স্থানীয় জনগণ
স্বাস্থ্য	• হাসপাতাল, ক্লিনিক ও নার্সিং হোমের সংখ্যার একটি তালিকা তৈরি • বর্তমান মেডিকেল কলেজ এবং নার্সিং স্কুলের সংখ্যার একটি তালিকা তৈরি • প্রতি ১০,০০০ জনসংখ্যায় ডাক্তারের সংখ্যা দরিদ্র এলাকায় স্বাস্থ্য অবস্থা	• জরিপ এবং স্থানীয় পরামর্শ করা • জরিপ এবং স্থানীয় পরামর্শ করা • তালিকা প্রস্তুতকরণ ও জরিপ এই এলাকাগুলোতে নমুনা স্বাস্থ্য পরীক্ষা	• জনগণের সাথে যোগাযোগ করা • ডাক্তারের কাছে যাওয়া এবং জনগণের সাথে পরামর্শ করা • অভ্যন্তরীণ জরিপ এবং স্থানীয় জনগণের কাছ থেকে পরামর্শ গ্রহণ পরিবেশগত অবস্থা সম্পর্কে

ভূমি ব্যবহার বিভাগ	বাস্তবায়ন কৌশল	বাস্তমায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
			পরামর্শ করা
উপযোগ	• ভূগর্ভস্থ জলের প্রাপ্যতা • ভূ-পৃষ্ঠ জলের প্রাপ্যতা • এধরণের পানির গুনগত মান • বর্জ্য জলের শোধন শোধনাগারের প্রাপ্যতা	• জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাছ থেকে তথ্য • জরিপ • সংগ্রহ এবং পরীক্ষণ • মহাপরিকল্পনার প্রস্তাবনা • বাস্তবায়নের জন্য প্রস্তাবিত পরিকল্পনাসমূহ পূর্ণ দৈর্ঘ্য অধ্যয়ন পরিচালনা এবং বিনিয়োগ পরিকল্পনা প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট সংস্থার অগ্রসর হওয়া	• স্থানীয় জনগণের সাথে আলোচনা • অভ্যন্তরীণ আলোচনা • মহাপরিকল্পনার প্রস্তাবনার ব্যাখ্যা
খোলা জায়গা ও বিনোদন এলাকা	• আশেপাশের এলাকার একটি তালিকা তৈরি • জল ভিত্তিক বিনোদন দর্শকদের আকর্ষণ করবে অতিথিদের জন্য আবাসন	• জরিপ • স্থানীয় জনগণকে সচেতন করা • কর্ম পরিকল্পনা প্রস্তুতকরণ প্রয়োজনীয় বাসস্থান নির্মাণ করা হবে	• স্থানীয় জনগণকে সচেতন করা • স্থানীয় জনগণকে মহাপরিকল্পনার বিস্তারিত সম্পর্কে জানাতে হবে স্থানীয় এলাকাকে বন্ধুত্বপূর্ণ পরিবেশ সম্পর্কে সচেতন করে তুলতে হবে

৯.৬ উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম

উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম দুটি নির্ণায়কের উপর ভিত্তি করে তৈরি হতে পারে; যেমন- সমস্যার প্রখরতার উপর ভিত্তি করে অগ্রাধিকার নির্ধারণ করা এবং নগরায়নের সম্ভাবনা বিবেচনা করে স্থান নির্বাচন। কিছু উন্নয়ন শহর পর্যায়ে হবে যা ওয়ার্ড পর্যায়ে আলাদা যাবে না। কিন্তু একদম স্থানীয় স্তরের (ওয়ার্ড) কিছু প্রকট সমস্যা সামগ্রিক পদ্ধতিতে সমাধান করতে হবে। এর কোনো অগোছালো সমাধান নেই বরং এটি সামগ্রিকভাবে বিবেচনা করা উচিত।

একইভাবে, সমস্যার প্রখরতা ও প্রয়োজনের অগ্রাধিকার বিবেচনা করে বাস্তবায়নের পর্যায়ক্রম নির্ধারণ করা উচিত। স্বচ্ছতার জন্য উন্নয়ন প্রস্তাবনাগুলো পৌরসভার বৈঠকে আলোচনা করা উচিত এবং প্রখরতা এবং অগ্রাধিকারের নির্ণায়কের মাধ্যমে যে সিদ্ধান্ত নেয়া হবে তা জনগণের সামনে প্রকাশ করা উচিত।

৯.৬.১ ব্যয় কার্যক্রম


কর্তৃপক্ষকে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সম্ভাব্য ব্যয়ের পরিমাণের একটি সীমা দিয়ে দেওয়ার জন্য একটি সুনির্দিষ্ট ব্যয় কার্যক্রম দরকার। এটি কর্তৃপক্ষকে বাস্তবায়নের সময়কালে তহবিল যোগানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সহায়তা করবে। সম্পাদনকারী কর্তৃপক্ষের বিভিন্ন খরচ উপাদানের হালনাগাদের উপর ভিত্তি করে বিস্তারিত গণনা করা উচিত। প্রথম পাঁচ বছরে যে প্রকল্পগুলো বাস্তবায়ন করা হবে সেগুলোর ব্যয় কার্যক্রমের কাজ হাতে নিতে হবে।

৯.৬.২ উন্নয়ন সমন্বয়

পৌরসভার প্রভাব এলাকার একটি বড় অংশ উপজেলা প্রশাসনের মধ্যে পড়ে যা আবার নিয়ন্ত্রিত হয় জেলা প্রশাসনের মাধ্যমে। জেলা/উপজেলা প্রশাসনকে পৌরসভার ভেতর ও বাইরে মহাপরিকল্পনার দেওয়া বিভিন্ন উন্নয়ন প্রস্তাবনা হাতে

নিতে হবে। যেহেতু পৌরসভা মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক, সুতরাং পৌরসভাকে মহাপরিকল্পনার ভিত্তিতে সব উন্নয়ন কার্যক্রম হাতে নিতে হবে।

পৌরসভা এবং এর প্রভাব অঞ্চল স্থানীয় থেকে জাতীয় পর্যায়ে একাধিক প্রশাসনের অধীনে আছে। (***চিত্রলেখ ৯-১***)



চিত্রলেখ ৯-১: সরকারি আইনগত অধিকারের অধিক্রমণ

প্রশাসনের নিম্নলিখিত স্তরগুলো পরিকল্পনা এবং উন্নয়ন কার্যক্রম হাতে নেয়ার জন্য আইনগতভাবে ক্ষমতাপ্রাপ্ত।

ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ আলোচনা করে সেসব কর্মকান্ড নিয়ে যা গুরুত্বপূর্ণ পরিকল্পনা কার্যক্রমের দিকে দৃষ্টিপাত করে। এই গুরুত্বপূর্ণ পরিকল্পনা কার্যক্রমগুলো নিম্নরূপঃ

ক) ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতির জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ।

খ) ওয়ার্ড স্তরে প্রকল্প/পরিকল্পনা প্রস্তুতি এবং বাস্তবায়নযোগ্য পরিকল্পনা ও উন্নয়ন কর্মকান্ডগুলোর অগ্রাধিকারকরণ।

গ) পূর্ব নির্ধারিত মানদন্ডের ভিত্তিতে চূড়ান্ত অগ্রাধিকার তালিকাসহ সরকারি কার্যক্রমে সুবিধাভোগীদের তালিকা প্রস্তুত করা।

ঘ) উন্নয়ন পরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য সকল প্রকার সহায়তা প্রদান করা।

ঙ) স্থানীয় স্বেচ্ছাসেবী কার্যক্রম বাস্তবায়নে সহায়তা ও উৎসাহ প্রদান।

চ) সড়ক বাতি, নিরাপদ খাওয়ার পানির উৎস, অন্যান্য জনস্বাস্থ্য ইউনিট, সেচ সুবিধাগুলো এবং গণ উপযোগের অন্যান্য স্থান নির্ণয় ইত্যাদি।

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২য় তফসিল) উপজেলা পরিষদের কার্যক্রম বিশেষ করে পরিকল্পনা বিষয়ক কার্যক্রম বর্ণনা করে। এ কার্যক্রমগুলো নিম্নরূপঃ

ক) ৫ বছরের জন্য এবং বিভিন্ন স্থিতিকালের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা।

খ) স্থানান্তরিত সরকারি প্রকল্প বাস্তবায়ন এবং সেই বিভাগের তত্ত্বাবধান ও সমন্বয়করণ।

গ) ইউনিয়নের ভেতরকার সংযোগকারী রাস্তা তৈরি, মেরামত এবং রক্ষণাবেক্ষণ।

ঘ) ভূগর্ভস্থ পানি সম্পদ সর্বাধিক কার্যকরী করার লক্ষ্যে সরকারি নির্দেশাবলী অনুসারে, ছোট ছোট সেচ প্রকল্পগুলোর দায়িত্ব গ্রহণ এবং বাস্তবায়ন করা।

ঙ) স্যানিটেশন, ড্রেনেজ ব্যবস্থা এবং খাওয়ার পানি সরবরাহের উন্নয়ন।

চ) ইউনিয়ন পরিষদের কাজে সমন্বয়করণ, মনিটরিং এবং সহায়তা করা ।

ছ) স্বাস্থ্যকর অবস্থা, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষরোপন, পরিবেশের সুরক্ষা - সামাজিক অসদাচরণ এবং দুর্নীতির বিরুদ্ধে জনমত তৈরি করে।

জেলা পরিষদ আইন, ২০০০ নিম্নলিখিত গুরুত্বপূর্ণ পরিকল্পনা কর্মকান্ড বিহিত করেঃ

ক) বাজেটের উপর নির্ভর করে এর এখতিয়ারের অধীনে পরিষদের কার্যক্রম গ্রহণ এবং ৫-বছর মেয়াদি পরিকল্পনা অথবা বিভিন্ন মেয়াদি অন্যান্য উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন করা যেতে পারে। এক্ষেত্রে, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ অথবা কোনো বিশিষ্ট বিশেষজ্ঞ থেকে ধারণা নেওয়া যেতে পারে।

নিম্নলিখিত অংশগুলো উপরে উল্লেখিত পরিকল্পনায় নির্দেশ করা উচিত-

- পরিকল্পনাটির জন্য অর্থ কীভাবে সংগ্রহ করা হবে এবং কিভাবে তা তত্ত্বাবধান ও বাস্তবায়ন করা হবে
- পরিকল্পনাটি কারা বাস্তবায়ন করবে
- পরিকল্পনা সম্পর্কিত অন্যান্য তথ্য

খ) বাস্তবায়নের পূর্বে প্রত্যেক উন্নয়ন পরিকল্পনার একটি প্রতিলিপি সরকারের কাছে পাঠাতে হবে এবং সর্বসাধারনের অবগতির জন্য এটি প্রকাশিত হবে যখন পরিষদ উপযুক্ত মনে করবে ও প্রয়োজন হলে জন মতামত বিবেচনা করবে ও সেগুলো অন্তর্ভুক্ত করবে।

বিভাগীয় পর্যায়

একটি বিভাগ কয়েকটি জেলা নিয়ে গঠিত যেগুলো বিভাগীয় কমিশনার দ্বারা পরিচালিত। এর প্রধান কাজ হচ্ছে সমন্বয়করণ, সহায়তা করা এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে পরামর্শ দেওয়া। প্রতিষ্ঠানটির উদ্দেশ্য পরিকল্পনার চেয়েও বেশি সমন্বয়করণ।

জাতীয় পর্যায়

জাতীয় পর্যায়ের সংস্থাগুলো তাদের জাতীয় দায়িত্বের একটি অংশ হিসেবে পৌরসভা এবং অন্যান্য কেন্দ্রসহ বিভিন্ন নগর এলাকায় সেবা প্রদান করে। কিছু গুরুত্বপূর্ণ জাতীয় সংস্থাগুলোর মধ্যে আছে নগর উন্নয়ন অধিদপ্তর, জাতীয় আবাসন কর্তৃপক্ষ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে গণপূর্ত বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকারের অধীনে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায়, যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে সড়ক ও জনপদ অধিদপ্তর, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীনে পরিবেশ অধিদপ্তর এবং শক্তি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। অন্যান্য মন্ত্রণালয়ের মধ্যে বাণিজ্য, শিক্ষা, অর্থ, কৃষি, যুব ও ক্রীড়া এবং পানি সম্পদ উন্নয়ন মন্ত্রণালয় মূলত তাদের আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ের সংস্থাগুলোর মাধ্যমে নগর উন্নয়ন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে জড়িত আছে।

উপরে বর্ণিত আলোচনা স্পষ্টভাবে নির্দেশ করে যে নিজ নিজ কর্তব্যের দিকে মনোনিবেশ করে বাংলাদেশে কর্মকান্ডের বিশাল অধিক্রমন আছে যার মধ্যে রাঙ্গামাটি পৌরসভা এবং এর প্রভাব এলাকা; যেমন- আশেপাশের ইউনিয়ন পরিষদ আছে।

রাঙ্গামাটি পৌরসভার প্রভাব বলয়ের মধ্যে ইউনিয়ন পরিষদের যথেষ্ট পরিকল্পনা কর্তব্য রয়েছে, কিন্তু পর্যাপ্ত তহবিল এবং যথেষ্ট লোকবল নেই। এক্ষেত্রে আরেকটি ব্যাপার হচ্ছে যে ইউনিয়ন পরিষদের ক্রম শ্রেণিবিভাগের মধ্যে নিচে থাকায় এটি তার উন্নয়ন ও উন্নয়ন নিয়ন্ত্রণের ক্ষেত্রে তেমন প্রভাব রাখতে পারে না।

কাঠামো পরিকল্পনা

৯.৬.৩ প্রয়োজনীয় জনশক্তি

এটি প্রমাণিত যে স্থানীয় সংস্থায় লোকবলের ঘাটতি রয়েছে, বিশেষ করে কারিগরি পেশাজীবিদের। রাঙ্গামাটি পৌরসভা তাদের লোকবলের প্রয়োজনীয়তার ব্যাপারটি মন্ত্রণালয়কে জানিয়েছে। এটি অনুমোদন পেলে পরিস্থিতি উন্নত হবে।

সার্বিক অবস্থা বিবেচনায় উপজেলা পরিষদে অতিসত্বর নগর পরিকল্পনাবিদদের পদ অনুমোদন করে তাদের নিযুক্ত করা উচিত। এটি শুধুমাত্র উপজেলা পরিষদ নয়, ইউনিয়ন পরিষদ ও এর বিভিন্ন কমিটির জন্যও প্রয়োজন হবে।

৯.৬.৪ দক্ষতা উন্নয়ন

রাঙ্গামাটি পৌরসভা এবং উপজেলা পরিষদের নগর পরিকল্পনাবিদগণ এবং এর সাথে অন্যান্য কারিগরি পেশাজীবিদের নিয়ে ধারাবাহিকভাবে একটি প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা উচিত। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় তাদের প্রশিক্ষণে যথাযথ মডিউল প্রবর্তন করতে পারে যাতে মহাপরিকল্পনা সঠিকভাবে গ্রহণ করা যেতে পারে।

৯.৬.৫ পৌরসভা প্রভাব এলাকায় উন্নয়ন নিয়ন্ত্রণ

এটি পরিষ্কার যে পুরাতন রীতি অনুসারে চললে সময়ের সাথে সাথে রাঙ্গামাটি পৌরসভা এলোমেলোভাবে গড়ে ওঠা শহর হয়ে উঠবে। এতে তীব্র ও অনিয়ন্ত্রিত নগর বন্দোবস্তের সমস্যা দেখা দিবে। সুতরাং, এটি বিশ্বাস করা হয় যে নিজ নিজ ইউনিয়ন পরিষদ, উপজেলা এবং জেলার অধিনস্ত পৌরসভার প্রভাব এলাকা পৌরসভা মহাপরিকল্পনার মাধ্যমে নিয়ন্ত্রণ করা উচিত।

এটি প্রবলভাবে বিশ্বাস করা হয় যে উপজেলা পরিষদের একজন অথবা এর বেশি নগর পরিকল্পনাবিদ নিয়োগের মাধ্যমে (উদাহরনস্বরূপ, ৩টি ইউনিয়নের জন্য একজন পরিকল্পনাবিদ) এই ব্যাপারে ইউনিয়ন পরিষদকে সহায়তা করতে এগিয়ে আসা উচিত। সেই পরিকল্পনাবিদকে নিয়মিত কর্মী হিসেবে হেড কোয়ার্টারে প্রেরণ করা হবে, যিনি পরিকল্পনা পরিচালনার ব্যাপারে তিনটি নির্ধারিত ইউনিয়নকে সহায়তা করবে। এভাবে প্রভাব এলাকা তাদের আকাঙ্ক্ষিত পদমর্যাদায় পৌছাতে সমর্থ হবে।

৯.৬.৬ নির্মাণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

আইনানুসারে, রাঙ্গামাটি পৌরসভা উন্নয়ন নিয়ন্ত্রণের কাজ করবে। প্রভাব এলাকার মহাপরিকল্পনার রক্ষণাবেক্ষণের দ্বায়িত্ব পৌরসভার এর হাতে হস্তান্তর করা প্রয়োজন, যেহেতু পৌরসভার ভবিষ্যতে এই এলাকায় বর্ধিত হবে। সকল উন্নয়ন নিয়ন্ত্রণ কর্ম পরিকল্পনা মেয়রের সম্মতিতে, নগর পরিকল্পনবিদ দ্বারা পরিচালিত হওয়া উচিত। নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি (স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯) উন্নয়ন নিয়ন্ত্রণ কার্যক্রম তত্ত্বাবধান করবে এবং কোনো অনিয়ম দেখা গেলে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

নগর পরিকল্পনা, নাগরিক সেবা এবং উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি

নগর পরিকল্পনা, নাগরিক সেবা এবং উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি গঠিত হবে ৫ জন সদস্য নিয়ে যার মধ্যে ৪ জন নির্বাচিত কাউন্সিলর (যার মধ্যে কমপক্ষে একজন মহিলা কাউন্সিলর) এবং মেয়র। নির্বাচিত কাউন্সিলরদের মধ্য থেকে একজন মেয়র হিসেবে নির্বাচিত হন। স্থায়ী কমিটির পাশাপাশি একটি নাগরিক কমিটি (পৌরসভার সাথে) গঠিত হতে পারে পৌরসভার কারিগরি পেশাদার, সরকারি সংস্থার প্রতিনিধিদের সদস্যসহ, উপজেলা পরিকল্পনাবিদ, বেসরকারি শাখা, পেশাজীবী সংগঠন, সুশীল সমাজ, বেসরকারি উন্নয়ন সংস্থা, সম্প্রদায় ভিত্তিক সংস্থা, নারী গোষ্ঠী এবং দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি নিয়ে। এভাবে পরিকল্পনা কার্যক্রমে বিভিন্ন শ্রেণীর মানুষকে একত্রিত করা সম্ভব।

এছাড়াও, পৌরসভার প্রতিটি বিভাগ/অংশে বিভিন্ন কমিটি গঠন করে পৌরসভার কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা উচিত। এভাবে বিভিন্ন শ্রেনীর সক্রিয় অংশগ্রহনের মাধমে পৌরসভা তার কাজ আরো ভালভাবে সম্পন্ন করতে পারবে।

ওয়ার্ড কমিটি

পৌরসভার প্রতিটি ওয়ার্ড এই একটি করে ওয়ার্ড কমিটি আছে। ওয়ার্ড কাউন্সিলর হবে এই কমিটির প্রেসিডেন্ট এবং নির্ধারিত মহিলা কাউন্সিলর হবে ভাইস-প্রেসিডেন্ট। ওয়ার্ড এর বাসিন্দাদের মধ্য থেকে মেয়র এবং কাউন্সিলর এর সাথে কন্সাল্টেশন এর মাধ্যমে ওয়ার্ড কমিটি এর সদস্য নির্বাচিত হয়। একজন পৌরসভা অফিসিয়াল সদস্য সচিব এর দায়িত্ব পালন করবেন এবং তিনি কাগজপত্র হালনাগাদ করণে সহায়তা করবেন। কমিটি সগঠনের সময়ই বেসরকারি শাখা, সুশীল সমাজ, বেসরকারি উন্নয়ন সংস্থা, দরিদ্র জনগোষ্ঠী, নারী গোষ্ঠী, প্রভৃতির অংশগ্রহন নিশ্চিত করতে হবে। মহাপরিকল্পনার পাশাপাশি ওয়ার্ড অ্যাকশন প্ল্যান (WAP) তৈরী এবং সমাধানমূলক সমস্যাগুলো চিহ্নিতকরণে এই কমিটি নিবিড়ভাবে জরিত থাকবে।

ওয়ার্ড কমিটির বিকেন্দ্রীকরণের মাধমে স্বচ্ছতা এবং জবাবদিহিতা সৃষ্টি হবে এবং পৌরসভার উন্নয়ন নিয়ন্ত্রনে সহায়তা করবে। কন্সালন্ট্যান্স এর সহায়তা নিয়ে পৌরসভার প্রজেক্ট ইমপ্লিমেন্টশন ইউনিট (PIU) সব ভৌত কাজ বাস্তবায়ন, নির্মাণকাজ দেখাশোনা, প্রশাসন, ব্যবস্থাপনা এবং সক্ষমতা তৈরী কার্যক্রম সম্পন্ন করবে।

ওয়ার্ড কমিটি তাদের বিষয়গুলো শহর পর্যায়ের সমন্নয় কমিটিকে এবং সর্বশেষে বাস্তবায়ন এর জন্য পৌর-পরিষদকে জানায়। পৌর-পরিষদ সেটিকে পৌর প্রেক্ষাপটে বিবেচনা করে এবং বাস্তবায়িত করে। কাউন্সিলের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন, উন্নয়ন নিয়ন্ত্রণ পদক্ষেপ এবং উন্নত সেবা প্রদান এর কাজ কার্যকর ওয়ার্ড কমিটি সহজতর করে।

৯.৭ মহাপরিকল্পনার বিপরীতে ভূমি ব্যবহারে বিধিনিষেধ

কোনো ব্যক্তি অনুমোদিত মহাপরিকল্পনায় প্রণীত ভূমি ব্যবহারের বাইরে কোনো ভূমি অন্য উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে না। সরকারি অথবা বেসরকারি খাতের সকল ভবিষ্যৎ উন্নয়ন এবং নির্মাণকার্য অনুমোদিত পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ্য হতে হবে। ভূমি ব্যবহার অঞ্চল/পরিকল্পনা লঙ্ঘিত কোনো দালান ভেঙ্গে ফেলার ক্ষেত্রে কোনো ব্যক্তিকে কোনো ক্ষতিপূরণ দেওয়া হবে না। তবে সরকারি অথবা জাতীয় স্বার্থের কোনো প্রকল্পের ক্ষেত্রে মহাপরিকল্পনার ভূমি ব্যবহার বিধানে পরিবর্তন আসতে পারে।

৯.৭.১ ইমারত নির্মাণ

উন্নয়ন নিয়ন্ত্রণ হবে পূর্ববঙ্গ ইমারত নির্মাণ আইন ১৯৫২ এর ধারা- ১৮ এর অধীনে ইমারত নির্মাণ বিধিমালা এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর প্রয়োজনীয় বিধানের মাধ্যমে পরিকল্পনা বাস্তবায়নের প্রধান হাতিয়ার। অনুমোদনের জন্য দরখাস্ত জমা দেওয়া থেকে শুরু করে ইমারত নির্মাণের প্রতিবেদন সম্পন্ন হবে পৌরসভার অনুসরণ করা নির্ধারিত নিয়ম ও বিধান অনুসারে।

৯.৭.২ অপরিকল্পিত এলাকায় ভৌত উন্নয়ন ব্যবস্থাপনা

মহাপরিকল্পনা এলাকায় বিশাল এলাকা অপরিকল্পিত এবং এলোমেলোভাবে বৃদ্ধি পাচ্ছে। আমাদের অপরিকল্পিত এলাকায় সাধারন ঘটনা হলো বিচ্ছিন্ন উন্নয়ন।

কার্যকর ভূমি ব্যবস্থাপনা হচ্ছে মহাপরিকল্পনা বাস্তবায়নের অন্যতম প্রধান হাতিয়ার। বর্তমান মধ্যম ও উচ্চ ঘনত্বের শহর এলাকায় সবচেয়ে কার্যকর পদ্ধতি হচ্ছে নগর পুনর্বাসন/ উন্নয়ন এবং গোষ্ঠী ভিত্তিক উন্নয়ন কৌশল (যার জন্য সঠিক প্রাতিষ্ঠানিক ও আর্থিক প্রক্রিয়া প্রতিষ্ঠা করতে হবে) উন্নয়ন।

বিদ্যমান অপেক্ষাকৃত কম ঘনত্বের নগর এলাকায়, সরকারি সংস্থাগুলো নির্মান অথবা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য এবং নাগরিক সুবিধা প্রদানের জন্য জমি অধিগ্রহণ করতে পারে। এছাড়া, স্থান ও সেবা পরিকল্পনা বাস্তবায়নের জন্যও সরকারি সংস্থাগুলো জমি অধিগ্রহণ করতে পারে যার সাহায্যে নিম্ন আয়ের পরিবারদের জন্য কম খরচে প্লট প্রদান করা সম্ভব।

কাঠামো পরিকল্পনা

দরিদ্রদের জন্য প্রাতিষ্ঠানিক এবং আর্থিক সহায়তার কৌশল অনুসরণ করতে হবে। সম্ভাবনাময় নগর এলাকার জন্য ল্যান্ড পুলিং, ভূমি পুনর্বিন্যাস, ভূমি পুনঃউন্নয়ন, স্থান ও সেবা – এর মত ভূমি উন্নয়ন কৌশল প্রয়োগ করা যেতে পারে। সরকারি খাত সাহায্যকারীর ভূমিকা সুপারিশ করে এবং ব্যক্তিগত উন্নয়নকে প্রসারিত করে।

৯.৭.৩ যেসব এলাকায় উন্নয়ন করা হবে সেসব এলাকায় ইমারত নির্মাণ অনুমোদন

পৌরসভা এলাকার মহাপরিকল্পনার জন্য বেশ কয়েকটি উন্নয়ন প্রস্তাবনা দেয়া হয়েছে। এর মধ্যে বেশিরভাগ জমি ব্যক্তিগত মালিকানাধীন। এ ধরণের জমিতে মহাপরিকল্পনার বিপরীতে ভূমি মালিকদের কোনো উন্নয়ন অনুমোদিত নয়। এ ধরণের ভূমি যথাযথ কর্তৃপক্ষ অধিগ্রহণ না করলে অথবা উন্নয়ন প্রকল্প পরিত্যক্ত থাকলে তারা ক্ষতিগ্রস্ত হবে। মহাপরিকল্পনা অনুযায়ী নয়, এমন কোনো উন্নয়নকে রাঙ্গামাটি পৌরসভা অনুমতি দিবে না।

৯.৭.৪ বাণিজ্যিক এবং মিশ্র ভূমি ব্যবহার এলাকায় যানবাহন পার্কিং

ঢাকা জাতীয় ইমারত নির্মাণ বিধি ২০০৮ এর অনুযায়ী পার্কিং এর জন্য নির্দিষ্ট বিধান প্রয়োগ করা হবে। আবাসন এবং বাণিজ্যিক ভূমি ব্যবহার এলাকার জন্য বিধান বিদ্যমান আছে, কিন্তু মিশ্র ভূমি ব্যবহার এলাকাগুলোর জন্য সেরকম কিছু নেই। বিধান অনুসারে, প্রতি ২০০ বর্গ মিটার বাণিজ্যিক জায়গার জন্য ২৩ বর্গ মিটার জায়গা পার্কিং এর জন্য সংরক্ষিত রাখতে হবে। মিশ্র ব্যবহার এলাকার জন্য পরামর্শকের পরামর্শ হবে বাংলাদেশ জাতীয় ইমারত আইনগ্রন্থ ২০০৮ এর সেই বিধান যা মিশ্র ভূমি ব্যবহারের ক্ষেত্রে প্রয়োগ করা হবে।

৯.৭.৫ নির্মাণ বিধিনিষেধ

ক) পুকুর, নিচু জমি ও নিষ্কাশন নির্গমন পথ

কোনো নিচু জমি ভরাট করা যাবে না এবং নিষ্কাশন ব্যবস্থায় কোনো বাধা গ্রহনযোগ্য হবে না। নিচু জমি ভরাট করার জন্য পৌরসভার কাছ থেকে পূর্ব অনুমতি লাগবে। প্রচলিত আইনগুলোর উপর ভিত্তি করে পৌরসভা এই ধরণের অনুমতি প্রদান করবে। সব পুকুর ভরাট করা গ্রহনযোগ্য হবে না যেহেতু তারা নগরে পানি সরবরাহ এবং এর সাথে খোলা জায়গা ও পানি ধরে রাখতে কাজ করে। এটি সুপারিশ করা হয় যে ০.৫০ একর এবং এর অধিক আয়তনের পুকুরগুলো রক্ষা করা উচিত। এসব পুকুর ভরাট নিষিদ্ধ করা উচিত। অনুকূল ব্যবহারের জন্য পৌরসভার উচিত এগুলো অধিগ্রহণ করা।

খ) নিরাপত্তা অঞ্চল

নিরাপত্তা অঞ্চলসমূহ; যেমন- ক্যান্টনমেন্ট, বি.জি.বি, পুলিশ, ক্যান্টনমেন্ট বোর্ড ইত্যাদি এলাকা তাদের নিজস্ব বিধিমালা মেনে চলে। তাদের এলাকা মাঝেমাঝে পৌরসভা এলাকা এবং তার বাইরে ছড়িয়ে ছিটিয়ে পড়ে। এই এলাকাগুলো বেসামরিক উন্নয়নের জন্য ব্যবহার করা উচিত নয়।

গ) রেডিও, টেলিভিশন, পানি শোধনাগার, পাম্প স্টেশন এবং পাওয়ার স্টেশন

তারবিহীন স্টেশন, রেডিও, টেলিভিশন, পানি শোধনাগার, পাম্প স্টেশন এবং পাওয়ার স্টেশন হলো মূল নিরাপত্তা অঞ্চল যেগুলো সচরাচর চিহ্নিত সীমানার মধ্যে থাকে। ঐতিহাসিক স্থানসমূহ, গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনাসমূহ যদি নিয়মিত তত্ত্বাবধান করা না হয় তবে তা অননুমোদিত অনধিকার প্রবেশের মাধ্যমে গড়ে উঠতে পারে যা নিরাপত্তা ব্যবস্থাকে ব্যহত করবে। এমনকি এসব এলাকার আশেপাশে পর্যবেক্ষণবিহীন উন্নয়নও নিরাপত্তা সমস্যা তৈরি করতে পারে।

৯.৮ রাঙ্গামাটি পৌরসভার সক্ষমতা তৈরি

স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯, এর পরবর্তী সংশোধন বিভিন্ন ক্ষেত্রে পৌরসভার সক্ষমতা বৃদ্ধি করেছে। যদি আইনের বিধি-নিষেধ সঠিকভাবে চর্চা করা হয় তবে পৌরসভার সামর্থ্য ধীরে ধীরে শক্তিশালী হবে।

বর্তমান পরিকল্পনা প্যাকেজটি পৌরসভার জন্য অনেক উন্নয়ন পরিকল্পনা দিয়েছে। শুধুমাত্র পৌরসভা এই পরিকল্পনার তত্ত্বাবধায়ক হবে না, বরং পৌরসভা অনেক উন্নয়ন প্রকল্পও বাস্তবায়ন করবে। এছাড়াও, অন্যান্য নগর উন্নয়ন ও সেবাপ্রদানকারী সংস্থা কর্তৃক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পর্যবেক্ষকও দ্বায়বদ্ধ থাকবে। এই পরিস্থিতি পৌরসভার বর্তমান সামর্থ্যকে সমৃদ্ধ করবে।

উন্নয়ন নিয়ন্ত্রণের জন্য প্রকৌশল বিভাগ এবং অ্যাকাউন্টস সহ অন্যান্য বিভাগকে ভবিষ্যৎ কাজের পরিমাণ সামলানোর জন্য উল্লেখযোগ্যভাবে উন্নীত করা উচিত। কার্য সামর্থ্য বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করা উচিত। এছাড়াও, এখানে আধুনিক অফিস এবং সরঞ্জাম প্রতিষ্ঠা করা উচিত।

নিম্নলিখিত সমস্যাগুলো এবং কৌশলগত বিষয়সমূহ রাঙ্গামাটি পৌরসভার সুশাসনে বিবেচনা করা উচিত।

সারণি ৯-২: সমস্যা ও কৌশলগত বিষয়সমূহ যা সুশাসনের ক্ষেত্রে বিবেচনা করা উচিত

ক্ষেত্র	কার্যক্রম	লক্ষ্য	সমস্যাসমূহ	কৌশলগত বিষয়সমূহ
স্বচ্ছতা	উন্মুক্ততা এবং তথ্য প্রচারের উন্নতি	পৌরসভার সেবায় স্বচ্ছতা বাড়ানো এবং পৌরসভা ও নাগরিকদের মধ্যে ঐক্যমত্য তৈরি করা।	পৌরসভা কর্তৃক প্রদত্ত সেবা সম্পর্কে নাগরিকরা সচেতন নয়	গণ যোগাযোগ সরঞ্জাম দ্বারা তথ্য প্রচার
			নগর শাসনের অজ্ঞতা	নাগরিক দলিলের সংশোধন
দ্বায়বদ্ধতা	প্রশাসনিক সংস্কার	নির্ধারিত বাজেট পরিকল্পনার উপর ভিত্তি করে অবকাঠামো উন্নয়নে কার্যকর এবং কার্যকর জনসাধারণের সেবা নিশ্চিত করা	অপরিকল্পিত নগর উন্নয়ন কার্যক্রম	পৌরসভা ও সংশ্লিষ্ট সংস্থার মধ্যে অবকাঠামো উন্নয়নে সমন্বয় ব্যবস্থা
			কাজকর্ম চালানোর দুর্বল সামর্থ্য	সামর্থ্য উন্নয়ন (কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ, সাংগঠনিক এবং প্রাতিষ্ঠানিক সংস্কার)
	কর সংস্কার		অদক্ষ জনসেবা	বিকেন্দ্রীকরণের সাথে প্রশাসনিক সংস্কার
			কোনো বিস্তৃত দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা নেই	মহাপরিকল্পনা বাস্তবায়ন
	আর্থিক সংস্কার		দুর্বল কর সংগ্রহ ও ব্যবস্থাপনা	কর সংস্কার এবং কর সংগ্রহ বৃদ্ধি
অংশগ্রহণ	নাগরিক সচেতনতা এবং অংশগ্রহণ	নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন, নিরীক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে নাগরিকের অংশগ্রহণকে উন্নীত করা।	জনগণের অভিযোগ/অনুরোধ জানানোর সামান্য সুযোগ	নাগরিক সমন্বয় কমিটি গঠন
			নীতি এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য স্থানীয় মানব সম্পদের সীমিত ব্যবহার।	অংশীদারদের সমন্বয় কমিটি গঠন এবং পৌরসভার সেবা প্রদানে সামাজিক প্রতিষ্ঠানকে একীভূত করা।
প্রক্ষেপণ	নগর পরিকল্পনা এবং পরিবেশগত উন্নতি	আইন জারি এবং সামঞ্জস্যপূর্ণ বাজেট পরিকল্পনা নিশ্চিত করা।	আইন, নিয়ম এবং প্রবিধান প্রবর্তনে দুর্বল প্রতিষ্ঠানগত বা সাংগঠনিক সামর্থ্য	আইন জারির জন্য সমন্বয়
	আইন জারির জন্য সমন্বয় ব্যবস্থা		বেসরকারি খাতের কার্যক্রমের জন্য দুর্বল প্রবিধান এবং এর প্রয়োগ	আইন জারি এবং আইন তৈরির জন্য সামর্থ্য উন্নয়ন
			নির্ধারিত বাজেট পরিকল্পনা ছাড়া নগর পরিকল্পনা	অবকাঠামো উন্নয়ন জন্য বাজেট পরিকল্পনা

তথ্যসূত্রঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

এদিকে, পৌরসভার কম্পিউটারে গুরুত্বপূর্ণ তথ্য, যেমন হোল্ডিং ট্যাক্স, কর প্রদান, অন্যান্য দায়, প্রকল্প ইত্যাদি তথ্য সংরক্ষণ করতে হবে। এর ফলে মেয়র যথাযথ কর্তৃপক্ষকে না ডেকেই, তাৎক্ষণিক অবস্থা সম্পর্কে জানতে পারবে এবং এর সাথে তার সময় বাঁচাবে। এভাবে ধীরে ধীরে বৃদ্ধি পাওয়া সকল উন্নয়ন কর্মকান্ডের তথ্য ভাগ করা যাতে পারে।

৯.৯ পরিকল্পনা বাস্তবায়নের জন্য সুশাসন নীতি

নীতিশাসন - ০১: সহমত তৈরি

আধুনিক প্রশাসন চালানোর জন্য এবং জনসাধারণের চাহিদা পূরণের জন্য পৌরসভাকে তার সামর্থ্য বৃদ্ধি করতে হবে।

যৌক্তিকতা

শুধু মহাপরিকল্পনা বজায় রাখার জন্য নয়, বরং শহরের সামগ্রিক ব্যবস্থাপনার জন্য সামর্থ্য গড়ে তোলা, যথাযথ লোকবল নিয়োগ, বিদ্যমান খালি পদগুলো পূরণ করা অপরিহার্য। বিভিন্ন রকম প্রশিক্ষণ হতে পারে সকল সামর্থ্য গড়ে তোলার ভিত।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতিশাসন – ০২: উন্নয়ন ব্যবস্থাপনা পদ্ধতি গড়ে তোলা

পৌরসভার যথাযথ তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information System – MIS) গড়ে তোলা উচিত।

যৌক্তিকতা

তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি ছাড়া মহাপরিকল্পনা বাস্তবায়ন এবং পরিকল্পনা নিয়ন্ত্রণ, উন্নয়ন, পর্যালোচনা, বাস্তবায়ন এবং নিয়ন্ত্রণ করা কঠিন।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতিশাসন – ০৩: অংশীদারিত্ব ভিত্তিক উন্নয়ন

পৌরসভা হচ্ছে মহাপরিকল্পনা বাস্তবায়নের নেতৃত্বস্থানীয় সংস্থা। পরিকল্পনাটি নগর ব্যবস্থাপনার একটি অন্যতম উপাদান। অন্যান্য সংস্থাগুলোর সহায়তায় এবং জন অংশগ্রহণের মাধ্যমে পৌরসভা এই পরিকল্পনা অন্যান্য সংস্থাগুলোর সাথে অংশীদারিত্বের জন্য যেকোনো উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন করতে পারে।

যৌক্তিকতা

অংশীদারিত্ব অভিজ্ঞতা, দক্ষতা এবং সমর্থন নিয়ে আসে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

৯.১০ আইনগত ব্যবস্থা

উন্নয়ন পরিকল্পনার জন্য আইনি কাঠামো স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এবং অন্যান্য বিধি এবং প্রবিধান, নির্দেশাবলী দেওয়া আছে। কখনও যদি উন্নয়নের স্বার্থের জন্য কিছু আইনি ব্যবস্থা সংশোধন/পরিবর্তন করার প্রয়োজন হয়, সেক্ষেত্রে কিছু নীতি এখানে প্রস্তাব করা হলোঃ

আইনগত নীতি- ০১: পৌরসভা আইনের সংশোধন

সময়ের সাথে সাথে স্থানীয় সরকার (পৌরসভা) ২০০৯ আইনের সংশোধন প্রয়োজন হতে পারে। কিছু ধারা; যেমন - পরিবর্তন/প্রতিস্থাপনের পরিস্থিতি আসতে পারে উত্তম উন্নয়নের জন্য উচ্চতা বিধিনিষেধ, যা ক্রমবর্ধমান সুবিধাভোগীরা প্রদান করবে।

যৌক্তিকতা

বৈধতার সাথে কার্যোপযোগিতার দক্ষতা সুবিধাভোগীদের বিস্তৃতি আরও বৃদ্ধি করবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

আইনগত নীতি- ০২: সমন্বয় শক্তিশালীকরণ

উন্নয়ন কর্মের সফল বাস্তবায়নের জন্য আন্তঃ-সংস্থা সমন্বয় শক্তিশালীকরণ খুবই অপরিহার্য।

যৌক্তিকতা

উন্নয়ন কর্ম বাস্তবায়নের জন্য সমন্বয়করণ অপরিহার্য। এটি পরিকল্পনা এবং উন্নয়ন বাস্তবায়নে সক্ষমতা বাড়াবে। উদাহরণস্বরূপ, বিদ্যুৎ ছাড়া একটি ইমারত অকার্যকর।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা
- সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহ

আইনগত নীতি- ০৩: উন্নয়ন কর আরোপ

অনেক উন্নত/উন্নয়নশীল দেশ এধরণের কর আরোপণ অনুশীলন করে।

যৌক্তিকতা

একটি অঞ্চলের উন্নয়নের সাথে খরচ জড়িত যা জমির মালিকদের নিকটস্থ মান এবং সুবিধা উন্নীত করে। এই ধরণের ব্যয় ভাগ করা যথেষ্ট যুক্তিসঙ্গত।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পার্বত্য জেলা পরিষদ
- পৌরসভা

আইনগত নীতি- ০৪: স্থানীয় সরকার (পৌরসভা) আইন লঙ্ঘনের জন্য জরিমানা আরোপ

অনেক সময়ে পৌরসভার নিয়ম ও বিধিগুলো ইচ্ছাকৃত/অনিচ্ছাকৃতভাবে লঙ্ঘিত হয়। এজন্য শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যেতে পারে।

যৌক্তিকতা

যদি আইন লঙ্ঘন এভাবে চলতে দেওয়া হয়, তবে এটি একটি সাধারন অভ্যাস হয়ে দাঁড়াবে। অধিকন্তু, বিধি ও প্রবিধানগুলো হচ্ছে বৃহত্তর সমাজের কল্যাণের জন্য।

কাঠামো পরিকল্পনা

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

<u>আইনগত নীতি- ০৫: আর্থিক সমস্যা থেকে উত্তরন</u>

বাংলাদেশি শহরগুলোতে সবসময় অর্থের অভাব রয়েছে। জানা গেছে পৌরসভার আয় নগন্য। এর স্বায়ত্তশাসনও সীমাবদ্ধ।

যৌক্তিকতা

যথোপযুক্ত আর্থিক সংস্থান ছাড়া উন্নয়ন কাজ বাধাগ্রস্ত হয়, ফলে মানুষ ভোগান্তির শিকার হয়।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পার্বত্য জেলা পরিষদ
- পৌরসভা
- পরিকল্পনা কমিশন

৯.১১ সম্পদ আহরণ

মহাপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে সবচেয়ে বড় চ্যালেঞ্জিং কাজ হলো সম্পদ আহরণ। যদিও পরিকল্পনার বিভিন্ন অংশ বাস্তবায়নের জন্য বিভিন্ন সংস্থা দ্বায়বদ্ধ থাকবে, তবে পৌরসভা হবে বাস্তবায়নের একমাত্র দায়বদ্ধ সংস্থা। এটা পরিষ্কার যে, বর্তমান পরিকল্পনার অধীনে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, সরকার কর্তৃক পর্যাপ্ত তহবিল সরবরাহে প্রতিক্রিয়ার উপর নির্ভর করবে। এই পরিস্থিতি রাজস্ব উৎসগুলো বাড়ানোর ক্ষেত্রে আহবান জানায়। সম্পদ আহরণের জন্য নিম্নোক্ত বিকল্পগুলো পেশ করা হলো।

বিকল্প ১: বর্তমান রাজস্ব ব্যবস্থাপনা উন্নত করা।

বিকল্প ২: সেবা বিতরণ উন্নত করা।

বিকল্প ৩: খেলাপিদের জন্য আইনি ব্যবস্থাগুলো প্রয়োগ করা।

বিকল্প ৪: বেসরকারি খাতের অংশগ্রহণ ও বিনিয়োগ।

বিকল্প ৫: রাজস্ব আয় হতে পারে এমন প্রকল্প হাতে নেওয়া।

বিকল্প ৬: আরও আবাসন ও বাণিজ্যিক উন্নয়ন প্রকল্প গ্রহণ।

বিকল্প ৭: অংশগ্রহণমূলক পদ্ধতি অবলম্বন করা।

যে কোনটি অথবা সবগুলো বিকল্পের পছন্দ করা যেতে পারে। বাস্তবায়নের জন্য সম্পদ সংগ্রহ বাড়াতে হবে।

<u>সম্পদ নীতি- ০১: কর/রাজস্ব আদায়</u>

জনসাধারণকে আত্মবিশ্বাসে আনার জন্য পৌরসভার বৃহত্তর প্রচেষ্টা করা উচিত। সম্পদ আহরণের জন্য কর/রাজস্ব আদায়ের ক্ষেত্রে পৌরসভার আইনি বাধ্যবাধকতা আছে।

যৌক্তিকতা

মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য রাঙ্গামাটি পৌরসভা সহ এবং অন্যান্য সংস্থার সম্পদ আহরণ করা প্রয়োজন। পৌরসভার অভ্যন্তরিন উৎস থেকে সম্পদ আসা উচিত। সম্পদ আহরণের অনেক মাধ্যম আছে।

- পৌরসভা উন্নয়নকৃত জমি বিক্রির জন্য দিতে পারে।
- উন্নয়ন শুল্ক ধার্য করতে পারে।
- সম্পদ এবং দায়বদ্ধতার তালিকা তৈরি চলমান রাখতে পারে।
- হিসাবরক্ষণের আধুনিক ব্যবস্থা অবলম্বন করা।
- অন্যান্য সংস্থা তাদের নিজ নিজ সম্পদ সংগ্রহ করবে।

সম্পদ নীতি- ০২: কর সংগ্রহ বৃদ্ধি

কর সংগ্রহ পৌরসভার প্রধান কাজ। কর সংগ্রহ দক্ষতাও গুরুত্বপূর্ণ। যথা সময়ে কর বৃদ্ধি করা খুবই অপরিহার্য।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পার্বত্য জেলা পরিষদ
- পৌরসভা

সম্পদ নীতি- ০৩: নিয়মমাফিক মূল্যায়ন

পৌরসভার সম্পত্তি মূল্যায়ন রাজস্ব আয়ের স্তরের ব্যাপারে একটি ধারণা দেয়।

যৌক্তিকতা

সম্পদ আহরণ বৃদ্ধির জন্য মূল্যায়নে নিয়মানুবর্তিতা গুরুত্বপূর্ন। এটি অব্যবহৃত সম্পদগুলো চিহ্নিত করবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

সম্পদ নীতি- ০৪: কর নির্ধারণকারীদের প্রশিক্ষণ

প্রত্যেক পাঁচ বছরে কর নির্ধারণ করা হয়। নির্ধারকদের তাদের কাজ যথাসম্ভব দক্ষতার সাথে করার জন্য প্রশিক্ষণ প্রয়োজন।

যৌক্তিকতা

নির্ধারণের সময় বাদ দিয়ে কর নির্ধারণকারীরা অন্যান্য কাজে ব্যস্ত থাকে। নির্ধারণের নিয়মনীতিও পরিবর্তন হয়। তাদের পদ্ধতি ও কৌশল সম্পর্কেও জানতে হবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

সম্পদ নীতি- ০৫: করের হার সংশোধন

সরকার সময় সময় করের হার নির্ধারণ করে। পৌরসভা পছন্দসই স্তরের কর সুপারিশ করতে পারে এবং সে অনুযায়ী মূল্যায়ন করতে পারে।

যৌক্তিকতা

মাঝেমাঝে নির্ধারিত কর অত্যন্ত নিম্ন হয় অথবা পৌরসভা নির্ধারিত কর হার হ্রাস করে। এর ফলে পৌরসভার রাজস্ব আয় বাধাগ্রস্থ হয়।

কাঠামো পরিকল্পনা

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

<u>সম্পদ নীতি- ০৬: সরকারি অনুদান</u>

সরকারি অনুদান পৌরসভার প্রধান উন্নয়ন সম্পদের উৎস। প্রত্যেক পৌরসভার তহবিলের ক্রমান্বয় বৃদ্ধি, পৌরসভার নিম্ন রাজস্ব আয় নির্দেশ করে।

যৌক্তিকতা

এই ধরণের ক্রমাগত বরাদ্দকরণ সংস্থাটির নৈতিকতা নিচে নামানোর সাথে সাথে একধরণের নির্ভরশীলতা সৃষ্টি করে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

৯.১২ বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা

মহাপরিকল্পনা বাস্তবায়ন করা একমাত্র পৌরসভার দায়িত্ব নয়। পৌরসভার সাথে ৩০ টির অধিক অংশীদার আছে, যেখানে সহযোগিতা এবং মিথস্ক্রিয়া প্রয়োজন। পৌরসভার অন্যতম দায়িত্ব হচ্ছে বাস্তবায়ন তত্ত্বাবধান করা এবং অনুসরণ করা। মহাপরিকল্পনা হল একটি বিধিবদ্ধ দলিল যা অংশীদারদের স্বীকৃতি দেওয়া এবং অনুসরণ করা উচিত। ***সারণি ৯-৩*** এ মহাপরিকল্পনায় প্রস্তাবিত মূল কার্যক্রমগুলো এবং অংশীদারদের দায়িত্ব তুলে ধরা হয়েছে।

সারণি ৯-৩: মহাপরিকল্পনার অধীনে বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা

উন্নয়ন ক্ষেত্র	প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
আবাসিক	আবাসন সুবিধা প্রদান	পৌরসভা, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, বেসরকারি রিয়েল এস্টেট ডেভেলপার
	আবাসন পরিকল্পনা গড়ে তোলার ক্ষেত্রে সরকারকে সহায়তা প্রদান।	পৌরসভা, বেসরকারি খাতের অন্যান্য উন্নয়ন সংস্থা
	আবাসন পরিকল্পনা তৈরির ক্ষেত্রে বেসরকারি খাতকে সহায়তা প্রদান	পৌরসভা
	নিম্ন আয়ের জনগণকে সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান	বেসরকারি রিয়েল এস্টেট ডেভেলপার, পৌরসভা, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, দাতা সংস্থাসমূহ
	অবকাঠামো সুবিধা প্রদান	পৌরসভা
	স্বতঃস্ফূর্ত উন্নয়নের জন্য পরিকল্পনা হস্তক্ষেপ	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	বস্তি উন্নয়ন	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, দাতা সংস্থাসমূহ, বেসরকারি সংস্থাসমূহ , সহকারী কমিশনার (ভূমি)
	ভূমি এবং আবাসন বাজারে নজরদারি	পৌরসভা, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, সহকারী কমিশনার (ভূমি)
	আবাসন খাতে বিনিয়োগ সহজসাধ্য করা	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রাইভেট সেক্টর হাউজিং ফাইন্যান্সিং এজেন্সি
	আবাসন শাখায় জনগণের অংশগ্রহণ	পৌরসভা, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, বেসরকারি রিয়েল এস্টেট ডেভেলপার
	নিম্ন আয়ের লোকজনকে যথাযথ প্রযুক্তি প্রদান	হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, বেসরকারি সংস্থা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, পৌরসভা,

উন্নয়ন ক্ষেত্র		প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
			জাতীয় আবাসন কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
যানবাহন ও যোগাযোগ		যথোপযুক্ত নিয়ন্ত্রিত ধীর গতির ট্রাফিক	পৌরসভা, ট্রাফিক পুলিশ
		বিভিন্ন সংগঠন ও সংস্থার সাথে সমন্বয় সাধন	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		আবাসন খাতে বিনিয়োগ সহজসাধ্য করা	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রাইভেট সেক্টর হাউজিং ফাইন্যান্সিং এজেন্সি
		আবাসন শাখায় জনগণের অংশগ্রহণ	পৌরসভা, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, বেসরকারি রিয়েল এস্টেট ডেভেলপার
		নিম্ন আয়ের লোকজনকে যথাযথ প্রযুক্তি প্রদান	হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, বেসরকারি সংস্থা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, পৌরসভা, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		রাস্তাঘাট উন্নয়নের ক্রমবৃদ্ধির ধারা	পৌরসভা, সড়ক ও জনপদ অধিদপ্তর
		বাস টার্মিনাল তৈরি	পৌরসভা, বাস মালিক সমিতি, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		ট্রাক টার্মিনাল তৈরি	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, ট্রাক মালিক/চালক সমিতি
		রাস্তাঘাটের আদর্শ মান	পৌরসভা, সড়ক ও জনপদ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		মহল্লা পর্যায়ে উচ্চক্রম ভিত্তিক সড়ক ব্যবস্থা নির্মাণ	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, সড়ক ও জনপদ অধিদপ্তর
উপযোগ	ড্রেনেজ	বর্ষার পানির ড্রেনেজ উন্নয়ন পরিকল্পনা তৈরি	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পৌরসভা
		পর্যায় ভিত্তিতে ড্রেনেজ উন্নয়ন পরিকল্পনা গড়ে তোলা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		উন্নত ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে পরিবেশগত অবস্থা উন্নত করা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পরিবেশ অধিদপ্তর
		যথাযথ ড্রেনেজ ব্যবস্থা রক্ষণাবেক্ষণ	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পৌরসভা, সড়ক ও জনপদ অধিদপ্তর
		ড্রেনেজ ব্যবস্থার কার্যকলাপ এবং ব্যবস্থাপনা উন্নত করা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থাসমূহ, জেলা প্রশাসন
		বিভিন্ন সংস্থার অংশগ্রহণ	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থাসমূহ, জেলা প্রশাসন
	পানি সরবরাহ	বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন	পৌরসভা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
		ভূগর্ভস্থ পানির নতুন উৎস আবিষ্কার ভূগর্ভস্থ পানির উপর নির্ভরতা কমাতে ভূ-পৃষ্ঠের নতুন উৎস আবিষ্কার	পৌরসভা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
		ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক, আয়রন, লবণাক্ততার যথাযথ তদন্ত	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	স্যানিটেশন	একক এবং টুইন পিট ল্যাট্রিনগুলোর উপাদান পর্যাপ্ত পরিমাণে উৎপাদন এবং সরবরাহ	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		পুরো শহরে পাবলিক টয়লেট সুবিধার প্রচার	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ

উন্নয়ন ক্ষেত্র		প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
		স্কুল পর্যায়ে স্বাস্থ্যকর স্যানিটেশন জন্য সচেতনতা তৈরি	পৌরসভা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , বাংলাদেশ পাঠ্যপুস্তক বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		শোধনাগারসহ একটি সমন্বিত স্যানিটারি সুয়ারেজ নেটওয়ার্ক তৈরি	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	কঠিন বর্জ্য ব্যবস্থাপনা	বর্জ্য সংগ্রহে দক্ষতা বৃদ্ধি	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		হাসপাতাল, ক্লিনিক, শিল্পকারখানার দূষিত বর্জ্য ব্যবস্থাপনা	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর
		কঠিন বর্জ্য পুনর্ব্যবহার করা	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , সরকারের দারিদ্র্য বিমোচন কার্যক্রম, সরকারের পরিবেশ উন্নয়ন কার্যক্রম
		বাড়ির বর্জ্য সংগ্রহে এনজিওর ভূমিকা বৃদ্ধি	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		নদীতে বর্জ্য অপসারণ আগে শিল্পকারখানার তরল বর্জ্য শোধন	পরিবেশ অধিদপ্তর, শিল্প অধিদপ্তর, জাতীয় বিনিয়োগ বোর্ড, সংশ্লিষ্ট কারখানাসমূহ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
		নিয়ন্ত্রিত ডাম্পিং/ স্যানিটারি ল্যান্ডফিল সাইটের প্রবর্তন	পৌরসভা
		কঠিন বর্জ্য ব্যবস্থাপনা রক্ষণাবেক্ষণ	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় জনগণের কমিটি
সামাজিক সেবাসমূহ	**স্বাস্থ্য**	সাধারন স্বাস্থ্য অবকাঠামোর উন্নতি	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা, পৌরসভা
		দরিদ্র জনগোষ্ঠীর দ্বারে স্বাস্থ্যসেবা পৌছে দেওয়ার হার বাড়ানো	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা
		পাড়ায় পাড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা
		পরিবেশের উন্নয়ন এবং সচেতনতা তৈরির মাধ্যমে প্রতিরোধক স্বাস্থ্যসেবা শক্তিশালীকরণ	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারগণ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা
		সাধারন জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা তৈরি করা	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা
		সরকারি খাতের স্বাস্থ্য সুবিধা সমূহ প্রদান	স্বাস্থ্য অধিদপ্তর, পৌরসভা
	শিক্ষা	পর্যাপ্ত পরিমাণে উন্নত মানের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয় প্রদান	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পৌরসভা
		প্রত্যেক বিদ্যালয়ে পর্যাপ্ত পরিমাণে জায়গা প্রদান	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পৌরসভা
		প্রাথমিক, মাধ্যমিক, তৃতীয় স্তরসমূহ এবং ভোকেশনাল ইনস্টিটিউটে শিক্ষা অবকাঠামো প্রদান	বিভিন্ন শিক্ষা অধিদপ্তর, পৌরসভা
	আইন এবং আদেশ পরিস্থিতি	সকল নাগরিকের জন্য আইনশৃঙ্খলা সেবাসমূহের উন্নতি	জেলা প্রশাসক, রাঙ্গামাটি; স্থানীয় জনসমাজ

উন্নয়ন ক্ষেত্র	প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
খোলা জায়গা ও বিনোদন	পানির সাথে সবুজের সম্পৃক্ততা	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর, সড়ক ও জনপদ অধিদপ্তর, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা, স্থানীয় জনগণ
	মহাসড়কের পাশে বনায়ন	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর, সড়ক ও জনপদ অধিদপ্তর, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা
	পার্ক তৈরি	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা, স্থানীয় জনগণ
	খেলার মাঠ/ইনডোর স্টেডিয়াম নির্মাণ	পৌরসভা, ক্রীড়া ও সংস্কৃতি অধিদপ্তর
	সরকারি আবাসন ভূ-সম্পত্তিতে খোলা জায়গা প্রদান	পৌরসভা, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, বেসরকারি বাণিজ্যিক ও সমবায় আবাসন কোম্পানি এবং সমিতি
	অন্যান্য বিনোদন সেবা প্রদান	পৌরসভা, ধর্ম এবং সংস্কৃতি মন্ত্রণালয়
শিল্প	শিল্প অঞ্চল তৈরি	পৌরসভা অর্থ মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়, বিনিয়োগ বোর্ড, চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
	পরিবেশগতভাবে ক্ষতিকর শিল্প কারখানার ক্রমবর্ধমান স্থানান্তর	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর
	ছোট মাপের শিল্পকে উৎসাহ প্রদান	বিনিয়োগ বোর্ড বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
	বড় বড় শিল্পের পুনসংগ্রহ এবং পুনর্গঠন	শিল্প মন্ত্রণালয়
	শিল্পকারখানার অবস্থান এবং মান নিয়ন্ত্রণ	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর
নগর ঐতিহ্যের সংরক্ষণ	পুরাতন মর্যাদাপূর্ণ এলাকার সংরক্ষণ	পৌরসভা, প্রত্নতত্ব অধিদপ্তর, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
	সকল ঐতিহ্যবাহী স্থান এবং পুরাতন ঐতিহাসিক দালান তালিকাবদ্ধ করা	পৌরসভা, প্রত্নতত্ব অধিদপ্তর
	পুরনো ঐতিহাসিক ভবনগুলোর অসঙ্গত ও নবরূপায়ন সম্পর্কিত বিধিনিষেধ	পৌরসভা
	ঐতিহাসিক/ঐতিহ্যবাহী ভবনগুলোর অননুমোদিত এবং অসঙ্গত ব্যবহার উদ্বাসন	পৌরসভা, প্রত্নতত্ব অধিদপ্তর, জেলা প্রশাসন
	পর্যটকদের জন্য পুরাতন ঐতিহাসিক দালান এবং স্থান সংরক্ষণ	পৌরসভা, প্রত্নতত্ব অধিদপ্তর, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
	মুক্তিযুদ্ধের সকল স্থান উন্নয়ন	পৌরসভা, ধর্ম ও সংস্কৃতি মন্ত্রণালয়
পরিবেশ ব্যবস্থাপনা	কঠিন বর্জ্যের যথাযথ ব্যবস্থাপনা	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , বেসরকারি খাত
	জলাবদ্ধ এলাকার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ	পৌরসভা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	বর্জ্য পানি পৃষ্ঠতলে ফেলে দেওয়ার পূর্বে তা শোধন করার ব্যাপারে আইন প্রয়োগ	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
	পৃষ্ঠতলের জলাশয়ের সুরক্ষা এবং রক্ষণাবেক্ষণ	পৌরসভা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পরিবেশ অধিদপ্তর

কাঠামো পরিকল্পনা

উন্নয়ন ক্ষেত্র	প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
	দূষিত এবং লাল শিল্পকারখানার ক্রমবর্ধমান স্থানান্তরের জন্য আইনি ব্যবস্থা গ্রহণ	পৌরসভা
	শহরে একটি কার্যকরী এবং সমন্বয়পূর্ণ ভূমি ব্যবহারের প্রচার এবং উন্নয়ন	পৌরসভা
	পরিবেশগত আইন কঠোর বাস্তবায়ন ও প্রয়োগ নিশ্চিতকরণ	পরিবেশ অধিদপ্তর, অন্যান্য সংস্থার সহযোগিতা
উন্নয়ন খাত	সরকারি অফিস নির্মাণ	গণপূর্ত বিভাগ

৯.১৩ উপসংহার

দেখা গেছে যে উন্নয়ন এবং নির্মাণ নিয়ন্ত্রণের জন্য প্রস্তুতকৃত শহর পরিকল্পনা বিগত বছরগুলোতে উপেক্ষিত হয়েছে। এটি অনস্বীকার্য যে কর আদায়ের নিম্ন হারের জন্য শহরগুলো সরকারি তহবিলের আশায় থাকে। সম্পদ উৎপাদন এবং ফলপ্রসূ বাস্তবায়ন এজন্য গুরুত্বপূর্ণ। রাঙ্গামাটি পৌরসভার উচ্চ সম্ভাবনা রয়েছে এবং এই পৌরসভা সম্পদ উৎপাদনের টিকে থাকতে সমর্থ হবে। নীতিমালা ও অগ্রগতি যথাযথ হওয়া উচিত এবং সে অনুযায়ী আগানো উচিত।

১০ বছর মেয়াদী পরিকল্পনা

ভূমি ব্যবহার, পরিবেশ এবং অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা

ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা
নগর পরিবহন উন্নয়ন পরিকল্পনা
পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা
জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা
মৌলিক নাগরিক সেবা পরিকল্পনা

দশম অধ্যায় ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা

সূচিপত্র

১০.১ ভূমিকা---------- ১০-১
১০.২ ভূমি ব্যবহার জোনিং---------- ১০-১
১০.৩ কেন ভূমি ব্যবহার জোনিং---------- ১০-১
১০.৪ বিদ্যমান ভূমি-ব্যবহার শ্রেণি বিভাজন---------- ১০-২
১০.৫ রাঙ্গামাটি পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারের বিশদ শ্রেণিবিন্যাস ---------- ১০-২
১০.৬ ভূমি ব্যবহার জোনিং এর লক্ষ্য---------- ১০-৫
১০.৭ ভূমি ব্যবহার জোনিং এর কৌশল ও নীতি ---------- ১০-৫
১০.৭.১ কৌশল ---------- ১০-৫
১০.৭.২ নীতি বাস্তবায়ন ---------- ১০-৫
১০.৮ বিভিন্ন ভূমি ব্যবহারে ভূমির চাহিদার আনুমানিক হিসাব ---------- ১০-৬
১০.৯ ভূমি ব্যবহার প্রস্তাবনা---------- ১০-১১
১০.৯.১ ভবিষ্যৎ ভূমি ব্যবহার শ্রেণি বিভাজন ---------- ১০-১২
১০.৯.২ প্রস্তাবিত ভূমি-ব্যবহার শ্রেণি ---------- ১০-১৩
১০.৯.৩ ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা বাস্তবায়নে নীতি ---------- ১০-২২
১০.৯.৩.১ বিভিন্ন ব্যবহার অঞ্চলের জন্য ভূমি ব্যবহার নীতিমালা ---------- ১০-২২
১০.১০ ভূমি ব্যবহারের খাতওয়ারী উন্নয়ন প্রস্তাবনা---------- ১০-২৪
১০.১০.১ আবাসিক খাত ---------- ১০-২৫
১০.১০.২ বাণিজ্যিক খাত---------- ১০-২৯
১০.১০.৩ শিল্প খাত ---------- ১০-৩২
১০.১০.৪ শিক্ষা খাত ---------- ১০-৩৮
১০.১০.৫ স্বাস্থ্য খাত---------- ১০-৩৮
১০.১০.৬ প্রশাসনিক খাত ---------- ১০-৪০
১০.১০.৭ যাতায়াত এবং পরিবহন খাত ---------- ১০-৪২
১০.১০.৮ অত্যাবশ্যকীয় সেবা (Utility Setvices) খাত---------- ১০-৪৫
১০.১০.৯ উন্মুক্ত স্থান ও বিনোদন ---------- ১০-৪৮

দশম অধ্যায়
ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা

১০.১ ভূমিকা

দশম অধ্যায়ে ভূমি ব্যবহারের নকশা সম্পর্কে পৌরসভার একটি চিত্র তুলে ধরা হয়েছে। এছাড়াও অধ্যায়ের উপ-ধারাগুলোতে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডগুলোতে বিদ্যমান ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ দেয়া হয়েছে।

১০.২ ভূমি ব্যবহার জোনিং

ভূমি ব্যবহার জোনিং ভূমি ব্যবহার সম্পর্কিত নিয়মনীতি ব্যাখ্যা করে। যা ভূমি ব্যবহার নিয়ন্ত্রণের একটি পদ্ধতি, এর নিয়মকানুন এবং বিধিনিষেধগুলো পৌরসভা এবং উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ভূমি উন্নয়ন নিয়ন্ত্রণ ও পরিচালনা করার জন্য ব্যবহৃত হয়। বাংলাদেশে ভূমি ব্যবহার পরিকল্পনা মহাপরিকল্পনার একটি অংশ। ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ আরো কার্যকর করার জন্য অন্যান্য দেশে ভূমি ব্যবহার আইন আছে যা আমাদের দেশে নেই।

ভূমি ব্যবহার পরিকল্পনার আওতায় সমগ্র পৌরসভাকে কয়েকটি অঞ্চলে ভাগ করা হয়েছে যেমন, আবাসিক এলাকা, শিল্প এলাকা, সংরক্ষিত এলাকা, মিশ্র ব্যবহার এলাকা ও নাগরিক সেবা এলাকা। এক ভূমি ব্যবহার থেকে অন্য ভূমি ব্যবহার আলাদা করার উদ্দেশ্য হচ্ছে প্রত্যেকটা ভূমি ব্যবহারের নিজস্বতা এবং একটার উপর অন্যটার নেতিবাচক প্রভাব থেকে মুক্ত রাখা। প্রতিটি ভূমি ব্যবহারের ক্ষেত্রে ভূমি উন্নয়ন ছাড়াও অন্যান্য বিধিনিষেধগুলো নিম্নরূপ হতে পারেঃ

- ধরণ অনুসারে প্রত্যেক ভূমি ব্যবহারে ভবন নির্মাণে সুনির্দিষ্ট শর্ত।
- ইউটিলিটি লাইনের অবস্থান।
- ভবন থেকে অন্য ভবনের সীমানার দূরত্ব, রাস্তা থেকে ভবনের নির্দিষ্ট দূরত্ব এবং ভবনের আনুসাঙ্গিক জায়গা রাখার ক্ষেত্রে নিয়মনীতি গুলো।
- ভবনের আকার এবং উচ্চতা।
- ভবনের ইউনিট/কক্ষ সংখ্যা।

বিধি নিষেধের আওতায় পড়তে পারে, প্লটের সম্মুখ ভাগ; জমির ন্যূনতম পরিমাণ; বাড়ির সামনে, পেছনে এবং পাশে জায়গা খালি রাখা; একটি প্লটে ভবন সংখ্যা; ঐতিহাসিক এবং সংস্কৃতিক গুরুত্বপূর্ণ স্থান ইত্যাদি। জোনিং এর বিধিনিষেধ গুলোতে এই জিনিসগুলোর সংরক্ষণ করার প্রয়োজন হতে পারে।

১০.৩ কেন ভূমি ব্যবহার জোনিং

ভূমি ব্যবহার জোনিং এর মূল উদ্দেশ্য হল নির্দিষ্ট এলাকার পরিবেশগত মান বজায় রাখা (যা সার্বিকভাবে সম্পত্তির মূল্য বৃদ্ধি করে) বিশেষত, আবাসিক এলাকায় জীবনযাপনের মান বজায় রাখা। এটি অর্থনৈতিক এবং পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকার সংরক্ষণ এবং উন্নয়নে সহায়তা করে। কিছু কিছু এলাকা নিরাপত্তার জন্য ব্যবহার করা হয়। নির্মাণ অনুমতিতে নমনীয়তা বজায় রাখার জন্য, কিছু কিছু ব্যবহারের জন্য ভিন্ন ভূমি ব্যবহার জোনে শর্তাধীন অনুমতি দেওয়া হয়।

১০.৪ বিদ্যমান ভূমি-ব্যবহার শ্রেণি বিভাজন

ভূমি-ব্যবহার জরিপের প্রধান উদ্দেশ্য ছিল উন্নত এবং অনুন্নত জায়গায় ভূমি-ব্যবহারের ধরণ খুঁজে বের করা। ভূমি-ব্যবহার সনাক্ত করার মাধ্যমে ওই এলাকায় উন্নয়নের প্রয়োজন হবে কিনা, এলাকাটি দীর্ঘস্থায়ী উন্নয়নের জন্য সংরক্ষণের প্রয়োজন আছে কিনা, এবং কিভাবে সাজালে প্রাকৃতিকভাবে শহরের মান অক্ষুন্ন থাকবে, সেটি সহজেই জানা যায়।

ভূমি-ব্যবহার শ্রেণি বিভাজনের কিছু নিয়ম আছে, কিন্তু এটি দেশভেদে এমনকি অঞ্চলভেদেও আলাদা হয়। ভূমি-ব্যবহার শ্রেণি বিভাজন সাধারণত ভূমি-আচ্ছাদনের ওপর ভিত্তি করে করা হয়। ভূমি-ব্যবহার সাধারণত ভূমিতে অবস্থিত অবকাঠামো সমূহের ধরণ অনুযায়ী আলাদা করা হয়। ***সারণি ১০-১*** এ রাঙ্গামাটি পৌরসভার ভূমি-ব্যবহার শ্রেণি দেখানো হলো।

সারণি ১০-১ : বর্তমান ভূমি ব্যবহার প্রকারভেদ


ক্রমিক নং	বিদ্যমান ভূমি-ব্যবহার শ্রেণি	শ্রেণি আচ্ছাদন
১	আবাসিক	যেখানে মানুষ বসবাস করে।
২	বাণিজ্যিক	বাণিজ্যিক উদ্দেশ্যে (ব্যবসা-বাণিজ্য ইত্যাদি) ভূমি-ব্যবহার।
৩	মিশ্র ব্যবহার	যেখানে বিভিন্ন রকমের অবকাঠামোর মিশ্র ব্যবহার হয়ে থাকে এবং এদেরকে আলাদা করা যায় না।
৪	শিক্ষা ও গবেষণা	শিক্ষা-সম্পর্কিত ভূমি ব্যবহার, যেমন স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, প্রশিক্ষণ কেন্দ্র, মাদ্রাসা ইত্যাদি।
৫	শিল্প এলাকা	পণ্য উৎপাদন, ঠিক করা ইত্যাদি শিল্প-কারখানা সম্পর্কিত ভূমি-ব্যবহার।
৬	যানবাহন/সড়ক ব্যবস্থা	সড়ক ব্যবস্থাপনার জন্য ভূমি-ব্যবহার।
৭	জলাশয়	নদী, খাদ, খাল, হ্রদ, পুকুর এবং নিচু জমি এই শ্রেণির অন্তর্ভুক্ত।
৮	প্রাতিষ্ঠানিক	স্বাস্থ্যসেবা সুবিধা, সাংস্কৃতিক কেন্দ্র ইত্যাদি এই শ্রেণির অন্তর্ভুক্ত।
৯	নাগরিক সুবিধা	বিভিন্ন ধর্মীয় উদ্দেশ্যে ভূমি-ব্যবহার, যেমন মসজিদ, মন্দির, গীর্জা, কবরস্থান, শ্মশান, মাজার এবং ঈদগাহ, শোধনাগার, পানি সরবরাহ সুবিধা, স্বাস্থ্য সুবিধা ইত্যাদি।
১০	উন্মুক্ত স্থান	খেলার মাঠ, পার্ক, স্টেডিয়াম, নদীর পাশে খালি জায়গা, ঐতিহাসিক স্থান ইত্যাদি এই শ্রেণির অন্তর্ভুক্ত।
১১	সরকারি প্রশাসন	সরকারি কার্যালয় যেমন PWD, WDB, RHD।
১২	সীমাবদ্ধ যাতায়াত এলাকা	নিরাপত্তার বিষয় সংশ্লিষ্ট স্থান, যেমন সামরিক এলাকা, পুলিশ লাইন, সাব-স্টেশান, রাডার স্টেশান ইত্যাদি।
১৩	পাহাড়ি এলাকা	পাহাড়ি এলাকা।
১৪	কৃষি অঞ্চল	সকল ধরণের কৃষি সংক্রান্ত ব্যবহার যেমন কৃষি জমি, মুক্ত স্থান, অনুর্বর জমি, খামার বাড়ির মত অবকাঠামো ইত্যাদি এই শ্রেণির অন্তর্ভুক্ত।
১৫	অব্যবহৃত ও খালি জায়গা	খালি জায়গা, পরিত্যাক্ত কাঠামো ইত্যাদি এই শ্রেণির অন্তর্ভুক্ত।

১০.৫ রাঙ্গামাটি পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারের বিশদ শ্রেণিবিন্যাস

পরামর্শকরা পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারকে প্রধানত কে ১৬ টি শ্রেণিতে ভাগ করেছেন, যার ভেতর আবাসিক, বাণিজ্যিক, কৃষি, মিশ্র ব্যবহার, পাহাড়ি এলাকা, জলাশয়, শিক্ষা ও গবেষণা ব্যবহার, প্রশাসনিক কাজে ব্যবহার, যাতায়াত ও যানবাহন, উন্মুক্ত স্থান, প্রাতিষ্ঠানিক ব্যবহার, শিল্প-কারখানা ইত্যাদি রয়েছে। ***চিত্রলেখ ১০-১*** তে দেখা যাচ্ছে যে পৌরসভার অধিকাংশ জায়গা জুড়ে রয়েছে জলাধার যা পৌরসভার মোট এলাকার ৪৬.৯০% (৬২৭৯.১৩ একর)। এটাই নির্দিষ্ট কোন ভূমি ব্যবহারের মধ্যে সর্বোচ্চ পরিমাণ। যেহেতু রাঙ্গামাটি একটি পার্বত্য অঞ্চল তাই এখানে বিশাল এলাকা জুড়ে পাহাড় থাকাটা স্বাভাবিক, দেখা যায় যে মোট ভূমির ২৭.৩২% ই পাহাড় রয়েছে রাঙ্গামাটি পৌরসভায় যা আয়তনে প্রায় ৩৬৫৭.৮৩ একর। ব্যবহারযোগ্য ভূমি ব্যবহারের ভিতর সবচেয়ে বেশি রয়েছে আবাসিক ভূমি ব্যবহার যা মোট ভূমির ১৩.১৭% (১৭৬৩.৪৯ একর)। চিত্রলেখ থেকে আর দেখা পৌরসভায় ক্ষুদ্র ক্ষুদ্র অনেক ভূমি ব্যবহার আছে যাদের

কে অন্যান্য ব্যবহারে একসাথে দেখানো হয়েছে, যার পরিমাণ ৩.৩৫% যার ভিতর আছে নাগরিক সুবিধা ০.৮১%, শিক্ষা ও গবেষণা ০.৬৮%, বাণিজ্যিক ব্যবহার ০.৪৬%, প্রশাসনিক ব্যবহার ০.৫২%, পর্যটন ও বিনোদন এলাকা ০.৩৫%, শিল্প এলাকা ০.১১% এবং বিবিধ ব্যবহার ০.০৩%।

চিত্রলেখ ১০-১: রাঙ্গামাটি পৌরসভার বিশদ ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস



তথ্যসূত্রঃ ভূমি-ব্যবহার জরিপ, ২০১৬

সারণি ১০-২ বর্তমান বিভিন্ন ভূমি ব্যবহার বিস্তারিত ভাবে উপস্থাপন করা হয়েছে। ***মানচিত্র ১০-১*** বর্তমান ভূমি ব্যবহার উপস্থাপন করা হলো।


সারণী ১০-২: রাঙ্গামাটি পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ

ক্রমিক নং	ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস	বর্তমান ভূমি ব্যবহার	
		আয়তন (একর)	আয়তন (একর)
১.	আবাসিক	১৭৬৩.৪৯	১৩.১৭
২.	বাণিজ্যিক	৬১.৮৬	০.৪৬
৩.	মিশ্র এলাকা	৫২.৩৪	০.৩৯
৪.	পরিবহন ও যাতায়াত/ রাস্তাঘাট	১৩১.৩৬	০.৯৮
৫.	শিক্ষা ও গবেষণা	৯১.১৩	০.৬৮
৬.	শিল্প	১৪.১৪	০.১১
৭.	নাগরিক সেবা	১০৮.৮৭	০.৮১
৮.	উন্মুক্ত এলাকা	২২৬.৮১	১.৬৯
৯.	পর্যটন ও বিনোদন এলাকা	৪৬.২৬	০.৩৫
১০.	প্রশাসনিক	৬৯.৬৭	০.৫২
১১.	কৃষি ব্যবহার	৩০৯.৮৫	২.৩১
১২.	পাহাড়ি এলাকা	৩৬৫৭.৮৩	২৭.৩২
১৩.	সীমাবদ্ধ যাতায়াত এলাকা	২৫৩.৬০	১.৮৯
১৪.	জলাধার	৬২৭৯.১৩	৪৬.৯০
১৫.	বিবিধ	৪.১৪	০.০৩
১৬.	অব্যবহৃত ও খালি জমি	৩১৬.৮৫	২.৩৭
মোট		**১৩৩৮৭.৩২**	**১০০.০০**

তথ্যসূত্রঃ ভূমি-ব্যবহার জরিপ, ২০১৬

মানচিত্র ১০-১ : রাঙ্গামাটি পৌরসভার সাধারণ ভূমি-ব্যবহার

1:65,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.75 1.5 3 4.5 6 7.5 9 Kilometers

Scale: 1:65,000 or 1 " = 5,417 ' or 1 cm = 650 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Tertiary

Broad Land Use Category
- Residential
- Agriculture
- Commercial
- Mixed Use
- Industrial
- Public Administration
- Educational and Reserch
- Community Facilities
- Open Space
- Tourism and Recreational Area
- Restricted Area
- Road & Transport Facilities
- Hill Area
- Miscellaneous
- Vacant Land

১০.৬ ভূমি ব্যবহার জোনিং এর লক্ষ্য

যে কোন কৌশল এবং নীতি নির্ধারণ করার পূর্বে এর উদ্দেশ্য নির্ধারণ করে নেয়া প্রয়োজন। নিম্নে ভূমি ব্যবহার জোনিং এর উদ্দেশ্যগুলো দেয়া হলোঃ

১. ভূমি ব্যবহারকে এমন ভাবে বণ্টন করতে হবে যাতে করে ভবিষ্যতে শহরের পরিবেশ বাসযোগ্য থাকে।
২. স্থানীয় অর্থনীতি বিকাশে বাধা না হয়।
৩. পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা সংরক্ষণ করতে হবে।
৪. ভূমি ব্যবহার (ইমারতের নক্সা) অনুমোদনের ক্ষেত্রে নমনীয় হতে হবে।

১০.৭ ভূমি ব্যবহার জোনিং এর কৌশল ও নীতি

রাঙ্গামাটি পৌরসভার মহাপরিকল্পনার ভূমি ব্যবহার জোনিং প্রণয়নের জন্য প্রস্তাবিত কৌশল, নীতিমালা এবং প্রস্তাবনা নিম্নে দেয়া হলোঃ

১০.৭.১ কৌশল

ভূমির স্বাতন্ত্র্য রক্ষা করার জন্য এবং ভবিষ্যতে শহরকে পরিবেশের বিরূপ প্রভাব থেকে রক্ষা করার জন্য নিম্নের নীতিগুলো গ্রহণ করা হয়েছেঃ

নীতিঃ ভূমি ব্যবহার/ ০১: পরিবেশগত ভাবে সংবদেনশীল এলাকাগুলো আলাদা করতে হবে এবং তা সংরক্ষণ করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০২: ভূমি ব্যবহার জোন পৃথক করার জন্য ভৌত অবকাঠামো নির্মাণ করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৩: ভূমি ব্যবহার জোনিং এর শ্রেণিবিন্যাস সীমিত করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৪: আবাসিক জোনের বাসযোগ্যতা নিশ্চিত করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৫: জোনিং নীতিমালা যেন ভবনের নক্সা অনুমোদনে বড় কোন বাধা তৈরি না করে তা নিশ্চিত করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৬: জোনিং নীতিমালা যেন অর্থনৈতিক উন্নয়নে বাধা তৈরি না করে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৭: প্রাকৃতিক ভাবে সঙ্কটর্পূণ এলাকাগুলো সংরক্ষণের ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৮: কৌশল ও নীতির উপর ভিত্তি করে জোনিং নীতিমালা (বিধি) তৈরি করতে হবে।

১০.৭.২ নীতি বাস্তবায়ন

উপরের নীতিমালাগুলো পৌরসভার মহাপরিকল্পনার মূলনীতির অন্তর্ভুক্ত হবে, নিচে আরো কিছু উদ্যোগের পরামর্শ দেয়া হলোঃ

১. কিছু নিয়মনীতি অন্তর্ভুক্ত করা হচ্ছে, যা তৈরি করা হয়েছে, বাংলাদেশ বিল্ডিং নির্মাণ আইন ১৯৫২ এর অনুচ্ছেদ ১৮ এর অধীনে বিল্ডিং নির্মাণ বিধিমালা অনুসারে।

২. নিয়মনীতি গুলো নির্দিষ্ট সময় পর পর হালনাগাদ করতে হবে ও নতুন করে পলিসি, বিধিনিষেধ এবং ভূমি ব্যবহার জোনিং তৈরি করতে হবে

১০.৮ বিভিন্ন ভূমি ব্যবহারে ভূমির চাহিদার আনুমানিক হিসাব

এলজিইডির DTIDP (District Town Infrastructure Development Project) প্রকল্পের জন্য পরিকল্পনার কিছু অবকাঠামোর আদর্শ মান নির্ধারণ করে দিয়েছে, যেখানে বলা আছে নির্দিষ্ট একটি সেবার জন্য সর্বনিম্ন কি পরিমাণ ভূমির প্রয়োজন। DTIDP এর মানকে কিছুটা পরিবর্তন তা বিভিন্ন পরিকল্পনা প্রকল্পে ব্যবহার করা যেতে পারে। পরিকল্পনার মান গুলোর পরিবর্তনের কারণগুলো নিচে দেয়া হলোঃ

- অনুমোদিত পরিকল্পনার মান গুলো প্রত্যেকটা সেবা দেয়ার জন্য সর্বনিম্ন কি পরিমাণ ভূমি প্রয়োজন শুধুমাত্র তা বলা হয়েছে।
- পরিকল্পনার বিভিন্ন উপাদান এখানে অনুপুস্থিত।
- ভৌগলিক অবস্থা বিবেচনা করে অনেক উপাদান দরকার।

পরিকল্পনার আদর্শ মানগুলো ***সারণি ১০-৩*** এ দেয়া আছে যা পরিকল্পনা এলাকার জন্য ব্যবহার করা হয়েছে এবং বিভিন্ন খাতে কি পরিমাণ ভূমি প্রয়োজন সেই অনুসারে হিসাব করা হয়েছে।

সারণি ১০-৩: রাঙ্গামাটি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়নে নির্ধারিত মানদন্ড

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
১.	**আবাসিক**							
	সাধারণ আবাসিক	গড় জনঘনত্ব প্রতি একরে ১৫০-২০০ জন	৬৪১	৭১৭	৮০২	৮৯৭	১০০৪	একর
	রিয়াল এস্টেট/সরকারি/ব্যক্তিগত	সর্বোচ্চ ৫০ একর/ প্রতি ১৫০-২০০ জনের জন্য ১ একর/ বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন নীতিমালা ২০০৪ অনুসারে হবে						
২.	**শিক্ষা**							
	নার্সারি	প্রতি ৫,০০০ জনে ০.৪ একর; বিদ্যালয় প্রতি আসনসংখ্যা ১৬০; হাঁটা দূরত্ব তথা ৫০০ মিটারের মধ্যে অবস্থান হতে হবে	৫	১৭	১৯	২৭	৩০	সংখ্যা
			২	৭	৮	১১	১২	একর
	প্রাথমিক বিদ্যালয়	১.৬ একর/৫,০০০ জন (ভবন ০.৬ একর এবং খেলার মাঠ ১ একর); বিদ্যালয়প্রতি আসন সংখ্যা ২০০ (২ শিফট); সর্বোচ্চ দূরত্ব ১.৫ কি.মি.	৩৭	১৭	১৯	২৩	২৮	সংখ্যা
			৫৯.২০	২৭.২০	৩০.৪০	৩৬.৮০	৪৪.৮০	একর
	উচ্চ বিদ্যালয়	প্রতি ১০,০০০ জনে ২-২.৫ একর (ভবন ০.৬ একর এবং খেলার মাঠ ১.৪ একর); বিদ্যালয়প্রতি আসন সংখ্যা ৭২০ (২ শিফট); সর্বোচ্চ দূরত্ব ২ কি.মি.	১৪	১১	১২	১৩	১৫	সংখ্যা
			৩৫	২৬.৮৮	৩০.০৭	৩৩.৬৫	৩৭.৬৪	একর
	ইন্টারমেডিয়েট/ডিগ্রী কলেজ	প্রতি ২০,০০০ জনে ৪-৬ একর; কলেজপ্রতি আসনসংখ্যা ১৫০০ (২ শিফট)	৪	৪	৫	৫	৬	সংখ্যা
			২৪.০০	২৪.০০	৩০.০০	৩০.০০	৩৬.০০	একর
	কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান	প্রকৌশল মহাবিদ্যালয় স্থাপনের জন্য সর্বনিম্ন ৮ একর, পলিটেকনিক ইন্সটিটিউট এর জন্য সর্বনিম্ন ৫ একর এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের জন্য সর্বনিম্ন ২ একর	১৫					একর
	বৃত্তিমূলক শিক্ষা কেন্দ্র	প্রতি পৌরসভায় ১টি; প্রতিটিতে ২.৫ একর	২.৫					একর
	বিশ্ববিদ্যালয়	প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্থাপনে সর্বনিম্ন ২ একর						
	অন্যান্য (মাদ্রাসা)	১.৫ – ২.৫ একর/ ১০০০০ জন; আসন সংখ্যা ১০০০	৮	১০	১২	১২	১৪	সংখ্যা
			২০	২৫	৩০	৩০	৩৫	একর
৩.	**উন্মুক্ত স্থান ও বিনোদন এলাকা**							
	খেলার মাঠ	প্রতি ২৫,০০০ জনে ২ একর; সর্বনিম্ন দূরত্ব ১.৫ কি.মি.	১৩	২২	২৪	২৭	৩০	সংখ্যা
			২৬.০০	৪৪.০০	৪৮.০০	৫৪.০০	৬০.০০	একর
	উদ্যান/স্থানীয় উদ্যান	প্রতি ১০,০০০ জনে ২ একর	১	১১	১২	১৩	১৫	সংখ্যা
			২.০০	২২.০০	২৪.০০	২৬.০০	৩০.০০	একর
	উন্মুক্ত এলাকা	প্রতি ১,০০০ জনে ১.৭৫ একর	১৬৮.১৯	১৮৮.১৭	২১০.৫২	২৩৫.৫২	২৬৩.৪৯	একর
	স্টেডিয়াম/স্পোর্টস কমপ্লেক্স	প্রতি ৫০,০০০ জনে ৫ একর	১	২	২	৩	৩	সংখ্যা
			৬.৯৫	৮.২৫	৯.৭৯	১১.৬৩	১৩.৮০	একর
		প্রতি ২৫,০০০ জনে ০.৫ একর	২	৪	৫	৫	৬	সংখ্যা

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
	প্রেক্ষাগৃহ / নাট্যশালা/ অডিটোরিয়াম		১.৩৯	১.৬৫	১.৯৬	২.৩৩	২.৭৬	একর
৪.	**স্বাস্থ্য**							
	নগর স্বাস্থ্যকেন্দ্র/হাসপাতাল	প্রতি ৫০,০০০ জনে ৪ একর, সর্বোচ্চ ৫০০ জনে ১ টি শয্যা	৯	-	-	১	১	সংখ্যা
			৩৬.০০	০.০০	০.০০	৪.০০	৪.০০	একর
	ক্লিনিক/স্বাস্থ্যকেন্দ্র/মাতৃসেবা কেন্দ্র	প্রতি ৫,০০০ পরিবারের জন্য ০.৬ একর; মৌলিক স্বাস্থ্য ও পরিবার সেবাকেন্দ্র বসতবাড়ির ১-২ কি.মি.র মধ্যে হতে হবে	৯	৫	৫	৬	৭	সংখ্যা
			৫.৪০	৩.০০	৩.০০	৩.৬০	৪.২০	একর
৫.	**সামাজিক সেবা**							
	মসজিদ	প্রতি ১০,০০০ জনে ০.২ একর	২৭	২২	২৪	২৭	৩০	সংখ্যা
			১.৩৯	১.৬৫	১.৯৬	২.৩৩	২.৭৬	একর
	গির্জা/মন্দির	প্রয়োজনীয়তা অনুসারে						
	ঈদগাহ	প্রতি ২০,০০০ জনে ০.৫ একর	৩	৪	৫	৬	৭	সংখ্যা
			১.৭৪	২.০৬	২.৪৫	২.৯১	৩.৪৫	একর
	কবরস্থান	প্রতি ৫০,০০০ জনে ৫ একর			১০			একর
	কমিউনিটি সেন্টার	প্রতি ১০,০০০ জনে ০.৫ একর	১	২	২	৩	৩	সংখ্যা
			০.৫০	১.০০	১.০০	১.৫০	১.৫০	একর
	পুলিশ স্টেশন	পুলিশের বিধিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ						
	পুলিশ বক্স/আউটপোস্ট	পুলিশের বিধিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ						
৬.	**বাণিজ্যিক**							
	পাইকারী বাজার	বিভিন্ন সেবা/মেরামত প্রভৃতির সুবিধা সহ শহরের প্রতি কেন্দ্রে ৬ একর			৬			একর
	খুচরা বাজার	সরবরাহ ব্যবস্থা, দোকান, বাজার সহ সর্বমোট ৫ একর						
	মুদি দোকান	প্রতি ২৫০০ জনের জন্য ০.২ একর	২৮	৩৩	৩৯	৪৭	৫৫	সংখ্যা
			৫.৫৬	৬.৬০	৭.৮৩	৯.৩০	১১.০৪	একর
	কাঁচাবাজার	প্রতি ওয়ার্ডে এবং প্রতি ২০,০০০ জনের জন্য ১ টি; সর্বনিম্ন প্রযোজ্য এলাকা ০.৩ একর	৩	৩	৪	৪	৫	সংখ্যা
			১	১	১	১	১	একর
	মহল্লার বিপণি বিতান	প্রতি ১০,০০০ জনের জন্য ০.৫ একর	৬	৬	৭	৮	৯	সংখ্যা
			৩	৩	৪	৪	৫	একর
৭.	**নাগরিক সেবা**							
	বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন	- সিএনজি স্টেশনের জন্য রাস্তার ধারে ১২০x১২০ ফুট (১৪০০ বর্গফুট বা ০.৩৩ একর) - দুটি স্টেশনের মধ্যবর্তী দূরত্বঃ ৩ কি.মি. (রাস্তার এক পাশে) অথবা ২ কি.মি. (রাস্তার দুই পাশে)						

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
		- কর্পোরেশনের অন্যান্য নীতিমালা মান্য করতে হবে।						
	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	- ৩৩/১১ কেভি (২x১০ এমভিএ) সাবস্টেশনঃ ০.০৭ একর - জিআইএস সাবস্টেশনঃ অনুর্ধ ০.০৭ একর - ৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি লাইন স্থাপনের সর্বনিম্ন দূরত্বঃ ৩০-৪০ মিটার - খুঁটির উচ্চতা ৩৩ কেভিঃ ১৫ মিটার; ১১ কেভিঃ ১১/১২ মিটার; ০.৪ কেভিঃ ৯ মিটার						
	ডাম্পিং সাইট	প্রতি ৫০০,০০০ জনের জন্য ৫ একর	৫					একর
	ওয়েস্ট ট্রান্সফার স্টেশন (Waste Transfer Station)	প্রতি ওয়ার্ডে ০.২ একর						একর
	ফায়ার সার্ভিস	সিটি কর্পোরেশনে ২টি, 'এ' শ্রেণির জন্য সর্বনিম্ন ০.৫০ একর; 'বি' শ্রেণির জন্য সর্বনিম্ন ০.৩০ একর	০.৩০					একর
	পোস্ট অফিস	প্রতি ২০,০০০ জনে ০.৫ একর	২					একর
৮.	**শিল্প**							
	ক্ষুদ্রশিল্প	বিসিক এলাকার জন্য সর্বনিম্ন ১৫ একর						
৯.	**পরিবহন**							
	বাস টার্মিনাল	- প্রতি টার্মিনালে ৩ একর - প্রতি ১,০০,০০০ জনের জন্য ৩ একর						
	ট্রাক টার্মিনাল	প্রতি টার্মিনালে সর্বনিম্ন ৩ একর						
	জলপথ ও ল্যান্ডিং স্টেশন	ল্যান্ডিং স্টেশন ও অফিসের জন্য সর্বনিম্ন ২ একর						
		নদীর তীরে ঘাটের জন্য উভয়পাশে ৫০০ মিটার						
	রেলওয়ে এবং রেলওয়ে স্টেশন	- একটি হোম সিগনাল হতে আরেকটি হোম সিগনালঃ দৈর্ঘ্য ৩০০০ ফুট এবং প্রস্থ ৫০০ ফুট (ব্রড গেজ) - মিটার গেজের জন্য ৯০ ফুট (বাঁধের গড় উচ্চতা ১০ ফুট) - দ্বৈত রেলপথের জন্য সর্বনিম্ন প্রস্থ ১২৫ ফুট (ব্রড গেজ) এবং ১১৫ ফুট (মিটার গেজ) যেখানে বাঁধের গড় উচ্চতা ১০ ফুট						
	সড়ক ও জনপথ বিভাগ	প্রকল্প এলাকার অভ্যন্তরের সড়ক ও জনপথ বিভাগ (সওজ)-এর সড়কসমূহ সওজ এর নীতিমালা অনুসরণ করে নির্মিত হবে।						
১০.	**প্রশাসনিক**							
	জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয় এবং বাসস্থান	অফিস ৪ একর; বাসস্থান ০.৫ একর						
	যুব উন্নয়ন কেন্দ্র	যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং আঞ্চলিক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের জন্য সর্বনিম্ন ২-৩ একর						
	জেলখানা	সর্বনিম্ন ৫ একর						
	জজ কোর্ট	জেলা জজ কোর্ট ১ একর; বাসস্থান ০.৩৩ একর						

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
	এসপি অফিস	এসপি অফিস ১ একর; বাসস্থান ০.৩৩ একর						
	পুলিশ সদরদপ্তর	১০ একর						
	থানা	১.০ একর						
	পুলিশ ফাঁড়ি	০.৩৩ একর						
	সার্কিট হাউজ	১.৫ একর						
	সিভিল সার্জন অফিস	অফিস ০.২৫ একর; বাসস্থান ০.৩৩ একর						
	ইসলামিক ফাউন্ডেশন অফিস	সর্বনিম্ন ০.১০ একর						
	নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত বিভাগ)	অফিস ০.২৫ একর; বাসা ০.৩৩ একর						
	জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয় এবং বাসস্থান	সংশ্লিষ্ট বিভাগের নীতিমালা অনুসারে						

তথ্যসূত্রঃ ডিটিআইডিপি, এলজিইডি এর পরিকল্পনা মানদন্ড; এছাড়াও ব্যক্তিগত আবাসন প্রকল্পের ভূমি উন্নয়ন নীতিমালা, ২০০৪; মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর; বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড; বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল কর্তৃপক্ষ; যুব উন্নয়ন অধিদপ্তর; বাংলাদেশ পর্যটন কর্পোরেশন; বাংলাদেশ রেলওয়ে; বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন; বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন; নগর উন্নয়ন অধিদপ্তর; সড়ক ও জনপথ অধিদপ্তর; ঢাকা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান; ডিটেইলড এরিয়া প্ল্যান; খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের মহাপরিকল্পনা ইত্যাদি।

**সম্পূর্ণ প্রজেক্ট এলাকা বিবেচনা করে বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা নির্ধারণ করা হয়েছে যেটি ওয়ার্ড ভিত্তিক বিবেচনায় সম্পূর্ণ পৌরসভার জন্য ভিন্ন হতে পারে। এই কারনে ১৪ নং অধ্যায় এর বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা এই সারণি হতে ভিন্ন হতে পারে।*

১০.৯ ভূমি ব্যবহার প্রস্তাবনা

নির্মাণ নিয়ন্ত্রণ নগর পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। নির্মাণ নিয়ন্ত্রণ করতে ভূমি ব্যবহার অনুমোদনের জন্য সুনির্দিষ্ট পন্থা অবলম্বন করতে হবে। এক্ষেত্রে প্রথম শর্ত হলো অনুমোদিত ভূমি ব্যবহার পরিকল্পনা অনুসারে ভূমির ব্যবহারের ছাড়পত্র গ্রহণ এবং পরবর্তীতে ভবনের নকশার অনুমোদন। নক্সা অনুমোদনের জন্য নির্দিষ্ট কিছু বিধিবিধান রয়েছে (ইমারত নির্মাণ বিধি ১৯৯৬)।

ভূমি ব্যবহার জোনিং এর মাধ্যমে মহাপরিকল্পনা এলাকাকে বিভিন্ন জোনে বিভক্ত করা হয়। উপযুক্ত পরিবেশ তৈরি করার মাধ্যমে ভূমির মূল্যায়ন বৃদ্ধির জন্য। বাংলাদেশে ভূমির এরকম জোনিং মহাপরিকল্পনা/ভূমি ব্যবহার পরিকল্পনা/আরবান এরিয়া প্ল্যান প্রভৃতির সাথে অন্তর্ভূক্ত করে করা হয়ে থাকে। ভবনের নকশা অনুমোদনের জন্য পৌরসভায় দাখিলের পূর্বে একজন আবেদনকারীকেকে তার প্রস্তাবিত ভবনটির প্রত্যাশিত ভূমি ব্যবহারের অনুমোদন করাতে হবে। ভূমি ব্যবহার ছাড়পত্রের জন্য আবেদনকারীর ভবনের সম্ভাব্য ব্যবহার অবশ্যই অনুমোদিত ভূমি ব্যবহার পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ভূমি ব্যবহার জোনিং ভূমির বিভিন্ন অংশে অনুমোদিত এবং অননুমোদিত কর্মকান্ডের সীমা নির্ধারণ করে দেয়। ভূমির জোনিং একটি আইনসিদ্ধ পন্থা যার মাধ্যমে পৌরসভা নিম্নলিখিত বিষয়গুলো নিয়ন্ত্রণ করতে পারেঃ

১। ভবনের উচ্চতা
২। ভূমির কতটুকু অংশ খালি থাকবে
৩। ভবনের ব্যবহার এবং পরিব্যাপন

জোনিং তিন ধরণের হয়ে থাকেঃ

এলাকার জোনিং (Area Zoning)

এর মাধ্যমে একটি এলাকাকে সুবিধাজনক ভূমি ব্যবহারে বিভক্ত করা হয়। যার ফলে বিভিন্ন পরিবেশগত এবং সামাজিক সুবিধা পাওয়া যায়।

জনঘনত্বের জোনিং (Density Zoning)

এর মূল লক্ষ্য হচ্ছে কোন এলাকার জনঘনত্ব নিয়ন্ত্রণ করা। সুবিধাজনক জনঘনত্ব নির্ণয় করার সময় বিভিন্ন নাগরিক সেবার সীমাবদ্ধতা, যানবাহনের ঘনত্ব প্রভৃতি বিবেচনায় আনা হয়। এরকম জোনিং সাধারণত স্বাস্থ্যকর আবাসন নিশ্চিত করার উদ্দেশ্যে করা হয়ে থাকে। উন্নয়নের বর্তমান এবং ভবিষ্যৎ গতিধারা বিবেচনা করে পরামর্শকগণ রাঙ্গামাটি পৌরসভার জন্য সমন্বিত ভূমি এলাকার জোনিং এর প্রস্তাব প্রদান করেছেন। প্রস্তাবিত নতুন আবাসিক এলাকাগুলো উচ্চ, মধ্যম ও নিম্ন ঘনত্বের মধ্যে বিভক্ত করা হয়। এর উদ্দেশ্যে বিদ্যমান অবকাঠামোর উপর চাপ হ্রাস করা।

উচ্চতার জোনিং (Height Zoning)

এই জোনিং এর মাধ্যমে একটি নির্দিষ্ট এলাকায় ভবনের উচ্চতা সীমাবদ্ধ করা হয়। কোনও এলাকার সুস্থ বিকাশ নিশ্চিতকরণই এর লক্ষ্য। বিমানবন্দরের আশেপাশের এলাকায় বিমানের উড্ডয়ন ও অবতরণের পথে এই উচ্চতার জোনিং বিশেষভাবে গুরুত্ব বহন করে।

জোনিং উন্নয়ন নিয়ন্ত্রণের একটি অংশমাত্র। একজন নাগরিক, উন্নয়ন কর্মকান্ডে পৌরসভা অন্যান্য আইনকানুন যথা; ইস্ট বেঙ্গল বিল্ডিং কন্সট্রাকশন অ্যাক্ট ১৯৫২ এর অধীন ভবন নির্মাণ বিধিমালা, ১৯৯৬, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড ১৯৯৩ এবং নির্মাণের সঠিক পদ্ধতিসমূহ, ভবনের নিরাপত্তা ও অন্যান্য বিষয়সমূহের প্রতি দৃষ্টি দিতে বাধ্য থাকবেন।

তবে, রাঙ্গামাটি পৌরসভার জন্য ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এর পরিবর্তে ঢাকা ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮ অনুসরণ করা উচিত।

১০.৯.১ ভবিষ্যৎ ভূমি ব্যবহার শ্রেণি বিভাজন

শহরের ভবিষ্যৎ ভূমি ব্যবহারকে সর্বমোট ৫ টি ভাগে ভাগ করা হয়েছে। এই ভূমি বিভাজনের সঙ্গে শহরের নির্মাণ অনুমোদন জড়িত। তাই এই শ্রেণি বিভাজন যথাসম্ভব কম রাখা হয়েছে। নিচে বিস্তারিত দেয়া হলো।

সারণি ১০-৪: নগর পরিচালনা এবং সেবা প্রদানের দায়িত্ব অনুসারে স্ট্যান্ডিং কমিটির মতামতসমূহ

ক্রমিক নং	খাত	কার্যক্রম	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ
১.	পরিকল্পনা ও উন্নয়ন নিয়ন্ত্রণ	- কৌশলগত কাঠামো পরিকল্পনা - আঞ্চলিক এবং স্থানীয় পরিকল্পনা - বিভিন্ন খাতের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা/মহাপরিকল্পনা ইত্যাদি	- পৌরসভা - পৌরসভা - পৌরসভা
২.	পানি, পয়ঃনিষ্কাশন ও ড্রেনেজ	- পানি সরবরাহ - ড্রেনেজ - বন্যা নিয়ন্ত্রণ	- পৌরসভা - পৌরসভা - পাউবো/পৌরসভা
৩.	অন্যান্য নাগরিক সেবাসমূহ	- বিদ্যুৎ - গ্যাস - টেলিকম	- বিপিডিবি, আরইবি, ডেসকো - বিটিসিএল
৪.	সড়ক ও যোগাযোগ	- প্রধান সড়ক - অন্যান্য সড়ক - সড়কবাতি - যানবাহন ব্যবস্থাপনা - যানবাহন নিয়ন্ত্রণ - বাস টার্মিনাল, রেল, জল/ আকাশপথ	- পৌরসভা/সওজ -পৌরসভা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর - পৌরসভা - পৌরসভা/পুলিশ - পুলিশ - বিআরটিসি/রেলওয়ে কর্তৃপক্ষ/ বিআইডব্লিউটিএ/বেসামরিক বিমান চলাচল/অন্যান্য
৫.	পৌর সেবাসমূহ	- বর্জ্য ব্যবস্থাপনা - সড়ক পরিষ্কারকরণ - বাজার - কসাইখানা - উদ্যান	- পৌরসভা - পৌরসভা - পৌরসভা - পৌরসভা - পৌরসভা
৬.	প্রতিরক্ষা সেবাসমূহ	- পুলিশ - ফায়ার সার্ভিস	- পুলিশ/পৌরসভা - বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা
৭.	আবাসন ও ভূমি উন্নয়ন পরিকল্পনা	- সরকারি স্থাপনা - উচ্চবিত্তের আবাসন ও ভূমি উন্নয়ন - নিম্নবিত্তের আবাসন ও ভূমি উন্নয়ন/ বস্তি উন্নয়ন - শিল্প ও বাণিজ্যিক এলাকা স্থাপন/ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন	- গণপূর্ত অধিদপ্তর - ব্যক্তিগত উদ্যোগ - পৌরসভা/এনজিও/অন্যান্য পৌরসভা/ ব্যক্তিগত উদ্যোগ - বিসিক/বেপজা - পৌরসভা/ ব্যক্তিগত উদ্যোগ/ অন্যান্য - এডিসি (ভূমি অধিগ্রহণ)/সিএলএসি
৮.	সামাজিক সেবা, শিক্ষা ও সংস্কৃতি	- প্রাথমিক, মাধ্যমিক ও কারিগরী শিক্ষা - পাঠাগার - প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র - হাসপাতাল - সমাজকল্যাণ - জনশিক্ষা/পয়ঃনিষ্কাশন - স্বাস্থ্যকেন্দ্র	- শিক্ষা অধিদপ্তর - পৌরসভা - কারিগরী শিক্ষা অধিদপ্তর - পৌরসভা - পৌরসভা - জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ পৌরসভা - ডিএসডব্লিউ/ পৌরসভা - পৌরসভা - পৌরসভা

১০.৯.২ প্রস্তাবিত ভূমি-ব্যবহার শ্রেণি

মহাপরিকল্পনার অধীনে ভূমি ব্যবহারের নিম্নলিখিত প্রধান শ্রেণি সমূহের প্রস্তাব রাখা হয়েছেঃ

ক) আবাসিক এলাকা

খ) মিশ্র এলাকা (আবাসিক ও বাণিজ্যিক মিশ্র ব্যবহার)

গ) শিল্প এলাকা

ঘ) নাগরিক সেবা (প্রশাসনিক, শিক্ষা, স্বাস্থ্য, যাতায়াত ও পরিবহন, নাগরিক সেবা, প্রতিরক্ষা ও নিরাপত্তা, সামাজিক সেবা)

ঙ) সংরক্ষণ (বিনোদন এলাকা, জলাশয়, ঐতিহাসিক ও পর্যটন এলাকা, পাহাড়ি এলাকা, কৃষিজমি)

প্রতিবেদনের পরবর্তী অংশে, প্রস্তাবিত ভূমি ব্যবহার সমূহে অনুমোদিত এবং শর্তসাপেক্ষে ব্যবহার অনুমোদন বর্ণিত হয়েছে। এই তালিকায় কোন ভূমি ব্যবহার জোনিং এর অধীনে কোন নির্দিষ্ট ভূমি ব্যবহার অন্তর্ভূক্ত না থাকলে তা ঐ ব্যবহার অঞ্চলের ক্ষেত্রে নিষিদ্ধ বলে ধরা হবে এবং এক্ষেত্রে সেই ব্যবহারটি কেবলমাত্র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্মাণ করা যাবে। এক্ষেত্রে এই ব্যবহারসমূহ নতুন ব্যবহাররূপে পরিগণিত হবে। নিম্নের সারণিতে বিভিন্ন ভূমি ব্যবহারের অধীনে ২০৩৭ সাল পর্যন্ত প্রস্তাবিত এলাকার পরিমাণ উল্লেখ করা হল।


সারণি ১০-৫: বিভিন্ন ভূমি ব্যবহার শ্রেণি অভিযোজনের প্রস্তাবিত এলাকা

ভূমি ব্যবহার শ্রেণি	প্রস্তাবিত এলাকা	
	এলাকা (একর)	শতাংশ
আবাসিক	২৫০৭.৪৫	১৮.৭৩
মিশ্র এলাকা	২০৬.১৬	১.৫৪
সংরক্ষিত এলাকা	৯৯১০.৬৩	৭৪.০৩
জনসাধারণের ব্যবহারের জন্য	৭৪৮.৩৫	৫.৫৯
শিল্প এলাকা	১৪.৭৩	০.১১
মোট	১৩৩৮৭.৩২	১০০.০০

মানচিত্র ১০-২ তে রাঙ্গামাটি এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার পরিকল্পনা দেখানো হয়েছে।

মানচিত্র ১০-২ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত সাধারন ভূমি ব্যবহার

1:63,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:63,000 or 1 " = 5,250 ' or 1 cm = 630 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Residential
- Mixed Use (Commercial, Commercial & Residential)
- Industrial
- Public Use
- Conservation

ক. আবাসিক ব্যবহার

সমগ্র নগর এলাকা পরিকল্পনা অঞ্চলের ১৮.৭৩% তথা ২৫০৭.৪৫ একর এলাকা আবাসিক হিসেবে প্রস্তাবিত হয়েছে। উচ্চবিত্ত, নিম্নবিত্ত ও মধ্যবিত্তের আবাসন এবং পুনর্বাসন এলাকা এই ভূমি ব্যবহারের অধীনে উন্নয়ন প্রস্তাব হিসেবে প্রস্তাব করা হয়েছে। এই প্রস্তাবনাগুলো সরকারি ও বেসরকারি খাতের মাধ্যমে আবাসন ব্যবস্থা গড়ে তোলার জন্য সুপারিশ করা হয়েছে। এই আবাসিক এলাকায় সকল ভবিষ্যৎ আবাসন, সরকারি আবাসন, হোটেল এবং বর্তমান আবাসন অন্তর্ভূক্ত আছে।

বর্তমানে বিভিন্ন সরকারি কর্মচারী নিবাসগুলো এখানে সরকারি আবাসনরূপে পরিগণিত হয়েছে। ইবিবিসি আইন ১৯৫২ অনুসারে এধরণের আবাসন স্থাপনকালে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। সুতরাং, সরকারি আবাসন স্থাপনকালেও পৌরসভার অনুমোদন নিতে হবে। আবাসন এলাকাসমূহে প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য অন্যান্য কিছু সহায়ক ভূমি ব্যবহার সামান্য পরিমাণে অনুমোদিত হবে।

এই ভূমি ব্যবহার এলাকায় ***(সারণি ১০-৪)*** অনুসারে আবাসিক ব্যবহারসমূহ অনুমোদিত হবে। বিভিন্ন সংস্থা যেমন পৌরসভার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য যথেষ্ট আবাসন ব্যবস্থা নাই, তাদের জন্য ২০৩৭ সালের ভিতর আবাসন ব্যবস্থা করা প্রয়োজন।

খ. মিশ্র ব্যবহার

মিশ্র এলাকা দুই ধরণের; অফিস ও ব্যবসা। বাণিজ্যিক অফিস এলাকা এমন ধরণের বাণিজ্যিক এলাকা যেখানে মূলত অফিসের কার্যক্রম প্রাধান্য পাবে। এখানে অন্যান্য প্রয়োজনীয় বাণিজ্যিক ব্যবহার সমূহও থাকতে পারে। এধরণের এলাকায় বৃহদাকার ভবন থাকে এবং তাই এখানে অভিগম্যতা নিশ্চিত করার পাশাপাশি পার্কিং-এর ব্যবস্থা থাকতে হবে। বর্তমান এবং ভবিষ্যতের সম্ভাব্য বাণিজ্যিক এলাকায় বাণিজ্যিক ভূমি ব্যবহার প্রস্তাব করা হয়েছে।

অন্য বাণিজ্যিক ভূমি ব্যবহারটিতে পাইকারি, খুচরা এবং স্থলবন্দর প্রভৃতি অন্তর্ভূক্ত। মূলত বর্তমান বাজার এলাকা এবং ভবিষ্যতের বাণিজ্যিক ব্যবহারের জন্য উপযুক্ত এলাকাই এই ভূমি ব্যবহারের অধীনে রাখা হয়েছে। এই ভূমি ব্যবহারে ২০৩৭ সাল পর্যন্ত ২০৬.১৬ একর এলাকা রাখা হয়েছে। এই ভূমি ব্যবহার এলাকায় ***(সারণি ১০-৪)*** অনুসারে আবাসিক ব্যবহারসমূহ অনুমোদিত হবে।


গ. শিল্প ব্যবহার

এই এলাকায় আশেপাশের ভূমি ব্যবহারের উপর খারাপ প্রভাব না ফেলে ভারী ও হালকা শিল্প স্থাপনের জন্য ভূমি প্রস্তাব করা হয়েছে। শিল্প এলাকা কমলা এবং লাল এই দুই শ্রেণিতে বিভক্ত করা হয়েছে। বর্তমান শিল্প এলাকা যেমন ইপিজেড, বিসিক শিল্প এলাকা এবং ভবিষ্যৎ সম্ভাব্য শিল্প এলাকাতে এই ভূমি ব্যবহার প্রস্তাব করা হয়েছে।

রাঙ্গামাটি শহরটি পাহাড় এবং কাপ্তাই লেক দ্বারা বেষ্টিত । তাই এখানে ছোট আকারের এবং পরিবেশ সংবেদনশীল শিল্প কারখানা গড়ে তুলতে হবে। প্রস্তাবিত শিল্প এলাকা উন্নয়ন যেমন, বিসিক এলাকায় অর্থাৎ মানিকছড়িতে একটা অর্থনৈতিক জোন, জুম সংস্কৃতিক কেন্দ্র, হাই-টেক পার্ক, সোলার পার্ক প্রভৃতি প্রস্তাব রাখা হয়েছে। মহাপরিকল্পনা এলাকার ০.১১% তথা ১৪.৭৩ একর এলাকা জুড়ে শিল্প এলাকার প্রস্তাবনা দেয়া হয়েছে। বিধি অনুসারে সবুজ শ্রেণির শিল্প কারখানা আবাসিক যেকোন এলাকাতে অবস্থিত হতে পারে। কমলা এবং লাল শ্রেণির শিল্পাঞ্চলের জন্য বিভিন্ন সহায়ক শিল্প এবং অ-শিল্প ভূমি ব্যবহার স্থাপনের অনুমোদন এখানে দেওয়া হবে। একইসাথে এখানে শর্তসাপেক্ষে কিছু অন্যান্য ভূমি ব্যবহারকে অনুমোদন দেওয়া হবে যা ***(সারণি ১০-৪)*** এ দেওয়া আছে।

মানচিত্র ১০-৩ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত আবাসিক ভূমি ব্যবহার

1:63,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:63,000 or 1 " = 5,250 ' or 1 cm = 630 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND


Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Residential

মানচিত্র ১০-৪ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত মিশ্র (বাণিজ্যিক এবং বাণিজ্যিক ও আবাসিক) ভূমি-ব্যবহার

1:62,500



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:62,500 or 1 " = 5,208 ' or 1 cm = 625 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND


Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Mixed Use (Commercial, Commercial & Residential)

মানচিত্র ১০-৫ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত শিল্প-কারখানা ভূমি ব্যবহার

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Industrial

ঘ. নাগরিক সেবা ব্যবহার

নাগরিক সেবা হচ্ছে বর্তমান এবং প্রস্তাবিত বিভিন্ন সেবা যেমন; প্রশাসনিক, শিক্ষা, স্বাস্থ্য, যাতায়াত ও পরিবহন, নাগরিক সেবা, প্রতিরক্ষা ও নিরাপত্তা, সামাজিক সেবা প্রভৃতির সমষ্টি। সব ধরণের প্রশাসনিক এলাকা বিশেষ করে স্থানীয় নগর কেন্দ্র এই ভূমি ব্যবহারের অন্তর্ভূক্ত। প্রস্তাবিত কৃষি বিশ্ববিদ্যালয়, আন্তঃজেলা বাস টার্মিনাল কমপ্লেক্স, ট্রাক টার্মিনাল কমপ্লেক্স, সড়কপথ ও বেড়িবাঁধের জায়গা, ভূপৃষ্ঠের পানি শোধনাগার, বর্জ্য পানি শোধনাগার প্রভৃতি এই ভূমি ব্যবহারের অন্তর্ভূক্ত। সর্বমোট ৭৪৯.৪৭ একর এলাকা যা সমগ্র পরিকল্পনা এলাকার ৫.৫৯%; এই ভূমি ব্যবহারের অন্তর্ভূক্ত।

ঙ. সংরক্ষিত এলাকা

বিনোদন ও উন্মুক্ত এলাকা, পাহাড়ি এলাকা, জলাশয়, কৃষিজমি, ঐতিহাসিক ও পর্যটন এলাকা প্রভৃতি এই ভূমি ব্যবহার এলাকায় অন্তর্ভূক্ত। কাপ্তাই লেক ভিত্তিক পর্যটন এলাকা ও এই প্রকারভেদের অংশ। জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের কেন্দ্ররেখা থেকে উভয় পাশে যথাক্রমে ২০ মিটার ও ৫০ মিটার পর্যন্ত এলাকা এই ভূমি ব্যবহারের অধীনে বাফার এলাকা হিসেবে সংরক্ষণ করতে হবে। এই বাফার অঞ্চলটি বনায়নের মাধ্যমে উন্মুক্ত স্থানে রূপান্তরিত করতে হবে, যাতে ভবিষ্যৎ সম্প্রসারণের প্রয়োজনে জমি সহজলভ্য হয়। এর অধীনে ৯৯১০.৬৩ একর তথা মহাপরিকল্পনা এলাকার ৭৪.০৩% ভূমি রাখা হয়েছে।

রাঙ্গামাটি পৌরসভায় মোট ৩৬৫৭.৮৩ একর পাহাড়ি এলাকা পাওয়া যায়, যেসব এলাকা মোট ভূমি-ব্যবহারের ২৭.৩২ শতাংশ। ওয়ার্ড নং ৫ এ মোট ১৬৩১.৯০ একর পাহাড়ি এলাকা রয়েছে, যা পৌরসভার মোট পাহাড়ি জমির ৩৪.১৯ শতাংশ এবং সব ওয়ার্ডের মধ্যে সর্বোচ্চ।


সারনি ১০-৬: ওয়ার্ড ভিত্তিক পাহাড়ি ভুমির পরিমাণ

ওয়ার্ড নং	এলাকা (একর)	পাহাড়ি এলাকা (একর)	
		একর	%
ওয়ার্ড নং ১	৯২১.৯০	-	-
ওয়ার্ড নং ২	২৫৮.২৮	০.৫৩	০.০১
ওয়ার্ড নং ৩	৫০০.৭০	৫.৭২	০.১৬
ওয়ার্ড নং ৪	৯৫১.৭৭	৯.৮০	০.২৭
ওয়ার্ড নং ৫	৪৭৭৩.৭২	১৬৩১.৯০	৪৪.৬১
ওয়ার্ড নং ৬	১৫৭৬.৮৯	৪৪৮.১১	১২.২৫
ওয়ার্ড নং ৭	৪৮০.৪৭	১.৬৯	০.০৫
ওয়ার্ড নং ৮	৭০২.৩৬	২.৫৬	০.০৭
ওয়ার্ড নং ৯	৩২২১.২৩	১৫৫৭.৫২	৪২.৫৮
মোট	১৩৩৮৭.৩২	৩৬৫৭.৮৩	১০০.০০

তথ্যসূত্রঃ ভূমি ব্যবহার জরিপ, ২০১৬

মানচিত্র ১০-৬ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত নাগরিক সুবিধা ভূমি ব্যবহার

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND


Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Public Use

মানচিত্র ১০-৭ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত সংরক্ষিত ভূমি ব্যবহার

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Conservation

১০.৯.৩ ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা বাস্তবায়নে নীতি

বাংলাদেশে ভূমি ব্যবহার জোনিং এর জন্য আলাদা কোন নীতিমালা বা আইন নাই। ভূমি ব্যবহার জোনিং মহাপরিকলনার একটা অংশ। মহাপরিকল্পনায় পরিকল্পিত এলাকার জন্য ভূমি ব্যবহার জোনিং এর আলাদা একটা অধ্যায় থাকে যা মহাপরিকল্পনার অংশ। অতএব, মহাপরিকল্পনার মতো ভূমি ব্যবহার পরিকল্পনা একটি আইনি দলিল যা ব্যবহৃত হয় ভবন নির্মাণে অনুমোদনের জন্য।

বাংলাদেশ ভবন নির্মান আইন ১৯৫২ এর শাখা ৩ ক (১) এবং (২) 'ভূমি ও ভবনের অবৈধ ব্যবহার নিধন' এ বলা হয়েছে,

(১) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্ববর্তী অনুমতি ব্যতিত কোন ভবনের মালিক বা ভবনের দখলকারী ভবনটির ব্যবহারের যে অনুমোদন দেয়া আছে তা পরিবর্তন করতে পারবে না।

(২) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যদি এই ব্যপারে সন্তুষ্ট হয় যে ভবনটির/ জমিটির বর্তমান যে ব্যবহার রয়েছে তা মহাপরিকল্পায় নির্ধারিত ভূমি ব্যবহারের অনুরূপ নয় সেক্ষেত্রে সরাসরি ভূমির মালিক, দখলকারী অথবা যিনি ভবন/জমিটির দায়িত্বে আছেন তাকে লিখিত পত্র দিবেন যে জমি/ ভবনটির বর্তমান ব্যবহার যেন আর না বাড়ানো হয়, এইক্ষেত্রে ভবন ভাঙ্গার জন্য ও বলতে পারেন।

উপরের দুই ধারার ভিত্তিতে পৌরসভার মহাপরিকল্পনায় ভূমি ব্যবহার পরিকল্পনা একটি আইনি এবং প্রয়োগযোগ্য দলিল। গেজেট নোটিফিকেশনের মাধ্যমে সরকারি অনুমোদন পাওয়ার পরে মহাপরিকল্পনাটি আইনসিদ্ধ হয়ে যাবে এবং তা প্রয়োগ করবে পৌরসভা।

১০.৯.৩.১ বিভিন্ন ব্যবহার অঞ্চলের জন্য ভূমি ব্যবহার নীতিমালা

ভূমি ব্যবহার পরিকল্পনা করা হয় যাতে করে ভূমি ব্যবহারকে নিয়ন্ত্রণ করা যায়। অর্থাৎ, যত্রতত্র সব জায়গায় সব কিছুর জন্য অনুমোদন দেয়া যাবে না। ভূমি ব্যবহার নীতিমালায় কিছু নিয়ম ঠিক করে দেয়া আছে যাতে বলা আছে কোন ভূমি ব্যবহারকে নির্দিষ্ট কোন ভূমি ব্যবহারে অনুমোদন দেয়া যাবে বা অনুমোদন দেয়া যাবে কিছু শর্ত সাপেক্ষে, কিছু ভূমি ব্যবহারের ক্ষেত্রে পর্যালোচনা করা জরুরী, আর কোন ভূমি ব্যবহারের ক্ষেত্রে বিনা শর্তে অনুমোদন দেয়া যাবে।

সারণি ১০-৭: বিভিন্ন ভূমি ব্যবহারের অনুমোদিত এবং শর্ত সাপেক্ষে অনুমোদিত ব্যবহার

ভূমি ব্যবহার	আবাসিক	বাণিজ্যিক	শিল্প (কমলা শ্রেণি)	শিল্প (লাল শ্রেণি)	সংরক্ষণ এলাকা	নাগরিক সেবা
কৃষি ও গো-চারণ ভূমি	অ	অ	অ	অ	অ	অ
মৎস্য চাষ	অ	অ	অ	অ	অ	অ
ইটভাটা	ন	ন	ন	ন	শ	ন
গোরস্থান	শ	ন	শ	শ	অ	ন
সিনেমা হল	ন	অ	ন	ন	ন	শ
ক্লিনিক	শ	অ	অ	শ	ন	শ
ক্লাব	শ	অ	শ	ন	ন	শ
কলেজ ও বিশ্ববিদ্যালয়	শ	শ	ন	ন	শ	শ
বসতবাড়ি (খামার)	অ	ন	ন	ন	অ	ন
বসতবাড়ি (ক্ষুদ্র আবাসন)	অ	ন	শ	ন	অ	ন
বসতবাড়ি (একক ও যৌথ পরিবার)	অ	ন	ন	ন	ন	শ
বন্যা নিয়ন্ত্রণ অবকাঠামো	অ	অ	অ	অ	অ	অ
হাসপাতাল (লাশকাটা ঘর সহ)	ন	শ	ন	ন	শ	ন
গেস্ট হাউজ ও হোটেল	ন	অ	ন	ন	ন	শ
হোটেল (আন্তর্জাতিক মানের)	ন	অ	ন	ন	ন	শ
শিল্প (কমলা 'ক' শ্রেণি)	ন	শ	অ	শ	ন	শ

ভূমি ব্যবহার	আবাসিক	বাণিজ্যিক	শিল্প (কমলা শ্রেণি)	শিল্প (লাল শ্রেণি)	সংরক্ষণ এলাকা	নাগরিক সেবা
শিল্প (কমলা 'খ' শ্রেণি)	ন	ন	অ	শ	ন	ন
শিল্প (লাল শ্রেণি)	ন	ন	ন	অ	ন	ন
প্রতিষ্ঠান	শ	অ	অ	ন	ন	অ
বৃহৎ উন্নয়ন কর্মকান্ড	শ	শ	শ	শ	শ	অ
অফিস	শ	অ	শ	শ	ন	অ
পার্কিং (বাণিজ্যিক)	শ	অ	অ	অ	ন	অ
পেট্রল স্টেশন	ন	অ	অ	অ	ন	অ
নাগরিক সেবা ভবনসমূহ	শ	অ	অ	অ	ন	অ
উন্মুক্ত বিনোদন এলাকা	অ	অ	অ	ন	অ	শ
ধর্মীয় উপাসনালয়	অ	অ	অ	শ	অ	অ
বৃহৎ মেরামতকারী প্রতিষ্ঠান	ন	অ	অ	অ	ন	ন
ক্ষুদ্র মেরামতকারী প্রতিষ্ঠান	শ	অ	অ	অ	ন	শ
খুচরা দোকান ও রেস্টুরেন্ট	শ	অ	শ	শ	ন	অ
ব্যক্তিগত বিদ্যালয়	অ	শ	ন	ন	ন	শ
সরকারি ও ধর্মীয় বিদ্যালয়	অ	শ	ন	ন	ন	শ
বিপনীবিতান/বৃহৎ বাজার	ন	অ	ন	ন	ন	ন
স্টেডিয়াম	ন	শ	ন	ন	ন	ন
বাস টার্মিনাল/রেল স্টেশন	ন	অ	ন	ন	ন	ন
বাণিজ্যিক কেন্দ্র	ন	অ	ন	ন	ন	ন
নাগরিক সেবা ভবন	শ	শ	শ	শ	শ	শ
গুদাম ও বিতরণ এলাকা	ন	অ	অ	অ	ন	ন
ডাম্পিং সাইট	ন	ন	শ	অ	শ	শ

**** অ= অনুমোদিত ব্যবহার; শ= শর্তসাপেক্ষ ব্যবহার; প= পরিকল্পনা বিবেচনা প্রয়োজন; ন= অননুমোদিত*

পরিবেশ অধিদপ্তরের নিয়মানুসারে, শিল্প কারখানাকে সবুজ, কমলা 'ক', কমলা 'খ' এবং লাল শ্রেণিতে বিভক্ত করা হয়েছে।

যেকোন বড় প্রকল্প/ পরিকল্পনার ক্ষেত্রে পরিবেশগত বিষয় খুবই গুরুত্বপূর্ণ যেহেতু তা পরিবেশের উপর প্রভাব ফেলতে পারে। আইন মতে, ১০ তলার চেয়ে উচ্চ ভবনের জন্য পরিবেশগত ছাড়পত্র লাগবে।

শিল্প কারখানার ধরণ, প্রকল্প এলাকা এবং পরিবেশের উপর তার প্রভাবের ভিত্তিতে পরিবেশ অধিদপ্তর নিম্নের কয়েকটি ভাগে বিভক্ত করেছেঃ

১. সবুজ
২. কমলা ক
৩. কমলা খ
৪. লাল

পরিবেশগত ছাড়পত্রের জন্য নিম্নের কাগজপত্র গুলো প্রয়োজনঃ

সবুজ শ্রেণি

- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাধারণ তথ্যাবলী;
- কাঁচামালসহ উৎপন্ন দ্রব্যের প্রকৃত বিবরণ;
- স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;

কমলা 'ক' শ্রেণি

- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাধারণ তথ্যাবলী;
- কাঁচামালসহ উৎপন্ন দ্রব্যের প্রকৃত বিবরণ;
- স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
- প্রসেস ফ্লো ডায়াগ্রাম;
- লেআউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত) এবং বর্জ্য নির্গমন ব্যবস্থা;
- পুনঃস্থাপন, পুনর্বাসন পরিকল্পনার রূপরেখা (প্রযোজ্য ক্ষেত্রে);
- প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে);

কমলা 'খ' শ্রেণি

- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন;
- পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan-EMP) প্রতিবেদন, যার সাথে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রসেস ফ্লো ডায়াগ্রাম, লেআউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত), বর্জ্য পরিশোধনাগার (Effluent Treatment Plant-ETP) এর নকশাসহ এর কার্যকারিতা সম্পর্কিত তথ্যাদি সংযুক্ত থাকবে (কেবল বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য);
- স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
- পরিবেশগত বিরূপ প্রতিক্রিয়া সংক্রান্ত জরুরী পরিকল্পনাসহ দূষণের প্রকোপ হ্রাসকরণ পরিকল্পনা;

লাল শ্রেণি

- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন;
- প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন (Initial Environmental Examination)
- স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
- পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan-EMP) প্রতিবেদন;
- জরুরী অবস্থার পরিকল্পনা;
- লেআউট প্ল্যান;
- পুনঃস্থাপন, পুনর্বাসন পরিকল্পনার রূপরেখা (প্রযোজ্য ক্ষেত্রে);
- প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে);

১০.১০ ভূমি ব্যবহারের খাতভিত্তিক উন্নয়ন প্রস্তাবনা

প্রতিবেদনের এই অংশে ভবিষ্যৎ ও উন্নয়ন ভূমি ব্যবহার হবে। বিভিন্ন ভূমি ব্যবহার খাতের মাধ্যমে উন্নয়ন উভয়কেই পরিপূর্ণতা প্রদান করে। নিম্নবর্ণিত ১০টি ভূমি ব্যবহার খাতে মূলত উন্নয়ন হবেঃ

১) আবাসিক
২) বাণিজ্যিক
৩) শিল্প
৪) শিক্ষা
৫) স্বাস্থ্য
৬) প্রশাসনিক
৭) যাতায়াত ও পরিবহন
৮) কৃষি
৯) নাগরিক সেবা
১০) উন্মুক্ত স্থান ও চিত্তবিনোদন

পৌরসভার জনসাধারণের মধ্যে ভূমি ব্যবহারের শ্রেণিবিন্যাস নিয়ে একটি সাধারণ ধারণা বিদ্যমান। কিন্তু ভূমি ব্যবহার সম্পর্কিত এই ধারণার গুরুত্ব এবং পরিণতি সম্পর্কে সম্পূর্ণ ধারণা প্রদান করে না। বেশিরভাগ সময়েই মানুষজন একটি নির্দিষ্ট ভূমি ব্যবহার এবং এর সীমানা সম্পর্কে বিভ্রান্ত থাকে। সাধারণত ভূমি ব্যবহার একটি স্থানের ভৌগলিক ব্যবহারকে সুরক্ষা প্রদান করে যাতে তা একে অপরের সাথে সমন্বিত হয় এবং অর্থনৈতিক সমৃদ্ধিকে এগিয়ে নিয়ে যায়।

বিভিন্ন খাতের ভূমি ব্যবহারের অবস্থান নির্বাচনের যৌক্তিকতা সাধারণভাবে নিম্নরূপঃ

- ব্যবহার অনুসারে ভৌগলিকে এলাকা নির্ধারণ, যাতে একটি অন্যটির সাথে অধিক্রমণ (Overlap) করতে না পারে;
- একটি ব্যবহারের অন্তর্ভূক্ত সেবা আরেকটি ব্যবহারের উপর প্রভাব বিস্তার করতে পারে যার ফলস্বরূপ অন্যান্য সুবিধাদির চাহিদা তৈরি হবে;
- পরিবেশগত বৈশিষ্টের পার্থক্য অনুসারে মানুষের স্বস্তি, পছন্দ এবং অপছন্দের বৈচিত্র্য সৃষ্টি হয়;
- প্রকৃতিগতভাবে ভূমি ব্যবহার কার্যসমূহ আলাদা;
- একটি নির্দিষ্ট সময়সীমায় এলাকার ও তার প্রভাব এলাকার নির্দিষ্ট কাজ সহজেই পর্যবেক্ষণ করা যায়;
- বিভিন্ন ভূমি ব্যবহারের বৈশিষ্ট্য অনুসারে এর সক্ষমতা বিচার করা সুবিধাজনক হয়;
- এর ফলে একটি নির্দিষ্ট ভূমি ব্যবহারকে এর নিজের এবং আশেপাশের অবস্থা অনুসারে সমন্বিত করা সহায়ক হয়;
- ভিন্ন ভিন্ন বৈশিষ্টের কারণে ভূমি ব্যবহার সমূহের ভিন্ন ভিন্ন ফলাফলের উপর ভিত্তি করে প্রকল্প গ্রহণ সহজতর হয়;
- মতবিনিময় সভা, জনসাধারণের মতামত, পাবলিক হিয়ারিং প্রভৃতির মাধ্যমে গৃহীত মানুষের চাহিদা সমূহ অন্তর্ভুক্ত করা সহজতর হয়। সুতরাং বলা যায় যে; ভূমি ব্যবহারের প্রতি তাদের মানসিক প্রবৃত্তি অনুসারে বিভিন্ন ভূমি ব্যবহারের অবস্থান যথা আবাসিক, বাণিজ্যিক, পরিবহন প্রভৃতি নির্ণয়ের পন্থা মহাপরিকল্পনার একটি প্রয়োজনীয় উপাদান।
- ভূমি ব্যবহারের আকার এবং বিন্যাস মানুষের ইচ্ছার উপর গভীরভাবে নির্ভরশীল। কৌশলগতভাবে যেকোন প্রস্তাবনা এর গুরুত্ব ও ফলাফলের উপর ভিত্তি করে আলোচনা ও মিথস্ক্রিয়ার মাধ্যমে নির্ধারিত হয়।

প্রতিবেদনের এই অংশে বিভিন্ন খাতে বরাদ্দকৃত ভূমি মৌজা, ওয়ার্ড এবং ভূমির পরিমাণের সাথে বর্ণিত হয়েছেঃ

১০.১০.১ আবাসিক খাত

আবাসিক ভূমি ব্যবহার পৌরসভার একটি গুরুত্বপূর্ণ ব্যবহার যা বিশেষ নজরদারির দাবি রাখে। পরিকল্পনাবিহীন আবাসিক উন্নয়ন ভূমি ব্যবহারের বৈশিষ্ট্য নষ্ট করে এবং ভবিষ্যতে এর শুদ্ধি প্রায় অসম্ভব করে তোলে।

রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত আবাসিক ভূমি ব্যবহারের মধ্যে রয়েছেঃ

ক. কম জনঘনত্বসম্পন্ন উচ্চবিত্তের আবাসিক এলাকা

খ. মধ্যম জনঘনত্বসম্পন্ন মধ্যবিত্তের আবাসিক এলাকা

গ. উচ্চ জনঘনত্বসম্পন্ন নিম্নবিত্তের আবাসিক এলাকা

ঘ. পুনর্বাসন এলাকা

ঘনত্বের ধারণা নেয়া হয় যেন মানুষ তাদের বাসস্থান সীমিত এবং নিয়ন্ত্রনে রাখে। বাসযোগ্য বাসস্থানের জন্য এটা নিয়ন্ত্রণ করা খুবই জরুরী।

ক. কম জনঘনত্বসম্পন্ন উচ্চবিত্তের আবাসিক এলাকা

কম জনঘনত্বসম্পন্ন এলাকা পরিবেশগত ভাবে নিরাপদ কিন্তু ব্যয়বহুল। এখানে এলাকা সীমিত জনঘনত্বসম্পন্ন হবে এবং প্রতি একরে ৫০-১০০ মানুষ বাস করবে। আসলে পৌরসভার উচ্চবিত্তের লোকজন এখানে বসবাস করবে। এটা ধারণা

করা যায় যে এই এলাকায় বসবাসের জন্য সকল ধরণের সুযোগসুবিধা দেয়া হবে। অবশ্যই এলাকা হবে কম ঘনত্ব সম্পন্ন।

খ. মধ্যম জনঘনত্বসম্পন্ন মধ্যবিত্তের আবাসিক এলাকা

একই ভাবে মধ্যম জনঘনত্বসম্পন্ন এলাকা হবে যেখানে প্রতি একরে ১০০-১৫০ জন লোক বসবাস করবে। পৌরসভায় কিছু মধ্যম আয়ের লোকজনের বসতি স্বতঃস্ফূর্ত ভাবে গড়ে উঠেছে, কিন্তু যখন উন্নয়ন বাড়বে তখন এই এলাকা যথেষ্ট হবে না তাছাড়া লোকজনের ভালভাবে বসবাস করার জন্য ও এলাকা বৃদ্ধি করা প্রয়োজন।

গ. উচ্চ জনঘনত্বসম্পন্ন নিম্নবিত্তের আবাসিক এলাকা

যে এলাকায় নিম্ন আয়ের লোকজন বসবাস করে এবং এখানে অল্প জায়গায় অনেক বেশি লোক বসবাস করে। উচ্চ ঘনত্বের পরিসর হল ১৫০ জন/ একর এর বেশি।

মূলত নিম্নবিত্তের আবাসনের জন্য এই এলাকা নির্দিষ্ট করা হয়েছে; যেখানে জনঘনত্ব অনেক বেশি হবে। যদিও শহরে ভূমির তীব্র অভাব রয়েছে তথাপি এটা অনেক কঠিন হবে। অবস্থানুসারে এলাকার সীমানা এবং ঘনত্ব পরিবর্তন হতে পারে।

ঘ. পুনর্বাসন এলাকা

উন্নয়ন কর্মকান্ডের জন্য জমি প্রয়োজন যার জন্য কিছু পরিবারকে হয়ত উচ্ছেদ করার প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। মহাপরিকল্পনায় তাদেরকে পুনর্বাসনের ব্যবস্থা করা আবশ্যক। এজন্য ৫০ একর এলাকা পুনর্বাসনের জন্য হিসাব করা হয়েছে, কিন্তু আপাতত ৩০ একর জায়গা নির্ধারণ করা হয়েছে।

ঙ) ঐতিহ্যবাহী গ্রাম উন্নয়ন

রাঙ্গামাটির ঐতিহ্য এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির সমৃদ্ধশালী ইতিহাস রয়েছে। পৌরসভার সর্বাধিক সংখ্যক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আসামবস্তি, বিলাইছড়ি, রাজবাড়ি ও কাঁটাছড়ি পাড়া ইত্যাদি এলাকায় বাস করে। এইসব এলাকার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক সমৃদ্ধির সাথে সাথে আনুষাঙ্গিক উন্নয়নের জন্য স্থানিক সমর্থন প্রয়োজন।


সারণি ১০-৮: আবাসিক খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান

খাত ভিত্তিক প্রস্তাব	ওয়ার্ড/ ইউনিয়ন	অবস্থান	প্রস্তাবিত ভূমির পরিমাণ	মন্তব্য
প্রস্তাবিত উচ্চ জনঘনত্বের আবাসিক এলাকা	পৌরসভার বাইরে	মানিকছড়ি	সর্বনিম্ন ৩০ একর; প্রত্যাশিত ৫০ একর	
প্রস্তাবিত মধ্যম জনঘনত্বের আবাসিক এলাকা	ওয়ার্ড ০৯	কাঁটাছড়ি		
প্রস্তাবিত নিম্ন জনঘনত্বের আবাসিক এলাকা	ওয়ার্ড ০৯	মন্ত্রীপাড়া		
প্রস্তাবিত পুনর্বাসন এলাকা	পৌরসভার বাইরে	মানিকছড়ি/ সাপছড়ি		পৌরসভার বাইরে
ঐতিহ্যবাহী গ্রাম উন্নয়ন	ওয়ার্ড ০৫	আসামবস্তি থেকে বিলাইছড়ি	আদর্শ মান অনুসারে	ঐতিহ্য এবং সংস্কৃতির প্রচার ও প্রসারের জন্য বিভিন্ন অবকাঠামো প্রদান করা
	ওয়ার্ড ০৮	রাজবাড়ি		
	ওয়ার্ড ০৯	কাঁটাছড়ি		

খাত ভিত্তিক প্রস্তাব	ওয়ার্ড/ ইউনিয়ন	অবস্থান	প্রস্তাবিত ভূমির পরিমাণ	মন্তব্য
প্রস্তাবিত বস্তি উন্নয়ন	ওয়ার্ড ০৭	শান্তিনগর, রসুলপুর এবং ফরেস্ট কলোনি এলাকা	আদর্শ মান অনুসারে	রাস্তা, ড্রেন, পানি সরবরাহ, কমিউনিটি টয়লেট, কমিউনিটি কিচেন, স্কুল, স্বাস্থ্য সুবিধা, প্রশিক্ষণ ইত্যাদি প্রদান করা হবে।
	ওয়ার্ড ০৬	রাঙ্গাপানি বিল এবং আদন্দি আদম এলাকা		
	ওয়ার্ড ০৫	সিলেটিপাড়া, খিপ্পাপাড়া, টেকনোলজি পাড়া এবং লেমুছড়ি এলাকা		
	ওয়ার্ড ০১	পুরানপাড়া, ইসলামপুর, শরিয়তপুর		
	ওয়ার্ড ০২	আব্দুল আলী একাডেমী এলাকা		
	ওয়ার্ড ০৩	পুলিশ লাইন সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং হাসপাতাল এলাকা		
	ওয়ার্ড ০৪	ধনমিয়াঁ, বিএডিসি এবং পানির পাম্প এলাকা		

মানচিত্র ১০-৮ : রাঙ্গামাটি পৌরসভার আবাসিক খাতের প্রস্তাবনাসমূহ (সব ধরনের আবাসন)

1:66,000



Sl. No.	Sector Proposal	Location	Remarks
RS01	Proposed High Density Housing Area	Manikchhari	Min 30 acres; Desired 50 acres
RS02	Proposed Medium Density Housing Area	Katachhari	
RS03	Proposed Low Density Housing Area	Montripara	
RS04	Proposed Housing for Pourashava Staff	Poura Colony	Developed Existing Poura Colony
RS05	Proposed Sub-Town	Manikchhari	Min 50 acres; Desired 100 acres
RS06	Proposed Traditional Village	Asambosti to Bilaichhari	Different Infrastructure will Provide to Exhilarate and Exhibit the Tradition and Culture
RS07		Rajbari	
RS08		Katachhari	
RS09	Slum Development	Santinagar-Rosulpur-Forest Colony area	Road, Drain, Water Supply, Community Toilet, Community Kitchen, School, Health Facilities, Training etc. will Provide.
RS10		Dhonmia-BADC-Water Pump area	
RS11		Sylhety-Khippya-Tonchongya-Lemuchori Para	
RS12		Rangapani Bil & Udondi Adam area	
RS13		Abdul Ali Academy Area (East & West side of road) Ward 02	
RS14		Puranpara-Islampur-Shoriatpur area; ward 01	
RS15		Police Line area (including Govt. Primary School and Hospital Area); Ward 03	
RS16	Influential Zone	Rajdeep	
RS17			

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.75 1.5 3 4.5 6 7.5 9 Kilometers

Scale: 1:66,000 or 1 " = 5,500 ' or 1 cm = 660 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Residential
- Proposed Housing Area
- Sub Town (Resettlement & Rehabilation)

- Slum Redevelopment
- Traditional Village Development
- Influencial Zone

১০.১০.২ বাণিজ্যিক খাত

ব্যবসা-বাণিজ্য একটি শহরের বিকাশের জন্য খুবই গুরুত্বপূর্ণ। বাণিজ্যিক ভূমি ব্যবহারকে পাঁচটি খাতে বিভক্ত করা হয়েছে।

পৌরসভার বাজার উন্নয়ন

(i) বাজার পুনঃউন্নয়ন

(ii) হোটেল মোটেল জোন

(iii) মার্কেট পুনঃউন্নয়ন

(iv) নতুন বাজার নির্মাণ

(v) নতুন কাচা বাজার

ক) পৌরসভার বাজার উন্নয়ন

রাঙ্গামাটি পৌরসভার তাদের নিজস্ব চারটি বাজার রয়েছে কিন্তু সেগুলো ভালভাবে গড়ে উঠেনি এবং কোন আধুনিক সুযোগ-সুবিধা নাই। তাই এই বাজারগুলোতে আধুনিক সুযোগ-সুবিধা দিয়ে উন্নয়ন করতে হবে।

খ) বাজার পুনঃউন্নয়ন

রাঙ্গামাটি পৌরসভার খুচরা এবং পাইকারি বাজার এর আশেপাশের অঞ্চলগুলোর জন্য খুবই গুরুত্বপূর্ণ। রাঙ্গামাটি পৌরসভার বাণিজ্যিক কার্যক্রমের প্রসার এর আশেপাশের এলাকার সাথে যোগাযোগের কারণে হয়। বর্তমান বাজারটি পুরো জেলায় সবচেয়ে বড় পাইকারি এবং খুচরা বাজার। বিদ্যমান বাজারগুলোর পুনঃউন্নয়ন করা প্রয়োজন তার ভিতর আছে রিজার্ভ বাজার (ওয়ার্ড নং ০২), আসামবস্তি (ওয়ার্ড নং ০৫), মানিকছড়ি (ওয়ার্ড নং ০৬), বনরুপা (ওয়ার্ড নং ০৭) এবং কলেজগেট (ওয়ার্ড নং ০৯)।

গ) হোটেল মোটেল জোন

রাঙ্গামাটি পৌরসভাটি বাংলাদেশের অন্যতম একটি জনপ্রিয় পর্যটন এলাকা। প্রতিদিন বিপুল পরিমাণ পর্যটক দেশবিদেশ থেকে এখানে বেড়াতে আসে। তাদের থাকা এবং গাড়ি রাখার জন্য তেমন কোন ভাল জায়গা নেই তাই রিজার্ভ বাজার (ওয়ার্ড নং ০২) এলাকায় একটা হোটেল মোটেল জোন করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

ঘ) মার্কেট পুনঃউন্নয়ন

রাঙ্গামাটিতে কোন আধুনিক শপ্পিং মল নেই। পৌরসভা এবং এর আশেপাশে বসবাসরত জনগণের ছোট দোকান অথবা রাস্তার পাশের ছোট ছোট মার্কেটগুলোর উপর নির্ভরশীল থাকতে হয়। ভেদভেদি এলাকায় (ওয়ার্ড নং ০৬) একটি আধুনিক সুযোগসুবিধা সম্বলিত মার্কেট নির্মাণ করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

ঙ) নতুন বাজার নির্মাণ

বিদ্যমান বাজারগুলোর উন্নয়নের পাশাপাশি শহরে নতুন বাজার নির্মাণ করার প্রস্তাবনা দেয়া হয়েছে বিলাইছড়িতে (ওয়ার্ড নং ০৫)।

চ) নতুন কাচা বাজার


রাঙ্গামাটি পৌরসভায় কোন আধুনিক কাচা বাজার নেই। পৌরসভা এবং এর আশেপাশে বসবাসরত জনগণের ছোট দোকান অথবা রাস্তার পাশের ছোট ছোট দোকনের উপর নির্ভরশীল থাকতে হয়। সতারাং ওয়ার্ড নং ০৭ একটি বহুতলবিশিষ্ট আধুনিক কাচা বাজার করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

সারণি ১০-৯: বাণিজ্যিক খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান

খাতভিত্তিক প্রস্তাবনা	ওয়ার্ড	জনপদ
পৌরসভা মার্কেট পুনঃউন্নয়ন	ওয়ার্ড নং ০৭	পৌরসভার পাশে
বাজার পুনঃউন্নয়ন	ওয়ার্ড নং ০২	রিজার্ভ বাজার
	ওয়ার্ড নং ০৫	আসামবস্তি
	ওয়ার্ড নং ০৬	মানিকছড়ি
	ওয়ার্ড নং ০৭	বনরূপা
	ওয়ার্ড নং ০৯	কলেজগেট
হোটেল মোটেল জোন	ওয়ার্ড নং ০২	রিজার্ভ বাজার
মার্কেট পুনঃউন্নয়ন	ওয়ার্ড নং ০৬	ভেদভেদি
নতুন বাজার	ওয়ার্ড নং ০৫	বিলাইছড়ি
নতুন কাচা বাজার	ওয়ার্ড নং ০৭	সমতাঘাটের পাশে

মানচিত্র ১০-৯ : রাঙ্গামাটি পৌরসভার বাণিজ্যিক খাতের প্রস্তাবনাসমূহ (খুচরা বাজার এলাকা)

1:66,000



Sl. No.	Sector Proposal	Location	Remarks
CS01	New Bazar Development	Bilaichhari	Market Development
CS02	Proposed Kitchen Market	Banorupa	Kitchen Market Development
CS03	Proposed Hotel Motel Zone	Samataghat Reserve Bazar	
CS04	Bazar Redevelopment	Asambosti	Market Redevelopment
CS05		Vedvedi	
CS06		Reserve Bazar	
CS07		Banorupa	
CS08		College Gate	
CS09		Manikchhari	
CS10		Near Pourashava	
CS11	Urban Local Center Based Kitchen Market	Ward No. 01, Reserve Bazar	Kitchen Market Development
CS12		Ward No. 02, Patharghata	
CS13		Ward No. 03, Police Line	
CS14		Ward No. 03, Majher Basti	
CS15		Ward No. 04, Tabal Chhari Bazar	
CS16		Ward No. 05, Bilaichhari	
CS17		Ward No. 05, Jhograbeel	
CS18		Ward No. 05, Asambosti	
CS19		Ward No. 06, Rangapani	
CS20		Ward No. 06, Vedvedi	
CS21		Ward No. 07, Kathaltoli	
CS22		Ward No. 08, Near DPHE Office	
CS23		Ward No. 09, Amanatbag	
CS24		Ward No. 09, Katachhari	

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.75 1.5 3 4.5 6 7.5 9 Kilometers

Scale: 1:66,000 or 1 " = 5,500 ' or 1 cm = 660 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Commercial Sector Proposal
- Proposed Kitchen Market
- Bazar Redevelopment
- New Bazar Development
- Hotel Motel Zone
- Urban Local Center Based Kitchen Market

১০.১০.৩ শিল্প খাত

বর্তমান সময়ে শিল্প খাতের উন্নয়ন ছাড়া অর্থনীতি কল্পনা করা যায় না। রাঙ্গামাটিতে পর্যটন শিল্পে অপার সম্ভাবনা রয়েছে, যেটি স্থানীয় এমনকি জাতীয় অর্থনীতিতেও অবদান রাখবে। কিন্তু এ শিল্প এখনো এত বেশী উন্নতি করে নি। পরামর্শকরা কয়েক ধরণের শিল্প কারখানার প্রস্তাবনা দেনঃ

১) হিমাগার
২) তাঁত শিল্প কারখানা এবং মার্কেট
৩) জুম সংস্কৃতিক কেন্দ্র
৪) কুটির শিল্প/ ইকো ইন্ডাস্ট্রিয়াল জোন
৫) সোলারপার্ক
৬) হাই-টেক পার্ক

শিল্প কারখানা তৈরি করতে অনুকূল নীতিমালা তৈরি করা জরুরী যার ভিতর যেসব সুযোগসুবিধা গুলো থাকবে তা হলো সহজে প্রবেশযোগ্য, মাল বোঝাই এবং মাল খালাস করার জায়গা, মজুদ করার সুবিধা, বিদ্যুৎ সরবরাহ, বর্জ্য নিয়ন্ত্রণ ইত্যাদি।

১) হিমাগার

মহাপরিকল্পনায় মানিকছড়ি (পৌরসভার বাইরে) এবং ভেদভেদি (ওয়ার্ড নং ০৬) এ দুইটা হিমাগারের প্রস্তাবনা দেয়া হয়েছে। হিমগার নির্মাণের প্রধান উদ্দেশ্য হলো পৌরসভার আশেপাশের উপজেলাগুলো থেকে ফলমূল, মাছ সহ যে পচনশীল কাঁচামালগুলো আসে সেগুলোকে সংরক্ষণ করা।

২) তাঁত শিল্প কারখানা এবং মার্কেট সুবিধা

পৌরসভার বাইরে মানিকছড়ি বিসিক এলাকার পাশে একটি তাঁত শিল্প কারখানা এবং মার্কেট করার প্রস্তাব করা হয়েছে। যেখানে বিভিন্ন ধরণের তাঁত পণ্য যেমন শাড়ি, শাল, কাপড় ইত্যাদি তৈরি করা হবে এবং দেশবিদেশ থেকে আগত পর্যটকদের জন্য বিক্রি করার জন্য প্রদর্শন করা হবে।

পার্বত্য অঞ্চলের গরীব অর্থনীতির জন্য স্থানীয় তাঁত শিল্প একটা ভাল সমাধান হতে পারে, ***চিত্র ১০-১*** এ পার্বত্য অঞ্চলের স্থানীয় জনগণের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও মধ্যম শিল্প কর্পোরেশন (বিসিক) তাঁত শিল্প কারখানা এবং মার্কেট সুবিধার প্রস্তাবনা দিয়েছেন। যাইহোক, রাঙ্গামাটি পৌরসভায় অনেক দুর্গম এলাকা রয়েছে যেখানে চাইলেও এই সুযোগসুবিধাগুলো দেয়া সম্ভব নয়। সুতরাং বিসিক কর্তৃপক্ষ তাদের কাজগুলো যাতে সংরক্ষণ করতে পারে তার জন্য সুবিধা প্রদান করবে।

৩) জুম সংস্কৃতিক কেন্দ্র

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতিগুলোকে সংরক্ষণ করার জন্য দেপ্পাছড়ি, মানিকছড়িতে একটা জুম সংস্কৃতিক কেন্দ্রের প্রস্তাবনা দেয়া হয়েছে। ***চিত্র ১০-৩*** এ একটি মডেল কেন্দ্রের চিত্র দেখানো হয়েছে। এটা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ৫ম বছরের একটি থিসিস প্রজেক্ট ছিল যা ২০১৪ সালে করা হয়। জুম সংস্কৃতিক কেন্দ্র স্থানীয় সংস্কৃতিকে সংরক্ষণ, উন্নয়ন এবং প্রকাশ করার করার জন্য প্রাথমিক ধাপ।









চিত্র ১০-২: মানিকছড়িতে তাঁত শিল্প কারখানা এবং মার্কেটিং সুবিধার নমুনা চিত্র











চিত্র ১০-৩: দেপ্পাছড়ি, মানিকছড়িতে জুম সংস্কৃতিক কেন্দ্রের নমুনাচিত্র

৪) কুটির শিল্প কারখানা/ ইকো ইন্ডাস্ট্রিয়াল জোন

রাঙ্গামাটি কুটির শিল্পের জন্য খুব জনপ্রিয় এবং খুবই উন্নত। এই সংস্কৃতিকে আরো উন্নয়ন এবং চারদিকে ছড়িয়ে দিতে আসামবস্তি (ওয়ার্ড নং ০৪) এ একটা কুটির শিল্প কারখানা/ ইকো ইন্ডাস্ট্রিয়াল জোন করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

৫) সোলার পার্ক

প্রস্তাবিত শিল্প কারখানাগুলোতে স্বল্প মুল্যে বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে দুইটি সোলার প্ল্যান্ট স্থাপন করার প্রস্তাব দেয়া হয়েছে, যার ফলে প্রতিযোগিতামূলক বাজারে দ্রব্যমূল্যের উৎপাদন খরচ কমানো সম্ভব হবে। সোলার পার্কের মাধ্যমে স্বল্প ব্যয়ে বিদ্যুৎ উৎপাদন করা হবে যা বাজারে প্রতিযোগিতা করার ক্ষেত্রে সহায়ক হবে। সৌরশক্তি উৎপাদন যদি সফল হয় তবে তা সমাজের উপর প্রভাব ফেলবে। মিটিঙ্গাছড়ি (ওয়ার্ড নং ৫) এবং পুরানপাড়ার কাছে (ওয়ার্ড নং ০৭) এলাকায় সোলার পার্কের প্রস্তাবনা দেয়া হয়েছে। গোষ্ঠীভিত্তিক (বস্তিবাসী) সৌরশক্তি উৎপাদন করা হবে বস্তির মানুষদের অল্প খরচে বিদ্যুৎ সরবরাহ করার জন্য।

৬) হাই-টেক পার্ক

হাই-টেক পার্কের উদ্দেশ্য দুটিঃ

১। দেশীয় প্রযুক্তিগত জ্ঞানের প্রয়োগ করে স্থানীয় শিল্পের প্রসার।
২। সর্বোৎকৃষ্ট মানের প্রযুক্তিপণ্য উৎপাদন করে বিদেশে বিনিয়োগ করা।

উপরের উদ্দেশ্য পূরণে নিম্নলিখিত শিল্পগুলো এই স্থানে গড়ে উঠতে পারেঃ

- কৃষি জৈবপ্রযুক্তি এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং
- কৃষিভিত্তিক শিল্প
- গাড়ি এবং যন্ত্রাংশ শিল্প
- নতুন এবং উন্নত ধাতুশিল্প
- চিকিৎসায় ব্যবহৃত যন্ত্রপাতি
- ঔষধ তৈরির জন্য প্রয়োজনীয় পণ্য
- উচ্চমানের গার্মেন্টস ও টেক্সটাইল
- প্লাস্টিক
- মার্চেন্ডাইজ
- বৈদ্যুতিক যন্ত্রপাতি উৎপাদন
- কম্পিউটার যন্ত্রপাতি এবং সফটওয়ার
- যোগাযোগ যন্ত্রপাতি
- যোগাযোগ প্রযুক্তি সেবা
- মানবসম্পদ উন্নয়ন সংস্থা
- জৈব প্রযুক্তি


হাই-টেক পার্ক স্থাপন করে সর্বোচ্চ সুবিধা সুনিশ্চিত করতে হলে এটাকে অবশ্যই তৈরি ও চালানো সকল ক্ষেত্রেই পরিবেশবান্ধব হতে হবে। যখন সকল কার্যকর খাতে সম্মানজনক (যথেষ্ট) বিনিয়োগ করা হবে, তখন এটা সুনিশ্চিত হবে যে উন্নয়ন পরিকল্পিত এবং আন্তর্জাতিক মান অনুসারে হয়েছে। রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পাশে হাই টেক পার্ক করার ৫ একর জায়গা নির্ধারণ করা হয়েছে।

সারণি ১০-১০: শিল্প খাতের প্রস্তাবনাসমূহের অবস্থান

খাতভিত্তিক প্রস্তাব	ওয়ার্ড/ জনপদ	অবস্থান	প্রস্তাবনা	মন্তব্য
হিমাগার	পৌরসভার বাইরে	মানিকছড়ি	পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) অর্থাৎ জনগন ও সরকারের যৌথ উদ্যোগে	আদর্শ মান অনুযায়ী
	ওয়ার্ড নং ০৬	ভেদভেদি		
তাঁত শিল্প কারখানা এবং মার্কেটিং সুবিধা	পৌরসভার বাইরে	মানিকছড়ি (বিসিক এলাকা)		
জুম সংস্কৃতিক কেন্দ্র	পৌরসভার বাইরে	দেপ্পাছড়ি		
কুটির শিল্প কারখানা/ ইকো ইন্ডাস্ট্রিয়াল জোন	ওয়ার্ড নং ০৫	আসামবস্তি		
হাই-টেক পার্ক (আইটি পার্ক)	ওয়ার্ড নং ০৫	রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কাছে		হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এ ব্যাপারে কাজ করবে। জমির পরিমাণ সর্বনিম্ন ৩ একর প্রত্যাশিত ১০ একর।
সোলার পার্ক	ওয়ার্ড নং ০৫	টিভি সেন্টারের পাশে		১ মেগা ওয়াট সোলার পিভি পাওয়ার প্ল্যান্ট করার জন্য জমির পরিমাণ সর্বনিম্ন ৪ একর প্রত্যাশিত ৬ একর
	ওয়ার্ড নং ০৫	মিটিঙ্গাছড়ি		
	ওয়ার্ড নং ০৭	পুরানপাড়া		

মানচিত্র ১০-১০ : রাঙ্গামাটি পৌরসভার শিল্প খাতের প্রস্তাবনাসমূহ (অর্থনৈতিক অঞ্চল এবং হাই-টেক পার্ক)

1:66,000



Sl. No.	Sector Proposal	Location	Remarks
IS01	Artisan Based Cooperative Eco-Industrial Zone	Asambosti	Local Raw Materials will be Used
IS02	Handloom Workshop and Market Place in BSCIC	Manikchhari	BSCIC can be Developed
IS03	Jum Cultural Center	Deppachhari	
IS04	IT Park	Mitingachhari (Near RUST)	ICT Ministry Can be Developed
IS05	Cold Storage	Vedvedi	Cold Storage can be Developed by PPP (Public Privet Partnership)
IS06		Manikchhari	
IS07	Solar Park (Hill Based)	Adjacent to TV Center	Min 4 acres, Desired 6 acres for 1 MW Solar PV Power Plant
IS08	Solar Park (Water Based)	Mitingachhari	
IS09		Near Puran Para	

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.75 1.5 3 4.5 6 7.5 9 Kilometers

Scale: 1:66,000 or 1 " = 5,500 ' or 1 cm = 660 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Proposed Road Category
- Primary
- Secondary
- Collector

Industrial Sector Proposals
- Industrial Land Use
- Artisan Based Cooperative Eco-Industrial Zone
- Jum Cultural Center
- Proposed IT Park
- Handloom Workshop & Market Place of BSCIC
- Cold Storage
- Solar Park

১০.১০.৪ শিক্ষা খাত

রাঙ্গামাটি পৌরসভায় শিক্ষাক্ষেত্রে সুবিধার জন্য পরামর্শকগণ নিম্নোক্ত প্রস্তাবগুলো দিয়েছেন। পরামর্শক দলের মতে, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য স্থায়ী ক্যাম্পাস। শিক্ষা সেবাসমূহের প্রস্তাবিত অবস্থাণ ***সারণি ১০-১১*** তে দেখান হল। পরামর্শকগণ অবস্থাণ নির্ণয়ের জন্য কিছু জিনিস বিবেচনা করেছেন (যেমন ভূমির প্রাপ্যতা, যোগাযোগ ইত্যাদি)। কিন্তু এক্ষেত্রে কোন চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হয় নি। সংশ্লিষ্ট কতৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী এসব সুবিধা যে কোন সরকারি খাস জমি অথবা অন্য কোন সুবিধাজনক স্থানে নির্মাণ করা হবে।

সারণি ১০-১১: শিক্ষা খাতের প্রস্তাবনা সমূহের অবস্থাণ

প্রস্তাবনা	ওয়ার্ড/ জনপদ	অবস্থান
রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	ওয়ার্ড নং ০৫	মিটিঙ্গাছড়ি


১০.১০.৫ স্বাস্থ্য খাত

মাতৃমৃত্যু এবং শিশু মৃত্যুহার/ অসুস্থতার হার হ্রাস করতে, একটি স্থানে অন্তত একটি প্রসূতি ক্লিনিক প্রস্তাব করা হয়েছে, যেটি একই সাথে ৩ টি ওয়ার্ডে সেবা দিবে। গবেষণা এলাকার স্বাস্থ্য পরিষেবা সম্পর্কিত প্রতিটি সংস্থার মাধ্যমে আধুনিক স্বাস্থ্য সুবিধাদি চালু এবং বিতরণ করা প্রয়োজন। এছাড়া, প্রতিটি ওয়ার্ডে প্রস্তাবিত ওয়ার্ড সেন্টার ওয়ার্ড কাউন্সিলরদের তত্ত্বাবধানে অনুরূপ ওয়ার্ডে মাতৃত্ব বা প্রাথমিক স্বাস্থ্যসেবা সমর্থন সহজতর করবে। ওয়ার্ড নং ৯ এর আমানতবাগ এলাকায় একটি কমিউনিটি ক্লিনিক করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

সারণি ১০-১২: স্বাস্থ্য খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান

প্রস্তাবনা	ওয়ার্ড/ জনপদ	অবস্থান
কমিউনিটি ক্লিনিক	ওয়ার্ড নং ০৯	আমানতবাগ

মানচিত্র ১০-১১ : রাঙ্গামাটি পৌরসভার স্বাস্থ্য ও শিক্ষা খাতের প্রস্তাবনা সমূহ



Sl. No.	Sector Proposal	Location	Remarks
EHS01	Rangamati University of Science & Technology	Mitingachhari	
EHS02	Renovation of School	Forest Colony	Renovation of School
EHS03	Community Primary Education, Health and Maternity Services for Poor/Slum Peoples	Santinagar-Rosulpur-Forest Colony area	Education and Health Related Primary Facilities will be Provided in Slums
EHS04		Dhonmia-BADC-Water Pump area	
EHS05		Sylhety-Khippya-Tonchongya-Lemuchori Para	
EHS06		Rangapani Bil & Udondi Adam area	
EHS07		Abdul Ali Academy Area (East & West side of road) Ward 02	
EHS08		Puranpara-Islampur-Shoriatpur area; ward 01	
EHS09		Police Line area (including Govt. Primary School and Hospital Area); Ward 03	
EHS10	Community Clinic	Amanatbag	
EHS11	Proposed Local Center Based Health Care Center	Ward No. 01, Reserve Bazar	Urban Local Center Based Primary Health and Maternity Services
EHS12		Ward No. 02, Patharghata	
EHS13		Ward No. 03, Police Line	
EHS14		Ward No. 03, Majher Basti	
EHS15		Ward No. 04, Tabal Chhari Bazar	
EHS16		Ward No. 05, Bilaichhari	
EHS17		Ward No. 05, Jhograbeel	
EHS18		Ward No. 05, Asambosti	
EHS19		Ward No. 06, Rangapani	
EHS20		Ward No. 06, Vedvedi	
EHS21		Ward No. 07, Kathaltoli	
EHS22		Ward No. 08, Near DPHE Office	
EHS23		Ward No. 09, Amanatbag	
EHS24		Ward No. 09, Katachhari	

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.75 1.5 3 4.5 6 7.5 9 Kilometers

Scale: 1:66,000 or 1 " = 5,500 ' or 1 cm = 660 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Education & Health Sector Proposals
- Rangamati University of Science & Technology
- Renovation of School
- Community Primary Education, Health and Maternity Services for Poor/Slum Peoples
- Community Clinic
- Proposed Local Center Based Health Care Center

১০.১০.৬ প্রশাসনিক খাত

পরিকল্পনায় প্রশাসনিক ভূমি ব্যবহারে প্রত্যেক ওয়ার্ডে একটা করে স্থানীয় নগর কেন্দ্র তৈরি করার চিন্তা করা হয়েছে যা সব ধরণের স্থানীয় সুবিধাগুলো সরবরাহ করবে এবং পৌরসভার ক্ষমতা পুরো পৌরসভা জুড়ে ছড়িয়ে (বিকেন্দ্রীভূত করবে) দিবে।

স্থানীয় নগর কেন্দ্র

স্থানীয় নিত্যদিনের প্রয়োজনীয় এবং কিছু উচ্চ পর্যায়ের সুযোগ সুবিধা এখানে দেয়া হবে। এমন ১৪ টা জায়গা (কিছু কিছু ওয়ার্ড কাপ্তাই লেকের জন্য অনেক বড় হওয়ায়) হবে এবং যার প্রতিটির আয়তন ১ একর করে। স্থানীয় নগর কেন্দ্র ওয়ার্ডের স্থানীয় লোকদেরকে সুযোগসুবিধা সরবরাহ করবে। এই জায়গাগুলো যেহেতু ওয়ার্ডের ভিতরেই হবে সুতারাং যাতায়াত বা সুযোগসুবিধা নিতে কোন সমস্যা হবে না। প্রত্যেকটা স্থানীয় নগর কেন্দ্র তার নিজস্ব ওয়ার্ডের লোকজনদের সেবা প্রদান করবে। পৌরসভার ভিতরে আরও একটা নগরকেন্দ্র রয়েছে। স্থানীয় নগর কেন্দ্র থেকে নিম্নোক্ত সেবাগুলো দেয়া হবে


- কাউন্সিলর অফিস
- পরিবার কল্যাণ কেন্দ্র (শিশু চিকিৎসাকেন্দ্র, বার্ধক্যজনিত রোগের চিকিৎসাকেন্দ্র, রোগনির্ণয় কেন্দ্র)
- নার্সিং হোম এবং ঔষধালয়
- মানসিক প্রতিবন্ধীদের বিদ্যালয়
- পুলিশ চৌকি
- সামাজিক বিনোদন ক্লাব,
- সামাজিক সাংস্কৃতিক কেন্দ্র (মিলনায়তন, গানবাজনা, উপাসনার স্থান)
- বিদ্যুৎ উপকেন্দ্র (সৌর বা নবায়নযোগ্য শক্তি থেকে বিদ্যুৎ সরবরাহ)
- কাঁচা বাজার
- সামাজিক উদ্যান ও খেলার মাঠ
- খেলাধুলা সম্পর্কিত সামাজিক ক্লাব
- কেন্দ্রের দৈনন্দিন কাজের তদারকির জন্য এর প্রতিনিধিদের কর্মকান্ড পরিচালনার জন্য অফিস।

সারণি ১০-১৩: প্রকল্প এলাকার স্থানীয় নগরকেন্দ্র সমূহের অবস্থান

স্থানীয় নগর কেন্দ্রের আইডি	অবস্থান		মন্তব্য
	ওয়ার্ড	জনপদের নাম	
ULC 01	০১	রিজার্ভ বাজার	সর্বনিম্ন ১০ কাঠা (১ কাঠা=১.৬৫ শতাংশ); প্রত্যাশিত ৫০ শতাংশ। ভূমির প্রাপ্যতা অনুসারে অবস্থান পরিবর্তিত হবে
ULC 02	০২	পাথরঘাটা	
ULC 03	০৩	পুলিশ লাইন	
		মাঝের বস্তি	
ULC 04	০৪	তবলছড়ি বাজার (কাউন্সিলর'স অফিস)	
ULC 05	০৫	বিলাইছড়ি	
		ঝগড়া বিল	
		আসাম বস্তি	
ULC 06	০৬	রাঙ্গাপানি	
		ভেদভেদি	
ULC 07	০৭	কাঁঠালতলী (পৌরসভার কাছে)	
ULC 08	০৮	জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর অফিসের পাশে	
ULC 09	০৯	আমানতবাগ	
		কাঁটাছড়ি	

মানচিত্র ১০-১২ : রাঙ্গামাটি পৌরসভার প্রশাসনিক খাতের প্রস্তাবনা সমূহ

1:66,000



Sl. No.	Location	Remarks
ULC01	Ward No. 01, Reserve Bazar	Min 10 Katha (1 Katha=1.65 Decimal), Location can be Shifted Location as Land Available
ULC02	Ward No. 02, Patharghata	
ULC03A	Ward No. 03, Police Line	
ULC03B	Ward No. 03, Majher Basti	
ULC04	Ward No. 04, Tabal Chhari Bazar	
ULC05A	Ward No. 05, Bilaichhari	
ULC05B	Ward No. 05, Jhograbeel	
ULC05C	Ward No. 05, Asambosti	
ULC06A	Ward No. 06, Rangapani	
ULC06B	Ward No. 06, Vedvedi	
ULC07	Ward No. 07, Kathaltoli	
ULC08	Ward No. 08, Near DPHE Office	
ULC09A	Ward No. 09, Amanatbag	
ULC09B	Ward No. 09, Katachhari	

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.75 1.5 3 4.5 6 7.5 9 Kilometers

Scale: 1:66,000 or 1 " = 5,500 ' or 1 cm = 660 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Road Category
- Primary
- Secondary
- Collector

Urban Local Center (ULC)

১০.১০.৭ যাতায়াত এবং পরিবহন খাত

নগর এলাকার জন্য যাতায়াত এবং পরিবহন খাত খুবই গুরুত্বপূর্ণ। রাঙ্গামাটি পৌরসভার ঢাকা সহ আশেপাশের সকল অঞ্চলের সাথে যোগাযোগ ব্যবস্থা খুব ভালো। মহাপরিকল্পনায় পরিবহন ভূমি ব্যবহার সুবিধাগুলোর মধ্যে বর্তমান বাস টার্মিনালের উন্নয়ন এবং নতুন বাস টার্মিনাল নির্মাণ, ট্রাক টার্মিনাল, নৌকা ঘাট ইত্যাদি করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

(i) বাস টার্মিনাল

এখানে দেশের অন্যান্য শহর এবং নগরের সাথে, বিশেষ করে ঢাকা ও চট্টগ্রামের সাথে যোগাযোগের জন্য ভাল আন্তঃনগর বাস চলাচল ব্যবস্থা রয়েছে। এই বাস টার্মিনালটি ওয়ার্ড নং ০৭ এ অবস্থিত। বর্তমান বাস টার্মিনালটির উন্নয়ন এবং জলপথের সাথে সংযুক্ত করে একটি মাল্টি মোডাল বাস টার্মিনালের প্রস্তাবনা দেয়া হয়েছে ওয়ার্ড নং ০৭। পাশাপাশি মানিকছড়ি এলাকায় (পৌরসভার বাইরে) একটি আঞ্চলিক বাস টার্মিনাল করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

(ii) ট্রাক টার্মিনাল ও মালামাল পরিবহন এলাকা

রাঙ্গামাটি পৌরসভায় নির্ধারিত ট্রাক কিংবা পণ্য পরিবহনের টার্মিনাল রয়েছে। অধিক দূরত্বে কভার্ড ভ্যানের সাহায্যে পণ্য পরিবহন করা হয়। মালামাল সাধারনত পানিপথে বিভিন্ন এলাকা থেকে পরিবহন করে বর্তমান বাস টার্মিনালে আনা হয়। বিদ্যমান বাস টার্মিনালের যথাযথ ব্যবহারের জন্য, মহাপরিকল্পনায় ট্রাক টার্মিনালটিকে (সমন্বিত কমপ্লেক্স যেখানে সব সুযোগ-সুবিধা থাকবে) মালবাহী গাড়ির মালামাল উঠানামা করার জন্য দালান নির্মাণ করার প্রস্তাব দেয়া হয়েছে। এই ভবনে মালামাল উঠানামা করানোর জন্য প্রয়োজনীয় সুবিধা, গোডাউন, অফিস ভবন, কন্টেইনার সুবিধা ইত্যাদি। ওয়ার্ড নং ২ এ সমন্বিত ট্রাক টার্মিনাল কমপ্লেক্স করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

(iii) নৌকা ঘাট

জলপথ মালামাল পরিবহন করার জন্য নিরাপদ এবং সস্তা। বর্তমানে পাহাড়ি এলাকা এবং কাপ্তাই লেকের বিচ্ছিন্ন দ্বীপগুলো থেকে লোকজন যাতায়াত এবং মালামাল পরিবহন করার জন্য নৌকা ব্যবহার করে। রাঙ্গামাটিতে আশেপাশের জনপদ ও অঞ্চলগুলোর সাথে জলপথে যাতায়াত নেটওয়ার্ক তৈরি করার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। বর্তমানে যে নৌকাঘাট রয়েছে সেখানে যাত্রীদের উঠানামার জন্য কোন সুযোগ-সুবিধা নাই। বাস টার্মিনালের পাশে একটা মালামাল পরিবহন করার ঘাট রয়েছে কিন্তু সেটাকে উন্নয়ন করা প্রয়োজন। পাশাপাশি, রিজার্ভ বাজারে বিদ্যমান নৌকাঘাট টিকে যাত্রী পরিবহন করার জন্য সুযোগ-সুবিধা যুক্ত করতে হবে।


সারণি ১০-১৪: পরিবহন ও যোগাযোগ খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান

খাতভিত্তিক প্রস্তাব	বিস্তারিত	ওয়ার্ড নং	জনপদ	মন্তব্য
বাস টার্মিনাল	জলযানের সাথে সমন্বয় করে মাল্টি মোডাল বাস টার্মিনাল	ওয়ার্ড নং ০৭	বর্তমান বাস টার্মিনাল	বর্তমান বাস টার্মিনালটিকে সম্প্রসারণ এবং আধুনিকায়ন করে কেন্দ্রীয় বাস টার্মিনাল কমপ্লেক্স নির্মাণ
	আঞ্চলিক বাস টার্মিনাল	পৌরসভার বাইরে	মানিকছড়ি	
ট্রাক টার্মিনাল	আধুনিকায়ন, মালামাল পরিবহনের সুযোগসুবিধা বৃদ্ধি করতে হবে	ওয়ার্ড নং ০২	বাইতুশ শরফ এলাকা	বর্তমান বাস টার্মিনালের সম্প্রসারন এবং উন্নয়ন করে একটা কমপ্লেক্স নির্মাণ করতে হবে।
নৌকা ঘাট	মালামাল পরিবহন	ওয়ার্ড নং ০২	বাইতুশ শরফ এলাকা/ ট্রাক টার্মিনাল	পুরাতন বাস টার্মিনালের পাশের নৌকাঘাট টিকে মালামাল পরিবহনের জন্য উন্নয়ন করতে হবে।
	যাত্রী পরিবহন	ওয়ার্ড নং ০১	রিজার্ভ বাজার	

খাতভিত্তিক প্রস্তাব	বিস্তারিত	ওয়ার্ড নং	জনপদ	মন্তব্য
অটো রিক্সা স্ট্যান্ড (নতুন)		ওয়ার্ড নং ০৬	টিভি সেন্টারের কাছে	চট্টগ্রাম এবং অন্যান্য অঞ্চলের জন্য নির্ধারিত সিএনজি স্টেশন
ক্যাবল কার স্টেশন		ওয়ার্ড নং ০২	-	আরো বেশি পর্যটক আকর্ষণ করার জন্য ক্যাবল কার করার প্রস্তাব রাখা হয়েছে।
		ওয়ার্ড নং ০৩	-	
		ওয়ার্ড নং ০৪	-	
		ওয়ার্ড নং ০৫	-	
		ওয়ার্ড নং ০৬	-	
		ওয়ার্ড নং ০৮	-	
		ওয়ার্ড নং ০৯	-	
ওয়াটার অ্যাম্বুলেন্স ঘাট		ওয়ার্ড নং ০৯	দক্ষিন কালিন্দীপুর	কাপ্তাই লেকের বিচ্ছিন্ন দ্বীপে বসবাসরত বাসিন্দাদের জরুরী স্বাস্থ্যসেবা প্রদান করবে।
ব্রিজ		ওয়ার্ড নং ০৫	আসামবস্তি	
		ওয়ার্ড নং ০৮	দক্ষিন কালিন্দীপুর	
		ওয়ার্ড নং ০৫	খিপাপাড়া	
		ওয়ার্ড নং ০৫	লেমুছড়ি থেকে খিপাপাড়া	
		ওয়ার্ড নং ০৯	মন্ত্রীপাড়া	
		ওয়ার্ড নং ০৩	পুলিশ লাইন থেকে কেন্দ্রীয় কবরস্থান	
		ওয়ার্ড নং ০৪	পোস্ট অফিস কলোনি থেকে তবলছড়ি বাজার	
		ওয়ার্ড নং ০৬	রাঙ্গাপানি	
		ওয়ার্ড নং ০৫	সিলেটি পাড়া	
		ওয়ার্ড নং ০৯	-	
	ইকো ব্রিজ	-	দক্ষিন রাঙ্গাপানি	
	ইকো ব্রিজ	ওয়ার্ড নং ০৫	মিটিঙ্গাছড়ি	
	ইকো ঝুলন্ত সেতু	ওয়ার্ড নং ০৮	রাজবাড়ি	
	ভাসমান ব্রিজ	ওয়ার্ড নং ০৯	বিহারপুর	
		ওয়ার্ড নং ০৯	বিহারপুর	
		ওয়ার্ড নং ০৯	বিজয় নগর	
		ওয়ার্ড নং ০৯	বিজয় নগর	
		ওয়ার্ড নং ০৭	বনপায়া আদমপাড়া	
		ওয়ার্ড নং ০৯	বিহারপুর, নারকেলবেটা, ঐরিংপাড়া, নতুনপাড়ার সাথে সংযোগ	
		ওয়ার্ড নং ০৯	মন্ত্রীনগর	
			মন্ত্রীনগর	
			মন্ত্রীনগর	

মানচিত্র ১০-১৩ : রাঙ্গামাটি পৌরসভার পরিবহন খাতের প্রস্তাবনা সমূহ

1:63,000



Sl. No.	Sector Proposal	Location	Remarks
TS01	Multi Modal National Bus Terminal	Bus Terminal	Existing Bus Terminal can be Developed as a Multi Modal Terminal
TS02	Regional Bus Terminal	Manikchhari	Bus from Chittagong and Dhaka can be used this Terminal
TS03	Truck Terminal	Old Bus Stand	Redevelopment of Existing Truck Terminal
TS04	CNG Stand	Sutki Potti, Reserve Bazar	Extension of CNG Stand
TS05		RHD Surroundings area	Developed a New CNG Stand for Chittagong, Bandarban, Khagrachhari
TS06	Modern Boat Terminal (Fish)	Reserve Bazar	Developed Terminal with Facilities
TS07	Modern Boat Terminal (Goods)	Reserve Bazar	
TS08		Reserve Bazar	
TS09		Old Truck Stand	Boat Terminal Redevelopment
TS10	Modern Boat Terminal (Wood)	Debashish Nagar	
TS11	Modern Boat Terminal (Passenger)	Samataghat	Passenger Terminal should be Developed with Modern Facilities
TS12		Near Fisheries Ghat	

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:63,000 or 1 " = 5,250 ' or 1 cm = 630 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary

Road Category
- Primary
- Secondary
- Collector
- Water Bodies

Transportation Sector Proposals
- Multi Modal National Bus Terminal
- Regional Bus Terminal
- Redevelopment of Existing Truck Terminal
- CNG Stand for Chittagong, Bandarban, Khagrachhari
- Extension of CNG Stand
- Modern Boat Terminal (Fish)
- Modern Boat Terminal (Goods)
- Modern Boat Terminal (Passenger)
- Proposed Boat Terminal(Wood)

১০.১০.৮ অত্যাবশ্যকীয় সেবা (Utility Setvices) খাত

অত্যাবশ্যকীয় সেবা খাত দৈনন্দিন জীবনযাত্রাকে সচল রাখতে সহায়তা করে। রাঙ্গামাটিতে উপযোগ সেবা এবং অন্যান্য সুযোগসুবিধার যথেষ্ট সীমাবদ্ধতা রয়েছে। এখানে ময়লা ফেলার জায়গা, বর্জ্য পানি শোধনাগার অনুপস্থিত। স্থানীয়দের কথা চিন্তা করে মহাপরিকল্পনায় উপযোগ সুবিধার জন্য ভূমির প্রস্তাবনা দেয়া হয়েছে।

i) বর্জ্য প্রতিস্থাপন কেন্দ্র

রাঙ্গামাটি পৌরসভায় ৩ টি প্রাথমিক বর্জ্য প্রতিস্থাপন কেন্দ্র এবং ৯ টি কমিউনিটি বিন প্রস্তাব করা হয়েছে। কমিউনিটি থেকে বর্জ্য সংগ্রহ করে তা কমিউনিটি বিনের মাধ্যমে বর্জ্য প্রতিস্থাপন কেন্দ্রে ফেলা হবে।

ii) কাপ্তাই লেক বর্জ্য সংগ্রহ ব্যবস্থা

কাপ্তাই লেকের পানি দূষণের হাত থেকে রক্ষা করতে প্রকল্প এলাকায় লেকের পানির বর্জ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করা হয়েছে।

iii) পয়ঃবর্জ্য শোধনাগার

একটি শহরের পরিবেশকে বাসযোগ্য রাখার ক্ষেত্রে পয়ঃবর্জ্য শোধন করা একটি অগ্রাধিকার প্রকল্প। মিটিঙ্গাছড়িতে একটি পয়ঃবর্জ্য শোধনাগার করার প্রস্তাব করা হয়েছে। বাসাবাড়ি থেকে ভ্যাকু ট্যাঙ্কের মাধ্যমে পয়ঃবর্জ্য সংগ্রহ করে এই শোধনাগার নিয়ে শোধন করতে হবে।

নিচের সারণিতে অত্যাবশ্যকীয় সেবার প্রস্তাবনাগুলো উপস্থাপন করা হলো।


সারণি ১০-১৫: অত্যাবশ্যকীয় সেবা খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান

খাতভিত্তিক প্রস্তাব	ওয়ার্ড	জনপদ	মন্তব্য
স্যানিটারি ল্যান্ডফিল সাইট	০৬	বর্তমান ডাম্পিং সাইট	সাইটটি পাহাড়ি এলাকায় অবস্থিত, আশেপাশের এলাকার পরিবেশ এবং ভূ-গর্ভস্থ পানিকে দূষণের হাত থেকে রক্ষা করতে যথাযথ প্রযুক্তি গ্রহণ করতে হবে।
পাম্প হাউজ এবং স্টোরেজ সুবিধা	০১	ইসলামপুর, লালজালিয়া, পুরানপাড়া, শরিয়তপুর	
	০৪	ঝগড়া বিল	
	০৫	আসামবস্তি, বিলাইছড়ি, লেমুছড়ি, মিটিঙ্গাছড়ি, তংচঙ্গা পাড়া, উত্তর তংচঙ্গা পাড়া	
	০৬	মহাজন পাড়া, মনগর, নতুন আদমপাড়া, রাঙ্গাপানি, রাঙ্গাপানি শিমুলছড়ি, শিমুলতলী	
	০৯	কাঁটাছড়ি, মন্ত্রীনগর, মোষপাড়া, উল্লুছরা	
কঠিন বর্জ্য প্রতিস্থাপন কেন্দ্র	০৪	মসজিদ কলোনি	কমিউনিটি থেকে ওয়ার্ড স্তরে জমাকৃত বর্জ্য সংগ্রহ।
	০৬	মনগর	
	০৮	রাজবাড়ি উত্তর কালিন্দপুর	
পয়ঃবর্জ্য শোধনাগার		মিটিঙ্গাছড়ি	বাসাবাড়ি থেকে ভ্যাকু ট্যাঙ্কের মাধ্যমে পয়ঃবর্জ্য সংগ্রহ করবে।
	০২	প্রেস ক্লাবের পাশে	

খাতভিত্তিক প্রস্তাব	ওয়ার্ড	জনপদ	মন্তব্য
কমিউনিটি বিন	০৮	ডিপিএইচই অফিসের পাশে	কমিউনিটি থেকে ওয়ার্ড স্তরে জমাকৃত বর্জ্য সংগ্রহ।
	০১	রিজার্ভ বাজার	
	০৩	পুলিশ লাইন	
	০৪	তবলছড়ি বাজার	
	০৫	আসামবস্তি, বিলাইছড়ি	
	০৬	রাঙ্গাপানি, ভেদভেদি	
	০৭	কাঁঠালতলী (পৌরসভার পাশে)	
	০৯	কলেজ গেট	
কাপ্তাই লেকের বর্জ্য সংগ্রহের ব্যবস্থা	০৬	মনগর	
	০৭	পৌরসভা অফিসের কাছে	
	০৪	স্বর্ণ টিলা	

মানচিত্র ১০-১৪ : রাঙ্গামাটি পৌরসভার উপযোগ খাতের প্রস্তাবনা সমূহ

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary

Road Category
- Primary
- Secondary
- Collector
- Water Bodies

Utility Services Sector Proposals
- Sludge Treatment Plant
- Waste Water Treatment Plan
- Public Toilet
- Kaptai Lake Based Waste Collection Station
- Primary Waste Transfer Station
- Community Bin
- Dumping Site and Recycling Area
- Pump House and Overhead Tank
- Rain Water Hervesting Station

১০.১০.৯ উন্মুক্ত স্থান ও বিনোদন

শহরের নাগরিকদের জন্য এগুলো হল বিশুদ্ধ বায়ু গ্রহণের স্থান। পর্যাপ্ত পরিমাণ উন্মুক্ত স্থান একটি শহরকে তার বাসিন্দাদের জন্য আরোও স্বাস্থ্যকর ও বিনোদনমূলক করে তোলে। মহাপরিকল্পনায় নগরের বাসিন্দাদের জন্য কিছু উন্মুক্ত স্থান এবং বিনোদন সুবিধাদি প্রস্তাব করা হয়েছে।

(i) চিত্তবিনোদন পার্ক

অধিকাংশ শহরই তাদের চিত্তবিনোদন পার্কগুলোকে জনগণের আনন্দ ও বিনোদনের মাধ্যম হিসেবে ব্যবহার করে। রাঙ্গামাটি শহরও খুব সহজেই দুইটি চিত্তবিনোদন পার্ক করতে পারে। শিশু, যুবক এবং বৃদ্ধদের বিনোদনের জন্য বিভিন্ন রকম রাইড দেয়া যেতে পারে। মহাপরিকল্পনায় মানিকছড়ি (পৌরসভার বাইরে), এবং তবলছড়ি (ওয়ার্ড নং ০৪) দুইটা পার্ক করার প্রস্তাব দেয়া হচ্ছে।

(ii) ওয়াচ টাওয়ার/ইকো টুরিস্ট জোন

রাঙ্গামাটি পৌরসভার পর্যটনে উন্নয়নের জন্য ভেদভেদি নতুনপাড়া (ওয়ার্ড নং ০৬) এ একটি ওয়াচ টাওয়ার/ইকো টুরিস্ট জোন করার প্রস্তাবনা দেয়া হয়েছে। দেশবিদেশ থেকে আগত পর্যটকরা এই টাওয়ার থেকে পুরো রাঙ্গামাটি শহরের অপার সৌন্দর্য উপভোগ করতে পারবে।

(iii) সাফারি পার্ক

কাঁটাছড়ি (ওয়ার্ড নং ০৬) এ একটা সাফারি পার্ক করার প্রস্তবনা দেয়া হয়েছে, যেখানে পার্কে ঘোরার জন্য কার/জিপ ইত্যাদির ব্যবস্থা থাকবে। ভ্রমণকারী বা পর্যটকরা একটা নির্দিষ্ট পরিমাণ ফি দিয়ে এই পার্কে গাড়ি দিয়ে ঘুরে ঘুরে পার্কের প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে পারবে। একটি সাফারি পার্কে সাধারনত বাঘ, সিংহ, কালো মৌমাছি, জেব্রা, বিভিন্ন প্রজাতির পাখি, জিরাফ, ভালুক, আফ্রিকান চিতা, চিত্রা হরিণ, মায়া হরিণ, পারা হরিণ এবং হাতি থাকে।

(iv) জলবেষ্টিত বিনোদন এলাকা

শহীদ মিনারের পাশে (ওয়ার্ড নং ০২) জলবেষ্টিত বিনোদন এলাকার প্রস্তাবনা দেয়া হয়েছে। এই বিনোদন এলাকায় রাবার সুইমিং পুল, কটেজ এবং হাটার রাস্তা থাকবে।

(v) খেলার মাঠ

ওমাদ মিয়া পাহাড়ি এলাকা (ওয়ার্ড ৪) এবং কলেজপাড়া এলাকায় (ওয়ার্ড ৯) দুইটি খেলার মাঠের প্রস্তাবনা দেয়া হয়েছে। এছাড়াও প্রতিটি ওয়ার্ডে একটি করে খেলার মাঠ প্রদান করার কথাও বলা হয়েছে।

(vi) ওয়াকওয়ে নির্মাণ

শহীদ মিনার থেকে কেরানি হিল পর্যন্ত ওয়াকওয়ে নির্মাণ করার প্রস্তাবনা দেয়া হয়েছে এর মাধ্যমে শহরের বাসিন্দারা তাদের অবসর সময় কাটাতে পারবে এবং পাশাপাশি এটাকে উন্মুক্ত এলাকা হিসাবেও ব্যবহার করা যাবে। ওয়াকওয়ে ধরে দুইপাশে কিছু বৃক্ষরোপণ এবং বসার জায়গা ও নির্মাণ করা যায়।


সারণি ১০-১৬: বিনোদন খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান

ক্রমিক নং	ধরণ	উপাদান	ওয়ার্ড নং	অবস্থান
১	অডিটোরিয়াম কাম কনভেনশন সেন্টার	বিয়ে, পার্টি/ভ্যানু সেন্টার, কনভেনশন হল, এক্সিবিশন এলাকা	ওয়ার্ড নং ০৭	পৌরসভা সীমানার ভিতরে
২	পার্ক	হাটার রাস্তা, খাবারের দোকান, বেঞ্চ, বৃক্ষ	পৌরসভার বাইরে	মানিকছড়ি
			ওয়ার্ড নং ০৪	তবলছড়ি

ক্রমিক নং	ধরণ	উপাদান	ওয়ার্ড নং	অবস্থান
৩	শিশু পার্ক	শিশুদের রাইড, খাবারের দোকান, বেঞ্চ, বৃক্ষ	ওয়ার্ড নং ০৭	বনরূপা
			ওয়ার্ড নং ০২	রিজার্ভ বাজার
৪	সাফারি পার্ক	বন্য প্রানি, কার/জিপ পার্কিং করার জায়গা	ওয়ার্ড নং ০৬	কাঁটাছড়ি
৫	ওয়াকওয়ে নির্মাণ	রাস্তা ধরে বৃক্ষরোপণ, রাস্তার পাশে বিভিন্ন ফার্নিচার স্থাপন	ওয়ার্ড নং ০২	শহীদ মিনার থেকে কেরানি হিল
৬	ওয়াচ টাওয়ার/ইকো টুরিস্ট জোন	রিফ্রেশমেন্ট ও বিশ্রাম নেয়ার জায়গা, তথ্য অনুসন্ধান কেন্দ্র, টাওয়ার	ওয়ার্ড নং ০৬	ভেদভেদি নতুন পাড়া
৭	জলবেষ্টিত বিনোদন এলাকা	রাবার সুইমিং পুল, কটেজ, ওয়াকওয়ে	ওয়ার্ড নং ০২	শহীদ মিনারের পাশে
৮	সুক্কুর স্টেডিয়ামের সংস্কার	গ্যালারী সংস্কার এবং স্টেডিয়ামটি আধুনিকায়ন করতে হবে।	ওয়ার্ড নং ০২	রিজার্ভ বাজার
৯	পর্যটন উন্নয়ন	পাহাড় ও লেকের পাশে রিসোর্ট নির্মাণ, ওয়াকওয়ে এবং রাবার সুইমিং পুল	বিলাইছড়ি	ওয়ার্ড নং ০৫
			শহীদ মিনার এলাকা	ওয়ার্ড নং ০২
১০	টুরিস্ট গাইড ও রিফ্রেশমেন্ট সেন্টার/ইকো টুরিস্ট সেন্টার	রিফ্রেশমেন্ট ও বিশ্রাম নেয়ার জায়গা, তথ্য অনুসন্ধান কেন্দ্র	পৌরসভা অফিসের কাছে	ওয়ার্ড নং ০৭
			রিজার্ভ বাজার	ওয়ার্ড নং ০২
১১	পর্যটন এলাকা উন্নয়ন	বর্তমান পর্যটন এলাকাটির সুযোগসুবিধা বৃদ্ধি করতে হবে এবং সংস্কার করতে হবে।	পর্যটন এলাকা	ওয়ার্ড নং ০৪
১২	পাহাড় ভিত্তিক বিনোদন এলাকা	ইকো টুরিস্ট লজ, রিসোর্ট, হিল হাইকিং	দেপ্পাছড়ি মুখ	ওয়ার্ড নং ০৫
১৩	খেলার মাঠ সংস্কার		কলেজপাড়া	ওয়ার্ড নং ০৯
			ওমাদ মিয়া পাহাড়ি এলাকা	ওয়ার্ড নং ০৪

মানচিত্র ১০-১৫ : রাঙ্গামাটি পৌরসভার বিনোদন খাতের (খেলাধুলা আয়োজন এলাকা) প্রস্তাবনা সমূহ

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary

- Pourashava Boundary
- Ward Boundary
- Primary
- Secondary
- Collector
- Water Bodies
- Park
- Children Park
- Safari Park
- Proposed Playground
- Auditorium Cum Convention Center
- Tourism Development
- Tourist Guide & Refreashment Center/Eco Tourist Center
- Hill Based Recreational Area
- Water Recreation Area
- Watch Tower/Eco Tourists Zone
- Renovation of Shukkur Stadium
- Walkway Development

একাদশ অধ্যায় নগর পরিবহন উন্নয়ন পরিকল্পনা

সূচিপত্র

১১.১ ভূমিকা---------- ১১-১
১১.২ লক্ষ্য ও উদ্দেশ্য---------- ১১-১
১১.৩ বিদ্যমান যোগাযোগ অবকাঠামো এবং সুযোগ-সুবিধা ---------- ১১-১
১১.৩.১ শ্রেণিবিভাগ এবং বিদ্যমান রাস্তাঘাটের পর্যালোচনা---------- ১১-১
১১.৩.১.১ সড়কের শ্রেণিবিভাগ---------- ১১-২
১১.৩.১.২ জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক ---------- ১১-২
১১.৪ স্থানীয় যাতায়াত ---------- ১১-৫
১১.৪.১ সিএনজি অটো রিকশা ---------- ১১-৫
১১.৪.২ মালামাল পরিবহন ---------- ১১-৫
১১.৪.৩ নৌ-পরিবহন---------- ১১-৫
১১.৪.৪ পথচারী চলাচল---------- ১১-৬
১১.৫ যানবাহনের ব্যাপকতা ---------- ১১-৬
১১.৬ যানজট এবং যাতায়াতে বিলম্ব ---------- ১১-৮
১১.৭ ঘাটতি এবং সমস্যাসমূহ---------- ১১-৯
১১.৮ ভবিষ্যৎ যানবাহন অভিক্ষেপ---------- ১১-১০
১১.৯ সুপারিশকৃত কৌশল ও নীতি---------- ১১-১০
১১.১০ যাতায়াত উন্নয়ন পরিকল্পনা ---------- ১১-১৪
১১.১০.১ রাস্তাঘাট উন্নয়ন পরিকল্পনা ---------- ১১-১৪
১১.১০.২ বিদ্যমান রাস্তা-ঘাট উন্নয়ন পরিকল্পনা ---------- ১১-১৭
১১.১০.২.১ বিদ্যমান সরু রাস্তা প্রশস্তকরণ ---------- ১১-১৭
১১.১০.২.২ নতুন রাস্তা নির্মাণ---------- ১১-১৭
১১.১০.৩ যাতায়াত সেবা পরিকল্পনা---------- ১১-১৯
১১.১০.৩.১ প্রাইমারি রোড----------১১-১৯
১১.১০.৩.২ সেকেন্ডারি রোড ---------- ১১-২০
১১.১০.৩.৩ কালেক্টর/টারশিয়ারি রোড---------- ১১-২০
১১.১০.৩.৪ অ্যাকসেস রোড ----------১১-২১
১১.১০.৪ সড়ক সংশ্লিষ্ট অন্যান্য অবকাঠামো সুবিধা---------- ১১-২২
১১.১০.৪.১ বাস টার্মিনাল/অটো-রিকশা স্ট্যান্ড ---------- ১১-২৪
১১.১০.৪.২ ট্রাক টার্মিনাল---------- ১১-২৫

১১.১০.৪.৩ নৌ টার্মিনাল---------- ১১-২৫
১১.১০.৪.৪ পার্কিং সুবিধা---------- ১১-২৫
১১.১০.৪.৫ যাত্রী ছাউনী ---------- ১১-২৬
১১.১০.৪.৬ ক্যাবল কার নেটওয়ার্ক---------- ১১-২৬
১১.১০.৪.৭ পথচারীদের জন্য সুযোগ-সুবিধা ---------- ১১-২৮
১১.১১ পরিবহন ব্যবস্থাপনা কৌশল---------- ১১-৩০
১১.১১.১ সুবিধাদি ক্রিয়াকলাপের কৌশল ---------- ১১-৩০
১১.১১.২ সুপারিশ---------- ১১-৩০
১১.১১.৩ ট্রাফিক ব্যবস্থাপনা কৌশল---------- ১১-৩০
১১.১১.৪ নিরাপত্তা, সংকেত এবং প্রয়োগগত অভাবের মোকাবিলা ---------- ১১-৩০
১১.১১.৫ যানবাহন নিয়ন্ত্রণ কৌশল – ট্রাফিক চিহ্নসমূহ---------- ১১-৩১
১১.১১.৬ সাংকেতিক চিহ্ন, নিরাপত্তা এবং চলাচল ব্যবস্থাপনা ---------- ১১-৩১
১১.১১.৭ পরিবহন চাহিদার জন্য ব্যবস্থা---------- ১১-৩২
১১.১১.৮ রাস্তাঘাটের ধারনক্ষমতার অভাব হ্রাস করা---------- ১১-৩২
১১.১২ পরিকল্পনা বাস্তবায়ন কৌশল ---------- ১১-৩৩
১১.১২.১ যানবাহন পরিকল্পনা বাস্তবায়নের আইন ---------- ১১-৩৩
১১.১২.১.১ ভূমি অধিগ্রহণ আইন---------- ১১-৩৩
১১.১২.২ প্রশিক্ষণ এবং আধুনিক প্রযুক্তির প্রবর্তন ---------- ১১-৩৪
১১.১২.৩ পরিকল্পনার বাস্তবায়ন, পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং সমন্বয়করণ ---------- ১১-৩৪
১১.১২.৩.১ মূল্যায়ন---------- ১১-৩৪
১১.১২.৩.২ বাস্তবায়ন ---------- ১১-৩৪
১১.১২.৩.৩ সংস্থাসমূহের মধ্যে সমন্বয় এবং সংযোগ---------- ১১-৩৪
১১.১২.৩.৪ তত্ত্বাবধান---------- ১১-৩৪
১১.১৩ যানবাহন চলাচলে স্থিরতা ---------- ১১-৩৫
১১.১৩.১ গতি নিয়ন্ত্রণের উদ্দেশ্যে যানবাহন চলাচলে স্থিরতা নিশ্চিতকরণ কৌশল---------- ১১-৩৫
১১.১৩.২ যানবাহন চলাচলে স্থিরতা নিশ্চিতকরণ করার পদক্ষেপসমূহ---------- ১১-৩৫
১১.১৩.২.১ উল্লম্ব প্রান্তিককরণ---------- ১১-৩৫
১১.১৩.২.২ অনুভূমিক স্থান পরিবর্তন---------- ১১-৩৫
১১.১৩.২.৩ রাস্তা সংকীর্ণকরণ---------- ১১-৩৫
১১.১৩.২.৪ রাস্তা বন্ধ করা ---------- ১১-৩৫
১১.১৩.৩ গ্রহণযোগ্য মাত্রায় যানবাহনের আয়তন ---------- ১১-৩৬
১১.১৪ উপসংহার---------- ১১-৩৬

একাদশ অধ্যায়
নগর পরিবহন উন্নয়ন পরিকল্পনা

১১.১ ভূমিকা


একাদশ অধ্যায়ে শহরের বিদ্যমান যাতায়াত সুবিধা এবং অবকাঠামো সম্পর্কে আলোচনা করা হয়েছে। বিদ্যমান সুবিধাদির বিশ্লেষণের পর ভবিষ্যৎ যাতায়াত সুবিধা, নিরাপত্তা এবং রাস্তার নকশার মানদণ্ড নিয়ে আলোচনা ও সুপারিশ প্রদান করা হয়েছে।

১১.২ লক্ষ্য ও উদ্দেশ্য

বর্তমান মহাপরিকল্পনার অন্যতম উদ্দেশ্য রাঙ্গামাটি শহর এবং এর সংলগ্ন এলাকায় দক্ষ যাতায়াত ব্যবস্থা গড়ে তোলা। আরেকটি উদ্দেশ্য মহাসড়কে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করা এবং চলাচলে দক্ষতা বৃদ্ধি করা। সব ধরণের রাস্তার কার্যকারিতা বৃদ্ধির জন্য বিদ্যমান রাস্তা মেরামত ও উন্নয়ন এবং প্রয়োজন অনুযায়ী নতুন রাস্তা নির্মাণের প্রস্তাব করা হয়েছে। যাতায়াত ও পরিবহন পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য ছয়টিঃ

১। রাস্তাকে যানজট মুক্ত করা।
২। বিভিন্ন ধরণের যানবাহন পৃথকীকরণ।
৩। পরিবহন ব্যবস্থায় সামাজিক ব্যয় হ্রাস করা।
৪। যথেষ্ট পার্কিং এর স্থান তৈরী করা।
৫। উপযুক্ত পরিবহন ব্যবস্থাপনা তৈরী করা।
৬। পথচারী এবং যানবাহন কর্মীদের জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি করা।
৭। যাতায়াতে নিরাপত্তা বৃদ্ধি করা।

সড়ক সম্পর্কিত তথ্য



চিত্রলেখ ১১-১: ভৌত অবস্থা অনুসারে রাস্তার বন্টন

- *মোট সড়ক নেটওয়ার্ক:* ***১৭৫.১৩ কিলোমিটার***
- *প্রাইমারি সড়ক:* ***৯.২৮ কিলোমিটার*** *(৫.৩০%)*
- *সেকেন্ডারি সড়ক:* ***১৭.৩৭*** *কিলোমিটার (৯.৯২%)*
- *কালেক্টর সড়ক:* ***১১.৩১*** *কিলোমিটার (৬.৪৬%)*
- *অ্যাকসেস সড়ক:* ***১৩৭.১৭*** *কিলোমিটার (৭৮.৩২%)*

১১.৩ বিদ্যমান যোগাযোগ অবকাঠামো এবং সুযোগ-সুবিধা

১১.৩.১ শ্রেণিবিভাগ এবং বিদ্যমান রাস্তাঘাটের পর্যালোচনা

পরিকল্পনা এলাকায় সম্পাদিত ভৌত অবকাঠামো জরিপ থেকে দেখা যায় যে, রাঙ্গামাটি পৌরসভায় পাকা সড়কের পরিমাণ অন্যান্য সড়কের চেয়ে বেশি। এই পৌরসভায় মোট সড়ক আছে ১৭৫.১৩ কি.মি. এর মধ্যে পাকা সড়ক আছে ১২৭.০৬ কি.মি.। কাঁচা সড়কের পরিমাণ ৩৭.৬০ কি.মি. এবং সেমি পাকা সড়ক ১০.৪৭ কি.মি.। অর্থাৎ মোট সড়কের ৭২ শতাংশের বেশি পাকা।

১১.৩.১.১ সড়কের শ্রেণিবিভাগ

কাজের ভিত্তিতে সড়ককে সাধারণত চার ভাগে ভাগ করা হয়।

১। প্রাইমারি সড়ক (জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং চক্রাকার সড়ক)
২। সেকেন্ডারি সড়ক (জেলা সড়ক, উপজেলা সড়ক ও পৌরসভার প্রধান সড়ক)
৩। কালেক্টর/টারশিয়ারি সড়ক
৪। প্রবেশ সড়ক বা স্থানীয় সড়ক।

রাঙ্গামাটি পৌরসভায় প্রবেশ সড়ক বা স্থানীয় সড়কের পরিমাণ অন্যান্য সড়কের চেয়ে বেশি যা ৭৮.৩২% এবং অন্যান্য সড়কের মধ্যে সেকেন্ডারি সড়ক ১০% ও কালেক্টর/টারশিয়ারি সড়ক ৬.৪৬% দেখা যায়। প্রাইমারি সড়কের পরিমাণ সবথেকে কম পাওয়া যায়, যা শতকরা ৫.৩০ ভাগ। ***মানচিত্র ১১-২*** এ ব্যবহারের দিক থেকে সড়ক নেটওয়ার্ক দেখানো হয়েছে।

সারণি ১১-১: ব্যবহারের দিক থেকে ওয়ার্ড ভিত্তিক সড়কের বিন্যাস

ওয়ার্ড নং	সড়কের শ্রেণিবিভাগ (কি.মি.)				মোট
	প্রাইমারি সড়ক	সেকেন্ডারি সড়ক	কালেক্টর সড়ক	প্রবেশ সড়ক	
ওয়ার্ড নং ১	-	-	০.১৫	৪.৮২	৪.৯৭
ওয়ার্ড নং ২	১.০৮	০.৪২	১.০৮	৫.৪৭	৮.০৪
ওয়ার্ড নং ৩	-	০.৬৫	১.৭৩	৮.১৫	১০.৫৩
ওয়ার্ড নং ৪	-	০.৭৬	১.৮২	১১.২৬	১৩.৮৫
ওয়ার্ড নং ৫	-	৭.৩৭	০.০৭	১৭.০৬	২৪.৫১
ওয়ার্ড নং ৬	২.০২	২.৬৭	১.২২	২৯.২২	৩৫.১৩
ওয়ার্ড নং ৭	২.১৯	-	১.৭৪	১০.৫৭	১৪.৫০
ওয়ার্ড নং ৮	১.৫২	-	১.৬৪	১৯.৩৫	২২.৫১
ওয়ার্ড নং ৯	১.৬৮	০.০৯	১.৯৫	২৮.৮১	৩২.৫৩
মোট	৮.৫০	১১.৯৭	১১.৪১	১৩৪.৭০	১৭৫.১৩

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১১.৩.১.২ জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক

রাঙ্গামাটি পৌরসভার মধ্য কিছু আঞ্চলিক মহাসড়ক ও জাতীয় সড়ক রয়েছে। রাঙ্গামাটি পৌরসভায় একটি জাতীয় সড়ক ও একটি আঞ্চলিক মহাসড়ক রয়েছে যাদের আইডি যথাক্রমে N106 ও R162। N106 আইডি ধারী সড়কটি বিভিন্ন সংযোগ স্থানে বিভিন্ন নামে পরিচিত। শহরের বিভিন্ন এলাকায় এটি বিভিন্ন নাম ; রাঙ্গামাটি সড়ক, ভেদভেদি সড়ক, স্টেডিয়াম সড়ক, নিউ মার্কেট সড়ক, শহীদ আব্দুল রশীদ সড়ক এবং ফরেস্ট সড়ক হিসেবে পরিচিত। এছাড়া R162 আইডি ধারী সড়কটি রাঙ্গামাটি (মানিকছড়ি)/মহলছড়ি/খাগড়াছড়ি সড়ক নামে পরিচিত। ***সারণি ১১-২*** এ রাস্তাগুলোর বর্ণনা দেওয়া হলো।


সারণি ১১-২: রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক

সড়কের শ্রেণিবিভাগ	আর এইচ ডি সড়ক আইডি	আঞ্চলিক নাম	সংযোজিত ওয়ার্ড	দৈর্ঘ্য (কিঃমিঃ)	মোট দৈর্ঘ্য (কিঃমিঃ)	গড় প্রস্থ (মিঃ)
জাতীয় মহাসড়ক	N106	রাঙ্গামাটি সড়ক, ভেদভেদি সড়ক, স্টেডিয়াম সড়ক, নিউ মার্কেট সড়ক, শহীদ আব্দুল রশীদ সড়ক এবং ফরেস্ট সড়ক।	সংলগ্ন এলাকা	০.৮২	৯.২৮	৪.৭-১৩.৯
			ওয়ার্ড নং ২	১.০৮		
			ওয়ার্ড নং ৬	২.১৪		
			ওয়ার্ড নং ৭	২.০৫		
			ওয়ার্ড নং ৮	১.২৪		
			ওয়ার্ড নং ৯	১.৯৫		
আঞ্চলিক মহাসড়ক	R162	রাঙ্গামাটি (মানিকছড়ি)/মহলছড়ি/খাগড়াছড়ি সড়ক।	সংলগ্ন এলাকা	৫.১৪	৫.১৪	৮.৬

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ১১-১ : ধরণ অনুসারে রাঙ্গামাটি পৌরসভার রোড নেটওয়ার্ক বিন্যাস

1:62,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:62,000 or 1 " = 5,167 ' or 1 cm = 620 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD


LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area
- Water Bodies

Existing Road Type Wise Category
- Pucca
- HBB
- Kutcha

মানচিত্র ১১-২ : ব্যবহার অনুসারে রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান রোড নেটওয়ার্ক বিন্যাস

1:62,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:62,000 or 1 " = 5,167 ' or 1 cm = 620 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary

- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area
- Water Bodies

Existing Road Function Wise Category

- Primary
- Secondary
- Collector
- Access

১১.৪ স্থানীয় যাতায়াত

স্থানীয় লোকজন শহরের মধ্যে চলাচলের জন্য প্রধান বাহন হিসেবে অটো রিকশা (সিএনজি) ব্যবহার করে। বস্তুত আন্তঃশহর চলাচলের জন্য এটিই একমাত্র যানবাহন। রাঙ্গামাটি শহরের রাস্তার বন্ধুরতা পেশিচালিত যানবাহনের (রিকশা, ভ্যান ইত্যাদি) স্বাভাবিক চলাচলের জন্য অন্তরায়। শহরে মধ্যে চলাচলের জন্য কোন বাস সেবা চালু নেই। রাঙ্গামাটি শহরের মধ্যে এবং এর আশপাশের এলাকায় চলাচলের জন্য সাধারণ পরিবহনের জন্য কাপ্তাই লেক ব্যবহার করা হয়। পর্যটকের নিকট লেকটি জনপ্রিয় এবং তাঁরা লেকের চারপাশে ঘুরতে খুব পছন্দ করেন। কিন্তু স্থানীয় লোকজন অন্য শহরে যাতায়াতের জন্য সাধারণত বাস ব্যবহার করতে স্বাচ্ছন্দ্য বোধ করেন।

১১.৪.১ সিএনজি অটো রিকশা

বনরূপা, তবলছড়ি, রিজার্ভ বাজার, ভেদভেদি, আসামবস্তি, পর্যটন ইত্যাদি বিভিন্ন জায়গাতে অটো রিকশার স্টেশন রয়েছে। সচরাচর এগুলো দুটি পথে (রিজার্ভ বাজার- ভেদভেদি এবং তবলছড়ি বাজার- ভেদভেদি) চলাচল করে। অটো রিকশাগুলো রাস্তার মধ্যে যত্রতত্র যাত্রী উঠানামার জন্যে থামে। এর ফলে রাস্তায় অনিয়ম ও ভীড় সৃষ্টি হয়। কিন্তু তারপরও যাত্রীরা সন্তুষ্ট কারণ তাঁরা চাহিদা মোতাবেক যেকোন জায়গাতে যানবাহনে উঠতে পারেন।

১১.৪.২ মালামাল পরিবহন

পণ্য আমদানি ও রপ্তানির কাজে সাধারণত ট্রাক ও পিক্-আপ ব্যবহার করা হয়। শাকসবজি, ফলমূল, ধান ইত্যাদি পণ্য সাধারণত রপ্তানি করা হয়। তাছাড়া ভোগ্য পণ্য অন্যান্য শহর থেকে আমদানি করা হয়। বিশেষত, কলা, আনারস রাঙ্গামাটি থেকে প্রচুর পরিমানে রপ্তানি করা হয়। ***সারণি ১১-৩*** এ মালামাল পরিবহনের মাধ্যম এবং তাদের প্রাত্যহিক গড় ভ্রমণ সংখ্যা দেখানো হয়েছে। এছাড়া মালামাল পরিবহনের জন্য কাপ্তাই লেকে লঞ্চ ও নৌকা ব্যবহার করা হয়, তা বিশদ ভাবে এই অধ্যায়ের নৌ পরিবহন অংশে বর্ণনা করা হয়েছে।

সারণি ১১-৩: ট্রাকে মালামাল পরিবহনের বর্ণনা

রুট	গড় ভ্রমণ সংখ্যা (প্রাত্যহিক)	মালামালের ধরণ	ভাড়া
রাঙ্গামাটি -ঢাকা	১	শাকসবজি, ফলমূল,ধান	৩০০০
রাঙ্গামাটি -কুমিল্লা	২		২০০০
রাঙ্গামাটি- ব্রাহ্মণবাড়িয়া	১		২৫০০
রাঙ্গামাটি -চট্টগ্রাম	৪-৫		১০০০
রাঙ্গামাটি -ফেনী	৩-৫		১৫০০

তথ্যসূত্রঃ ফোকাস গ্রুপ ডিসকাশন (এফজিডি), ২০১৬

১১.৪.৩ নৌ-পরিবহন

কাপ্তাই, বরকল, লংগদু এবং বিলাইছড়ির মত উপজেলা কেন্দ্রের সাথে রাঙ্গামাটির নৌপথে সংযোগ রয়েছে। যাত্রী ও মালামাল পরিবহনের জন্য রাঙ্গামাটি এবং এই শহরগুলোর মধ্যে নৌ সেবা চালু রয়েছে।

বেশীরভাগ যাত্রীবাহী নৌকা ইঞ্জিন চালিত। এছাড়া পেশিচালিত নৌকাও পাওয়া যায়। ইঞ্জিন চালিত নৌকাগুলো জনমানুষ ও আন্তঃশহরের ব্যবসায়ীদের নিকট জনপ্রিয়। মাঝেমাঝে পর্যটকরা লেকে ভ্রমনের জন্য এই নৌকাগুলো ব্যবহার করে থাকেন। কিন্তু জরুরী সময়ে ব্যবহারের জন্য যন্ত্রচালিত নৌকাগুলো উপযোগী নয় এবং আধুনিক সরঞ্জামও নেই। লেকের মধ্যে অনেকগুলো বৈধ ও অবৈধ ঘাট এবং টার্মিনাল রয়েছে। মূলত লেকের কাছাকাছি প্রত্যেকটি ঘর অথবা ব্যবসায়িক অবকাঠামোর সাথে নিজস্ব নৌকা রয়েছে, যেগুলো তারা তাদের নিজস্ব ঘাট বা সিঁড়ীর থেকে চলাচল করে থাকে। কিছু ঘাট এবং টার্মিনাল হল-

- কালিন্দপুর হ্যাচারি কমপ্লেক্স
- রিজার্ভ বাজার পুরান বস্তি ফেরি ঘাট

- রিজার্ভ বাজার তৈয়বিয়া পাহাড় ঘাট
- পুলিশ লাইন ফেরি ঘাট
- রিজার্ভ বাজার শরিয়তপুর ফেরি ঘাট
- রিজার্ভ বাজার ইসলামপুর ফেরি ঘাট
- পৌর কাঁঠালতলী ফিশারীজ ঘাট
- ইসলামপুর ঘাট, ইত্যাদি।

ব্যবসায়ীদের নিকট নৌ-পরিবহন জনপ্রিয়, কারণ তারা স্বল্প খরচে মালামাল পরিবহন করতে পারেন। কিছু খুচরা ব্যবসায়ী সরাসরি নৌকা থেকে ক্রেতাদের কাছে মালামাল বিক্রি করেন। এ ধরেণের নৌকা বিশেষ করে পর্যটন এলাকাতে বেশী দেখা যায়, যেখানে ফল বিক্রেতারা নৌকা থেকে পর্যটকদের কাছে ফল বিক্রি করেন।

বড় বড় ডিঙ্গি নৌকাগুলো আশপাশের উপজেলাগুলো ও বিলাইছড়ি, ছোটহারিনা, মারিস্সা, হরিনা, কাঁঠালতলী, বেগুনছড়ি ইত্যাদি বাজার থেকে মালামাল যেমন শাকসবজি, ফলমূল, মাছ ইত্যাদি পরিবহন করে থাকে। দূরত্ব, মালামালের ধরণ ও ওজন এর উপর নির্ভর করে নৌকার মালিক ভাড়া নিয়ে থাকেন। মালামালের ধরণ অনুসারে নৌকাগুলো বিভিন্ন ঘাট/টার্মিনালে থামে। যাত্রীবাহী নৌযান এই রুটগুলোতে চলাচল করে।

১১.৪.৪ পথচারী চলাচল

রাঙ্গামাটি পৌরসভাতে পথচারী চলাচলের সুবিধা নেই বললে চলে। সাধারণত পথচারীরা ড্রেনের কভারের উপর চলাচল করে। রাঙ্গামাটি শহরে সর্বমোট ১০.৫৪ কি.মি. ড্রেনের কভার্ড পথচারী রাস্তা বা ফুটপাত হিসেবে ব্যবহৃত হয়। বনরূপা ও হ্যাপিয়ার সংযোগে ড্রেন কভার্ডগুলো তুলনামুলকভাবে ভালো এবং চলাচলের জন্য সহজ। ড্রেন কভার্ডগুলো রাস্তার থেকে কিছুটা উঁচু এবং রাস্তা থেকে ফুটপাতে উঠার জন্য এক বা দু'কদম হাটা লাগে।

১১.৫ যানবাহনের ব্যাপকতা

জরিপকৃত রাস্তা

ট্রাফিক ও ট্রান্সপোর্টেশন জরিপের জন্য নিম্নলিখিত রাস্তাসমূহ/রাস্তার অংশসমূহ বিবেচনা করা হয়েছে।

- দোয়েল চত্বর - বনরূপা
- বনরূপা - মানিকছড়ি
- তবলছড়ি - বনরূপা
- বনরূপা - মানিকছড়ি
- রিজার্ভ বাজার - মানিকছড়ি
- আসামবস্তি - তবলছড়ি
- পর্যটন – তবলছড়ি


শহরের সাতটি রাস্তার অংশ বিশেষে যানবাহন চলাচলের ব্যাপকতা নিয়ে জরিপ করা হয়। এই অংশগুলোতে দিনের বিভিন্ন সময়ে কি পরিমাণ যানবাহন চলাচল করে তা জরিপ করা হয়। চলাচলকারী যানবাহনের পরিমাণ PCU (Passenger Car Unit) তে রূপান্তর করা হয় যাতে সব ধরণের যানবাহনকে একই স্ট্যান্ডার্ডে আনা যায়। জরিপের উদ্দেশ্য ছিল বিভিন্ন রাস্তায় যান চলাচলের কি প্রভাব (গাড়ির সংখ্যা, গতি এবং ঘনত্ব) পড়ে তা মূল্যায়ন করা। জরিপ থেকে যানবাহনের সর্বোচ্চ ঘনত্ব পাওয়া গিয়েছে দোয়েল চত্বর-বনরূপা সড়ক অংশে (৭১৫৮ PCU) এবং সর্বনিম্ন (১১৫১ PCU) রিজার্ভ বাজার-তবলছড়ি ও পর্যটন-তবলছড়ি সড়ক অংশে। AADT হচ্ছে নির্দ্দিষ্ট স্থানের এক বছরের এক দিনের গড় যানবাহনের পরিমাণ অন্যদিকে AAWT হচ্ছে নির্দ্দিষ্ট স্থানের এক বছরের এক সপ্তাহের গড় যানবাহনের পরিমাণ। AADT ও PCU একই বিষয়। তবে AADT এর তুলনায় AAWT এর পরিমাণ বেশি। এই পার্থক্য বনরূপা-মানিকছড়ি সড়ক অংশে ২১৫২ এবং পর্যটন-তবলছড়ি অংশে ৪০। যানবাহন জরিপের বিস্তারিত ***সারণি ১১-৪*** দ্রষ্টব্য।

সারণি ১১-৪: রাঙ্গামাটি পৌরসভায় যানবাহণ চলাচলের বিস্তারিত জরিপ তথ্য


সড়ক অংশের নাম	PCU	AADT	AADT যান্ত্রিক বাহণ	AADT অযান্ত্রিক বাহণ	AAWT	AAWT যান্ত্রিক বাহণ	AAWT অযান্ত্রিক বাহণ	PCU/ তুঙ্গ ঘন্টায়
দোয়েল চত্বর- বনরূপা	৭১৫৮	১৩৪১৩	১৩২২৬	১৮৭	১৫০৬৮	১৪৭৩৯	৩২৯	৮৫৮
বনরূপা-মানিকছড়ি	৫০৬১	৮২২৫	৮১৭৪	৫১	১০৩৭৭	১০৩৩৭	৪০	৭২৬
তবলছড়ি - বনরূপা	২৩৬০	৪৫৯১	৪৫৫৯	৩২	৫৩৭২	৫৩৫৮	১৪	৩১৫
বনরূপা -মানিকছড়ি	৩৫৩৮	৫৫১৬	৫৪৫৪	৬২	৭২৩৮	৭১৪৯	৮৯	৫৩৭
রিজার্ভ বাজার - মানিকছড়ি	১১৫১	২০৭০	২০৩১	৪০	২১১৮	২০৮৯	২৯	১৩২
আসামবস্তি - তবলছড়ি	১৪৯৩	৩২৫২	৩২০৫	৪৮	৪০৪৪	৪০০১	৪৩	২১১
পর্যটন - তবলছড়ি	১১৫১	২৪৪৩	২৩৫৮	৮৬	২৪৮৩	২৪৪৪	৩৯	১৩২

তথ্যসূত্রঃ যোগাযোগ ও যানবাহন জরিপ, ২০১৬

চিত্রলেখ ১১-২ ও ***চিত্রলেখ ১১-৩*** এ সপ্তাহের কাজের দিন এবং ছুটির দিন যানবাহন চলাচলের অবস্থা দেখানো হয়েছে। দেখা যাচ্ছে যে সকাল ৯:০০ টায় এবং বিকাল ৫:০০ টায় যানবাহন চলাচলের তুঙ্গ সময়। এ সময় দুটিতে গাড়ির সংখ্যা থাকে বেশি কিন্তু গতি হয় কম। রাত ৮ টার পর থেকে যান চলাচল কমতে থাকে যা এক সময় ঘন্টায় ২০০ PCU এর নিচে চলে আসে। সকাল ৭টার পর আবার গাড়ির সংখ্যা বাড়তে থাকে।



চিত্রলেখ ১১-২: রাঙ্গামাটি পৌরসভায় কাজের দিনে বিভিন্ন সড়কে ট্রাফিক প্রবাহ



চিত্রলেখ ১১-৩: রাঙ্গামাটি পৌরসভায় ছুটির দিনে বিভিন্ন সড়কে ট্রাফিক প্রবাহ

১১.৬ যানজট এবং যাতায়াতে বিলম্ব

বিভিন্ন শ্রেণির এবং পরিমানের যানবাহন রাস্তায় থাকার প্রেক্ষিতে যানবাহনের চলাচলের গতির তারতম্য হতে পারে। বিভিন্ন পরিমানের গাড়ি রাস্তায় থাকার প্রেক্ষিতে রাস্তায় গাড়ি চলাচলের যে অবস্থার সৃষ্টি হয় তাকে The Highway capacity Manual এ "Level of Service" বলে থাকে।

ম্যানুয়াল অনুসারে সর্বোচ্চ 'A' থেকে সর্বনিম্ন 'F' পর্যন্ত ছয় ধরণের সার্ভিস পাওয়া যেতে পারে।

সার্ভিস লেভেল-A

এই লেভেলের সার্ভিস পাওয়া যাবে যখন গাড়ি রাস্তায় বাধাহীনভাবে চলবে। এর মানে রাস্তায় গাড়ির সংখ্যা থাকবে কম এবং গতি হবে বেশি। এ ক্ষেত্রে V/C এর অনুপাত ০.৩৩ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-B

এটি একটি স্থিতিশীল অবস্থা। রাস্তায় গাড়ি থাকায় গতি থাকবে নিয়ন্ত্রিত। এ ক্ষেত্রে V/C এর অনুপাত ০.৫০ এর বেশি হবে না।

ডিজাইন স্ট্যান্ডার্ড ও ফ্যাক্টর

সারণি ১১-৫ লেভেল অফ সার্ভিসের স্ট্যান্ডার্ড

লেভেল অফ সার্ভিস		V/C অনুপাত*
A	বাধাহীন চলাচল এলাকা	≤ ০.৩৩
B	স্থিতিশীল এলাকা	≤ ০.৫০
C	স্থিতিশীল এলাকা	≤ ০.৬৫
D	অস্থিতিশীল এলাকা	≤ ০.৮০
E	অস্থিতিশীল এলাকা	≤ ১.০
F	জোরপূর্বক নিম্নগতিতে চলাচল এলাকা	> ১

তথ্যসূত্রঃ Traffic and Transportation Engineering by L.R. Kadiyali

*V/C = Volume Capacity Ratio

$$Road\ Capacity = \frac{Hourly\ Cpacity}{Capacity\ Factor\ \%}$$

সারণি ১১.৬: রাস্তার ধরন ও তুঙ্গ সময়ে তার ধারন ক্ষমতা

রাস্তার ধরন	ধারন ক্ষমতা
জাতীয় মহাসড়ক	১০
নগর এলাকার এক লেনের রাস্তা	১০
নগর এলাকার দুই লেনের রাস্তা	১২.৫
গ্রাম এলাকার এক লেনের রাস্তা	৮.৩৩
গ্রাম এলাকার দুই লেনের রাস্তা	১০

সার্ভিস লেভেল-C

এটিও একটি স্থিতিশীল অবস্থা। তবে এ ক্ষেত্রে গাড়ির গতি নিয়ন্ত্রিত হবে মূলত রাস্তায় গাড়ির অতি বেশি সংখ্যা দ্বারা। এখানে V/C এর অনুপাত ০.৬৫ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-D

এই পর্যায়ের সার্ভিস রাস্তার একটি অস্থিতিশীল চিত্র। গতি হবে মোটামুটি যা ঘন ঘন বদলাবে। এ ক্ষেত্রে V/C এর অনুপাত ০.৮০ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-E

এটি একটি অস্থিতিশীল সার্ভিস যেখানে গাড়ির সংখ্যা প্রায় রাস্তার সীমানার সমকক্ষ এবং V/C এর অনুপাত ১.০০ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-F

এই পর্যায়ে জোর করে নিম্নগতিতে চালাতে হবে, কারণ রাস্তা হবে গড়িতে পরিপূর্ণ। গাড়ির গতি হবে শ্লথ এবং ঘন ঘন বা দীর্ঘ মেয়াদে থামতে হবে।

বিদ্যমান প্রাইমারি এবং সেকেন্ডারি সড়কের ধারণক্ষমতা ইতিমধ্যে নির্ণয় করা হয়েছে। সড়কগুলোর ধারণক্ষমতা নির্ণয়ের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর প্রদত্ত সড়ক মানদন্ড বিবেচনা করা হয়েছে।

ট্র্যাফিক এবং পরিবহন জরিপের ভিত্তিতে রাঙ্গামাটি পৌরসভার ৭টি রাস্তার Volume capacity ratio and level of service পরিমাপ করা হয়। ৭টি সড়কের মধ্যে ১ রাস্তার অংশ (বনরূপা থেকে দোয়েল চত্বর) সবচেয়ে খারাপ অবস্থানে রয়েছে, যা কম গতির এবং level of service (F) হয়। অন্যদিকে, নিম্ন ভলিউম এবং উচ্চ গতির সাথে level of service রিজার্ভ বাজার-তবলছড়ি, আসাম বাস্তি থেকে তবলছড়ি এবং পর্যটন-তবলছড়ি সড়কের জন্য পাওয়া যায়। বনরূপা - রিজার্ভ বাজার সড়ক অংশে সার্ভিস লেভেল (E) যা রাস্তার ধারণ ক্ষমতার সমান হয়। বনরূপা থেকে মানিকছড়ি ও তবলছড়ি থেকে বনরূপা সড়ক অংশে সার্ভিস লেভেল (D)। বিস্তারিত ***সারণি ১১-৭*** দ্রষ্টব্য।

সারণি ১১- ৭: রাস্তা অনুযায়ী সার্ভিস লেভেল

সড়কের নাম	তুঙ্গ ঘন্টায় PCU	রাস্তার প্রস্থ (মি:)	রাস্তার ধারণ ক্ষমতা	V/C অনুপাত	সার্ভিস লেভেল	
দোয়েল চত্বর- বনরূপা	৮৫৮	৬.১	৭০০	১.২৩	F	অস্থিতিশীল গাড়ির প্রবাহ
বনরূপা –মানিকছড়ি	৭২৬	৬.৯	৯৫০	০.৭৬	D	অস্থিতিশীল গাড়ির প্রবাহ
তবলছড়ি - বনরূপা	৩১৫	৬.১	৭০০	০.৪৫	B	স্থিতিশীল গাড়ির প্রবাহ
বনরূপা –মানিকছড়ি	৫৩৭	৪.৮	৬০০	০.৯০	E	অস্থিতিশীল গাড়ির প্রবাহ
রিজার্ভ বাজার – মানিকছড়ি	১৩২	৭.৬	১১৫০	০.১১	A	স্থিতিশীল গাড়ির প্রবাহ
আসামবস্তি– তবলছড়ি	২১১	৬.৯	৯৫০	০.২২	A	স্থিতিশীল গাড়ির প্রবাহ
পর্যটন – তবলছড়ি	১৩২	৭.০	১০৫০	০.১৩	A	স্থিতিশীল গাড়ির প্রবাহ

তথ্যসূত্রঃ যোগাযোগ ও যানবাহন জরিপ,২০১৬

১১.৭ ঘাটতি এবং সমস্যাসমূহ

নিচে যানবাহন খাতের ঘাটতি এবং সমস্যাদি তুলে ধরা হলো।

- শহরটিতে এর এলাকাগুলোর মধ্যে কার্যকরী রিং সড়ক সংযোগ নেই।
- স্থানীয়/ অ্যাকসেস সড়কগুলো সরু এবং পেঁচালো যা ভবিষ্যতে যানবাহন বৃদ্ধি পেলে একটি সমস্যা হবার সম্ভাবনা আছে।

- একক প্রবেশ পথের উপর নির্ভরশীলতা কমাতে শহরটিতে বাহির থেকে প্রবেশের জন্য অতিরিক্ত প্রবেশপথ প্রয়োজন।
- বর্তমান বাস টার্মিনালটি কার্যকর নয়।
- শহরটিতে কোনো অনুমোদিত ট্রাক টার্মিনাল নেই।
- পুরো শহরে প্রয়োজন অনুযায়ী পথচারী পারাপার/ ফুটপাত সুবিধা প্রদান করা উচিত।
- রাস্তার পাশের ড্রেনগুলো পর্যাপ্ত নয়।
- সিএনজির সংখ্যার অনিয়ন্ত্রিত বৃদ্ধি, যানজটের একটি উৎস।
- পার্কিং সুবিধা পর্যাপ্ত নয়।
- ট্রাফিক ব্যবস্থাপনায় ঘাটতি রয়েছে, চালকেরা ট্রাফিক আইন মেনে চলার ব্যাপারে অবাধ্য।
- ট্রাফিক আইন প্রয়োগে ঘাটতি আছে।

১১.৮ ভবিষ্যৎ যানবাহন অভিক্ষেপ

শহরের বিদ্যমান রাস্তাগুলোর প্রশস্ততার উপর ভিত্তি করে এগুলোর ধারণ ক্ষমতা বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক হিসাব করা হয়েছে। বিভিন্ন রাস্তায় তুঙ্গ মুহূর্তে যানবাহনের পরিমাণ হিসাব করে আগামি ২০ তম বৎসরে রাস্তায় গাড়ির সংখ্যা অভিক্ষেপ করা হয়েছে। তবে গাড়ির সংখ্যা বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক হিসাবের উপর আরো ৫% বেশি ধরা হয়েছে। ***সারণি ১১-৮*** তে দেখানো হয়েছে কিভাবে ভবিষ্যতের রাস্তাগুলোকে প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে। দোয়েল চত্বর- বনরূপা সড়ককে ৫.৯ মিটার পর্যন্ত সম্প্রসারণ করার প্রস্তাব করা হয়েছে।

অন্যদিকে রিজার্ভ বাজার থেকে তবলছড়ি, আসামবস্তি থেকে তবলছড়ি পর্যন্ত এবং পর্যটন থেকে তবলছড়ি সড়ক সেগমেন্টের জন্য কোন এক্সটেনশন প্রয়োজন হয় না কারণ রাস্তার বর্তমান ক্ষমতা প্রজেক্টের শীর্ষ ঘন্টা ভলিউমের চেয়ে অনেক বেশি। বর্তমান ও ভবিষ্যত মানিকছড়ি-বনরূপা ও বনরূপা-রিজার্ভ বাজার সড়ক সেগমেন্টের মধ্যে প্রস্থের ব্যবধান যথাক্রমে ২.৬ মি এবং ২.৭ মি বিদ্যমান। তবলছড়ি থেকে বনরূপা সড়কের জন্য মাত্র ০.৪ মিটার রাস্তা প্রস্থের প্রসারণ প্রয়োজন। বিস্তারিত ***সারণি ১১-৮*** এ দেয়া হয়েছে।

সারণি ১১- ৮: রাস্তা উন্নয়নের প্রস্তাবনাসমূহ

সড়কের নাম	বিদ্যমান চিত্র		ধারণ ক্ষমতা	প্রবৃদ্ধির হার	প্রস্তাবনা বছর	উন্নয়ন প্রস্তাবনা		ফাঁকা (মি.)
	PCU/ প্রতি ঘন্টা	প্রস্থ (মিটার)				PCU/ তুঙ্গ ঘন্টা	প্রস্তাবিত প্রস্থ	
দোয়েল চত্বর- বনরূপা	৮৫৮	৬.১	৭০০	৫	২০	২২৭৭	১২	৫.৯
বনরূপা - মানিকছড়ি	৭২৬	৬.৯	৯৫০			১৯২৬	৯.৫	২.৬
তবলছড়ি - বনরূপা	৩১৫	৬.১	৭০০			৮৩৬	৬.৫	০.৪
বনরূপা - মানিকছড়ি	৫৩৭	৪.৮	৬০০			১৪২৫	৭.৫	২.৭
রিজার্ভ বাজার - মানিকছড়ি	১৩২	৭.৬	১১৫০			৩৫০	৭.৬	০.০
আসামবস্তি - তবলছড়ি	২১১	৬.৯	৯৫০			৫৬০	৬.৯	০.০
পর্যটন - তবলছড়ি	১৩২	৭.০	১০৫০			৩৫০	৭	০.০

তথ্যসূত্রঃ যোগাযোগ ও যানবাহন জরিপ,২০১৬

১১.৯ সুপারিশকৃত কৌশল ও নীতি

যানবাহন ও যোগাযোগ হচ্ছে নগর উন্নয়নের সবচেয়ে অপরিহার্য উপাদান। যাতায়াতের মাধ্যমে যোগাযোগ এবং আদান প্রদান হয় যা উন্নয়নকে এগিয়ে নিয়ে যায়। যাতায়াত ব্যবস্থার উন্নয়নের জন্য নিম্নে বর্ণিত উদ্দেশ্য, নীতি ও কৌশল সুপারিশ করা হলো।

উদ্দেশ্যঃ সেবা সুবিধা এবং সুযোগ-সুবিধা বৃদ্ধি করে এবং কার্যকর যানবাহন ব্যাবস্থাপনার মাধ্যমে শহর এবং আন্তঃশহর যাত্রী, মালামাল এবং যানবাহন চলাচল সহজ, আরামদায়ক এবং দ্রুততর করা।

কৌশল: পরিকল্পনার প্রস্তাবগুলো কার্যকর করার জন্য একটি বিস্তৃত পরিকল্পনা এবং বাজেটের বরাদ্দের ভিত্তিতে পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করা।

নিচে উল্লেখিত নীতিমালা অনুসরণ করে যাতায়াত এবং পরিবহন ব্যবস্থার উন্নয়নের পরিকল্পনা তৈরী করতে হবে। নিচে প্রধান প্রধান নীতিগুলো যুক্তি, বাস্তবায়ন পদ্ধতি এবং বাস্তবায়নকারী সংস্থার নামসহ বিস্তারিতভাবে বর্ণনা করা হলো।

নীতি-যাতায়াত/ ১: বিদ্যমান অন্তঃআঞ্চলিক যোগাযোগ আরো প্রসারিত করতে হবে

যৌক্তিকতা

আঞ্চলিক দিক থেকে রাঙ্গামাটি শহর অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাঙ্গামাটি পার্শ্ববর্তী অঞ্চলের সাথে জলপথ এবং সড়কপথ দিয়ে সংযুক্ত। আশেপাশের উপজেলা এবং গ্রোথ সেন্টারগুলোর সাথে উন্নত যোগাযোগের জন্য সঠিক সেতু সংযোগের সাথে অধিক বাইপাস /সার্কুলার সড়ক প্রয়োজন। একটি সমৃদ্ধশালী এবং টেকসই শহর এলাকার জন্য, রাঙ্গামাটি পৌরসভার সাথে আরও দক্ষ এবং উন্নত আঞ্চলিক সংযোগ প্রয়োজন।

বাস্তবায়ন পদ্ধতি

সম্ভাব্যতা যাচাই করে নতুন আঞ্চলিক যোগাযোগের জন্য রাস্তা নির্মাণ করতে হবে। জাতীয় সড়ক মহাপরিকল্পনা নিয়মিত পর্যালোচনা করতে হবে এবং আশে পাশের অঞ্চলের সঙ্গে যোগাযোগের উপর জোর দিতে হবে। ভবিষ্যৎ রাস্তার চাহিদা নির্ধারণ করতে হবে। মহাসড়ক যানবাহন চলাচল উপযোগী রাখতে হবে। রাস্তার প্রসস্ততার ব্যাপারে কোন ধরণের সমঝোতা অনুচিত হবে। শহরে পার্কিং, বাস বে, ফুট ওভার ব্রিজ, টার্মিনাল, সড়ক সাইন ইত্যাদি নির্মাণ এবং যথাযথভাবে প্রয়োগ করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- RHD
- LGED
- পৌরসভা
- জেলা প্রশাসক, রাঙ্গামাটি
- দাতা সংস্থা
- অন্যান্য

নীতি-যাতায়াত/ ২: শহর ভিত্তিক যানবাহন নেটওয়ার্ক তৈরী করা।

যৌক্তিকতা

রাঙ্গামাটি পৌরসভার জন্য সুদক্ষ এবং যথাযোগ্য আন্তঃ-শহর যানবাহন নেটওয়ার্ক খুবই গুরুত্বপূর্ণ। এগুলোর জন্য পরিস্থিতির খুব যত্নশীল মূল্যায়ন প্রয়োজন এবং একটি বিস্তৃত ও পারস্পরিক সহায়ক ভূমি ব্যবহার অবলম্বন করা প্রয়োজন যাতে যানবাহন চলাচলে সমস্যা না হয়। স্পষ্টতঃ, সকল বর্ণিত ভূমি ব্যবহারকে সমৃদ্ধ করতে আন্তঃ-শহর চলাচল এবং সংযোগের দিকে বিশেষ মনোযোগ প্রয়োজন।

বিদ্যমান অবস্থা এবং বিভিন্ন সংস্থা; যেমন- RHD, LGED, পৌরসভা ইত্যাদির পরিকল্পনা অনুশীলনের কথা মাথায় রেখে পরামর্শক শহরে চার ধরণের রাস্তার প্রস্তাব করেছে যার বিস্তারিত নিচে দেয়া হলো।

বাস্তবায়ন পদ্ধতি

মহাপরিকল্পনার কাজ হচ্ছে সমস্যা উদঘাটন এবং সমাধান প্রদান। প্রস্তাবিত সড়ক মহাপরিকল্পনায় RHD এর পরিকল্পনায় অন্তর্ভুক্ত অনেক রাস্তা বিবেচনায় নেয়া হয়েছে। বর্তমান পরিকল্পনায় ভবিষ্যৎ রাস্তার সুপারিশ এবং তার

শ্রেণি বিভাজন করা হয়েছে। এগুলো ভবিষ্যৎ যাতায়াত ব্যবস্থায় গুরুত্বপূর্ন অবদান রাখবে। পৌরসভার উচিত হবে রাস্তা নির্মাণের সময় এই শ্রেণি বিভাজন বজায় রাখা। পার্কিং, বাস বে, ফ্লাই ওভার, টার্মিনাল, সড়ক সাইন, ইত্যাদি বিষয়গুলো বাস্তবায়ন করলে শহরে যাতায়াত আরামদায়ক, সুশৃংখল এবং কার্যকর হবে। তবে যাতায়াত ব্যবস্থার চাহিদা সবসময় পরিবর্তনশীল। তাই পরিকল্পনাকে নিয়মিত মনিটরিং এবং মূল্যায়ন করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা
- LGED
- ট্রাফিক পুলিশ
- দাতা সংস্থা
- অন্যান্য

নীতি-যাতায়াত/৩: নৌ পরিবহন ব্যবস্থা উন্নয়ন করতে হবে।

নৌ যোগাযোগ সব সময়ই সাশ্রয়ী, কর্মসংস্থান তৈরী করে। নৌ পরিবহনে সময় বেশি লাগে। তবে অধিক মাল সস্তায় পরিবহনে নৌ পরিবহনের কোন বিকল্প নাই। তাই যেখানে নৌ পরিবহনের সুযোগ আছে সেখানেই নৌ পরিবহন ব্যবস্থার প্রসার ঘটানো উচিত।

যৌক্তিকতা

রাঙ্গামাটি পৌরসভা কাপ্তাই লেক দ্বারা পরিবেষ্টিত। প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক মানুষ এই লেকটি ব্যবহার করে থাকে। উন্নত সুযোগ সুবিধা সমূহ প্রদান করে একে আরও কার্যকর করে তোলা সম্ভব। শুষ্ক মৌসুমে পানির স্তর কম থাকায় নৌ চলাচলে সমস্যা হয়।

বাস্তবায়ন পদ্ধতি


বর্তমানে রাঙ্গামাটির বিভিন্ন ঘাটে যাত্রী, কাঠ, ধান, মাছ, কলা, মৌসুমি ফল, অন্যান্য ফসল, গরু, ছাগল, বালু এবং বিল্ডিং সামগ্রী বহন করার জন্য নৌকা ব্যবহার হয়। শুকনো মৌসুম ব্যতীত পর্যাপ্ত জল প্রবাহ সরবরাহ করার জন্য চ্যানেলগুলো ব্যবহার করে আশেপাশের অঞ্চল থেকে জল পরিবহন করা হয়। বিআইডব্লিউটিএ এবং অন্যান্যরা সারা বছর ধরে চ্যানেলগুলোকে নাব্যযোগ্য রাখার পরিকল্পনা করেছে যা অর্থনীতিতে অনেক অবদান রাখবে। যাত্রী ও পণ্য স্থানান্তর সুবিধাদি বিভিন্ন সরকারি কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে আধুনিকীকরণ করা PPP এ উৎসাহ প্রদান করা গেলে তা আরও ভালো ফলাফল দেবে।

বাস্তবায়ন সংস্থা

- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- পৌরসভা
- LGED
- জেলা প্রশাসন
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

মানচিত্র ১১-৩ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত রোড নেটওয়ার্ক ও ব্রিজ

1:62,000



Ward No.	Connecting Area	Connect With	Remarks
01	Islampur- Sharaitpur- Puran Para- Reserve Bazar	Road and Bridge	Completing Bridge Construction
04	Parjatan Hotel- Sylheti Para- BGB Area	Road Bridge	New Bridge
05	Jhagrabeel Primary School- Lemuchhari- Khipapara- Kaptai Road	Road and Bridge	New Bridge
	Jhagrabeel- Moddhopara- Agowachhari- Rainnachhari- Hazachhara (Mogban Union)	Road and Bridge	Extend Existing Road and Construct New Bridge to Connect
	Rangapani- Lumbini Bridge- Beside Sadhonapur- Deppachhari Mukh- Manikchhari	Road and Eco Bridge	New Bridge
	Ansar Camp- Uluchhara- Katachhari- Khagrachhari Road	Road and Bridge	New Bridge
09	Katachhari- Moitri Nagar- Bijoy Nagar- TTC	Road, Floating Bridge	New Bridge
	Baharpur Narkel Bagan- Master Para	Road and Bridge	New Bridge

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:62,000 or 1 " = 5,167 ' or 1 cm = 620 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava Area

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector
- Access

Proposed Bridge for Connecting Locality
- Bridge
- Floating Bridge
- Hanging Bridge
- Proposed Locality Connectivity

১১.১০ যাতায়াত উন্নয়ন পরিকল্পনা

১১.১০.১ রাস্তাঘাট উন্নয়ন পরিকল্পনা

যাতায়াত ব্যবস্থা পরিকল্পনায় রাস্তার কয়েকটি স্তর ভিত্তিক শ্রেণি সুপারিশ করা হয়েছে:

১. প্রাইমারি সড়ক (জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহা সড়ক এবং সার্কুলার সড়ক)
২. সেকেন্ডারি সড়ক (জেলা সড়ক, উপজেলা সড়ক, পৌরসভা মেইন সড়ক)
৩. কালেক্টর/টারশিয়ারি সড়ক
৪. প্রবেশ সড়ক বা স্থানীয় সড়ক

সারণি ১১-৯: প্রস্তাবিত রাস্তার ধরণ, বিবরণ এবং সংশ্লিষ্ট ব্যবস্থাপনা সংস্থার নাম

ক্রমিক নং	রাস্তার স্তর	পরিকল্পনা কমিশনের শ্রেণি বিভাজন	বিবরণ	প্রস্থ (ROW) (মি.)	ব্যবস্থাপনা সংস্থা
১.	প্রাইমারি সড়ক	জাতীয় মহা সড়ক/ আঞ্চলিক মহা সার্কুলার সড়ক	মহা সড়কের কাজ জেলাকে রাজধানীর সঙ্গে যুক্ত করা এবং আঞ্চলিক-মহা সড়কের কাজ আন্ত-জেলা ও অন্ত-উপজেলা সংযোগ সাধন।	৩৬-৪৫ মিটার	RHD
২.	সেকেন্ডারি সড়ক	জেলা সড়ক,উপজেলা সড়ক এবং পৌরসভা এ শ্রেণির সড়ক	জেলা সদরকে উপজেলা সদরের সঙ্গে যুক্ত করা, এক উপজেলাকে অন্য উপজেলার সঙ্গে যুক্ত করা অথবা গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা অথবা উচ্চ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা অথবা এ শ্রেণির পৌরসভা রাস্তার সঙ্গে যুক্ত করা।	১৮-২০ মিটার	RHD/ LGED/ পৌরসভা
৩.	টারশিয়ারি / কালেক্টর সড়ক	ইউনিয়ন সড়ক এবং পৌরসভা ক্লাস টু সড়ক	ইউনিয়সন সদরকে জেলা সদরের সঙ্গে যুক্ত করা, গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা, পৌরসভা ২ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা।	১২-১৫ মিটার	LGED/ পৌরসভা
৪.	প্রবেশ সড়ক (অ্যাকসেস সড়ক)	গ্রাম সড়ক এবং পৌরসভা ক্লাস ৩ সড়ক	গ্রামকে ইউনয়িন সদরের সঙ্গে যুক্ত করা, স্থানীয় বাজারের সঙ্গে যুক্ত করা, রাস্তাকে প্রতিটি বাড়িকে বাইরের সঙ্গে যুক্ত করা।	২-৮ মিটার	LGED/ পৌরসভা

**পৌরসভার সড়কের উন্নত কার্যকারিতার জন্য পরামর্শক কর্তৃক শ্রেণিবিভাগকৃত*

আলোচ্য পরিকল্পনার মূল উদ্দেশ্য নির্দ্দিষ্ট কাজ ভিত্তিক রাস্তার শ্রেণি বিভাজনের উপর ভিত্তি করে একটি সড়ক পরিকল্পনা তৈরী করা।

প্রাইমারি বা মহাসড়কের কাজ জেলাকে রাজধানীর সঙ্গে যুক্ত করা এবং আঞ্চলিক-মহাসড়কের কাজ আন্তঃজেলা ও অন্তঃউপজেলা সংযোগ সাধন। সেকেন্ডারি সড়কের কাজ জেলা সদরকে উপজেলা সদরের সঙ্গে যুক্ত করা, এক উপজেলাকে অন্য উপজেলার সঙ্গে যুক্ত করা অথবা গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা অথবা উচ্চ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা অথবা পৌরসভার "এ" শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা। কালেক্টর সড়ক ইউনিয়ন সদরকে জেলা সদরের সঙ্গে যুক্ত করে, গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করে এবং পৌরসভার ২ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করে। প্রবেশ বা স্থানীয় সড়ক গ্রামকে ইউনিয়ন সদরের সঙ্গে যুক্ত করে, স্থানীয় বাজারের সঙ্গে যুক্ত করে এবং প্রতিটি বাড়িকে বাইরের সঙ্গে যুক্ত করে।

সারণি ১১.১০ বিভিন্ন রাস্তা এবং ব্রিজের প্রস্তাবনা

ওয়ার্ড নং	সংযোগকৃত এলাকা	সংযোগের মাধ্যম	দ্রষ্টব্য
০১	ইসলামপুর-শরীয়তপুর-পুরানপাড়া-রিজার্ভ বাজার	রাস্তা এবং ব্রিজ	ব্রিজ নির্মাণ শেষ

ওয়ার্ড নং	সংযোগকৃত এলাকা	সংযোগের মাধ্যম	দ্রষ্টব্য
০৪	পর্যটন হোটেল-সিলেটি পাড়া-বিজিবি এলাকা	রাস্তা এবং ব্রিজ	নতুন ব্রিজ
০৫	ঝগড়াবিল প্রাথমিক বিদ্যালয়-লেমুছড়ি-খিপাপাড়া-কাপ্তাই সড়ক	রাস্তা এবং ব্রিজ	নতুন ব্রিজ
	ঝগড়াবিল-মধ্যপাড়া-অগোয়াছড়ি-রাইন্নাছড়ি-হাজাছড়া (মগবান ইউনিয়ন)	রাস্তা এবং ব্রিজ	বিদ্যমান রাস্তা বর্ধিতকরণ এবং নতুন ব্রিজ নির্মাণ
	রাঙ্গাপানি-লুম্বিনি ব্রিজ-সাধনাপুর-দেপ্পাছড়ি মুখ-মানিকছড়ি	রাস্তা এবং ইকোব্রিজ	নতুন ব্রিজ
০৯	আনসার ক্যাম্প-উলুছড়া-কাঁটাছড়ি-খাগড়াছড়ি সড়ক	রাস্তা এবং ব্রিজ	নতুন ব্রিজ
	কাঁটাছড়ি-মৈত্রী নগর-বিজয় নগর-টিটিসি	রাস্তা এবং ঝুলন্ত ব্রিজ	নতুন ব্রিজ
	বাহারপুর নারিকেল বাগান-মাষ্টারপাড়া	রাস্তা এবং ব্রিজ	নতুন ব্রিজ

সড়ক নেটওয়ার্ক তৈরীর সময় নিম্নে বর্ণিত নির্দেশনাগুলো বিবেচনায় নিতে হবে।

- রাস্তা নির্মানের সময় রাস্তার স্তর বিন্যাস বজায় রাখতে হবে;
- প্রতিটি শ্রেণির রাস্তা শুধু একই স্তরের রাস্তাকে অতিক্রম করবে, উপরের বা নিচের শ্রেণির রাস্তাকে নয়;
- কালেক্টর সড়ককে সরাসরি প্রাইমারি সড়কের সঙ্গে যুক্ত করা যাবে না;
- প্রাইমারি সড়ক থেকে সরাসরি বাসাবাড়ি বা প্রতিষ্ঠানে সংযোগ দেয়া যাবে না;
- প্রতিটি শ্রেণির রাস্তার মানদণ্ড, তার কাজ এবং গতি নির্ধারিত হতে হবে;
- প্রবেশ বা স্থানীয় রাস্তায় গাড়ির গতি সীমিত হতে হবে;
- দুটি প্রাইমারি সড়ককে কালেক্টর সড়ক দিয়ে যুক্ত করা যাবে না;
- দুটি প্রবেশ রাস্তার সংযোগ বা দুটি কালেক্টর রাস্তার সংযোগের মাধ্যমে হতে হবে;
- যে কোন সংযোগে যথেষ্ট জায়গা দিতে হবে যাতে আশে পাশের গাড়ি দৃষ্টিগোচর হয়;
- রাস্তার ডিজাইনে পথচারী চলাচল এবং সাইকেল চালকদের বিষয় বিবেচনায় রাখতে হবে।

সুপারিশকৃত রাস্তার পরিকল্পনা মানদণ্ড ***সারণি ১১-১১*** এ দেয়া হলো। এগুলো DTIDP, LGED তাদের রাস্তা ডিজাইনের সময় ব্যবহার করতে পারে। বর্তমান পরিকল্পনায় এই মানদণ্ডগুলো ব্যবহার করা হয়েছে।

সারণি ১১-১১: প্রকল্প এলাকায় সড়ক মানদন্ডের জন্য প্রস্তাবনা


রাস্তার শ্রেণি বিভাজন	রাস্তা প্রশস্তকরণ সীমানা (ROW)	নতুন রাস্তার প্রস্থ (ROW)
প্রাইমারি সড়ক	১৮-২৪ মিটার	৩৬-৪৫ মিটার
সেকেন্ডারি সড়ক	১৩-১৬ মিটার	১৮-২০ মিটার
কালেক্টর/ টারশিয়ারী সড়ক	৯-১২ মিটার	১২-১৫ মিটার
প্রবেশ/ স্থানীয় সড়ক	৬-৮ মিটার	৬-৮ মিটার
ফুটপাত	২-৩ মিটার	
বাস টার্মিনাল	ন্যূনতম ৩ একর	
ট্রাক টার্মিনাল	৩ একর প্রতি এক লক্ষ জনসংখ্যার জন্য	
বেবি টেক্সি/ টেম্পো স্ট্যান্ড	ন্যূনতম ৩ একর	
রিক্সা স্ট্যান্ড	০.৫০ একর প্রতি স্ট্যান্ড	
জলপথ এবং ঘাট	০.৩০ একর প্রতি স্ট্যান্ড	
	ঘাট এবং সংশ্লিষ্ট অফিসের জন্য ন্যূনতম ২ একর	
সড়ক ও জনপথ (RHD)	পাড়ে ঘাটের উভয়দিকে ৫০০ মিটার	

তথ্যসূত্রঃ জেলা শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প

প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক ***মানচিত্র ১১-৪*** এ প্রদর্শিত হলো। নেটওয়ার্কটি এমনভাবে গড়ে তোলা হয়েছে যাতে ভারী যানবাহনগুলো পৌরসভা সীমানার মধ্য দিয়ে পারাপার করতে না হয়, বরং তারা চলাচলের জন্য সার্কুলার সড়কটি ব্যবহার করতে পারে। ছোট যানবাহনগুলো যেমন- টমটম (ইজি বাইক), সিএনজি, অটোরিক্সা প্রাইমারি রোডে চলাচল করবে না, বরং গন্তব্যস্থলে পৌঁছাবার জন্য তারা সমান্তরাল রাস্তা ব্যবহার করতে পারে। ***মানচিত্র ১১-৪*** এ শুধুমাত্র প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক দেখানো হয়েছে এবং এর সাথে বিদ্যমান ও নির্মাণকৃত নতুন রাস্তা উভয়ই বিবেচনা করা হয়েছে। বেশিরভাগ রাস্তা মানদন্ড অনুসারে প্রশস্ত করা দরকার। সদ্য নির্মাণকৃত রাস্তাগুলো প্রতিবেদনের পরবর্তী অংশে নির্দেশ করা হয়েছে।

মানচিত্র ১১-৪ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary

- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area
- Water Bodies

Proposed Road Network

- Primary
- Secondary
- Collector
- Access

১১.১০.২ বিদ্যমান রাস্তা-ঘাট উন্নয়ন পরিকল্পনা

১১.১০.২.১ বিদ্যমান সরু রাস্তা প্রশস্তকরণ

বিদ্যমান রাস্তাগুলোকে মান সম্পন্ন করার প্রস্তাব করা হয়েছে। ***সারণি ১১-১২*** এ সংস্কার এবং প্রশস্তকরণ করার জন্য প্রস্তাবিত রাস্তার দৈর্ঘ্য দেখানো হয়েছে। শহরের প্রায় ৬৫.৯৩ কি.মি. সরু প্রাইমারি সড়ক প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে (***সারণি ১১-১২***)। ওয়ার্ড নং-১ এবং ওয়ার্ড নং-৩ এ রাস্তা প্রশস্তকরণ তেমন প্রয়োজন নেই। কিন্তু ওয়ার্ড নং- ৯ ও ওয়ার্ড নং ৬ এ রাস্তা প্রশস্তকরণ খুবই আবশ্যক হয়ে পড়েছে।

সারণি ১১-১২ এ বিস্তারিত দেওয়া হলো

সারণি ১১-১২: বিদ্যমান সরু রাস্তা সম্প্রসারণের প্রস্তাব

ওয়ার্ড নং	প্রাইমারি সড়ক (কি.মি.)	সেকেন্ডারি সড়ক (কি.মি.)	কালেক্টর সড়ক (কি.মি.)	মোট (কি.মি.)
ওয়ার্ড নং-০১	-	-	০.৮২	০.৮২
ওয়ার্ড নং-০২	১.০৮	০.৪২	১.০৮	২.৫৮
ওয়ার্ড নং-০৩	-	০.৬৫	১.৭৩	২.৩৯
ওয়ার্ড নং-০৪	-	০.৭৬	৩.৭১	৪.৪৭
ওয়ার্ড নং-০৫	-	৭.৩৭	৪.৫৯	১১.৯৬
ওয়ার্ড নং-০৬	২.০২	২.৬৭	১১.৩৬	১৬.০৫
ওয়ার্ড নং-০৭	২.১৯	-	৩.৩৭	৫.৫৬
ওয়ার্ড নং-০৮	১.৫২	-	৩.৬১	৫.১৪
ওয়ার্ড নং-০৯	১.৬৮	০.০৯	১৫.২০	১৬.৯৭
মোট	**৮.৫০**	**১১.৯৭**	**৪৫.৪৬**	**৬৫.৯৩**

১১.১০.২.২ নতুন রাস্তা নির্মাণ


পরিকল্পনায় রাঙ্গামাটি শহর এবং এর আশেপাশে সর্বমোট ৫.৯৮ কি.মি. নতুন রাস্তা প্রস্তাব করা হয়েছে। এই সড়কগুলো প্রাইমারি এবং সেকেন্ডারি সড়কের সাথে যুক্ত হবে। পৌরসভায় কিছু প্রস্তাবিত সড়কের বিবরণ ***সারণি ১১-১৩*** এ দেখানো হয়েছে। ***মানচিত্র ১১-৫*** এ প্রস্তাবিত নতুন রাস্তা দেখানো হয়েছে।

সারণি ১১-১৩: প্রস্তাবিত নতুন রাস্তা

ওয়ার্ড নং	কালেক্টর সড়ক (মি.)	কালেক্টর সড়ক (কি.মি.)
ওয়ার্ড নং-১	১৩৪০.৫৮	১.৩৪
ওয়ার্ড নং-৪	১১৯.৬৪	০.১২
ওয়ার্ড নং-৫	১৪৩৯.৭৫	১.৪৪
ওয়ার্ড নং-৬	৬০৬.৫৯	০.৬১
ওয়ার্ড নং-৭	৩৫৩.৮৪	০.৩৫
ওয়ার্ড নং-৮	৬১২.৭৮	০.৬১
ওয়ার্ড নং-৯	১৫০৯.০৬	১.৫১
মোট	**৫৯৮২.২৩**	**৫.৯৮**

মানচিত্র ১১-৫ : রাঙ্গামাটি পৌরসভার বিদ্যমান রাস্তার প্রশস্তকরন ও সংস্কার প্রস্তাবনা

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary


- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area
- Water Bodies

Proposed Road Network Improvement

- Proposed New Road
- Road That Need to be Widened

১১.১০.৩ যাতায়াত সেবা পরিকল্পনা

প্রথম এবং সর্বাগ্রে পরিবহন অবকাঠামো পরিকল্পনা হল একটি প্রক্রিয়া যা সুনির্দিষ্ট কর্মের সাথে সম্পৃক্ত হওয়া উচিত যা সংস্থার চূড়ান্ত সেটের আগে সম্পন্ন হওয়া উচিত এবং এটি কোনও সংস্থা, অঞ্চল বা সম্প্রদায়ের জন্য সর্বোত্তম কার্যাবলী। অবকাঠামো সুবিধা বিধান এমনভাবে হওয়া উচিত যা সর্বোত্তম পর্যায়ে একটি সম্প্রদায়কে উপযুক্ত করে এবং বিকল্প ব্যবস্থাগুলোর সম্ভাব্যতা মাথায় রাখা উচিত। ***(চিত্রলেখ ১১-৪)*** এখানে সংযুক্ত করা হয়েছে যা রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক দেখাচ্ছে। এই চিত্র থেকে দেখা যায়, প্রস্তাবিত প্রাইমারি সড়কের পরিমাণে ন্যূনতম, প্রকৃতপক্ষে, প্রস্তাবিত সড়ক নেটওয়ার্কটির ১২% যা ৮.৫০ কি.মি.। প্রস্তাবিত সেকেন্ডারি রাস্তা নেটওয়ার্কের শতাংশ প্রাথমিক সড়কের অনুরূপ। ***চিত্রলেখ ১১-৪*** এ দেখা যায় যে, প্রস্তাবিত সড়ক নেটওয়ার্কের ৭২% কালেক্টর সড়ক যা প্রায় ৫২.৪৮ কি.মি. এবং ১১.৯৬ কি.মি. রাস্তা যা ১৬% প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক সেকেন্ডারি ক্যাটাগরিতে রয়েছে। প্রকল্প এলাকার রাস্তা অনুক্রম নিচে দেখানো হলোঃ




চিত্রলেখ ১১-৪: রাঙ্গামাটি পৌরসভায় বিভিন্ন ধরনের সড়ক


নিচে বিভিন্ন শ্রেণির রাস্তার নকশা প্রদান করা হলো যা অনুসরণ করে রাস্তা নির্মাণ করা যেতে পারে।

১১.১০.৩.১ প্রাইমারি সড়ক

প্রাইমারি সড়ক হচ্ছে সেই সমস্ত মহাসড়ক যেগুলো রাজধানীর সাথে বিভাগীয় সদর দপ্তর অথবা বন্দর নগরের সাথে সংযুক্ত করে। কার্যকারীতার ভিত্তিতে প্রাইমারি সড়কগুলো আর্টেরিয়াল সড়ক (আর্টেরিয়াল ১ এবং আর্টেরিয়াল ২) হিসেবে কাজ করবে। জাতীয় মহাসড়কের নকশার মানদন্ড প্রকল্পের প্রসারের বাইরে। সংযোগ ও গতিশীলতার উপর নির্ভর করে এবং একটি বিশাল পরিমাণ AADT অনুমান করে এই ধরণের সড়কের জ্যামিতি নকশা করা হয়েছে। প্রাইমারি সড়ক নির্মাণের জন্য ৫.৫০ মিটার প্রস্থ এবং উভয়পাশে ১.২০ মিটার একটি শোল্ডারসহ দুই লেনের সিঙ্গেল ক্যারিয়েজ ওয়ে নির্বাচন করা হয়েছে।




চিত্র ১১-৫: প্রাইমারি সড়কের পরিকল্পনা




চিত্র ১১-৬: প্রাইমারি সড়কের প্রস্থচ্ছেদ

১১.১০.৩.২ সেকেন্ডারি সড়ক

সেকেন্ডারি সড়কগুলো একটি একক সংযোগের মাধ্যমে জেলা সদর দপ্তরের সাথে উপজেলা সদর দপ্তর অথবা একটি উপজেলা সদর দপ্তরের সাথে অন্য একটি উপজেলা সদর দপ্তরের অথবা জেলা সদর দপ্তরের সাথে বিকাশ কেন্দ্রের সংযোগ ঘটাবে অথবা বিকাশ কেন্দ্রের সাথে উচ্চতর সড়ক ব্যবস্থার বা পৌরসভার প্রথম স্তরের সড়কের সাথে (শহরের প্রধান সড়কগুলো)। এ ধরণের সড়কের জন্য ফুটপাত সুবিধা, জেব্রা ক্রসিং, চিহ্ন ইত্যাদির প্রতি বিশেষ মনযোগ দেওয়া উচিৎ। ধীরে চলাচলকারী যানবাহনগুলো অনেক সময় ধরে রাস্তা আটকে রাখে। একারণে, প্রাইমারি সড়কের AADT এর চেয়ে এর AADT নিম্ন হওয়ার সত্ত্বেও, সেকেন্ডারি সড়কের প্রস্থ ৫.৫০ মিটার এবং উভয় পাশে শোল্ডার ১.১০ মিটার স্থির করা হয়েছে।




চিত্র ১১-৭: সেকেন্ডারি সড়কের পরিকল্পনা




চিত্র ১১-৮: সেকেন্ডারি সড়কের প্রস্থচ্ছেদ

১১.১০.৩.৩ কালেক্টর/টারশিয়ারি সড়ক

কালেক্টর সড়কগুলো ইউনিয়ন সদর দপ্তরগুলোকে জেলা সদর দপ্তরসমূহ, উপজেলা সদর দপ্তরসমূহ, বিকাশ কেন্দ্রসমূহ অথবা স্থানীয় বাজার অথবা একে অপরের সাথে অথবা শহরের দ্বিতীয় ধাপের সড়কের সাথে সংযুক্ত করে। এই গতিপথের ব্যবহারকারীরা মূলত পথচারী, অযান্ত্রিক যানবাহন এবং হালকা যানবাহন। ৩.৭০ মিটার প্রস্থ ও উভয় পাশে ০.৯০ মিটার শোল্ডার নির্বাচন করা হয়েছে এধরণের সড়কের জন্য।



চিত্রলেখ ১১-৯: কালেক্টর/টারশিয়ারি সড়কের পরিকল্পনা



চিত্রলেখ ১১-১০: কালেক্টর/টারশিয়ারি সড়কের প্রস্থচ্ছেদ


১১.১০.৩.৪ অ্যাকসেস সড়ক

অ্যাকসেস সড়কগুলো গ্রামগুলোর সাথে ইউনিয়ন সদর দপ্তরগুলোর, স্থানীয় বাজার, খামার অথবা পৌরসভার সর্বশেষ ধাপের সড়কগুলোর সংযোগ তৈরি করবে। যেহেতু অন্য ধরণের সড়কের চেয়ে এই ধরণের সড়কে অপেক্ষাকৃত কম, একারণে ৩.২৫ মিটার প্রস্থ প্রদান করার জন্য এধরণের সড়কের ঢাল ১:১ বজায় রাখা হবে।


নতুন সড়ক নির্মাণের জন্য নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করতে হবে:

- যানবাহন চলাচলের পথ এবং সংলগ্ন এলাকাসমূহ পরিষ্কার ও সজ্জিত উপস্থিতিতে রাখতে হবে।
- RoW অথবা এর সংলগ্ন এলাকায় কোনো প্রকার দাহ্য পদার্থ জমা রাখা যাবে না।
- কৃষি এলাকায় যেখানে মাটি শৈলশিরায় পরিণত হয়েছে, সেখানে বাঁধের ভিত্তির জন্য উপযুক্ত মাটি মোটামুটিভাবে সমতল করা হবে।
- খননকৃত উপকরণগুলো জমা করা হবে যাতে সেগুলো সেবা বা সম্পত্তিকে ক্ষতিগ্রস্ত না করে এবং ঐ এলাকা বা এর পার্শ্ববর্তী এলাকার ড্রেনেজ ব্যবস্থায় কোনো বাধা সৃষ্টি করতে না পারে।
- নির্মাণের সময়, বোরো পিটগুলো যতদূর সম্ভব নিষ্কাশিত করতে হবে এবং কাজটি একটি পরিষ্কার এবং সুনিপুণ পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।
- পূর্ণ প্রস্থের ভরাট ধারাবাহিক স্তরে সম্পন্ন করা হবে।
- প্রতিটি স্তর ১৫০ মি.মি. বেধের বেশি অতিক্রম করবে না।
- নির্দিষ্ট স্তরের থেকে ±২৫ মি. মি. পৃষ্ঠতলের সহনশীলতা গৃহীত হয়।
- সন্নিবেশকরণের আগে ভরাট উপকরণের আর্দ্রতা উপাদান OMC এর ±২% এর মধ্যে থাকা উচিৎ।
- সন্নিবেশকরণের পরে বাঁধের শুষ্ক ঘনত্ব সর্বাধিক শুষ্ক ঘনত্বের ৯৫% এর কম হবে না।
- প্রত্যেক ১০০০ বর্গ মিটারের জন্য একটি ঘনত্ব পরীক্ষা করা হবে।
- সাব-গ্রেড যে কোনো এক সময়ে ১০০ মিটারের কম না হওয়া পর্যন্ত প্রস্তুত করা হবে।
- মৃত্তিকা সম্পূর্ণরূপে আলগা হওয়া পর্যন্ত সাব-গ্রেড উপাদানটি ১৫০ মি. মি. গভীরতা পর্যন্ত খোড়া হবে।
- সাব-গ্রেডের ক্ষেত্রে ৯৮% শুষ্ক ঘনত্ব অর্জন করা হবে।
- ২০০ মি.মি. বেধ পর্যন্ত উন্নত সাব-গ্রেড ছড়িয়ে দেওয়া হবে প্রতি স্তরে।
- CBR পরীক্ষা সম্পন্ন করা হবে; নির্দিষ্ট সিন্নিবেশকরণে প্রাপ্ত এবং ৪ দিন ভিজিয়ে রাখার পর প্রাপ্ত পরীক্ষাগার মান ৮% অতিক্রম করবে।

- স্থাপনের সময় ভিত্তি হবে OMC এ অথবা এর কাছাকাছি এবং প্রায় সমান বেধে স্তরে স্তরে ছড়িয়ে দিতে হবে।
- উপযুক্ত ও পর্যাপ্ত সন্নিবেশকরণ উপকরণসহ প্রত্যেক স্তর পুঙ্খানুপুঙ্খভাবে সন্নিবিষ্ট করতে হবে।
- প্রত্যেক স্তর সর্বোচ্চ শুষ্ক ঘনত্বের অন্ততপক্ষে ৯৮% পর্যন্ত সন্নিবিষ্ট করা হবে।
- রোলিং অপারেশন প্রান্তে শুরু হবে এবং কমপক্ষে ৭৫০ মি. মি. পর্যন্ত শোল্ডারের উপর সমাপতিত হবে।
- যখন আসন্ন বৃষ্টি দেখা দেয় না, প্রস্তুতকৃত রাস্তা সন্তোষজনক অবস্থায় থাকে এবং পৃষ্ঠতল শুষ্ক থাকে, শুধুমাত্র তখন বিটুমিনাস মিশ্রণ রাখা উচিৎ।
- প্রধান কোট স্প্রেটিংয়ের ক্ষেত্রে পরিবেশকের বায়ুসংক্রান্ত টায়ার থাকতে হবে এবং এমনভাবে নকশা করতে হবে যেন ধ্রুবক তাপমাত্রায় বিটুমিনাস উপাদানটি এককভাবে পরিবর্তনশীল প্রস্থে এবং ০.২০ থেকে ২.০০ লিটার/বর্গ মিটারের নিয়ন্ত্রিত হারে প্রয়োগ করা যেতে পারে।
- রোলারগুলো সদ্য সজ্জিত উপাদানগুলোতে দাঁড়ানোর অনুমতি দেওয়া যাবে না যা দ্বারা বিকৃত হতে পারে।
- মিশ্র বিটমুনাস সীল আবরণ স্থাপন করা হবে এবং দানাদার (granular) ভিত্তির উপর ছড়িয়ে পড়বে যা একটি নির্দিষ্ট ঘনত্বের জন্য প্রাথমিক বা বিটুমিনাস কার্পেটিং তৈরি করা হয়েছে যা নির্দিষ্ট সন্নিবিষ্ট বেধের চেয়ে কম ২৫% এর বেশি হবে এবং অবিলম্বে একটি বিদ্যুৎ চালিত সড়ক রোলারের সাথে সন্নিবিষ্ট হবে।
- রাস্তা চিহ্নিতকরণের জন্য রং ব্রাশ বা যান্ত্রিক উপায়ে প্রয়োগ করার উপযুক্ত হবে।
- ঘাসের চাপড়া ও তৃণাচ্ছাদিত জমির মাধ্যমে তৃণাচ্ছাদন করতে হবে।



চিত্র ১১-১১: প্রবেশ রাস্তার অংশ



চিত্র ১১-১২ প্রবেশ রাস্তার প্রস্থচ্ছেদ

১১.১০.৪ সড়ক সংশ্লিষ্ট অন্যান্য অবকাঠামো সুবিধা

রাঙ্গামাটি পৌরসভায় সড়ক অবকাঠামো সুযোগ-সুবিধা খুবই সীমিত। বেশিরভাগ সড়কই অত্যন্ত সরু এবং পার্কিং সুবিধা নেই। বর্তমান প্রধান সড়কটি যা মূলত চট্টগ্রাম-রিজার্ভবাজার থেকে পৌরসভার মধ্য দিয়ে চলে গেছে। এই সড়কে সকল ধরণের যানবাহন দেখা যায় যা বিভিন্ন স্থানে যানজট সৃষ্টির জন্যও দায়ী। এছাড়া, এই সড়কটি ভারী যানবাহন চলাচলের জন্যও অত্যন্ত সরু। ভেদভেদি, বনরূপা, রিজার্ভবাজার, তবলছড়ি সড়ক ইত্যাদি সড়কেও যানজট পরিলক্ষিত হয়। শীর্ষ ঘণ্টায় বা অফিসের সময় এই অবস্থার আরও অবনতি ঘটে। রাঙ্গামাটি পৌরসভায় সড়ক অবকাঠামো উন্নয়নের জন্যও মহাপরিকল্পনায় পার্কিং সুবিধা, যাত্রী ছাউনী, স্ট্যান্ড/ টার্মিনাল, পথচারী সুবিধাসমূহ, বাইসাইকেল গতিপথ ইত্যাদি সুযোগ-সুবিধার প্রস্তাব করা হয়েছে।

সারণি ১১-১৪: প্রকল্প এলাকার যাতায়াত ও যানবাহন খাতের প্রস্তাবিত এলাকা এবং অবস্থান

খাতওয়ারী প্রস্তাবনা	বিস্তারিত	ওয়ার্ড নং	আঞ্চলিক নাম	মন্তব্য
বাস টার্মিনাল	জল পরিবহন সহযোগে জাতীয় মাল্টি মোডাল বাস টার্মিনাল	ওয়ার্ড নং ০৭	বর্তমান বাস টার্মিনাল	বর্ধিত এবং স্মার্ট সেন্ট্রাল বাস টার্মিনাল কমপ্লেক্সে উন্নিতকরন
	আঞ্চলিক বাস টার্মিনাল	পৌরসভার বাইরে	মানিকছড়ি	
ট্রাক টার্মিনাল	আধুনিকীকরণ, যাত্রীসেবা বৃদ্ধি করা	ওয়ার্ড নং ০২	বাইতুস শরফ	বর্ধিত ট্রাক টার্মিনাল কমপ্লেক্সে উন্নিতকরন
নৌ টার্মিনাল	মালামাল পরিবহন	ওয়ার্ড নং ০২	বাইতুস শরফ/ ট্রাক টার্মিনাল	মালামাল পরিবহনের জন্য পুরাতন বাস টার্মিনালের পাশে ঘাট উন্নিতকরন।
	যাত্রী পরিবহন	ওয়ার্ড নং ০১	রিজার্ভ বাজার	
অটো রিকশা স্ট্যান্ড (নতুন)		ওয়ার্ড নং ০৬	টেলিভিশন স্টেশন এর নিকট	চট্টগ্রাম সড়ক / আঞ্চলিক অটোরিকশা স্ট্যান্ড
কেবল কার স্টেশন		ওয়ার্ড নং ০২	-	আরো পর্যটন আকর্ষণের লক্ষ্যে কেবল কার নেটওয়ার্ক স্থাপন করা
		ওয়ার্ড নং ০৩	-	
		ওয়ার্ড নং ০৪	-	
		ওয়ার্ড নং ০৫	-	
		ওয়ার্ড নং ০৬	-	
		ওয়ার্ড নং ০৮	-	
		ওয়ার্ড নং ০৯	-	
জলবাহী এম্বুল্যান্স ঘাট		ওয়ার্ড নং ০৯	দক্ষিন কালিন্দপুর	কাপ্তাই হ্রদ এলাকায় ছড়িয়ে ছিটিয়ে দ্বীপের জরুরী স্বাস্থ্য সেবা নিশ্চিত করা
ব্রীজ	-	ওয়ার্ড নং ০৫	আসাম বস্তি	
	-	ওয়ার্ড নং ০৮	দক্ষিন কালিন্দপুর	
	-	ওয়ার্ড নং ০৫	খিপাপাড়া	
	-	ওয়ার্ড নং ০৫	লেমুছড়ি-খিপাপাড়া	
	-	ওয়ার্ড নং ০৯	মন্ত্রিপাড়া	
	-	ওয়ার্ড নং ০৩	পুলিশ লাইন-কেন্দ্রীয় কবরস্থান	
	-	ওয়ার্ড নং ০৪	পোস্ট অফিস কলোনি- তবলছড়ি বাজার	
	-	ওয়ার্ড নং ০৬	রাঙ্গাপানি	
	-	ওয়ার্ড নং ০৫	সিলেটি পাড়া	
	ইকো ব্রীজ	ওয়ার্ড নং ০৯		
	ইকো ব্রীজ	ওয়ার্ড নং ০৫	মিতিঙ্গাছড়ি	
	ঝুলন্ত ইকো ব্রীজ	ওয়ার্ড নং ০৮	রাজবাড়ী	
	ভাসমান ব্রীজ	ওয়ার্ড নং ০৯	বাহারপুর	
	ভাসমান ব্রীজ	ওয়ার্ড নং ০৯	বিহারপুর	
	ভাসমান ব্রীজ	ওয়ার্ড নং ০৯	বিজয় নগর	
	ভাসমান ব্রীজ	ওয়ার্ড নং ০৯	বিজয় নগর	
	ভাসমান ব্রীজ	ওয়ার্ড নং ০৭	বনপায়ী আদম পাড়া	

খাতওয়ারী প্রস্তাবনা	বিস্তারিত	ওয়ার্ড নং	আঞ্চলিক নাম	মন্তব্য
	ভাসমান ব্রীজ	ওয়ার্ড নং ০৯	বিহারপুর,নারকেল বাগান, ওরিং পাড়া, নতুন পাড়ার সাথে সংযোগ	
	ভাসমান ব্রীজ	ওয়ার্ড নং ০৯	মৈত্রী নগর	
	ভাসমান ব্রীজ	ওয়ার্ড নং ০৯	মৈত্রী নগর	

১১.১০.৪.১ বাস টার্মিনাল/অটো-রিকশা স্ট্যান্ড

ওয়ার্ড ০৭ এর বিদ্যমান বাস টার্মিনালটি আধুনিকরনের জন্য একটি কমপ্লেক্স প্রস্তাব করা হয়েছে। বিদ্যমান বাস টার্মিনালের উন্নয়নের মাধ্যমে এবং জল পরিবহন সংযোগের মাধ্যমে একটি মাল্টি-মোডাল বাস টার্মিনালের প্রস্তাবনা দেওয়া হয়েছে। এছাড়া মানিকছড়ি (পৌরসভার বাইরে) একটি আঞ্চলিক বাস টার্মিনালের প্রস্তাবনা দেয়া হয়েছে।

বাস টার্মিনালের আয়তন

বাস টার্মিনালের আয়তন সাধারণত কী পরিমাণ বাস জায়গা দিতে পারে তার উপর নির্ভর করে নির্ধারণ করা হয়। একটি বাস টার্মিনালের জন্য কী পরিমাণ জায়গা লাগবে তা নির্ভর করে বাসের আকার-আকৃতি এবং নির্মাণ স্থানের নকশার উপর। একটি ভালো নকশার ক্ষেত্রে ১০০ টি পূর্ণ আকারের বাসের জন্য টার্মিনাল ভবনসহ প্রয়োজনীয় আনুমানিক ক্ষেত্রফল হবে ২ হেক্টর অথবা ২০০০০ বর্গ মিটার।

বাস টার্মিনালে সুযোগ-সুবিধা

- ওয়ার্কশপ
- পেট্রোল পাম্প
- বাজারঃ যন্ত্রপাতি, খুদ্র যন্ত্রাংশ ও জিনিসপত্র
- পরিষ্কার ও ধৌতকরণ
- অন্তর্বর্তী পরিভ্রমণ
- হোটেল (খাবার এবং আবাসিক)
- বিভিন্ন কুরিয়ার ও পার্সেল সার্ভিস অফিস
- উঠানো ও নামানোর জায়গা
- বাস পার্কিং এর জায়গা
- পুলিশ ফাঁড়ি/ নিরাপত্তা ফাঁড়ি
- টিকেট কাউন্টার এবং ঘাঁটি
- খোলা রেস্তোরাঁ এবং হকার্স

বাস টার্মিনাল ছাড়া সিএনজি অটো রিকশার জন্য নির্দিষ্ট জায়গা দরকার। টেলিভিশন স্টেশনের কাছে ওয়ার্ড ০৬-এ চট্টগ্রাম বন্দরে / আঞ্চলিক অটো রিকশা স্ট্যান্ড প্রস্তাব করা হয়েছে। যাত্রীদের এবং যানবাহন উভয়ের জন্য স্ট্যাণ্ড সর্বনিম্ন সুবিধা থাকা উচিত। যথেষ্ট জায়গা রাখা উচিত যাতে গাড়ির একটি নির্দিষ্ট পরিমাণ গাড়ির প্রবাহ থাকে।

বাস বে এর অবস্থান নির্ণয়ের জন্য নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করা হবেঃ

- বাস স্টপগুলো সংযোগস্থলের কাছাকাছি অবস্থিত হওয়া উচিত নয়
- সংযোগ থেকে বাস স্টপগুলোর দূরত্ব নগর এলাকার ক্ষেত্রে ন্যূনতম ৭৫ মিটার এবং গ্রামীণ এলাকার ক্ষেত্রে ন্যূনতম ৩০০ মিটার দূরত্ব কাম্য
- বাস স্টপ যথাসম্ভব দূরে অবস্থিত হওয়া উচিত যেন যাত্রীরা নিরাপদ জায়গায়; যেমন- কার্ব অথবা আইল্যান্ডে নামতে পারে।
- চৌরাস্তার ডান দিকে ঘুরতে ইচ্ছুক বাসগুলোর জন্য স্টপটি চৌরাস্তা থেকে যথেষ্ট দূরে থাকা উচিত যাতে চৌরাস্তার আগে বাসটি তার লেনে যেতে পারে।

১১.১০.৪.২ ট্রাক টার্মিনাল

রাঙ্গামাটি পৌরসভায় একটি ট্রাক টার্মিনাল আছে। বড় এবং উন্নত কমপ্লেক্স সহ এই ট্রাক টার্মিনাল প্রস্তাবিত করা হয়েছে। লম্বা দূরত্বের পণ্যগুলো ট্রাক বা আচ্ছাদিত ভ্যানের মাধ্যমে পরিবহন করা। বর্তমান ট্রাক টার্মিনালে জল পরিবহনের মাধ্যমে বিভিন্ন এলাকা থেকে পণ্য পরিবহন করা হয়। বর্তমান ট্রাক টার্মিনালের কার্যকর ব্যবহার করার জন্য, মহাপরিকল্পনায় আপগ্রেড করার মাধ্যমে একটি সমন্বিত মালবাহী লোডিং-আনলোডিং এবং স্টোরেজ কমপ্লেক্স রূপান্তর করার প্রস্তাব করেছে। এই কমপ্লেক্সটি লোডিং ও আনলোডিং সুবিধা, গুদাম, অফিসের বিল্ডিং, কন্টেইনার সার্ভিস ইত্যাদি থাকবে। ওয়ার্ড নং ২ এ ট্রাক টার্মিনাল এবং সমন্বিত মালামাল লোডিং-আনলোডিং কমপ্লেক্সের প্রস্তাবনা দেওয়া হয়েছে।

এখানে নিম্নলিখিত সুযোগ-সুবিধাগুলো থাকবেঃ

- ওয়ার্কশপ
- পেট্রোল পাম্প
- বাজারঃ যন্ত্রপাতি, খুদ্র যন্ত্রাংশ ও জিনিসপত্র
- পরিষ্কার ও ধৌতকরণ
- হোটেল (খাবার এবং আবাসিক)
- বিভিন্ন কুরিয়ার ও পার্সেল সার্ভিস অফিস
- উঠানো ও নামানোর জায়গা
- ট্রাক পার্কিং এর জায়গা
- পুলিশ ফাঁড়ি/ নিরাপত্তা ফাঁড়ি
- মসজিদ
- রেলওয়ে সহায়তা সেবা

অর্থনৈতিক সুবিধা

টার্মিনাল সুযোগ-সুবিধা, যাত্রী সেবা ইত্যাদি ছাড়াও বাস/ ট্রাক টার্মিনালে বাণিজ্যিক কমপ্লেক্স এবং অফিসের স্থান গড়ে তোলার একটি প্রস্তাবনা আছে। বেসরকারি খাত সংযুক্ত থাকলে সেক্ষেত্রে বিনিয়োগ খরচ নিম্নলিখিতভাবে পুনরুদ্ধার করা হবেঃ

- গড়ে ওঠা অফিস এবং বাণিজ্যিক কমপ্লেক্সের খুচরা জায়গার ইজারা ভাড়া থেকে
- প্ল্যাটফর্মের দোকানগুলোর ইজারা ভাড়া থেকে
- শোভন বিশ্রাম কক্ষ ব্যবহারকারী যাত্রীদের কাছ থেকে প্রাপ্ত যাত্রীসেবা খরচ থেকে
- ব্যক্তিগত গাড়ি এবং ট্যাক্সির পার্কিং ফিস থেকে
- টার্মিনালগুলোর বিজ্ঞাপন আয় থেকে

১১.১০.৪.৩ নৌ টার্মিনাল

জল পরিবহন সস্তা এবং পণ্য পরিবহনের জন্য নিরাপদ। বর্তমানে সন্নিহিত ইউনিয়ন/উপজেলা এবং আশেপাশের এলাকা থেকে মানুষ জল পরিবহন ব্যবহার করে কারণ কাপ্তাই লেকে এবং পাহাড়ী এলাকার ছড়িয়ে ছিটিয়ে থাকা দ্বীপগুলোতে কোন সংযোগ নেই। শুধুমাত্র যাত্রী নয় বিভিন্ন ধরণের পণ্যও জল পরিবহন মাধ্যমে পরিবহন করা হয়। রাঙ্গামাটি পৌরসভা এলাকায় পার্শ্ববর্তী এলাকা ও অঞ্চলগুলোকে সমর্থন করার জন্য জল ভিত্তিক পরিবহন ব্যবস্থা গড়ে তুলতে যথেষ্ট সুযোগ রয়েছে। বর্তমান ঘাটগুলো যাত্রী সুবিধাগুলোর অভাব রয়েছে। পুরাতন বাস টার্মিনালের পাশে একটি ঘাট রয়েছে যা পণ্য পরিবহনের জন্য আপগ্রেড করতে হবে। এছাড়া, রিজার্ভ বাজারে যাত্রী সুবিধার উন্নয়নের জন্য বিদ্যমান নৌ টার্মিনাল প্রস্তাব করা হয়েছে।

১১.১০.৪.৪ পার্কিং সুবিধা

রাস্তার পাশে পার্কিং সাধারণত দেখা যায় না। কারণ রাস্তাগুলো এত সরু যে সেখানে গাড়ি পার্কিং সম্ভব না। রাস্তা প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে, তা করা হলে পার্কিং সুবিধা পাওয়া যাবে। ইমারত নির্মাণ বিধি অনুযায়ী প্রতিটি বাণিজ্যিক ভবনে পার্কিং থাকা প্রয়োজন। পার্কিং সুবিধার জন্য নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করা হলো।

১। আবাসিক এলাকায় অবাধ পার্কিং এর সুবিধার বিষয় বিবেচনা করা যেতে পারে। কারণ আবাসিক এলাকায় পার্কিং এর চাহিদা এখনো কম।

২। যে সমস্ত এলাকায় পার্কিং এর সরবরাহ চাহিদা অতিক্রম করে গিয়েছে, সেখানে নিয়ন্ত্রণ অরোপ করতে হবে। পার্কিং এর উপর চার্জ বসানো যায়। দুভাবে এই পার্কিং চার্জ অরোপ করা যায়। একটি চার্জ হবে সাধারণ পার্কিং এর ব্যবস্থাপনা ব্যয় উদ্ধারের জন্য। অন্যটি হবে ঐ সমস্ত এলাকায় যেখানে পার্কিং চাহিদা বেশি কিন্তু পর্যাপ্ত স্থান নাই। এ সমস্ত এলাকায় অতিরিক্ত হারে চার্জ আরোপ করতে হবে পার্কিং নিরুৎসাহিত করার জন্য। এ সমস্ত রাস্তায় পার্কিং যানবাহন চলাচলে সমস্যা তৈরী করে।

৩। কোন কোন এলাকায় নির্দ্দিষ্ট সময়ের জন্য অথবা নির্দ্দিষ্ট প্রকৃতির গাড়ির জন্য পার্কিং নিষেধ আরোপ করা যায়।

৪। শহরের নির্দ্দিষ্ট এলাকায় অটোরিক্সা, টমটম এবং রিক্সার জন্য পার্কিং রাখা যেতে পারে। এটি কার্যকর করতে হলে বিধি প্রয়োগের উপর যথেষ্ট জোর দিতে হবে।

৫। যদিও পার্কিং ব্যবস্থা কার্যকর করার জন্য মূলত পৌরসভা দায়ী, তবে কাজ সহজ এবং কার্যকর করার জন্য বেসরকারি খাতকে সংযুক্ত করা যেতে পারে।

৬। সংরক্ষিত পার্কিং এলাকাগুলোতে যেখানে অনুমোদিত রাস্তার চিহ্ন দ্বারা পার্কিং বিশেষভাবে অনুমোদিত সেসব জায়গা বাদে অন্যান্য রাস্তায় পার্কিং নিষিদ্ধ করা হবে।

৭। ট্রাফিক পুলিশকে পার্কিং ব্যবস্থা কার্যকর করার জন্য আরো দক্ষতার সঙ্গে ব্যবহার করতে হবে।

৮। ভবিষ্যতে বহুতল পার্কিং সুবিধার বিষয় বিবেচনায় রাখতে হবে। এজন্য এখনই জমি নির্দিষ্ট করতে হবে।

১১.১০.৪.৫ যাত্রী ছাউনী


রাঙ্গামাটি পৌরসভায় যাত্রী ছাউনি প্রায় নাই বলেলই চলে, যদিও এটি যাত্রীদের জন্য খুবই প্রয়োজনীয় একটি সেবা সুবিধা। যাত্রী ছাউনি শুধু বিশ্রামের জায়গা নয়, দীর্ঘ পথের যাত্রীদের জন্য এটি অপেক্ষা স্থল। পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় আরো যাত্রী ছাউনি তৈরী করা প্রয়োজন।

১১.১০.৪.৬ ক্যাবল কার নেটওয়ার্ক

অধিকতর পর্যটক আকর্ষণের জন্য এবং আধুনিকীকরণ পরিবহন ব্যবস্থার জন্য পৌরসভায় সর্বত্র কেবেল গাড়ি নেটওয়ার্ক প্রস্তাবিত হয়েছে। ক্যাবল কার নেটওয়ার্কের মাধ্যমে সংযোগের জন্য গুরুত্বপূর্ণ পর্যটক স্থান প্রস্তাব করা হয়েছে। নেটওয়ার্কটি ধীরে ধীরে পর্যটন কমপ্লেক্স-ডিসি বাংলো-শহীদ মিনার-পুরান পাড়া-স্টেডিয়াম-আসাম বস্তি-পর্যটন সংযোগ করবে।

মানচিত্র ১১-৬ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত যাতায়াত সুবিধা সমূহ

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND


Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area
- Water Bodies

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector
- Access

Proposed Transportation Infrastructure
- Bridge
- Floating Bridge
- Hanging Bridge
- CNG Stand
- Foot Over Bridge
- Water Ambulance Ghat
- Cable Car Station
- Proposed Cable Car Route
- Modern Boat Terminal (Passenger)
- Modern Boat Terminal (Goods)
- Proposed Boat Terminal(wood)
- Modern Boat Terminal (Fish)
- New Boat Ghat

১১.১০.৪.৭ পথচারীদের জন্য সুযোগ-সুবিধা

বাংলাদেশের কভার্ড ড্রেনকে পথচারী পথ হিসেবে ব্যবহার করা হয়। পথচারীদেরে জন্য আরো বিশেষ পথ চালু করা উচিত যাতে তারা পায়ে হেঁটে সহজে ও নিরাপদে তাদের গন্তব্যস্থলে পৌঁছতে পারে। পথচারীদের জন্যও তৈরি একটি সুন্দর পথ শহরের নান্দনিক সৌন্দর্য বর্ধন করে এবং শহরবাসীকে হাঁটতে অনুপ্রাণিত করে। পথচারীরা যেন ছায়া পায় এজন্য ফুটপাতের ধারে বৃক্ষরোপণ করা উচিত।



চিত্রলেখ ১১-১৩: প্রস্তাবিত ফুটপাতের প্রস্থচ্ছেদ

পথচারী পথ সেকেন্ডারি এবং কালেক্টর সড়ক বরাবর প্রস্তাবিত, বিশেষত যেখানে কভার্ড ড্রেন বিদ্যমান। কভার্ড ড্রেন সনাক্ত করা হয়েছে যা একইসাথে ফুটপাত হিসেবে ব্যবহৃত হচ্ছে।। কিন্তু ভাঙ্গা স্ল্যাব ও ত্রুটিপূর্ণ ব্যবস্থাপনার কারণে বর্তমানে সবগুলো পথ কার্যকর না। বস্তুত, এই পথগুলোও সংযুক্ত নয়, বরং বিভিন্ন স্থানে ছড়ানো-ছিটানো। বিভিন্ন ধরণের সুযোগ-সুবিধা, যেমন- বসার জায়গা, প্রাকৃতিক ছায়া (গাছপালা) ইত্যাদিসহ সেকেন্ডারি ও কালেক্টর সড়কের পাশে সংযুক্ত ফুটপাত নির্মাণ করা উচিত।


রাঙ্গামাটি পৌরসভায় ১১.৩২ কি.মি. পথচারী পথ/ফুটপাত এবং ৮.০৬ কি.মি. লেকেসাইড ওয়াকওয়ে নির্মাণের প্রস্তাবিত হয়েছে যা ***সারণি ১১-১৫*** তে দেখানো হয়েছে। সারণিটিতে প্রস্তাবিত ওয়াকওয়ের ওয়ার্ড অনুযায়ী বিতরণ দেখায়, যেখানে প্রস্তাবিত পথচারী পথের অধিকাংশই ওয়ার্ড নং ০৫ এ চিহ্নিত করা হয়। প্রকৃতপক্ষে, ১৯.৩২ কিলোমিটারের মধ্যে ৭.৩৭ কি.মি. এই ওয়ার্ডে প্রস্তাবিত পথচারী পথ হিসেবে দেখানো হয়েছে। অন্যান্য ওয়ার্ড অনুযায়ী বন্টন নীচে ***সারনি ১১-১৫*** দেখানো হয়। কাপ্তাই লেক সাইড ওয়াকওয়েও প্রস্তাবিত হয়েছে। নিম্নলিখিত ***মানচিত্র ১১-৭*** এ রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত পথচারী পথ দেখানো হয়েছে

সারণি ১১-১৫: রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত ফুটপাতের ওয়ার্ড অনুসারে বিন্যাস

ওয়ার্ড নং	ফুটপাত	লেক সাইড ওয়াকওয়ে
ওয়ার্ড নং – ২	১.৪৫	০.৪০
ওয়ার্ড নং – ৩	০.৬৫	৬.৫৬
ওয়ার্ড নং – ৪	০.৭৬	
ওয়ার্ড নং – ৫	৭.৩৭	
ওয়ার্ড নং – ৬	৪.৬৯	
ওয়ার্ড নং – ৭	১.০৯	১.০৯
ওয়ার্ড নং – ৮	১.৫২	
ওয়ার্ড নং – ৯	১.৭৭	
মোট	**১৯.৩২**	**৮.০৬**

মানচিত্র ১১ ৭ : রাঙ্গামাটি পৌরসভার প্রস্তাবিত পথচারী পথ

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area
- Water Bodies

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Proposed Padestrian Way
- Footpath
- Lake Side Walkway

১১.১১ পরিবহন ব্যবস্থাপনা কৌশল

১১.১১.১ সুবিধাদি ক্রিয়াকলাপের কৌশল

১. অটোরিকশা ও মোটরসাইকেল ব্যতীত সকল ধরণের মোটরচালিত যানবাহনগুলোকে বহুতল পার্কিং ভবনে পার্ক করতে হবে এবং এলাকায় পৌঁছাতে অটোরিকশা অথবা অযান্ত্রিক যানবাহন ব্যবহার করতে হবে।

২. এই কৌশল অবলম্বনের সময়সূচি সকাল ৮টা থেকে রাত ১০টা।

৩. মোটরচালিত যানবাহনগুলোকে রাস্তাগুলোর ছেদ স্থান এড়িয়ে চলতে হবে এবং বিকল্প রাস্তা ব্যবহার করতে হবে।

৪. রিকশা, অটোরিকশা, ভ্যান, মোটরসাইকেল এবং সাইকেল এই রাস্তাগুলোর ছেদ স্থান দিয়ে যেতে পারবে।

৫. রাস্তার প্রধান ছেদস্থানগুলোতে আধুনিক সিগন্যাল ব্যবস্থা প্রবর্তন করা উচিৎ।

১১.১১.২ সুপারিশ

নিম্নলিখিত সুপারিশগুলো পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য বিবেচনা করা যেতে পারে,

১. পার্কিংয়ের সুবিধা/স্থানটি অবিলম্বে চিহ্নিত করা উচিত। বিভিন্ন শ্রেণির যানের জন্য আলাদা পার্কিং এর জায়গা। প্রয়োজনে বহুতল পার্কিংয়ের ব্যবস্থা করা যেতে পারে।
২. প্রধান চৌরাস্তাগুলোতে যানজট এড়াতে বাইপাস রাস্তা ব্যবহার করতে হবে।
৩. রিকশা এবং টম টমের সংখ্যা সীমিত করতে হবে যেন তারা যানজটের কারণ হয়ে না দাঁড়ায়।।
৪. বাসগুলোকে শহরে প্রবেশ করতে বাধা দিতে হবে, পরিবর্তে বৃত্তাকার রাস্তাটি ব্যবহার করতে হবে (প্রস্তাবিত) ।
৫. ট্রাকের যাত্রা শুরু বা ট্রাক টার্মিনালে যাতায়াতের জন্য বিকল্প রাস্তা প্রস্তাব করা হয়েছে। ট্রাক চলাচলের জন্য অনুমতিত রাস্তা দিয়ে সকাল ৮ টা থেকে রাত ১০.৩০ পর্যন্ত বাস ব্যতিত সকল ধরণের যানবাহন চলাচল করতে পারবে।
৬. সড়ক নিরাপত্তা – চালক, হেলপার এবং সড়ক নিরাপত্তা সংক্রান্ত যানবাহন ক্রিয়াকলাপ এবং রক্ষণাবেক্ষণের সাথে জড়িত ব্যক্তিবর্গ; যেমন -যানবাহন মালিক সমিতি, চালক সমিতি ও অন্যান্য অনুরূপ সংগঠনের মধ্যে সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে।

১১.১১.৩ ট্রাফিক ব্যবস্থাপনা কৌশল

ট্রাফিক ব্যবস্থাপনা হলো মূলত ভ্রমন চাহিদা কমানোর জন্য কৌশল ও নীতির প্রয়োগ; বিশেষ করে একক মালিকানাধীন নিজস্ব যানবাহনের ক্ষেত্রে অথবা স্থান বা সময়ে এই চাহিদা পুনর্বিন্যাস করার ক্ষেত্রে।

যানবাহন ব্যবস্থাপনা মূলত জ্বালানী মূল্যের তীব্র বৃদ্ধি এবং শক্তি সংকটের অর্থনৈতিক প্রভাবসমূহের সাথে সংযুক্ত। যখন গ্যাস স্টেশনে লম্বা লাইন দেখা যায় তখন এটি সহজেই অনুধাবন করা যায় যে, জ্বালানী সংরক্ষণ ও বায়ুর দূষণমুক্ত রাখা এবং তুঙ্গ সময়ে ভিড় এড়াতে একক মালিকানাধীন নিজস্ব যানবাহনের প্রয়োজন আছে।

প্রস্তাবিত ট্রাফিক ব্যবস্থাপনা পদ্ধতি নিচের অংশে চিত্র এবং মানচিত্র দ্বারা বর্ণনা করা হয়েছে।

১১.১১.৪ নিরাপত্তা, সংকেত এবং প্রয়োগগত অভাবের মোকাবিলা

ট্রাফিক প্রকৌশল কখনো কখনো জ্যামিতিক হাইওয়ে ডিজাইনের সম্পূর্ণ ক্ষেত্রকে প্রদক্ষিণ করাকে বিবেচনা করা হয় যেহেতু এটি মহাসড়ক এবং সড়কের নিরাপদ ও কার্যকর ক্রিয়াকলাপকে প্রভাবিত করে। এটি সমস্ত যন্ত্রের (ডিভাইসের) পরিকল্পনা, নকশা এবং ক্রিয়াকলাপকে পরিচালনা করে যা যানবাহনের প্রবাহে সাহায্য করে। এর মধ্যে আছে ফাঁকা স্থান চিহ্নিতকরণ, ট্রাফিক চিহ্নিতকরণ, সড়ক চিহ্নসমূহ, rumble strip, এবং নতুন নকশায় অথবা বিদ্যমান মহাসড়ক এবং

সড়কে ব্যবহৃত ট্রাফিক সংকেতসমূহ। এটি আর্টেরিয়াল সড়ক এবং একমুখী সড়কসমূহ পরিষ্কার করে চিহ্নিত করা এবং এগুলো ও সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা নিয়ন্ত্রণের মাধ্যমে বিদ্যমান ব্যবস্থার কার্যক্ষমতা উন্নয়ন করা নিয়েও কাজ করে। রাস্তার দুর্ঘটনাগুলো দূর করার জন্য মহাসড়কের এই অংশে পথচারী আশ্রয় এবং অন্যান্য সংশ্লিষ্ট আধুনিক ট্র্যাফিক সংকেত সরবরাহ করা বাঞ্ছনীয়।

১১.১১.৫ যানবাহন নিয়ন্ত্রণ কৌশল – ট্রাফিক চিহ্নসমূহ

গাড়ির ড্রাইভারকে সতর্কীকরণ, নিয়ন্ত্রণ এবং তথ্য সরবরাহের জন্য সবচেয়ে সাধারণ কৌশল হল ট্রাফিক চিহ্ন। চিহ্নসমূহ স্থাপন করার দায়িত্ব মহাসড়কসহ আইন বা পুলিশ কর্মকর্তাদের উপর। অন্য কোন ব্যক্তি বা সংস্থা দ্বারা স্থাপনকৃত চিহ্নগুলো করা খুব কমই অনুমোদিত কারণ এই স্থাপনের কোনো বৈধ তাৎপর্য নেই বরং এর ফলে অনুমোদিত চিহ্নগুলোর কার্যকারিতা হ্রাস পায়। কোন পরিস্থিতিতে কোন চিহ্ন বা তার সহায়ক বাণিজ্যিক বিজ্ঞাপন বহন করা উচিৎ। গোলাকার রেল ক্রসিং চিহ্ন ব্যতীত সতর্কতা চিহ্নগুলো হীরক আকৃতির।

১১.১১.৬ সাংকেতিক চিহ্ন, নিরাপত্তা এবং চলাচল ব্যবস্থাপনা

ট্রাফিক সাইন যানবাহন পরিকল্পনার অংশ। রাস্তার মার্কিং, ট্রাফিক মার্কার, রাস্তার সাইন এবং ট্রফিক সিগনাল চলাচলের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যবহার করা হয়। এগুলো যান চলাচলে দক্ষতা বৃদ্ধি করে। শহরের রাস্তায় গুরুত্বপূর্ণ ট্রাফিক সাইনগুলো ব্যবহার করা অত্যন্ত জরুরী। এতে দূর্ঘটনা হ্রাস পাবে। তবে এ জন্য এগুলো অনুসরণের নিশ্চয়তা বিধান করতে হবে।

সাইন এবং মার্কিং ছাড়া, সকল ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থাকে ট্রাফিক সিগনাল বলে। এগুলো নিম্নবর্ণিত কাজ করে থাকে।

১। যানবাহন চলাচল নিয়ন্ত্রণের মধ্যে নিয়ে আসে।
২। নির্দ্দিষ্ট ধরণের দূর্ঘটনার পরিমাণ হ্রাস করে।
৩। গাড়ি এ ধরণের নিয়ন্ত্রণের মধ্যে নির্দ্দিষ্ট গতিতে ধারাবাহিকভাবে চলতে পারে।
৪। চলাচলকারী ব্যাপক সংখ্যক গাড়ি থামিয়ে অন্যান্য যানবাহন এবং পথচারী পারাপার করে থাকে।
৫। স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণ ব্যবস্থা মনুষ্য নিয়ন্ত্রণ ব্যবস্থা অপেক্ষা অনেক বেশি সাশ্রয়ী।

প্রতিটি ট্রাফিক সিগনাল অত্যন্ত দক্ষতার সঙ্গে উপযুক্ত স্থানে স্থাপন করতে হবে, যাতে এগুলো কার্যকরভাবে ব্যবহার করা যায়। বিভিন্ন দিকে মোড় নেয়া অত্যন্ত দক্ষতার সঙ্গে করতে হবে যাতে দূর্ঘটনার পরিমাণ হ্রাস করা যায়।

চিত্রলেখ ১১-১৪ এ পরিবহন চলাচল নিয়ন্ত্রণ এবং নিরাপদ করার জন্য বিভিন্ন ধরণের সাংকেতিক চিহ্ন দেখানো হলো।



চিত্রলেখ ১১-১৪: প্রয়োজনীয় ট্রাফিক সাইন

১১.১১.৭ পরিবহন চাহিদার জন্য ব্যবস্থা

বেশ কয়েকটি সমকেন্দ্রিক কারণে ভ্রমণ চাহিদা পরিচালনার প্রয়োজন জরুরী হয়ে পড়েছে। এখন জ্বালানি তেলের দাম ১৯৯০ সালের সর্বোচ্চ দামের উপরে পৌঁছেছে এবং সব শক্তির ৯৫% শক্তি পরিবহণের জন্য জ্বালানী হিসেবে ব্যবহৃত হয়।

দেশ এবং শহরসমূহ যেখানে গাড়ি অনেক ভ্রমণ মাধ্যমের মধ্যে অন্যতম পছন্দের মাধ্যম, সেগুলো সফল হওয়ার সম্ভাবনা বেশি থাকে কারণ মানুষ কম চালানোর জন্য বেছে নিতে পারেন কিন্তু তারপর পরিবহন মাধ্যম দ্বারা ভ্রমণ করতে পারবেন, নিরাপদভাবে সাইকেল চালাতে পারবেন, স্থানীয় দোকান এবং সুবিধাগুলোতে যেতে পারবেন বা বাড়ি থেকে কাজ করতে যেতে পারবেন।

পরিবহন ব্যবস্থা গ্রিনহাউস গ্যাস নির্গমনের জন্য ২৩% দায়ী এবং এগুলো অন্যান্য শক্তি ব্যবহারকারী সেক্টরের চেয়ে দ্রুততর হারে বৃদ্ধি পাচ্ছে। শহুরে পরিবহন থেকে গ্রীনহাউজ গ্যাস নির্গমন কমাতে চাহিদা ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ একটি ভালো প্রচেষ্টা।

আমরা পরিবহণের বর্তমান ধাঁচ নিয়ে উদ্বিগ্ন যা মোটরচালিত সড়ক পরিবহন দ্বারা প্রভাবিত হয় স্বাস্থ্যের উপর অত্যন্ত প্রতিকূল প্রভাব আছে। ট্রাফিক জ্যাম ব্যবস্থাপনায় বিস্তৃত উপায়গুলোর কার্যকারিতা ক্রমবর্ধমান চ্যালেঞ্জের মধ্যে রয়েছে। মোটরগাড়ি সড়ক পরিবহন দ্বারা প্রভাবিত হয় যা স্বাস্থ্যের উপর গুরুতর প্রতিকূল প্রভাব আছে। ট্রাফিক জ্যাম ব্যবস্থাপনায় বিস্তৃত উপায়গুলোর কার্যকারিতা ক্রমবর্ধমান চ্যালেঞ্জের মধ্যে রয়েছে। মোটরগাড়ি সড়ক পরিবহনের স্বাস্থ্যের উপর গুরুতর প্রতিকূল প্রভাব আছে।

১১.১১.৮ রাস্তাঘাটের ধারনক্ষমতার অভাব হ্রাস করা

রাস্তাঘাটের ধারনক্ষমতার অভাব খুবই প্রকট। মানদন্ড অনুসারে বিদ্যমান সড়কগুলো প্রশস্তকরনের মাধ্যমে এই সমস্যা মোকাবিলা করা আবশ্যিক। বর্ধিত গাড়ির পথ শুধুমাত্র PCU/ ঘন্টা বৃদ্ধি করবে না, বরং মানদন্ড অনুসারে নকশা AADT নিবে এবং এভাবে যানবাহনের অবিচ্ছিন্ন প্রবাহ নিশ্চিত করবে এবং রাস্তার প্রতিচ্ছেদে যানজট উপশম করবে।

দুর্ঘটনা এড়ানোর জন্য জাতীয় মহাসড়কের সাথে সংযুক্ত পৌরসভার সড়কে চ্যানেলাইজেশন ও ট্রাফিক নিরাপত্তা চিহ্ন ও সংকেত প্রদান করে পুঙ্খানুপুঙ্খভাবে পরিকল্পনা করা বাঞ্ছনীয়। যানবাহনের বাধামুক্ত প্রবাহ নিশ্চিত করতে আরো রাস্তাঘাট পরিকল্পনা এবং চ্যানেল ডিভাইডার প্রবর্তন করাও বাঞ্ছনীয়।

১১.১২ পরিকল্পনা বাস্তবায়ন কৌশল

১১.১২.১ যানবাহন পরিকল্পনা বাস্তবায়নের আইন

বাংলাদেশের প্রেক্ষিতে পরিকল্পনা প্রস্তাবনা কেবলই একটি নীতি পত্র। সকল ক্ষেত্রেই বাস্তবায়নের অভাব লক্ষনীয়। যানবাহন খাতও এর ব্যতিক্রম নয়। আইন ও প্রবিধান না মেনেই রাস্তা তৈরি হচ্ছে; বিশেষ করে শহরের অভ্যন্তরীণ সড়কগুলো।

ভবন পরিকল্পনা অনুমোদনের একদম নিম্ন স্তর থেকেই আইন লঙ্ঘন করা হয়। এ কারণে,পরিবহন পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে প্রাসঙ্গিক আইন ও নীতি অনুসরণ করা প্রয়োজন। ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, ১৯৯৩ (২০০৬ এ সংশোধিত) জাতীয় ভূমি পরিবহন নীতি, ২০০৪ এগুলো ইতোমধ্যে মহাপরিকল্পনা প্রণয়নের বিভিন্ন নকশা পর্বে বর্ণনা করা হয়েছে। এছাড়া, সড়ক ব্যবস্থা গড়ে তোলার জন্য রাইট অফ ওয়ের (RoW) প্রয়োজন অনুসারে ভূমি অধিগ্রহণ করতে হবে। ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে সমস্যাগুলো জাতীয় ভূমি পরিবহন নীতি, ২০০৪ এ উল্লেখ করা আছে।

১১.১২.১.১ ভূমি অধিগ্রহণ আইন

ভূমি অধিগ্রহণ এমন একটি প্রক্রিয়া যেখানে সরকারি সংস্থা বা অলাভজনক ভূমি সংরক্ষণ সংগঠন একজন ইচ্ছুক বিক্রেতার কাছ থেকে জমির সকল মালিকানা অধিকার বাধ্যতামূলকভাবে ক্রয় করে নেওয়া হয়। প্রত্যেক ক্ষেত্রেই ভূমি অধিগ্রহণ হবে অবশ্যই মালিকানা হস্তান্তর। আইনের যার মাধ্যমে একজন ব্যক্তি সম্পত্তি অধিগ্রহণ করা হয়ে থাকে।

যেকোনো নগর উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ভূমি লভ্যতা এবং এর নিয়ন্ত্রণ প্রয়োজন। নগর ভূমির একটি পর্যাপ্ত মজুদ তৈরির জন্য ভূমি অধিগ্রহণ প্রয়োজন। এটি শুধুমাত্র ভবিষ্যৎ বৃদ্ধির জন্য নয় বরং সসর্বসাধারণের ব্যবহারের জন্যও। একটি অন্যতম গুরুত্বপূর্ণ আইনি হাতিয়ার হচ্ছে ভূমি অধিগ্রহণ আইন, ১৮৯৪ (১৯৬১ এ সংশোধিত) মোতাবেক ভূমি অধিগ্রহন করা। সর্বসাধারনের উপযোগ সেবার জন্য ভূমি অধিগ্রহনের অধিকারের ব্যাপারটি সারা বিশ্বেই সুপরিচিত। এই আইনের মৌলিক মূলনীতি হলো সমাজের কল্যাণ সাধন এবং বসতি স্থাপনের ব্যবস্থা করে মালিককে সম্পত্তি হারানোর জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান করা। ভূমি অধিগ্রহনের সুবিধা প্রদান করার জন্য ভূমি অধিগ্রহণ এবং স্থাবর সম্পত্তির অধিযাচন অধ্যাদেশ, ১৯৮২ কার্যকর করা হয়েছে।

সারণি ১১-১৬: পরিবহন পরিকল্পনা বাস্তবায়নের প্রবিধান

উন্নয়নের ধরণ	পরিকল্পনার প্রকৃতি	উন্নয়ন নিয়ন্ত্রণের নীতি হাতিয়ার	
পরিকল্পনার অধীনে পৃথক পৃথক প্লট পাওয়া	রাস্তা ঘেসে ভবন নির্মাণ এবং রাস্তার অবৈধ দখল বন্ধ করতে হবে	Follow up the Section-8-12 including clauses of Building Construction Act, 1996	
		বাস্তবায়ক সংস্থা: পৌরসভা, সহকারি কমিশনার (ভূমি) অফিস	
অপরিকল্পিত এলাকাগুলোর পরিকল্পিত উন্নয়ন	নতুন সড়ক ও হাঁটার রাস্তা	বাধ্যতামূলক ভূমি অধিগ্রহণ	বাস্তবায়ক সংস্থার সম্পৃক্ততা এলজিইডি এবং আঞ্চলিক ও জাতীয় রাস্তাঘাটের জন্য আরএইচডি
ইতোমধ্যে উন্নত এলাকাগুলোর পুনঃউন্নয়ন	সড়ক প্রশস্তকরণ	ভূমি শেয়ারিং/ পুনর্বিন্যাস	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ: RHD, LGED, পানি উন্নয়ন বোর্ডের বাঁধের রাস্তা এবং পৌরসভা
অন্যান্য পদক্ষেপ	পার্কিং ব্যবস্থা, বাস স্টপেজ, সড়ক বাতি, বনায়ন, ট্রাফিক নিয়ন্ত্রণ, চ্যানেলাইজেশন, অবকাঠামো উন্নয়ন যেমন- ব্রিজ	বনায়ন ও অন্যান্য উদ্দেশ্যে বাধ্যতামূলক ভূমি অধিগ্রহণ ব্যবস্থাগুলো বাস্তবায়িত হবে পৌরসভার মাধ্যমে ব্রিজ নির্মাণ এবং চ্যানেলাইজেশন সেতু নির্মাণ এবং চ্যানেলাইজেশনে আরএইচডি এবং এলজিইডি সম্পৃক্ত হবে ট্রাফিক পুলিশ দ্বারা ট্রাফিক নিয়ন্ত্রণ	

১১.১২.২ প্রশিক্ষণ এবং আধুনিক প্রযুক্তির প্রবর্তন

যানবাহন চলাচলের অব্যবস্থাপনার মুখে মাঝেমাঝে কর্তব্যরত ট্রাফিক পুলিশরা কোনো কাজেই আসে না। দেখা যায়, তারা ট্রাফিক বিষয়ক কোনো সমস্যা মোকাবিলা ছাড়াই সময় অতিবাহিত করে। কর্তব্যরত ট্রাফিক পুলিশের অবহেলার কারনেই কিছু কিছু যানজট তৈরি হয়ে থাকে। এই অপ্রতিরোধ্য ট্রাফিক বিশৃঙ্খলা এবং জ্যামের সাথে লড়াই করতে এই বিপজ্জনক পরিস্থিতিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া উচিত। পথচারী এবং যানবাহন প্রবাহ নিয়ন্ত্রনের ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির সদ্ব্যবহার নিশ্চিত করতে, কর্তব্যরত এসব কর্তব্যজ্ঞানহীন ট্রাফিক পুলিশদের জায়গা সু-প্রশিক্ষিত, কঠোর পরিশ্রমী ও নিষ্ঠাবান ব্যক্তি দিয়ে প্রতিস্থাপন করা আবশ্যক। এসব প্রশিক্ষিত পুলিশদের চক্র দৈর্ঘ্য, চালক দ্বারা হারানো সময়, ট্রাফিক চিহ্ন ইত্যাদির সাথে পরিচিত করতে হবে। শিশু এবং পথচারীদের ট্রাফিক নিয়ম ও প্রবিধান সম্পর্কে জ্ঞান খুবই সীমিত। ট্রাফিক পুলিশদের রাস্তায় চলাচলের সময় পথচারীদের সর্বদা পথপ্রদর্শন করা উচিত; বিশেষ করে রাস্তা পারাপারের সময়। ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের খুঁজে বের করে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসব প্রশিক্ষিত ট্রাফিক পুলিশ দ্বারা একটি মসৃণ নিয়ন্ত্রিত ট্রাফিক প্রবাহ নিশ্চিত করতে হবে।

১১.১২.৩ পরিকল্পনার বাস্তবায়ন, পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং সমন্বয়করণ

১১.১২.৩.১ মূল্যায়ন

প্রকল্প বাস্তবায়নের মূল্যায়ন এমনভাবে সম্পন্ন হওয়া উচিত যাতে প্রকৃত ঠিকাদার নির্বাচনে কোনো সমস্যা না হয়। সংশ্লিষ্ট বিভাগ; যেমন- এলজিইডি/ পিডব্লিউডি/ ডিপিএইচই/ আরএইচডি/ সুযোগসুবিধা থেকে নির্বাচিত সদস্যদের নিয়ে গঠিত প্রযুক্তিগত কমিটি, টেন্ডারসমূহের মূল্যায়ন করার ক্ষেত্রে সবচেয়ে ভালো কাজ করবে। সবিস্তার বিবরণী অনুসারে সামগ্রিক কাজ আহরণ করার জন্য নির্মাণকার্যের সকল টেন্ডার রেট বিশ্লেষণসহ পুঙ্খানুপুঙ্খভাবে মূল্যায়ন করা হবে।

১১.১২.৩.২ বাস্তবায়ন

যানবাহন পরিকল্পনার বাস্তবায়নের জন্য পৌরসভার প্রকৌশল ইউনিটকে সর্বোত্তম কাজে লাগানো যেতে পারে যেহেতু তারা সমস্ত সড়ক নির্মাণ সরঞ্জাম, কেন্দ্র ও উপকরণ সংগ্রহস্থল দিয়ে সজ্জিত। এছাড়াও, অবকাঠামো নির্মাণের জন্য তাদের সামর্থ্য বা প্রয়োজনীয় তহবিল আছে। প্রয়োজন হলে তারা অভিজ্ঞ মহাসড়ক প্রকৌশলী নিযুক্ত করতে পারে।

১১.১২.৩.৩ সংস্থাসমূহের মধ্যে সমন্বয় এবং সংযোগ

অন্যান্য সংগঠনসমূহের; যেমন- LGED/ PWDB/ DPHE/ BWDB/ উপ-কমিশনার ইত্যাদি মধ্যে সামগ্রিক ব্যবস্থাপনা/ সমন্বয়ের জন্য প্রকল্প ব্যবস্থাপক/ পরিচালক পদমর্যাদায় একজন সমন্বয়কারী নিযুক্ত করা হবে। সমন্বয়কারী সকল আইন সংক্রান্ত কাজ, সরঞ্জাম/ উপকরণ/ বিটুমিন/ স্টিল/ সিমেন্ট/ বালি/ সংকুচন সরঞ্জাম/ তহবিল নিয়ন্ত্রণ/ দক্ষ কর্মচারী ইত্যাদি সংগ্রহের কাজ করবেন।

১১.১২.৩.৪ তত্ত্বাবধান

সকল কার্যক্রমের জন্য তত্ত্বাবধান জরুরী, বিশেষ করে যেসব কার্যক্রমে জনগনের স্বার্থ নিহিত আছে। শহরের অভ্যন্তরীণ ট্রাফিক ও যানবাহন নেটওয়ার্ক এবং এর প্রভাব এলাকা পৌরসভা এবং ট্রাফিক পুলিশ বিভাগের মধ্যে নিহিত আছে। পৌরসভার মধ্যে একটি সমন্বয় কমিটি গঠন কর আযেতে পারে যা মাসে অন্তত একবার বসবে, একটি স্থানীয় প্রতিবেদন তৈরি করবে এবং যদি গুরুতর ত্রুটি সনাক্ত করা হয়, তবে অন্যান্য যথাযথ সরকারি ও বেসরকারি সংস্থার সহায়তায় পৌরসভা তা সংশোধন করবে।

১১.১৩ যানবাহন চলাচলে স্থিরতা

১১.১৩.১ গতি নিয়ন্ত্রণের উদ্দেশ্যে যানবাহন চলাচলে স্থিরতা নিশ্চিতকরণ কৌশল

ঐতিহ্যগতভাবে সংবিধিবদ্ধ গতি সীমা প্রবর্তনের মাধ্যমে গতি হ্রাসের উদ্যোগ নেওয়া হয়। মিশ্র ট্রাফিক জোনসহ নগর সড়কে ৩০ কি.মি./ ঘন্টা (২০ মাইল/ ঘন্টা) ও নিম্নতর যানবাহনের গতি আকাঙ্ক্ষিত। যেসব জায়গায় গতি ৩০ কি.মি./ ঘন্টা (২০ মাইল/ ঘন্টা) সেসব জায়গা অধিক জনপ্রিয়তা পাচ্ছে কারণ দেখা গেছে সংঘর্ষ কমাতে এবং সংহতি বৃদ্ধিতে এটি কার্যকর। গতি সীমা রক্ষণাবেক্ষণ উন্নত করার প্রচেষ্টা সাধারণত শিক্ষার প্রয়োগ বা সড়ক প্রকৌশল দ্বারা হয়। শিক্ষা বলতে এখানে প্রচার প্রচারণা অথবা সড়ক ব্যবহারকারীদের প্রশিক্ষণ হতে পারে। গতিসীমা প্রবর্তন কৌশলের মধ্যে আছে সরাসরি স্বয়ংক্রিয় পুলিশ ব্যবস্থা সিস্টেম। যানবাহন শান্ত করা ভৌত নকশা এবং অন্যান্য পদক্ষেপ নিয়ে গঠিত যার মধ্যে আছে সরুকৃত রাস্তাসমূহ, মোটরযানের গতি হ্রাসের জন্য রাস্তায় গতিরোধক দেওয়া এবং এর মাধ্যমে বাসিন্দাদের জীবনযাপনের অবস্থা উন্নত করা এবং এর সাথে পথচারীদের ও সাইকেল আরোহীদের নিরাপত্তা ব্যবস্থা উন্নত করা। যানবাহন শান্ত করার জন্য নগর পরিকল্পনাবিদ এবং ট্রাফিক প্রকৌশলীদের অনেক কৌশল আছে। ট্রাফিক শান্ত করার ধারণাটি মূলত আদ্যন্ত যানবাহন থেকে আবাসিক এলাকা সুরক্ষার ধারণা থেকে এসেছে। পরবর্তীকালে, এর মূখ্য বিষয় ছিল পথচারীর নিরাপত্তা এবং যানবাহন থেকে আগত শব্দ ও স্থানীয় বায়ু দূষন কমানো।

১১.১৩.২ যানবাহন চলাচলে স্থিরতা নিশ্চিতকরণ করার পদক্ষেপসমূহ

চার প্রকারের পদক্ষেপ গ্রহণ করা হবে-

১) উল্লম্ব প্রান্তিককরণ
২) অনুভূমিক স্থান পরিবর্তন
৩) রাস্তা সংকীর্ণকরণ
৪) রাস্তা বন্ধ করা

১১.১৩.২.১ উল্লম্ব প্রান্তিককরণ

ভার্টিক্যাল ডিফ্লেকশন এর গাড়ির গতি নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি আছে। এর মধ্যে একটি হচ্ছে Speed Hump বা স্পীড ব্রেকার। এগুলো বিভিন্ন ধরণের হয়ে থাকে। এগুলো গাড়ির গতি ১০ থেকে ১৫ কিলোমিটারে নামিয়ে আনে।

১১.১৩.২.২ অনুভূমিক স্থান পরিবর্তন

রাস্তায় স্থাপিত হোরাইজোন্টাল শিফট হালকাভাবে গাড়ির গতি অন্যদিকে পরিচালিত করে, ফলে গাড়ির গতি কমে আসে। বিভিন্ন ধরণের হোরাইজোন্টাল শিফট আছে।

১১.১৩.২.৩ রাস্তা সংকীর্ণকরণ

বড় রাস্তাকে নির্দ্দিষ্ট স্থানে সংকীর্ণ করে গাড়ির গতি হ্রাস করা যায়। ফুটপাত বা মেডিয়ান চওড়া করে রাস্তাকে সংকীর্ণ করা যায়। রাস্তায় পার্কিং এর জন্য জায়গা করে রাস্তার লেন কমিয়ে আনা যায়। এতে রাস্তায় চলমান গাড়ি বেশি গতি দিতে পারে না।

১১.১৩.২.৪ রাস্তা বন্ধ করা

হাসপাতাল বা শিক্ষা প্রতিষ্ঠানের কাছে গাড়ির গতি হ্রাস করার নির্দেশ কার্যকরার মধ্য দিয়ে গতি নিয়ন্ত্রণ করা যেতে পারে। এ ছাড়া স্পিডো মিটার দিয়ে গতি নির্ধারণ করে জরিমানা ধার্য করে গতি নিয়ন্ত্রণ বিধি কার্যকর করা যেতে পারে।

১১.১৩.৩ গ্রহণযোগ্য মাত্রায় যানবাহনের আয়তন

যানবাহনের আয়তন ইতিমধ্যে গ্রহণযোগ্য পর্যায়কে অনেক আগেই অতিক্রম করেছে। এই রিপোর্টে দেখানো হয়েছে যে, বিদ্যমান আন্তঃসীমা রাস্তাগুলো অত্যন্ত সরু এবং তাদের অধিকাংশই ক্ষতিগ্রস্ত। পরিকল্পনা কমিশনের হিসাব অনুসারে, যানবাহনের পরিমাণের সাথে রাস্তার মানদন্ডের জন্য আবশ্যিক জ্যামিতিক শর্ত নীচে দেওয়া হলো-

সারণি ১১-১৭: রাস্তার মানদণ্ডের জন্য জ্যামিতিক আবশ্যিক শর্ত

নকশার ধরণ	নকশা বছরের যানবাহনের আয়তন PCU / তুঙ্গ ঘন্টা (AADT)	শীর্ষস্থানের প্রস্থ (মি.)	যানবাহন চলাচলের পথ (লেনের সংখ্যা)	বাঁধানো শোল্ডার
১.	৪৫০০-৮৫০০ (১৯০০-৩৬০০)	৩৬.৮	২×১১ (৬)	১.৮ (জাতীয়)
২.	২১০০-৪৫০০ (৭০০০-১৯০০০)	২১.৬	২×৭.৩ (৪)	১.৮ (জাতীয়)
৩.	১৬০০-২১০০ (৫০০০-৭০০০)	১৬.৩	৭.৩(২)	১.৫ (আঞ্চলিক)
৪.	৮০০-১৬০০ (১০০০-৫০০০)	১২.১	৬.২(২)	১.৫ (আঞ্চলিক)
৫.	৪০০-৮০০ (৫০০-১০০০)	৯.৮	৫.৫	১.২ (আঞ্চলিক)
৬.	< ৪০০	৭.৩	৩.৭ (১)	০.৯ (উপজেলা)

১১.১৪ উপসংহার

ভবিষ্যৎ চাহিদা মেটানোর জন্য পৌরসভার মধ্যকার সড়কগুলো প্রদত্ত মানদন্ড অনুসারে প্রশস্ত করা উচিত। যেসব সড়ক প্রশস্ত করা দরকার সেগুলোর ব্যাপারে এই অধ্যায় একটি স্পষ্ট ইঙ্গিত দিয়েছে। এছাড়া, স্বাচ্ছন্দ যোগাযোগ ব্যবস্থার জন্য পৌরসভা ও এর আশেপাশে নতুন রাস্তাঘাট প্রস্তাবিত আছে। নির্মাণ এবং প্রশস্তকরণের ক্ষেত্রে প্রতিবেদনে উল্লেখিত মানদন্ড ব্যবহার করা উচিত। অভ্যন্তরীণ যানবাহন চলাচল সহজ করতে প্রদত্ত সমাধান অনুসরণ করা উচিত।

দ্বাদশ অধ্যায়

পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা

সূচিপত্র

১২.১ ভূমিকা---------- ১২-১
১২.২ ড্রেনেজ---------- ১২-১
১২.৩ লক্ষ্য ও উদ্দেশ্য ---------- ১২-১
১২.৪ ভূমির বন্ধুরতা ---------- ১২-২
১২.৫ বর্তমান ড্রেনেজ ব্যবস্থা---------- ১২-২
১২.৫.১ বিদ্যমান ড্রেনেজ ব্যবস্থার কার্যগত শ্রেণিবিভাগ ---------- ১২-৩
১২.৫.১.১ সেকেন্ডারি ড্রেন---------- ১২-৩
১২.৫.১.২ অ্যাকসেস ড্রেন---------- ১২-৫
১২.৫.২ ভৌত অবস্থা অনুসারে বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্কের শ্রেণিবিভাগ ---------- ১২-৬
১২.৬ ড্রেনসমূহের নির্গমনপথ---------- ১২-১০
১২.৭ জলাশয় ---------- ১২-১০
১২.৭.১ কাপ্তাই লেক ---------- ১২-১০
১২.৭.২ পুকুর ---------- ১২-১১
১২.৭.৩ খানা-খন্দ---------- ১২-১২
১২.৭.৪ সেচ খাল ---------- ১২-১২
১২.৮ জলাশয়ের রূপরেখা ---------- ১২-১২
১২.৯ ড্রেনেজ/জলাবদ্ধতা সংক্রান্ত সমস্যাসমূহ সনাক্তকরণ---------- ১২-১৩
১২.৯.১ ড্রেনেজ ব্যবস্থার উপর দখলের চাপ---------- ১২-১৫
১২.৯.২ সুপারিশ ---------- ১২-১৫
১২.১০ প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক---------- ১২-১৬
১২.১১ ড্রেনেজ ব্যবস্থাপনা ও বন্যা নিয়ন্ত্রণের জন্য পরিকল্পনা ---------- ১২-১৬
১২.১১.১ সেবা এলাকা ---------- ১২-১৬
১২.১১.২ ড্রেনেজ পরিকল্পনায় অন্তর্ভূক্ত উপাদানসমূহ---------- ১২-১৭
১২.১১.৩ ডিজাইনের পদ্ধতি এবং বিবেচ্য বিষয়াদি---------- ১২-১৭
১২.১১.৪ বিভিন্ন ধাপে ড্রেনেজ ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়নের জন্য ধারণাগত পরিকল্পনা ---------- ১২-২১
১২.১১.৪.১ ড্রেনেজ অবকাঠামোর ওয়ার্ড ভিত্তিক বণ্টন ---------- ১২-২২
১২.১১.৪.২ ড্রেনেজ ব্যবস্থাপনা পরিকল্পনার বাস্তবায়ন, পর্যবেক্ষণ, পর্যালোচনা এবং সমন্বয় ---------- ১২-২৩

১২.১২ সেতু, কালভার্ট ও স্লুইস গেট---------- ১২-২৫
১২.১২.১ বিদ্যমান সেতু ও কালভার্ট---------- ১২-২৫
১২.১২.২ প্রস্তাবিত সেতু ---------- ১২-২৫
১২.১৩ পানি সরবরাহ---------- ১২-২৭
১২.১৩.১ বিদ্যমান চিত্র---------- ১২-২৭
১২.১৩.২ পানি সরবরাহ সেবা---------- ১২-২৮
১২.১৩.২.১ পানির কল ও নলকূপ ---------- ১২-২৮
১২.১৩.২.২ পাম্প হাউজ ---------- ১২-২৯
১২.১৩.২.৩ রিজার্ভার ও ট্যাঙ্ক---------- ১২-২৯
১২.১৩.৩ পানি সরবরাহ চাহিদার প্রক্ষেপণ---------- ১২-৩২
১২.১৩.৩.১ প্রক্ষেপণের ভিত্তি ---------- ১২-৩২
১২.১৩.৪ পানি সরবরাহের সুপারিশসমূহ---------- ১২-৩৪
১২.১৩.৫ পানি সরবরাহের প্রস্তাবনাসমূহ---------- ১২-৩৪
১২.১৪ কঠিন বর্জ্য---------- ১২-৩৬
১২.১৪.১ বিদ্যমান চিত্র---------- ১২-৩৬
১২.১৪.২ ভবিষ্যৎ আবর্জনার পরিমাণের প্রক্ষেপণ---------- ১২-৩৭
১২.১৪.২.১ প্রক্ষেপণের ভিত্তি ---------- ১২-৩৭
১২.১৪.৩ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার সুপারিশসমূহ---------- ১২-৩৯
১২.১৪.৪ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমূহ---------- ১২-৩৯
১২.১৫ স্যানিটেশন ---------- ১২-৪২
১২.১৫.১ বিদ্যমান চিত্র---------- ১২-৪২
১২.১৫.২ স্যুয়ারেজ ব্যবস্থার উপর প্রস্তাবনা---------- ১২-৪২
১২.১৬ টেলিফোন সেবা---------- ১২-৪৩
১২.১৬.১ বিদ্যমান চিত্র---------- ১২-৪৩
১২.১৬.১.১ উন্নয়ন প্রস্তাবনা ---------- ১২-৪৩
১২.১৭ বিদ্যুৎ ও সড়ক বাতি---------- ১২-৪৩
১২.১৭.১ বিদ্যুৎ সেবার বর্তমান চিত্র ---------- ১২-৪৩
১২.১৭.২ বৈদ্যুতিক পোল, বৈদ্যুতিক লাইন ও সড়ক বাতির পোল ---------- ১২-৪৩
১২.১৭.২.১ বৈদ্যুতিক পোল ও সড়ক বাতির পোল ---------- ১২-৪৩
১২.১৭.২.২ বৈদ্যুতিক ট্রান্সফরমার---------- ১২-৪৪
১২.১৭.২.৩ হাই ভোল্টেজ টাওয়ার ---------- ১২-৪৫
১২.১৭.২.৪ বৈদ্যুতিক লাইন---------- ১২-৪৫
১২.১৭.৩ বিদ্যুৎ সরবরাহের উপর সুপারিশ এবং প্রস্তাবনা ---------- ১২-৪৭
১২.১৭.৪ সড়ক বাতির উপর প্রস্তাবনা---------- ১২-৪৭

দ্বাদশ অধ্যায়
পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা

১২.১ ভূমিকা

পরিকল্পনা প্রতিবেদনের এই অংশে রাঙ্গামাটি পৌরসভার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সার্ভিস বিষয়ক প্রস্তাব উপস্থাপন করা হয়েছে। পরামর্শকগণ নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে বিদ্যমান অবস্থার মূল্যায়ন করে উন্নয়ন প্রস্তাবনা প্রদান করেছেন।

১২.২ ড্রেনেজ

একটি ড্রেনেজ ব্যবস্থা উন্নয়ন করা নগর পরিকল্পনার অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান। বস্তুত, এটি একটি শহরকে আবর্জনা ও জলাবদ্ধতামুক্ত রাখার সবচেয়ে কার্যকর মাধ্যম। এই ব্যবস্থার বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণ অত্যন্ত চ্যালেঞ্জিং যেহেতু বেশিরভাগ ড্রেনের অবস্থান মাটির নিচে এবং দৃষ্টির বাইরে। প্রাকৃতিক প্রবাহে অথবা সংযোগে ন্যূনতম বাধার কারণে বর্জ্য জল প্লাবিত হতে পারে এবং ফলস্বরূপ জলাবদ্ধতা দেখা দিতে পারে যার ফলে স্বাভাবিক জীবনের ছন্দপতন ঘটে। কিন্তু, পরিকল্পনা ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রায়শ এটিকে কম গুরুত্ব দেওয়া হয়ে থাকে। এর ফলে ভৌত পরিবেশ, স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি, এবং জীবনযাত্রার মান গুরুতরভাবে ক্ষতিগ্রস্থ হয়। একটি উন্নত ড্রেনেজ ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য প্রাকৃতিক সম্পদ; যেমন- নদী, খাল অথবা পুকুর ইত্যাদি একধরণের আশীর্বাদস্বরূপ। রাঙ্গামাটি পৌরসভা চারিদিক দিয়ে কাপ্তাই লেক দিয়ে বেষ্টিত। রাঙ্গামাটিতে গ্রীষ্মমন্ডলীয় মৌসুমি ধরণের জলবায়ু বিরাজ করে যেখানে মোট বার্ষিক বৃষ্টিপাত হয় ২৬৯২ মি.মি.। মাসিক গড় বৃষ্টিপাতের পরিমাণ ৬০৩ মি.মি. যা জুলাই মাসে দেখা যায়। বৃষ্টির পানির প্রধান নির্গমন পথ কাপ্তাই লেক। সুতরাং কাপ্তাই লেকের সাথে সংযোগকারী সুপরিচালিত একটি ড্রেনেজ ব্যবস্থা সেকেন্ডারি অথবা সংযোগকারী ড্রেনগুলোতে নিয়মিত প্রবাহ বজায় রাখতে সাহায্য করবে।

১২.৩ লক্ষ্য ও উদ্দেশ্য

রাঙ্গামাটি পৌরসভায় প্রাকৃতিক নিষ্কাশন ব্যবস্থার মূল মাধ্যম হচ্ছে প্রাকৃতিক কাপ্তাই লেক/খাল/নালাসমূহ। এছাড়া আছে পৌরসভা নির্মিত ড্রেন; এগুলোর খনন/পুনঃখনন নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন ঘটায়। নিম্নে রাঙ্গামাটি পৌরসভার ড্রেনেজ পরিকল্পনার উদ্দেশ্য বর্ণিত হলঃ

- বিদ্যমান প্রাকৃতিক ও নির্মিত ড্রেন চিহ্নিত করে এগুলোর ড্রেনেজ কৌশল অনুসন্ধান করা। স্থানীয় নদীর বর্তমান অবস্থা পর্যালোচনা করে বন্যার লেখচিত্র অনুধাবন করা। একইসাথে দুর্বল ড্রেনেজ ব্যবস্থার কারণে যেসব এলাকায় পানি জমে যায় সেসব এলাকা চিহ্নিত করা;
- বর্তমান জলাবদ্ধতা সমস্যা সমাধানে বিভিন্ন বিকল্প সমাধান পর্যালোচনা করে সবচেয়ে সুলভ এবং কার্যকরী সমাধানটি চিহ্নিত করা;
- ড্রেনেজ ও পয়ঃনিষ্কাশন (শোধনাগার সহ) ব্যবস্থার জন্য একটি মহাপরিকল্পনা প্রণয়ন যাতে শহরের সম্পূর্ণ এলাকা অন্তর্ভূক্ত থাকবে। এতে প্রস্তাবিত ড্রেনের ক্যাচমেন্ট এলাকা (Catchment Area)-তে নিষ্কাশনের পরিমাণ, প্রধান ও সেকেন্ডারি ড্রেন/পয়ঃনিষ্কাশন লাইনের আকার, প্রকার ও নতিমাত্রা নকশা এবং জলধারণ এলাকার অবস্থান ইত্যাদি;
- কয়েকটি ধাপের একটি ধারণাগত পরিকল্পনা তৈরি করে পরিকল্পনা বাস্তবায়নের সময়কাল বর্ণনা করা। এক্ষেত্রে পারিপার্শ্বিক বিষয়সমূহ যথা; কারিগরি, পরিবেশগত, প্রাতিষ্ঠানিক, অর্থনৈতিক ও সামাজিক সম্ভাব্যতা বিবেচনা করা;

- অগ্রাধিকার এলাকাসমূহের জন্য হাইড্রোলিক ও কাঠামোগত নকশা প্রণয়ন করে প্রথম ধাপের বাস্তবায়ন কর্মসূচি তৈরি;
- ড্রেনেজ ব্যবস্থার বর্তমান রক্ষণাবেক্ষণ ব্যবস্থা ও ব্যয় পর্যালোচনা করে পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থার জন্য রক্ষণাবেক্ষণ ও ব্যয় নির্ধারণ করা;
- ড্রেন স্থাপনের জন্য পর্যাপ্ত জমি নিশ্চিতকরণে প্রাতিষ্ঠানিক, আইনগত ও পরিকল্পনার কৌশল নির্ধারণ করা যা অবৈধ দখল নির্ণয়েও সহায়তা করবে;

ড্রেনেজ ও পয়ঃনিষ্কাশন মহাপরিকল্পনার পরবর্তী ধাপসমূহ বাস্তবায়নে অর্থায়নের সম্ভাব্য পন্থাসমূহ নির্ধারণ করা।

১২.৪ ভূমির বন্ধুরতা

রাঙ্গামাটি পৌরসভার ভূমি পৃষ্ঠতলে বিভিন্ন ধরণের ভূস্থানিক অবস্থা পাওয়া যায়; যেমন- পাহাড়ী এলাকা, জলাশয়। এই পৌরসভার বেশিরভাগ এলাকা পাহাড়ী এবং পৌরসভার একটি বিরাট অংশ জুড়ে আছে কাপ্তাই লেক। পৌর এলাকার উচ্চতা পশ্চিম থেকে পূর্ব দিকে ঢালু। ওয়ার্ড নং- ৯, ৬ এবং ১ এর ভূমির স্তর অন্যান্য ওয়ার্ডের চেয়ে অপেক্ষাকৃত উঁচু; যেমন- কাঁটাছড়ি, উলছড়ি, আমানতবাগ, রাঙ্গাপানি, মনোঘর, শিমুলতলী, মিটিঙ্গাছড়া, বিলাইছড়ি ইত্যাদি। প্রত্যেক ওয়ার্ডে গড় ৪০ এর উপরে এবং ওয়ার্ড নং- ৫, ৬ ও ৯ এ অত্যন্ত উচ্চ।

প্রকল্প এলাকার সর্বনিম্ন স্পট হাইট (Spot Height) পাওয়া গেছে ২২.৫৪৯ মি. এবং সর্বোচ্চ ২১৭.৫২ মি.। ভূমির গড় উচ্চতা ৫৭.৬৪৭ মি.। গড় উচ্চতার সীমা ৩২.০১ থেকে ৪২.০১ মিটার পর্যন্ত যা মোট স্পট হাইটের ৩১.৩১৪%।

সারণি ১২-১: প্রকল্প এলাকার স্পট হাইট (Spot Height) (নদী বাদে)

স্পট হাইট (Spot Unit)	মান
মোট	২৪৪২০
সর্বনিম্ন	২২.৫৪৯
সর্বোচ্চ	২১৭.৫২৬
গড়	৫৭.৬৪৭


তথ্যসূত্রঃ স্থানিক জরিপ, ২০১৬

১২.৫ বর্তমান ড্রেনেজ ব্যবস্থা

বর্তমান ড্রেনেজ ব্যবস্থার মোট দৈর্ঘ্য ৩৭.৯৫ কি.মি. কিন্তু কাপ্তাই লেকের অস্তিত্বের কারণে নিষ্কাশন ব্যবস্থার প্রকৃত প্রেক্ষাপট প্রভাবিত হয়। পৌরসভার নির্মাণাধীন এলাকা লেক দিয়ে পরিবেষ্টিত, বস্তুত লেকের উপর অনেক কাঠামো অবস্থিত। গৃহস্থালীর সকল বর্জ্য এই লেকে ফেলা হয়। পাহাড়ী এলাকা হওয়ার কারণে এখানে তেমন তীব্র জলাবদ্ধতা দেখা যায় না। উঁচু-নিচু ভূমি হওয়ার কারণে এখানে বন্যার পানি অনুপ্রবেশের ঝুঁকি নেই। সুতরাং, এর ভৌগলিক অবস্থানের কারণে নদীর পানি সরাসরি লেকে যেতে পারে। কাপ্তাই লেকের বিশদ বর্ণনা এই অধ্যায়ের 'জলাশয়' অংশে আলোচনা করা হয়েছে। এছাড়া, পৌরসভায় ১০.০২ কি.মি. সেকেন্ডারি ড্রেনসহ ২৭.৯৪ কি.মি. অ্যাকসেস ড্রেন সনাক্ত করা হয়েছে। অ্যাকসেস ড্রেনগুলো মূলত পরিবারগুলোর পৃথক পৃথক ড্রেনগুলো, যেগুলো বাড়ির মালিক কর্তৃক বর্জ্য জল নিষ্কাশনের জন্য খননকৃত।

১২.৫.১ বিদ্যমান ড্রেনেজ ব্যবস্থার কার্যগত শ্রেণিবিভাগ

কার্যগত দিক থেকে এবং সেবার ধরণ অনুসারে, রাঙ্গামাটি পৌরসভার ড্রেনগুলোকে তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে। এগুলো হলো- প্রাইমারি, সেকেন্ডারি ও টারশিয়ারি/অ্যাকসেস ড্রেন। নদী ও খালসমূহকে প্রাইমারি ড্রেন হিসেবে বিবেচনা করা হয়। পৌরসভার বড় বড় ড্রেনগুলোকে সেকেন্ডারি ড্রেন হিসেবে বিবেচনা করা হয়। টারশিয়ারি স্তরের ড্রেনগুলো বাড়ি-ঘর এবং স্থানীয় এলাকা বা পাড়ার সাথে সংযুক্ত। এগুলোকে অ্যাকসেস ড্রেনও বলা হয়। ভৌত অবকাঠামো জরিপ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে, পৌরসভায় ২৬.৩৯% সেকেন্ডারি ড্রেন রয়েছে যার দৈর্ঘ্য ৩৭.৯৫ কি.মি.। এছাড়া এখানে ৭৩.৬১% অ্যাকসেস ড্রেন রয়েছে যার দৈর্ঘ্য ২৭.৯৪ কি.মি. (***চিত্রলেখ ১২-১***)। দেখা যাচ্ছে যে, অ্যাকসেস ড্রেনের দৈর্ঘ্য সবচেয়ে বেশি কারণ কাপ্তাই লেকের আশেপাশে বসবাসকারী বাড়ি-ঘরগুলোর জলাশয়ের সাথে সরাসরি ড্রেনেজ সংযোগ রয়েছে।



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

চিত্রলেখ ১২-১: ধরণ অনুসারে রাঙ্গামাটি পৌরসভায় ড্রেনেজ ব্যবস্থা

সারণি ১২-২ এ রাঙ্গামাটি পৌরসভায় ওয়ার্ড অনুসারে অ্যাকসেস ও সেকেন্ডারি ড্রেনের বণ্টন দেখানো হয়েছে। সারণি থেকে দেখা যাচ্ছে যে, ড্রেনেজ নেটওয়ার্কের সর্বোচ্চ দৈর্ঘ্য পাওয়া গেছে ওয়ার্ড নং- ৬ এ। অন্যদিকে, সর্বনিম্ন দৈর্ঘ্য সনাক্ত করা হয়েছে ওয়ার্ড নং- ১ এ। সারণিতে অ্যাকসেস ড্রেনের বিস্তারিতও দেখানো হয়েছে।

সারণি ১২-২: ধরণ অনুসারে রাঙ্গামাটি পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে ড্রেনের দৈর্ঘ্য (কিমি)


ওয়ার্ড নং	অ্যাকসেস	সেকেন্ডারি	মোট
ওয়ার্ড নং- ১	০.২০		০.২০
ওয়ার্ড নং- ২	১.৬০	০.১৯	১.৭৯
ওয়ার্ড নং- ৩	৩.০০	০.৩৬	৩.৩৫
ওয়ার্ড নং- ৪	১.৬৪	০.১০	১.৭৪
ওয়ার্ড নং- ৫	২.৮৭	০.১১	২.৯৮
ওয়ার্ড নং- ৬	৪.৭৮	৬.৬০	১১.৩৮
ওয়ার্ড নং- ৭	২.১৩	০.০৭	২.২০
ওয়ার্ড নং- ৮	৫.৯৮	০.৮৬	৬.৮৪
ওয়ার্ড নং- ৯	৫.৭৩	১.৭৪	৭.৪৭
মোট	**২৭.৯৪**	**১০.০২**	**৩৭.৯৫**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৫.১.১ সেকেন্ডারি ড্রেন

যেকোন এলাকার ড্রেন নেটওয়ার্কের জন্য সেকেন্ডারি ড্রেন গুরুত্বপূর্ণ, কারণ এটি সমস্ত বৃষ্টির পানি, বর্জ্য পানি প্রাইমারি ড্রেনে নিষ্কাশন করে। মোট ১০.০২ কি.মি. সেকেন্ডারি ড্রেন নেটওয়ার্ক পৌরসভাতে রয়েছে। সেকেন্ডারি ড্রেন নদী বা খালের মধ্যে টারশিয়ারি ড্রেন থেকে বর্জ্য এবং বৃষ্টির পানি বহন করে নিয়ে যায়। এই ধরণের ড্রেন শহরে জলাবদ্ধতা নিরসনে খুবই গুরুত্বপূর্ণ। যদি ড্রেনের পানি প্রবাহ ব্যাহত হয়, বর্জ্য পানি ড্রেনের উপর দিয়ে প্রবাহিত করে এবং একটি নির্দিষ্ট এলাকার জলাবদ্ধতা তৈরি করে। ***চিত্রলেখ ১২-২*** এ ওয়ার্ড অনুসারে সেকেন্ডারি ড্রেনের বিস্তারিত অবস্থা দেখানো হলো।

চিত্রলেখ ১২-২ : রাঙ্গামাটি পৌরসভার সেকেন্ডারি ড্রেনের ওয়ার্ড ভিত্তিক বণ্টন



	ওয়ার্ড নং- ১	ওয়ার্ড নং- ২	ওয়ার্ড নং- ৩	ওয়ার্ড নং- ৪	ওয়ার্ড নং- ৫	ওয়ার্ড নং- ৬	ওয়ার্ড নং- ৭	ওয়ার্ড নং- ৮	ওয়ার্ড নং- ৯
দৈর্ঘ্য (কি.মি.)	০	০.১৯	০.৩৬	০.১	০.১১	৬.৬	০.০৭	০.৮৬	১.৭৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

সেকেন্ডারি ড্রেনের মধ্যে ওয়ার্ড নং- ৬ এ মাত্র ০.৭৩ কি.মি. কাঁচা ড্রেন পাওয়া গিয়েছে। অন্যান্য সকল সেকেন্ডারি ড্রেন পাকা ধরণের ***(সারণি ১২-৩)***।

সারণি ১২-৩: রাঙ্গামাটি পৌরসভায় সেকেন্ডারি ড্রেনেজ নেটওয়ার্কের ভৌত অবস্থা

ওয়ার্ড নং	কাঁচা	পাকা	মোট
ওয়ার্ড নং- ২		০.১৯	০.১৯
ওয়ার্ড নং- ৩		০.৩৬	০.৩৬
ওয়ার্ড নং- ৪		০.১০	০.১০
ওয়ার্ড নং- ৫		০.১১	০.১১
ওয়ার্ড নং- ৬	০.৭৩	৫.৮৭	৬.৬০
ওয়ার্ড নং- ৭		০.০৭	০.০৭
ওয়ার্ড নং- ৮		০.৮৬	০.৮৬
ওয়ার্ড নং- ৯		১.৭৪	১.৭৪
মোট	**০.৭৩**	**৯.২৯**	**১০.০২**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

কাভার্ড ও খোলা সেকেন্ডারি ড্রেনের মোট দৈর্ঘ্য যথাক্রমে ৭.৩৮ ও ২.৬৪ কি.মি.। এটি ইঙ্গিত দেয় যে, বেশিরভাগ পাকা সেকেন্ডারি ড্রেনই কাভার্ড। কাভার্ড ড্রেনের সর্বোচ্চ দৈর্ঘ্য পাওয়া গিয়েছে ওয়ার্ড নং- ৬ এ যা ৪.৫৩ কি.মি.। অন্যদিকে, ওয়ার্ড নং- ৭ এ কোনো কাভার্ড ড্রেন নেই। ওয়ার্ড নং- ২ এ সকল ড্রেন কাভার্ড ***(সারণি ১২-৪)***।

সারণি ১২-৪: সেকেন্ডারি ড্রেনেজ নেটওয়ার্কের চিত্র

ওয়ার্ড নং	খোলা ড্রেন	কাভার্ড ড্রেন	মোট
ওয়ার্ড নং- ২	-	০.১৯	০.১৯
ওয়ার্ড নং- ৩	০.১৯	০.১৬	০.৩৬
ওয়ার্ড নং- ৪	০.০৫	০.০৪	০.১০
ওয়ার্ড নং- ৫	০.০৭	০.০৪	০.১১
ওয়ার্ড নং- ৬	২.০৭	৪.৫৩	৬.৬০
ওয়ার্ড নং- ৭	০.০৭	-	০.০৭


ওয়ার্ড নং	খোলা ড্রেন	কাভার্ড ড্রেন	মোট
ওয়ার্ড নং- ৮	০.১৪	০.৭২	০.৮৬
ওয়ার্ড নং- ৯	০.০৫	১.৬৯	১.৭৪
মোট	**২.৬৪**	**৭.৩৮**	**১০.০২**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৫.১.২ অ্যাকসেস ড্রেন

অ্যাকসেস ড্রেনের মোট দৈর্ঘ্য ২৭.৯৪ কি.মি.। ***চিত্রলেখ ১২-৩*** এ রাঙ্গামাটি পৌরসভায় ওয়ার্ড অনুসারে অ্যাকসেস ড্রেনের বণ্টন দেখানো হয়েছে। এখান থেকে দেখা যাচ্ছে যে, অ্যাকসেস ড্রেনের সর্বোচ্চ দৈর্ঘ্য পাওয়া গেছে ওয়ার্ড নং- ৮ এ (৫.৯৮ কি.মি.) এবং সর্বনিম্ন দৈর্ঘ্য পাওয়া গেছে ওয়ার্ড নং- ১ এ (০.২০ কি.মি.)। ওয়ার্ড নং- ৯ ও ৬ এ ও দৈর্ঘ্য অনেক বেশি। এই ওয়ার্ডগুলোতে যথাক্রমে ৫.৭৩ ও ৪.৭৮ কি.মি. ড্রেনেজ নেটওয়ার্ক রয়েছে। ওয়ার্ড নং- ৩ ও ৫ এ ও এই দৈর্ঘ্য প্রায় কাছাকাছি। বিস্তারিত ***চিত্রলেখ ১২-৩***।

চিত্রলেখ ১২-৩: রাঙ্গামাটি পৌরসভার অ্যাকসেস ড্রেনের ওয়ার্ড ভিত্তিক বণ্টন



	ওয়ার্ড নং- ১	ওয়ার্ড নং- ২	ওয়ার্ড নং- ৩	ওয়ার্ড নং- ৪	ওয়ার্ড নং- ৫	ওয়ার্ড নং- ৬	ওয়ার্ড নং- ৭	ওয়ার্ড নং- ৮	ওয়ার্ড নং- ৯
দৈর্ঘ্য (কি.মি.)	০.২	১.৬	৩.	১.৬৪	২.৮৭	৪.৭৮	২.১৩	৫.৯৮	৫.৭৩

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

সারণি ১২-৫ থেকে দেখা যাচ্ছে যে, বেশিরভাগ অ্যাকসেস ড্রেন পাকা ধরণের। মোট ২৭.৯৪ কি.মি. অ্যাকসেস ড্রেনের ২৭.৪২ কি.মি.ই পাকা; মাত্র ০.৫২ কি.মি. কাঁচা। ওয়ার্ড নং- ৬ এ বেশিরভাগ কাঁচা ড্রেন দেখা যায়। ওয়ার্ড নং- ২, ৩ ও ৮ এ কোনো কাঁচা ড্রেন নেই। ওয়ার্ড নং- ৯ এ পাকা ড্রেনের দৈর্ঘ্য ৫.৭০ কি.মি.। অপর দিকে, এই ওয়ার্ডে মাত্র ০.০৩ কি.মি. কাঁচা ড্রেন পাওয়া গিয়েছে। কাঁচা ড্রেনেজ নেটওয়ার্কের ভৌত অবস্থা ***সারণি ১২-৫*** এ দেওয়া হয়েছে।

সারণি ১২-৫: রাঙ্গামাটি পৌরসভার কাঁচা অ্যাকসেস ড্রেনেজ নেটওয়ার্কের ভৌত অবস্থা


ওয়ার্ড নং	কাঁচা	পাকা	মোট
ওয়ার্ড নং- ১	০.১০	০.১০	০.২০
ওয়ার্ড নং- ২	-	১.৬০	১.৬০
ওয়ার্ড নং- ৩	-	৩.০০	৩.০০
ওয়ার্ড নং- ৪	০.০৭	১.৫৭	১.৬৪
ওয়ার্ড নং- ৫	০.১০	২.৭৭	২.৮৭
ওয়ার্ড নং- ৬	০.১৭	৪.৬১	৪.৭৮

ওয়ার্ড নং	কাঁচা	পাকা	মোট
ওয়ার্ড নং- ৭	০.০৪	২.০৯	২.১৩
ওয়ার্ড নং- ৮	-	৫.৯৮	৫.৯৮
ওয়ার্ড নং- ৯	০.০৩	৫.৭০	৫.৭৩
মোট	০.৫২	২৭.৪২	২৭.৯৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

চিত্রলেখ ১২-৪ অনুসারে, রাঙ্গামাটি পৌরসভার বেশিরভাগ ড্রেন খোলা। বস্তুত, ২৪.৭৮ কি.মি. অ্যাকসেস ড্রেনেজ নেটওয়ার্ক খোলা এবং মাত্র ৩.১৫ কি.মি. কাভার্ড। চিত্রলেখ থেকে দেখা যাচ্ছে যে, ওয়ার্ড নং- ৮ ও ৯ এ খোলা ড্রেনেজ নেটওয়ার্কের দৈর্ঘ্য প্রায় একই রকম। কাভার্ড অ্যাকসেস ড্রেনেজ নেটওয়ার্কের সর্বোচ্চ দৈর্ঘ্য পাওয়া গিয়েছে ওয়ার্ড নং- ২ ও ৭ এ। তাদের যথাক্রমে ০.৬১ ও ০.৬০ কি.মি. অ্যাকসেস ড্রেনেজ নেটওয়ার্ক আছে।


চিত্রলেখ ১২-৪: রাঙ্গামাটি পৌরসভার অ্যাকসেস ড্রেনের চিত্র



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৫.২ ভৌত অবস্থা অনুসারে বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্কের শ্রেণিবিভাগ

প্রাকৃতিক জলাশয়; যেমন- খাল অথবা নদী অথবা প্রাকৃতিক ও মানবসৃষ্ট খোলা ড্রেনগুলোকে কাঁচা ড্রেন হিসেবে বিবেচনা করা হয়। পৌরসভা এলাকায় কোনো নদী বা খাল নেই যেগুলোকে কাঁচা প্রাইমারি ড্রেন হিসেবে বিবেচনা করা যায়। রাঙ্গামাটি পৌরসভায় বেশিরভাগ ড্রেন মানুষের তৈরি এবং ভৌত অবস্থা পাকা ***(চিত্রলেখ ১২-৫)***। বস্তুত, এখানে ৯৬.৭৩% ড্রেনেজ নেটওয়ার্ক পাকা এবং ৩.২৮% পাওয়া গিয়েছে কাঁচা। এই ড্রেনগুলোর চূড়ান্ত নির্গমনপথ হলো কাপ্তাই লেক। লেক সংলগ্ন বাড়ি-ঘরগুলো তাদের গৃহস্থালীর বর্জ্য পানি এই লেকে নিষ্কাশন করে। কাঁচা ড্রেনগুলো সাধারনত খোলা। অপর দিকে, পাকা ড্রেনগুলো আবার দুটি শ্রেণিতে বিভক্ত- খোলা এবং আবৃত। ***সারণি ১২-৬*** এ রাঙ্গামাটি পৌরসভায় ওয়ার্ড অনুসারে ড্রেনেজ নেটওয়ার্কের বণ্টন দেখানো হলো। ড্রেনগুলোর ভৌত অবস্থা ***মানচিত্র ১২-১*** এ দেখানো হলো।



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

চিত্রলেখ ১২-৫: রাঙ্গামাটি পৌরসভায় ড্রেনেজ নেটওয়ার্কের ভৌত অবস্থা


সারণি ১২-৬: রাঙ্গামাটি পৌরসভায় ওয়ার্ড অনুসারে ড্রেনেজ নেটওয়ার্কের বণ্টন (ভৌত অবস্থা)

ওয়ার্ড নং	কাঁচা	পাকা		মোট
		কভার্ড	খোলা	
ওয়ার্ড নং- ১	০.১০	০.০৪	০.০৭	০.২০
ওয়ার্ড নং- ২		০.৮০	০.৯৯	১.৭৯
ওয়ার্ড নং- ৩		০.৫০	২.৮৫	৩.৩৫
ওয়ার্ড নং- ৪	০.০৭	০.২৫	১.৪৩	১.৭৪
ওয়ার্ড নং- ৫	০.১০	০.৩৫	২.৫৩	২.৯৮
ওয়ার্ড নং- ৬	০.৯০	৪.৯১	৫.৫৭	১১.৩৮
ওয়ার্ড নং- ৭	০.০৪	০.৬০	১.৫৫	২.২০
ওয়ার্ড নং- ৮		১.২০	৫.৬৪	৬.৮৪
ওয়ার্ড নং- ৯	০.০৩	১.৮৮	৫.৫৫	৭.৪৭
মোট	**১.২৫**	**১০.৫৪**	**২৬.১৭**	**৩৭.৯৫**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

ভৌত অবকাঠামো জরিপ অনুসারে, বেশিরভাগ ড্রেনের প্রস্থ ০.৫ মিটারের নিচে ***(চিত্রলেখ ১২-৬)***। ২০.৬০ কি.মি. ড্রেনের প্রস্থ ০.৫ মিটারের নিচে। এধরণের ড্রেনগুলো বেশিরভাগ অ্যাকসেস শ্রেণির অন্তর্গত। মাত্র ১.০২ কি.মি. ড্রেনেজ নেটওয়ার্ক পাওয়া গিয়েছে যার প্রস্থ ২ মিটারের বেশি। ৭.৮৭ কি.মি. ড্রেনেজ নেটওয়ার্কের ০.৫ মিটার থেকে ১ মিটারের মধ্যে এবং ৫.৭০ কি.মি. ড্রেনেজ নেটওয়ার্কের প্রস্থ ১ মিটার থেকে ১.৫ মিটারের মধ্যে ***(চিত্রলেখ ১২-৬)***।


চিত্রলেখ ১২-৬: রাঙ্গামাটি পৌরসভায় প্রস্থ অনুসারে ড্রেনেজ নেটওয়ার্কের বণ্টন



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ১২-১ : রাঙ্গামাটি পৌরসভার বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্ক (ভৌত অবস্থা অনুসারে)

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary

- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava Area

Proposed Road Network


- Primary
- Secondary
- Collector

Existing Drainage Type

- Pucca
- Katcha

মানচিত্র ১২-২ : রাঙ্গামাটি পৌরসভার বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্ক (ধরন অনুসারে)

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava Area

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Existing Drainage Category
- Secondary
- Access

১২.৬ ড্রেনসমূহের নির্গমনপথ

কাপ্তাই লেক সংলগ্ন অসংখ্য বাড়ি-ঘর আছে। এই বাড়ি-ঘরগুলো তাদের গৃহস্থালির বর্জ্য সরাসরি কাপ্তাই লেকে ফেলে। এছাড়া, লেক থেকে দূরে অবস্থিত বেশিরভাগ বাড়ি-ঘর তাদের গৃহস্থালির আবর্জনা সেকেন্ডারি বা অ্যাকসেস ড্রেনে ফেলে যা সবশেষে লেকে গিয়ে পড়ে। রাঙ্গামাটির বর্জ্য জল ও বৃষ্টির পানি নিষ্কাশনের একমাত্র নির্গমনপথ হলো কাপ্তাই লেক। এই লেকটি কাপ্তাই হাইড্রো-ইলেকট্রিক পাওয়ার প্ল্যান্টের জলাধার।

১২.৭ জলাশয়

পৌরসভার প্রায় অর্ধেক অংশ জুড়ে আছে কাপ্তাই লেক। পুরো পৌরসভার মধ্যে এই লেকের ক্ষেত্রফল ৬২৫৮.৪৭ একর। এছাড়া, কিছু সেচ খাল এবং পুকুরও আছে। ভৌত অবকাঠামো জরিপ অনুসারে, ৬২৫৮.৪৭ একর এলাকা কাপ্তাই লেক, ০.৭৫ একর সেচ খাল এবং ৪.০০ একর পুকুরসহ মোট ৬২৬৬.৫৯ একর এলাকাকে জলাশয় হিসেবে সনাক্ত করা হয়েছে। এছাড়া, ৩.৩৭ একর এলাকাকে নিচু জমি হিসেবে সনাক্ত করা হয়েছে যেখানে পানি জমাট হয়ে থাকে। এই এলাকাগুলোকে খাদ বলা হয়। বিস্তারিত ***সারণি ১২-৭***।

সারণি ১২-৭ : রাঙ্গামাটি পৌরসভার জলাশয়সমূহ

জলাশয়ের ধরণ	ক্ষেত্রফল (একর)
লেক	৬২৫৮.৪৭
পুকুর	৪.০০
খানা-খন্দ	৩.৩৭
সেচ খাল	০.৭৫
মোট	**৬২৬৬.৫৯**

তথ্যসূত্রঃ রাঙ্গামাটি পৌরসভা

১২.৭.১ কাপ্তাই লেক

কাপ্তাই লেক রাঙ্গামাটি জেলায় মানুষের তৈরি একটি কৃত্রিম লেক। এর উৎপত্তি ভারতের মিজোরামের লুসাই পাহাড় থেকে, এরপর দক্ষিণ-পশ্চিমে পার্বত্য চট্টগ্রাম ও চট্টগ্রামের মধ্যদিয়ে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে। কর্ণফুলী নদীতে একটি মাটিপূর্ণ বাঁধ (কাপ্তাই বাঁধ) কাপ্তাই লেক তৈরি করেছে। রাঙ্গামাটি শহর একটি পাহাড়ী এলাকা যা দৃষ্টি-নন্দন লেক দিয়ে পরিবেষ্টিত। পর্যটকদের জন্য এটি একটি ভালো পর্যটন এলাকা। এই লেক তৈরির কারণ কাপ্তাই বাঁধ। কাপ্তাই পানি-বিদ্যুৎ প্রকল্পের একটি অংশ হিসেবে ১৯৫৭-১৯৬২ সালের দিকে এর কাজ শুরু হয়। কর্ণফুলী নদীতে একটি বাঁধ নির্মাণ করা হয় এবং এর সাথে সাথেই কৃত্রিম কাপ্তাই লেক তৈরি করা হয়। কাপ্তাই লেকের এই মনমুগ্ধোকারী দৃশ্যের পেছনে একটি ইতিহাস আছে; অনেকেই একে অন্ধকার ইতিহাস বলে থাকে। এক সময় অনেক আদিবাসী লোকের জীবন ছিল এখানে। কপ্তাই বাঁধ হওয়ার পর, হাজার একর জমি পানিতে নিমজ্জিত হয়ে যায়; আদিবাসীদের তাদের জমি, বাড়ি-ঘর, ভবিষ্যৎ এবং তাদের আশা হারাতে হয়। এক লক্ষ লোক উচ্ছেদ করা হয়। একটি দুঃখজনক ঘটনা তাদের বাড়ি ছেড়ে শরণার্থী হতে বাধ্য করে।



স্থিরচিত্র ১২-১ : রাঙ্গামাটি পৌরসভার কাপ্তাই লেক


পূর্ব পাকিস্তানের সময়কালে, কাপ্তাই অঞ্চলে ১৯৬০ এর দিকে কর্ণফুলী নদী ব্যবহার করে একটি বড় পানি-বিদ্যুৎ শক্তি প্ল্যান্ট তৈরি করা হয়। এর নির্মাণকাজ শুরু

হয় ১৯৫৭ সালে যা পুরোপুরি সম্পন্ন হয় ১৯৬২ সালে। এই বাঁধের পানি সংগ্রহের ধারণক্ষমতা ১১,০০০ কি.মি.। পানি-বিদ্যুৎ প্রকল্পটি অর্থায়ন করেছিল যুক্তরাষ্ট্র। ১৯৫১ সালে, প্রধান প্রকৌশলী (সেচ) খাজা আজিমউদ্দিনের নির্দেশে, বাঁধের বর্তমান অবস্থানে নির্মাণ এলাকা ঠিক করা হয়েছিল। দুটি আন্তর্জাতিক সংস্থা এই বাঁধ নির্মাণের সাথে জড়িত ছিল। ইন্টারন্যাশনাল ইঞ্জিনিয়ারিং কোম্পানী (IECO) এই প্রকল্পের অধ্যয়নের কাজে নিয়জিত ছিল এবং উতাহ ইন্টারন্যাশনাল কোম্পানি -কে নির্মাণ ঠিকাদার হিসেবে নির্বাচন করা হয়।

প্রায় ৬৭০.৮ মিটার দীর্ঘ ও ৫৪.৭ মিটার উঁচু বাঁধ তৈরির কাজ ছয় বছরে শেষ হয়। বিদ্যুৎ কেন্দ্রটি থেকে মোট ২৩০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হয়।

রাঙ্গামাটি পৌরসভার প্রত্যেক ওয়ার্ডে কাপ্তাই লেকের একটি অংশ রয়েছে। ***চিত্রলেখ ১২-৭*** ওয়ার্ড অনুসারে কাপ্তাই লেকের বণ্টন উপস্থাপন করা হয়েছে। কাপ্তাই লেকের বেশিরভাগ অংশ পড়েছে ওয়ার্ড নং- ৫ এ। চিত্রলেখ থেকে দেখা যাচ্ছে যে, কাপ্তাই লেকের ২৪৮৭.৪৩ একর পাওয়া যায় এই ওয়ার্ডে। সর্বনিম্ন অংশ পড়েছে ওয়ার্ড নং- ২ এ, লেকের মাত্র ১৬১.৯৫ একর এই ওয়ার্ডে পড়েছে। বিস্তারিত ***চিত্রলেখ ১২-৭***।

চিত্রলেখ ১২-৭: কাপ্তাই লেকের ওয়ার্ড অনুসারে বণ্টন



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৭.২ পুকুর

ভৌত অবকাঠামো জরিপ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে, রাঙ্গামাটি পৌরসভায় মোট ৫টি পুকুর সনাক্ত করা হয়েছে। এর মধ্যে ২টি পুকুর ওয়ার্ড নং- ৫ এ এবং ৩টি পুকুর ওয়ার্ড নং- ৬ অবস্থিত। ওয়ার্ড নং- ৫ এ অবস্থিত পুকুর দুটির ক্ষেত্রফল মোট পুকুর এলাকার ২.৮৭ একর। অন্যদিকে, ওয়ার্ড নং- ৬ এ ১.১৩ একর পুকুর আছে। বিস্তারিত ***সারণি ১২-৮***।

সারণি ১২-৮: রাঙ্গামাটি পৌরসভায় পুকুরের বণ্টন

ওয়ার্ড নং	পুকুরের সংখ্যা	ক্ষেত্রফল (একর)
ওয়ার্ড নং- ৫	২	২.৮৭
ওয়ার্ড নং- ৬	৩	১.১৩
মোট	**৫**	**৪.০০**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৭.৩ খানা-খন্দ

কাপ্তাই লেকের পাশাপাশি, কিছু স্থান চিহ্নিত করা হয়েছে যেখানে দীর্ঘ সময় ধরে পানি জমাট বেধে থাকে। এই স্থানগুলোকে খানাখন্দ হিসাবে চিহ্নিত করা হয়েছে। মোট চারটি স্থানকে খানা-খন্দ হিসেবে চিহ্নিত করা হয়েছে; এর মধ্যে দুটি ওয়ার্ড নং- ৬ এ এবং দুটি ওয়ার্ড নং- ৯ এ অবস্থিত। এদের মোট ক্ষেত্রফল ৩.৩৭ একর।

সারণি ১২-৯: রাঙ্গামাটি পৌরসভায় খানা-খন্দের বণ্টন

ওয়ার্ড নং	সংখ্যা	ক্ষেত্রফল (একর)
ওয়ার্ড নং- ৬	২	০.৭৯
ওয়ার্ড নং- ৯	২	২.৫৭
মোট	**৪**	**৩.৩৭**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৭.৪ সেচ খাল

পৌরসভা সীমানার মধ্যে ০.৭৫ একর সনাক্ত করা হয়েছে যা সেচ খাল হিসেবে ব্যবহৃত হয়। ***সারণি ১২-১০*** এ সেচ খালের বণ্টন উপস্থাপন করা হয়েছে। সারণি থেকে দেখা যাচ্ছে যে, সেচ খালগুলো ওয়ার্ড নং- ৬ ও ৯ এ অবস্থিত। এগুলো ০.৭৪ ও ০.০১ একর এলাকা দখল করে আছে।

সারণি ১২-১০: রাঙ্গামাটি পৌরসভায় সেচ খালের বণ্টন

ওয়ার্ড নং	ক্ষেত্রফল (একর)
ওয়ার্ড নং- ৬	০.৭৪
ওয়ার্ড নং- ৯	০.০১

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ১২-৩ এ রাঙ্গামাটি পৌরসভার জলাশয়সমূহ দেখা যাচ্ছে। পৌরসভা সীমানার মধ্যে বিভিন্ন ধরণের জলাশয়ের দেখানোর জন্য বিভিন্ন কালার ব্যান্ড ব্যবহার করা হয়েছে।

১২.৮ জলাশয়ের রূপরেখা

কাপ্তাই লেক, বৃহত্তর মানবসৃষ্ট লেকটি রাঙ্গামাটি পৌরসভার ৬২৫৮.৪৭ একর এলাকা জুড়ে আছে। পৌরসভার প্রত্যেক ওয়ার্ডেই কম-বেশি এই লেকের কিছু অংশ পড়েছে। এই লেকের সর্বোচ্চ অংশ পড়েছে ওয়ার্ড নং- ৫ এ। এরপর বেশকিছু অংশ পড়েছে ওয়ার্ড নং- ১, ৪ ও ৯ এ। এছাড়া, কাপ্তাই লেকে অল্প কিছু পুকুর ও খানা-খন্দ আছে যা ৪ একর ও ৩.৩৭ একর জুড়ে আছে।

সারণি ১২-১১: রাঙ্গামাটি পৌরসভায় ওয়ার্ড অনুসারে জলাশয়সমূহ

ওয়ার্ড নং	লেক (একর)	পুকুর (একর)	খানা-খন্দ (একর)
ওয়ার্ড নং- ১	৭৭৩.০৯	-	-
ওয়ার্ড নং- ২	১৬১.৯৫	-	-
ওয়ার্ড নং- ৩	২৭৬.২৬	-	-
ওয়ার্ড নং- ৪	৬৬৬.৮৪	-	-
ওয়ার্ড নং- ৫	২৪৮৭.৪৩	২.৮৭	-
ওয়ার্ড নং- ৬	৩৮৪.০১	১.১৩	০.৭৯
ওয়ার্ড নং- ৭	৩০৬.৫৯	-	-
ওয়ার্ড নং- ৮	৪২১.১৮	-	-
ওয়ার্ড নং- ৯	৭৮১.১২	-	২.৫৭
মোট	**৬২৫৮.৪৭**	**৪.০০**	**৩.৩৭**

তথ্যসূত্রঃ ভূমি ব্যবহার জরিপ, ২০১৬

১২.৯ ড্রেনেজ/জলাবদ্ধতা সংক্রান্ত সমস্যাসমূহ সনাক্তকরণ

বৃষ্টির পানির প্রধান আউটফল হলো রাঙ্গামাটি লেকগুলো। স্থানীয় জনগণ কৃষিকাজের উদ্দেশ্যে বা বাড়িঘর তৈরির উদ্দেশ্যে পাহাড় কাটছে যার ফলে মাটি ক্ষয় হচ্ছে এবং পৌরসভার কিছু টারশিয়ারি ড্রেনের উপর ক্ষতিকর প্রভাব ফেলছে। প্রবল বর্ষণের সময়, টারশিয়ারি ড্রেনে পলি জমার কারণে পাহাড়ের কাছে আসা পানি নিকটবর্তী লেকে নিষ্কাশিত হতে পারে না।


কিছু বিচ্ছিন্ন নিম্ন এলাকা আছে; বিশেষ করে ঝুলিক্কা পাহাড়, পুরান বস্তি, পুরাতন বস্তি, পুরাতন জালিয়াপাড়া, শহীদ মিনার, মাঝের বস্তি, তবলছড়ি, ধনমিয়া পাহাড়, আসামবস্তি, শান্তিনগর কল্যানপুর, আমানতবাগ, মুসলিমপাড়া। উপরে উল্লেখিত সকল এলাকায় প্রবল বর্ষণের সময় এবং এর পরবর্তী সময়ে জলাবদ্ধতা দেখা যায়। ইছামতি নদীর স্বাভাবিক বন্যা স্তরের তুলনায় এর উচ্চতা বেশি হওয়ার কারণে পৌরসভা এলাকায় নদীর পানি অনুপ্রবেশের কোন আশঙ্কা নেই। রাঙ্গামাটি পৌরসভা স্বাভাবিক বন্যার সময় বহিরাগত বন্যা দ্বারা প্রভাবিত হয় না।

জলাবদ্ধতার প্রধান কারণগুলো নিম্নরূপ-

- পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থার অনুপস্থিতি।
- সেকেন্ডারি ড্রেন এবং রাস্তা পাশের ড্রেনগুলোর সমন্বিত নেটওয়ার্কের অভাব।
- সামান্য নিঃসরণ ক্ষমতাসহ বিদ্যমান ড্রেনের মধ্যে ব্লকিং।
- সময়মত ক্রিয়া প্রণালি এবং রক্ষণাবেক্ষণ ব্যবস্থার অভাব।
- ড্রেনে অনিয়ন্ত্রিতভাবে যত্রতত্র কঠিন বর্জ্য ফেলা।
- বন্যা স্তরের নিচে ভবন/ অবকাঠামো নির্মাণ।

মানচিত্র ১২-৩ : রাঙ্গামাটি পৌরসভায় জলাশয়সমূহ

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Water Bodies
- Lake
- Irrigation Canal
- Pond
- Ditch

১২.৯.১ ড্রেনেজ ব্যবস্থার উপর দখলের চাপ

কাপ্তাই লেক দখল, প্রকল্প এলাকার একটি সাধারন চর্চা। এই কাঠামোগুলোর বেশিরভাগ হয় জলাশয়ের উপর অথবা লেকের আশেপাশে খাস জমিতে গড়ে উঠেছে। ইসলামপুর, পুরান পাড়া, ঝুলিক্কা পাহাড়, জালিয়াপাড়ার বস্তিগুলো, পুরাতন বাস স্ট্যান্ড ও রিজার্ভ বাজারের শহীদ মিনার এলাকা, ফরেস্ট কলোনী এলাকা, কাঁঠালতলী আবু সায়েদ স'মিল এলাকা, জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর এলাকা, রাঙ্গামাটি জেনারেল হাসপাতাল এবং জেলা এলাকা লেকের উপর নির্মিত।

দখলের কারণসমূহ

দ্রুত জনসংখ্যা বৃদ্ধি, নগরায়ণ, অপরিকল্পিত উন্নয়ন, এবং নতুন আবাসিক এলাকা উন্নয়ন ও বাণিজ্যিক কার্যক্রমের জন্য অননুমোদিতভাবে ভূমি ভরাট, এবং নীতি নির্দেশিকা এবং তার বাস্তবায়ন অভাব।

দখলের ফল

দ্রুত নগরায়ণ ও অপরিকল্পিত উন্নয়ন কর্মকান্ডের কারণে কাপ্তাই লেকের অননুমোদিত দখল হচ্ছে। কঠিন বর্জ্যের বাছবিচারহীন খালাস, খোলা স্থানে মলত্যাগ এবং লেক এলাকায় কনক্রিট কাঠামো নির্মাণের ফলে পানির মানের পতন ঘটেছে এবং এর ফলে লেকে মাছের উৎপাদনও ব্যাহত হছে।

১২.৯.২ সুপারিশ

অননুমোদিত দখল মূলত বিদ্যমান আইন প্রয়োগের অভাব এবং যথাযথ ভূমি ব্যবহার পরিকল্পনা অনুপস্থিতির ফলাফল। জলাভূমির গুরুত্ব বিবেচনা করে, কাপ্তাই লেক, জলাভূমি, নিচু জমি, প্রাকৃতিক খাল, প্রাকৃতিক জলাশয় এবং পৌরসভার আশেপাশে নদীর সুরক্ষার জন্য কর্তৃপক্ষের জরুরি ভিত্তিতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা উচিত।

ক) খাস জমির জন্য ভূমি তথ্য ব্যবস্থা: প্রকল্প এলাকার বিদ্যমান খাস জমি ও জলাশয়গুলো সনাক্ত ও সংরক্ষণ করতে হবে।

খ) উচ্ছেদের মাধ্যমে পুনরুদ্ধার: ছড়া, নদী এবং অন্যান্য জমিসহ খাস জমির সব অননুমোদিত দখলকারীদের উচ্ছেদ করতে হবে এবং পুনরুদ্ধার করতে হবে।

গ) বাফার অঞ্চল তৈরি: খাসজমিকে আশেপাশের ব্যক্তিমালিকানাধীন ও অন্যান্য জমি থেকে আলাদা করতে খাল ও নদীতীর এবং সড়কের সাথে বাফার অঞ্চল স্থাপন করতে হবে। বৃক্ষরোপণ এবং হাঁটার পথ তৈরির মাধ্যমে এটি করা যায়। এই বাধার ফলে নদী ও খালের উপর এর আশেপাশের জমির মালিকদের অবৈধ দখলের প্রবণতা বন্ধ হবে।

ঘ) জলাভূমির সংজ্ঞা: জলভূমির সংজ্ঞা: জলভূমির একটি স্পষ্ট সংজ্ঞা এবং সীমানা নির্ধারণ করা উচিত, যা পূরণ করা অনুমতি দেওয়া উচিত নয়। ২০০০ সালের জলভূমি সংরক্ষণ আইনটি যথাযথভাবে সংশোধিত হওয়া উচিত, যাতে জলভূমির সংজ্ঞা থাকা উচিত এবং সংশোধিত আইন বিধানের যাতে অমান্য না হয়।

ঙ) জলাশয়ের সীমানা নির্ধারণ: জলাশয়ের সীমানা পরিষ্কারভাবে চিহ্নিত থাকা জরুরী যা পরবর্তীতে ভরাট করতে অনুমোদন দেওয়া হবে না। জলাধার সংরক্ষণ আইন, ২০০০ যথাযথভাবে সংশোধন করে জলাশয় চিহ্নিত করে এই আইনের ধারা ভঙ্গকারীদের দায়িত্ব নির্দিষ্ট করতে হবে।

চ) উন্নয়ন নিয়ন্ত্রণ: নিচু জমি ও জলাভূমিতে ইমারত নির্মাণ অথবা ভূমি উন্নয়নের ছাড়পত্র প্রদান না করার বিধিটি পৌরসভাকে কঠোরভাবে প্রয়োগ করতে হবে। উন্নয়ন কর্মকান্ডের সময় এর এখতিয়ারভুক্ত এলাকার মধ্যে মহাপরিকল্পনার সুপারিশসমূহ বিবেচনা করতে হবে।

ছ) আইনের প্রয়োগ: জলাধার সংরক্ষণ আইন ২০০০ এবং পানি নীতি ১৯৯৯ ভঙ্গকারীদের বিরুদ্ধে পদক্ষেপ নিতে হবে।

জ) পুনর্বাসন: সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবৈধভাবে দখল হওয়া প্রাকৃতিক খালগুলো দখলমুক্ত করে, এর বিদ্যমান কম গভীরতাকে খনন করে, এর নষ্ট হওয়া সংযোগসমূহ পুনরুদ্ধার এবং ড্রেনেজ প্রবাহের রক্ষণাবেক্ষণ করে ড্রেনের প্রবাহের প্রতিবন্ধকতা নিয়ন্ত্রণ করতে হবে। জলাশয়ের অবৈধ দখল নিয়ন্ত্রণে এর কঠোর পর্যবেক্ষণ প্রয়োজন।

ঝ) দখলকৃত স্থানে বসবাসকারী দরিদ্র জনগণকে প্রস্তাবিত পুনর্বাসন এলাকায় স্থানান্তরিত করতে হবে। অন্যথায় তারা পুনরায় দখল করবে।

ঞ) গোষ্ঠীভিত্তিক গণসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করে জলাধার সংরক্ষণ ও নিরাপদ রাখতে হবে।

ট) গোষ্ঠীভিত্তিক কার্যক্রমের মাধ্যমে স্থানীয় উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন।

ঠ) কাপ্তাই লেকের পার উন্নয়ন: কাপ্তাই লেকের পাড় উন্নয়নের মাধ্যমে শহরের বাসিন্দাদের জন্য একটি বিনোদন কেন্দ্র গড়ে তোলা যায়। এখানে লেকের দৃশ্য উপভোগ, হাঁটা এবং অলস সময় কাটানোর ব্যবস্থা থাকতে পারে। এই সুন্দর জায়গাটিতে ব্যারেল সেতু, নৌকার চালানোর সুযোগ-সুবিধা, রাবার সুইমিং পুল ইত্যাদি প্রদান করার মাধ্যমে আরও আকর্ষণীয় করে তোলা যেতে পারে। নদীরপড়ের উন্নয়ন এবং হাঁটার রাস্তা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে জনগণকে বিনোদন সুবিধা দেওয়ার উদ্দেশ্যে পরিকল্পনাটি প্রস্তাব করা হয়েছে।

১২.১০ প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক

জরিপ রিপোর্ট থেকে দেখা যায় যে, রাঙ্গামাটি পৌরসভায় ১০.০২ কি.মি. সেকেন্ডারি ড্রেন আছে। কিন্তু বিদ্যমান এই ড্রেনেজ ব্যবস্থা ভবিষ্যৎ ২০ বছরের জন্য যথেষ্ট নয়। জনসংখ্যা প্রক্ষেপণ ও বর্তমান চাহিদার ভিত্তিতে বিশেষজ্ঞরা আরও ৪০.৪২ কি.মি. নতুন সেকেন্ডারি ড্রেন প্রস্তাব করেছে এবং বিদ্যমান ড্রেনের ১২.৯৪ কি.মি. উন্নয়ন ও পুনঃনির্মাণের প্রস্তাব দিয়েছেন। মহাপরিকল্পনায় শুধুমাত্র সেকেন্ডারি ড্রেনের প্রস্তাবনা দেওয়া আছে। পৌরসভার নিজস্ব চাহিদা অনুসারে টারশিয়ারি ও অ্যাকসেস ড্রেন নির্মাণ করা হবে।

সারণি ১২-১২: রাঙ্গামাটি পৌরসভার সেকেন্ডারি ড্রেনের (প্রস্তাবিত নতুন ও পুনঃসংস্কার) ওয়ার্ড ভিত্তিক বণ্টন

ওয়ার্ড নং	মোট সেকেন্ডারি ড্রেন (কি.মি.)	প্রস্তাবিত নতুন ড্রেন (কি.মি.)	প্রস্তাবিত সংস্কার (কি.মি.)
১	২.২৯৩	২.১৩৬	০.১৫৭
২	৪.২২৮	৩.৪৩৫	০.৭৯৩
৩	৪.১২১	৩.০৭২	১.০৫০
৪	৫.৬৩১	৪.৬১৫	১.০১৬
৫	৭.৭০৯	৬.৯৮২	০.৭২৭
৬	১০.৩২৭	৫.১৫৫	৫.১৭২
৭	৪.৪০৪	৩.৪৭১	০.৯৩৩
৮	৭.৬৪৯	৬.২৭০	১.৩৭৯
৯	৬.৯৯৩	৫.২৮৩	১.৭১০
মোট	**৫৩.৩৫৬**	**৪০.৪১৮**	**১২.৯৩৮**

১২.১১ ড্রেনেজ ব্যবস্থাপনা ও বন্যা নিয়ন্ত্রণের জন্য পরিকল্পনা

১২.১১.১ সেবা এলাকা

প্রয়োজনীয়তার ভিত্তিতে ২০৩৭ সাল পর্যন্ত প্রস্তাবিত ড্রেনেজ পরিকল্পনা গড়ে তোলা হয়েছে। এটি তিন/ চারটি ধাপে বাস্তবায়ন করা হবে। প্রথম ধাপ বা প্রাথমিক উন্নয়ন কার্যক্রম ২০১৭ থেকে শুরু করে ২০৩৭ এর মধ্যে চূড়ান্ত ধাপ বাস্তবায়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। বস্তুত, কিছু অর্থনৈতিক কারণ; যেমন- সময় ও অর্থ বিনিয়োগের বিষয়গুলো বিবেচনায় রেখে পরিকল্পনা ও বাস্তবায়নের ভিত্তিতে এই ধাপগুলো গ্রহণ করা হয়েছে। বাস্তবায়ন প্রক্রিয়ার অন্তর্বর্তী সময়ে

মহাপরিকল্পনাটি পর্যালোচনা করা প্রয়োজন। একইভাবে, বিভিন্ন লক্ষ্য বছরের; যেমন- ২০২২, ২০২৭, ২০৩২, এবং ২০৩৭ এর জন্য সেবা এলাকার উপরও কাজ করা হয়েছে।

১২.১১.২ ড্রেনেজ পরিকল্পনায় অন্তর্ভূক্ত উপাদানসমূহ

রাঙ্গামাটি কাপ্তাই লেক দ্বারা বেষ্টিত এবং এর বেশিরভাগ উপত্যকা সারা বছর পানির নিচে থাকে। একারণে, পরিকল্পনাটি প্রস্তাব করে যে-

- বর্তমান ড্রেনেজ ব্যবস্থাকে উন্নয়ন করে বিভিন্ন অংশ সংযোগের মাধ্যমে একটি সমন্বিত ড্রেনেজ ব্যবস্থা গড়ে তোলা। বিদ্যমান কাপ্তাই লেক, ছড়াসমূহ ও কাঁচা ড্রেনসমূহ এবং বদ্ধ হয়ে থাকা ড্রেনের উপর নির্ভরশীল ড্রেনেজ ব্যবস্থা দীর্ঘ সময়ের জন্য টেকসই নয়। তবে এই বর্তমান ড্রেনের নেটওয়ার্কই ভবিষ্যৎ পরিকল্পনার ভিত্তি তৈরি করে যার ফলে বর্তমান খাল ও ড্রেনসমূহ উন্নয়নের মাধ্যমে নতুন নেটওয়ার্ক তৈরি করা হবে। বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্ক যথাসম্ভব অনুসরণ করেই নতুন ড্রেনেজ পরিকল্পনা প্রস্তাব করা হবে।
- পৌরসভার উঁচু ভূমির জন্য সেকেন্ডারি/ টারশিয়ারি ড্রেনগুলো পরিষ্কার করে নকশা অনুযায়ী পুনঃনির্মাণ করা হবে যাতে এর মাধ্যমে পার্শ্ববর্তী কাপ্তাই লেক/প্রধান ছড়া/ আউটফলে সহজেই পানি নিষ্কাশিত হতে পারে।
- কাপ্তাই লেকের ব্যবহার করে বিনোদনমূলক উদ্দেশ্যের জন্য লেক উন্নয়ন করা;
- উন্নয়ন গতিশীল হওয়ার সাথে সাথে যেসব এলাকায় প্রয়োজন সবচেয়ে বেশি সেগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে পৌরসভা জুড়ে বিদ্যমান কাচা ড্রেনগুলো ক্রমবর্ধমানভাবে ইট বা কংক্রিটের আচ্ছাদন দিয়ে উন্নীত করা হবে।
- সকল ভবিষ্যৎ নগরায়িত এলাকায় ড্রেনেজ ব্যবস্থা প্রদান করতে হবে যা এখানে উপস্থাপিত পরিকল্পনায় একীভূত করা হয়েছে। সর্বাধিক ব্যয় সংকোচ ও কার্যকারিতার জন্য নতুন সড়ক নির্মাণের সাথে সাথেই নতুন ড্রেন সরবরাহ করতে হবে।

মানচিত্র ১২-৪ ও প্রকল্প এলাকায় প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক দেখানো হয়েছে।

১২.১১.৩ ডিজাইনের পদ্ধতি এবং বিবেচ্য বিষয়াদি

ড্রেনেজ মহাপরিকল্পনা তৈরিতে ডিজাইন পন্থা উন্নয়ন ব্যবহার করে প্রতিবেদনে উপস্থাপনা করা হয়েছে, পরামর্শকরা ড্রেনেজ ডিজাইনের পন্থা নির্ধারণে ব্যয়, কার্যক্ষমতা, স্থায়িত্ব, নির্মাণ ও পর্যালোচনার বর্তমান অবস্থা বিবেচনা করা হয়েছে। নাগরিকদের জীবনের দৃশ্যমান সামাজিক উন্নয়ন আকাঙ্খিত ফলাফল অর্জনে সবচেয়ে বড় বিষয় বলে বিবেচ্য। এছাড়া বন্যাজনিত বার্ষিক ব্যয় হ্রাসকে সবচেয়ে বড় গণনাযোগ্য সুবিধা হিসেবে বিবেচনা করা হয়েছে। অসুস্থতা ও শিশুমৃত্যু হ্রাস এবং জীবনকাল বৃদ্ধিকে সবচেয়ে বড় অগণনাযোগ্য সুবিধা হিসেবে বিবেচনা করা হয়েছে।

কর্তৃপক্ষ ও নাগরিকদের অর্থনৈতিক সঙ্গতি, সকল নির্মাণ ও পর্যালোচনা ব্যয় বিভিন্ন নির্মাণপদ্ধতি নির্ধারণে বড় নিয়ামক হিসেবে কাজ করবে। প্রকল্পের অন্তর্ভূক্ত সময়ে কর্তৃপক্ষ দ্বারা দীর্ঘমেয়াদি নির্মাণকার্য ও পর্যালোচনা চালিয়ে নেওয়ার ক্ষমতাও একটি বিবেচ্য বিষয়। এইসব বিবেচ্য বিষয়ের অধীনে নিম্নলিখিত পন্থাগুলো ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নে প্রস্তাব করা হয়েছে যা অবশ্যই বাস্তবায়ন করবে পৌরসভা।

পরামর্শকরা এসব বিষয় বিবেচনা করে রাঙ্গামাটি পৌরসভার ড্রেনেজ পরিকল্পনা তৈরি করতে কিছু বড় আকারের পদক্ষেপ নিয়েছেনঃ

ক) নালাসমূহের উন্নয়নঃ

সকল প্রধান প্রধান ছড়া ও কাপ্তাই লেক উন্নয়ন কর্মকান্ড বর্তমান উন্মুক্ত নালা/ প্রাইমারি ড্রেন এবং রাঙ্গামাটি পৌরসভার জন্য নতুনভাবে নির্মিত প্রাইমারি/ সেকেন্ডারি ড্রেনের নেটওয়ার্ক উন্নয়ন ও পুনর্নির্মাণের মধ্যে সীমাবদ্ধ থাকবে। উন্নয়ন কর্মকান্ডের মধ্যে থাকবে; ময়লা পরিষ্কার করা, গভীরতা বৃদ্ধি, রি-সেকশন এবং রি-স্লোপ করা। কাঁচা ও পাকা, যেখানে

যা প্রয়োজন, উভয় ক্ষেত্রেই নতুন নির্মাণ বিবেচনা করা হবে। নতুন নির্মাণকাজের ক্ষেত্রে যেটি অধিক যথাযথ মনে হবে তার ভিত্তিতে কাঁচা এবং পাকা উভয় ধরণের নালা বিবেচনা করা হবে।

খ) ভূমি অধিগ্রহণঃ

ভূমি অধিগ্রহণে সময় এবং ব্যয় বেশি হওয়ার কারণে; এখানে নতুন অধিগ্রহণের পরিমাণ যথাসম্ভব কম করা হবে। প্রকল্প এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণ করার জন্য ৫ একর জমি অধিগ্রহণের প্রস্তাব রাখা হয়েছে।

গ) জল ধারণ ক্ষেত্রঃ


বিদ্যমান কাপ্তাই লেক প্রকল্প এলাকার জন্য জল ধারণ ক্ষেত্র হিসেবে কাজ করে। সুতরাং আর কোনো রাঙ্গামাটির জন্য আর কোনো জল ধারণ ক্ষেত্র প্রয়োজন নেই।

ঘ) ড্রেনেজ ব্যবস্থার ধারণক্ষমতাঃ

২০৩৭ সাল পর্যন্ত উন্নয়ন বিবেচনায়; ড্রেনেজ ব্যবস্থা এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে এটি সর্বোচ্চ বৃষ্টিপাতের গড় বার্ষিক বৃষ্টিপ্রবাহ (যথা, টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেনের জন্য ২-বছর অন্তর বিবেচনায় এবং প্রাইমারি ড্রেনের জন্য ৫-বছর অন্তর বিবেচনায়) কোনপ্রকার উপচানো ব্যতীত প্রবাহিত করতে পারে। উন্নত এলাকার জন্য ড্রেনেজ ডিজাইন করা হয়েছে বর্তমান অবস্থাকে বিবেচনায় এনে এবং যেসকল এলাকা এখনও পরিপূর্ণভাবে উন্নত নয় সেসব এলাকায় ড্রেনের ধারণক্ষমতা এর উন্নয়নকালে প্রয়োজনের তুলনায় কিছুটা বেশি হবে। বৃষ্টিপাতের পরিমাণ যদি ডিজাইনের ধারণক্ষমতার বেশি হয়; তবুও তা বেশিক্ষণ জমা না থেকে বৃষ্টিপাতের এক ঘণ্টার মধ্যেই নিষ্কাশিত হবে।

মানচিত্র ১২-৪ : রাঙ্গামাটি পৌরসভার ড্রেনেজ নেটওয়ার্ক পরিকল্পনা

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area
- Water Bodies

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Proposed Drainage Network
- Secondary, New
- Secondary, Upgradation

ঙ) ট্রাশ র‍্যাক ও সাম্পঃ

ট্র্যাশ র‍্যাক ও সাম্প সাধারনত ড্রেনেজ সিস্টেমে ভগ্নাবশেষ (পলি ও কঠিন বর্জ্য) প্রবেশ প্রতিরোধ করে। ড্রেনেজ সিস্টেমে এই ভগ্নাবশেষ জমা হওয়ার ফলে গুরুতর সমস্যা হওয়ার সম্ভাবনা থাকে। এছাড়া, নিয়মিত ড্রেনেজ ব্যবস্থার পরিষ্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ খরচ কমাতেও ট্র্যাশ র‍্যাক ও সাম্প প্রয়োজন। ট্র্যাশ র‍্যাক ও সাম্পকে রাঙ্গামাটির জন্য যথাযথ বিবেচনা করা হয়। ড্রেনেজ পরিকল্পনায় ট্র্যাশ র‍্যাক ও সাম্পের অবস্থান বিশেষভাবে সনাক্ত না করা হলেও চূড়ান্ত প্রকৌশল নকশায় এবং সকল কার্যসূচিতে এই অবস্থানগুলো সনাক্ত করা উচিত।

চ) খাল/জলাধার উপচানোঃ

পাহাড়ী ঢলের কারণে কাপ্তাই লেকের নৈমিত্তিক উপচে পরা মূলত পৌরসভার নিচু এলাকায় বন্যার কারণ, যা ড্রেনেজ পরিকল্পনার প্রসারের বাইরে। যার জন্য এক্ষেত্রে এই রিপোর্টে কোনও বিশদ প্রস্তাবনা নেই। শুধুমাত্র কাপ্তাই লেকের পানি কী পরিমাণ নিয়ন্ত্রণ করতে হবে সে ব্যাপারে বলা হয়েছে। পৌরসভার উচিত হবে তারা ভবিষ্যতে এই নিচু জমিসমূহ ভরাট হওয়া থেকে রক্ষা করা।

ছ) রক্ষণাবেক্ষণঃ

ড্রেনেজ ব্যবস্থার সঠিক কার্যকারিতার জন্য একটি যথাযথ রক্ষণাবেক্ষণ কার্যক্রম থাকা অপরিহার্য। এই কার্যক্রমের ভেতর পরিদর্শন, নীতিমালার প্রয়োগ, পরিষ্কার এবং মেরামত থাকা আবশ্যক। পরিদর্শন ও পরিষ্কারের পুনরাবৃত্তি নির্ভর করবে বছরের বিভিন্ন ঋতুর উপর। বর্ষাকাল শুরু হওয়ার সাথে সাথে পরিদর্শন ও পরিষ্কারের পুনরাবৃত্তির হার বাড়তে থাকবে। রক্ষণাবেক্ষণ কার্যক্রমের মধ্যে আছেঃ

পরিদর্শন

- পাকা খোলা ড্রেন - সবগুলো মাসে একবার; বাজার এলাকায় প্রতি সপ্তাহান্তে একবার
- পাকা আবদ্ধ ড্রেন - মাসিক একবার; ফেব্রুয়ারি মাসে ড্রেন উন্মুক্ত করে
- কাঁচা ড্রেন – মাসিক
- সকল ড্রেন - মৌসুমের প্রথম ভারী বর্ষণের পর

পরিষ্করণ

- পাকা খোলা ড্রেন - যখন প্রয়োজন
- পাকা আবদ্ধ ড্রেন - ফেব্রুয়ারি মাসে যখন উন্মুক্ত করা হয়
- কাঁচা ড্রেন এবং কালভার্ট/ ব্রিজ - জানুয়ারি অথাবা ফেব্রুয়ারি মাসে বৃষ্টির পূর্বে
- সকল ড্রেন - পরিদর্শনে প্রয়োজন বোধ হলে

পরিদর্শনের ফলে ড্রেনের কোথায় মেরামত প্রয়োজন এবং কোথায় তা অবৈধ দখলের শিকার তা চিহ্নিত করা সম্ভব হয়। এসব ক্ষেত্রে দ্রুত সঠিক পদক্ষেপ নেওয়া জরুরী। সম্পূর্ণভাবে আবদ্ধ পাকা ড্রেন ও ছোট কালভার্ট পরিষ্কার করা অনেক জটিল ও সময়সাপেক্ষ। পরিচ্ছন্নতা কার্যক্রম সহজে করার জন্য নতুন ড্রেনসমূহ স্থানান্তরযোগ্য ঢাকনা সহকারে নির্মাণ করতে হবে। খাল/ড্রেন প্রভৃতির নির্মাণ কাজ করে থাকে প্রকৌশল শাখা কিন্তু এগুলোর পরিচ্ছন্নতার কাজটি করে পরিচ্ছন্নতা শাখা। ড্রেনের রক্ষণাবেক্ষণ কার্যক্রম নিম্নলিখিত কাজের সাথে সম্পর্কিতঃ

- ড্রেনের পরিচ্ছন্নতা
- মশক নিধন
- বর্জ্য ব্যবস্থাপনা
- ড্রেনের কাঠামোগত রক্ষণাবেক্ষণ

পৌরসভা কর্তৃপক্ষকে ড্রেনের জন্য একটি নিয়মিত প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কার্যক্রম হাতে নিতে হবে। এই প্রকল্পের অধীনে নেওয়া কাঠামোগত উন্নয়ন এক্ষেত্রে একটি টেকসই ব্যবস্থা প্রদান করবে। যদি রক্ষণাবেক্ষণ কার্যক্রম সঠিকভাবে পালন না করা হয় তাহলে তা ভবিষ্যতে অনেক খারাপ ফল বয়ে নিয়ে আসবে। যদিও ড্রেনের রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরবর্তিতে বাস্তবায়নের সময় নির্ধারিত হবে; তবুও এই পরিকল্পনার অধীনে এর জন্য একটি দিকনির্দেশনা দেওয়া হল।

- ড্রেনসমূহ প্রতি মাসে একবার পরিষ্কার করা উচিত। এটা কখনই প্রতি তিন মাসে একবারের কম হওয়া উচিত নয়।
- একজন পরিচ্ছন্নতা কর্মীর জন্য প্রতিদিনের নির্ধারিত প্রাইমারি/ সেকেন্ডারি ড্রেন ৫০ মিটার।
- প্রতি ১০ জন পরিচ্ছন্নতা কর্মীর জন্য একজন জমাদার নিয়োজিত থাকবে এবং প্রতি ৪ জন জমাদারের জন্য ১ জন স্যানিটারি ইন্সপেক্টর থাকবে।
- পর্যাপ্ত পরিমাণ যন্ত্রপাতির ব্যবস্থা রাখা। প্রতি পরিচ্ছন্নতা কর্মীর জন্য হুইল ব্যারো এবং অন্যান্য হস্তচালিত যন্ত্রপাতি এবং বর্জ্য পরিবহনের জন্য ৩ টন ধারণক্ষমতার ট্রাকের ব্যবস্থা রাখা।

১২.১১.৪ বিভিন্ন ধাপে ড্রেনেজ ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়নের জন্য ধারণাগত পরিকল্পনা

প্রথমেই প্রাধান্য এলাকাগুলো বন্ধুরতা (ট্রপোগ্রাফিক) জরিপ, ভৌত অবকাঠামো জরিপ, স্থানীয় জনগণ ও কর্তৃপক্ষের সাথে মতবিনিময়ের মাধ্যমে ঠিক করা হয়েছে। শহরের কেন্দ্রীয় এলাকা ও ঘনবসতিপূর্ণ আবাসিক এলাকার ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নে বিশেষ নজর দেওয়া হয়েছে। ড্রেনেজ ব্যবস্থাপনার বিভিন্ন কাজের প্রাধান্য বিভিন্ন ধাপ অনুসারে দেওয়ায় উচিত। কর্তৃপক্ষ পরবর্তীতে অর্থের সংকুলানের ভিত্তিতে দ্বিতীয় ধাপের কাজগুলো করবে।

পরিকল্পনা বাস্তবায়নের ধাপসমূহ প্রাধান্যের উচ্চক্রম অনুসারে বিভিন্ন সময়কালে বিভক্ত করা হয়েছে। প্রথম ধাপের (২০১৮-২০২২) প্রস্তাবনাসমূহ যথাসম্ভব শীঘ্রই অর্থায়ন নিশ্চিত করে সম্পন্ন করা উচিত। বাকি কাজগুলো আরোও তিন ধাপে; যথা- ধাপ ২ (২০২২-২০২৭), ধাপ ৩ (২০২৮-২০৩২) এবং ধাপ ৪ (২০৩৩-২০৩৭) বিভিন্ন প্রকল্পের অধীনে সম্পন্ন করতে হবে।

১ম ধাপের (২০১৮-২০২২) কাজসমূহঃ

বিদ্যমান সকল খাল/ড্রেনের পরিচ্ছন্নতা এবং পানিপ্রবাহে যত বাঁধা আছে তা অপসারণ করা।

- বর্তমান খাল/প্রাইমারি ড্রেনসমূহের পুনঃচ্ছেদ (রি-সেকশন) করা (কোদালিছড়া খাল, মনু নদী)
- টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেন তৈরি ও উন্নয়ন
- বিভিন্ন ড্রেনেজ অবকাঠামো (ব্রিজ/কালভার্ট) এর নির্মাণ ও পুনঃনির্মাণ
- জমি অধিগ্রহণ (যদি প্রয়োজন হয়)

২য় ধাপের (২০২৩-২০২৭) কাজসমূহঃ

অবশিষ্ট ছড়া/প্রাইমারি ড্রেনসমূহের পুনঃচ্ছেদ করা;

- অবশিষ্ট টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেন পুনঃনির্মাণ ও উন্নয়ন
- অবশিষ্ট বিভিন্ন ড্রেনেজ অবকাঠামো (ব্রিজ/কালভার্ট) এর নির্মাণ ও উন্নয়ন

৩য় ধাপের (২০২৮-২০৩২) কাজসমূহঃ ৪র্থ ধাপের (২০৩৩-২০৩৭) কাজসমূহঃ

- অবশিষ্ট টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেন তৈরি ও উন্নয়ন
- অবশিষ্ট বিভিন্ন ড্রেনেজ অবকাঠামো (ব্রিজ/ কালভার্ট) এর নির্মাণ ও উন্নয়ন

৪র্থ ধাপের (২০৩৩-২০৩৭) কাজসমূহঃ


- অবশিষ্ট টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেন তৈরি ও উন্নয়ন
- অবশিষ্ট বিভিন্ন ড্রেনেজ অবকাঠামো (ব্রিজ/কালভার্ট) এর নির্মাণ ও পুনঃনির্মাণ

বিভিন্ন ধাপের ওয়ার্ড ভিত্তিক ড্রেনেজ নেটওয়ার্ক ও অবকাঠামোর প্রস্তাবের বণ্টন পরবর্তী অংশে দেয়া হয়েছে।

১২.১১.৪.১ ড্রেনেজ অবকাঠামোর ওয়ার্ড ভিত্তিক বণ্টন

প্রকল্প এলাকার জনজীবন নির্বিঘ্নে চলার জন্য যেসব গুরুত্বপূর্ণ অবকাঠামো সহায়তা প্রয়োজন, তার মধ্যে ড্রেনেজ ও বন্যা নিয়ন্ত্রণ বিধান অন্যতম। প্রবেশপথে বাঁধা সৃষ্টি না করে বর্জ্য জলের কার্যকর প্রবাহের জন্য কনসাল্টেন্ট কিছু কালভার্ট/ ব্রিজ প্রস্তাব করেছেন। একটি সাধারন বক্স কালভার্টের নকশা এখানে উপস্থাপন করা হলো।

চিত্রলেখ ১২-৮: একটি বক্স কালভার্টের নমুনা নকশা এবং উচ্চতা



<u>উন্নত ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে পরিবেশগত অবস্থার উন্নয়ন</u>

ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের ফলে একটি এলাকার জলাবদ্ধতা সম্পর্কিত সমস্যাসমূহ যথা; পচা আবর্জনার দুর্গন্ধ, পোকামাকড়, মশা এবং পাশাপাশি বৃষ্টিপাতের ফলে স্থানীয় বন্যা প্রভৃতি দূর হয়।

ড্রেন যদিও বৃষ্টির পানি নির্গমে তৈরি করা হয়ে থাকে; তবুও এর মাধ্যমে বর্জ্য পদার্থ, সেপটিক ট্যাঙ্কের বর্জ্য এবং স্থানীয় অন্যান্য বর্জ্য জল প্রবাহিত হয়ে থাকে। এই সমস্যার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলো নেওয়া যেতে পারেঃ

১. পৌরসভা কর্তৃপক্ষ নাগরিকদের দূষণ থেকে বিরত থাকতে উদ্বুদ্ধ করবে এবং দূষণকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিবে
২. কেন্দ্রীয় শহরে পাবলিক টয়লেট ও স্বল্প আয়ের মানুষের বসতি এলাকায় পিট ল্যাট্রিন তৈরি করে উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করা
৩. ড্রেনের আউটলেট-এ তেল ও পলির জন্য ছাঁকুনি বসানো এবং ট্রাশ র‍্যাক ও সাম্প এর মাধ্যমে ড্রেনেজ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ কার্যক্রমে অর্থ ব্যয় হ্রাস করা।

সহায়ক ব্যবস্থার মাধ্যমে ড্রেনের সীমানা (রাইট-অফ-ওয়ে) রক্ষা করা

ভৌত নির্মাণ কার্যক্রমের সাথে সাথে এর কার্যকারিতা নিশ্চিত করতে ড্রেন রক্ষণাবেক্ষণে কর্তৃপক্ষের কিছু নীতিমালা মেনে চলা উচিত। ভবিষ্যতে এই সহায়ক কার্যক্রমগুলো ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন নিশ্চিত করবে। সহায়ক কার্যক্রমগুলো নিম্নরূপ হতে পারেঃ

ক. নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য বার্ষিক বাজেটে যথেষ্ট অর্থ বরাদ্দ রাখা

খ. ড্রেনেজ পরিকল্পনার ভিত্তিতে সকল বর্তমান ও ভবিষ্যতের পরিকল্পিত ড্রেনের অবস্থান নির্ধারণ করে আইন অনুসারে এসব এলাকা অবৈধ অবকাঠামো উন্নয়ন ও দখলমুক্ত রাখা।

গ. ড্রেনেজ ব্যবস্থাপনা পরিকল্পনা অনুসারে নিচু এলাকাসমূহ চিহ্নিত করা যেখানে বন্যার সময় পানি জমে যায় এবং যেখান থেকে অভিকর্ষের প্রভাবে পানি নিষ্কাশন সম্ভব নয়। নাগরিকদের ভবিষ্যতে ভবন নির্মাণে নিরাপদ উচ্চতা নির্ধারণ করে দেওয়া যাতে পরবর্তীতে তা তাদের জন্য ক্ষতির কারণ না হয়ে দাঁড়ায়।

ঘ. যেকোন ধরণের উন্নয়ন কর্মকান্ডের জন্য নিম্নলিখিত নীতিমালাসমূহ অনুসরণে বাধ্য করাঃ

- ২ বছরের রিকারেন্স লেভেল এর সাথে ০.৫০ মিটার যোগ করে অথবা ৫ বছরের রিকারেন্স লেভেলের সাথে ০.২৫ মিটার যোগ করে যেটি বেশি হবে সেটিই হবে যেকোন সাইট ডেভেলপমেন্টের সর্বনিম্ন অনুমোদিত উচ্চতা।
- আবাসিক ভবনের প্লিন্থ ও স্বল্প মূল্যের বাণিজ্যিক ভবনের জন্য ভূমির সর্বনিম্ন অনুমোদিত উচ্চতাঃ ২ বছর রিকারেন্স লেভেলের সাথে ০.৫০ মিটার অথবা ৫ বছর রিকারেন্স লেভেলের সাথে ০.২৫ মিটার যোগ করে সেটি বেশি হয় সেটি।
- উচ্চমূল্যের বাণিজ্যিক ভবন, শিল্প এলাকা প্রভৃতির জন্য সর্বনিম্ন অনুমোদিত উচ্চতাঃ ১০ বছর রিকারেন্স লেভেলের সাথে ০.৫০ মিটার অথবা ২৫ বছর রিকারেন্স লেভেলের সাথে ০.২৫ মিটার যোগ করে যেটি বেশি হয় সেটি।

ঙ. ড্রেনের মধ্যে ময়লা-আবর্জনা, পলি প্রভৃতির পরিমাণ কমাতে দীর্ঘমেয়াদি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা; যাতে ভবিষ্যতে রক্ষণাবেক্ষণ কর্মকান্ডে অর্থ ব্যয় কম হয়ঃ

- আইন প্রয়োগের মাধ্যমে ড্রেনে ময়লা ফেলা বন্ধ করা
- ডাস্টবিনের সহজলভ্যতা নিশ্চিত করা এবং এর সঠিক ও নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিত করা
- আইন প্রয়োগ ও কার্যকর পরিচ্ছন্নতা সেবার মাধ্যমে ড্রেনে রাতের কঠিন বর্জ্য ফেলা পরিহার করা।
- ড্রেনের সাথে যাতে সরাসরি সেপটিক ট্যাঙ্কের সংযোগ দেওয়া না হয় সেজন্য আইনের সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করা
- ট্রাশ র‍্যাক ও সাম্প স্থাপন করে বৃষ্টির পানির সাথে প্রবাহিত আবর্জনা আলাদা করা।

চ. বিভিন্ন সভা সমাবেশের মাধ্যমে জনগণকে ড্রেনেজ সমস্যা এবং অননুমোদিত কর্মকান্ডের ব্যাপারে সচেতন করা।

ছ. সকল অবৈধ দখল, অনুপ্রবেশ থেকে ড্রেনসমূহ মুক্ত রেখে এর গাঠনিক কাঠামো সুনিশ্চিত রাখা।

১২.১১.৪.২ ড্রেনেজ ব্যবস্থাপনা পরিকল্পনার বাস্তবায়ন, পর্যবেক্ষণ, পর্যালোচনা এবং সমন্বয়

জুলাই-আগস্ট মাসের ভারী বর্ষণের সময় (সাধারণত ৩০-৪০ দিন) রাঙ্গামাটি পৌরসভার কিছু কিছু এলাকায় ভারী বর্ষণের ফলে আকস্মিক বন্যা হয়ে জলাবদ্ধতা সৃষ্টি হয়। জমাটবদ্ধ পানির গভীরতা ১ মিটার থেকে ২ মিটার পর্যন্ত হয়ে থাকে; যা

প্রায় ৩ দিন পর্যন্ত আটকে থাকে। নগরায়নের বৃদ্ধির কারণে ভবিষ্যতে এই সমস্যা আরোও খারাপ পর্যায়ের দিকে অগ্রসর হবে। জলাবদ্ধতার মূল কারণসমূহ নিম্নরূপঃ

- ছড়া/ ড্রেনের পর্যাপ্ত ও নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রমের অভাব।
- অপরিকল্পিত ও নকশা বহির্ভূত বিদ্যমান ড্রেনেজ ব্যবস্থা।
- ছড়া/ড্রেনের অবৈধ দখল।
- ময়লা আবর্জনা ও কারখানার বর্জ্য দ্বারা ড্রেন ভরে যাওয়া।
- কম সংখ্যক প্রাইমারি, সেকেন্ডারি ও টারশিয়ারি ড্রেন এবং এদের মধ্যকার অপর্যাপ্ত সংযোগ।
- কিছু স্থানে ড্রেনের অনুপস্থিতি।

উপরোক্ত সমস্যা মোকাবেলায় নিম্নলিখিত পদক্ষেপ সমূহ নেওয়া প্রয়োজনঃ

- রাঙ্গামাটি পৌরসভার জন্য প্রস্তাবিত ড্রেনেজ ব্যবস্থাটি বেশিরভাগ বৃষ্টির পানি বিদ্যমান প্রাইমারি চ্যানেল হয়ে পরিশেষে আউটফলে নিঃসরিত হওয়ার একটি উদ্দেশ্য নিয়ে পরিকল্পনা করা হয়েছে। আউটফলগুলোর মধ্যে রয়েছে- কাপ্তাই লেক ও অন্যান্য ছড়া যেগুলো মহাপরিকল্পনা এলাকার মধ্যে বিদ্যমান প্রাইমারি চ্যানেলগুলোর মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে।
- কাপ্তাই লেকের কার্যকর পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের প্রস্তাবনা দেওয়া হয়েছে।
- যথাসময়ে মহাপরিকল্পনা প্রণয়ন করে এর অধীনে প্রকল্প হাতে নিয়ে রাঙ্গামাটি পৌরসভার ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নে কাজ করলে এই এলাকায় বসবাসরত জনগণ জলাবদ্ধতা ভোগান্তি থেকে মুক্ত হবে।
- প্রস্তাবিত পরিকল্পনা অর্থনৈতিক, কারিগরী ও সামাজিকভাবে যাচাইকৃত। বিভিন্ন কর্মকান্ডের প্রাধান্য শহরের জনগণের ড্রেনেজ ব্যবস্থার বর্তমান দুর্গতির ভিত্তিতে নির্বাচিত। প্রকল্প বাস্তবায়িত হলে তা রাঙ্গামাটি পৌরসভার প্রধান প্রধান এলাকা যেখানে জনবসতির ঘনত্ব মধ্যম থেকে উচ্চ সেখানের ড্রেনেজ সমস্যাগুলো সমাধানে সক্ষম হবে।
- প্রস্তাবিত ড্রেনেজ মহাপরিকল্পনার ব্যাপারে বিভিন্ন উন্নয়ন কর্তৃপক্ষকে অবগত করার মাধ্যমে এর দ্বীত্বতা রোধ করা। সুতরাং, বাস্তবায়নের সময় ডিপিএইচই, পাউবো, এলজিইডি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এবং অন্যান্য উন্নয়ন কর্তৃপক্ষের সাথে সমন্বয় করতে হবে যাতে বাস্তবায়নে কোনও বাধা তৈরি না হয়।
- প্রথম ধাপের উন্নয়ন কর্মকান্ডের জন্য কর্তৃপক্ষকে বাইরের কোনও দাতা গোষ্ঠী যেমন, এডিবি, বিশ্বব্যাংক প্রভৃতির কাছ থেকে লোন গ্রহণ করা; কারণ পৌরসভার নিজস্ব অর্থায়নে কাজগুলো সম্পাদন করা সম্ভব নয়।
- রাঙ্গামাটি পৌরসভার রাজস্ব আয় মাঝামাঝি ধরণের। পৌরসভা সময়মতো তাদের রাজস্ব ও আদায় করতে পারে না। পৌরসভাকে তাদের নিজস্ব আয় বাড়ানোতে জোর দেয়া যাতে করে তারা এই ড্রেনেজ ও পরিবেশগত পরিকল্পনা বাস্তবায়ন করতে পারে।
- পৌরসভার আর্থিক সক্ষমতা বৃদ্ধি করতে রাজস্ব আদায়ে তাদের আরো সক্রিয় হতে হবে পাশাপাশি বকেয়া আদায় এবং নির্দিষ্ট সময় পর পর রাজস্বের পরিমাণ পুনঃ মূল্যয়ন করতে হবে। ৫ বছর পর পর পুনঃ মূল্যয়ন করা যেতে পারে। এই প্রক্রিয়াটি খুব ভালোভাবে শুরু করতে হবে। এই প্রক্রিয়া অনেক আগেই শুরু করতে হবে যাতে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের আবেদন সময়মত কাজ নিষ্পত্তি করে কাজ সময়মত শেষ করা যায়। বড় পরিমাণ খেলাপিদের জন্য বিশেষ পরোয়ানা জারি করা যেতে পারে। এর ফলে সুশাসন এবং আর্থিক সংগতি অর্জন করা যাবে।

১২.১২ সেতু, কালভার্ট ও স্লুইস গেট

১২.১২.১ বিদ্যমান সেতু ও কালভার্ট

পৌরসভা সংযোগকারী রাস্তাগুলোয় বেশ কয়েকটি সেতু ও কালভার্ট আছে। এর মধ্যে কিছু সেতু পাকা, কিছু স্টিলের তৈরি এবং কিছু কাঠের তৈরি। দুটি স্টিলের ব্রিজ আছে যার একটি তবলছড়ি বাজারে এবং আরেকটি আসাম বস্তি এলাকায় অবস্থিত। আসাম বস্তি সড়কে তিনটি RCC সেতু রয়েছে। সেগুলো স্টিলের সেতুগুলোর চেয়ে তুলনামূলকভাবে ভালো অবস্থায় আছে। স্টিলের সেতুগুলো সেকেলে ও সরু। এগুলো ছাড়াও, তিনটি ফুটওভার ব্রিজ আছে, যেগুলো গর্জনতলী সড়ক, লুম্বিনী বন বিহারের কাছে এবং TTC এলাকায় অবস্থিত। বিখ্যাত ঝুলন্ত সেতুটি পর্যটন এলাকায় অবস্থিত। এটি পর্যটকদের জন্য একটি আকর্ষণ। সেতুগুলোর কিছু স্থিরচিত্র পরবর্তী অংশে উপস্থাপন করা হলো।




স্থিরচিত্র ১২-২ : রাঙ্গামাটি পৌরসভায় সেতু

১২.১২.২ প্রস্তাবিত সেতু

ভবিষ্যৎ উন্নয়নের জন্য রাঙ্গামাটি পৌরসভায় ১৩টি সেতু প্রস্তাব করা হয়েছে। সেতুগুলো হচ্ছে উলুছড়া, লেমুছড়ি থেকে খিপ্পাপাড়া সংযোগকারী সেতু, মিটিঙ্গাছড়ি, দেওয়ানপাড়া পর্যটন এলাকা, ওয়াপদা কলোনী এলাকা, পোস্ট অফিস থেকে তবলছড়ি এলাকা সংযোগকারী সেতু, সিলেটি পাড়া এলাকা, খিপ্পাপাড়া, দক্ষিণ রাঙ্গাপানি এলাকা, দক্ষিণ কালিন্দিপুর এলাকা, আসম বস্তি এলাকা, রাঙ্গাপানি এলাকা, মন্ত্রীপাড়া এলাকা। পুলিশ লাইন থেকে কেন্দ্রীয় কবরস্থান সংযোগকারী সেতুর নির্মাণকাজ যত তাড়াতাড়ি সম্ভব সম্পন্ন করতে হবে। বিহারপুর, মৈত্রিনগর, বনপায়া আদমপাড়াতেও ৮টি ভাসমান সেতু প্রস্তাবিত আছে। রাজবাড়ি এলাকায় একটি ঝুলন্ত সেতু প্রস্তাবিত আছে। ***মানচিত্র ১২-৬*** এ রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত সেতুগুলো উপস্থাপন করা হয়েছে।

মানচিত্র ১২-৫ : রাঙ্গামাটি পৌরসভায় সেতু ও কালভার্ট

1:62,825



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:62,825 or 1 " = 5,235 ' or 1 cm = 628 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava


Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Bridge
- Culvert

১২.১৩ পানি সরবরাহ

১২.১৩.১ বিদ্যমান চিত্র

বিশুদ্ধ পানীয় জল পাওয়া নাগরিকদের একটি অধিকার। রাঙ্গামাটি পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থা পৌরসভা এবং জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর দ্বারা যৌথভাবে পরিচালিত হয়। এখন পর্যন্ত, তারা শহরের মাত্র ৩০% পানির চাহিদা মেটাতে সক্ষম হয়েছে। স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সংগঠিত জরিপ থেকে প্রাপ্ত তথ্য থেকে দেখা যায় যে, বর্তমানে পুরো শহরের মাত্র ৫১.৫% পানি সরবরাহ সেবার অন্তর্ভুক্ত।



তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেস লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি,

চিত্রলেখ ১২-৯: পৌরসভায় পানি সরবরাহ সেবা এলাকার পরিধি

প্রধান পানির পাইপ লাইন থেকে পানির সংযোগের জন্য সাধারনত ১/২", ৩/৪" এবং ১" ব্যাসের পাইপ ব্যবহৃত হয়। সমতল এলাকায় বসবাসকারী লোকেরা সাধারনত ২০ মিনিটের মধ্যে ট্যাঙ্ক ভরতে পারে কিন্তু তারা প্রায়ই গেট ভালব বন্ধ করে না। মানুষের এই অবহেলার কারণে উল্লেখযোগ্য পরিমাণ পানির অপচয় হয় এবং পাহাড়ের উপর বসবাসকারী লোকজন পর্যাপ্ত পরিমাণে পানি পায় না কারণ পাহাড়ের উপর পানির চাপ ট্যাঙ্ক ভরার জন্য পর্যাপ্ত নয়। রাঙ্গামাটি পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার বর্তমান চিত্র ***সারণি ১২-১৩*** এ উপস্থাপন করা হলো।

সারণি ১২-১৩: রাঙ্গামাটি পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার বর্তমান চিত্র

হস্তচালিত নলকূপ	৪৫০ টি
গভীর নলকূপ	৩০০ টি
তারা পাম্প	৫৫ টি
কমিউনিটি কল	১০০ টি
রিং ওয়েল	৩১১ টি
SWTP প্ল্যান্ট	২ টি
পানি সরবরাহ পাইপ লাইন	৫১.০০ কি.মি. (ϕ ২"- ϕ ৮")
প্রোডাকশন ওয়েল	২ টি (ϕ ৬")
শোধনাগার	৪ টি
সেবা এলাকার পরিধি	মোট জনসংখ্যার ৪৩.০৫%
ওভারহেড ট্যাঙ্ক	১ টি (বিকল)
বুস্টার হাউজ	৬ টি (ধারণক্ষমতা: গড়ে ৫০০০০ গ্যালন)
উৎপাদন ক্ষমতা	১৪ লক্ষ গ্যালন
মোট প্রয়োজনীয়তা	২৩ লক্ষ গ্যালন
মোট সংযোগ	৪৫৯০

তথ্যসূত্রঃ রাঙ্গামাটি পৌরসভা, ২০১৬

এছাড়া, প্রকল্প এলাকায় ৬টি বুস্টার হাউজ ও ১টি ওভারহেড ট্যাঙ্ক রয়েছে। কিন্তু বর্তমানে অভারহেড ট্যাংকটি বিকল। বুস্টার হাউজগুলোর অবস্থান আনন্দ বিহার, পুরাতন বাস স্ট্যান্ড, কাঁঠালতলী, ফরেস্ট কলোনী, কে.কে. রায় সড়ক এবং সার্কিট হাউজ।

অন্যান্য পানি সরবরাহ উৎসের মধ্যে আছে নলকূপ, গভীর নলকূপ এবং নদী। পৌরসভার ভূ-গর্ভস্থ পানির মানও ভালো। ভূ-গর্ভস্থ পানিতে আর্সেনিকের উপস্থিতি নেই কিন্তু ভূপৃষ্ঠ থেকে ১২০ ফুট নিচে আয়রনের উপস্থিতি সনাক্ত করা হয়েছে। গড়ে, একদিনের ব্যবধানে ১.৫ ঘন্টার জন্য পানি সরবরাহ করা হয়ে থাকে। অফিস এলাকায় ও ADC পাহাড়ে ৪.৫ লক্ষ গ্যালন পানি সরবরাহ করা হয় এবং অবশিষ্ট দুটি এলাকায় ৪ লক্ষ গ্যালন পানি সরবরাহ করা হয়।



টিউবওয়েল



রাঙ্গামাটি পৌরসভায় শোধনাগার

স্থিরচিত্র ১২-৩ : রাঙ্গামাটি পৌরসভায় পানি সরবরাহের বর্তমান চিত্র


১২.১৩.২ পানি সরবরাহ সেবা

জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর রিং ওয়েল সিস্টেমের মাধ্যমে পানি সরবরাহ করে থাকে। এখানে চারটি পানি শোধনাগার এবং ছয়টি বুস্টার হাউজ আছে। বুস্টার হাউজের মাধ্যমে কাপ্তাই লেক থেকে পানি শোধনাগারের জন্য পানি তোলা হয় এবং এরপর এই পানি, অধঃক্ষেপণ ট্যাংকে স্থানান্তর করা হয়। বর্ষাকালে লেকে অত্যাধিক পানি থাকার কারণে পানি সরবরাহ স্থবির হয়ে যায়। কিন্তু শুষ্ক মৌসুমে, যখন পানির স্তর নিচে নেমে যায়, তখন পানি সরবরাহ বিঘ্নিত হয়। ভূগর্ভস্থ পানিতে কোনো আর্সেনিক নেই, কিন্তু আয়রনের উপস্থিতি আছে। পাহাড়ী এলাকায় অবস্থানগত বৈচিত্র থাকার কারণে, সমতল এলাকায় বসবাসকারীদের অতিরিক্ত পানি ব্যবহারের কারণে পাহাড়ের উপরে প্রায়শই পানি সরবরাহ বিঘ্নিত হয়।

১২.১৩.২.১ পানির কল ও নলকূপ

পৌর অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা অনুসারে, এখানে মোট ৫৮৫৬ টি নলকূপ ও ৫৩০১ টি পানির কল রয়েছে। ***চিত্রলেখ ১২-১০*** থেকে পৌরসভার প্রত্যেক ওয়ার্ডে পানির কল ও নলকূপের বণ্টন দেখা যায়। ফলাফল থেকে দেখা যায়, ওয়ার্ড নং- ৮ এ নলকূপের সংখ্যা সর্বোচ্চ এবং ওয়ার্ড নং- ২ এ সর্বনিম্ন। অন্যদিকে, ওয়ার্ড নং- ৪ এ সর্বোচ্চ সংখ্যক পানির কল (১১১৪ টি) পাওয়া গিয়েছে এবং ওয়ার্ড নং-৬ এ মাত্র ১৫১টি কল পাওয়া গিয়েছে।

চিত্রলেখ ১২-১০: রাঙ্গামাটি পৌরসভায় পানির কল ও হস্তচালিত নলকূপের বণ্টন



তথ্যসূত্রঃ পৌর অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা, ২০০৮

১২.১৩.২.২ পাম্প হাউজ

রাঙ্গামাটি পৌরসভায় মোট ২৬টি পাম্প হাউজ আছে, যার ৯টি ওয়ার্ড নং- ৬ এ অবস্থিত। ওয়ার্ড নং- ৮ ও ৯ এ একই সংখ্যক পাম্প হাউজ আছে। অন্য তিনটি পাম্প হাউজের অবস্থান ওয়ার্ড নং- ২, ৪ ও ৭ এ। এই ওয়ার্ডগুলোর প্রত্যেকটিতে একটি করে পাম্প হাউজ আছে। বাকি ওয়ার্ডগুলোতে এরকম কোনো পাম্প হাউজ নেই।

সারণি ১২-১৪ : রাঙ্গামাটি পৌরসভায় পাম্প হাউজের বণ্টন

ওয়ার্ড নং	পাম্প হাউজের সংখ্যা
ওয়ার্ড নং- ১	-
ওয়ার্ড নং- ২	১
ওয়ার্ড নং- ৩	-
ওয়ার্ড নং- ৪	১
ওয়ার্ড নং- ৫	-
ওয়ার্ড নং- ৬	৯
ওয়ার্ড নং- ৭	১
ওয়ার্ড নং- ৮	৭
ওয়ার্ড নং- ৯	৭
মোট	**২৬**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৩.২.৩ রিজার্ভার ও ট্যাঙ্ক

রাঙ্গামাটি পৌরসভায় দুটি পানির রিজার্ভার আছে। দুটিই ওয়ার্ড নং- ৮ এ অবস্থিত। পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে মোট ২২টি পানির ট্যাঙ্ক আছে। বেশিরভাগ পানির ট্যাঙ্ক ওয়ার্ড নং- ৮ এ অবস্থিত। এই ওয়ার্ডে মোট ৬টি পানির ট্যাঙ্ক সনাক্ত করা হয়েছে। ওয়ার্ড নং- ৫ ও ৭ এর প্রত্যেকটিতে ৪টি করে পানির ট্যাঙ্ক আছে। ওয়ার্ড নং- ৩, ৪, ৬ ও ৯ এ দুটি করে পানির ট্যাঙ্ক আছে। ওয়ার্ড নং- ১ ও ২ এ কোনো পানির ট্যাঙ্ক পাওয়া যায়নি। বিস্তারিত ***সারণি ১২-১৫***।

সারণি ১২-১৫ : পানির ট্যাঙ্ক ও রিজার্ভারের বণ্টন

ওয়ার্ড নং	পানির রিজার্ভার	পানির ট্যাঙ্ক
ওয়ার্ড নং- ১	-	-
ওয়ার্ড নং- ২	-	-
ওয়ার্ড নং- ৩	-	২
ওয়ার্ড নং- ৪	-	২
ওয়ার্ড নং- ৫		৪
ওয়ার্ড নং- ৬	-	২
ওয়ার্ড নং- ৭	-	৪
ওয়ার্ড নং- ৮	২	৬
ওয়ার্ড নং- ৯	-	২
মোট	**২**	**২২**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬






স্থিরচিত্র ১২-৪: রাঙ্গামাটি পৌরসভায় পানি শোধনাগার

মানচিত্র ১২-৬ : রাঙ্গামাটি পৌরসভায় পানি সরবরাহের বিদ্যমান চিত্র

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava Area

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Well/Kua
- Water Tank
- Water Reservoir
- Water Pump Tank Reservour

১২.১৩.৩ পানি সরবরাহ চাহিদার প্রক্ষেপণ

১২.১৩.৩.১ প্রক্ষেপণের ভিত্তি

ভবিষ্যৎ চাহিদা প্রক্ষেপণের প্রধান ভিত্তি হবে পৌরসভার জনসংখ্যা। বিদ্যমান সেবাসমূহকে এই প্রক্ষেপণে বিবেচনা করতে হবে। নিম্নলিখিত পদ্ধতি ব্যবহার করে পানি সরবরাহের ভবিষ্যৎ চাহিদা গণনা করা হবেঃ

$Q_r = P_r \times q$

এখানে, Q_r = দৈনিক প্রয়োজনীয় পানির পরিমাণ

P_r = ডিজাইন কাল শেষে জনসংখ্যা

q = দৈনিক পানি ব্যবহারের হার

অনুমান করে নেওয়া হয়েছে যে,

- প্রতিদিন মাথাপিছু পানির খরচ ১২০ লিটার
- যান্ত্রিক ত্রুটির জন্য নষ্ট হয় ২০%
- শিল্প/বাণিজ্যিক চাহিদা ২০%

সারণি ১২-১৬: বাংলাদেশের নগর ও গ্রামীণ অঞ্চলে পানির চাহিদা

এলাকাসমুহ	পানি ব্যবহার, **lpcd**
গ্রামীণ এলাকাসমূহ	৫০
উপজেলা শহরসমূহ	১০০
জেলা শহরসমূহ	১২০
সিটি কর্পোরেশনসমূহ	১৮০

তথ্যসূত্রঃ সারণি ১৭.৩, পৃষ্ঠা,-৩২৮; এম। ফিরোজ আহমেদ এবং মোহাম্মদ মুজিবুর রহমান, পানিও সরবরাহ এবং পয়নিষ্কাশন (গ্রাম এবং দরিদ্র শহুরে কমিউনিটি))

এই সমীকরণ এবং অনুমানের উপর ভিত্তি করে বিভিন্ন বছরে পানির চাহিদা হিসাব করা হয়েছে। নিচের সারণিতে তথ্যগুলো উপস্থাপন করা হলো।

সারণি ১২-১৭: পৌরসভায় ২০৩৭ সাল পর্যন্ত পানির চাহিদার প্রক্ষেপন (একক হাজার লিটার)

ওয়ার্ড নং	২০১১		২০১৭		২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)
১	১৭৯৫	২৫৮.৫১	২০৫৪	২৯৫.৭৮	২২৯৮	৩৩০.৯১	২৫৭১	৩৭০.২১	২৮৭৬	৪১৪.১৮	৩২১৮	৪৬৩.৩৭
২	২০২১	২৯১.০৮	২৩১৩	৩৩৩.০৫	২৫৮৮	৩৭২.৬০	২৮৯৫	৪১৬.৮৬	৩২৩৯	৪৬৬.৩৭	৩৬২৩	৫২১.৭৬
৩	১৩৮৮	১৯৯.৮৭	১৫৮৮	২২৮.৬৯	১৭৭৭	২৫৫.৮৫	১৯৮৮	২৮৬.২৩	২২২৪	৩২০.২৩	২৪৮৮	৩৫৮.২৬
৪	১৮৩৮	২৬৪.৭৩	২১০৩	৩০২.৯০	২৩৫৩	৩৩৮.৮৮	২৬৩৩	৩৭৯.১২	২৯৪৬	৪২৪.১৫	৩২৯৫	৪৭৪.৫৩
৫	১৩১৮	১৮৯.৭৮	১৫০৮	২১৭.১৪	১৬৮৭	২৪২.৯৩	১৮৮৭	২৭১.৭৮	২১১২	৩০৪.০৬	২৩৬২	৩৪০.১৭
৬	২০০৬	২৮৮.৮২	২২৯৫	৩৩০.৪৬	২৫৬৭	৩৬৯.৭০	২৮৭২	৪১৩.৬১	৩২১৩	৪৬২.৭৪	৩৫৯৫	৫১৭.৭০
৭	২৩৩১	৩৩৫.৬৩	২৬৬৭	৩৮৪.০২	২৯৮৪	৪২৯.৬৩	৩৩৩৮	৪৮০.৬৬	৩৭৩৪	৫৩৭.৭৫	৪১৭৮	৬০১.৬২
৮	৩২৭২	৪৭১.২৪	৩৭৪৪	৫৩৯.১৮	৪১৮৯	৬০৩.২১	৪৬৮৭	৬৭৪.৮৬	৫২৪৩	৭৫৫.০১	৫৮৬৬	৮৪৪.৬৯
৯	২৩৭১	৩৪১.৩৯	২৭১৩	৩৯০.৬০	৩০৩৫	৪৩৭.০০	৩৩৯৫	৪৮৮.৯০	৩৭৯৮	৫৪৬.৯৭	৪২৫০	৬১১.৯৩
মোট	**১৮৩৪১**	**২৬৪১.০৫**	**২০৯৮৫**	**৩০২১.৮০**	**২৩৪৭৭**	**৩৩৮১**	**২৬২৬৬**	**৩৭৮২**	**২৯৩৮৫**	**৪২৩১**	**৩২৮৭৫**	**৪৭৩৪.০৩**

তথ্যসূত্রঃ পরামর্শক কর্তৃক হিসাবকৃত

১২.১৩.৪ পানি সরবরাহের সুপারিশসমূহ

- যেহেতু ভূ-গর্ভের পানির স্তর অতিরিক্ত পানি উত্তোলনের জন্য উপযুক্ত নয় তাই, বিকল্প উপায় যেমন; ভূ-পৃষ্ঠের পানি, বৃষ্টির পানি ব্যবহার প্রভৃতিকে উৎসাহিত করা উচিত।
- অপরিশোধিত হাসপাতালের বর্জ্য এবং কঠিন বর্জ্যগুলো ড্রেন, ছড়া এবং নদীতে ফেলা সম্পূর্ণরূপে নিষিদ্ধ করতে হবে।
- শহরের বর্জ্য পানি সরাসরি কাপ্তাই লেকে ফেলা নিষিদ্ধ করতে হবে।
- পৌরসভার বিভিন্ন অবস্থানে সংরক্ষণ সুবিধাসহ ১১টি পাম্প হাউজ ও ১৭টি বৃষ্টির পানি সংরক্ষণ কেন্দ্র প্রস্তাবিত আছে।

১২.১৩.৫ পানি সরবরাহের প্রস্তাবনাসমূহ


রাঙ্গামাটি পৌরসভায় পানি সরবরাহ সংক্রান্ত কিছু প্রস্তাবনা রয়েছে। প্রস্তাবনাসমূহ নিম্নোক্ত সারণিতে উপস্থাপন করা হলো।

সারণি ১২-১৮: পৌরসভার পানি সরবরাহের জন্য প্রস্তাবিত অবকাঠামো

প্রস্তাবনা	অবস্থান	ওয়ার্ড নং
পাম্প হাউজ ও সংরক্ষণ সুবিধা	ইসলামপুর	ওয়ার্ড নং – ১
	শরীয়তপুর	
	লালজালিয়া	
	পুরান পাড়া	
	আসাম বস্তি	ওয়ার্ড নং – ৫
	মনোগর	ওয়ার্ড নং –৬
	শিমুলতলী	
	কাটাছড়ি	ওয়ার্ড নং – ৯
	মোষপাড়া	
	মৈত্রীনগর	
	উলুছড়া	
বৃষ্টির পানি সংরক্ষণ কেন্দ্র	পুরানপাড়া	ওয়ার্ড নং – ১
	ঝগড়া বিল	ওয়ার্ড নং –৪
	বিলাইছড়ি	ওয়ার্ড নং –৫
	বিলাইছড়ি	
	ঝগড়া বিল পাড়া	
	বিলাইছড়ি পাড়া	
	মিটিঙ্গাছড়ি	
	লেমুছড়ি	
	লেমুছড়ি	
	তংচঙ্গাপাড়া	
	উত্তর তংচঙ্গাপাড়া	
	সিলেটি পাড়া	
	রাঙ্গাপানি	ওয়ার্ড নং –৬
	ব্রাহ্মণ টিলা	
	নতুন আদমপাড়া	
	রাঙ্গাপানি শিমুল ছড়া	
	মহাজন পাড়া	

মানচিত্র ১২-৭ : রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত পানি সরবরাহ সেবার প্রস্তাবনাসমূহ

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava Area

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Pump House & Overhead Tank
- Rain Water Harvesting Station & Overhead Tank

১২.১৪ কঠিন বর্জ্য

১২.১৪.১ বিদ্যমান চিত্র

পৌরসভার কনজারভেন্সি বিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে, রাঙ্গামাটি পৌরসভায় প্রতিদিন ২৫ টনের মত কঠিন বর্জ্য উৎপন্ন হয়। পৌরসভার এই বর্জ্যের মাত্র ৮৪% সংগ্রহ করার সামর্থ্য আছে। প্রতিদিন রাস্তা ঝাড়ু দেওয়ার জন্য পৌরসভার মোট ১২০ জন ঝাড়ুদার নিয়োজিত আছে। ঝাড়ুদারেরা তাদের সংগৃহীত বর্জ্য রাস্তার পাশে ডাস্টবিনে ফেলে থাকে এবং চূড়ান্তভাবে ট্রাকের মাধ্যমে এগুলো ডাম্পিং সাইটে নিয়ে যাওয়া হয়। কনজারভেন্সি সুপারভাইজারের বিবৃতি অনুসারে, পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা সহজতর করার জন্য তিনটি (০৩) ড্রাম ট্রাক ও মোটরসাইকেল প্রয়োজন। বর্জ্য ব্যবস্থাপনার জন্য পৌরসভায় বিদ্যমান উপকরণসমূহ ***সারণি ১২-১৯***এ উপস্থাপিত হলো।

সারণি ১২-১৯: রাঙ্গামাটি পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার জনবল ও অন্যান্য সরঞ্জামাদির চিত্র

ক্রমিক নং	ভৌত পরিপ্রেক্ষিত	পরিমাণ
১	ডাস্টবিন	৭৫ (পাকা- ৪৫, প্লাস্টিক- ৩০)
২	আবর্জনার ট্রাক	২ টি
৩	ডাম্পিং রিকশা	৩ টি
৪	ট্রলি	৩ টি
৫	ঠেলাগাড়ি	০৩ (চলমান- ০১)
৬	জৈবসার উৎপাদন কেন্দ্র	১টি
৭	ডাম্পিং সাইট	০১ (৩.৮২ একর)
৮	ঝাড়ুদার	১২০
৯	কনজারভেন্সি ইন্সপেক্টর	০১
১০	কনজারভেন্সি সুপারভাইজার	০১

তথ্যসূত্রঃ রাঙ্গামাটি পৌরসভা, ২০১৬

সাধারনত দেশের অন্যান্য অংশে বাড়ি-বাড়ি বর্জ্য সংগ্রহের সেবা দেখা যায়। কিন্তু রাঙ্গামাটি পৌরসভার জনগণদের জন্য এরকম কোনো সেবা নেই। কারণ রাস্তা উঁচু-নিচু হওয়ার কারণে এখানে অযান্ত্রিক যানবাহন চলাচল করতে পারে না। সুতরাং, এখানে বাড়ি-বাড়ি বর্জ্য সংগ্রহের কোনো সেবা নেই, বরং এখানে নির্ধারিত স্থানে অবস্থিত স্থানীয় ডাস্টবিনে গৃহস্থালির বর্জ্য জেলা স্থানীয় জনগণের দ্বায়িত্ব।

পৌরসভার বর্জ্য নিষ্কাশন সুযোগ-সুবিধা তেমন সন্তোষজনক নয়। বিদ্যমান ডাস্টবিনের সংখ্যা যথাযথ বর্জ্য ব্যবস্থাপনার জন্য পর্যাপ্ত নয়। এখানে ৩.৮২ একর ক্ষেত্রফলের একটি মাত্র ময়লার ভাগাড় আছে এলাকায় যেটি ভেদভেদি এলাকায় অবস্থিত। কিন্তু এই ক্ষেত্রফলের ময়লার ভাগাড় পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার জন্য যথেষ্ট নয়। প্রকল্প এলাকায় সার উৎপাদনের জন্য একটি ইকোলজিকাল পার্ক আছে যা জনবল ও উপকরণের অভাবে বর্তমানে বন্ধ আছে। পৌরসভা স্থানীয় ডাস্টবিন থেকে আবর্জনা সংগ্রহ করে এবং সেগুলো ময়লার ভাগাড় বা জৈবসার উৎপাদন কেন্দ্রে পরিবহন করে নিয়ে যায়। এছাড়া, পৌরসভা নিয়মমাফিক তাদের দায়িত্ব; যেমন- ঝাড়ু দেওয়া, ড্রেন পরিষ্কার করা, আবর্জনা সংগ্রহ, ডাস্টবিন পরিষ্কার ইত্যাদি পালন করেন।



পাকা ডাস্টবিন



প্লাস্টিক ডাস্টবিন



ভেদভেদিতে ময়লার ভাগাড়



ইকোলজিকাল পার্ক

স্থিরচিত্র ১২-৫: রাঙ্গামাটি পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার বর্তমান অবস্থা

১২.১৪.২ ভবিষ্যৎ আবর্জনার পরিমাণের প্রক্ষেপণ

১২.১৪.২.১ প্রক্ষেপণের ভিত্তি

ভবিষ্যৎ চাহিদা প্রক্ষেপণের প্রধান ভিত্তি হবে পৌরসভার জনসংখ্যা। বিদ্যমান সেবাসমূহকে এই প্রক্ষেপণে বিবেচনা করতে হবে। পরামর্শক কর্তৃক ধার্যকৃত মানদন্ডসমূহ ***সারণি ১২-২০*** এ দেখানো হলো।

সারণি ১২-২০: কঠিন বর্জ্যের ক্ষেত্রে বিবেচ্য পরিকল্পনা মানদন্ডসমূহ

উপযোগ সেবা	
কঠিন বর্জ্য নিষ্কাশনের স্থান	রাঙ্গামাটি পৌরসভার জন্য ন্যূনতম ৫ একর
কঠিন বর্জ্য স্থানান্তর কেন্দ্র	প্রত্যেক ওয়ার্ডে ন্যূনতম ২০ শতাংশ

বর্তমান বর্জ্য সংগ্রহ ব্যবস্থা পুরো প্রকল্প এলাকা জুড়ে নেই। পৌরসভার বর্তমান বর্জ্য সংগ্রহ করার পদ্ধতি টাকে আরো উৎসাহ দেয়া উচিত কারণ এই পদ্ধতিতে যার বর্জ্য যত বেশি তার খরচ ও তত বেশি ফলে এখানে বৈষম্য থাকে না। বর্জ্য পুনঃব্যবহার করার জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

রাঙ্গামাটি পৌরসভার তথ্য অনুসারে পৌরসভার প্রত্যেক ব্যক্তি গড়ে প্রতিদিন ০.২৫ কেজি বর্জ্য উৎপাদন করে এবং পৌরসভার বর্জ্য সংগ্রহ করার সক্ষমতা প্রায় ৮০ শতাংশ। সমীকরণ অনুসারে বর্তমান এবং ভবিষ্যতের বর্জ্যের পরিমাণ হিসাব করা হয়েছে। ***সারনি ১২-২১*** এ হিসাব দেয়া হয়েছে।

সারণি ১২-২১: প্রকল্প এলাকায় ২০৩৭ সাল পর্যন্ত উৎপাদিত প্রক্ষেপিত বর্জ্য (টন/দিন)

ওয়ার্ড নং	বর্জ্য উৎপাদন/জন/দিন	২০১৭		২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন
ওয়ার্ড নং ০১	০.২৫	৯৪০৭	২.৫৯	১০৫২৫	২.৯০	১১৭৭৫	৩.২৪	১৩১৭৩	৩.৬৩	১৪৭৩৮	৪.০৬
ওয়ার্ড নং ০২		১০৫৯৩	২.৯২	১১৮৫১	৩.২৭	১৩২৫৮	৩.৬৫	১৪৮৩৩	৪.০৯	১৬৫৯৫	৪.৫৭
ওয়ার্ড নং ০৩		৭২৭৩	২.০০	৮১৩৭	২.২৪	৯১০৪	২.৫১	১০১৮৫	২.৮১	১১৩৯৫	৩.১৪
ওয়ার্ড নং ০৪		৯৬৩৪	২.৬৫	১০৭৭৮	২.৯৭	১২০৫৮	৩.৩২	১৩৪৯০	৩.৭২	১৫০৯৩	৪.১৬
ওয়ার্ড নং ০৫		৬৯০৬	১.৯০	৭৭২৬	২.১৩	৮৬৪৪	২.৩৮	৯৬৭১	২.৬৭	১০৮১৯	২.৯৮
ওয়ার্ড নং ০৬		১০৫১০	২.৯০	১১৭৫৯	৩.২৪	১৩১৫৫	৩.৬৩	১৪৭১৮	৪.০৬	১৬৪৬৬	৪.৫৪
ওয়ার্ড নং ০৭		১২২১৪	৩.৩৭	১৩৬৬৫	৩.৭৭	১৫২৮৮	৪.২১	১৭১০৩	৪.৭১	১৯১৩৫	৫.২৭
ওয়ার্ড নং ০৮		১৭১৪৯	৪.৭৩	১৯১৮৬	৫.২৯	২১৪৬৪	৫.৯২	২৪০১৪	৬.৬২	২৬৮৬৬	৭.৪০
ওয়ার্ড নং ০৯		১২৪২৩	৩.৪২	১৩৮৯৯	৩.৮৩	১৫৫৫০	৪.২৯	১৭৩৯৭	৪.৭৯	১৯৪৬৩	৫.৩৬
সর্বমোট		**৯৬১১০**	**২৬.৪৯**	**১০৭৫২৫**	**২৯.৬৩**	**১২০২৯৬**	**৩৩.১৫**	**১৩৪৫৮৪**	**৩৭.০৯**	**১৫০৫৬৮**	৪১.৪৯
			২৯.১৩		**৩২.৫৯**		**৩৬.৪৭**		**৪০.৮০**		**৪৫.৬৪**

তথ্যসূত্রঃ পরামর্শক কর্তৃক হিসাবকৃত

সারণি থেকে দেখা যাচ্ছে যে, পৌরসভায় বর্তমানে ২৯.১৩ টন/দিন বর্জ্য উৎপাদিত হয়। বর্তমানে সর্বোচ্চ বর্জ্য উৎপাদিত হয় ওয়ার্ড নং- ৮ (৪.৭৩ টন/দিন) ও ওয়ার্ড নং- ৯(৩.৪২ টন/দিন) এ। ২০৩৭ সালের মধ্যে বর্জ্য উৎপাদনের পরিমাণ ৪৫.৬৪ টন/দিন বাড়বে এবং সর্বোচ্চ পরিমাণ বর্জ্য উৎপাদিত হবে ওয়ার্ড নং- ৮ এ।

১২.১৪.৩ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার সুপারিশসমূহ

- কঠিন বর্জ্য কে রি-সাইকেল করে তার থেকে অনেক ব্যবহারযোগ্য সামগ্রী বের করা যায়। সুতরাং বর্জ্য কমানো, রি-সাইকেল, পুনঃ ব্যবহার ধারণা কে পারিবারিক পর্যায়ে স্থাপন করতে হবে।
- বাড়ি-বাড়ি বর্জ্য সংগ্রহ ব্যবস্থা কে আরও বৃদ্ধি করতে হবে।

১২.১৪.৪ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমূহ

বিদ্যমান ময়লার ভাগাড়টি যথোপোযুক্ত বেড়াসহ স্পংস্কার করা উচিত যাতে পৌরসভার প্রবেশদ্বারে এটি পরিলক্ষিত না হয়। পরিবেশগত ক্ষয় ও ভূগর্ভস্থ পানি দূষণ কমাতে এখানে যথাযথ প্রযুক্তি অন্তর্ভুক্ত করা উচিত। অতঃপর, এটি সম্ভাব্য প্রয়োজনীয় উপকরনের অপব্যয় প্রতিরোধে সাহায্য করবে এবং তাজা কাঁচামাল ভোগের পরিমাণ কমাবে; যার ফলে কমবে- শক্তির ব্যবহার, বায়ু দূষণ (ভস্মীকরণ থেকে), এবং পানি দূষণ (ভূমি ভরাট থেকে)। বিদ্যমান বর্জ্য পুনর্ব্যবহার যোগ্য করার স্থানটি যত তাড়াতাড়ি সম্ভব পুনঃকার্যকর করা উচিত। বিদ্যমান স্থানের সংলগ্ন এলাকায় একটি পয়ঃশোধনাগার প্রস্তাবিত আছে যেখানে ময়লায় ভাগাড় থেকে আগত বর্জ্য জল লেকের সাথে সংযোগকারী ছড়ার মাধ্যমে লেকে এসে পরে।

প্রত্যেক বাড়ি থেকেই আবর্জনার উৎস পৃথক করতে হবে। এক্ষেত্রে, জৈব ও অজৈব বর্জ্য আলাদাভাবে ফেলার জন্য বাড়ি-বাড়ি পৃথক রঙের ঝুড়ি দেওয়া যেতে পারে। বাড়ি-বাড়ি বর্জ্য সংগ্রহের পর সেগুলো প্রত্যেক ওয়ার্ডে সরবরাহকৃত কমিউনিটি বিন ফেলা হবে। এরপর স্থানীয় ডাস্টবিন থেকে বর্জ্যগুলো বর্জ্য স্থানান্তর কেন্দ্রে এবং সব শেষে ময়লার ভাগাড়ে স্থানান্তর করা হবে।

প্রত্যেক তিনটি ওয়ার্ডের জন্য তিনটি করে বর্জ্য স্থানান্তর কেন্দ্র প্রস্তাবিত আছে। বর্জ্য কেন্দ্রগুলোর অবস্থানগুলো হচ্ছে- উত্তর কালিন্দিপুর, মসজিদ কলোনি, মনগর। প্রত্যেক ওয়ার্ডের জন্য ১১টি কমিউনিটি বিন প্রস্তাবিত আছে। বড় ওয়ার্ডের জন্য ২টি কমিউনিটি বিন প্রস্তাবিত আছে। কমিউনিটি বিনগুলোর অবস্থানগুলো হচ্ছে- ভেদভেদি, কলেজ গেট, রিজার্ভ বাজার, প্রেস ক্লাবের নিকটবর্তী এলাকায়, পুলিশ লাইন, তবলছড়ি, আসাম বস্তি, বিলাইছড়ি, রাঙ্গাপানি, পৌরসভার কাছে, জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সংলগ্ন এলাকায়।

বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তাবনাসমূহ এবং তাদের অবস্থানসমূহ পরবর্তী সারণিতে উপস্থাপন করা হলো।


সারণি ১২-২২: বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তাবনাসমূহ এবং তাদের অবস্থানসমূহ

প্রস্তাবনা	ওয়ার্ড নং	অবস্থান	মন্তব্য
স্যানিটারি ল্যান্ডফিল সাইট	০৬	বিদ্যমান ল্যান্ড ফিল সাইট	পাহাড়ী এলাকায় অবস্থিত। পরিবেশগত ক্ষয় ও ভূগর্ভস্থ পানি দূষণ কমাতে যথোপযুক্ত প্রযুক্তি প্রয়োজন।
বর্জ্য স্থানান্তর কেন্দ্র	০৪	মসজিদ কলোনি	স্থানীয় এলাকা থেকে সংগ্রহকৃত বর্জ্য ওয়ার্ড স্তরে নিয়ে আসা হবে।
	০৬	মনোগর	
	০৮	রাজবাড়ি উত্তর কালিন্দপুর	
পয়ঃশোধনাগার		মিটিঙ্গাছড়ি	বাসাবাড়ি থেকে ভেকু ট্যাঙ্কের মাধ্যমে পয়ঃবর্জ্য সংগ্রহ করা হবে।
কমিউনিটি বিন	০২	প্রেস ক্লাবের কাছে	প্রত্যেক বাড়ি থেকে সংগ্রহকৃত বর্জ্য কমিউনিটি পর্যায়ে স্তূপাকার করা হবে
	০৮	জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সংলগ্ন এলাকায়	
	০১	রিজার্ভ বাজার	

প্রস্তাবনা	ওয়ার্ড নং	অবস্থান	মন্তব্য
	০৩	পুলিশ লাইন	
	০৪	তবলছড়ি	
	০৫	আসাম বস্তি, বিলাইছড়ি	
	০৬	রাঙ্গাপানি, ভেদভেদি	
	০৭	কাঁঠালতলি (পৌরসভার কাছে)	
	০৯	কলেজ গেট	
কাপ্তাই লেক বর্জ্য জল সংগ্রহ	০৬	মনোগর	
	০৭	পৌরসভা অফিসের কাছে	
	০৪	স্বর্ণ টিলা	

মানচিত্র ১২-৮: রাঙ্গামাটি পৌরসভায় কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তাবনাসমূহ

1:60,000



Proposals	Ward No.	Locality
Community Bin	1	Reserve Bazar
	2	Near Press Club
	3	Police Line
	4	Tabalchhari Bazar
	5	Bilaichhari
		Asambosti
	6	Rangapani
		Vedvedi
	7	Kathaltoli (Near Pourashava)
	8	Adjacent to DPHE Office
	9	College Gate
Primary Waste Transfer Station	8	Rajbari Uttar Kalindopur
	4	Masjid Coloney
	6	Monghor
Renovation of Existing Sanitary Landfill Site	6	Vedvedi

MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava Area

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Renovation of Existing Sanitary Landfill Site
- Proposed Primary Waste Transfer Station
- Proposed Community Bin

১২.১৫ স্যানিটেশন

১২.১৫.১ বিদ্যমান চিত্র

স্যানিটারি পরিদর্শকের বিবৃতি অনুসারে, পৌরসভায় ৯৮% এলাকা স্যানিটারি সুবিধার আওতাধীন আছে। স্যানিটেশন সুবিধা সর্বনিম্ন আছে নতুন জালিয়াপাড়ায়, কারণ এখানে বেশিরভাগ লোক অস্থায়ীভাবে বসবাস করে। পৌরসভার বিবৃতি অবুসারে, রাঙ্গামাটি পৌরসভায় মোট ১৬টি কমিউনিটি টয়লেট ও ১০টি পাবলিক টয়লেট আছে। এই স্যানিটেশন সুবিধাগুলো সাধারনত মহিলাদের জন্য পৃথক টয়লেট সেবা প্রদান করে না। কিন্তু প্রকল্প এলাকায় ৫টি পাবলিক টয়লেট আছে যেগুলো শুধুমাত্র মহিলাদের জন্য। এই পাবলিক টয়লেটগুলো পাকা এবং গড়ে ২৮০ জন লোক দৈনিক এই পাবলিক টয়লেটগুলো ব্যবহার করে। স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অনুষ্ঠিত এক জরিপ থেকে দেখা যায় যে, ৫৩ জন উত্তরদাতার মধ্যে ৭০% জানায় তারা পাবলিক টয়লেটের বিদ্যমান অবস্থা নিয়ে সন্তুষ্ট। অন্যদিকে, অবশিষ্ট ৩০% এ সম্পর্কে নেতিবাচক মন্তব্য জানান।

সারণি ১২-২৩: রাঙ্গামাটি পৌরসভায় বিভিন্ন ধরণের স্যানিটেশন সেবা এবং এর ব্যবহারকারী

ক্র. নং.	স্যানিটেশন ব্যবস্থা	ব্যবহারকারী % (পরিবার)
১.	স্যানিটারি ল্যাট্রিন (সেপটিক ট্যাংক)	৫৮
২.	পিট ল্যাট্রিন	৪০
৩.	ঝুলন্ত ল্যাট্রিন	০১
৪.	কোনো ল্যাট্রিন নেই	০১
মোট		১০০

তথ্যসূত্রঃ রাঙ্গামাটি পৌরসভা, ২০১৬

পৌরসভা আরও জানায় যে, প্রকল্প এলাকায় ৫৮% স্যানিটারি ল্যাট্রিন, ৪০% পিট ল্যাট্রিন ও ১% ঝুলন্ত ল্যাট্রিন আছে। ১% পরিবারে এখনও কোনো ধরণের ল্যাট্রিন নেই। প্রকল্প এলাকায় মনুষ্য বর্জ্য ব্যবস্থাপনার বা ভ্যাকুট্যাঙ্ক সেবা নেই। পৌরসভার স্যানিটারি পরিদর্শক আরও জানান, স্যানিটেশন সেবা নিয়ে প্রকল্প এলাকায় কিছু সমস্যা আছে। উধাহরণ স্বরূপ, রাঙ্গামাটি পৌরসভার বাসিন্দারা পাবলিক টয়লেট ব্যবহারের চেয়ে খোলা স্থানে মলমূত্র ত্যাগে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করে। এই অস্বাভাবিক চর্চার ফলে পরিবেশ দূষিত হচ্ছে। এছাড়া, লেকের পাশে বসবাসকারী জনগণের ব্যবহৃত ল্যাট্রিন প্রায়শই পানির নিচে চলে যায়। ফলস্বরূপ, লেকের পানি দিন-দিন দূষিত হচ্ছে। এছাড়া, এসব বর্জ্য পরিষ্কারের কোনো আধুনিক পদ্ধতির প্রয়োগ নেই এখানে।



স্থিরচিত্র ১২-৬: রাঙ্গামাটি পৌরসভার স্যানিটারি সেবার বিদ্যমান অবস্থা

১২.১৫.২ স্যুয়ারেজ ব্যবস্থার উপর প্রস্তাবনা

ভেদভেদি এলাকায় বর্তমান ময়লার ভাগাড়ে একটি পয়ঃবর্জ্য শোধনাগার প্রস্তাব করা হয়েছে। কোনো ভবনের স্যুয়ারেজ সংযোগ কাপ্তাই লেকে নিষ্কাশিত হতে পারবে না এবং প্রত্যেক ভবনের মালিককে পরিকল্পনা প্রস্তুতির সময় সেপটিক ট্যাংক অথবা সোক ওয়েলের উপস্থিতি নিশ্চিত করতে হবে। ভ্যাকু ট্যাংকের মাধ্যমে সেপটিক ট্যাংক থেকে বর্জ্য সংগ্রহ করে পয়ঃবর্জ্য শোধনাগারে স্থানান্তর করা হবে।

১২.১৬ টেলিফোন সেবা

১২.১৬.১ বিদ্যমান চিত্র

ভৌত ও অবকাঠামো জরিপের সময় রাঙ্গামাটি পৌরসভায় মোট ২৩৯ টি টেলিফোন পোল ও ১৬টি মোবাইল ফোনের টাওয়ার সনাক্ত করা হয়েছে। ***সারণি ১২-২৪*** থেকে দেখা যাচ্ছে যে, সর্বোচ্চ সংখ্যক টেলিফোন পোল আছে ওয়ার্ড নং- ৮ এ। ওয়ার্ড নং- ৯, ৭ ও ১ এ যথাক্রমে ৪৩, ৪২ ও ২টি টেলিফোন পোল পাওয়া গিয়েছে। ওয়ার্ড নং- ৫ ও ৬ এ যথাক্রমে ৯টি ও ১২টি টেলিফোন পোল পাওয়া গিয়েছে।

সারণি ১২-২৪: টেলিফোন পোল ও মোবাইল টাওয়ারের বণ্টন

ওয়ার্ড নং	মোবাইল টাওয়ার	টেলিফোন পোল	মোট
ওয়ার্ড নং ০১		২	২
ওয়ার্ড নং ০২	৬	৩৪	৪০
ওয়ার্ড নং ০৩		২৩	২৩
ওয়ার্ড নং ০৪	৩	২৭	৩০
ওয়ার্ড নং ০৫		৯	৯
ওয়ার্ড নং ০৬	১	১২	১৩
ওয়ার্ড নং ০৭	২	৪২	৪৪
ওয়ার্ড নং ০৮	৩	৪৭	৫০
ওয়ার্ড নং ০৯	১	৪৩	৪৪
মোট	**১৬**	**২৩৯**	**২৫৫**

তথ্যসূত্রঃ ভৌত ও অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৬.১.১ উন্নয়ন প্রস্তাবনা

বিটিসিএল এর সেবা পাওয়া এখন খুব সহজ এবং খরচ ও কম। আরো ভালো সেবা প্রদান করতে নতুন টেলিফোন সেবা প্রদানকারী মাটির নিচে ক্যাবল বসানোর চিন্তা করতে পারে। টেলিফোনের আর সুবিধার ভিতর রয়েছে বাংলাদেশে নতুন অনেক সেবা প্রদানকারী তারবিহীন টেলিফোন সেবা শুরু করেছে। এই সেবার জন্য কোন তারের প্রয়োজন হয় না ফলে গ্রহকের তারের খরচ বেঁচে যায় এবং সেবা প্রদানকারীরা ও রাস্তার অল্প জায়গায় ক্যাবল নেটওয়ার্ক বসানোর ঝামেলা থেকে মুক্তি পায়।

১২.১৭ বিদ্যুৎ ও সড়ক বাতি

১২.১৭.১ বিদ্যুৎ সেবার বর্তমান চিত্র

পৌরসভায় বিদ্যুৎ সরবরাহ হয় বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের মাধ্যমে। কাপ্তাই লেক ও হাটহাজারী হলো বিদ্যুৎ প্রেষণের দুটি উৎস। একটি ৩৩/১১ কিলো ভোল্ট সাব-স্টেশন মাঝের বস্তিতে অবস্থিত এবং আরেকটি ৩৩/১১ কিলো ভোল্টের সাব-স্টেশন ভেদভেদি PDB অফিস কমপ্লেক্সে অবস্থিত।


১২.১৭.২ বৈদ্যুতিক পোল, বৈদ্যুতিক লাইন ও সড়ক বাতির পোল

১২.১৭.২.১ বৈদ্যুতিক পোল ও সড়ক বাতির পোল

ভৌত অবকাঠামো জরিপের সময় ৩৪৪৯ টি বৈদ্যুতিক পোল পাওয়া গেছে। ৩৪৪৯ টি বৈদ্যুতিক পোলের মধ্যে ১৫৬০ টি সড়ক বাতি সহ পাওয়া গেছে বাকি ১৮৮৯ টি তে হয় বাতি নেই অথবা বাতি দেয়ার সুযোগ নেয়। ***চিত্রলেখ ১২-১১*** এ

রাঙ্গামাটি পৌরসভার প্রতিটি ওয়ার্ডে বৈদ্যুতিক পোলের এবং সড়ক বাতি সহ বৈদ্যুতিক পোলের বিস্তারিত বণ্টন দেখানো হয়েছে। ***মানচিত্র ১২-১০*** এ রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যুৎ সংক্রান্ত সেবাসমূহ দেখানো হলো।

চিত্রলেখ ১২-১১: বৈদ্যুতিক পোল ও সড়ক বাতির পোলের বণ্টন




	ওয়ার্ড নং- ১	ওয়ার্ড নং- ২	ওয়ার্ড নং- ৩	ওয়ার্ড নং- ৪	ওয়ার্ড নং- ৫	ওয়ার্ড নং- ৬	ওয়ার্ড নং- ৭	ওয়ার্ড নং- ৮	ওয়ার্ড নং- ৯
বৈদ্যুতিক সড়ক বাতির পোল	১০	১৫৬	১৭২	১৭৯	২১৮	১৮৬	১৪৮	২৮৬	২০৫
বৈদ্যুতিক পোল	৯৭	৩৭	৪৫	২৭	৩০৮	৪৬৬	১৪৮	২৪৭	৪১৪

তথ্যসূত্রঃ ভৌত ও অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৭.২.২ বৈদ্যুতিক ট্রান্সফরমার

রাঙ্গামাটি পৌরসভায় মোট ৮০টি ইলেকট্রিক ট্রান্সফরমার আছে। বেশিরভাগ ট্রান্সফরমার ওয়ার্ড নং - ১৫ এ অবস্থিত। অন্যদিকে, ওয়ার্ড নং- ১ এ কেবলমাত্র ৪টি ট্রান্সফরমার পাওয়া গিয়েছে। ওয়ার্ড নং- ৩ ও ৪ এ সমসংখ্যক (৭টি করে) ট্রান্সফরমার রয়েছে। ওয়ার্ড নং- ২ ও ৮ এ যথাক্রমে ১১ ও ১৩টি ট্রান্সফরমার রয়েছে। এছাড়া, ওয়ার্ড নং- ৫, ৬ ও ৭ এ যথাক্রমে ৯টি, ৬টি ও ৮টি ট্রান্সফরমার আছে।

চিত্রলেখ ১২-১২: ওয়ার্ড অনুসারে ইলেকট্রিক ট্রান্সফরমারের বণ্টন



	ওয়ার্ড নং- ১	ওয়ার্ড নং- ২	ওয়ার্ড নং- ৩	ওয়ার্ড নং- ৪	ওয়ার্ড নং- ৫	ওয়ার্ড নং- ৬	ওয়ার্ড নং- ৭	ওয়ার্ড নং- ৮	ওয়ার্ড নং- ৯
বৈদ্যুতিক ট্রান্সফরমার	৪	১১	৭	৭	৯	৬	৮	১৩	১৫

তথ্যসূত্রঃ ভৌত ও অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৭.২.৩ হাই ভোল্টেজ টাওয়ার

পৌরসভায় মোট ১৯টি হাই ভোল্টেজ টাওয়ার পাওয়া গিয়েছে। বেশিরভাগ হাই ভোল্টেজ টাওয়ার পাওয়া গিয়েছে ওয়ার্ড নং- ৬ এ। এই ওয়ার্ডে মোট ১০টি টাওয়ার পাওয়া গিয়েছে। ওয়ার্ড নং- ৪ ও ৫ এ সমসংখ্যক হাই ভোল্টেজ টাওয়ার পাওয়া গিয়েছে। দুটি ওয়ার্ডেই ৩টি করে হাই ভোল্টেজ টাওয়ার আছে। ১৯টির মধ্যে দুটি হাই ভোল্টেজ টাওয়ার পাওয়া গিয়েছে ওয়ার্ড নং- ৭ এ এবং একটি পাওয়া গিয়েছে ওয়ার্ড নং- ৮ এ।

সারণি ১২-২৫: রাঙ্গামাটি পৌরসভায় হাই ভোল্টেজ টাওয়ার


ওয়ার্ড নং	হাই ভোল্টেজ টাওয়ার
ওয়ার্ড নং- ৪	৩
ওয়ার্ড নং- ৫	৩
ওয়ার্ড নং- ৬	১০
ওয়ার্ড নং- ৭	২
ওয়ার্ড নং- ৮	১
মোট	**১৯**

তথ্যসূত্রঃ ভৌত ও অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৭.২.৪ বৈদ্যুতিক লাইন

বৈদ্যুতিক লাইনের মোট দৈর্ঘ্য ১১৩.৬৯ কি.মি.। বৈদ্যুতিক লাইনের সর্বোচ্চ দৈর্ঘ্য (২১.৬০ কি.মি.) পড়েছে ওয়ার্ড নং- ৯ এ। ওয়ার্ড নং- ৬ এ প্রায় একইরকম দৈর্ঘ্যের (২১.০১ কি.মি.) বৈদ্যুতিক লাইন রয়েছে। ভৌত ও অবকাঠামো জরিপ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে, ওয়ার্ড নং- ৫ এ মোট ১৯.০৮ কি.মি. বৈদ্যুতিক লাইন রয়েছে। অপরদিকে, ওয়ার্ড নং- ১ এ মাত্র ৪.২৯ কি.মি. বৈদ্যুতিক লাইন পাওয়া গিয়েছে। ***চিত্রলেখ ১২-১৩*** এ ওয়ার্ড অনুসারে বৈদ্যুতিক লাইনের বণ্টন দেখানো হয়েছে।


চিত্রলেখ ১২-১৩: ওয়ার্ড অনুসারে বৈদ্যুতিক লাইনের বণ্টন



তথ্যসূত্রঃ ভৌত ও অবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ১২-৯ : রাঙ্গামাটি পৌরসভায় বৈদ্যুতিক পোল, বৈদ্যুতিক লাইন, টাওয়ার এবং ট্রান্সফর্মারের বন্টন

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava Area

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Electric Post
- Light Post
- Electric Light Post
- Electric High Voltage Tower
- Electric Transformer
- Mobile Tower
- Telephone Post

১২.১৭.৩ বিদ্যুৎ সরবরাহের উপর সুপারিশ এবং প্রস্তাবনা


- শহরে উন্নত শিল্পোন্নয়নের জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করতে হবে।
- আরও ইলেকট্রিক সাব-স্টেশন অথবা ইলেকট্রিক পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করতে হবে।
- জন নিরাপত্তা নিশ্চিত করতে সকল ওভারহেড ইলেকট্রিক লাইন (হাই ভোল্টেজ লাইন বাদে) মাটির নিচে স্থানান্তর করতে হবে।
- সোলার পার্ক এবং কমিউনিটি ভিত্তিক সোলার বিদ্যুৎ সুবিধার ব্যবস্থা করতে হবে।
- কঠিন বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য একটি নবায়নযোগ্য শক্তি কেন্দ্র প্রস্তাবিত আছে।
- সোলার সুবিধাযুক্ত সড়ক বাতি চালু করা উচিত।
- প্রাকৃতিক গ্যাস, কয়লা এবং জল আমাদের দেশে বিদ্যুৎ উৎপাদনের মূল উৎস। টেকসই উন্নয়ন বজায় রাখা এবং ইলেকট্রিক পাওয়ার প্ল্যান্ট নির্মাণের খরচ কমাতে, ইদানিং বিদ্যুৎ উৎপাদনের জন্য সৌরশক্তি/ তাপ ব্যবহার করা হয়। এই নবায়নযোগ্য শক্তি পরিবেশবান্ধবও। বিদ্যুৎ উৎপাদনের জন্য মিটিঙ্গাছড়ি, টেলিভিশন সেন্টার সংলগ্ন এলাকায়, পুরান পাড়ায় তিনটি সোলার পার্ক (পানি ও পাহাড় ভিত্তিক) প্রস্তাবিত আছে।

১২.১৭.৪ সড়ক বাতির উপর প্রস্তাবনা

সবুজ বাতি প্রযুক্তি; যেমন- কম্প্যাক্ট ফ্লুওরেসেন্ট ল্যাম্প (CFL), লাইট এমিটিং ডায়োডস (LEDs) সড়ক পোলে ব্যবহার করতে হবে যা পরিষ্কার, টেকসই, energy efficient, cost effective (কম বিদ্যুৎ বিল) এবং সাধারণত উচ্চ মানের আলো প্রদান করে। যেসকল এলাকায় রাতের বেলায় নিরাপত্তার অভাব রয়েছে সেসব এলাকা চিহ্নিত করে সেখানে আরও সড়ক বাতি স্থাপন করতে হবে।

মানচিত্র ১২-১০ : রাঙ্গামাটি পৌরসভায় প্রস্তাবিত উপযোগ সেবাসমূহের পরিপোষক সুবিধাদি (সোলার, বায়োগ্যাস)

1:60,000



MASTER PLAN FOR RANGAMATI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:60,000 or 1 " = 5,000 ' or 1 cm = 600 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Bounadary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies
- Pourashava Area

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Sanitary Landfill Site & Recycling Area
- Proposed Solar Park

ত্রয়োদশ অধ্যায় জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

সূচিপত্র

১৩.১ ভূমিকা---------- ১৩-১
১৩.২ জলবায়ু পরিবর্তন---------- ১৩-১
১৩.২.১ বাংলাদেশে জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব ---------- ১৩-২
১৩.২.২ রাঙ্গামাটি শহরের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব---------- ১৩-২
১৩.২.৩ জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন এবং প্রতিরোধ ও উত্তরণ---------- ১৩-৩
১৩.২.৪ রাঙ্গামাটি পৌরসভার জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন---------- ১৩-৪
১৩.২.৫ জলবায়ু ঘটিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা---------- ১৩-৭
১৩.৩ পরিবেশ---------- ১৩-১০
১৩.৩.১ বিদ্যমান পরিবেশগত চিত্র ---------- ১৩-১০
১৩.৩.২ জলবায়ু---------- ১৩-১০
১৩.৩.৩ মৃত্তিকার সাধারণ ধরণ---------- ১৩-১১
১৩.৩.৪ মাটি প্রতিক্রিয়া ---------- ১৩-১১
১৩.৩.৫ রাঙ্গামাটি পৌরসভার ভৌগলিক বৈশিষ্ট-ভূতত্ত্ব-ভূমি গঠন-ভূপ্রযুক্তিগত প্রতিবেদন---------- ১৩-১২
১৩.৩.৬ পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা নির্ধারণ ---------- ১৩-১৬
১৩.৩.৭ জলাশয় ও খাওয়ার পানি---------- ১৩-১৬
১৩.৪ বিপদ ও দুর্যোগ ---------- ১৩-১৭
১৩.৪.১ ভূমিধ্বস ---------- ১৩-১৭
১৩.৪.১.১ রাঙ্গামাটি পৌরসভায় ভূমিধ্বসের মাত্রা ও ঘটনসংখ্যা ---------- ১৩-২১
১৩.৪.১.২ রাঙ্গামাটি পৌরসভায় ভূমিধ্বসের প্রভাব ---------- ১৩-২১
১৩.৪.২ ভূমিকম্প---------- ১৩-২৫
১৩.৪.৩ বজ্রপাত ---------- ১৩-২৮
১৩.৪.৪ বর্জ্য ও উপদ্রব ---------- ১৩-৩১
১৩.৪.৫ পাহাড় কাটা এবং গড়ে ওঠা ভারসাম্যহীন বসতি ---------- ১৩-৩১
১৩.৪.৬ বন উজাড় ও অগ্নিকান্ড---------- ১৩-৩২
১৩.৪.৭ জলাবদ্ধতা ও বন্যা ---------- ১৩-৩৩

১৩.৪.৮ পানির অপ্রাপ্যতা ও খাদ্য নিরাপত্তাহীনতা ---------- ১৩-৩৫
১৩.৫ দূষণ প্রতিরোধক ব্যবস্থাসমূহ ---------- ১৩-৩৭
১৩.৫.১ শব্দ দূষণ প্রশমন ---------- ১৩-৩৭
১৩.৫.২ বায়ু দূষণ প্রশমন ---------- ১৩-৩৭
১৩.৫.৩ ভূ-পৃষ্ঠস্থ পানি দূষণ প্রতিরোধ ---------- ১৩-৩৮
১৩.৫.৪ ভূগর্ভস্থ পানি দূষণ প্রশমন ---------- ১৩-৩৯
১৩.৫.৫ ড্রেন ভরাট প্রশমন ---------- ১৩-৩৯
১৩.৫.৬ শিল্প কারখানার দূষণ ---------- ১৩-৪০
১৩.৫.৭ কীটনাশক ব্যবহারের ফলে দূষণ ---------- ১৩-৪১
১৩.৫.৮ মানব সৃষ্ট দূর্যোগ ---------- ১৩-৪১
১৩.৬ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ---------- ১৩-৪১
১৩.৬.১ ভূমিধ্বস ---------- ১৩-৪১
১৩.৬.২ সহনশীল বসতি গড়ে তোলা ---------- ১৩-৪২
১৩.৬.৩ বজ্রপাত ---------- ১৩-৪৪
১৩.৬.৪ বন উজাড় ও অগ্নিকান্ড ---------- ১৩-৪৪
১৩.৬.৫ পাহাড়ী ঢাল রক্ষার জন্য পদক্ষেপসমূহ ---------- ১৩-৪৪
১৩.৬.৬ পাহাড়ী ঢল ও জলাবদ্ধতা প্রশমন ---------- ১৩-৪৪
১৩.৬.৭ যানবাহন ও যোগাযোগ ---------- ১৩-৪৫
১৩.৭ ভবিষ্যৎ উন্নয়ন সহযোগী ঝুঁকি প্রশমন পরিকল্পনা ---------- ১৩-৪৫
১৩.৭.১ খাওয়ার পানির সমাধান ---------- ১৩-৪৬
১৩.৮ বাস্তবায়ন ---------- ১৩-৪৬

ত্রয়োদশ অধ্যায়

জলবায়ু পরিবর্তন, পরিবেশ এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

১৩.১ ভূমিকা

এই অধ্যায়ে যে সমস্ত বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে তার মধ্যে আছে, জলবায়ু পরিবর্তন, পরিবেশ এবং দুর্যোগ ব্যবস্থাপনা। এতে জলবায়ু পরিবর্তনের মৌলিক বিষয় এবং রাঙ্গামাটিতে এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে আলোচনা করা হয়েছে। এ ছাড়াও এই অধ্যায়ে রাঙ্গামাটি পৌরসভার বিদ্যমান পরিবেশ, এর প্রাকৃতিক সম্পদ এবং সমকালীন পরিবেশগত ও দুর্যোগ বিষয়ক সমস্যা নিয়ে আলোচনা করা হয়েছে।

১৩.২ জলবায়ু পরিবর্তন

ত্রিশ থেকে চল্লিশ বৎসর পর পর কোন এলাকার জলবায়ুতে যে গড় পরিবর্তন হয় তাকে জলবায়ু পরিবর্তন বলে। তবে এই পরিবর্তনের সময়কাল নিয়ে মতভেদ আছে। এই পরিবর্তনের ফলে কম বেশি চরমভাবাপন্ন আবহাওয়ার উদ্ভব হতে পারে। এই প্রক্রিয়ার পেছনে কাজ করে, বায়োটিক প্রক্রিয়া, পৃথিবীতে সূর্য রশ্মির পরিবর্তন, প্লেট টেকটোনিক এবং আগ্নেয়গিরির লাভা উদগিরণ এর উপর। এ ছাড়া মানুষের কিছু সাম্প্রতিক কর্মকান্ডকেও এই পরিবর্তনের কারণ হিসাবে নির্ধারণ করা হয়েছে। এটাকে বিশ্ব উষ্ণায়ন হিসাবে আখ্যায়িত করা হয়ে থাকে। জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীতে কি কি প্রভাব পড়তে পারে তার নমুনা ***সারণি ১৩-১*** এ দেয়া হলো।

সারণি-১৩.১: জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা এবং তার প্রভাব

জলবায়ু পরিবর্তনের ঘটনাসমূহ	প্রধান প্রভাবসমূহ
সকল নগর কেন্দ্রসমূহ	
তাপমাত্রা ১-২ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি	• বিটুমিন সড়ক পৃষ্ঠের অবনতি • কনক্রিটের কিউরিং এর জন্য অনেক পানি প্রয়োজন • ভূপৃষ্ঠস্থ পানির উৎসসমূহের বৃহত্তর বাষ্পীভবন • মাথাপিছু পানির চাহিদা ও ভোগ বৃদ্ধি • বর্ধিত শক্তি চাহিদা (শীতলীকরণের জন্য)
মৌসুমি বৃষ্টিপাত ২৫% পর্যন্ত বৃদ্ধি	• প্রবাহিত নদীগুলো থেকে আরও বেশি প্রবাহ, আরও পাহাড়ী ঢল এবং প্লাবন। • অবকাঠামো এবং বর্জ্য ব্যবস্থাপনার আরও ক্ষয়-ক্ষতি • জীব-বাহিত রোগসমূহ; যেমন- ম্যালেরিয়া, কলেরা ইত্যাদি রোগের বৃদ্ধি।
উপকূলবর্তী শহর	
সমুদ্রতল ২০-৪০ সেমি পর্যন্ত বৃদ্ধি **জোয়ারের স্তর বৃদ্ধি**	• অবকাঠামোর গুরুতর ক্ষতি • বাঁধ এর ক্ষয় বৃদ্ধি • আরও এলাকা প্লাবিত হচ্ছে • বাঁধ এর ক্ষয় বৃদ্ধি • আরও এলাকা প্লাবিত • সমুদ্রের পানি আরও ব্যাপক অনুপ্রবেশ, লবণাক্ততার বৃদ্ধি, স্টিল ও কনক্রিটের গুরুতর ক্ষতি • পানির উৎসের গুণগত মানের অবনতি (ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ পানির গুনগতমান)
ঝড় জোয়ার / ঢেউ বৃদ্ধি	বৃহত্তর ক্ষতি, প্লাবন

জলবায়ু পরিবর্তনের ঘটনাসমূহ	প্রধান প্রভাবসমূহ
সকল শহর	
গ্রীষ্মপ্রধান সাইক্লোন তীব্রতা, বিশেষ করে শ্রেণি ৫	• উচ্চ বাতাসের কারণে ক্ষতি (২৭৫ কিমি./ ঘন্টা পর্যন্ত) • প্রাকৃতিক ড্রেনেজ প্রবাহের কারণে ক্ষতি • রক্ষণাবেক্ষণের উচ মূল্য
ভূমিকম্পের তীব্রতা বৃদ্ধি	• ভৌত অবকাঠামো, ব্রিজ-কালভার্টের ক্ষতি • পাহাড়ে ভূমিধ্বস • বহুতল ভবন ধস এবং বড় মাপের ক্ষয়-ক্ষতি • জরুরী পরিসেবা-পানি সরবরাহ, গ্যাস, বিদ্যুৎ সরবরাহ, চিকিৎসা সেবা ইত্যাদি বন্ধ হয়ে যাওয়া।

১৩.২.১ বাংলাদেশে জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব

বাংলাদেশ পৃথিবীর অন্যতম দুর্যোগ প্রবণ দেশ। তবে জলবায়ু পরিবর্তনের ফলে সামনের দিনগুলোতে ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাসের মত দুর্যোগগুলো আরো ঘন ঘন এবং প্রবলভাবে দেখা দেবে। বিশেষজ্ঞদের মতে জলবায়ু পরিবর্তনের চিহ্নগুলো ইতিমধ্যে দৃশ্যমান হচ্ছে। তবে চিহ্নগুলো দেশের সর্বত্র এই প্রকৃতির না। গ্রামের পরিবর্তনের চিহ্নগুলো শহরের চেয়ে ভিন্নতর। তবে সবক্ষেত্রেই দুর্যোগ দ্বারা দরিদ্র জনগোষ্ঠি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে। উষ্ণতা বৃদ্ধির ফলে সব কাজে পানির চাহিদা বৃদ্ধি পাবে। পিচঢালা রাস্তা ক্ষতিগ্রস্ত হবে। ঝড় বৃদ্ধি পেলে কাঁচা বাড়িঘর বেশি ভাঙ্গবে। এ সমস্ত বাড়ি ঘরে দরিদ্ররা বসবাস করে থাকে। মোট কথা দুর্যোগ বাড়লে নিম্ন আয়ের মানুষ সবচেয়ে বেশি ক্ষতির সম্মুখীন হবে।

১৩.২.২ রাঙ্গামাটি শহরের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব

জলবায়ু পরিবর্তনের প্রভাব কতটা গভীর এবং গুরুতর তা নির্ভর করে একটি প্রকৃতিক ঘটনা কিভাবে প্রতিবেশের সাথে মিথস্ক্রিয়া করে এবং নির্দ্দিষ্ট স্থানে এবং মানুষের উপর কিভাবে আঘাত হানে তার উপর।

উপরে উল্লেখিত সকল জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা রাঙ্গামাটির মত পাহাড়ি শহরের উপর প্রভাব ফেলে না। এই নগর কেন্দের উপর তাপমাত্রা বৃদ্ধি, প্রবল বর্ষণ, গ্রীষ্মমন্ডলীয় ঘূর্ণিঝড় ও ভূমিকম্পের তীব্রতা বৃদ্ধির প্রভাব রয়েছে। রাঙ্গামাটিতে জলবায়ু পরিবর্তনজনিত প্রধান প্রভাবগুলোর মধ্যে রয়েছে- বর্ধিত বৃষ্টিপাত, বৃষ্টির কারণে ড্রেন আটকে যাওয়া, ভূমিকম্প এবং ভূমিধ্বস।

ওপরে বর্ণিত সকল জলবায়ু পরিবর্তনের ঘটনা রাঙ্গামাটি এলাকার মত পাহাড়ি অঞ্চলে প্রভাব ফেলে না। এই অঞ্চলের প্রধাণ জলবায়ুর পরিবর্তনের কারণ হিসেবে তাপমাত্রা বৃদ্ধি, ভারী বৃষ্টিপাত, ভূমিধ্বস ও ভূমিকম্পের প্রকোপ বৃদ্ধিকে ধরা হয়। প্রধাণত বৃষ্টিপাতের পরিমাণ বৃদ্ধি, নদীর চারপাশে সৃষ্ট বন্যা, বৃষ্টিপাতের ফলে সৃষ্ট জলাবদ্ধতা, শহুরে বন্যা, ভূমিকম্প ও ভূমিধ্বসকে রাঙ্গামাটি শহরের ওপর প্রধাণ জলবায়ুর পরিবর্তনের কারণ হিসেবে ধরা হয়। বর্ষাকালে ভারী বৃষ্টিপাতের ফলে আকস্মিক বন্যার সৃষ্টি হয়। যেটি মাছ চাষ ও পানি সরবরাহের ওপর প্রভাব ফেলে, এবং নগর ও যোগাযোগব্যাবস্থার অবকাঠামো, নিষ্কাশন ব্যাবস্থা, জলাবদ্ধতা, কমিউনিটি স্বাস্থ্য এবং বিদ্যুৎ সরবরাহ কে ঝুঁকিতে ফেলে দেয়। এছাড়াও রাঙ্গামাটির প্রাকৃতিক ভারসাম্য (জলাশয়, পানির উৎস, জীববৈচিত্র ইত্যাদি) এবং অবকাঠামোগত দিকগুলোও ঝুঁকির সম্মুখীন হয়। যার ফলের জনসংখ্যার ওপর এর প্রভাব কাঙ্ক্ষিত মাত্রার চেয়ে বেশি হয়। তাপমাত্রা বৃদ্ধির কারণে পানির চাহিদা বেড়ে যায় এবং বিটুমিনের তৈরী সড়কের ক্ষতি হয়। শহরে অতিমাত্রায় ঝড়ের কারণে ক্ষণস্থায়ী বসতিগুলো ধ্বংস হয়ে যায়। যার ফলে এটি পরোক্ষভাবে অতিরিক্ত আর্থিক ক্ষতিসাধন করে, যা নিম্ন আয়ের মানুষদের জীবনে বোঝা হয়ে দাঁড়ায়। ভুমিধ্বসের ফলে গরীব জনসংখ্যার বসতি ধ্বংস হয়, বিভিন্ন অবকাঠামো যেমন যোগাযোগের সড়ক ইত্যাদি ক্ষতিগ্রস্থ হয় এবং একই সাথে ওই অঞ্চলের মানুষের অর্থনীতি ও জীবনযাত্রায় বিরূপ প্রভাব ফেলে।

১৩.২.৩ জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন এবং প্রতিরোধ ও উত্তরণ

রেজিলিয়েন্স শব্দের অর্থ হচ্ছে সম্ভাব্য ঝুঁকি ও দুর্যোগ প্রতিরোধ এবং এর ক্ষতি কাটিয়ে ওঠার সক্ষমতা। এই ধারণাটি ব্যবহার করা হয় মূলত প্রকৃতিক ঝুঁকি বিশ্লেষণে। এটি স্থানীয়, জাতীয় এবং অন্তর্জাতিক পর্যায়ে দুর্যোগ ঝুঁকি হ্রাসে সক্ষমতা তৈরীতে ব্যবহার করা হয়। তাই এটাকে যথা সময়ে ঝুঁকি কাটিয়ে ওঠার সক্ষমতা বা বাউন্স ব্যাক সক্ষমতা বলা হয়ে থাকে। তাই সময়ের সঙ্গে এর পদ্ধতিগত পরিবর্তন হয়।

রেজিলিয়েন্স ধারণা ব্যবহার করতে হলে প্রথমেই ধরে নিতে হবে যে, শহর একটি গতিশীল ব্যবস্থা যার দুর্যোগ পরবর্তী অবস্থা মানিয়ে নেয়া এবং তা থেকে টিকে থাকার সক্ষমতা আছে। সুতরাং নগর রেজিলিয়েন্স মানে দুর্যোগ পরবর্তী সময়ে শহরের অবকাঠামো এবং সেবা সুবিধা চলমান রাখার ক্ষমতা।

পৌরসভার ঝুঁকি মোকাবেলার সক্ষমতা নির্ভর করে কত ঘন ঘন দুর্যোগ ঘটে থাকে এবং তার গভীরতা কি রকম এবং তা মোকাবেলা করার দক্ষতা শহরের কতটুকু আছে। এ ক্ষেত্রে রাজনৈতিক এবং অথনৈতিক কাঠামো খুবই গুরুত্বপূর্ণ বিষয়, কারণ শহর হচ্ছে একটি পরস্পর নির্ভরশীল ব্যবস্থা। জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব মোকাবেলায় সমাজের রেজিলিয়েন্স কতটুকু তা বুঝতে হলে জানতে হবে স্থানীয় ঝুঁকি সম্পর্কে, স্থানীয় ক্ষমতা, এবং সকল প্রকার প্রকৃতিক ঝুঁকি প্রভাব মেটাতে সমাজের সক্ষমতা কি পরিমাণ আছে। স্থানীয় সক্ষমতা বৃদ্ধি করতে হলে নিম্নবর্ণিত বিষয়গুলো জানতে হবেঃ

- পৌরসভার অবস্থান কোথায়;
- পৌরসভার অর্থনৈতিক এবং ভৌগলিক গুরুত্ব কতটুকু;
- নগরায়নের ধারা কীরকম;
- জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ঝুঁকির প্রভাব কি পরিমাণ;
- জনসংখ্যার বৈশিষ্ট্য এবং এর বৃদ্ধির ধারা কি রকম;
- মৌলিক অবকাঠামো এবং সেবা সুবিধার অবস্থা কি?
- কর্তৃপক্ষের ব্যবস্থাপনা দক্ষতা; এবং
- পৌরসভার সম্পদের পরিমাণ কীরকম।

অভিযোজন একটি পরস্পর নির্ভরশীল প্রক্রিয়া। এটা হচ্ছে প্রকৃতিক দুর্যোগের সঙ্গে খাপ খওয়ানোর ব্যবস্থা। শহর এলাকার পরস্পর নির্ভরশীল অবকাঠামো ও সেবা সুবিধার বিপরিতে দুটি বিষয়ের উপর অভিযোজন প্রক্রিয়া নির্ভর করবে। প্রথমত, জলবায়ু পরিবর্তন জনিত পরিস্থিতিতি মোকাবেলায় সরাসরি কাঠামোগত কি ব্যবস্থা নেয়া হয়েছে, যেমন,নদীতে বাঁধ। দ্বিতীয়ত, সম্ভাব্য ক্ষতি মোকাবেলায় বিদ্যমান রেজিলিয়েন্স বৃদ্ধির জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে,যেমন, ভূমি ব্যবহার পরিকল্পনা, বিল্ডিং কোড এবং কাঠামোগত এবং অকাঠামোগ সুবিধা গ্রহনে জনগণের সুযোগ কতটুকু।

একটি পৌরসভায় অনেক প্রকল্প থাকতে পারে যে গুলোকে কাঠামোগত অভিযোজন প্রকল্প হিসাবে গণ্য করা যায়। এর মধ্যে আছে স্লুইস গেট, বাঁধ, ড্রেনেজ চ্যানেল। তবে এর মধ্যে অনেকগুলো ভাল ডিজাইনের ফলে একটি সামগ্রিক ব্যবস্থার অংশ হিসাবে কাজ না করে বাধা হিসাবে কাজ করতে পারে। অভিযোজন কাঠামোগুলো শহরের সম্ভাব্য ঝুঁকি কমাতে সাহায্য করে।

পাঁচটি বিষয় দিয়ে পৌরসভার অভিযোজন (Impact) ব্যবস্থা পরিমাপ করা যেতে পারে। পাঁচটি বিষয় নিয়ে একটি অভিযোজন ফ্রেম তৈরী করা হয়েছে যা দিয়ে পরোক্ষভাবে বিদ্যমান ঝুঁকির গভীরতা এবং তা মোকাবেলার সক্ষমতা বোঝা সম্ভব। পাঁচটি বিষয় নিচে দেয়া হলোঃ

১. **নগরবাসীদের নগর অবকাঠামোর সুবিধা গ্রহণের সুযোগঃ** এই পৌরসভা তার নাগরিকদের নিয়মিতভাবে পর্যাপ্ত নাগরিক সুবিধা প্রাপ্তির কি পরিমাণ সুযোগ দেয়?

২. **সামাজিকঃ** এই পৌরসভার কি পরিমাণ মানুষ অপ্রত্যাশিত দুর্যোগ ঝুঁকিতে আছে?

৩. **পৌরসভার যোগ্যতা এবং গণ-যোগাযোগঃ** এই পৌরসভা কি যথাযথভাবে স্বীকার করে যে তার নাগরিকরা

জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকিকে আছে এবং এই বিষয়ে তথ্য সংগ্রহ করছে এবং তা প্রচার করছে যাতে প্রয়োজনীয় নেতৃত্ব ও অগ্রাধিকার ব্যবস্থা গ্রহণ করে দুর্যোগ প্রতিরোধ এবং দুর্যোগ পরবর্তী অবস্থা থেকে উত্তরণ পাওয়া যাবে?

৪. **জলবায়ু এবং পরিবেশগত সেবাঃ** এই পৌরসভা কি যথাযথভাবে জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকির কথা স্বীকার করে এবং এই ঝুকিঁ হ্রাস করার জন্য নগর পরিকল্পনার মাধম্যে পূর্ব ব্যবস্থা গ্রহণ করছে?

৫. **অর্থনৈতিক অবস্থাঃ** ব্যবসা এবং অর্থনীতির উপর জলবায়ূ পরিবর্তনের বিরূপ প্রভাব প্রতিরোধ করার মত প্রয়োজনীয় অথনৈতিক সামর্থ্য এই পৌরসভা আছে কি এবং স্থানীয় জনগণের সম্পদের যথেষ্ট বৈচিত্র আছে কি?

প্রতিটি বিষয়কে সংখ্যা তাত্ত্বিকভাবে মূল্যায়ন করতে হবে যাতে জলবায়ূ পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য গ্রহীত পদক্ষেপ ও কৌশলগুলো কার্যকরভাবে প্রয়োগ করা যায়।


১৩.২.৪ রাঙ্গামাটি পৌরসভার জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন


উপরে উল্লেখিত পাঁচটি বিষয়ের ভিত্তিতে মৌলভীবাজার পৌরসভার অভিযোজন নির্ণয় করা হয়েছে। প্রতিটি বিষয় এক একটি অভিযোজন তৈরী করে যা পরোক্ষভাবে বিদ্যমান ঝুঁকি বিশ্লেষণ করে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় তা মোকাবেলা করার সামর্থ্য নির্ধারণ করে। ***সারণি ১৩-২*** এ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মৌলভীবাজার পৌরসভার জলবায়ূ পরিবর্তন জনিত ঝুঁকি নির্ণয় করা হয়েছে। ***চিত্রলেখ ১৩-৪*** এ ঝুঁকি মোকাবেলার সক্ষমতা দেখানো হয়েছে।


সারণি ১৩-২: রাঙ্গামাটি পৌরসভার ঝুঁকি নির্ণয় (Wu, Yarnal, & Fisher, 2002 অনুযায়ী)


Variables			Standardized data									Var. average	Weighted scc	Sum. Indicator	Dimension
Urban Infrastructure Provision			ward												
	Weight		1	2	3	4	5	6	7	8	9				
UIP1	100%		2	2	2	2	2	2	2	2	2	2.00	2.00	2.00	2.17
UIP2	60%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.60	1.00	
UIP3	40%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.40		
UIP4	100%		3	3	3	3	3	3	3	3	3	3.00	3.00	3.00	
UIP5	100%		1	1	1	1	1	1	1	1	1	1.00	1.00	1.00	
UIP6	60%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.60	1.00	
UIP7	40%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.40		
UIP8	100%		5	5	5	5	5	5	5	5	5	5.00	5.00	5.00	
Socio-Demographic															
SD1	80%		4	4	4	4	5	4	4	4	3	4.00	3.20	4.18	3.17
SD2	20%		5	4	5	5	5	5	5	5	5	4.89	0.98		
SD3	100%		3	3	4	3	4	4	4	4	4	3.67	3.67	3.67	
SD4	100%		2	2	2	2	2	1	1	2	1	1.67	1.67	1.67	
SD5	40%		1	1	2	1	3	2	3	2	2	1.89	0.76	3.36	
SD6	40%		4	4	4	4	4	4	4	4	4	4.00	1.60		
SD7	20%		5	5	5	5	5	5	5	5	5	5.00	1.00		
SD8	100%		3	3	3	3	3	3	3	3	3	3.00	3.00	3.00	
Municipal Competence and Communication															
MCC1	100%		2	2	2	2	2	2	2	2	2	2.00	2.00	2.00	1.80
MCC2	100%		2	2	2	2	2	2	2	2	2	2.00	2.00	2.00	
MCC3	100%		1	1	1	1	1	1	1	1	1	1.00	1.00	1.00	
MCC4	60%		2	2	2	2	2	2	2	2	2	2.00	1.20	2.00	
MCC5	40%		2	2	2	2	2	2	2	2	2	2.00	0.80		
MCC6	40%		2	2	2	2	2	2	2	2	2	2.00	0.80	2.00	
MCC7	60%		2	2	2	2	2	2	2	2	2	2.00	1.20		
Climate and Environmental Services															
CES1	100%		3	4	3.67	3.67	2.33	2	3	2.33	2	2.89	2.89	2.89	2.36
CES2	100%		3	4	3.67	3.67	2.33	2	3	2.33	2	2.89	2.89	2.89	
CES3	30%		4	4	5	1	5	1	1	1	1	2.56	0.77	3.02	
CES4	30%		5	5	5	5	5	5	5	5	5	5.00	1.50		
CES5	40%		2	2	3	3	1	1	2	2	1	1.89	0.76		
CES6	100%		1	1	1	1	1	1	1	1	1	1.00	1.00	1.00	
CES7	50%		2	2	2	2	2	2	2	2	2	2.00	1.00	2.00	
CES8	50%		2	2	2	2	2	2	2	2	2	2.00	1.00		
Economic Condition															
EC1	100%		5	5	5	5	5	5	5	5	5	5.00	5.00	5.00	3.14
EC2	100%		2	2	2	2	2	2	2	2	2	2.00	2.00	2.00	
EC3	100%		4	4	4	4	4	4	4	4	4	4.00	4.00	4.00	
EC4	100%		2	1	1	1	2	1	2	2	2	1.56	1.56	1.56	
EC5	100%		5	5	5	5	2	3	5	3	4	4.11	4.11	4.11	
		Exposure	4	1	2	2	3	5	3	3	3				
		Sensitvity	5.30	5.16	5.59	5.30	5.88	5.45	5.59	5.59	5.30				
		Adaptive capacity	4.61	4.86	5.02	4.52	4.44	3.86	4.23	4.06	3.86				
			4.48	3.00	3.65	3.46	4.08	4.83	3.96	3.91	3.79				
		Vulnerability(%)	74.63	50.07	60.89	57.62	67.98	80.43	65.92	65.22	63.17				


চিত্রলেখ ১৩-১: রাঙ্গামাটি পৌরসভার অভিযোজন সক্ষমতার চিত্র














১৩.২.৫ জলবায়ু ঘটিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

রাঙ্গামাটির দুর্যোগ অভিযোজন এবং ঝুঁকি উপরে উল্লেখিত পাঁচটি বিষয়কে বিবেচনায় রেখে নির্ধারণ করা হয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা। এখানে ***(সারণি ১৩-৩)*** দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ওয়ার্ড ও পৌরসভার ভিত্তিতে উপস্থাপন করা হলো।

সারণি ১৩-৩: বর্তমান চিত্র ও দুর্যোগ উপশম সহায়ক ব্যবস্থাপনা পরিকল্পনা

অভিযোজন মাত্রা/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনাসমূহ	
			পৌরসভা পর্যায়ে/নীতিসমূহ	ওয়ার্ড পর্যায়ে
নগর অবকাঠামো				
পানি সরবরাহ	সার্বিকভাবে বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থায় মাত্র ৩১.৬% নগরবাসীকে সেবা দেয়া সম্ভব।	বর্তমান পানি সরবরাহের অবস্থা মোটামুটি। একটি মৌলিক উপযোগ সেবা হওয়ার কারণে অতিসত্ত্বর এর উন্নয়ন প্রয়োজন।।	**P-EN-01-** পৌর এলাকার ভেতরে ১০০% পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। **P-EN-02-** পৌর এলাকায় ভূ-গর্ভস্থ পানির পাশাপাশি জলাশয়ের পানি এবং বৃষ্টির পানি ব্যবহার করার উদ্যোগ নিতে হবে। এ জন্য পানি শোধনাগার স্থাপন করতে হবে।	**A-EN-01-** অগ্রাধিকার ভিত্তিতে ওয়ার্ড নং-১,২,৩ এবং ৮ এ পৌর পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। **A-EN-02-** ওয়ার্ড নং- ৭ এ কাপ্তাই লেকের পানির জন্য শোধনাগার নির্মাণ।
পৌর বর্জ্য	পৌরসভায় নিয়মিত বাড়ি-বাড়ি বর্জ্য সংগ্রহের ব্যবস্থা প্রবর্তন করতে হবে।	বর্জ্য ব্যবস্থাপনার বর্তমান চিত্র খুবই খারাপ। লোকজন গৃহস্থালির বর্জ্য রাস্তার পাশে খোলা জায়গায় এবং ড্রেনে ফেলে যা বায়ু দূষণ ও জলাবদ্ধতা সমস্যার জন্য দায়ী।	**P-EN-03-** বাড়ি-বাড়ি বর্জ্য সংগ্রহের ব্যবস্থা প্রবর্তন করতে হবে। **P-EN-04-** পৌরসভার গুরুত্বপূর্ণ স্থানগুলোতে ট্রান্সফার স্টেশন স্থাপন করা। **P-EN-05-** ভেদভেদিতে বিদ্যমান ডাম্পিং সাইটিটি ৭ একরে সম্প্রসারিত করা উচিত। **P-EN-06-** বিপজ্জনক ও অ-বিপজ্জনক বর্জ্য পৃথক করার কাজটি সম্পন্ন করতে হবে। **P-EN-07-** বিপজ্জনক (ক্লিনিকাল) বর্জ্য পুড়িয়ে ফেলতে হবে। **P-EN-08-** বর্জ্য ব্যবস্থাপনায় নিরাপদ বর্জ্যের ক্ষেত্রে 3R পদ্ধতি চালু করতে হবে। **P-EN-09-** বর্তমান কম্পোস্ট প্ল্যান্টটির সংস্কার করতে হবে।	**A-EN-03-** যেহেতু পৌরসভা এলাকায় কিছু দ্বীপ আছে, সতরাং সেক্ষেত্রে বর্জ্য সংগ্রহের ক্ষেত্রে নৌ-যানের ব্যবস্থা করা যেতে পারে। **A-EN-04-** প্রত্যেক ওয়ার্ডে অন্তত একটি বড় আকারের ডাস্টবিন নির্মাণ করতে হবে এবং এই ডাস্টবিনগুলো ট্রান্সফার স্টেশন হিসেবে কাজ করবে।
স্যানিটেশন	৪৭.৮% বাড়িতে ওয়াটার সিলড স্যানিটারি ল্যাট্রিন আছে।	পৌরসভায় স্যানিটেশন ব্যবস্থার বর্তমান চিত্র মধ্যম মানের। স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করতে ওয়াটার সিলড স্যানিটারি ল্যাট্রিনের ব্যবহার বাড়ানো প্রয়োজন।	**P-EN-10-** পৌরসভার সীমানার মধ্যে অবস্থিত বস্তি ও নিম্ন আয়ের বসতিতে কমিউনিটি ল্যাট্রিন সরবরাহ করতে হবে। **P-EN-11-** নিম্ন আয়ের বসতিতে কম মূল্যে অথবা বিনামূল্যে ঘরে ঘরে টয়লেট রিং সরবরাহ করতে হবে।	
আবাসন ও ভূমি ব্যবহার	পৌরসভায় ৩১টি বস্তি আছে	এধরণের বেশিরিভাগ বসতি ব্যক্তিমালিকানাধীন জমির উপর স্থাপিত	**P-EN-12-** মৌলক সুযোগ-সুবিধা পর্যাপ্ত পরিমাণে নিশ্চিত করার মাধ্যমে ১৪টি বস্তির অবস্থা উন্নয়ন করে পৌরসভা ও এনজিওসমূহের	

অভিযোজন মাত্রা/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনাসমূহ	
			পৌরসভা পর্যায়ে/নীতিসমূহ	ওয়ার্ড পর্যায়ে
		এবং এ জায়গাগুলতে মৌলিক সুবিধাদি; যেমন- পানি সরবরাহ, বিদ্যুৎ সরবরাহ, স্যানিটেশন, শিক্ষা এবং স্বাস্থ্যসেবা পর্যাপ্ত পরিমাণে নেই।	মধ্যকার চলমান অংশীদারিত্ব সম্প্রসারণ করতে হবে। **P-EN-13**- অবৈধ দরিদ্র বাড়িঘর স্থানান্তরের জন্য একটি পুনর্বাসন পরিকল্পনা হাতে নিতে হবে।	
জলবায়ু এবং পরিবেশগত সেবা				
বন্যা	অন্যান্য ওয়ার্ডের তুলনায় ওয়ার্ড নং-৬, ৭, ৮ ও ৯ তুলনামূলকভাবে অধিক ঝুঁকিপূর্ণ	ভারী বৃষ্টিপাতের ফলে পাহাড়ি ঢল নেমে আকস্মিক বন্যার সৃষ্টি হয় এবং কাপ্তাই লেকের পানি উপচে পরে।	**P-EN-14**- পৌরসভার জন্য একটি কার্যকর এবং টেকসই ড্রেনেজ পরিকল্পনা তৈরী করতে হবে। **P-EN-15**- কাপ্তাই লেকের অবৈধ দখলে দাধা প্রদান করতে হবে এবং অধঃপতিত জলাভূমি পুনরুদ্ধার এবং বৃষ্টির পানির বাধাহীন প্রবাহ বজায় রাখার জন্য খনন কাজ পরিচালনা করতে হবে (যেখানে প্রয়োজন)।	**A-EN-14**- প্রত্যেক ওয়ার্ডে ড্রেনেজ নেটওয়ার্কের উন্নয়ন করতে হবে; বিশেষ করে ওয়ার্ড নং- ৬, ৭, ৮ ও ৯ এ।
ভূমিধ্বস	ওয়ার্ড নং- ৫, ৬ ও ৭ ভূমিধ্বসে আক্রান্ত।	বর্ষা মৌসুমে যখন কয়েকদিনের জন্য বৃষ্টিপাত বৃদ্ধি পায় ফলে পাহাড়ের ঢালে যে ঘরবাড়িগুলো থেকে সেগুলো ভূমিধ্বসের জন্য সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ।	**P-EN-16**- রিটেইনিং ওয়াল, ঝুঁকিপূর্ণ বাড়িগুলো পুনর্বাসন এবং পাহাড় কাঁটা বন্ধ করা ইত্যাদি উপাদানগুলো নিয়ে রাঙ্গামাটি পৌরসভাকে একটি ভূমিধ্বস রেজিলেন্ট পরিকল্পনা করতে হবে। **P-EN-17**- একান্ত প্রয়োজন ছাড়া এবং পূর্ব অনুমতি ব্যতিত পাহাড় কাঁটা সম্পূর্ণ নিষিদ্ধ।	**A-EN-16(1)**- ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডের যেসব পরিবারগুলো পাহাড়ের ঢালে বসবাস করে তাদেরকে সমতল ভুমিতে পুনর্বাসন করতে হবে। **A-EN-16(2)**- ভেদভেদি নতুনপাড়া, ভেদভেদি মুসলিম পাড়া এবং রাঙ্গামাটি-চট্টগ্রাম মহাসড়কের মত ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে পাহাড়ের পাশে রিটেইনিং ওয়াল নির্মাণ করতে হবে।
পানির অপ্রাপ্যতা	ওয়ার্ড নং- ১, ৮, ৫ এবং ৯ এ পানির অপ্রাপ্যতা সবচেয়ে বেশি।	পাহাড়ি এলাকার দরিদ্র বসতিগুলো সবচেয়ে বড় ভুক্তভোগী।	**P-EN-18**- বস্তি উন্নয়নের একটি অংশ হিসেবে দরিদ্র বসতিগুলোতে পানি সরবরাহ লাইন প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। **P-EN-19**- ভূ-গর্ভস্থ পানির স্তর ঠিক রাখতে পুকুর ও জলাশয় ভরাট বন্ধ করতে হবে।	**A-EN-19**- ওয়ার্ড নং- ১ ও ২ এ দুটি স্টোরেজ ট্যাংক এবং ওয়ার্ড নং-৯ এ দুটি রিজার্ভার স্থাপন করতে হবে যার প্রত্যেকটি ড্রেনেজ ব্যবস্থার পানি এবং ভূ-পৃষ্ঠ পানি সংরক্ষণ করে পানি সরবরাহের সম্পূরক উৎস হিসেবে কাজ করবে।
ভূমিকম্প	রাঙ্গামাটি পৌরসভাটি বেঙ্গল বেসিনের ভিতরে পড়েছে যা ভূমিকম্পের জন্য বিশ্বের সবচেয়ে		**P-EN-20**- ইমারত নির্মাণ অনুমোদনের জন্য ঢাকা ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮ অনুরূপ বিধিমালা রাঙ্গামাটি শহরের জন্য প্রণয়ন করতে হবে। এর সঙ্গে	

অভিযোজন মাত্রা/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনাসমূহ	
			পৌরসভা পর্যায়ে/নীতিসমূহ	ওয়ার্ড পর্যায়ে
	সক্রিয় সিসমিক জোন।		বিএনবিসি বিধিমালাও প্রয়োগ করতে হবে।	
সবুজ অবকাঠামো	পৌরসভায় মাত্র ৪.৩৩% এবং ৪৬% যথাক্রমে উন্মুক্ত স্থান জলভূমি রয়েছে।		**P-EN-21-** পরিকল্পিতভাবে শহরে মাঠ,পার্ক এবং বিনোদনমূলক জলাধার তৈরী করতে হবে। জলাধারগুলো বিনোদন ছাড়াও পানির সংগ্রহশালা হিসাবে কাজ করবে। **P-EN-22-** পৌরসভার প্রতিটি ওয়ার্ডের কাপ্তাই লেক খনন করতে হবে নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।	**A-EN-21-** প্রতিটি ওর্য়াডে অন্তত একটি করে খেলার মাঠ ও পার্ক প্রতিষ্ঠা করতে হবে।
জরুরী এবং গুরুত্বপূর্ণ জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব প্রতিরোধী সম্পদ	বর্তমানে পৌরসভা এলাকায় কোন জরুরী আশ্রয় কেন্দ্র নেই।		**P-EN-23-** জরুরী অবস্থার সময় সহায়ক সুবিধাদির ব্যবস্থা করতে হবে।	**A-EN-23-** জরুরী ভিত্তিতে অন্তত দুটি আশ্রয় কেন্দ্রের ব্যবস্থা করতে হবে। এ দুটি ওয়ার্ড নং-৫ এবং ৮ এ হতে পারে। এগুলোতে মানুষ জরুরী অবস্থার সময় আশ্রয় নিতে পারবে।
পৌরসভার যোগাযোগ এবং সামর্থ্য				
পৌরসভার দুর্যোগ ব্যবস্থাপনা সামর্থ্য	বাইরের সহায়তা ছাড়া পৌর সভার দুর্যোগ মোকাবেলার সামর্থ্য অত্যন্ত দুর্বল।	দুর্যোগ মোকাবেলা করার মত জনবল, সুযোগ-সুবিধা বা তহবিল পৌরসভার নেই।	**P-EN-24-** পৌরসভার জন্য একটি দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরী করতে হবে। **P-EN-25-** দুর্যোগ ব্যবস্থাপনা প্রতিক্রিয়ার জন্য বাহ্যিক (এনজিও) এবং জাতীয় প্রতিষ্ঠানের সাথে সহযোগিতার বৃদ্ধি করতে হবে। **P-EN-26-** পৌরসভায় অন্তত একজন নগর পরিকল্পনাবিদ নিয়োগ করতে হবে। **P-EN-27-** প্রতি ওয়ার্ডে কমিউনিটি পর্যায়ে দুর্যোগ প্রতিরোধ কমিটি গঠন করতে হবে।	
অর্থনৈতিক চিত্র				
অর্থনৈতিক কর্মকান্ড ও চালিকাশক্তি	প্রধান অর্থনৈতিক চালিকাশক্তিগুলোর মধ্যে রয়েছে- কাঠের ব্যবসা, পর্যটন, এবং কৃষি। ৫টি অর্থনৈতিক কেন্দ্র সনাক্ত করা হয়েছে; এগুলো হলো- রিজার্ভ বাজার (ওয়ার্ড নং- ১ ও ২), তবলছড়ি বাজার (ওয়ার্ড নং- ৪), আসাম বস্তি বাজার (ওয়ার্ড নং- ৫), বনরূপা বাজার (ওয়ার্ড নং- ৭) এবং	উন্নত দুর্যোগ ব্যবস্থাপনা সামর্থ্য নিশ্চিত করতে অর্থনৈতিক অবস্থার উন্নয়ন করতে হবে।	**P-EN-28-** স্থানীয় অর্থনীতি সমৃদ্ধ করতে হবে। **P-EN-29-** জলবায়ু সহিষ্ণু ফসল উৎপাদনে প্রশিক্ষণ দিতে হবে চাষীদের।	**A-EN-28(1)-** ওয়ার্ড নং- ২, ৩, এবং ৪ অন্তত একটি করে বাণিজ্য কেন্দ্র নির্মাণ করতে হবে। **A-EN-28(2)-** শহরের যাতায়াত ব্যবস্থা উন্নয়নের জন্য ২১.৪৭% কাঁচা রাস্তাগুলো পাকা এবং ভাঙ্গা রাস্তাগুলো পাকা করতে হবে।

অভিযোজন মাত্রা/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনাসমূহ	
			পৌরসভা পর্যায়ে/নীতিসমূহ	ওয়ার্ড পর্যায়ে
	ভেদভেদি বাজার (ওয়ার্ড নং- ৬ এবং ৯ এর প্রতিচ্ছেদে)			
সামাজিক-জনসংখ্যা বিষয়ক				
সামাজিক-জনসংখ্যা পরিস্থিতি	পৌরসভায় জনসংখ্যা ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ১২৮৩ জন, যা প্রায় একটি মধ্য নিম্ন ধরণের।	যদিও ঘনত্ব এখন পর্যন্ত কম আছে, কিন্তু ভবিষ্যৎ জনসংখ্যা ঘনত্বকে নিয়ন্ত্রণের মধ্যে রাখার জন্য জনসংখ্যা ঘনত্ব নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করতে হবে।	**P-EN-30-** জনসংখ্যা ঘনত্ব নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করে জনসংখ্যা ঘনত্বকে নিয়ন্ত্রণের মধ্যে রাখতে হবে।	

১৩.৩ পরিবেশ

১৩.৩.১ বিদ্যমান পরিবেশগত চিত্র

রাঙ্গামাটির জনসংখ্যা কম থাকায় এখানকার পরিবেশ পরিস্থিতির তেমন অবনতি এখনো হয় নি। এখানে ধোঁয়া নির্গত করে বা তরল দূষক নিঃসরণ করে এমন কোনো শিল্প কারখানা প্রায় নেই বললেই চলে। যানবাহনের সংখ্যাও কম। সুতরাং, নিম্ন স্তরের নিলম্বিত দূষণকারী উপকরণ ব্যতীত শহরটিতে বায়ু দূষণ প্রায় নেই বললেই চলে। কিছু কারণে, এখানে শব্দ দূষণ প্রায় নেই বললেই চলে। মাটি দূষণের একমাত্র উৎস হচ্ছে কৃষি জমিতে প্রয়োগকৃত রাসায়নিক সার। কিন্তু যেহেতু পৌরসভা সীমানায় কৃষিকাজের পরিমাণ অতটা বেশি নয়, সেহেতু মাটি দূষণ তেমন তীব্র নয়।

পানি দূষণ রাঙ্গামাটি পৌরসভার অন্যতম তীব্র পরিবেশগত সমস্যা। রাঙ্গামাটি পৌরসভার অর্ধেকের বেশি অংশ কাপ্তাই লেক দিয়ে আবৃত এবং এই লেকটি পৌরসভার অন্যতম প্রধান প্রাকৃতিক সম্পদ। এই লেকটি পানি সরবরাহ, মাছ এবং যোগাযোগের মাধ্যমসহ পৌরসভার পরিবেশগত ভারসম্য বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সকল পয়ঃ বর্জ্য শেষ পর্যন্ত কাপ্তাই লেকে গিয়ে নিষ্কাশিত হয় যা লেকের পানিকে দূষিত করে। বস্তির স্যানিটেশনের অবস্থা সবচেয়ে অস্বাস্থ্যকর হওয়ার কারণে এখানকার অবস্থা সবচেয়ে করুণ।

কঠিন বর্জ্যের অব্যবস্থাপনা লেকের পানি দূষণের উদীয়মান উৎস। এই শহরে প্রতিদিন ২৫ টনের উপরে কঠিন বর্জ্য উৎপাদিত হয়। পৌরসভার এ সমস্ত বর্জ্য পুরোপুরি ব্যবস্থাপনার মত সক্ষমতা নেই। গৃহস্থালিতে উৎপাদিত বর্জ্য লেকে ফেলা হচ্ছে যা স্থানীয় পরিবেশের জন্য একটি হুমকি হয়ে দাঁড়িয়েছে। কিছু এলাকায়, লেকের কিছু অংশ গৃহস্থালির বর্জ্য দিয়ে ভরাট অবস্থায় দেখা যায় যার ফলে একই সাথে পানি ও মাটি দূষণ হচ্ছে। শুধুমাত্র পরিবেশের অন্যান্য উপাদানসমূহ নয়, বরং স্থানীয় জনগণও এই দূষণের ভুক্তভোগী হচ্ছে; কারণ ৮৫% লোক লেকের আশেপাশে বসবাস করে এবং খাওয়ার, রান্নার, ধোয়া-মোছার ও গোসলের জন্য এই লেকের পানির উপর নির্ভর করে। এর ফলে স্বাস্থ্য ঝুঁকি বেড়ে যাচ্ছে। এমনকি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত খাওয়ার পানিতে গ্রহণযোগ্য সীমার ১০ গুণ বেশি জীবাণু রয়েছে। জমে থাকা পানি ও লেকে ধীরগতির পানির জন্য ম্যালেরিয়ার ঝুঁকি বহুবিধ বেড়েছে।

১৩.৩.২ জলবায়ু

রাঙ্গামাটি অঞ্চলে গ্রীষ্মমন্ডলীয় মৌসুমী জলবায়ু রয়েছে, যেখানে গড় সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা হচ্ছে যথাক্রমে ২০.৬ ডিগ্রি সেলসিয়াস এবং ২৮.৯ ডিগ্রি সেলসিয়াস। বাৎসরিক গড় বৃষ্টিপাত ২৬০৯ মি.মি.। সবচেয়ে কম বৃষ্টিপাত হয়ে থাকে জানুয়ারি মাসে। জানুয়ারি মাসে গড় বৃষ্টিপাতের পরিমাণ থাকে ৭ মি.মি.। এখানে সর্বোচ্চ বৃষ্টিপাত হয়ে থাকে

জুলাই মাসে যখন গড় বৃষ্টিপাতের পরিমাণ থাকে ৬০৮ মি.মি.। শুষ্কতম ও আদ্রতম মাসের মধ্যে বৃষ্টিপাতের পার্থক্য থাকে ৬০১ মি.মি.। সারা বছর তাপমাত্রার পার্থক্য দেখা যায় ৮.৩ ডিগ্রি সেলসিয়াস।


১৩.৩.৩ মৃত্তিকার সাধারণ ধরণ

রাঙ্গামাটি মূলত পাহাড়ি বাদামী অঞ্চলের অন্তর্ভূক্ত। এই মাটির বৈশিষ্ট্য হচ্ছে, এতে খুব সামান্য পরিমাণে অথবা কোন কাঁদা বা লোহা থাকে না। মাটির উপরের পৃষ্ঠ ক্যালসিয়াম-সমৃদ্ধ, যার ফলে পাহাড়ি বাদামী মাটি সহজে পানি প্রবাহিত করতে পারে। এই মাটি হলুদ বাদামী থেকে প্রখর বাদামী ডিস্ট্রিক ক্যাম্বিসলস যুক্ত। এর কাঠামো সাধারণত বেলে কাদামাটি বা পলি কাদামাটি, তবে বেশি কর্দমাক্ত হয়ে থাকে। এতে জৈব উপাদান ঘাসযুক্ত জমিতে কম (<১.৫%) এবং বনাঞ্চলে মাঝারি (২-৫%) হয়ে থাকে।

এ সমস্ত ভূমির কৃষি মূল্য কম, তবে বৃক্ষাদি বেশি জন্মে। এ সমস্ত এলাকায় জমির ঢাল খাড়া হয়ে থাকে, বর্ষায় প্রচুর বৃষ্টি পাত হয়, ভূমি ক্ষয় হয়, উর্বরতা কম এবং মাটিতে দ্রুত পানি সঞ্চলন হয়। এই মাটি লাল-বাদামী ছাদ মৃত্তিকার তুলনায় বেশি আম্লিক এবং এতে ভাঙ্গা পাথর থাকে।

১৩.৩.৪ মাটি প্রতিক্রিয়া

মাটির প্রতিক্রিয়া বা মাটির pH বলতে ইউনিটের মাধ্যমে মাটির অম্লত্ব কিংবা ক্ষারত্ব নির্দেশ করে। অনেক পরিবেশগত কারণ যেমন বৃষ্টিপাতের পরিমাণ, গাছপালার ধরণ এবং তাপমাত্রা মাটির pH কে প্রভাবিত করতে পারে। সাধারণত যেসব এলাকায় ভারী বৃষ্টিপাত হয়, কিংবা বনাঞ্চলের দিকে মাটিতে অম্লের পরিমাণ কম থাকে। মৃত্তিকা গবেষণা উন্নয়ন ইন্সটিটিউটের ভাষ্যমতে, চট্টগ্রাম অঞ্চলের মাটির বৈশিষ্ট্য বাদামী বেলে মাটি থেকে এঁটেল মাটি এবং খুব উঁচু ঢালবিশিষ্ট পাহাড়ের মাটিতে স্বল্প থেকে শক্তিশালী অম্ল। প্রধাণত এই ধরণের মাটি জুম চাষের জন্য উপযুক্ত।



গাছের শেকড় মাটির গভীরের পানিতে মিশে থাকা কিছু খনিজ পুষ্টি যেমন নাইট্রোজেন এবং লোহা শোষণ করে। গাছের প্রয়োজনীয় বেশীরভাগ খনিজই সহজে শোষণ করা যায়, যদি মাটিতে pH এর পরিমাণ ৬.০ থেকে ৭.৫ শ্রেণির ভেতর থেকে। যখন pH ৬.০ এর কম থাকে, তখন কিছু খনিজ যেমন নাইট্রোজেন, ফসফরাস এবং পটাসিয়াম কম পাওয়া যায়। যখন pH এর মান ৭.৫ এর বেশি হয়, লোহা, ম্যাংগানিজ এবং ফসফরাস কম পাওয়া যায়। মাটির pH এর মানের সাথে গাছের সংবেদনশীলতার উপোযুক্ত চিত্র দেয়া হল।

যদি মাটির মিশ্রণ (মাটিতে পানি ও খনিজ পদার্থের মিশ্রণ) খুব বেশি অম্লীয় কিংবা ক্ষারীয় হয়, কিছু কিছু খনিজ পদার্থ সহজে মিশ্রিত হয় না। যার ফলে গাছের শেকড়ের জন্য তাদের প্রাপ্যতা কমে যায়। রাঙ্গামাটি জেলার কিছু অঞ্চল মারাত্মকভাবে অম্লীয় (pH – ৪.৫ থেকে ৫.৫)। এই অম্লীয় অবস্থার কারণে হাইপারটোনিক টার্গার চাপ অনেক বেশি থাকে এবং গাছ প্রয়োজনীয় খনিজ নিতে পারে না। যার ফলে গাছ দূর্বল হয়ে পড়ে।

ভূমিবৃত্তি

রাঙ্গামাটি এলাকার অবস্থান মূলত উত্তর ও পূর্ব পাহাড়ী অঞ্চলে। বাংলাদেশের পাহাড়ী অঞ্চলগুলোকে প্রধাণত দুইটি ভাগে ভাগ করা হয়, যথা ক) নিচু পাহাড় শ্রেণি (ডুপি টিলা এবং ডাইহিং ধরণের) এবং খ) উঁচু পাহাড় কিংবা পর্বত শ্রেণি (সুরমা এবং তিপাম ধরণের)। রাঙ্গামাটি পৌরসভায় মূলত নিচু পাহাড়ি শ্রেণি দেখা যায়। এই ধরণের শ্রেণি মূলত উঁচু পাহাড়ি শ্রেণির ভেতর কিংবা বাইরে হয়। এই ধরণের শ্রেণি মূলত অনির্দিষ্ট বালি পাথর এবং শীলা থেকে উৎপন্ন হয়। এদের সর্বোচ্চ মান হয় <৩০০ মি.(MSL এর ওপর)। বেশীরভাগ এলাকাই ছোট ধাপযুক্ত ঢাল বিশিষ্ট।

১৩.৩.৫ রাঙ্গামাটি পৌরসভার ভৌগলিক বৈশিষ্ট-ভূতত্ত্ব-ভূমি গঠন-ভূপ্রযুক্তিগত প্রতিবেদন

এই অঞ্চলের বিস্তৃত দারিদ্র্য, বাংলাদেশের বাকি অংশ থেকে দীর্ঘায়িত বিচ্ছিন্নতা, এর ভূসংস্থান এবং উপজাতীয় জটিলতার কারণে চট্টগ্রাম পার্বত্য অঞ্চল অবিশ্বাস্য উন্নয়ন চ্যালেঞ্জের মধ্যে আছে। যোগাযোগ, মধ্যস্বল্প নাগরিক সুবিধা এবং প্রশাসনিক বাধার কারণে এই এলাকায় পৌঁছানো কষ্টসাধ্য। পার্বত্য চট্টগ্রামে বসবাসকারী জনগণ সাংস্কৃতিকভাবে স্বতন্ত্র এবং তাই খুব স্বতন্ত্র ভূ-শারীরিক বৈশিষ্ট্য বজায় রাখে। ভূ-শারীরিক অবস্থা, জাতিগত, সামাজিক, এবং সাংস্কৃতিক বৈশিষ্ট্যের দিক থেকে পার্বত্য চট্টগ্রাম দেশের অন্যান্য অংশ থেকে আলাদা। পার্বত্য চট্টগ্রামের মোট ক্ষেত্রফল ১৩১৮০ বর্গ কিলোমিটার যা পুরো বাংলাদেশের প্রায় ১০% জুড়ে আছে। পার্বত্য এলাকার ট্রপোগ্রাফি কিছুটা ঢালু ধরণের, যেখানে ৭০ শতাংশের বেশি ভূমির ঢাল ৪০° উপরে। কেওক্রাডং, বাংলাদেশের সর্বোচ্চ চূড়াটি (১২৩০ মিটার) বান্দরবান জেলার দক্ষিণ প্রান্তে অবস্থিত।

ভূ-তত্ত্ব ও মৃত্তিকার গঠন


চট্টগ্রাম এলাকা মূলত সাপ্রতিকতম পুরাতন প্লাইস্টোসিন পলল ডিপোজিটগুলোর মধ্যে ভূতাত্ত্বিক। সাধারণত ভূমির উপাদানগুলোতে প্রধাণত এন্টিকলাইনে রিজের একটি ধারা সমান্তরাল ভাবে একটি আরেকটির সাথে শক্তভাবে উত্তর পশ্চিম থেকে দক্ষিণ পূর্ব অবস্থানে অবস্থিত। তারা মূলত একত্রিত বালিপাথর, একত্রিত শিলা, তৃণভূমি ও ভূতাত্ত্বিক এইজ দ্বারা গঠিত। এখানে যথেষ্ট ভাঁজ, ফল্ট, টিল্টিং এবং বিচ্ছেদ থাকে। চট্টগ্রাম পার্বত্য জেলার মূল নদীগুলো হলো- কর্নফুলী, হালদা, ইছামতী, মাতামুহুরী, হাজালং এবং ফেনী। এছাড়া এখানে ছোট ছোট নদী ও খাল আছে। তারা মূল নদীর শাখা নদী। কর্নফুলী নদী তার শাখা নদীসহ সবচেয়ে বড় এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ নদী। ১৯৬২ সালে এই নদীতে জলবিদ্যুত প্রকল্প নির্মিত হয়।

নদী ব্যবস্থা

চট্টগ্রাম পার্বত্য জেলার মূল নদীগুলো হলো- কর্নফুলী, হালদা, ইছামতী, মাতামুহুরী, হাজালং এবং ফেনী। এছাড়া এখানে ছোট ছোট নদী ও খাল আছে। তারা মূল নদীর শাখা নদী। কর্নফুলী নদী তার শাখা নদীসহ সবচেয়ে বড় এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ নদী। ১৯৬২ সালে এই নদীতে জলবিদ্যুৎ প্রকল্প নির্মিত হয়।

রাঙ্গামাটি

নরম পাললিক মাটি সনাক্ত করার জন্য SPT মান ব্যবহার করে প্রতিক্রিয়া বিশ্লেষণ করা হবে। এই নরম পাললিক মাটি সেই স্থানের ভূকম্পনঘটিত শক্তিকে বিবর্ধন করে। রাঙ্গামাটিতে টারশিয়ারি শিলার স্তর পাহাড়ী এলাকায় উন্মুক্ত হওয়ায় সেসব এলাকায় SPT মানের কোনো প্রয়োজন নেই।



চিত্রলেখ ১৩-২: রাঙ্গামাটি পৌরসভায় বোরহোলের অবস্থান

রাঙ্গামাটিতে পাহাড়ি অঞ্চল ছাড়াও খুব অল্প পরিমাণে অন্যান্য ভূ-বৈশিষ্টপূর্ণ শ্রেণি পাওয়া যায়। SPT এর অবস্থাণ নিম্নে দেখানো হল।

সারণি ১৩-৪: রাঙ্গামাটি শহরে ভূ-প্রযুক্তিগত বোরহোল এর অবস্থান

বোরহোল নং	অবস্থান	অক্ষাংশ	দ্রাঘিমাংশ	ভূ-প্রাকৃতিক একক
০১	সাধনাপুর, রাঙ্গামাটি	২২° ৩৮'১৯"	৯২ °০৯'৩৪.৬"	ক্ষয়িষ্ণু ঢাল ধাপ
০২	চম্পকনগর, রাঙ্গামাটি	২২°৩৮'৪১.৮"	৯২ °০৯'৩৭.৯"	ক্ষয়িষ্ণু ঢাল ধাপ
০৩	মনগর, ভেদভেদি	২২° ৩৮'৫৯"	৯২ °০৯'২১.৭"	ভ্যালি ফিল ডিপোজিট
০৪	মনতল্লা,ভেদভেদি	২২° ৩৯'১০.৫"	৯২ °০৯'৩৯.৫"	ভ্যালি ফিল ডিপোজিট
০৫	ঝগড়াবিল, তংচঙ্গাপাড়া	২২°৩৭'৩১.৬"	৯২ °০৯'৪৫.৮"	পিডমন্ড ডিপোজিট
০৬	নতুনপাড়া, ভেদভেদি	২২°৩৯'১৩.৮"	৯২ °০৯'০৯.৩"	ভ্যালি ফিল ডিপোজিট
০৭	মিটিঙ্গাছড়া পাড়া, তংচঙ্গাপাড়া	২২°৩৬'৫৫.৭"	৯২ °০৯'৫৫.৫"	পিডমন্ড ডিপোজিট
০৮	দক্ষিণ তংচঙ্গাপাড়া, ঝগড়াবিল	২২°৩৭'৪২.৯"	৯২ °০৯'৪৪.৫"	পিডমন্ড ডিপোজিট
০৯	বিডিআর সদর দপ্তর ফটক	২২°৩৭'৫৩.৭"	৯২ °১১'১৫.৯"	পিডমন্ড ডিপোজিট

এখানে কিছু বিশেষ এলাকায় কোনো নগরায়ণ না থাকায়; যেমন- যেসব জায়গায় সিসমিক ভালনারেবিলিটি শূণ্য, সেগুলো এড়িয়ে যাওয়া হয়েছে।

ভূ-তত্ত্ব ও মৃত্তিকার গঠন

চট্টগ্রাম এলাকা মূলত সাপ্রতিকতম পুরাতন প্লাইস্টোসিন পলল ডিপোজিটগুলোর মধ্যে ভূতাত্ত্বিক। সাধারণত ভূমির উপাদানগুলোতে প্রধাণত এন্টিকলাইনে রিজের একটি ধারা সমান্তরাল ভাবে একটি আরেকটির সাথে শক্তভাবে উত্তর পশ্চিম থেকে দক্ষিণ পূর্ব অবস্থানে অবস্থিত। তারা মূলত একত্রিত বালিপাথর, একত্রিত শিলা, তৃণভূমি ও ভূতাত্ত্বিক এইজ দ্বারা গঠিত। এখানে যথেষ্ট ভাঁজ, ফল্ট, টিল্টিং এবং বিচ্ছেদ থাকে।

মাটির দ্রাব্যতা: এটি একটি প্রবণতা, যার ফলে একটি পরিপূর্ণ বা আংশিক সম্পৃক্ত মাটি একটি কার্যকর চাপ, সাধারণ ভূমিকম্পের ফলে ঝাঁকুনি কিংবা চাপের ফলে অন্যান্য আকস্মিক পরিবর্তনের প্রতিক্রিয়া শক্তি এবং শক্ততা হারায়, যার ফলে মাটি তরলের মত আচরণ করে।

মাটির দ্রাব্যতা সাধারণত সম্পৃক্ত, আলগা, কম ঘনত্বের কিংবা নরম মাটিতে পাওয়া যায়। আলগা মাটিতে যখন বল প্রয়োগ করা হয় তখন তার সংকুচিত হওয়ার একটা প্রবনতা থাকে, বিপরীত ভাবে ঘন মাটির উপর চাপ প্রয়োগ করলেও তার সংকুচিত হওয়ার প্রবণতা থাকে, ঘন মাটির বিপরীতভাবে আয়তন বৃদ্ধি বা বিচ্ছুরণ প্রবণ হয়। মাটি পানি দ্বারা সম্পৃক্ত হয় এমন অবস্থা তখনই ঘটে যখন মাটি পানির স্তর বা সমুদ্র পৃষ্ঠের নিচে থাকে, তখন পানি মাটির কনার মধ্যবর্তী ফাকা জায়গাগুলো পরিপূর্ণ করে দেয়। মাটির সংকোচনের প্রতিক্রিয়া স্বরূপ মাটির ভিতর যে পানি থেকে তা বেশি চাপের অঞ্চল থেকে কম চাপের অঞ্চলে সঞ্চালিত হয়, সাধারণত ভূপৃষ্ঠের উপরের দিকে। যদি এই ধরণের চাপ ঘনঘন প্রয়োগ করা হয় এবং যথেষ্ট শক্তিশালী হয় অথবা অনেকবার পুনরাবৃত্তি করা হয় (যেমন ভূমিকম্প ঝড় কম্পন ফলে চাপ) ফলে, চক্রাকার চাপ প্রয়োগ ফলে এটি নির্দিষ্ট সময়ের আগে প্রবাহিত হতে পারে না, পানির চাপ এমনভাবে বৃদ্ধি করতে পারে যখন পানির কনাগুলো তাদের নিজেদের ভিতর আকর্ষণ অতিক্রম করে ফলে মাটির কনাগুলো তাদের পরস্পরের কাছাকাছি রাখে। মাটির কনাগুলোর মধ্যকার এই সংযোগ তাদের একে অন্যকে কাছাকাছি রাখতে সহায়তা করে। মাটির কনার মধ্যকার এই সংযোগ মানে হচ্ছে মাটির উপর ভবনের যে ভর মাটির উপর দেয়া হয় তা বিভিন্ন স্তর পার হয়ে মাটির উপরের স্তর থেকে মাটির নিচের স্তর অথবা পাথরের স্তরে পৌঁছে। মাটির গঠনের ক্ষতির কারণে মাটির সকল সক্ষমতা ক্ষতিগ্রস্থ হচ্ছে (শেয়ার চাপ স্থানান্তর করার সক্ষমতা) এবং এটা অনেকটা পানি প্রবাহের মত দেখা হয় (যেমন দ্রাব্যতা)। ইঞ্জিনিয়ারিং দৃষ্টিকোণ থেকে মাটির দ্রাব্যতা ঘটে যখন কার্যকর চাপ কমে একেবারে শূন্য হয়ে যায় যা সম্পূর্ণরূপে শেয়ার চাপ ক্ষতিগ্রস্থ হয়। এটা সাধারণত শুরু হয় ক্রমাগত চাপের ফলে। দুইক্ষেত্রেই সম্পৃক্ত আলগা মাটির সংকুচিত হওয়ার প্রবণতা থাকে যখন তার উপর চাপের পরিবর্তন করা হয় অনেকটা পানির দ্রাব্যতার মত। এটা ঘটে কারন আলগা মাটির প্রবণতাই থাকে তার উপর যখন শেয়ার চাপ দেয়া হবে ফলে সে সংকুচিত হবে, ফলে একটা বড় ধরণের পানির চাপ তৈরি করবে। সুতারাং দ্রাব্যতা সাধারনত দেখা যায় আলগা বালির স্তরে, অনমনীয় শিলা মাটিতে, কিন্তু ব্যতিক্রম ঘটনা ঘটে পাথর এবং কাঁদা মাটিতে। দ্রাব্যতা বেশি ঘটে আলগা থেকে মাঝামাঝি ধরণের সম্পৃক্ত ঝুড়া মাটিতে যার সাথে সাথে খারাপ নির্গমন যেমন, শিলা বালি অথবা বালি এবং পাথর ঝুড়া অথবা যার ভিতর অপ্রবেশ্য পলিতে। তরঙ্গের চাপের সময় সাধারণত চাপ যেমন সিসমিক চাপ, আলগা মাটির প্রবনতা থাকে এটার আয়তন কমানোর জন্য যা তৈরি হয় এবং বৃদ্ধি পায় তার মাটির ভিতরের পানির চাপের ফলে এবং এর ফলস্বরূপ শিয়ার চাপ কমে যায়।

রাঙ্গামাটি পৌরসভার মাটির দ্রাব্যতার অবস্থা

ভূতাত্ত্বিকভাবে, রাঙ্গামাটি পাহাড়ি অঞ্চলে অবস্থিত এবং এই অঞ্চলের ভূমি সাধারণত ভারতীয় ও মায়ানমারের সমতল ভূমির সমতল গঠনাত্মক আন্দোলনের ফলে সৃষ্ট। রাঙ্গামাটির উন্মুক্ত অঞ্চলের ভূতাত্ত্বিক অনুসন্ধানের সেকেন্ডারি তথ্য বিশ্লেষণের ফলে দেখা যায়, পৌরসভা এলাকায় সাধারণত বিভিন্ন গভীরতার আলগা ধরণের মাটি পাওয়া যায়, যেটি বেশি উচ্চতাবিশিষ্ট বাড়ি নির্মানের জন্য সমস্যা। বর্ণনা নিম্নে দেয়া হল।

১) সাধনাপুর, রাঙ্গামাটি শহরঃ

নরম কাদামাটি টাইপ মাটি ১.৫ মিটার পর্যন্ত জমা এবং SPT এর মান ১। এই লেয়ারের নিচে মধ্যম ঘনত্বের বালি ৭.৫ মিটার গভীরতা থেকে জমা হয়। ৯ মিটার থেকে ১০.৫ মিটারের (ড্রিলিং গভীরতা) মধ্যে অত্যন্ত ঘন বালি পাওয়া যায়। সাধারণ ফাউন্ডেশন এই এলাকায় সম্ভব নয়। যেকোনো ধরণের বহুতল ভবন নির্মাণের জন্য নিম্নলিখিত প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন প্রয়োজন-

- ভবন নকশা প্রকৌশলী দ্বারা ভবনের নকশা করা আবশ্যক
- ভূতাত্ত্বিক তদন্ত
- ভবনের ভারের উপর ভিত্তি করে ফাউন্ডেশন প্রকৌশলী ফাউন্ডেশন গভীরতা চূড়ান্ত করবেন।

২) চম্পকনগর, রাঙ্গাপানি, রাঙ্গামাটি শহরঃ

গ্রাউন্ড লেভেল থেকে ১.৫ মিটার পর্যন্ত ধূসর মধ্যম বেলে মাটি জমা এবং SPT এর মান ৬। ৩ মিটার থেকে ৪.৫ মিটারের মধ্যে আলগা ধরণের বেলে মাটি পাওয়া যায় এবং SPT হলো ৩ থেকে ৭ এর মধ্যে। এই এলাকায় অগভীর ফাউন্ডেশন সম্ভব নয়। কোনো বহুতল ভবন নির্মাণের পূর্বে ভবনের মালিক এবং কর্তৃপক্ষের উচিত ফাউন্ডেশন প্রকৌশলী ও ভবন নকশা প্রকৌশলীর কাছ থেকে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা।

৩) মনগর, ভেদভেদি, রাঙ্গামাটি শহরঃ

গ্রাউন্ড লেভেল থেকে ৪.৫ মিটার গভীরতা পর্যন্ত নরম কাদামাটি পাওয়া যায় যার SPT মান ৪ থেকে ৫ এর মধ্যে। ৬ মিটার থেকে ধূসর মধ্যম ঘন বালু জমা হয় এবং অধিকতর ঘন বালু পাওয়া যায় (জমা হয়) ১০.৫ মিটার থেকে ১৩.৫ মিটারের মধ্যে (ড্রিলিং গভীরতা)। নির্মাণকার্য শুরু করার পূর্বে পেশাদার ভবন নকশাকার দ্বারা এর নকশা করে নিতে হবে।

৪) মনতলা, ভেদভেদি, রাঙ্গামাটি শহরঃ

উপ-পৃষ্ঠ মাটির অবস্থা খুব ভাল এবং SPT মান ৪.৫ মিটার থেকে খুব উচ্চ। এছাড়াও, ৪.৫ মিটার থেকে অধিকতর ঘন বালুকাময় স্তর জমা হয়। ২-৩ তলা বিশিষ্ট ভবনের ক্ষেত্রে অগভীর ফাউন্ডেশন সম্ভব এবং বহুতল ভবনের জন্য গভীর ফাউন্ডেশন প্রয়োজন। কোনো বহুতল ভবন নির্মাণের পূর্বে নিম্নোক্ত প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন প্রয়োজন-

- ভবন নকশা প্রকৌশলী দ্বারা ভবনের নকশা করা আবশ্যক
- ভূতাত্ত্বিক তদন্ত
- ভবনের ভারের উপর ভিত্তি করে ফাউন্ডেশন প্রকৌশলী ফাউন্ডেশন গভীরতা চূড়ান্ত করবেন।

৫) ঝগড়াবিল তংচঙ্গাপাড়া, রাঙ্গামাটি শহরঃ

এই এলাকায়, গ্রাউন্ড লেভেল থেকে ১২ মিটার পর্যন্ত কাদামাটি জমা হয়েছে। SPT এর মান পাওয়া গেছে ৫ থেকে ১০ এর মধ্যে এবং মাঝারি শক্ত ধরণের। ১২ মিটারের নিচে অত্যন্ত ঘন বালুকাময় স্তর জমা হয়। এই এলাকাটি অগভীর ও গভীর ফাইন্ডেশনের জন্য উপযোগী।

৬) নতুনপাড়া, ভেদভেদি, রাঙ্গামাটি শহরঃ

গ্রাউন্ড লেভেল থেকে ১২ মিটার গভীরতা পর্যন্ত নরম কাদামাটি পাওয়া যায়। এই স্তরের নিচে, অধিকতর ঘন বালুর স্তর জমা হয় এবং ৬ মিটার ড্রিল গভীরতা পর্যন্ত পাওয়া যায়। নির্মাণকার্য শুরু করার পূর্বে পেশাদার ভবন নকশাকার দ্বারা এর নকশা করে নিতে হবে।

৭) মিটিংগাছড়ি পাড়া, তংচঙ্গাপাড়া, রাঙ্গামাটি শহরঃ

গ্রাউন্ড লেভেল থেকে ৬ মিটার পর্যন্ত হালকা হলুদাভ বাদামী মধ্যম শক্ত কাদামাটি জমা এবং ৬ মিটার থেকে ৭.৫ মিটারের মধ্যে আলগা ধরণের মিহি বালু জমা। এই ধরণের মাটি ভবন নির্মাণের জন্য উপযুক্ত। ৭.৫ মিটারের নিচে ড্রিলিং গভীরতা ১০.৫ মিটার পর্যন্ত গভীরতায় অত্যন্ত ঘন বালুকাময় স্তর পাওয়া যায়। কোনো বহুতল ভবন নির্মাণের পূর্বে নিম্নোক্ত প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন প্রয়োজন-

- ভবন নকশা প্রকৌশলী দ্বারা ভবনের নকশা করা আবশ্যক
- ভূতাত্ত্বিক তদন্ত
- ভবনের ভারের উপর ভিত্তি করে ফাউন্ডেশন প্রকৌশলী ফাউন্ডেশন গভীরতা চূড়ান্ত করবেন।

৮) ঝগড়াবিল, দক্ষিণ তংচঙ্গাপাড়া, রাঙ্গামাটি শহরঃ

গ্রাউন্ড লেভেল থেকে ৪.৫ মিটার পর্যন্ত হলুদাভ বাদামী বেলে মাটি জমা এবং ৯ মিটার থেকে ১০.৫ মিটারের মধ্যে আলগা ধরণের বালুকাময় স্তর জমা। বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে এটি একটি বড় সমস্যা। এটি দ্রবণ ধরণের মাটি। উপ-মৃত্তিকার অবস্থা ভবনের ফাউন্ডেশনের জন্য খুব ভালো। ১.৫ মিটার থেকে হলুদাভ বাদামী মধ্যম বালু জমা (SPT-১২), ৪.৫ মিটার থেকে হলুদাভ বাদামী ঘন বালু জমা। নির্মাণকার্য শুরু করার পূর্বে পেশাদার ভবন নকশাকার দ্বারা এর নকশা করে নিতে হবে।

৯) বিডিআর সদর দপ্তর ফটক, রাঙ্গামাটি শহরঃ

গ্রাউন্ড লেভেল থেকে ৩ মিটার পর্যন্ত লালচে বাদামী নরম কাদামাটি জমা, আলগা বেলে মাটি পাওয়া যায় ৬ মিটার পর্যন্ত। ৬ মিটারের নিচে ড্রিলিং গভীরতা ১৩.৫ মিটার পর্যন্ত মধ্যম থেকে ঘন বালুকাময় স্তর পাওয়া যায়।

কোনো বহুতল ভবন নির্মাণের পূর্বে নিম্নোক্ত প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন প্রয়োজন-

- ভবন নকশা প্রকৌশলী দ্বারা ভবনের নকশা করা আবশ্যক
- ভূতাত্ত্বিক তদন্ত

ভবনের ভারের উপর ভিত্তি করে ফাউন্ডেশন প্রকৌশলী ফাউন্ডেশন গভীরতা চূড়ান্ত করবেন।

১৩.৩.৬ পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা নির্ধারণ

পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা (ESA) হল সেই এলাকা যার জন্য বিশেষ ধরণের সুরক্ষা প্রয়োজন এটার ল্যাণ্ডস্কেপ, বন্যপ্রাণীর জীবনযাপন এবং ঐতিহাসিক ভাবে মূল্যবান হওয়ার কারণে। এর ভিতর আছে জাতীয় পার্ক, রাষ্ট্রীয় বনাঞ্চল, বিশ্ব ঐতিহ্যবাহী এলাকা, জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ জলাভূমি, বন্যপ্রাণীর বাসস্থান, কৃষি এলাকা এবং যে এলাকার প্রাকৃতিক এবং সংস্কৃতিক ভাবে মূল্যবান এলাকা যেমন, উদ্ভিদ ও প্রানির বাসস্থান অথবা তাদের জন্য সংরক্ষিত স্থান। রাঙ্গামাটি পৌরসভায় পাহাড়, ফাঁকা জায়গা, কৃষি জমি, চেঙ্গি নদী, খাল এবং ছড়াগুলো পর্যটকদের জন্য খুবই গুরুত্বপূর্ণ এবং এই এলাকায় বসবাসরত জনগণের জন্য আর্থ-সামাজিকভাবে খুবই গুরুত্বপূর্ণ। জেলেরা সাধারণত চেঙ্গি নদীর উপর নির্ভরশীল। অপরিকল্পিত উন্নয়ন স্থানীয় পরিবেশের উপর সর্বদা চাপ বৃদ্ধি করে। অপরিকল্পিত নগরায়নের কারণে, যথাযথ ব্যবস্থাপনার এবং সংরক্ষণের অভাবে অনেক গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ দিন দিন কমে যাচ্ছে। পর্যটকদের জন্য, রাঙ্গামাটি র প্রতিবেশ এবং পরিবেশ বিপুল। এই প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করা খুবই গুরুত্বপূর্ণ। সমভূমির দেশে পাহাড়ের মত একটা সংবেদনশীল সম্পদ এই শহরকে একটা ব্যতিক্রম চরিত্র প্রদান করেছে। স্থানীয় প্রতিবেশের ভারসাম্য এবং পর্যটকদের আকর্ষণের জন্য পাহাড়গুলোকে সংরক্ষণ করতে হবে। পাহাড় কাঁটা নিয়ন্ত্রণ করতে হবে, ভালভাবে পর্যবেক্ষণ করতে হবে এবং অবৈধ ভাবে পাহাড় কর্তন কারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩.৩.৭ জলাশয় ও খাওয়ার পানি

কর্নফুলী নদী দক্ষিণে কাপ্তাই লেকের সাথে মেশে এবং পৌরসভার পূর্ব প্রান্তে প্রবাহিত হয়। কাপ্তাই লেক পৌরসভার এক-তৃতীয়াংশ জুড়ে আছে। সাম্প্রতিক পরিবেশগত ক্ষতি মূল্যায়ন করে দেখা গেছে যে, লেকের আশেপাশে ব্যবহৃত সার ও কীটনাশকের কারণে জলজ জীবন ক্ষতিগ্রস্থ হচ্ছে। ১৯৬৬ সালে, মোট মাছ উৎপাদনে বড় মাছের অংশ ছিল ৭৮%, ১৯৯৩ সালের মধ্যে এটি নেমে দাঁড়ায় ২% এ।উপরন্তু, ৫ টনের উপর মানবসৃষ্ট বর্জ্য ও অন্যান্য বর্জ্য প্রতিদিন লেকে প্রবাহিত হয় বলে জানা যায় (***স্থিরচিত্র ১৩-১***)। লেকের পাশে বসবাসকারী ৮৫% লোকের খাওয়ার, রান্নার, ধোয়া-মোছা এবং গোসলের পানির উৎস এই লেক। একারণে এখানে বসবাসকারী লোকেরা উচ্চ স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকে। শহরের কেন্দ্রে একটি ভূগর্ভস্থ পানি সংরক্ষণ এবং বিতরণ কেণ্ডড়ো আছে। তারা দৈনন্দিন কাজকর্ম ও খাওয়ার পানির জন্য পানি সরবরাহ করে থাকে (***স্থিরচিত্র ১৩-১***)।




জলাশয়ের উপর অবস্থিত বসতি থেকে বিভিন্ন কঠিন বর্জ্য এবং মানবসৃষ্ট বর্জ্য পানিতে ফেলা হয়




খাওয়ার পানির উৎস- লেকের পানি ও ভূ-গর্ভস্থ পানি

স্থিরচিত্র ১৩-১: জলাশয় ও খাওয়ার পানির উৎসের বর্তমান চিত্র

১৩.৪ বিপদ ও দুর্যোগ

১৩.৪.১ ভূমিধ্বস

ভূমিধ্বস বাংলাদেশের দক্ষিণ-পূর্ব অঞ্চলে একটি সাধারন ঘটনা; বিশেষ করে- বান্দরবান, রাঙ্গামাটি, রাঙ্গামাটি ও কক্সবাজার এলাকায়। প্রতি বছর; বিশেষ করে বর্ষাকালে প্রাকৃতিক ও মানবসৃষ্ট ঢাল উভয় স্থানে ভূমিধ্বস ঘটে। টানা অনেক দিন বৃষ্টি হওয়ার ফলে ভূমিধ্বস হয়ে থাকে। পাহাড়ের উপর ও পাশে অবস্থিত ছোট ছোট বসতিগুলো মূলত এই ঘন ঘন ভূমিধ্বসে পীড়িত হয়ে থাকে।

একটি পাহাড়ি এলাকা হিসেবে ভূমিধ্বস রাঙ্গামাটির একটি প্রধান বিপদ। রাঙ্গামাটির লোকজনও ভূমিধ্বসকে সবচেয়ে বেশি সম্মুখীন হওয়া বিপদ হিসেবে চিহ্নিত করেছে। শহরের প্রায় ৪৬% পাহাড়ে আচ্ছাদিত। পাহাড়ের চূড়া ও ঢাল উভয় স্থানে উন্নয়নের খুব সীমিত সুযোগ রয়েছে। পৌরসভার মাত্র ৪% ভূমি ফাঁকা রয়েছে। সুতরাং, এখানে ভবিষ্যতে আরও সম্প্রসারণের সুযোগ অত্যন্ত কম। পাহাড় কাটার ফলে রাঙ্গামাটি পৌরসভা অত্যন্ত এলোমেলোভাবে গড়ে উঠছে যা ভূমিধ্বসের ক্ষেত্রে নতুনভাবে গড়ে ওঠা বসতিগুলোর জন্য হুমকিস্বরূপ। প্রায় ২০% জনগণই এখানে পাহাড় কেটে বাড়ি বানিয়ে থাকছে। বর্ষায় এই বাড়িগুলো ভূমিধ্বসের জন্য ঝুঁকিপূর্ণ। দীর্ঘকাল পরিবেশগত আইন মেনে চলার ক্ষেত্রে কর্তৃপক্ষের উদাসীনতার কারণে পর্যটন শহরটিতে পাহাড় কেটে বাড়ি-ঘর নির্মাণের সংখ্যা বেড়েই চলেছে।

ভূমিধ্বসের আশঙ্কা দেখা দিলে জেলা তথ্য কর্মকর্তারা লাউডস্পিকারের মাধ্যমে ঘোষণার দিয়ে, অধিবাসীদের আশেপাশের ঘরবাড়ি ছেড়ে নিরাপদ জায়গায় আশ্রয় নেওয়ার আহ্বান জানানোর মাধ্যমে তাদের দায়িত্ব পালন করেন। প্রতি বছর বর্ষাকালে ভূমিধ্বসে বহু লোক প্রাণ হারায় এবং সম্পদ ধ্বংস হয়। এছাড়াও পাহাড়ি ঢালে জুম অথবা অন্যান্য শস্য চাষের ফলেও ভূমিধ্বস হয়ে থাকে। যদিও ভূমিধ্বসের প্রধাণ কারণ হিসেবে পাহাড় কাটা কে চিহ্নিত করা হয়েছে (***স্থিরচিত্র ১৩-২***)।



ক) বেতারভবনের পাশে বাছবিচারহীন ভাবে পাহাড় কাঁটার চিত্র




খ) ভূমিধ্বসে আক্রান্ত এলাকা






স্থিরচিত্র ১৩-২: ক. পাহাড় কাটা এবং খ. ভূমিধ্বসে আক্রান্ত এলাকা

মানচিত্র ১৩-১: রাঙ্গামাটি পৌরসভার ডিজিটাল এলিভেশন মডেল



Source: Chittagong Hill Tract Development Facilities (CHTDF), ADPC, January 2010

মানচিত্র ১৩-২: রাঙ্গামাটি পৌরসভার ভূমিধ্বস সংবেদনশীলতা মানচিত্র



Source: Chittagong Hill Tract Development Facilities (CHTDF), ADPC, January 2010

১৩.৪.১.১ রাঙ্গামাটি পৌরসভায় ভূমিধ্বসের মাত্রা ও ঘটনসংখ্যা

রাঙ্গামাটি পৌরসভায় ভূমিধ্বসের তীব্রতার স্তর ও ঘটনসংখ্যা ***সারণি ১৩-৫*** এ উপস্থাপন করা হয়েছে।

সারণি ১৩-৫: রাঙ্গামাটি পৌরসভায় ভূমিধ্বসের মাত্রা ও ঘটনসংখ্যা

ওয়ার্ড	ভূমিধ্বসের তীব্রতা	ভূমিধ্বসের ঘটন সংখ্যা	উল্লেখযোগ্য ক্ষতিগ্রস্থ এলাকা	মন্তব্য
১	অতি নিম্ন	অতি নিম্ন	-	কোনো উল্লেখযোগ্য ভূমিধ্বসের ঘটনা ঘটেনি
২	অতি নিম্ন	অতি নিম্ন	-	কোনো উল্লেখযোগ্য ভূমিধ্বসের ঘটনা ঘটেনি
৩	মাঝারি	মাঝারি	পুলিশ লাইন এলাকা	ভারী বর্ষণের পরে ভূমিধ্বস হয়ে থাকে
৪	মাঝারি	মাঝারি	ওয়াপদা কলোনী, পোস্ট অফিস কলোনী	ভারী বর্ষণের পরে ভূমিধ্বস হয়ে থাকে
৫	উচ্চ	উচ্চ	লেমুছড়ি, রাঙ্গামাটি-চট্টগ্রাম মহাসড়ক	ভারী বর্ষণের পরে ভূমিধ্বস হয়ে থাকে
৬	অতি উচ্চ	অতি উচ্চ	শিমুলতলী, রূপনগর, মনগর, ভেদভেদি নতুন পাড়া, ভেদভেদি মুসলিম পাড়া, রাঙ্গামাটি-চট্টগ্রাম মহাসড়ক	এখানে প্রায় প্রতি বছর ভূমিধ্বস হয়ে থাকে
৭	উচ্চ	উচ্চ	কল্যাণপুর, উত্তর কল্যাণপুর	প্রায় সব জায়গায় ভারী বর্ষণের পরে ভূমিধ্বস হয়ে থাকে
৮	নিম্ন	নিম্ন	উত্তর কালিন্দীপুর	প্রায় প্রতি বছর ভারী বর্ষণের পরে ভূমিধ্বস হয়ে থাকে
৯	মাঝারি	মাঝারি	কাটাছড়ি	প্রায় প্রতি বছর ভারী বর্ষণের পরে ভূমিধ্বস হয়ে থাকে

সূত্রঃ ফোকাস গ্রুপ ডিসকাশন, ২০১৭

শিমুলতলী, রূপনগর, মনোগর, রিজার্ভ বাজার, পুলিশ লাইন। ওমদা মিয়া হিল, এবং জনস্বাস্থ্য অফিস, উত্তর কালিন্দিপুর, কাঁটাছড়ি, ওয়াপদা কলোনী, মহিলা কলেজ, এসপি অফিস, ইন্দ্রপুরী সিনেমা হল, সদর হাসপাতাল, ভেদভেদি, মুসলিম পাড়া, যুব-উন্নয়ন অফিস, স্বর্ণটিলা, রাজ্যমনি পাড়া এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড অফিসের পার্শ্ববর্তী এলাকায় দরিদ্র পরিবারগুলো ঝুঁকিপূর্ণ বাড়িঘরে বসবাস করছে। পাহাড় কেটে পাহাড়ের ঢালে গুচ্ছ গুচ্ছ খড়ের বাড়ি-ঘর তৈরি হচ্ছে। চট্টগ্রাম-রাঙ্গামাটি সড়কের উভয় পাশে এরকম অনেক খড়ের এবং সেমি-পাকা বাড়ি-ঘর আছে যা বর্ষাকালে অত্যন্ত ঝুঁকিপূর্ণ।

১৩.৪.১.২ রাঙ্গামাটি পৌরসভায় ভূমিধ্বসের প্রভাব

বাংলাদেশে ভূমিধ্বস এবং এর অনাকাঙ্ক্ষিত ক্ষয়ক্ষতি নতুন কিছু নয়। কিন্তু বেশ কয়েকবছর থেকে ভূমিধ্বসের পরিমাণ মাত্রাতিরিক্তভাবে বেড়েছে। এর মূল কারণ হিসেবে অপরিকল্পিত নগরায়ণ, পাহাড় কেটে ফেলা, জুম চাষ, বৃক্ষনিধন ইত্যাদি কে ধরা হয়েছে। খুব সম্প্রতি (জুন, ২০১৭) ঘটে যাওয়া ভূমিধ্বসের তথ্য ***সারণি ১৩-৬*** এ দেখান হল। এই ভূমিধ্বসের ফলে অনেক মানুষ (১৬০ জন) প্রাণ হারায়, অনেক মানুষ (১৮৭ জন) আহত হয় এবং অগণিত বাড়িঘর (৬০০০ টি অবকাঠামো) ভেঙ্গে যায়। এটি ২০০৭ সালের পর থেকে সবচেয়ে ভয়ংকর দূর্যোগ হিসেবে ধরা হয়। এটি বান্দরবান, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি ও রাঙামাটি এই ৫ জেলার প্রায় ৮০,০০০ মানুষকে ক্ষতিগ্রস্থ করে। এদের ভেতর ৪২,০০১ জন মানুষ বেশি ক্ষতিগ্রস্থ হয়, বাড়িঘর এবং সর্বস্ব, মৌলিক জিনিসপত্র, খাদ্য সরবরাহ হারায়। ক্ষতিগ্রস্থদের ভিতরে প্রায় ১% মানুষ খাগড়াছড়ির, ২৫% মানুষ বান্দরবানের, ২৫% মানুষ চট্টগ্রামের, ২% মানুষ কক্সবাজারের এবং ৪৬% মানুষ রাঙ্গামাটির বাসিন্দা।


লা-নিনো প্রভাবের ফলে বাংলাদেশে বেশ কয়েক বছর থেকে মাত্রাতিরিক্ত বৃষ্টিপাত হচ্ছে। এছাড়াও পাহাড় কাটা এবং বৃক্ষনিধন মাত্রাতিরিক্ত হারে বেড়ে চলেছে। দিনদিন গাছপালার পরিমাণ কমছে, যার ফলে বৃষ্টিপাতের পরিমাণ ঠিক নেই,

অতিরিক্ত বৃষ্টির পানি গিয়ে সরাসরি নদীতে পড়ছে। যার ফলে নদীর তীরে পানির অধিপ্রবাহ হচ্ছে। এছাড়াও বিগত কয়েকবছর থেকে নিম্নচাপের ফলে মাটির বৈশিষ্ট পরিবর্তন, ঢালের অস্থিতিশীলতা ইত্যাদিও মারাত্মক দূর্যোগ সৃষ্টি হচ্ছে।

সারণি ১৩-৬: আক্রান্ত জনসংখ্যার লিঙ্গ ও বয়স পর্যালোচনা (SADD)


জেলা	০-১৯ বৎসর			৬৫+ বৎসর			মোট মহিলা	মোট পুরুষ	মোট আক্রান্ত
	মহিলা	পুরুষ	মোট	মহিলা	পুরুষ	মোট			
রাঙ্গামাটি	১০,০৭৩	১১,১৪৭	২১,২২০	৮৮৫	৯৭৯	১,৮৬৪	২২,৬৮৭	২৫,১০৬	৪৭,৭৯৩
বান্দরবান	৪,৪৮৩	৪,৮৫৭	৯,৩৪০	৪৭৭	৫১৭	৯৯৪	৯,৯৮৭	১০,৯৭৯	২০,৯৬৬
খাগড়াছড়ি	৫৩৭	৫৬১	১,০৯৭	৫১	৫৩	১০৩	১,১৪৯	১,২০১	২,৩৫০
চট্টগ্রাম	৫,৬৯৭	৫,৭৮৯	১১,৪৮৬	৪৮১	৪৮৮	৯৬৯	১২,৭১৬	১২,৯২২	২৫,৬৩৮
কক্সবাজার	৪৫৬	৪৭৫	৯৩১	২৭	২৮	৫৪	৮৫৬	৮৯৪	১,৭৫০
মোট	**২১,২৪৬**	**২২,৮২৯**	**৪৪,০৭৫**	**১,৯২০**	**২,০৬৫**	**৩,৯৮৪**	**৪৭,৩৯৫**	**৫১,১০২**	**৯৮,৪৯৭**

মানচিত্র ১৩-৩: উপজেলায় মারাত্মকভাবে আক্রান্ত মানুষের সংখ্যা (NIRAPAD)



ভূমিধ্বস প্রতিরোধের জন্য কিছু সাধারণ প্রকৌশলগত কৌশল হচ্ছে, ভূ-সমতল এবং সমতলের নিচে নিষ্কাশন ব্যাবস্থা, ঢালের অস্থিতিশীল উপাদান সরিয়ে ফেলা, প্রতিরোধের জন্য দেয়াল তৈরী করা ইত্যাদি। এর মধ্যে বেশ কিছু কৌশল বাংলাদেশে ব্যবহার করা হয়। বান্দরবানে সংযুক্ত বায়ো-প্রকৌশল এবং নিষ্কাশন-নিয়ন্ত্রণ প্রক্রিয়া (Geo-Jute Textile method) নামক ভূমিধ্বস প্রতিরোধ এবং কমানোর জন্য একটি সফল প্রক্রিয়া চালানো হয়। (সিফাতুল কাদের চৈধুরী, বাংলাপিডিয়া, ২০১৭)

মানচিত্র ১৩-৪: রাঙ্গামাটি পৌরসভার ভূমিধ্বসে ঝুঁকিপূর্ণ এলাকার মানচিত্র



১৩.৪.২ ভূমিকম্প

বাংলাদেশ একটি সক্রিয় টেকটনিক অঞ্চলে অবস্থিত, যা সমগ্র হিমালয়, শিলঙ প্ল্যাটেয় ও রাকান-ইয়োমা অঞ্চলে এবং সংশ্লিষ্ট ইন্দো-গঙ্গা প্লাবনভূমিতে বিস্তৃত। অতীতে, ১৮৬৯ থেকে ১৯৫০ সালের মাঝামাঝি সময়ে সাতটি বৃহৎ ভূমিকম্প স্থান নিয়েছিল, যার মাত্রা ছিল রিখটার স্কেলে ৭ এরও বেশি, যা এই অঞ্চলে ঘটেছে এবং বাংলাদেশের উপর কিছু প্রভাব ফেলেছিল। সাতটি ঘটনার মধ্যে, দুটির (১৮৮৫ও ১৯১৮) উপকেন্দ্র ছিল বাংলাদেশে।

পার্বত্য চট্টগ্রামে বিশেষত রাঙ্গামাটি বেঙ্গল বেসিনের সীমাঘেষে অবস্থিত এবং এটি বিশ্বের সবচেয়ে ভৌগোলিকভাবে সক্রিয় অঞ্চলগুলোর অন্যতম। ভারত, বার্মা এবং ইউরেশিয়া প্লেটের প্রভাব এলাকার মধ্যে অবস্থিত হয়ে এই অঞ্চলটি অত্যন্ত ভূমিকম্পপ্রবণ এবং অতীতের অভিজ্ঞতা বলে এই অঞ্চলে ভুমিকম্প ৫.১ থেকে ৫.৫ রিখটার স্কেল পর্যন্ত রেকর্ড করেছে। পার্বত্য অঞ্চল ভৌগোলিকভাবে সমতল ভূমি থেকে আলাদা, খাড়া পাহাড়ী ভূখণ্ড এবং অনেক জায়গায় ঘন বাঁশের জঙ্গল নিয়ে গঠিত। রুক্ষ ভূখণ্ড, গ্রামগুলোর দুরত্ব এবং বিভিন্ন রাজনৈতিক বিষয়গুলো কেন্দ্র করে দীর্ঘস্থায়ী সংঘাত এ অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে গভীরভাবে বাধা দেয়।

পার্বত্য অঞ্চলে, যোগাযোগ ব্যবস্থার দুর্দশা, জাতিগত এবং সাংস্কৃতিক বৈচিত্র্য, আবাসনের ধরণ এবং দীর্ঘ ২৫ বছরের অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে পরিবেশ ও অন্যান্য ঝুঁকির জন্য পার্বত্য চট্টগ্রামকে দুর্বল মনে করা হয়।

গত ১৫০ বছরে, বাংলাদেশ এবং পার্শ্ববর্তী অঞ্চলে সাতটি প্রধান ভূমিকম্প (এমবি = ৭) হয়েছে। বিশেষত, পার্বত্য চট্টগ্রামে বান্দরবানের ১৯৯৯ সালের ২১ নভেম্বরের ভূমিকম্প (এমবি = ৬.০), ১৯৯৭ সালের ২২ জুলাইয়ের মহেশখালীর ভূমিকম্প (এমবি = ৫.১) এবং ১৯৯৯ সালের ২২ জুলাইয়ের বড়কলের (বান্দরবান) ভূমিকম্প (এমবি = ৫.৫) এর মত বিভিন্ন ভূমিকম্প স্থান নিয়েছিল। (তথ্যসূত্রঃ জেআরসি, ২০০৫)

ভূমিকম্প পৌরসভার মানুষ এবং অবকাঠামোর জন্য একটি অন্যতম প্রধান হুমকি। এটি সমগ্র দেশের জন্য একটি বড় হুমকি। বাংলাদেশের প্রধান ঐতিহাসিক ভূমিকম্পগুলো সিলেট অঞ্চলের আঘাত হেনেছিল। বাংলাদেশের প্রধান ভূমিকম্পের তালিকা নিম্নে দেওয়া হলো।

সারণি ১৩-৭: বাংলাদেশের প্রধাণ ভূমিকম্পসমূহ


সাল	বর্ণনা
১৫৪৮	প্রথম লিপিবদ্ধ ভূমিকম্পটি ছিল ভয়ঙ্কর। সিলেট এবং চট্টগ্রাম শহর এর ফলে মারাত্মকভাবে কম্পিত হয়। অনেক জায়গায় ভূমি ফেটে পানি এবং সালফরাসের গন্ধযুক্ত কাঁদা বের হয়ে আসে।
১৬৪২	সিলেট জেলায় মারাত্মক ক্ষয়ক্ষতি হয়। দালানে ফাটল সৃষ্টি হয়, কিন্তু কোন প্রাণনাশের ঘটনা ঘটে নি।
১৬৬৩	আসামে মারাত্মক ভূমিকম্প হয়, যা প্রায় আধা ঘন্টা যাবত স্থায়ী হয়। এই ভূমিকম্পের হাত থেকে সিলেট জেলাও মুক্তি পায়নি।
১৭৬২	এপ্রিল ২ তারিখের ভয়ানক ভূমিকম্পের ফলে ফাউল দ্বীপের প্রায় ২.৭৪ মিলিয়ন ক্ষয়ক্ষতি এবং ছেড়ুয়া দ্বীপের উত্তরপশ্চিম অংশে প্রায় ৬.৭১ মি. সমুদ্রপৃষ্ঠের নিচে চলে যায়। এছাড়াও চট্টগ্রামের কাছে প্রায় ১৫৫.৪০ বর্গ কি.মি. জায়গা স্থায়ীভাবে ধ্বংস হয়ে যায়। ভূমিকম্পটি ঢাকায় এবং মেঘনা নদীর পূর্ব পাশে ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করে। ঢাকায়, ৫০০ মানুষ প্রাণ হারায়, নদী এবং ঝিল তাদের স্বাভাবিক উচ্চতার চেয়ে অনেক বেশি ওপরে উঠে আসে, এবং জলাশয়ের পাড় মৃত মাছ দ্বারা পূর্ণ হয়ে যায়। একটি বড় নদী শুকিয়ে যায়, ২০০ মানুষ এবং তাদের গবাদি পশু সহ একটি চর হারিয়ে যায়। সিতাকুন্ড পাহাড়ে দুইটি আগ্নেয়গিরির মুখ খুলে যায় বলে ধারণা করা হয়। অবস্থাণঃ বাংলাদেশের পূর্ব পাশ (২২.০ উ ৯২.০ পূ) মাত্রাঃ ৮.৫
১৭৭৫	১০ এপ্রিল ঢাকায় মারাত্মক ভূমিকম্প হয়, কিন্তু প্রাণনাশের ঘটনা ঘটেনি।
১৮১২	১১ মে বাংলাদেশের বিভিন্ন জায়গায় মারাত্মক ভূমিকম্প হয়। সিলেটে এর মাত্রা খুব বেশি ছিল।
১৮৬৫	ভয়ঙ্কর ঝাঁকুনি অনুভূত হয়। ১৮৬৫ সালের শীতকালে দ্বিতীয় ধাপে ভূমিকম্প হয়। কিন্তু এর ফলে কোন মারাত্মক ক্ষয়ক্ষতি সৃষ্টি হয়নি।

সাল	বর্ণনা
১৮৬৯	এটি ক্যাচার ভূমিকম্প নামে পরিচিত। সিলেটে ভীষণভাবে অনুভূত হয়, কিন্তু কোন মানুষ মারা যায়নি। গীর্জার মিনার ধ্বসে পড়ে, বিচার ভবনের দেয়াল ভেঙ্গে পড়ে এবং সার্কিট বাংলো ভেঙ্গে যায়। এছাড়াও জেলার পূর্ব দিকের অনেক নদীর পাড় বন্দী হয়ে পড়ে।
১৮৮৫	বেঙ্গল ভূমিকম্প নামে পরিচিত। ১৪ জুলাই ৭.০ মাত্রায় মানিকগঞ্জে অনুভূত হয়। এই ঘটনাটি সাধারণত গভীর-যমুনা ফল্টের মাধ্যমে হয়।
১৮৮৯	১০ জানুয়ারী ৭.৫ মাত্রায় জাইন্তিয়া পাহাড়ে সৃষ্টি হয়। এটি সিলেট এবং আসেপাশের অঞ্চল জুড়ে অনুভূত হয়।
১৮৯৭	এটি বৃহত্তর ভারত ভূমিকম্প নামে পরিচিত যার মাত্রা ছিল ৮.৭ এবং এটি শিলং প্ল্যাটেও অঞ্চলে সৃষ্ট হয়। এই বিশাল ভূমিকম্পটি ১২ জুন বিকেল ৫.১৫ মিনিটে অনুভূত হয়। সিলেট জেলার বাসা বাড়ির ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করে এবং দালান ধ্বসের ফলে ৫৪৫ জন মানুষ প্রাণ হারায়। এই ভূমিকম্পটি বাংলাদেশের পূর্বে লুসাই পাহাড় থেকে পশ্চিমে শাহবাদ পর্যন্ত অনুভূত হয়। ময়মনসিংহ জেলার অনেক সরকারি দালান যেমন জেলা পরিষদ ভবন, বিচার ভবন বেঁকে যায় এবং দোতলা জমিদার বাড়ির খুব কমই টিকে থাকে। ঢাকা-ময়মনসিংহ ব্রিজের ব্যাপক ক্ষতি হয় যার ফলে রেলওয়ে এবং যানবাহন প্রায় এক রাতের জন্য বন্ধ থাকে। ব্রহ্মপুত্র নদীর যোগাযোগ ব্যবস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়। জীবনের ক্ষতি তেমন বেশি ছিল না, কিন্তু সম্পদের ব্যাপক ক্ষতি হয়, যার মূল্য ছিল প্রায় ৫ মিলিয়ন রুপি। রাজশাহীর পূর্বপাশে মারাত্মক ঝাঁকুনি অনুভূত হয়, যার ফলে ১৫ জন মানুষ মারা যায়। ঢাকায় সম্পদের ক্ষয়ক্ষতির পরিমাণ খুব বেশি ছিল। ত্রিপুরায় পুরনো মন্দির এবং মিশনারি ভবন মারাত্মক ক্ষতির মুখোমুখি হয়।
১৯১৮	শ্রীমঙ্গল ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৮ জুলাই ৭.৬ মাত্রায় অনুভূত হয়, যার কেন্দ্রে ছিল শ্রীমঙ্গল এবং মৌলভীবাজার। শ্রীমঙ্গলে কিছু পরিমাণ ক্ষয়ক্ষতি হলেও ঢাকায় খুব কম পরিমাণে অনুভূত হয়।
১৯৩০	ধুবড়ি ভূমিকম্প নামে পরিচিত। এটি ৩ জুলাই ৭.১ মাত্রায় সৃষ্টি হয়, এর কেন্দ্রে ছিল ধুবড়ি এবং আসাম। এই ভূমিকম্পটি রংপুর জেলার পূর্বপাশে মারাত্মক ক্ষয়ক্ষতি সৃষ্টি করে।
১৯৩৪	বিহার-নেপাল ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৫ জানুয়ারী ৮.৩ মাত্রায় অনুভূত হয়। এটি ভারতে অবস্থিত বিহারের দাঁড়ভাঙ্গাঞ্চলে অনুভূত হয়। এই ভূমিকম্পটি বিহার, নেপাল এবং উত্তর প্রদেশে ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করলেও বাংলাদেশে তেমন কোন প্রভাব পড়েনি। এছাড়াও ৩ জুলাই ৭.১ মাত্রার আরেকটি ভূমিকম্প সৃষ্টি হয়, যেটি একইভাবে ভারতের আসাম রাজ্যের ধুবড়ি অঞ্চলে হানা দেয়। এই ভূমিকম্পটি বাংলাদেশের রংপুর জেলায় স্বল্প পরিমাণ ক্ষয়ক্ষতির সৃষ্টি করে।
১৯৫০	আসাম ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৫ আগস্ট ৮.৪ মাত্রায় অনুভূত হয়। বাংলাদেশেও এটি অনুভূত হয়, কিন্তু কোন ক্ষয়ক্ষতি হয়না।
১৯৯৭	২২ নভেম্বর চট্টগ্রামে ৬.০ মাত্রায় অনুভূত হয়। এটি চট্টগ্রাম জেলায় স্বল্প পরিমাণ ক্ষয়ক্ষতি সৃষ্টি করে।
১৯৯৯	২২ জুলাই মহেশখালী দ্বীপে ৫.২ মাত্রায় অনুভূত হয়। আশেপাশের অঞ্চলে এবং সমুদ্রে ভয়ানকভাবে অনুভূত হয়। বাসা বাড়িতে ফাটল ধরে এবং কিছু ঘর ভেঙ্গে যায়।
২০০৩	রাঙামাটি জেলার কলাবুনিয়া ইউনিয়নের বরকল উপজেলায় ২৭ জুলাই সৃষ্টি হয়। এটি ৫.১ মাত্রায় ০৫:১৭:২৮.৮ সময়ে অনুভূত হয়।
২০১১	এই ভূমিকম্পটি বাংলাদেশের উত্তরাংশে আঘাত হানে। এছাড়াও ঢাকা, রংপুর, কুড়িগ্রাম, সিলেট, বরিশাল, ফরিদপুর, যশোর, খুলনা, পাবনা, বগুড়া, কুমিল্লা, নোয়াখালি এবং চট্টগ্রামের আশেপাশের এলাকায় অনুভূত হয়। মানুষ হতবম্ব হয়ে এদিক সেদিক ছোটাছুটি করতে থাকে, কিন্তু বেশ কিছু বাড়িতে ফাটল ধরা ছাড়া তেমন কোন ক্ষয়ক্ষতি হয়নি। ভূমিকম্পের সময় টেলিফোন এবং মোবাইল ফোনের সংযোগ কিছু সময়ের জন্য বিচ্ছিন্ন থাকে। অবস্থানঃ কাঞ্চনজঙ্গা সংরক্ষিত এলাকা, নেপালের সীমানার কাছে এবং ইনডিয়ান স্টেট অফ সিক্কিম, তারিখঃ ১০-সেপ্টেম্বর-২০১১, মাত্রাঃ ৬.৯ সময়ঃ ৩০-৪০ সেকেন্ড, গভীরতাঃ ১৭.৭ কি.মি.।

Source: http://en.banglapedia.org/index.php?title=Earthquake; Accessed on June 6, 2016

সমগ্র চট্টগ্রাম অঞ্চল, এমনকি রাঙ্গামাটিকে অবশ্যই মারাত্মক ভূমিকম্প মোকাবেলা করার জন্য প্রস্তুত থাকতে হবে। কারণ এইসব অঞ্চল বার্মা এবং উরাশিয়া সমতলের কাছাকাছি অবস্থিত।

মানচিত্র ১৩-৫: বাংলাদেশের ভূমিকম্প প্রবণ জোনে রাঙ্গামাটি পৌরসভার অবস্থান



Data Source: Bangladesh National Building Code (Draft), 2014

সারণি ১৩-৮: বাংলাদেশের সিসমিক জোনের বিস্তারিত

সিসমিক জোন	অবস্থান	প্রবলতা	সিসমিক জোন Coefficient
০১	দক্ষিণ-পশ্চিম অঞ্চলস যেমন, বরিশাল, খুলনা, যশোর এবং রাজশাহী।	কম	০.১২
০২	দক্ষিণ-কেন্দ্রীয় এবং উত্তর-পশ্চিম অঞ্চল ও দক্ষিণ-পশ্চিম অঞ্চল, যেমন, নোয়াখালী, ঢাকা, পাবনা, দিনাজপুর ও সুন্দরবন।	মাঝারী	০.২০
০৩	উত্তর-কেন্দ্রীয় এবং উত্তর-পশ্চিম অঞ্চল,যেমন, ব্রাহ্মনবাড়ীয়া, সিরাজগঞ্জ, রংপুর	তীব্র	০.২৮
০৪	উত্তর এবং উত্তর-পূর্ব অঞ্চল যেমন, সিলেট, ময়মনসিংহ, কুড়িগ্রাম	অধিক তীব্র	০.৩৬

তথ্যসূত্রঃ বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (খসড়া), ২০১৪

রাঙ্গামাটি ৩ নং ভূমিকম্প জোনে অবস্থিত, যেটি বাংলাদেশের তীব্র ভূমিকম্প প্রবণ জোন। মহাপরিকল্পনা এই বিপদকে বিবেচনা করবে, এবং জানমালের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

১৩.৪.৩ বজ্রপাত

বজ্রপাত বিষয়ক তথ্য থেকে দেখা যায় বাংলাদেশে ১৯৯০ থেকে মধ্য ২০১৬ পর্যন্ত সর্বমোট ৫৪৬৮ জন বজ্রপাতে হতাহত হয়। এর মধ্যে ৩০৮৬ নিহত এবং ২৩৮২ জন আহত হয় (দেওয়ান এবং আরো অনেকে, ২০১৭)। বাংলাদেশে গড়ে প্রতিবছর ১১৪ জন বজ্রপাতে হতাহত হয়। সম্প্রতি বজ্রপাত জনিত দূর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। সম্প্রতি বজ্রপাতে ৮১ জনের মৃত্যুর পর সরকার এটিকে জাতীয় দুর্যোগ বলে ঘোষণা করেছে। রাঙ্গামাটিতেও বজ্রপাতে মৃত্যুর ঘটনা ঘটছে। বজ্রপাত সম্পর্কিত আবহাওয়া সংক্রান্ত ঝুঁকির কার্যকরী ব্যাবস্থাপনায় প্রাসঙ্গিক সংস্থাকে সাহায্য করার জন্য বজ্রপাতের ফলে সৃষ্ট জনজীবনের ক্ষতির স্থানিক, ক্ষণস্থায়ী এবং সামাজিক দিকগুলো নির্ণয় করা হয়। বাংলাদেশের ক্ষেত্রে বছরে গড়ে ১১৪ মানুষ মারা যায় এবং ৮৯ জন আহত হয়। বিগত ৬ বছরে মৃত্যুর হার ছিল ১.৬ এবং হতাহতের হার ১.৪। এর ভেতর গ্রামাঞ্চলে মৃত্যুর পরিমাণ ৯৩ শতাংশ। বেশীরভাগ মৃত্যু খুব সকালে(06:00 LST) অথবা সন্ধ্যায় ঘটে থাকে।


সম্প্রতি বাংলাদেশে ঘন ঘন বজ্রপাতের সংখ্যা বাড়ছে। বেশ কিছু দিন ধরে বজ্রপাতে ৮১ জন মানুষ মৃত্যুবরণ করেছে, এবং যার ফলে সরকার একে জাতীয় দূর্যোগ হিসেবে ঘোষণা করেছে। এই বজ্রপাতের সময় রাঙ্গামাটিতেও হতাহতের ঘটনা ঘটে।

সারণি ১৩-৯ এ ১৯৯০ সালের জুন মাস থেকে জেলার নাম, জেলার জনসংখ্যা (মিলিয়ন), আয়তন (বর্গ কিমি), বজ্রপাতের ফলে সৃষ্ট মৃত্যুর সংখ্যা এবং ক্রম, বছরে গড় মৃত্যুহার এবং ক্রম এবং মৃত্যুহারের ঘনত্ব প্রতি মিলিয়ন প্রতি বর্গ কিমিতে প্রতি বছরে কত এবং জেলা অনুসারে এর ক্রম দেয়া আছে (দেওয়ান এবং আরো অনেকে, ২০১৭)।


সারণি ১৩-৯: রাঙ্গামাটি পৌরসভায় বজ্রপাতের ফলে সৃষ্ট মৃত্যু এবং হতাহত হওয়ার তথ্য

জেলার নাম	গড় জনসংখ্যা (মিলিয়ন)	ক্ষেত্রফল (বর্গ কি.মি.)	মৃত্যু		ক্ষতি		মৃত্যুহার		মৃত্যুহারের ঘনত্ব	
			সংখ্যা	ক্রম	সংখ্যা	ক্রম	ক্রম	হার	ক্রম	ঘনত্ব
খাগড়াছড়ি	০.৫	২৬৪০.৯	২৪	৫২	১৪	৫১	১.৮০	৮	০.০০৯ ০৮৮	৫৮
রাঙ্গামাটি	০.৫	৬০৫৮.৫	১৮	৫৮	১২	৫৩	১.৩৩	১৮	০.০০২ ৯৭১	৬১
বান্দরবান	০.৩	৪৯৬১.৭	৮	৬২	১	৬২	০.৯৭	২৮	০.০০১ ৬১২	৬৩

মানচিত্র ১৩-৬: বজ্রপাতে জেলাভিত্তিক বাৎসরিক মৃত্যুর হার প্রতি দশ লক্ষে। রঙ ছায়াকরনের ব্যাপ্তি (Color Sheading) সর্বোচ্চ লাল থেকে সর্বনিম্ন নীল পর্যন্ত বিস্তৃত। জেলা ভিত্তিক মৃত্যুর হার ক্রম সংখ্যার ভিত্তিতে করা হয়েছে; (দেওয়ান এবং আরো অনেকে, ২০১৭)



মানচিত্র ১৩-৭: জেলা ভিত্তিক প্রতিবছর প্রতি দশ লক্ষে বজ্রপাতে মৃত্যুহার



১৩.৪.৪ বর্জ্য ও উপদ্রব

বর্জ্য নিষ্কাশন রাঙ্গামাটি পৌরসভার অন্যতম প্রধান সমস্যা। মাঠ পর্যায়ে জরিপের সময়ে দেখা গেছে যে, শহরের প্রবেশপথে (পাসপোর্ট অফিসের কাছে) একটি বর্জ্য নিষ্কাশন স্টেশন আছে। এই স্থানে পাহাড়ের পার্শ্ববর্তী খোলা স্থানে এবং রাস্তার পাশে সরাসরি বর্জ্য নিষ্কাশন করা হয়। ***(স্থিরচিত্র ১৩-৩)***



ক) বর্জ্য শোধনাগার পয়েন্ট



খ) পাহাড়ের পাশে নিষ্কাশিত বর্জ্য



গ) রাস্তার পাশে নিষ্কাশিত বর্জ্য

স্থিরচিত্র ১৩-৩: বর্জ্য নিষ্কাশন স্টেশন এবং ক. শোধনাগারের অবস্থান, খ. পাহাড়ের পাশে নিষ্কাশিত বর্জ্য, গ. রাস্তার পাশে নিষ্কাশিত বর্জ্য

১৩.৪.৫ পাহাড় কাটা এবং গড়ে ওঠা ভারসাম্যহীন বসতি

পাহাড় কাটা এবং এর সাথে গড়ে ওঠা ভারসাম্যহীন বসতি রাঙ্গামাটি পৌরসভার অন্যতম প্রধান উদ্বেগজনক সমস্যা। দ্বিতীয়বার মাঠ পরিদর্শনের সময় (৮ মাস পর), পরিদর্শকেরা প্রত্যক্ষ করেন যে, প্রায় সবগুলো বসতিই নতুন, যা একটি বিপজ্জনক পরিস্থিতি নির্দেশ করে। প্রকল্প এলাকার বিভিন্ন স্থানে মাঠ পরিদর্শনের সময় ধারণকৃত কিছু স্থিরচিত্র পরবর্তী অংশে দেওয়া হলো ***(স্থিরচিত্র ১৩-৪)***।



ক) পাহাড় কেটে রাস্তা নির্মাণ



খ) সোজা পাহাড় কাটা ও বসতি



গ) নিম্ন উদ্ভিদযুক্ত এলাকা এবং ভারসাম্যহীন পাহাড়ি ঢাল



ঘ) পাহাড় কাটা ও ঝুঁকিপূর্ণ বসতি

স্থিরচিত্র ১৩-৪: পাহাড় কাটা এবং গড়ে ওঠা ভারসাম্যহীন বসতি

১৩.৪.৬ বন উজাড় ও অগ্নিকান্ড

রাঙ্গামাটিতে অগ্নিকান্ড একটি নিয়মিত ঘটনা। জেলার ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ জনগনকে জরুরি অগ্নিনির্বাপন সেবা প্রদান করে থাকে। তারা যেকোনো দুর্যোগের সময় উদ্ধারকার্য পরিচালনার কাজও সম্পন্ন করে থাকে।

মাঠ পরিদর্শনের সময় (জানুয়ারি, ২০১৮), বন উজাড় ও বনে মানুষের হস্তক্ষেপের উচ্চ হার দেখা যায়। কিছু লোক কাঠের জিনিস পোড়ায় যা ব্যাপকভাবে বনের ওপর প্রভাব ফেলে ***(চিত্রলেখ ১৩-৫খ)***। মাঝেমাঝে তারা বিদ্বেষপূর্ণভাবে গাছের শেকরের ক্ষতি করে, যাতে গাছ ক্ষতিগ্রস্থ হলে তারা সেটি কেটে ফেলতে পারে।



ক) কাপ্তাই লেকের পাড়ে বন পোড়ানো হচ্ছে




খ) গাছপালা পোড়ানো হচ্ছে

স্থিরচিত্র ১৩-৫ খ: বন ও গাছপালা পোড়ানো

১৩.৪.৭ জলাবদ্ধতা ও বন্যা

রাঙ্গামাটি বন্যা প্রবণ এলাকা নয়। কারণ তরঙ্গায়িত ভূখন্ড ও কাপ্তাই লেকের জন্য এই এলাকার প্রাকৃতিক ড্রেনেজ ব্যবস্থা অত্যন্ত ভালো যা পৌরসভার মোট এলাকার অর্ধেকের বেশি আচ্ছাদন করে। বিদ্যমান ভূসংস্থানের ঢাল বৃষ্টির পানি লেকে এবং লেক থেকে কর্নফুলী নদীতে প্রবাহিত হতে সাহায্য করে। ফলস্বরূপ, অতিবর্ষণে পাহাড়ি ঢলের কারণে সংঘটিত বন্যা সমতল এলাকায় বেশিক্ষণ স্থায়ী হয় না। কিন্তু বর্ষাকালে ভারী বর্ষণে কিছু এলাকায় লেক প্লাবিত হয়ে বন্যা হয়। এর মধ্যে কিছু এলাকায় পানি এক থেকে দুই মাসের মত পানি জমে থাকে এবং বাসিন্দাদের এই সময়টুকুর জন্য ঘর ছেড়ে অন্য জায়গায় স্থানান্তরিত হতে হয়।এই বসতিগুলো মূলত বিধিবহির্ভুত ও অননুমোদিত, কারণ এসব বন্যা প্রবণ এলাকায় পৌরসভা ভবন নির্মাণের অনুমতি দেয় না। মৈত্রীনগর, বিজয়নগর, বাহারপুর, মোশপাড়া, রাঙ্গাপানি চর ভূমি, আলুটিলা, নুরাদাম এবং নতুন আদমপাড়া এলাকাগুলো বন্যা ও জলাবদ্ধতায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হয়।

মানচিত্র ১৩-৮: রাঙ্গামাটি পৌরসভার জলাবদ্ধ এলাকাসমূহ



১৩.৪.৮ পানির অপ্রাপ্যতা ও খাদ্য নিরাপত্তাহীনতা


জলবায়ুর অবস্থা পরিবর্তনের সাথে সাথে পানির অভাব বাড়ছে; বিশেষ করে প্রত্যন্ত অঞ্চলগুলোতে। প্রাকৃতিক জলাশয়গুলো শুকিয়ে যাচ্ছে। আবার, পৌরসভার মোট এলাকার প্রায় অর্ধেকের বেশি এলাকা DPHE প্রদত্ত পানি সরবরাহ লাইনের সাথে সংযুক্ত না। পানি সরবরাহ লাইনের মোট দৈর্ঘ্য ৪৩.৭৭ কিলোমিটার যার মাধ্যমে প্রতিদিন মাত্র ২ লক্ষ গ্যালন পানি সরবরাহ করা সম্ভব। কিন্তু পৌরসভার দৈনন্দিন চাহিদা ৮ লক্ষ গ্যালন। যেসব গৃহস্থালী এখনও পৌরসভার পানি সরবরাহ সুবিধা থেকে বঞ্চিত, সেসব গৃহস্থালীর জন্য প্রায় ৫৪২টি সচল হস্তচালিত নলকূপ আছে। অন্যদিকে, পাহাড়ী এলাকায় ভূগর্ভস্থ পানির স্তর নিচে হওয়ার কারণে হস্তচালিত নলকূপের সাহায্যে পানি তোলা সম্ভব হয় না। ওয়ার্ড নং- ২, ৬ এবং ৯ এ পানির অভাব সবচেয়ে প্রকট। ওয়ার্ড নং- ৯ এ এখন পর্যন্ত পৌর পানি সরবরাহের লাইন প্রবর্তিত হয়নি। সিঙ্গিনালা বস্তি এলাকা, উত্তর সবুজবাগ, রসুলপুর, কুমিল্লা টিলা, শালবন এবং পুলিশ লাইন এলাকার বাড়ি-ঘরগুলো এ সমস্যার সবচেয়ে বড় ভুক্তভোগী। ***সারণি ১৩-১০*** এ পানির অপ্রাপ্যতার সমস্যায় জর্জরিত এলাকাসমূহ এবং এর তীব্রতা ও পুনরাবৃত্তি দেখানো হলো।

ঠেকামুখ স্থলবন্দর সংলগ্ন এলাকা ও বড়কল উপজেলার প্রত্যন্ত অঞ্চলে খাদ্য নিরাপত্তাহীনতা লক্ষ্যণীয়। মাঠ পরিদর্শনকালে, খাদ্য নিরাপত্তাহীনতার ব্যাপারে সামান্য কিছু লোক জানান যে, মাঝেমাঝে যখন ক্ষুদ্র কীটপতঙ্গ তাদের পর্বত চাষ এলাকায় আক্রমন করে, তখন সাধারনত খাদ্য নিরাপত্তাহীনতা দেখা যায়। কয়েক বছর আগে, চাকমা সম্প্রদায়ের জনৈক এক ব্যক্তি জানান, "কোনো কিছুই রক্ষা করা সম্ভব হয়নি, যেহেতু এ বছর ইঁদুর ধানসহ সকল ফসল খেয়ে সাবাড় করে ফেলেছে। "স্থানীয় চাকমা লোকেরা জানান যে, সরকারের ত্রাণের পরিমাণও অত্যন্ত সামান্য হবে, যেহেতু আসছে মাসে পাহাড়ে কোনো খাদ্য শস্য হবে না"।

সারণি ১৩-১০: রাঙ্গামাটি পৌরসভায় পানির অপ্রাপ্যতার তীব্রতা এবং পুনরাবৃত্তির স্তর

ওয়ার্ড নং	পানির অপ্রাপ্যতার তীব্রতা	পানির অপ্রাপ্যতার পুনরাবৃত্তি	প্রভাবিত এলাকাসমূহ	মন্তব্য
১	অতি উচ্চ	অতি উচ্চ	ইসলামপুর, শরিয়তপুর, জালিয়াপাড়া, তৈয়বিয়া পাহাড় এলাকা	পৌর পানি সরবরাহের কোনো লাইন নেই। মসজিদগুলোয় অবস্থিত গভীর নলকূপ, লেকের পানি এবং কমিউনিটি রিং ওয়েল মূলত এখানে খাওয়ার পানির উৎস, কিন্তু এই উৎস সমূহ স্থানীয় জনগণের চাহিদা পুরোপুরি মেটাতে পারে না।
২	নিম্ন	নিম্ন	আবদুল আলী একাডেমী এলাকা, পুরাতন হাসপাতাল এলাকা	এগুলো প্রধানত বাণিজ্যিক এলাকা কিন্তু বেশিরভাগ বস্তি এখানে পাওয়া যায়
৩	অতি নিম্ন	অতি নিম্ন	-	পৌরসভা এই ওয়ার্ডে প্রায় ১০০% পানি সরবরাহ নিশ্চিত করেছে
৪	মাঝারি	মাঝারি	শ্রমিক কলোনী, তবলছড়ি বাজারের পাশে	এই ওয়ার্ডের প্রায় ৫০% পানি সরবরাহ সেবার অন্তর্ভুক্ত
৫	অতি উচ্চ	অতি উচ্চ	তংচঙ্গাপাড়া, লেমুছড়ি, ঝগড়াবিল, সিলেটি পাড়া	প্রধানত পাহাড় ও দ্বীপ অঞ্চলের ঘর-বাড়িগুলোতে পানির অভাব দেখা যায়
৬	মাঝারি	মাঝারি	পশ্চিম মুসলিম পাড়া, ভেদভেদি, মনোগর	প্রধানত পাহাড়ের উপর ঘর-বাড়িগুলোতে পানির অভাব দেখা যায়
৭	নিম্ন	নিম্ন	শান্তিনগর, রসুলপুর, গর্জনতলী	শুধুমাত্র বস্তিগুলোতে পানির অভাব দেখা গিয়েছে, যেখানে প্রায় ৩৩০ টি পরিবার বসবাস করে
৮	অতি উচ্চ	অতি উচ্চ	কল্যানপুর, উত্তর কল্যানপুর, রাজদ্বীপ এলাকা, মোহাম্মদপুর	সবচেয়ে বড় ভুক্তভোগী হলো বস্তিবাসীরা যেখানে ৭০০ এর উপর পরিবার বসবাস করে
৯	উচ্চ	উচ্চ	মৈত্রীনগর, কলেজ গেট, উলুছড়া	প্রধানত পাহাড় ও দ্বীপ অঞ্চলের ঘর-বাড়িগুলোতে পানির অভাব দেখা যায়

মানচিত্র ১৩-৯: রাঙ্গামাটি পৌরসভায় পানির অপ্রাপ্যতা ঝুঁকির মানচিত্র



১৩.৫ দূষণ প্রতিরোধক ব্যবস্থাসমূহ

১৩.৫.১ শব্দ দূষণ প্রশমন

শব্দ দূষণ বলতে অযাচিত স্তরের শব্দ বোঝায় যা বিরক্তি সৃষ্টি করে, শারীরিক ও মানসিক শান্তি নষ্ট করে এবং স্বাস্থ্যের মারাত্মক ক্ষতি সাধন করতে পারে। ক্রমবর্ধিত পানি দূষণের সাথে শব্দ দূষণও শহরের বাসিন্দাদের জন্য একটি মারাত্মক হুমকি। শহর এলাকায় মোটরচালিত যানবাহনের জন্য শব্দ দূষণ আরও প্রকট। যদিও শব্দ দূষণের আরও অনেক উৎস আছে (যেমন- শিল্প কারখানা, নির্মাণকার্য এবং লাউড স্পিকারের যথেচ্ছ ব্যবহার), তারপরও শহর এলাকায় শব্দ দূষণের প্রধান উৎস এই মোটরচালিত যানবাহন। বর্তমানে পৌরসভায় মোটরচালিত যানবাহনের সংখ্যা খুব বেশি না হলেও, নগরায়নের সাথে সাথে অদূর ভবিষ্যতে এই সংখ্যা ক্রমশ বাড়তে থাকবে। শাপলা চত্বর বর্তমানে পৌরসভার সবচেয়ে ব্যস্ততম এলাকা, যেখান থেকে উচ্চমাত্রার শব্দ দূষণ হয়।

প্রশমন

- বাস, ট্রাক ও অন্যান্য মোটরচালিত যানবাহনে হাইড্রোলিক হর্ন ব্যবহার থেকে বিরত থাকা
- কিছু এলাকা; যেমন- হাসপাতাল, স্কুল, পার্ক ইত্যাদি এলাকা নীরব অঞ্চল হিসেবে ঘোষণা করা
- আইনের কঠোর প্রয়োগ
- স'মিল থেকে আগত অস্বাভাবিক উচ শব্দ নিয়ন্ত্রণ করতে পুরাতন মেশিনগুলো মেরামত ও প্রতিস্থাপন করা
- শব্দ দূষণ কমাতে বিশেষ ধরণের শব্দরোধক পদ্ধতি ব্যবহার করা
- সম্ভাব্য দূষণ থেকে পথচারীদের রক্ষা করতে ঢালাই এবং লোহার কাজের কারখানাগুলো কাচ দিয়ে ঘিরে দেওয়া যেতে পারে
- যারা লাগাতার এসব ঢালাই ও লোহার কারখানায় কাজ করে তারা ইয়ারপ্লাগ ও বিশেষ চশমা ব্যবহার করা উচিত। সম্ভাব্য স্বাস্থ্য সমস্যা সনাক্তকরণে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করা যেতে পারে।

১৩.৫.২ বায়ু দূষণ প্রশমন

পৌরসভার মধ্যে মোটরচালিত যানবাহনের সংখ্যা কম হওয়ার কারণে তেমন বায়ু দূষণ হয়না। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (ECR, 1997) এর মানদন্ড অনুসারে, 'আবাসিক ও গ্রামীণ' শ্রেণিতে, প্রকল্প এলাকার বিভিন্ন বায়ু কণার ধনত্ব হবে নিম্নরূপঃ

- বাতাসে ভেসে বেড়ানো বস্তুকণা = ২০০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- সালফার ডাই অক্সাইড = ৮০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- কার্বন মনোক্সাইড = ২০০০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- অক্সাইড নাইট্রোজেন = ৮০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার

কিন্তু CBD এবং BSCIC এর মত এলাকাগুলোতে বিভিন্ন রকমের বায়ুর মান থাকতে পারে।

প্রশমন

- বাস, ট্রাক, ট্যাক্সি এবং টেম্পোতে অনুঘটক প্রক্রিয়া সংক্রান্ত পরিবর্তক ব্যবহার করা।
- পেট্রোলের পরিবর্তে সিএনজি ব্যবহার করা।
- বায়ুমন্ডলে কার্বন মনোক্সাইড, সালফার ডাই অক্সাইডের পরিমাণ কমাতে ইটখোলায় ১২০ ফুট উঁচু চিমনির সারি প্রতিস্থাপন করা।

- বাড়িঘর, বাজার এবং বিকাশ কেন্দ্রের আশেপাশে গড়ে ওঠা ইটখোলার বন্ধ করা। কারণ, এই শহরটি পাহাড়ী উপত্যকায় অবস্থিত, তাই ইটভাটা থেকে উৎপন্ন ধোঁয়া সাধারনত এলাকার মধ্যেই আটকে থাকে। সুতরাং, ইটখোলাগুলো দূরবর্তী অবস্থানে থাকা উচিত।
- টারশিয়ারি এবং প্রবেশ রাস্তা ব্যবহার করে পাথর এবং বালি বহনকারী ট্রাকের চলাচলের উপর নিষেধাজ্ঞা জারি করা।

১৩.৫.৩ ভূ-পৃষ্ঠস্থ পানি দূষণ প্রতিরোধ

সাধারনত পানি দূষণের মূল কারণ হলো বর্জ্য পানি দ্বারা, ল্যাট্রিনের পানি দ্বারা, কঠিন বর্জ্য দ্বারা, এবং ইপিজেড ও বিসিকের অপরিশোধিত কারখানা বর্জ্য দ্বারা। রাঙ্গামাটিতে সকল ল্যাট্রিন কাপ্তাই লেকে গিয়ে শেষ হয়, যা ফলে লেকের পানি দূষিত হয়। সাম্প্রতিককালে ভূ পৃষ্টস্থ-পানি উচ্চ ঘনত্বের ময়লা পানি নির্গমন, স্যানিটারি বর্জ্য, সেপটিক ট্যাংক এবং পিটের অধিক প্রবাহ, শিল্প-কারখানার বর্জ্য, কাঁচা বাজারের পানির প্রবাহ, অনিয়মিত কঠিন এবং মেডিকেলের বর্জ্য ফেলার ফলে পানি দূষণ অত্যাধিক হারে বাড়ছে।



চিত্র ১৩-৩: কঠিন বর্জ্যের ময়লা পানি বের হয়ে কাপ্তাই লেকের পানির সাথে মিশছে

কাপ্তাই লেক ও কর্নফুলী নদীতে মাত্র ১-২ ফুটে লোকজন কৃষিকাজ করে (***চিত্রলেখ ১৩-৩***)। কৃষি ক্ষেত পানির উৎসের আশেপাশে হওয়া সুবিধাজনক কিন্তু যখন তারা কীটনাশক ব্যবহার করে তখন সংলগ্ন জলাশয় দূষিত হয়। বেশিরভাগ ভূপৃষ্ঠস্থ জলাশয়ে অনেক ময়লা আছে যার ফলে এর পানি দূষিত হয়। দৈনন্দিন মনুষ্য বর্জ্যও জলাশয়ের দূষণের জন্য দায়ী (***স্থিরচিত্র ১৩-৬***)।



ক) নদীতে কৃষিকাজ (ধান)



খ) বর্জিতাংশ দিয়ে দূষিত খাল

স্থিরচিত্র ১৩-৬: বিভিন্ন উৎসের মাধ্যমে জলাশয়ের দূষণ

বর্জ্য ব্যবস্থাপনায় প্রশমন ব্যবস্থা (কঠিন বর্জ্য ও পয়ঃবর্জ্য)

- কঠিন বর্জ্য ব্যবস্থাপনা এবং উৎস পৃথকীকরণের জন্য সবুজ ও লাল রঙের বিন ব্যবহার।
- সবুজ বিনের মাধ্যমে জৈব বর্জ্য পৃথকীকরণ ও ট্রান্সফার স্টেশনে স্থানান্তর করা এবং পরিশেষে কম্পোস্টিং সাইটে পাঠানো।
- অজৈব বর্জ্য দিয়ে নিচু জমি ভরাট করা।
- ট্রাকের মাধ্যমে বাড়ি-বাড়ি গিয়ে পয়ঃবর্জ্য সংগ্রহ এবং পয়ঃবর্জ্য শোধনাগারে পাঠানো।
- শোধিত পয়ঃবর্জ্য সার হিসেবে ব্যবহার করা।
- কাঁচা, ঝুলন্ত এবং পিট ল্যাট্রিন নির্মাণ বন্ধ করা।
- সেপটিক ট্যাঙ্ক ও সোক ওয়েলসহ পাকা ল্যাট্রিন ব্যবহার করা।
- ড্রেন, খাল ও নদীতে মেডিকেল ও অন্যান্য বর্জ্য ফেলায় নিষেধাজ্ঞা জারি করা।
- কসাইখানা, মাছের বাজার এবং কাঁচা বাজারের স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
- শহরের বর্জ্য জল সরাসরি কোনো খাল, নিচু এলাকা এবং নদীতে ফেলার উপর নিষেধাজ্ঞা জারি করা।
- বর্জ্য জল ও নর্দমার জলের শোধনাগার স্থাপন করা।
- এখানে-সেখানে পশু জবাই ও অবশিষ্টাংশ ফেলা বন্ধ করা এবং শহর অনুমোদিত কসাইখানা ব্যবহারে উদ্বুদ্ধ করা।

১৩.৫.৪ ভূগর্ভস্থ পানি দূষণ প্রশমন

ম্যাঙ্গানিজ, আয়রন এবং ক্ষরতার কারণে প্রকল্প এলাকার ভূ-গর্ভস্থ পানি দূষণ একটি প্রধান সমস্যা। নগর এলাকার সম্প্রসারণের সাথে সাথে ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা উপ-ভূপৃষ্ঠস্থ পানির দূষণের মাত্রা বাড়াতে পারে।

প্রশমন

- পানি সরবরাহ ব্যবস্থার জন্য ভূপৃষ্ঠস্থ পানি ব্যবহার করা।
- বৃষ্টির পানি সংগ্রহ ব্যবস্থা প্রবর্তন করা।
- ভূগর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা কমানো।
- সেচের জন্য পুকুর, খাল ও লেকের পানি সংরক্ষণ করা।

১৩.৫.৫ ড্রেন ভরাট প্রশমন

বর্তমান উন্নয়নের ধারার সাথে ড্রেন ভরাট বাড়তে পারে। ত্রুটিপূর্ণ নকশা, অপর্যাপ্ত ঢাল, কঠিন বর্জ্য ও আবর্জনা ফেলা, দখল ও অবৈধ স্থাপনা, পলি জমাট, সংস্কারের অভাব এবং পুনঃখনন ড্রেন ভরাটের প্রধান কারণসমূহ। ফলস্বরূপ, নতুন ড্রেনেজ নেটয়ার্কের নিঃসরণ শহরে গুরুতর ড্রেনেজ সমস্যা সৃষ্টি করে, বিশেষ করে বর্ষাকালে।



ক) কাঠের বস্তু দিয়ে ড্রেন ভরাট



খ) অনুচিত ড্রেনেজ চর্চা

স্থিরচিত্র ১৩-৭: ডেন ভরাট (আসাম বস্তির কাছে)

প্রশমন

- প্রাইমারি ড্রেনেজ নেটওয়ার্ক পুনঃখনন করতে হবে; বিশেষ করে কাপ্তাই লেকের দখলকৃত এবং ভরাট এলাকাসমূহ।
- লেকের পাশে রাস্তা নির্মাণ করে পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রমের উন্নতি করা যায়।
- পুরো শহরের জন্য একটি ড্রেনেজ মাস্টার প্ল্যান তৈরী করতে হবে। এ জন্য স্থানীয় স্লোপ ও ট্রপোগ্রাফি বিবেচনায় নিতে হবে।
- ড্রেন বা খালের উপর অবৈধ কাঠামো ভাঙ্গতে হবে।
- নতুন এলাকাগুলোতে ঢাল এবং স্থানীয় ভূ-রৈখিক অবস্থা বিবেচনা করে পর্যাপ্ত ড্রেনেজ নেটওয়ার্ক তৈরী করতে হবে।
- ড্রেনে বা খালে বর্জ্য ফেলার জন্য শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে।
- ড্রেন নিয়মিত পরিষ্কার রাখতে হবে।

১৩.৫.৬ শিল্প কারখানার দূষণ

বর্তমানে রাঙ্গামাটি পৌরসভায় খুব সামান্য সংখ্যক শিল্প-কারখানা ও প্রতিষ্ঠান আছে। কিন্তু মহাপরিকল্পনায় প্রস্তাবনাসমূহের বাস্তবায়নের ফলে বিভিন্ন ধরণের প্রতিষ্ঠান যেমন সড়ক উন্নয়য়, ড্রেনেজ, পানি, গ্যাস ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, টেলিফোন ইত্যাদির প্রসার ঘটবে। যার ফলে স্থানীয় অর্থনীতিতে বিভিন্ন ধরণের মানুষের মধ্যে বিভিন্ন রকমের শিল্প-কারখানা বৃদ্ধি পাবে। তাই ভবিষ্যতে শিল্প-কারখানার দূষণ কমাতে কিছু পরিকল্পনা থাকা উচিত।

প্রশমন

- শিল্প-কারখানা এলাকায় গ্যাস পাইপ লাইনের ব্যাবস্থা করা।
- শিল্প-কারখানা এলাকায় পানি, বিদ্যুৎ, টেলিফোন, ফায়ার সার্ভিস এবং ড্রেনেজ সুবিধা দিতে হবে।
- BSCIC এর কার্যক্রমকে প্রসারিত করা।
- শিল্প-কারখানাগুলো পর্যবেক্ষণের জন্য জাতীয় এবং বৈদেশিক পর্যবেক্ষক নিয়ে আসা।
- শিল্পায়নের জন্য স্থানীয় উদ্দোক্তাদের উৎসাহিত করা।
- বিদ্যমান ইটের ভাটাগুলোকে ৫ বছর পর জায়গা বদল করে পৌরসভার সীমানার বাইরে চলে যেতে হবে, এবং এদেরকে অবশ্যই ইট প্রস্তুত (নিয়ন্ত্রণ) বিধি, ১৯৮৯ মেনে চলতে হবে।
- পৌরসভা এলাকায় কোন নতুন ইটের ভাটার অনুমোদন দেয়া যাবে না।
- ইট পোড়ানোর জন্য বিধি-নিষেধগুলোর শক্ত বাস্তবায়ন।

১৩.৫.৭ কীটনাশক ব্যবহারের ফলে দূষণ

রাঙ্গামাটি পৌরসভায় কৃষিক্ষেত্রে বিভিন্ন ধরণের সার ব্যবহার করা হয়। এর ভেতর বেশীরভাগই রাসায়নিক সার, যেগুলো শস্যকে পোকামাকড় মুক্ত রাখে, কিন্তু একই সাথে পরিবেশের দীর্ঘস্থায়ী ক্ষতিসাধন করে। এটি মাটির উর্বরতা কমিয়ে দেয়। এছাড়াও কৃষি জমির পাশে অবস্থিত জলাশয় গুলোতে বৃষ্টির পানিতে ধুয়ে যাওয়া এসব রাসায়নিক পদার্থ মেশে এবং দূষিত করে।

প্রশমন

- কৃষিক্ষেত্রে সবুজ সার ব্যবহার করার জন্য কৃষকদের উৎসাহিত করা।
- সবুজ সার এবং কীটনাশকের প্রাপ্যতা স্থানীয় কৃষকদের মাঝে বৃদ্ধি করা।
- পৌরসভা পরিবেশ অধিদপ্তরের সহায়তায় নিষিদ্ধ সারের তালিকা বানাবে।
- নিষিদ্ধ সারের ব্যবহার বন্ধে উপযুক্ত আইন প্রণয়ন করা হবে।
- কীটনাশক এবং কীটনাশক ধারক সংরক্ষণের জন্য কিছু নির্দেশনা মেনে চলতে হবে।

১৩.৫.৮ মানব সৃষ্ট দূর্যোগ

মানবসৃষ্ট দূর্যোগ গুলো প্রাকৃতিক দূর্যোগের মতোই গুরুত্বপূর্ণ। এদের ভেতর, অগ্নিপাত সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। কিছুক্ষেত্রে ভূমিধ্বসও মানব সৃষ্ট কারণে হয়ে থাকে। রাঙ্গামাটি পৌরসভায় বৃক্ষনিধন মানব-সৃষ্ট দূর্যোগের একটি।

প্রশমন

- বহুতলবিশিষ্ট বাণিজ্যিক ভবন বা শিল্প কারখানা নির্মাণের সময় দূর্যোগ প্রতিরোধ আইন মেনে চলতে হবে।
- শহরের বিভিন্ন নোডে পানি হাইড্রেন্ট স্থাপণ করা জরুরী।
- অগ্নিসংযোগের সময় তাৎক্ষণিকভাবে সহায়তার জন্য কমিউনিটি লেভেলে সাহায্যকারী দল থাকবে।
- অগ্নি-ঝুঁকির জন্য উচ্চ এলাকা সমূহ থেকে বস্তি সতিয়ে আনতে হবে।
- পাহাড় কাটায় নিষেধাজ্ঞা জারী করতে হবে।
- লেকের পাড় সহ পাহাড় কিংবা বনে বৃক্ষনিধনে নিষেধাজ্ঞা জারী করতে হবে।

১৩.৬ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

১৩.৬.১ ভূমিধ্বস

ভূ-অঙ্গসংস্থান তথ্য থেকে দেখা যায় যে, রাঙ্গামাটি পাহাড়ি অঞ্চলে অবস্থিত এবং এখানকার ভূমি উঁচু-নিচু। রাঙ্গামাটি এলাকা পাহাড়ী এবং ভারতীয় প্লেট ও বার্মিস প্লেটের টেকটোনিক বিচলনের মাধ্যমে গঠিত হয়েছে। বিভিন্ন গভীরতায় দ্রুত বালি ও দ্রাব্য মাটি পাওয়া যায়। দুর্যোগ ব্যবস্থাপনা প্রকল্পের অধীনে ১০টি এলাকায় ভূতাত্বিক তদন্ত সংগঠিত হয়েছে। মাটি পরীক্ষার রিপোর্ট থেকে এটা স্পষ্ট যে, পৌরসভার সকল এলাকায় উপ-পৃষ্ঠীয় মাটির ধরণ এক নয় এবং ভূপৃষ্ঠের স্বাভাবিক ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য বালু নয়। ৩ মিটার পর্যন্ত নরম কাদামাটি জমা এবং ৯-১০ মিটারের মধ্যে আলগা বালু পাওয়া যায়। কিছু এলাকায় গভীর ভিত্তি ছাড়া, শুধুমাত্র অগভীর ভিত্তির উপর বহুতল ভবন বা কাঠামো নির্মাণ সম্ভব নয়। বহুতল ভবন নির্মাণের পূর্বে ভূতাত্বিক তদন্ত (বিভিন্ন গভীরতায় SPT সংগ্রহ, অগভীর ও পাইল ভিত্তির বিয়ারিং গণনা ইত্যাদি), সিসমিক জরিপ, ভূতাত্বিক অধ্যয়ন, এবং ভিত্তি প্রকৌশলীর সাথে পরামর্শ করা আবশ্যক/গুরুত্বপূর্ণ। আমরা নিম্নোক্ত বিষয়সমূহ সুপারিশ করি-

- ভূমিকম্প, বজ্রপাত প্রতিরোধ করতে বৃক্ষরোপণ; বিশেষ করে গভীর শিকর বিশিষ্ট এবং লম্বা বৃক্ষ; যেমন- তাল, পাম, সুপারি গাছ ইত্যাদি
- ঝোপ ও গভীর শিকর বিশিষ্ট উদ্ভিদ রোপণ করা

- ভূ-বস্ত্রশিল্প/ভূ-পাট
- পাহাড় অলঙ্করণ/ ঝুঁকিপূর্ণ কৃষিকাজ/পাহাড় কাটা প্রতিরোধ
- ধারণকারী প্রাচীর নির্মাণ
- মাটি স্থিতিশীলকরণ
- সিমেন্টিং
- বাড়ি নির্মাণের যথাযথ নকশা
- ড্রেনেজ
- সচেতনতা বৃদ্ধি/আবহাওয়া সংকেত
- জরুরী উদ্বাসন পথ পরিকল্পনা এবং আশ্রয় গড়ে তোলা
- পাহাড়ী এলাকায় গাছ কাটা ও বন নিধন বন্ধ করা
- জুম চাষের জন্য কীটনাশক ব্যবহার বন্ধ করা
- পাহাড় কাটা এবং ভরাট ব্যবস্থাপনায় জাতীয় আইন-কানুন মেনে চলা
- পাহাড় কাটা থেকে পাথর ও বালু তোলা বন্ধ করা
- পাহাড় কাটা ও অলঙ্করণের মাধ্যমে অবকাঠামো নির্মাণ বন্ধ করা
- নির্মাণের পূর্বে ভূ-প্রযুক্তিক তদন্ত, ভূ-তাত্ত্বিক অধ্যয়ন, সিসমিক জরিপ করা প্রয়োজন
- পাহাড়ী এলাকার কাঠামো সম্পর্কে যথেষ্ট অভিজ্ঞতা আছে এমন পেশাদার প্রকৌশলীকে দিয়ে ভবনের নকশা করাতে হবে
- নির্মাণকালে যথাযথ প্রকৌশল তত্ত্বাবধান প্রয়োজন

১৩.৬.২ সহনশীল বসতি গড়ে তোলা

রাঙ্গামাটির উপ-পৃষ্ঠ পরিবেশ এবং ভূখণ্ড তাকে অবকাঠামো উন্নয়নের জন্য অনন্য করেছে। পাহাড়ী এলাকার অবকাঠামো যথাযথভাবে পরিকল্পনা করা উচিত। এই পরিস্থিতিতে, উপযুক্ত বিল্ডিং কোড ও DMP এর সংশোধন প্রয়োজন। স্থানীয় কর্তৃপক্ষের সাথে মতবিনিময়ের সময়, বিশেষ পরিকল্পনার গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয় (***স্থিরচিত্র ১৩-৮***)।


- নতুন আবাসনের জন্য ভূমি ব্যবহার পরিকল্পনা এবং ভূমি জোনিং প্রস্তুত করা।
- নতুন বাড়ির পরিকল্পনা অনুমোদনের ব্যাপারে আইন গ্রহণ করা।
- যেসব জমি আবাসনের জন্য অনুমোদিত নয় সেগুলো জুম চাষ অথবা কৃষিকাজের জন্য বরাদ্দ দেওয়ার জন্য আইন গ্রহণ করা।
- অবৈধ বাসিন্দাদের এড়িয়ে যাওয়া এবং উৎসাহ প্রদান না করা।
- বন সংরক্ষণ করার জন্য গভীর মূলের বৃক্ষরোপণ করা।
- পরিবেশগত আইন মেনে চলার জন্য পাহাড়ী এলাকার জন্য উপযুক্ত আবাসন এবং অবকাঠামো গড়ে তোলা
- পাহাড় কাটা বন্ধ করা এবং পাহাড়ের গোড়া থেকে পাথর ও বালি উঠানো বন্ধ করা
- পাহাড় কেটে অবকাঠামো নির্মাণ বন্ধ করা
- স্কুল, হাসপাতাল, ক্লিনিকের মত স্থানগুলোকে নীরব অঞ্চল হিসেবে ঘোষণা করা
- পাহাড়ি ঢাল ইত্যাদির ক্ষতি না করে পরিবেশগতভাবে বন্ধুত্বপূর্ণ বসতির গড়ে তোলা






স্থিরচিত্র ১৩-৮: সহনশীল অবকাঠামো উন্নয়নের জন্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে মাঠ পরিদর্শন ও আলোচনা

পাহাড়ী ঢালে অবকাঠামো উন্নয়ন কমানো প্রয়োজন। যদিও ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য ভবিষ্যৎ বসতি স্থানান্তর করা শ্রমসাধ্য। পাহাড়ী ঢালে অবকাঠামো উন্নয়ন কমাতে হবে। এমতাবস্থায়, পাহাড় বান্ধব কাঠামো উন্নয়নকে উৎসাহিত করতে হবে (***চিত্রলেখ ১৩-৪***)। যথাযথ প্রকৌশল ব্যবস্থাপনা; বিশেষ করে পাহাড়ের জন্য যথাযথ প্রকৌশল ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে এবং বজায় রাখতে হবে।





চিত্রলেখ ১৩-৪: পাহাড়ী ঢাল বান্ধব কাঠামো

১৩.৬.৩ বজ্রপাত

লম্বা গাছ রোপণ এর প্রভাব কমাতে পারে। বিশেষ করে পাম ও নারিকেল গাছের মত লম্বা গাছ এক্ষেত্রে কার্যকর হবে। অভিজ্ঞতাসম্পন্ন ও বিশেষজ্ঞ প্রকৌশলীদের ভবন নির্মাণের সময় অবশ্যই বজ্রপাত নিরাপত্তা ব্যবস্থা প্রদান নিশ্চিত করতে হবে।

বজ্রপাতের সময় করণীয়ঃ

- বাড়ি বাইরে থাকলে নিরাপদ স্থানে, সম্ভব হলে কোনো ভবনে স্থান গ্রহণের চেষ্টা করতে হবে
- প্রবাহিত পানি, পুকুর, উপত্যকার নদী অথবা বাঁধে হাঁটা বা সাঁতার কাটা অবশ্যই পরিহার করতে হবে এ সময়
- ভারী বর্ষণের সময় মানুষের বিদ্যুৎ সরবরাহের লাইন থেকে দূরে থাকতে হবে
- বজ্রপাতের সময় বাড়ির বৈদ্যুতিক যন্ত্রপাতির সংযোগ খুলে রাখতে হবে
- বজ্রপাতের সময় অতিসত্বর নিকটবর্তী বাড়ি বা গাড়িতে নিরাপদ আশ্রয় নিতে হবে
- বজ্রপাতের সময় গাছ বা বৈদ্যুতিক খুটির নিচে দাঁড়ানো যাবে না
- বজ্রপাতের সময় পাহাড়ে বা নির্মাণাধীন দালানের ছাদে কাজ করা বা দাঁড়ানো যাবে না
- বজ্রপাতের কারণে অগ্নিকান্ড ঘটতে পারে। একারণে যথাযথ অগ্নি নির্বাপক উপকরনের থাকা প্রয়োজনীয়।
- বজ্রপাতের সময় জানালা এবং ধাতব দরজা থেকে দূরে থাকতে হবে

১৩.৬.৪ বন উজাড় ও অগ্নিকান্ড

এধরণের কর্মকান্ডগুলো ক্রমান্বয়ে পরিবেশগত অবস্থার ক্ষতিসাধন করছে। যথাযথ আইন ও পর্যবেক্ষণ এধরণের অবৈধ চর্চা কমাতে পারে। উপরন্তু, শুধুমাত্র আইন এবং পর্যবেক্ষণ এই অবস্থা রক্ষা করার জন্য টেকসই সমাধান। এই অঞ্চলের জন্য বিকল্প জীবিকা তৈরি করাও অত্যাবশ্যক। গাছপালা রক্ষা করার জন্য নিম্নোক্ত ব্যবস্থাসমূহ গ্রহণ করা যেতে পারে-

- জনগণের মধ্যে সচেতনতা গড়ে তোলা
- প্রাকৃতিক গাছপালা সংরক্ষণের জন্য স্থানীয় স্তরের যোগদান
- স্থানীয় জনগণের জীবনযাত্রার বৈচিত্র্য
- বনভূমির উপর পূর্ণ নির্ভরতা কমিয়ে বরং আয়ে উৎপাদনের ক্ষেত্র তৈরি করা

১৩.৬.৫ পাহাড়ী ঢাল রক্ষার জন্য পদক্ষেপসমূহ

ঢালের অনুপাতকে ব্যাহত না করে সমস্ত অবকাঠামোকে উন্নত করতে হবে। বিভিন্ন প্রকৌশল পদ্ধতি এবং স্থানীয় চর্চা রয়েছে। মাঠ পরিদর্শনের সময়, রাঙ্গামাটি শহরের স্থানীয় পাসপোর্ট অফিসের কাছে দুই ধাপের সুরক্ষা ব্যবস্থা (***স্থিরচিত্র ১৩-৯***) দেখতে পাওয়া যায়।

১৩.৬.৬ পাহাড়ী ঢল ও জলাবদ্ধতা প্রশমন

বর্ষার মৌসুমে, উচ্চ বৃষ্টিপাত এবং সম্মিলিত পানি বিদ্যুতের উচ্চ প্রবাহ জনগণের জীবিকা ঝুঁকিপূর্ণ করে তোলে; বিশেষ করে লেক/নদী সংলগ্ন এলাকায় বসবাসকারী জনগণের। নদী সংলগ্ন নিম্ন গাছপালাও উদ্বেগের বিষয়। কিছু স্থানের মৃত্তিকা বৈশিষ্ট্য অত্যন্ত নির্মম (***স্থিরচিত্র ১৩-৯***)। উচ্চ বৃষ্টিপাতের সময় উন্মুক্ত ভূপৃষ্ঠের মাটি নদী ও হ্রদসমূহে পরিবাহিত হয়।



স্থিরচিত্র ১৩-৯: ঢাল সুরক্ষা ব্যবস্থা

স্থিরচিত্র ১৩-১০ এ দেখা যাচ্ছে যে, যখন অত্যধিক মাত্রার বৃষ্টিপাত হয় তখন খোলা পৃষ্ঠের মাটি পরিবাহিত হয়ে নদী বা লেকে যায়। এই ক্ষয়প্রাপ্ত মাটি কণা আরও নদ-নদীতে সঞ্চিত

যার ফলে পানি সংবাহনের ধারণক্ষমতা কমে যাচ্ছে। এমতাবস্থায়, বৃষ্টির কারণে পাহাড়ি ঢলের বন্যা হয়। নদী তীরের সুরক্ষা ও সংশ্লিষ্ট ঝুঁকি কমাতে, বৃক্ষরোপণ সবচেয়ে সাশ্রয়ী পরিবেশ-বান্ধব সমাধান।




স্থিরচিত্র ১৩-১০: কাপ্তাই লেকের নিচু জায়গায় বনায়ন

১৩.৬.৭ যানবাহন ও যোগাযোগ

সড়ক দূর্ঘটনা ও সড়ক দূর্ঘটনাজনিত মৃত্যু বাংলাদেশের একটি সাধারন ঘটনা। এই পৌরসভায় রাস্তাগুলো হঠাৎ করে আঁকাবাঁকা এবং উঁচুনিচু। পর্যটক ও অন্যান্য যানবাহনের জন্য যথাযথ নির্দেশনা এবং সাইনবোর্ড, আকস্মিক মোড়গুলোতে আয়না স্থাপন সহায়ক হতে পারে। আরও সুপারিশ নিচে দেওয়া হলো-

- **জাতীয় ও লিংক রোডের প্রশস্তকরণ ও উন্নয়নঃ** অতিরিক্ত যানবাহন চাহিদা মেটাতে জাতীয় ও লিংক সড়কের প্রশস্তকরণ ও উন্নয়ন প্রয়োজন।
- **সেতু নির্মাণঃ** এটি দ্বীপগুলোকে সংযুক্ত করার জন্য প্রয়োজন।
- **রাস্তা ও সেতুর মাধ্যমে দ্বীপ সংযোগঃ** এর ফলে জনগণের গতিশীলতা বৃদ্ধি পাবে
- **বাস ও ট্রাক টার্মিনাল**
- **সিএনজি ফিলিং স্টেশন**
- **টেলিযোগাযোগ নেটওয়ার্কঃ** আধুনিক পৃথিবীতে টেলিযোগাযোগ ব্যবস্থা পর্যটন আকর্ষণের অন্যতম পূর্বশর্ত

১৩.৭ ভবিষ্যৎ উন্নয়ন সহযোগী ঝুঁকি প্রশমন পরিকল্পনা

রাঙ্গামাটি শহরকে ভৌতভাবে টেকসই করার জন্য এবং অর্থনৈতিকভাবে সচ্ছল করার জন্য এটি করার জন্য এটি পর্যটন শহর হিসাবে গড়ে তোলা যেতে পারে। এর জন্য যথাযথ ব্যবস্থাপনার প্রয়োজন হবে। পর্যটন পয়েন্টে আবর্জনা ফেলা এবং এর ব্যবস্থাপনা অন্যতম প্রধান সমস্যা। মাঠ পরিদর্শনের সময় স্থানীয় জনগন এবং কর্তৃপক্ষ কিছু প্রস্তাবনা দিয়েছেন যা পরবর্তী অংশে যা পরবর্তী অংশে তালিকাবদ্ধ করা হয়েছে। ***চিত্র ১৩-৫*** শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ইতোমধ্যে অনুশীলনকৃত এ ধরণের কর্মকান্ড দেখানো হয়েছে। পর্যটন স্থান ও পিকনিক স্পটের দোকানগুলোর কাছে এই ধরণের সুবিধা প্রদান করলে তা বিশাল পরিমাণে আবর্জনা সংগ্রহকারীর সংখ্যা কমাবে। উপরন্তু, এর ফলে পরিবেশ আরও দূষণ মুক্ত হবে।



চিত্র ১৩-৫: বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রস্তাবিত উপায়

ওয়াচ টাওয়ারঃ এটি যথাযথ নিরাপত্তা ব্যবস্থা এবং বিশ্রাম সুবিধাসহ পৌরসভার প্রবেশমুখে হওয়া উচিত।
চক্রাকার ক্যাবল কারঃ নিরাপত্তা সুবিধাসহ প্রবেশ ও প্রস্থানের জন্য প্রয়োজনীয় অবস্থান বজায় রাখা উচিত।
রিসোর্টঃ প্রয়োজনীয় নিরাপত্তা ও সুযোগ-সুবিধাসহ রিসোর্ট একটি সুবিধাজনক অবস্থানে হওয়া উচিত।
সাফারি পার্কঃ বিনোদন সুযোগ-সুবিধার অংশ হিসেবে মোট ৩০০ একর জমি নিয়ে একটি সাফারি পার্ক তৈরি করা যেতে পারে।
লেকের দু'পাড়ে হাঁটার রাস্তা, বিশ্রাম স্থান তৈরিঃ এর ফলে শহরের সৌন্দর্য বৃদ্ধি পাবে।
স্থান পরিদর্শনের জন্য বিভিন্ন বিনোদন সুযোগ-সুবিধাসহ বোট ক্লাব তৈরিঃ এই সুযোগ-সুবিধা প্রদানের ফলে পর্যটক আকর্ষণ বৃদ্ধি পাবে এবং এর সাথে সাথে পৌরসভার আয় বৃদ্ধি পাবে।
অ্যাকুরিয়াম ওয়ার্ল্ডঃ অ্যাকুরিয়াম পর্যটকদের আকর্ষণ করবে এবং তারা এখানে সময় অতিবাহিত করবে।
কনভেনশন ও কমিউনিটি সেন্টারঃ কর্পোরেট কোম্পানি তাদের বার্ষিক সম্মেলন ও বিনোদন সুযোগ-সুবিধার জন্য আকৃষ্ট হবে এবং একই সাথে পৌরসভার আয় বৃদ্ধি পাবে।

১৩.৭.১ খাওয়ার পানির সমাধান

রাঙ্গামাটি পৌরসভার ভূগর্ভস্থ পানির টেবিল প্রতিস্থাপনের ক্ষমতা অত্যন্ত উচ্চ। ভূগর্ভস্থ পানি প্রধান দূষণ থেকে প্রায় মুক্ত। কিছু নির্দিষ্ট গ্রামে পানির স্তর অত্যন্ত গভীর। সময়ের সাথে সাথে স্থানীয় জনগণ ভিত্তিক বিতরণ ব্যবস্থা গড়ে তোলা যেতে পারে। স্থানীয় লোকজনের জন্য পানি সরবরাহ সেবা নিশ্চিত করতে বৃষ্টির পানি সংগ্রহ ও ব্যবহারের পরিকল্পনা একটি টেকসই সমাধান হতে পারে।

১৩.৮ বাস্তবায়ন

বিভিন্ন বাস্তবায়ন সংস্থা; যেমন- পৌরসভা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, এনজিও ইত্যাদি সংস্থা ড্রেনেজ ও পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন ও পর্যবেক্ষণের জন্য দায়বদ্ধ থাকবে। অন্যদিকে, প্রকল্পগুলো মহাপরিকল্পনা অনুসারে বাস্তবায়িত হচ্ছে কিনা তা মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক, মাননীয় মেয়র তত্ত্বাবধান করবে।

চতুর্দশ অধ্যায় মৌলিক নাগরিক সুবিধা পরিকল্পনা

সূচিপত্র

১৪.১ ভূমিকা---------- ১৪-১
১৪.২ রাঙ্গামাটি পৌরসভায় শিক্ষা সুবিধাসমূহ---------- ১৪-১
১৪.২.১ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মান (Standard) ---------- ১৪-২
১৪.২.২ প্রক্ষেপিত শিক্ষা সুবিধাদি ---------- ১৪-৩
১৪.২.২.১ প্রি-প্রাইমারি স্কুল---------- ১৪-৩
১৪.২.২.২ প্রাইমারি স্কুল ---------- ১৪-৪
১৪.২.২.৩ হাই স্কুল ---------- ১৪-৫
১৪.২.২.৪ মাদ্রাসা---------- ১৪-৫
১৪.২.২.৫ কলেজ---------- ১৪-৬
১৪.২.২.৬ পলিটেকনিক ইন্সটিটিউট ---------- ১৪-৬
১৪.২.২.৭ সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় ---------- ১৪-৭
১৪.২.২.৮ লাইব্রেরী---------- ১৪-৭
১৪.২.৩ শিক্ষা সুবিধা বিষয়ক সুপারিশমালা ---------- ১৪-৭
১৪.৩ রাঙ্গামাটি পৌরসভায় স্বাস্থ্যসেবা ---------- ১৪-৮
১৪.৩.১ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান প্রদানের মানদন্ড (Standard) ---------- ১৪-৮
১৪.৩.২ প্রক্ষেপিত স্বাস্থ্যসেবা সুবিধা---------- ১৪-৯
১৪.৩.২.১ স্বাস্থ্যকেন্দ্র/ক্লিনিক---------- ১৪-৯
১৪.৩.২.২ হাসপাতাল---------- ১৪-৯
১৪.৩.৩ স্বাস্থ্য সুবিধা বিষয়ক সুপারিশমালা---------- ১৪-৯
১৪.৩.৪ স্বাস্থ্য সুবিধা বিষয়ক প্রস্তাবনাসমূহ---------- ১৪-১০
১৪.৪ রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান বিনোদন সুবিধাদি ---------- ১৪-১৩
১৪.৪.১ বিনোদন সুবিধা প্রদানের মানদন্ড (Standard)---------- ১৪-১৩
১৪.৪.২ প্রক্ষেপিত বিনোদন সুবিধাসমূহ---------- ১৪-১৪
১৪.৪.৩ বিনোদন সুবিধা বিষয়ক সুপারিশমালা---------- ১৪-১৫
১৪.৪.৪ বিনোদন সুবিধাদি বিষয়ক প্রস্তাবনাসমূহ---------- ১৪-১৫
১৪.৫ রাঙ্গামাটি পৌরসভায় কমিউনিটি সুবিধাদি ---------- ১৪-১৬
১৪.৫.১ কমিউনিটি সুবিধাদি প্রদানের মানদন্ড ---------- ১৪-১৬
১৪.৫.২ কমিউনিটি সুবিধাদির বর্তমান চিত্র এবং প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি বিশ্লেষণ---------- ১৪-১৬
১৪.৫.২.১ কবরস্থান ---------- ১৪-১৬
১৪.৫.২.২ শশ্মান---------- ১৪-১৬
১৪.৫.২.৩ কমিউনিটি সেন্টার ---------- ১৪-১৭
১৪.৫.২.৪ উপাসনালয় (মসজিদ, মন্দির এবং অন্যান্য)---------- ১৪-১৭
১৪.৫.২.৫ থানা/পুলিশ স্টেশন ---------- ১৪-১৮
১৪.৫.২.৬ পুলিশ ফাঁড়ি---------- ১৪-১৮
১৪.৫.২.৭ অগ্নিনির্বাপন সেবা ---------- ১৪-১৮
১৪.৫.২.৮ ডাকঘর/পোস্ট অফিস ---------- ১৪-১৮
১৪.৬ প্রস্তাবিত মৌলিক নাগরিক সুবিধাদির সারসংক্ষেপ ---------- ১৪-২২

চতুর্দশ অধ্যায়
মৌলিক নাগরিক সুবিধা পরিকল্পনা

১৪.১ ভূমিকা

চতুর্দশ অধ্যায়ে পৌরসভার জন্য পরামর্শকদের দ্বারা প্রস্তাবিত মৌলিক নাগরিক সুবিধাগুলোর বিবরণ দেয়া হয়েছে। একটি পৌরসভার নাগরিকদের সুষ্ঠু জীবনযাপনের জন্য মৌলিক নাগরিক সুবিধা অত্যাবশ্যক। তবে এই সুবিধাদি নাগরিকদের কাছে পৌছানো অনেকটাই নির্ভর করে এই কাজে পৌরসভা কতটুকু বিনিয়োগ করতে পারবে তার সক্ষমতার উপর। পৌরসভার সম্পদ স্বল্পতার মুখে পরামর্শকদের দ্বারা প্রস্তাবিত সকল সেবা সুবিধা প্রদান করা হবে পৌরসভার জন্য একটি চ্যালেঞ্জ। সরকারি সহায়তা ছাড়া এ সমস্ত প্রস্তাব বাস্তবায়ন করা পৌরসভার একার পক্ষে অনেক কঠিন কাজ হবে। এই অধ্যায়ে প্রস্তাবিত মৌলিক নাগরিক সুবিধাদির মধ্যে আছে শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন, ধর্মীয় এবং অন্যান্য কমিউনিটি সুবিধাদি।

১৪.২ রাঙ্গামাটি পৌরসভায় শিক্ষা সুবিধাসমূহ

রাঙ্গামাটি পৌরসভায় বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠান আছে। বর্তমানে এই প্রকল্প এলাকায় ১৩৫০৪ টি পরিবারের জন্য মোট ৯০টি শিক্ষা প্রতিষ্ঠান আছে। এই প্রতিষ্ঠানগুলো মোট ১৭১টি স্থাপনা জুড়ে আছে। ***সারণি ১৪-১*** এ বিস্তারিত দেখানো হয়েছে। ***মানচিত্র ১৪-১*** এ বিদ্যমান শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা উপস্থাপন করা হয়েছে।

সারণি ১৪-১: রাঙ্গামাটি পৌরসভায় বিদ্যমান শিক্ষা সেবাসমূহ

ওয়ার্ড	শ্রেণি										
	প্রাক-প্রাইমারি	প্রাইমারি	হাই স্কুল	মাদ্রাসা	কলেজ	মেডিকেল কলেজ	বিশ্ববিদ্যালয়	পলিটেকনিক ইন্সটিটিউট	লাইব্রেরী	অন্যান্য	মোট
১	২	২	-	৩	-	-	-	-	-	-	৭
২	-	২	-	২	১	-	-	-	-	১	৬
৩	-	৩	৩	-	-	-	-	-	-	-	৬
৪	-	৫	২	-	২	-	-	-	-	১	১০
৫	১	৬	২	১	-	-		-	১	১	১২
৬	-	৪	২	১	-	-	১	-	-	৪	১২
৭	-	২	২	-	-	-	-	১	১	১	৭
৮	১	৫	২	-	-	-	-	-	-	৫	১৩
৯	১	৮	১	১	১	১	-	-	-	৪	১৭
মোট	৫	৩৭	১৪	৮	৪	১	১	১	২	১৭	৯০

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬



রাঙ্গামাটি সরকারি কলেজ



রাঙ্গামাটি মেডিকেল কলেজ

স্থিরচিত্র ১৪-১ : রাঙ্গামাটি পৌরসভার কিছু শিক্ষা প্রতিষ্ঠান

১৪.২.১ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মান (Standard)

রাঙ্গামাটি শহরের প্রশাসনিক, শিক্ষা এবং স্বাস্থ্যসেবা গুরুত্ব বিবেচনা করে পরামর্শক এখানে সুনির্দ্দিষ্ট মান বিবেচনা করে শিক্ষা প্রতিষ্ঠান প্রদানের চেষ্টা করেছে যা নিচের ***সারণি ১৪-২*** এ দেয়া হলো।

সারণি ১৪-২: রাঙ্গামাটি পৌরসভায় শিক্ষা প্রতিষ্ঠানের মানদণ্ড

প্রতিষ্ঠান	বাড়ি থেকে প্রতিষ্ঠানর দূরত্ব (কি. মি.)		প্রতিষ্ঠানের আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেয়		মন্তব্য
	কাঙ্ক্ষিত	সর্বোচ্চ	সর্বনিম্ন	কাঙ্ক্ষিত	সর্বনিম্ন	কাঙ্ক্ষিত	
নার্সারি স্কুল	০.২৫	০.৫	০.২	-	২০০০	৫০০০	• প্লে-গ্রুপ থেকে কেজি
প্রাইমারি স্কুল	০.২৫	০.৫	০.৩৩	১.৫	১৫০০	৫০০০	• বেবি থেকে ক্লাস সিক্স (স্ট্যান্ডার্ড V)
হাই স্কুল (দশম)/ মাদ্রাসা (দাখিল)	১.০	১.৫	১.৫	২.৫	৫০০০	১০০০০	• স্ট্যান্ডার্ড VI থেকে– স্ট্যাডার্ড X • দাখিল মাদ্রাসা
হাই স্কুল (দ্বাদশ)/ মাদ্রাসা (কামিল)	১.০	১.৫	২.০	৩.০	৫০০০	১৫০০০	• স্ট্যান্ডার্ড VI থেকে– স্ট্যান্ডার্ড XII • কামিল মাদ্রাসা
পলিটেকনিক/ ভোকেশনাল ইন্সটিটিউট	২.০	৩.০	২.০	৩.০	১৫০০০	২৫০০০	
কলেজ	২.০	৩.০	৩.০	৪.০	১৫০০০	২৫০০০	• স্ট্যান্ডার্ড XI থেকে স্ট্যান্ডার্ড XII
বিশ্ববিদ্যালয় কলেজ	-	-	১০.০	১৫.০	-	১০০০০০	• স্ট্যান্ডার্ড XI থেকে • অনার্স/মাস্টার্স
সরকারি বিশ্ববিদ্যালয়	-	-	২০.০	৫০.০	-	১০০০০০	• অনার্স থেকে মাস্টার্স এবং • পিএইচডি পর্যন্ত গবেষণা
বেসরকারি বিশ্ববিদ্যালয়	-	-	২.০০	৫.০০	-	-	
লাইব্রেরী	১.০	১.৫	০.২	০.৫	-	-	• কি পরিমাণ জনসংখ্যাকে সেবা প্রদান করবে তা নির্ভর করবে কাঠামোর সামর্থ্য এবং বইয়ের সংগ্রহের উপর

১৪.২.২ প্রক্ষেপিত শিক্ষা সুবিধাদি

১৪.২.২.১ প্রি-প্রাইমারি স্কুল

এখানে প্রি-প্রাইমারি স্কুল বলতে প্লে-গ্রুপ থেকে কেজি পর্যন্ত বোঝানো হয়েছে। প্রতি ৫০০০ জনসংখ্যার জন্য একটি প্রি-প্রাইমারি স্কুল মানদণ্ড হিসাবে ধরা হয়েছে। ওয়ার্ড ভিত্তিক প্রি-প্রাইমারি স্কুল এর চাহিদা ***সারণি ১৪-৩*** এ দেখানো হয়েছে।

সারণি ১৪-৩: প্রি-প্রাইমারি স্কুলের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	প্রি-প্রাইমারি স্কুলের বৎসর ভিত্তিক ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
প্রি-প্রাইমারি স্কুল	০১	২	২	০	৩	১	৩	১	৩	১
	০২	০	৩	৩	৩	৩	৩	৩	৩	৩
	০৩	০	২	২	২	২	২	২	২	২
	০৪	০	২	২	৩	৩	৩	৩	৩	৩
	০৫	১	২	১	২	১	২	১	২	১
	০৬	০	৩	৩	৩	৩	৩	৩	৩	৩
	০৭	০	৩	৩	৩	৩	৪	৪	৪	৪
	০৮	১	৪	৩	৪	৩	৫	৪	৬	৫
	০৯	১	৩	২	৩	২	৪	৩	৪	৩
	মোট	৫	২৪	১৯	২৬	২১	২৯	২৪	৩০	২৫

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

চাহিদা ও সরবরাহের বিশ্লেষণ

ওয়ার্ড নং-১

বর্তমানে এই ওয়ার্ডে দুটি প্রি-প্রাইমারি স্কুল আছে। বাৎসরিক চাহিদা হিসাব থেকে দেখা যায় যে, ২০৩৭ সাল পর্যন্ত এই ওয়ার্ডে মাত্র একটি প্রি-প্রাইমারি স্কুলের ঘাটতি হবে।

ওয়ার্ড নং-২, ৩ ও ৪

বর্তমানে এই ওয়ার্ডগুলোতে কোনো প্রি- প্রাইমারি স্কুল নেই। এই ওয়ার্ডের বেশিরভাগ বাসিন্দা পার্শ্ববর্তী ওয়ার্ডের প্রি-প্রাইমারি স্কুলের উপর নির্ভর করে। কিন্তু বাৎসরিক চাহিদা হিসাব থেকে দেখা যায় যে, ২০৩৭ সাল পর্যন্ত এই ওয়ার্ডগুলোতে ধীরে ধীরে যথাক্রমে ৩টি, ২টি এবং ৩টি প্রি-প্রাইমারি স্কুলের ঘাটতি দেখা দিবে।

ওয়ার্ড নং- ৫

এই ওয়ার্ডের সীমানার মধ্যে বর্তমানে একটি প্রি-প্রাইমারি স্কুল আছে। ওয়ার্ড নং- ৫ এর বাৎসরিক চাহিদা বিশ্লেষণ থেকে দেখা যায় যে, ২০৩৭ সাল পর্যন্ত এখানে আরও একটি প্রি-প্রাইমারি স্কুলের প্রয়োজনীয়তা দেখা দিবে।

ওয়ার্ড নং- ৬ ও ৭

এই ওয়ার্ড দুটিতে বর্তমানে কোনো প্রি-প্রাইমারি স্কুল নেই। বাৎসরিক চাহিদা হিসাব থেকে দেখা যায় যে, এই ওয়ার্ড দুটি ২০৩৭ সাল পর্যন্ত ধীরে ধীরে যথাক্রমে ৩টি ও ৪টি প্রি-প্রাইমারি স্কুলের প্রয়োজনীয়তা অনুভব করবে।

ওয়ার্ড নং- ৮ ও ৯

এই দুটি ওয়ার্ডের প্রত্যেকটি ওয়ার্ডে মাত্র একটি করে প্রি-প্রাইমারি স্কুল আছে। এই ওয়ার্ড দুটি ২০৩৭ সাল পর্যন্ত ধীরে ধীরে যথাক্রমে ৫টি ও ৩টি প্রি-প্রাইমারি স্কুলের ঘাটতি দেখা দিবে।

১৪.২.২.২ প্রাইমারি স্কুল

রাঙ্গামাটি পৌরসভায় বর্তমানে ৩৭টি প্রাইমারি স্কুল আছে যেগুলো বেবি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষা দেয়। প্ল্যানিং মানদণ্ড অনুযায়ী, পৌরসভার প্রতি ৫০০০ জনের জন্য একটি করে প্রাইমারি স্কুল থাকা প্রয়োজন। ***সারণি ১৪-৪*** এ ওয়ার্ড অনুসারে ২০৩৭ পর্যন্ত প্রাইমারি স্কুলের চাহিদা দেখানো হলো

সারণি ১৪-৪: প্রাইমারি স্কুলের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	প্রি-প্রাইমারি স্কুলের বৎসর অনুসারে ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		ঘাটতি	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
প্রাইমারি স্কুল	১	২	২	০	৩	১	৩	১	৩	১
	২	২	৩	১	৩	১	৩	১	৪	২
	৩	৩	২	-১	২	-১	২	-১	৩	০
	৪	৫	২	-৩	৩	-২	৩	-২	৩	-২
	৫	৬	২	-৪	২	-৪	২	-৪	২	-৪
	৬	৪	৩	-১	৩	-১	৩	-১	৪	০
	৭	২	৩	১	৩	১	৪	২	৪	২
	৮	৫	৪	-১	৪	-১	৫	০	৬	১
	৯	৮	৩	-৫	৩	-৫	৪	-৪	৪	-৪
	মোট	৩৭	২৪	-১৩	২৬	-১১	২৯	-৮	৩৩	-৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

**সারণি ১৪-২ অনুসারে, কাঙ্ক্ষিত মান (প্রতি ৫,০০০ জনে ১ টি প্রাইমারি স্কুল) অনুসারে ২০৩৭ সালে ন্যূনতম ৩৩টি প্রাইমারি স্কুল প্রয়োজন কিন্তু সর্বনিম্ন মান (প্রতি ১৫০০ জনে ১ টি প্রাইমারি স্কুল) বিবেচনায় এই পৌরসভায় ১০১টি পর্যন্ত প্রাইমারি স্কুল হতে পারে। সুতরাং, যদিও এই পৌরসভা প্রাইমারি স্কুল সর্বনিম্ন চাহিদা পূরণ করে কিন্তু এখনো এই সুবিধাটি আরো উন্নত করার সুযোগ রয়েছে।*

চাহিদা ও সরবরাহের বিশ্লেষণ

ওয়ার্ড নং-১ ও ৭

এই ওয়ার্ড দুটির প্রত্যেকটির সীমানায় ২টি করে প্রাইমারি স্কুল আছে। ২০৩৭ সাল পর্যন্ত প্রত্যেকটি ওয়ার্ডে ৩টি করে প্রাইমারি স্কুলের ঘাটতি হবে।

ওয়ার্ড নং-২

বর্তমানে এই ওয়ার্ডে মাত্র দুটি প্রাইমারি স্কুল আছে। কিন্তু, ২০৩৭ সাল পর্যন্ত চাহিদা মেটাতে এই ওয়ার্ডের বাসিন্দারা আরো একটি প্রাইমারি স্কুলের প্রয়োজন অনুভব করবে।

ওয়ার্ড নং-৩, ৪, ৫, ৮ ও ৯

এই ওয়ার্ডের জন্য বাৎসরিক চাহিদা হিসাব থেকে দেখা যায় যে, এখানে বিদ্যমান প্রাইমারি স্কুলগুলো ২০৩৭ সাল পর্যন্ত এই ওয়ার্ডের বাসিন্দাদের প্রাইমারি স্কুলের চাহিদা মেটাতে সক্ষম।


ওয়ার্ড নং-৬

ওয়ার্ড নং- ৬ এ বর্তমানে ৪টি প্রাইমারি স্কুল আছে এবং ২০৩৭ সাল পর্যন্ত এই ওয়ার্ডে আরো একটি প্রাইমারি স্কুল দরকার হবে।

১৪.২.২.৩ হাই স্কুল

রাঙ্গামাটি পৌরসভায় বর্তমানে বিভিন্ন ওয়ার্ডে সর্বমোট ১৪টি হাই স্কুল আছে যেখানে ষষ্ঠ শ্রেণি থেকে এস এস সি পর্যন্ত পড়ানো হয়। তবে এর মধ্যে দুটি হাই স্কুল আছে যেগুলোতে কলেজ শাখাও আছে। পরিকল্পনার মানদণ্ড অনুযায়ী, এই পৌরসভায় প্রতি ১০ হাজার জনের জন্য একটি হাই স্কুল প্রয়োজন। ২০৩৭ সাল পর্যন্ত হাই স্কুলের চাহিদা ***চিত্রলেখ ১৪-১*** এ দেয়া হলো।

চিত্রলেখ ১৪-১: হাই স্কুলের প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

**দ্রষ্টব্যঃ এই সুবিধাটির হিসাব পুরো এলাকা জুড়ে করা হয়েছে।*

বিশ্লেষণ থেকে দেখা যায় যে ২০৩২ সাল পর্যন্ত এই পৌরসভায় নতুন কোন হাই স্কুলের প্রয়োজন নেই। তবে ২০৩৭ সালে আরও একটি হাই স্কুল পৌরসভার উপযুক্ত স্থানে স্থাপন করতে হবে।

১৪.২.২.৪ মাদ্রাসা

পৌরসভায় বর্তমানে ৮টি মাদ্রাসা আছে। শুধু ওয়ার্ড নং-৩, ৪, ৭ ও ৮ ব্যতীত সব ওয়ার্ডেই কম বেশি একটি করে মাদ্রাসা আছে। মানদণ্ড অনুযায়ী, প্রতি ১০০০০ জনগণের জন্য একটি করে মাদ্রাসা থাকা প্রয়োজন। এতে দেখা যায় যে, ২০৩৭ সাল নাগাদ পৌরসভায় মোট ৭টি মাদ্রাসার ঘাটতি হবে। ***সারণি ১৪-৫*** এ ২০৩৭ নাগাদ ওয়ার্ড অনুসারে মাদ্রাসার চাহিদা ও বিদ্যমান ঘাটতি দেখানো হলো।

সারণি ১৪-৫: মাদ্রাসার প্রক্ষেপিত চাহিদা ও ঘাটতি


প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর অনুযায়ী ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
মাদ্রাসা	১	৩	১	-২	১	-২	১	-২	১	-২
	২	২	১	-১	১	-১	১	-১	২	০
	৩	০	১	১	১	১	১	১	১	১
	৪	০	১	১	১	১	১	১	২	২
	৫	১	১	০	১	০	১	০	১	০
	৬	১	১	০	১	০	১	০	২	১
	৭	০	১	১	২	২	২	২	২	২
	৮	০	২	২	২	২	২	২	৩	৩
	৯	১	১	০	২	১	২	১	২	১
	মোট	৮	১১	৩	১২	৪	১৩	৫	১৫	৭

- *নিষ্কাশন, পরিবেশ ও দূর্যোগ সংক্রান্ত জরিপ (Drainage, Environmental & Disaster Survey);*
- *আর্থিক বিনিয়োগ ও প্রকল্প শনাক্তকরণ জরিপ (Financial Investment & Scheme Identification Survey);*


১০. পরিকল্পনার সুফল (Benefits of the Master Plan)

- *যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হবে, ফলে স্থানীয় ও আন্তঃনগর যোগাযোগ ও যাতায়াতের সুযোগ বৃদ্ধি পাবে এবং আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে;*
- *অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা প্রসারের ফলে শিল্প, বাণিজ্য ও অন্যান্য অর্থনৈতিক কর্মকান্ড বাড়বে এবং কর্মসংস্থান বৃদ্ধি পাবে;*
- *ভূমি ব্যবহার, ইমারত নির্মাণ ও অন্যান্য স্থাপনা পরিকল্পনা অনুযায়ী হলে সুসংগঠিত ও সুবিন্যস্ত নগর পরিবেশ গড়ে উঠবে;*
- *বিভিন্ন ধরনের নাগরিক সুবিধা প্রসার এবং অবকাঠামো তৈরির ফলে নগর জীবন সুন্দর ও স্বাচ্ছন্দ্যময় হবে;*
- *আগামী প্রজন্মের জন্য সুস্থ্য, সুন্দর ও সমৃদ্ধ বাসযোগ্য পরিবেশ সৃষ্টি হবে।উন্নয়নের পথে বাধাদানকারী ভূমিকম্প, বন্যা, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, তাপদাহ, সামাজিক অস্থিরতা, অর্থনৈতিক মন্দা, পানি সরবরাহ সংকট, সাশ্রয়ী মূল্যের আবাসন সংকট, বেকারত্বের উচ্চহার, গৃহহীনতা, দারিদ্র্যতা সহ সকল ধরণের বাধা অপসারণের মাধ্যমে নগর সক্ষমতা (Urban Resilience) নিশ্চিত হবে।*

----------সমাপ্ত----------

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (ইউজিপ-III) এর আওতায়

রাঙামাটি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়ন



পরামর্শক প্রতিষ্ঠান

শেলটেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিঃ
শেলটেক্ টাওয়ার,
৫৫ বীর উত্তম কাজী নুরুজ্জামান রোড (পশ্চিম পান্থপথ), ঢাকা-১২০৫,
ফোন-৮১২৪৬২৭, ৯১২৮০৬৩,ফ্যাক্স-৯১৪৩৩৩২.

১. রাঙামাটি পৌরসভার মহাপরিকল্পনা (Master Plan of Rangamati Pourashava)

বর্তমান বিশ্বে নগর আধুনিক সভ্যতা ও অর্থনৈতিক উন্নয়নের প্রাণ কেন্দ্র হলেও অপ্রতিহত নগর জনসংখ্যা বৃদ্ধির ফলে নাগরিক জীবন আজ দুর্বিসহ। পল্লী অঞ্চলে বেকারত্ব ও দারিদ্রের চাপে এবং নগরাঞ্চলের বহুমুখী সুযোগ সুবিধার আকর্ষণে অবিরত গ্রাম-নগর অভিগমনের ফলে ক্রমান্বয়ে বেড়ে চলেছে নগরের পরিধি, বিনষ্ট হচ্ছে সামাজিক ও ভৌত পরিবেশ, বেড়ে চলেছে পরিবহন ও আবাসিক সংকট এবং প্রতিনিয়তই বৃদ্ধি পাচ্ছে অত্যাবশ্যকীয় নাগরিক সুবিধা সংকট। পরিকল্পিত নগরায়নের মহান ব্রত নিয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এল.জি.ই.ডি) অধীনে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (ইউজিপ-III)- এর আওতায় ১৬টি পৌরসভাকে ৩টি প্যাকেজে ভাগ করে আধুনিক ও যুগপোযোগী মহাপরিকল্পনা প্রণয়নের কাজ হাতে নিয়েছে যার ১ নং প্যাকেজের পরামর্শক হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়েছে শেল্‌টেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিঃ। প্যাকেজ-১ এ বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, লক্ষীপুর, হবিগঞ্জ ও মৌলভীবাজার- এই ৬টি পৌরসভাকে পরিকল্পিত ও সুবিন্যস্তভাবে গড়ে তোলার লক্ষ্যকে সামনে রেখেই এই মহাপরিকল্পনা প্রণীত হচ্ছে যার মূল উদ্দেশ্য হলো যাবতীয় নাগরিক সুবিধার প্রতিফলন ঘটিয়ে কার্যকর, বাসযোগ্য এবং স্বাস্থ্যসম্মত এমন একটি ভবিষ্যত নগরীর ভিত্তি তৈরী করা যাতে প্রতিফলিত হবে আর্থ-সামাজিক উন্নয়ন ও সমৃদ্ধির অঙ্গীকার।

২. রাঙামাটি পৌরসভার রূপকল্প (Rangamati Pourashava Vision)

রাঙামাটি পৌরসভা, এই শহরকে ২০৩৭ সালের মধ্যে সকল নাগরিক সুবিধা নিশ্চিত করে পরিবেশবান্ধব এবং পরিকল্পিত অবকাঠামো নির্মাণ করে, মাদক ও সন্ত্রাসমুক্ত রেখে আধুনিক পর্যটন শহর হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ।

৩. রাঙামাটি পৌরসভার মহাপরিকল্পনার উদ্দেশ্য (Master Plan Objectives)


উপরোক্ত রূপকল্প অর্জনের জন্য মহাপরিকল্পনার নিম্নোক্ত উদ্দেশ্য সমূহ নির্ধারণ করা হয়েছে

- *আধুনিক পরিকল্পিত শহর গড়ে তোলা।*
- *উন্নত যোগাযোগ, ড্রেনেজ এবং বিনোদন ব্যবস্থা নিশ্চিত করা।*
- *উন্নয়নমূলক কাজে জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা।*
- *পৌরসভার সার্বিক কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।*

৪. মহাপরিকল্পনার ধাপসমূহ (Stages of Master Plan)

৪ (ক). কাঠামো পরিকল্পনা (Structure Plan)

কাঠামো পরিকল্পনা মূলত: একটি নীতি নির্ধারণী পরিকল্পনা যা পরবর্তী পরিকল্পনার ভিত্তি ও নির্দেশক হিসাবে কাজ করবে। এই পরিকল্পনায় বিদ্যমান বিষয়াবলীর পর্যালোচনাসহ উন্নয়ন নীতি সন্নিবেশিত আছে। কাঠামো পরিকল্পনার মেয়াদকাল ২০ বছর।



৪ (খ). মধ্যম (১০ বছর) মেয়াদী পরিকল্পনা

এই স্তরের পরিকল্পনাগুলি রাঙামাটি পৌরসভার উন্নয়ন নির্দেশক; যা বিভিন্ন নির্মাণ ও উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র প্রদানের ভিত্তি হিসাবে কাজ করবে।

দশ (১০) বছর মেয়াদী এই পরিকল্পনাগুলো হচ্ছে:

১. ভূমি ব্যবহার পরিকল্পনা (Landuse Plan)
২. সড়ক ও যোগাযোগ ব্যবস্থা (Traffic & Transportation Management Plan)
৩. নিষ্কাশন ও পরিসেবা (Drainage & Utility Services Plan)
৪. পরিবেশ ও দূর্যোগ ব্যবস্থাপনা (Environmental & Disaster Management Plan)
৫. নাগরিক সেবা পরিকল্পনা (Urban Services Plan)


৪ (গ). স্বল্প (৫ বছর) মেয়াদী পরিকল্পনা

এই মহাপরিকল্পনার সর্ব শেষ স্তর হচ্ছে ইস্যু ভিত্তিক ৫ বছর মেয়াদী পরিকল্পনা (Action Plan) ও আর্থিক বিনিয়োগ পরিকল্পনা (Financial Investment Plan)। ভূমি ব্যবহার পরিকল্পনা, সড়ক ও যোগাযোগ ব্যবস্থা, নিষ্কাশন ও নাগরিক পরিসেবা, পরিবেশ ও দূর্যোগ ব্যবস্থাপনা ও নাগরিক সেবা পরিকল্পনা অনুযায়ী রাস্তা, আবাসিক, শিল্প এলাকা, পার্ক, খেলার মাঠ, বাজার ও অন্যান্য সুযোগ সুবিধাদি বিস্তারিতভাবে এই পরিকল্পনায় বর্ণিত থাকবে। স্থানীয় জনসাধারণের ব্যাপক অংশ গ্রহণের ভিত্তিতে পরিকল্পনাদ্বয় প্রণয়ন করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী এই স্তরে ৫টি উন্নয়ন পরিকল্পনা তৈরী হবে। পরিকল্পনাগুলি মৌজা ম্যাপে উপস্থাপন করা হবে।

৫. নগর সক্ষমতা (Urban Resilience)

নগর সক্ষমতা নির্ভর করে জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগ, অর্থনৈতিক ও সামাজিক সমস্যা মোকাবেলায় টেকসই ব্যবস্থা গ্রহণ ও এর কার্যকর প্রয়োগের উপর। বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ ও জনবহুল দেশ। বন্যা, খরা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, ভূমিকম্প, ভূমি ধ্বস, রোগবালাই, বিশুদ্ধ পানির দুষ্প্রাপ্যতা, অপরিকল্পিত নগরায়ন, জলবায়ু পরিবর্তন জনিত নিত্যনতুন সমস্যা মোকাবেলা করতে হয় এদেশের মানুষকে। দেশের প্রায় এক তৃতীয়াংশ লোক শহরে বসবাস করছে। পরিকল্পনার সুফল নির্ভর করছে উদ্ভূত সমস্যা মোকাবেলা করে ভালোভাবে টিকে থাকার উপর। চলমান মহাপরিকল্পনা প্রণয়ন কার্যক্রমে এই বিষয়ের উপর বিশেষভাবে গুরুত্ব দেয়া হয়েছে, যাতে জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার মাধ্যমে নগর সক্ষমতা (Urban Resilience) নিশ্চিত করা সম্ভব হয়।

৬. মহাপরিকল্পনা প্রণয়ন কাজের পরিধি ও পদ্ধতি



পরিকল্পনা প্রণয়নের জন্য তিনটি বিষয়ে অবহিত হওয়া আবশ্যক যথা- ১) শহর পরিকল্পনার মূল উদ্দেশ্য সম্পর্কে ধারণা লাভ, ২) শহরের সমস্যা সমূহ চিহ্নিত করা এবং ৩) শহরের বিরাজমান সম্ভাবনা সমূহ উপলব্ধি করা। এ লক্ষ্যে পরামর্শকগণ শহরটি সরেজমিনে বিভিন্ন প্রকার জরিপ ও নিরীক্ষার মাধ্যমে উপরোক্ত তিনটি বিষয়ে অবহিত হয়েছেন এবং তদনুযায়ী পরিকল্পনা প্রণয়ন করেছেন।

৭. আধুনিক প্রযুক্তির ব্যবহার (Use of Modern Technology)

আধুনিক প্রযুক্তি ব্যবহার করে একটি যুগোপযোগী মহাপরিকল্পনা প্রণয়ন করা এই প্রকল্পের একটি উদ্দেশ্য। তাই RTK-GPS এবং Total Station/ Optical Level Machine ব্যবহার করা হয়েছে। Ground Control Point (GCP), Temporary Control Point (TCP) নির্ধারণের মাধ্যমে সার্ভে পরিচালনা করা হয়েছে।

পরিশিষ্ট ৬:
চতুর্থ মতবিনিময় সভার উপস্থাপন

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
তৃতীয় নগর পরিচলন ও অবকাঠামো উন্নতিকরণ (সেস্টর) প্রকল্প (ইউজিপ-III)

রাঙ্গামাটি পৌরসভার মহাপরিকল্পনা (মাস্টার প্ল্যান)
প্রণয়ন কার্যক্রমের আওতায়

চতুর্থ (৪র্থ) মতবিনিময় সভায় স্বাগতম

(চূড়ান্ত মহাপরিকল্পনা উপস্থাপন)

উপস্থাপনায়ঃ
শেলটেক্ কনসালটেন্টস্ (প্রাঃ) লিঃ


২৬ সেপ্টেম্বর, ২০১৮

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

মহাপরিকল্পনা আওতাধীন বিষয়সমূহ


- রাঙ্গামাটি পৌরসভার ভিশন ও সাধারণ তথ্যাবলী
- পরিকল্পনার বিভিন্ন ধাপ ও স্তরসমূহ
- ২০ বছর মেয়াদি পরিকল্পনা (কাঠামো পরিকল্পনা)
- ১০ বছর মেয়াদি পরিকল্পনা (ভূমি ব্যবহার, সড়ক ও যোগাযোগ, নিষ্কাশন ও পরিসেবা, পরিবেশ ও দূর্যোগ ব্যবস্থাপনা, নাগরিক সেবা ইত্যাদি)
- ৫ বছর মেয়াদি পরিকল্পনা (আর্থিক বিনিয়োগ ও কর্ম পরিকল্পনা)
- এক নজরে প্রস্তাবনাসমূহ

মহাপরিকল্পনা (মাস্টার প্ল্যান) প্রণয়নের ধাপসমূহ




রূপকল্প (Vision)

রাঙ্গামাটি পৌরসভা এই শহরকে ২০৩৭ সালের মধ্যে সকল নাগরিক সুবিধা নিশ্চিত করে পরিবেশবান্ধব এবং পরিকল্পিত অবকাঠামো নির্মাণ করে, মাদক ও সন্ত্রাসমুক্ত রেখে আধুনিক পর্যটন শহর হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ।



একনজরে রাঙ্গামাটি পৌরসভা

মোট আয়তন		৬৪.৭৫ বর্গ কি.মি. (BBS); ৫৪.১৭ বর্গ কি.মি. (GIS Data)
জনসংখ্যা	মোট	৮৪০০০ জন (বিবিএস,২০১১), ৯৬১১০ জন (২০১৭)
	ঘনত্ব	(৬ জন প্রতি একরে, ২০১৭)
ওয়ার্ড সংখ্যা		০৯টি (আয়তনে বড় ওয়ার্ড নং ৫ এবং ছোট ওয়ার্ড নং ২)
ভবনের সংখ্যা	কাঁচা	১৩৪৪১
	পাকা	৩০৭২
	সেমি-পাকা	৫৮২১
	মোট	২২৩৩৪
সড়ক পথের দৈর্ঘ্য (কি.মি.)	প্রাইমারী রোড	৯.২৮ কি.মি.
	সেকেন্ডারী রোড	১৭.৩৭ কি.মি.
	কালেক্টর রোড	১১.৩১ কি.মি.
	অ্যাকসেসে রোড	১৩৭.১৭ কি.মি.
	মোট	১৭৫.১৩ কি.মি.
নর্দমার দৈর্ঘ্য (কি.মি.)	সেকেন্ডারী	১০.০২ কি.মি.
	টারশিয়ারী	২৭.৯৪ কি.মি.
	মোট	৩৭.৯৫ কি.মি.



রাঙ্গামাটি পৌরসভার জনসংখ্যা অভিক্ষেপ

ওয়ার্ড নং	২০১১	বৃদ্ধি হার	২০১৭	বর্তমান ঘনত্ব (প্রতি একরে)	২০৩৭	প্রক্ষেপিত ঘনত্ব (প্রতি একরে)
ওয়ার্ড নং-১	৮২২২	২.২৭%	৯৪০৭	১০	১৪৭৩৮	১৬
ওয়ার্ড নং-২	৯২৫৮		১০৫৯৩	৪১	১৬৫৯৫	৬৪
ওয়ার্ড নং-৩	৬৩৫৭		৭২৭৩	১৫	১১৩৯৫	২৩
ওয়ার্ড নং-৪	৮৪২০		৯৬৩৪	১০	১৫০৯৩	১৬
ওয়ার্ড নং-৫	৬০৩৬		৬৯০৬	১	১০৮১৯	২
ওয়ার্ড নং-৬	৯১৮৬		১০৫১০	৭	১৬৪৬৬	১০
ওয়ার্ড নং-৭	১০৬৭৫		১২২১৪	২৫	১৯১৩৫	৪০
ওয়ার্ড নং-৮	১৪৯৮৮		১৭১৪৯	২৪	২৬৮৬৬	৩৮
ওয়ার্ড নং-৯	১০৮৫৮		১২৪২৩	৪	১৯৪৬৩	৬
মোট	৮৪০০০		৯৬১১০	৭	১৫০৫৬৮	১১

ক্রমিক নং	পার্বত্য শহর	প্রতি বর্গ কি.মি. এ ঘনত্ব		প্রতি একরে এ ঘনত্ব	
		২০১১	২০০১	২০১১	২০০১
১	খাগড়াছড়ি	৩৬২৬	২৯৮১	১৫	১২
২	রাঙ্গামাটি	১২৯৭	২১০	৫	১
৩	বান্দরবান	২০০১ থেকে ২০১১ সাল পর্যন্ত পার্বত্য অঞ্চলের জনঘনত্বের পরিবর্তন			

তথ্যসূত্রঃ বিবিএস, ২০০১ ও ২০১১

পরিকল্পনার বিভিন্ন স্তর ও ধাপসমূহ

২০ বছর মেয়াদি পরিকল্পনা	ক) কাঠামো পরিকল্পনা (Structure Plan)
১০ বছর মেয়াদি পরিকল্পনা	খ) ভূমি ব্যবহার পরিকল্পনা (Landuse Plan) গ) সড়ক ও যোগাযোগ ব্যবস্থা পরিকল্পনা (Traffic & Transportation Management Plan) ঘ) নিষ্কাশন ও পরিসেবা পরিকল্পনা (Drainage & Utility Services Plan) ঙ) পরিবেশ ও দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental & Disaster Management Plan) চ) নাগরিক সেবা পরিকল্পনা (Urban Services Plan)
৫ বছর মেয়াদি পরিকল্পনা	ছ) আর্থিক বিনিয়োগ পরিকল্পনা (Financial Investment Plan) জ) কর্ম পরিকল্পনা (Action Plan)

২০ বছর মেয়াদি পরিকল্পনা
কাঠামো পরিকল্পনা (Structure Plan)

কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান)

স্ট্রাকচার প্ল্যান একটি নীতি নির্ধারণি পরিকল্পনা। প্রস্তাবিত নীতিমালার উপর ভিত্তি করে পরবর্তী পরিকল্পনা স্তরে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়।

যে সমস্ত প্রধান প্রধান বিষয়ের উপর নীতিমালা প্রণীত হয়েছে:

- বিদ্যমান নগর ভুমির সর্বোত্তম ব্যবহার
- পাহাড় কর্তন প্রতিরোধ, সবুজায়ন ও কৃষি ভূমি সংরক্ষণ
- জলাশয় ও নিম্নাঞ্চল সংরক্ষণ
- ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন
- যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
- বিনোদন, উন্মুক্ত এলাকার প্রসার
- দুর্যোগ প্রতিরোধ
- পর্যটন শিল্প বিকাশ
- ক্ষুদ্র ও মাঝারী শিল্পের বিকাশ

রাঙ্গামাটি পৌরসভার কাঠামো পরিকল্পনার প্রস্তাবনা

ভবন নির্মাণ সংক্রান্ত সুপারিশমালাঃ

- পৌরসভার যে কোন স্থানে ভবন নির্মাণের জন্য নক্সা অনুমোদনকালে ভবনের উচ্চতা ভূমি থেকে বিবেচনা করতে হবে। পৌরসভা এলাকায় সর্বোচ্চ ছয় তলা (Six Storied) পর্যন্ত ভবন নির্মাণের অনুমোদন দেয়া যাবে। অনুমোদিত Set Back বিধি অনুসারে ভবন নির্মাণ করতে হবে।
- কাপ্তাই লেকমুখি পাহাড়ের পাদদেশে ভবন নির্মাণকালে লেকের View (লেকের দৃশ্য) বন্ধ করা যাবেনা এ জন্য লেক সাইড এ ভবনের উচ্চতা সর্বোচ্চ রাস্তার সমতল পর্যন্ত করা যাবে।
- ভবনের নক্সা অনুমোদনের জন্য জমির মালিকানা সংক্রান্ত বৈধ কাগজপত্র দিতে হবে।
- ভবনের সংযোগ সড়ক সর্বনিম্ন ২মি. পর্যন্ত করা হয়েছে। ২মি. সংযোগ সড়কের পাশে সর্বোচ্চ ২ তলা পর্যন্ত ভবন নির্মাণ করা যাবে।
- কোন ভবনের পয়ঃ বা বর্জ্য নিষ্কাশনের সংযোগ লেকে দেয়া যাবে না। প্রতিটি ভবনের জন্য অবশ্যই সেপটিক ট্যাঙ্ক ও সোকওয়েল থাকতে হবে। সেপটিক ট্যাঙ্ক পরিস্কারের জন্য Vacutank এর মাধ্যমে সেপটিক ট্যাঙ্ক থেকে বর্জ্য সংগ্রহ করে পৌরসভার ব্যবস্থাপনায় স্লাজ ট্রিটমেন্ট প্ল্যান্টে পরিশোধন করবে।

রাঙ্গামাটি পৌরসভার কাঠামো পরিকল্পনার প্রস্তাবনা

পরিবেশ সংরক্ষণ বিষয়ক সুপারিশমালা

- বিধি অনুসরণ করে ভবন নির্মাণ করতে হবে।
- পাহাড় কাটা বন্ধ করতে হবে।
- পাহাড়ের ঢালে বসতি নির্মাণ বন্ধ করতে হবে।
- পাহাড়ী এলাকায় পরিবেশ বান্ধব অবকাঠামো নির্মাণ করতে হবে।
- পাহাড়ের ঢালে বৃক্ষ রোপন করে ভূমি ধ্বস রোধের ব্যবস্থা নিতে হবে।

বর্জ্য ব্যবস্থাপনা

- বর্জ্য ব্যবস্থাপনার জন্য উপযুক্ত ব্যবস্থা নিয়ে পরিবেশ সংরক্ষণ করতে হবে।
- কাপ্তাই লেকে কোন ধরণের বর্জ্য ফেলা যাবে না।
- বর্জ্য থেকে সম্পদ তৈরীর জন্য উৎসে বর্জ্য পৃথক করতে হবে।
- মানব বর্জ্য থেকে সম্পদ তৈরীর জন্য প্রকল্প ।

রাঙ্গামাটি পৌরসভার কাঠামো পরিকল্পনার প্রস্তাবনা

পযটন বিষয়ক সুপারিশমালা

- শহরের পরিচিতিমূলক একটি দৃষ্টিনন্দন ওয়াচ টাওয়ার নির্মাণ করতে হবে।
- পযটক আকর্ষনের জন্য পাহাড় থেকে পাহাড়ে সার্কুলার কেবল কার নির্মাণ করতে হবে।
- ভালো থাকার ব্যবস্থা সহ এবং বিনোদনের জন্য উপযুক্ত স্থানে অরো রিসোর্ট নির্মাণ করতে হবে।
- পাহাড়ের পাদদেশে সাফারী পার্ক নির্মাণ করতে হবে।
- লেক বরাবর বৃক্ষ রোপন ও ফুটপাথ নির্মাণ করতে হবে।
- লেকের তলায় এ্যাকুয়াটিক এ্যকুরিয়াম নির্মাণ করে পর্যটক আকষন করতে হবে।
- পৌরসভার উদ্যোগে বিনোদন ব্যবস্থাসহ কনভেনশন হল নির্মাণ করা যেতে পারে যেখানে বৃহৎ কোম্পানী তাদের সভা অনুষ্ঠান করতে পারে।
- শহরকে দৃষ্টি নন্দন এবং এবং পর্যটক আকর্ষনের জন্য বিভিন্ন ব্যবহারের ভবনের রং নির্দ্দিষ্ট করে যেতে পারে।


রাঙ্গামাটি পৌরসভার কাঠামো পরিকল্পনার প্রস্তাবনা

রাস্তা ও নর্দমা নির্মাণঃ

যে সকল সংযোগ সড়ক ২মি. এর কম আছে সেগুলি প্রসস্থকরনের উদ্যোগ নিতে হবে।

পাহাড়ের পাদদেশে "L" ড্রেন এবং সমতল জায়গায় প্রয়োজনীয় পানি নিষ্কাশনের জন্য নর্দমা নির্মাণ করতে হবে।

রাঙ্গামাটি পৌরসভার ত্রিমাত্রিক চিত্র উপস্থাপন




রাঙ্গামাটি পৌরসভার কাঠামো পরিকল্পনার প্রস্তাবনা

- ❑ পশ্চিম দিকে কাঁটাছড়ি হিল (খাগড়াছড়ি রোড পর্যন্ত)
- ❑ বিসিক শিল্প এলাকা
- ❑ ধুপাছড়ি মুখ


প্রস্তাবিত সম্প্রসারিত এলাকা

পলিসি জোন	আয়তন (বর্গ কি.মি.)	%
নগর এলাকা Developed Urban Area/ Core Area/ Built up Area	৫.৮০	৯.২২
নগর সম্প্রসারিত এলাকা Urban Growth Area	১০.০৩	১৫.৯৩
সংরক্ষিত এলাকা Conservation and Protection	৪৭.১২	৭৪.৮৫



রাঙ্গামাটি পৌরসভার কাঠামো পরিকল্পনার প্রস্তাবনা

- কাপ্তাই লেকমুখি পাহাড়ের পাদদেশে ভবন নির্মাণকালে লেকের View বন্ধ করা যাবেনা । এ জন্য লেক সাইড এ ভবনের উচ্চতা সর্বোচ্চ রাস্তার সমতল পর্যন্ত করা যাবে।



পরিকল্পনা প্রণয়নের জন্য গৃহীত মানদন্ড সমূহ (Planning Standards)

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা				ঘাটতি পূরণে প্রয়োজন	একক
			২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
১.	**শিক্ষা**							
	প্রাক-প্রাথমিক বিদ্যালয়	প্রতি ৫,০০০ জনে ০.৪ একর; বিদ্যালয়প্রতি আসনসংখ্যা ১৬০; হাটা দূরত্ব তথা ৫০০ মিটারের মধ্যে অবস্থান হতে হবে	১৭	১৯	২৭	৩০	২৪	সংখ্যা
	প্রাথমিক বিদ্যালয়	১.৬ একর/৫,০০০ জন (ভবন ০.৬ একর এবং খেলার মাঠ ১ একর); বিদ্যালয়প্রতি আসনসংখ্যা ২০০ (২ শিফট); সর্বোচ্চ দূরত্ব ১.৫ কিমি	১৭	১৯	২৩	২৮	৮	সংখ্যা
	উচ্চ বিদ্যালয়	প্রতি ১০,০০০ জনে ২.৫ একর (ভবন ০.৬ একর এবং খেলার মাঠ ১.৪ একর); বিদ্যালয় প্রতি আসনসংখ্যা ৭২০ (২ শিফট); সর্বোচ্চ দূরত্ব ২ কিমি	১১	১২	১৩	১৫	১	সংখ্যা
	ইন্টারমেডিয়েট/ডিগ্রী কলেজ	প্রতি ২৫,০০০ জনে ৪-৬ একর; কলেজপ্রতি আসনসংখ্যা ১৫০০ (২ শিফট)	৪	৫	৫	৬	২	সংখ্যা
	কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান	প্রকৌশল মহাবিদ্যালয় স্থাপনের জন্য সর্বনিম্ন ৮ একর	-	-	-	-	-	
		পলিটেকনিক ইন্সটিটিউট এর জন্য সর্বনিম্ন ৩ একর/২৫,০০০ জন	৪	৫	৫	৬	৫	সংখ্যা
		টেকনিক্যাল স্কুল ও কলেজের জন্য সর্বনিম্ন ২ একর	-	-	-	-	-	

পরিকল্পনা প্রণয়নের জন্য গৃহীত মানদন্ড সমূহ (Planning Standards)

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা				ঘাটতি পূরণে প্রয়োজন	একক
			২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
১.	**শিক্ষা**							
	মাদ্রাসা	পৌরসভার অভ্যন্তরে সর্বনিম্ন ১.৫ একর জমি/১০০০০ জন	১০	১২	১২	১৪	১০	সংখ্যা
	বিশ্ববিদ্যালয়	পাব্লিক বিশ্ববিদ্যালয় স্থাপনে সর্বনিম্ন ২০ একর/ ১০০০০০ জন প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্থাপনে সর্বনিম্ন ২.০ একর	১	১	১	২	১	সংখ্যা
২.	**উন্মুক্ত স্থান ও বিনোদন এলাকা**							
	খেলার মাঠ	প্রতি ৫,০০০ জনে ২.৫ একর; সর্বনিম্ন দূরত্ব ০.৫ কিমি	২২	২৪	২৭	৩০	১৬	সংখ্যা
	উদ্যান/স্থানীয় উদ্যান	প্রতি ১০,০০০ জনে ২ একর	৪	৫	৫	৬	৪	সংখ্যা
	সিনেমা হল	প্রতি ১,০০০ জনে ১.৭৫ একর	৪	৫	৫	৬	৪	সংখ্যা
	স্টেডিয়াম/স্পোর্টস কমপ্লেক্স	প্রতি ৫০,০০০ জনে ৫ একর	২	২	৩	৩	২	সংখ্যা
	শিশু পার্ক	প্রতি ৫,০০০ জনে ১.৫ একর	৪	৫	৫	৬	৭	সংখ্যা

পরিকল্পনা প্রণয়নের জন্য গৃহীত মানদন্ড সমূহ (Planning Standards)

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা				ঘাটতি পূরণে প্রয়োজন	একক
			২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
৩.	**স্বাস্থ্য**							
	হাসপাতাল	প্রতি ২৫০,০০০ জনে ১০ একর সর্বোচ্চ ৫০০ জনে ১ টি শয্যা	-	-	১	১	-	সংখ্যা
	নগর স্বাস্থ্যকেন্দ্র /ক্লিনিক/স্বাস্থ্যকেন্দ্র/মাতৃসেবা কেন্দ্র	প্রতি ১০,০০০ পরিবারের জন্য ০.৫ একর; মৌলিক স্বাস্থ্য ও পরিবার সেবাকেন্দ্র বসতবাড়ির ১-২ কিমির মধ্যে হতে হবে	৫	৫	৬	৭	২	সংখ্যা
৪.	**সামাজিক সেবা**							
	মসজিদ	প্রতি ৫,০০০ জনে ০.৬৭ একর	২২	২৪	২৭	৩০	৪	সংখ্যা
	গির্জা/মন্দির		প্রয়োজন অনুসারে					সংখ্যা
	গোরস্থান	প্রতি ৫০,০০০ জনে ৫ একর	প্রয়োজন অনুসারে					সংখ্যা
	কমিউনিটি সেন্টার	প্রতি ৫০,০০০ জনে ০.৫ একর	২	২	৩	৩	২	সংখ্যা
	পুলিশ স্টেশন		পুলিশের বিধিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ					সংখ্যা
	পুলিশ বক্স/চেকপোস্ট		পুলিশের বিধিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ					সংখ্যা

পরিকল্পনা প্রণয়নের জন্য গৃহীত মানদন্ড সমূহ (Planning Standards)

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা				ঘাটতি পূরণে প্রয়োজন	একক
			২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
৫.	**বাণিজ্যিক**							
	পাইকারী বাজার	বিভিন্ন সেবা/দেবামত প্রভৃতির সুবিধা সহ শহরের প্রতি কেন্দ্রে ৬ একর						একর
	খুচরা বাজার		সরবরাহ ব্যবস্থা, দোকান, বাজার সহ সর্বমোট ৫ একর					
	মুদি দোকান	প্রতি ২৫০০ জনের জন্য ০.২ একর						সংখ্যা
								একর
	কাঁচাবাজার	প্রতি ওয়ার্ডে এবং প্রতি ২০,০০০ জনের জন্য ১ টি; সর্বনিম্ন প্রয়োজ্য এলাকা ০.৩ একর						একর
	মহল্লার বিপণিবিতান	প্রতি ১০,০০০ জনের জন্য ০.৫ একর						একর
৬.	**অন্যান্য**							
	বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন	-	- সিএনজি স্টেশনের জন্য রাস্তার ধারে ১২০x১২০ ফুট (১৪০০ বর্গফুট বা ০.৩৩ একর) - দুটি স্টেশনের মধ্যবর্তী দূরত্ব ৩ কিমি (রাস্তার এক পাশে) অথবা ২ কিমি (রাস্তার দুই পাশে) - পৌরসভার অন্যান্য শীতিমালা মানা করতে হবে।						
	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	-	- ৩৩/১১ কেভি (২x১০ এমভিএ) সাবস্টেশনঃ ০.০৭ একর - জিআইএস সাবস্টেশনঃ অনুর্ধ্ব ০.০৭ একর - ৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি লাইন স্থাপনের সর্বনিম্ন দূরত্বঃ ৩০-৪০ মিটার - খুটির উচ্চতা ৩৩ কেভিঃ ১৫ মিটার; ১১ কেভিঃ ১১/১২ মিটার; ০.৪ কেভিঃ ৯ মিটার						
	ডাম্পিং সাইট	প্রতি ৫০০,০০০ জনের জন্য ৫ একর						একর
	ওয়েস্ট ট্রান্সফার স্টেশন (Waste Transfer Station)	প্রতি ওয়ার্ডে ০.২ একর						একর
	ফায়ার সার্ভিস	পৌরসভায় ২টি, 'এ' শ্রেণির জন্য সর্বনিম্ন ০.৫০ একর; 'বি' শ্রেণির জন্য সর্বনিম্ন ০.৩০ একর	-					একর
	পোস্ট অফিস	প্রতি ২০,০০০ জনে ০.৪ একর প্রয়োজন অনুসারে নতুন পোস্ট অফিস তৈরি করা হবে	৫	৬	৭	৮	৭	সংখ্যা

পরিকল্পনা প্রণয়নের জন্য গৃহীত মানদন্ড সমূহ (Planning Standards)

ক্রমিক নং	ভূমি ব্যবহার শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা				ঘাটতি পূরণে প্রয়োজন	একক
			২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
৭.	**শিল্প**							
	ক্ষুদ্রশিল্প		বিসিক এলাকার জন্য সর্বনিম্ন ১৫ একর					
৮.	পরিবহন							
	বাস টার্মিনাল		- প্রতি টার্মিনালে ৩ একর - প্রতি ১,০০,০০০ জনের জন্য ৩ একর					
	ট্রাক টার্মিনাল		প্রতি টার্মিনালে সর্বনিম্ন ৩ একর					
	জলপথ ও ল্যান্ডিং স্টেশন		ল্যান্ডিং স্টেশন ও অফিসের জন্য সর্বনিম্ন ২ একর					
			অতীরবর্তি ঘাটের জন্য উভয়পাশে ৫০০ মিটার					
	রেলওয়ে এবং রেলওয়ে স্টেশন	-	- একটি হোম সিগনাল হতে আরেকটি হোম সিগনালঃ দৈর্ঘ্য ৩০০০ ফুট এবং প্রস্থ ৫০০ ফুট (ব্রড গেজ) - মিটার গেজের জন্য ৯০ ফুট (বাঁধের গড় উচ্চতা ১০ ফুট) - দ্বৈত রেলপথের জন্য সর্বনিম্ন প্রস্থ ১২৫ ফুট (ব্রড গেজ) এবং ১১৫ ফুট (মিটার গেজ) যেখানে বাঁধের গড় উচ্চতা ১০ ফুট					
	সড়ক ও জনপথ বিভাগ		প্রকল্প এলাকার অভ্যন্তরের সড়ক ও জনপথ বিভাগ (সওজ)-এর সড়কসমূহ সওজ এর নীতিমালা অনুসরণ করে নির্মিত হবে।					
৯.	**প্রশাসনিক**							
	জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয় এবং বাসস্থান		অফিস ৪ একর; বাসস্থান ০.৫ একর					
	যুব উন্নয়ন কেন্দ্র		যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং আঞ্চলিক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের জন্য সর্বনিম্ন ২-৩ একর					
	জেলখানা		সর্বনিম্ন ৫ একর					
	জজ কোর্ট		জেলা জজ কোর্ট ১ একর; বাসস্থান ০.৩৩ একর					
	এসপি অফিস		এসপি অফিস ১ একর; বাসস্থান ০.৩৩ একর					
	পুলিশ সদরদপ্তর		১০ একর					
	থানা		১.০ একর					
	পুলিশ ফাঁড়ি		০.৩৩ একর					
	সার্কিট হাউজ		১.৫ একর					
	সিভিল সার্জন অফিস		অফিস ০.২৫ একর; বাসস্থান ০.৩৩ একর					
	নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত বিভাগ)		অফিস ০.২৫ একর; বাসা ০.৩৩ একর					


১০ বছর মেয়াদি পরিকল্পনা

খ) ভূমি ব্যবহার পরিকল্পনা (Landuse Plan)
গ) সড়ক ও যোগাযোগ ব্যবস্থা (Traffic & Transportation Management Plan)
ঘ) নিষ্কাশন ও পরিসেবা (Drainage & Utility Services Plan)
ঙ) পরিবেশ ও দূর্যোগ ব্যবস্থাপনা (Environmental & Disaster Management Plan)
চ) নাগরিক সেবা পরিকল্পনা (Urban Services Plan)

১০ বছর মেয়াদি পরিকল্পনা

ভূমি ব্যবহার পরিকল্পনা
(Landuse Plan)

রাঙ্গামাটি পৌরসভার ভূমিব্যবহার সংক্রান্ত অবস্থা



বর্তমান (%)	ভূমি ব্যবহার	পরিকল্পিত (%)
১৩.৪৫	আবাসিক	১৮.৭৩
০.৮৬	মিশ্র (বাণিজ্যিক এবং বাণিজ্যিক ও আবাসিক)	১.৫৪
৪.৮৩	নাগরিক সেবা	৫.৫৯
০.১১	শিল্প	০.১১

**** জলাধার ৬২৭৯.১৩ একর
পাহাড় ৩৬৫৭.৮৩ একর

রাঙ্গামাটি পৌরসভার ভূমিব্যবহার সংক্রান্ত অবস্থা

বর্তমান		ভূমি ব্যবহার	পরিকল্পিত	
আয়তন (একর)	শতকরা (%)		আয়তন (একর)	শতকরা (%)
১৮০৩.২৭	১৩.৪৫	আবাসিক (Residrntial)	২৫১১.৮০	১৮.৭৩
১১৫.৯৭	০.৮৬	মিশ্র (বাণিজ্যিক এবং বাণিজ্যিক ও আবাসিক)	২০৬.৬৪	১.৫৪
১০৮২৭.২৮	৮০.৭৪	সংরক্ষিত (Conservation)	৯৯২৬.৯২	৭৪.০৩
৬৪৮.৩২	৪.৮৩	নাগরিক সেবা (Public Use)	৭৪৯.৪৭	৫.৫৯
১৪.৬৪	০.১১	শিল্প কারখানা (Industrial)	১৪.৬৪	০.১১
১৩৪০৯.৪৭	১০০	সর্বমোট	১৩৪০৯.৪৭	১০০


সেক্টর ভিত্তিক পরিকল্পনা - প্রশাসনিক

আরবান লোকাল সেন্টার (স্থানীয় নগরকেন্দ্র)


- কাউন্সিলর এর অফিস
- পরিবার কলাণ কেন্দ্র (শিশু চিকিৎসাকেন্দ্র, বার্ধক্যজনিত রোগের চিকিৎসাকেন্দ্র, রোগনির্ণয় কেন্দ্র),
- নার্সিং হোম,
- ঔষধালয়,
- মানসিক প্রতিবন্ধীদের বিদ্যালয়,
- পুলিশ চৌকি,
- সামাজিক বিনোদন ক্লাব,
- সামাজিক সাংস্কৃতিক কেন্দ্র (মিলনায়তন, গানবাজনা, উপাসনার স্থান),
- বিদ্যুৎ উপকেন্দ্র, সোলার অথবা নবায়নযোগ্য উৎসের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ
- কাঁচাবাজার,
- সামাজিক উদ্যান ও খেলার মাঠ,
- খেলাধুলা সম্পর্কিত সামাজিক ক্লাব,
- কেন্দ্রের দৈনন্দিন কাজের তদারকির জন্য এর প্রতিনিধিদের কর্মকান্ড পরিচালনার জন্য অফিস।




সেক্টর ভিত্তিক পরিকল্পনা প্রশাসনিক (পুলিশবক্স, পৌরসভাগেট)



সেক্টর ভিত্তিক পরিকল্পনা - আবাসিক এলাকা



সেক্টর ভিত্তিক পরিকল্পনা - বস্তি উন্নয়ন



বস্তি উন্নয়ন (পুরানপাড়া, ইসলামপুর, শরিয়তপুর)

বস্তি উন্নয়ন, আব্দুল আলি একাডেমী এলাকা (রোডের পূর্ব-পশ্চিম পাঁশ)

বস্তি উন্নয়ন (শান্তিনগর, রসুলপুর এবং ফরেস্ট কলোনি এলাকা)

বস্তি উন্নয়ন (রাঙাপানি বিল এবং অদন্দি আদম এলাকা)


বস্তি উন্নয়ন (পুলিশ লাইন, গভঃ প্রাইমারি স্কুল এবং হসপিটাল এলাকা)

বস্তি উন্নয়ন (সিলেটি, খিপায়া, টেকনোলজি এবং লেমুছড়ি এলাকা)

বস্তি উন্নয়ন (ধনমিয়া, বিএডিসি এবং ওয়াটার পাম্প এলাকা)

প্রাইমারি রোড
সেকেন্ডারি রোড
টারশিয়ারি রোড

সেক্টর ভিত্তিক পরিকল্পনা - বাণিজ্যিক এলাকা



ULC based kitchen market

প্রস্তাবিত নতুনবাজার (সমতাঘাট)

বাজার উন্নয়ন (বনরূপা)

বাজার উন্নয়ন (ভেদভেদি)

বাজার উন্নয়ন (কলেজগেট)

বাজার উন্নয়ন (পৌরমার্কেট)

বাজার উন্নয়ন (মানিকছড়ি)

প্রস্তাবিত হোটেল-মোটেল জোন (রিজার্ভবাজার)

বাজার উন্নয়ন (কলেজগেট)

প্রস্তাবিত নতুনবাজার (বনরূপা)


বাজার উন্নয়ন (আসামবস্তি)

প্রাইমারি রোড
সেকেন্ডারি রোড
টারশিয়ারি রোড
হোটেল মোটেল জোন
প্রস্তাবিত নতুন বাজার
বাজার উন্নয়ন

প্রস্তাবিত নতুনবাজার (বিলাইছড়ি)

বাজার উন্নয়ন (রিজার্ভবাজার)

সেক্টর ভিত্তিক পরিকল্পনা - শিল্প



প্রাইমারি রোড
সেকেন্ডারি রোড
টারশিয়ারি রোড
প্রস্তাবিত কোল্ড স্টোরেজ
প্রস্তাবিত হস্তশিল্প ইন্ডাস্ট্রি
প্রস্তাবিত সোলারপার্ক

প্রস্তাবিত কোল্ড স্টোরেজ (মানিকছড়ি)

প্রস্তাবিত হস্ত শিল্প ইন্ডাস্ট্রি/ইকো ইন্ডাস্ট্রিয়াল জোন (আসামবস্তি)

প্রস্তাবিত তাঁত ইন্ডাস্ট্রি এবং মার্কেট (বিসিক, মানিকছড়ি)

প্রস্তাবিত সোলারপার্ক (পুরানপাড়া) Water Based

প্রস্তাবিত সোলারপার্ক (টিভি সেন্টার এর পাশে) Hill Based

Jum cultural center (Depachhari)

প্রস্তাবিত সোলারপার্ক (মিটিঙ্গাছড়ি) Water Based

প্রস্তাবিত হাইটেক পার্ক / আইটি পার্ক (রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর কাছে)

প্রস্তাবিত কোল্ড স্টোরেজ (ভেদভেদি)

প্রস্তাবিত তাঁত ইন্ডাস্ট্রি এবং মার্কেট (বিসিক, মানিকছড়ি)



Indigenous loom business is a huge part of their rich heritage. Since the indigenous loom can be a realistic solution for the poor economy of CHT, Bangladesh Small and Cottage Industries Corporation (BSCIC) has proposed a workshop and marketing facility for the ethnic population of CHT. However, it is not possible to make workshop for every community since there are many remote places in Rangamati where ethnic communities are residing. So, BSCIC has also proposed storage facilities in the remote areas of Rangamati district.







Jum cultural center (depachhari)











Jum Cultural Complex is a proposed Indigenous Cultural Complex located at Depachhari, Manikchari; Rangamati Bangladesh. It was the Final year (5th year) thesis project of Bangladesh University of Engineering & Technology completed in 2014. Jum Cultural Complex is an initiative for the preservation, development and exposure of Jum Culture which not only promotes culture but also indigenous knowledge of sustainable living.

১০ বছর মেয়াদি পরিকল্পনা

সড়ক ও যোগাযোগ ব্যবস্থা

(Traffic & Transportation Management Plan)








34

প্রকল্প এলাকাতে সড়কের মানদন্ডের প্রস্তাবনা


সড়ক ব্যবস্থঃ শ্রেণিবিন্যাস	প্রশস্তশরণের জন্য রাইট অফ ওয়ে (মি.)	নতুন নির্মাণের জন্য রাইট অফ ওয়ে (মি.)
প্রাইমারী রোড	জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক	৩৬-৪৫
সেকেন্ডারী রোড	১৩-১৬	১৮-২০
কালেক্টর রোড/টারশিয়ারি রোড	৯-১২	১২-১৫
অ্যাকসেস রোড/স্থানীয় সড়ক	২-৮	২-৮
ফুটপাথ	২-৩	-

যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা সংক্রান্ত প্রস্তাবনা

রোডের ধরণ	প্রস্তাবিত দৈর্ঘ্য (কি.মি.)	বর্তমান দৈর্ঘ্য (কি.মি.)
প্রাইমারী রোড	-	১২.২০
সেকেন্ডারী রোড	-	১৯.২৪
কালেক্টর রোড	৬০.১৪	১১.৩১




প্রস্তাবিত বাইপাস সড়ক




সড়ক সংক্রান্ত প্রস্তাবনা

রোডের ধরণ	দৈর্ঘ্য (কি.মি.)
প্রস্তাবিত নতুন সড়ক	১১.০৪
প্রস্তাবিত প্রসস্থকরণ সড়ক	৮৩.৪৭



সড়ক সংক্রান্ত প্রস্তাবনা

রোডের ধরণ	দৈর্ঘ্য (কি.মি.)
প্রস্তাবিত ফুটপাথ	২৪.৭৩
প্রস্তাবিত লেকসাইড ওয়াকওয়ে	৮.০৬





Example of simple boardwalk or raised trail through a wetland.



Example of a raised pathway and wetland crossing.




Example of a constructed pathway through grassland, and simple shelter for rest or picnics




Example of a walking trail through a sensitive grassland environment. Note walkway is raised to avoid direct impact on grassland.


প্রস্তাবিত ব্রিজ




জলযান সর্ম্পকৃত প্রস্তাবনা




প্রস্তাবিত ঝুলন্ত ও ভাসমান সেতু




ক্যাবলকার স্টেশন



যাতায়াত সম্পর্কিত অন্যান্য প্রস্তাবনা



যাতায়াত সম্পর্কিত অন্যান্য প্রস্তাবনা



সেক্টর ভিত্তিক পরিকল্পনা -যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা

বাস টার্মিনালের সেবাসমূহ

(১) ওয়ার্কশপ, (২) পেট্রল পাম্প, (৩) যন্ত্রপাতি, যন্ত্রাংশ প্রভৃতির মার্কেট, (৪) শৌচাগার, (৫) অভ্যন্তরীণ চলাচল সুবিধা, (৬) হোটেল ও রেস্টুরেন্ট, (৭) কুরিয়ার ও পার্সেল সেবা, (৮) মালামাল/যাত্রী উঠানো নামানোর স্থান, (৯) বাস পার্কিং-এর স্থান, (১০) পুলিশ আউটপোস্ট, (১১) টিকেট কাউন্টার ও ডিপো, (১২) খোলা খাবারের দোকান এবং ফেরিওয়ালা।

ট্রাক টার্মিনালের সেবাসমূহ


(১) ওয়ার্কশপ, (২) পেট্রল পাম্প, (৩) যন্ত্রপাতি, যন্ত্রাংশ প্রভৃতির মার্কেট, (৪) শৌচাগার, (৫) হোটেল ও রেস্টুরেন্ট, (৬) কুরিয়ার ও পার্সেল সেবা, (৭) মালামাল উঠানো নামানোর স্থান, (৮) ট্রাক পার্কিং-এর স্থান, (৯) পুলিশ আউটপোস্ট, (১০) মসজিদ, (১১) রেলের জন্য প্রয়োজনীয় সেবা।

১০ বছর মেয়াদি পরিকল্পনা


নিষ্কাশন ও পরিসেবা

(Drainage & Utility Services Plan)

সেক্টর ভিত্তিক পরিকল্পনা - বর্জ্য ব্যবস্থাপনা



সেক্টর ভিত্তিক পরিকল্পনা - নর্দমা সংক্রান্ত প্রস্তাবনা




বর্জ্য ব্যবস্থাপনার জন্য বর্জ্য উৎপাদনের স্থান (বাসাবাড়ি, হাসপাতাল ও ব্যবসা প্রতিষ্ঠান) হতে সবুজ, হলুদ ও লাল রঙের বিন ব্যবহার করা।

- আলাদা-আলাদা বর্জ্য পুনরায় ব্যবহার পূর্বক অবশিষ্ট সলিড বর্জ্যকে ল্যান্ডফিল্ড সাইটে প্রেরণ করা।
- অজৈব বর্জ্য স্থলভূমির সাইট পুরন করার জন্য ব্যবহার করা।
- Septic tank হতে vacuum ট্রাক দিয়ে বাড়ি বাড়ি থেকে sludge সংগ্রহ করে তা এসটিপিতে treatment করা।
- জৈব বর্জ্যকে ব্যবস্থাপনার পর সার হিসেবে ব্যবহার করা।


সেক্টর ভিত্তিক পরিকল্পনা

পানি সংযোগ ও সাপ্লাই (পাম্প হাউস ও স্টোরেজ ট্যাঙ্ক)


১. মোসপাড়া
২. কাঁটাছড়ি
৩. মৈত্রীনগর
৪. উলুছড়া
৫. শিমুলতলী
৬. মজ্জর
৭. আসামবস্তি
৮. পুরানপাড়া ১
৯. পুরানপাড়া ২
১০. লালজালিয়া
১১. ইসলামপুর
১২. শরিয়তপুর
১৩. রাঙাপানি
১৪. রাঙাপানি শিমুলছড়া
১৫. মহাজনপাড়া
১৬. নতুন আদমপাড়া
১৭. তঞ্চগ্যাপাড়া
১৮. ব্রাহ্মণটিলা
১৯. উত্তর তঞ্চগ্যাপাড়া
২০. লেমুছড়ি ১
২১. লেমুছড়ি ২
২২. মিটাঙ্গাছড়ি
২৩. সিলেটিপাড়া
২৪. ঝগড়ারবিল
২৫. ঝগড়ারবিল পাড়া
২৬. বিলাইছড়ি ১
২৭. বিলাইছড়ি ২
২৮. বিলাইছড়ি পাড়া



সেক্টর ভিত্তিক পরিকল্পনা - বিবিধ



সেক্টর ভিত্তিক পরিকল্পনা - স্বাস্থ্য ও শিক্ষা




প্রস্তাবিত কমিউনিটি ক্লিনিক (আমানতবাগ)

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (মিতিন্নাছড়ি)

- প্রত্যেকটা স্থানীয় নগর কেন্দ্রে একটা করে প্রাক প্রাথমিক বিদ্
- ও একটা মাতৃসদন।
- প্রতি বস্তিতে প্রাক প্রাথমিক বিদ্যালয়, মাতৃসদন ও প্রশিক্ষণ

সেক্টর ভিত্তিক পরিকল্পনা - বিনোদন ব্যবস্থা



প্রস্তাবিত সাফারি পার্ক/ চিড়িয়াখানা (মানিকছড়ি)

প্রস্তাবিত পার্ক (মানিকছড়ি)

প্রস্তাবিত খেলার মাঠ (কলেজপাড়া)

ওয়াচ টাওয়ার/ইকো টুরিস্ট জোন (ভেদভেদি নতুনপাড়া)

খেলার মাঠের সংস্কার

প্রস্তাবিত বিনোদন এলাকা (হিল বেসড) (দুপ্পাছড়ি)

প্রস্তাবিত টুরিস্ট গাইড ও বিনোদন কেন্দ্র/ ইকো টুরিস্ট সেন্টার

প্রস্তাবিত শিশু পার্ক (বনরুপা)

প্রস্তাবিত শিশু পার্ক (রিজার্ভ বাজার)

শুক্কুর স্টেডিয়াম এর সংস্কার (রিজার্ভ বাজার)

প্রস্তাবিত পর্যটন এলাকা (শহীদ মিনার এলাকা)

প্রস্তাবিত ফুটপাত নির্মাণ (শহীদ মিনার থেকে কেরানীহিল পর্যন্ত)

প্রস্তাবিত শিশু পার্ক (তবলছড়ি বাজার)

প্রস্তাবিত পার্ক (তবলছড়ি)

প্রস্তাবিত খেলার মাঠ (ওমাদ মিয়া পাহাড়ি এলাকা)

প্রস্তাবিত পর্যটন এলাকা

প্রস্তাবিত পর্যটন এলাকা (বিলাইছড়ি)

ওয়াচ টাওয়ার/ইকো টুরিস্ট জোন



Example of a wooden viewing tower, over-looking wetlands



Example of a simple shelter providing information materials to visitors

Example of a covered, revolving information sign that would be suitable for tourist information messages at scenic stopping points and rest areas Note: protection from weather.



প্রস্তাবিত টুরিস্ট গাইড ও বিনোদন কেন্দ্র/ ইকো টুরিস্ট সেন্টার



Example of a low structure that may be suitable for construction of the multi-purpose protection centre



Example of a visitor centre using “green roof” technology. Turf roofing would be a good option for the multi-purpose protection station to allow the structure to better blend into the grassland landscape.

১০ বছর মেয়াদি পরিকল্পনা

পরিবেশ ও দূর্যোগ ব্যবস্থাপনা

(Environmental & Disaster Management Plan)

পাহাড়/ভূমি ধ্বসের কারন ও ঝুঁকিপূর্ণ এলাকাগুলো

মানবসৃষ্ট কারন

- নির্বিচারে বন ও গাছপালা ধ্বংস করা।
- পরিকল্পনার অভাব
- অপরিকল্পিতভাবে পাহাড় কেটে বসতি স্থাপন ও রাস্তা ও সড়ক নির্মাণ
- অন্যান্য উন্নয়নমূলক স্থাপনা নির্মাণে বিল্ডিং কোড না মানা।
- উন্নয়নমূলক সংস্থাগুলোর ভিতর সমন্বয়ের অভাব
- পাহাড়ে উন্নয়নের ক্ষেত্রে সুনির্দিষ্ট নীতিমালার অভাব
- মাটি পরীক্ষার ফলাফল যথাযথভাবে অনুসরণ না করে পুরোনো অ্যালাইনমেন্টের উপর কাজ করা।
- অপরিকল্পিত ভাবে জুমচাষ
- পাহাড়ে বিভিন্ন প্রজাতির গাছ না লাগিয়ে বেশি লাভের আশায় অধিক হারে সেগুনগাছ লাগানো
- পানি নিষ্কাশন এর ব্যবস্থা না রেখে উন্নয়নমূলক কাজ করা।
- পাহাড় থেকে পাথর ও বালু উত্তোলন।

প্রাকৃতিক কারন

- অতিবৃষ্টি
- মাটির প্রকৃতি (এই অঞ্চল এর বেলে-দোআঁশ মাটি বৃষ্টির পানিতে সহজে নরম হয়ে যায়)
- দীর্ঘ খরার পর একটানা বৃষ্টি
- ভূমিকম্পে পাহাড়ে ফাটল সৃষ্টি হওয়া
- জলবায়ুর পরিবর্তন

ঝুঁকিপূর্ণ এলাকা
পুলিশ লাইন এলাকা
ওয়াপদা কলোনী
পোস্ট অফিস কলোনী
লেমুছড়ি
রাঙ্গামাটি-চট্টগ্রাম মহাসড়ক
ভেদভেদি নতুন পাড়া
ভেদভেদি মুসলিম পাড়া
কল্যাণপুর, উত্তর কল্যাণপুর
উত্তর কান্দিপাড়া
কাঁটাছড়ি


পাহাড় ধ্বস প্রতিরোধে সুপারিশ সমূহ

রাঙ্গামাটিতে টেকসই আবাসিক ও আবাসন সুবিধার জন্য নিচের ব্যবস্থা গুলো নেয়া যেতে পারে-

- ❑ নতুন বাড়ির প্যান অনুমোদনের জন্য পাহাড়ী পরিবেশ বান্ধব ভবণ নির্মাণ বিধি প্রণয়ন করা ও মেনে চলা।
- ❑ জুম চাষ বা হাউজিং: যে উদ্দেশ্যে জমি ব্যবহারের জন্য অনুমতি নেয়া হয়েছে সেরুপ ব্যবহার করা।
- ❑ অননুমোদিত বসবাসকারীকে এড়িয়ে চলা ও উৎসাহিত না করা। হাউজিং এবং পার্বত্য অঞ্চলের পরিবেশ আইন মেনে চলার উপযোগী অবকাঠামো গড়ে তোলা (চিত্র) ।
- ❑ পাহাড়ের ক্ষতি সীমিতকরণের মাধ্যমে পরিবেশবান্ধব বাসস্থান উন্নয়ন করা।







পাহাড় ধ্বস প্রতিরোধে সুপারিশ সমূহ

রাঙ্গামাটি Pourashava তে ভূমিধসের ক্ষতি প্রশমনের জন্য নিচের ব্যবস্থা গুলো নেয়া যেতে পারে-


- *গাছ রোপন: ভূমিকম্পে, বিদ্যুৎ ও বজ্রসহ বৃষ্টিপাত থেকে বাঁচার জন্য উঁচু গাছ বিশেষত তাল, খেজুর ও সুপারি গাছ রোপন করা।*
- *বন ও পাহাড় সংরক্ষণের জন্য লম্বা এবং উন্নত brasses শিকড়ের গাছ রোপন করা।*
- *পাহাড়ের ঢালে গভীর শিকড়ের গুল্ম উদ্ভিদ রোপন করা।*
- *পাহাড়ের ঢালে Geotextile/geojute স্থাপন করা।*
- *Geotextile/geojute স্থাপন করে উক্ত ব্যাগের মধ্যে উন্নত brasses শিকড়ের বীজ বপন করা; যাতে পরবর্তীতে গ্রীন বেল্টের মত হতে পারে।*
- *পাহাড় ড্রেসিং প্রতিরোধ / অরক্ষিত কৃষি /পাহাড় কাটা বন্ধ করা।*
- *Retaining প্রাচীর নির্মাণ করা।*
- *ভূমিকে স্থিতিশীল করতে নিদ্দিষ্ট সময় দেয়া।*
- *ঝুঁকি প্রবণ পাহাড়গুলোর উপরে সিমেন্টিং স্তর দ্বারা মুড়িয়ে দেয়া ।*
- *পাহাড়ের নিচ থেকে পাথর, বালি ওপরে না উঠানো এবং পাহাড় কাটা বন্ধ করা।*
- *পাহাড় কেটে অবকাঠামো নির্মাণ না করা।*
- *পাহাড়ের ভিত্তি ক্ষয়রোধী ড্রেনেজ ব্যবস্থা করা।*
- *সচেতনতা/আবহাওয়া সংকেত ব্যবস্থা উন্নত করা।*
- *জরুরী সময়ে আশ্রয়কেন্দ্রে যাওয়ার জন্য সঠিক ও স্বল্প রাস্তা চিহ্নিত করা এবং আশ্রয়কেন্দ্র স্থাপন করা।*
- *গাছ ও পাহাড়ি এলাকায় বন কাটা বন্ধ করা।*
- *ঝুঁকিপূর্ণ জুম চাষ ও কীটনাশক ব্যবহার কমানো ।*
- *পাহাড় কাটা ও ঝুঁকিপূর্ণ স্থানে বসত নির্মাণ নিয়ন্ত্রণের জন্য নীতিমালা প্রনয়ন করা ও মেনে চলা।*
- *পাহাড়ের পাদদেশ থেকে পাথর ও বালি উঠানো বন্ধ করা।*

পাহাড়ি ঢলের ফলে সৃষ্ট আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্থ এলাকা

- পুরানপাড়া, লালজালিয়া এবং ইসলামপুর
- ১ নং পাথরঘাটা রোড, রিজার্ভবাজার এলাকার কিছু অংশ
- শান্তিময় দেওয়ান রাস্তার পাশে
- পর্যটন এলাকার চর এলাকা
- লেমুছড়ির কিছু এলাকা
- আলুটিলা, নুরাদাম, নতুন আদমপাড়া
- মধ্য ত্রিদিবনগর, সমতাঘাট এলাকা
- রাঙ্গাপানি চর এলাকা
- মৈত্রিনগর, বিজয়নগর, বাহারপুর, মশপারা

দুর্যোগ ব্যবস্থাপনা

জরুরী সাহায্য কেন্দ্র / আশ্রয়কেন্দ্র



জলবায়ু পরিবর্তন: সমস্যা ও প্রশমন

সমস্যা

- উষ্ণতা বৃদ্ধি
- বৃষ্টিপাত বৃদ্ধি
- দুর্যোগ ঝুঁকি বৃদ্ধি- ভূমিকম্প, বন্যা, জলাবদ্ধতা, ভূমি ধস, নদী ভাঙ্গন
- পানির অভাব

প্রশমন

- বিটুমিনের পরিবর্তে কংক্রিটের রাস্তা তৈরী করতে হবে।
- ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন করতে হবে।
- পাহাড়ের ঢালে বসতি নির্মাণ বন্ধ করতে হবে।
- বৃক্ষ রোপন করতে হবে।
- পাহাড় কাটা বন্ধ করতে হবে।
- নদী, পুকুর ও বৃষ্টির পানির ব্যবহার বৃদ্ধি করতে হবে।
- বিধি অনুযায়ী ফাউন্ডেশন সহ ভবন নির্মাণ করতে হবে।
- দরিদ্রদের অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি করতে হবে।
- জলবায়ু বিষয়ে পৌরসভা সহ সকলের সচেতনতা বৃদ্ধি করতে হবে।

দারিদ্র বিষয়ক সমস্যা ও প্রশমন

সমস্যা

- অনিশ্চিত আয়- বর্ষাকাল, অসুস্থতা, বেকারত্ব
- দুর্যোগ ঝুঁকি-বন্যা, জলাবদ্ধতা, ভূমি ধস, নদী ভাঙ্গন
- উচ্ছেদ ঝুঁকি- সরকারী জায়গায় আবাসন

প্রশমন

- শহরে শিল্পায়ন
- গৃহ সংস্থান
- দুর্যোগে বিশেষ সহায়তা
- সহজ শর্তে ঋণ
- বস্তি এলাকায় অবকাঠামো নির্মাণ
- দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

৫ বছর মেয়াদি কর্ম পরিকল্পনা (Action Plan)

65

৫ বছর মেয়াদী আর্থিক বিনিয়োগ পরিকল্পনার সারসংক্ষেপ

ক্রমিক নং	সেক্টর ভিত্তিক কর্ম পরিকল্পনা	প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা)
১	আবাসিক	৭১.৫৭
২	প্রশাসনিক	১২.১৫
৩	বাণিজ্যিক	১২৬.৭৭
৪	শিল্প	৩৯.৯৫
৪	নগর সেবাসমূহ	৫৩.৮৪
৫	ড্রেনেজ	১৭.৭১
৬	যানবাহন ও যোগাযোগ ব্যবস্থা	১৩৪.৫০
	সর্বমোট	৪৭৭.৩২

চারশত সাতাত্তর কোটি বত্রিশ লক্ষ টাকা মাত্র

৫ বছর মেয়াদী আর্থিক বিনিয়োগ পরিকল্পনার বিস্তারিত

ক্র. নং.	সেক্টর ভিত্তিক কর্ম পরিকল্পনা		পরিকল্পনার ধরন	পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ)
১	আবাসিক	আবাসিক এলাকা	বস্তি পুনঃউন্নয়ন	৯টি	৩৬৬১
			পৌরসভার করমকরতা/কর্মচারীর জন্য আবাসন (পৌর কলোনী)	১ টি	১১১১
			নিম্নশ্রেণির বসতি উন্নয়ন	১ টি	২৩৮৪.০৮
২	প্রশাসনিক	প্রশাসনিক এলাকা	প্রতি ওয়ার্ডে স্থানীয় নগর কেন্দ্র/উপদেষ্টার কার্যালয়	৯ টি	১২১৫
৩	বাণিজ্যিক	কিচেন মার্কেট	সমতাঘাটে কিচেন মার্কেট	১ টি	১২৬০
		বাজার উন্নয়ন	কলেজ গেটে বাজার উন্নয়ন	১ টি	৩৫
		নতুন বাজার নির্মাণ	বিলাইছড়িতে নতুন বাজার নির্মাণ	১ টি	৭৪০০

৫ বছর মেয়াদী আর্থিক বিনিয়োগ পরিকল্পনার বিস্তারিত

ক্র. নং.	সেক্টর ভিত্তিক কর্ম পরিকল্পনা		পরিকল্পনার ধরন	পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ)
৫	নগর সেবাসমূহ	সড়ক বাতি	নতুন	২০০ টি	৭০
		পার্ক	নতুন (তবলছড়ি)	১ টি	৫০০
			সংস্কার (রিজার্ভ বাজার)	১ টি	৩০০
		বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র	বর্তমান ডাম্পিং গ্রাউন্ড এ সংস্কার করা ও ইটিপি নির্মাণ	১ টি	৫০০
		বর্জ্য স্থানান্তরকরণ স্টেশন	নতুন	৩ টি	১০
		কমিউনিটি বিন	নতুন (প্রতি ওয়ার্ডে ১ টি করে)	৯ টি	২.৮৮
		পৌরসভা গেইট	নতুন	২ টি	২০০
		অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টার	নতুন; অডিটোরিয়াম কাম কনভেনশান সেন্টার	১ টি	২০০০
		কাপ্তাই লেকের বর্জ্য সংগ্রহ পয়েন্ট	নতুন (পৌরসভার নিকট)	১ টি	১৪০০
		খেলার মাঠ	নতুন (মনগর)	১ টি	৬.০
		পাম্প হাউজ	নতুন	১০ টি	১২০
		ওয়াচ টাওয়ার এবং পর্যটক গাইড কেন্দ্র	টিভি সেন্টারের নিকট	১ টি	৪০
		কমিউনিটি টয়লেট	প্রতি বস্তিতে ৪ টি করে	৯*৪=৩৬ টি	৯৫.৭৯
৬	দুর্যোগ ব্যবস্থাপনা	বৃক্ষরোপন	(শিমুলতলি, ভেদভেদি, নতুন পাড়া, রাঙ্গাপানি)	৫০০০০	২৫০
		গার্ড ওয়াল নির্মাণ	কাপ্তাই লেকের ক্ষয়রোধ করার জন্য রিজার্ভ বাজারে গার্ড ওয়াল নির্মাণ	১২ কি.মি.	১৮০০


৫ বছর মেয়াদী আর্থিক বিনিয়োগ পরিকল্পনার বিস্তারিত

ক্র. নং.	সেক্টর ভিত্তিক কর্ম পরিকল্পনা		পরিকল্পনার ধরন	পরিমাণ	প্রাক্কলিত ব্যয়
৬	ড্রেনেজ	ড্রেন	নতুন ড্রেন (L ও U- আকৃতি)	৫.৪৬ কি.মি.	১০৩.৬১
			ড্রেন প্রশস্তকরণ	১১.৫৩ কি.মি.	১৭৪১
৭	যানবাহন ও যোগাযোগ ব্যবস্থা	রাস্তা	নতুন রাস্তা	১২.৪১ কি.মি.	১৯৯১.৮৮
			রাস্তা পুনঃসংস্কার ও প্রশস্তকরণ	৫১.০৬ কি.মি.	৭৪২৯.২৩
		ফুটপাথ	নতুন	১৩.০২ কি.মি.	১০৪১.৬০
		বাস টার্মিনাল	কমপ্লেক্স নির্মান এবং বিদ্যমান টার্মিনালের আধুনিকীকরন	১ টি	৫০০
		ট্রাক টার্মিনাল	কমপ্লেক্স নির্মান এবং বিদ্যমান টার্মিনালের আধুনিকীকরন	১ টি	৫০০
		নৌ টার্মিনাল	মালামাল পরিবহনের জন্য পুরাতন বাস টার্মিনালের নিকট ঘাটের আধুনিকীকরণ	১ টি	৩৫
			যাত্রীবাহী পরিবহনের জন্য (রিজার্ভ বাজার)	১ টি	৩০০
		ব্রিজ	নতুন (দেপ্পাছড়ি, উলুছড়ি-আনসার ক্যাম্প, পুলিশ লাইন-কেন্দ্রীয় কবরস্থান)	৩ টি	১৫০০
		ভাসমান/ইকো ব্রীজ	নতুন (বিহারপুর, বিজয়নগর, মৈত্রীনগর)	৩ টি	৪০
সর্বমোট					৪৭৭৩১.৯৯

চারশত সাতাত্তর কোটি বত্রিশ লক্ষ টাকা মাত্র

একনজরে প্রস্তাবনা সমূহ

একনজরে প্রস্তাবনা সমূহ



সকল স্তরের নাগরিকদের মহাপরিকল্পনার

বিভিন্ন ধাপের অংশগ্রহণের স্থিরচিত্র

পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ও সুপারিশ সমূহ

পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ

- বস্তিগুলোতে মহিলাদের সাথে গুরুত্ব দিয়ে পৃথক পৃথক উঠান বৈঠক করা হয়।
- বিভিন্ন **FGD** তে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৩০ শতাংশ।
- আর্থ-সামাজিক জরিপে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৩০ শতাংশ।

সুপারিশ সমূহ

- ✓ মহিলাদের জন্য পৃথক পাবলিক টয়লেট স্থাপন।
- ✓ কর্মসংস্থানের জন্য দরিদ্র মহিলাদের জন্য পৃথক দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ
- ✓ ওয়ার্ড সেন্টারে ম্যাটারনিটি ক্লিনিক এবং শিশু স্বাস্থ্যসেবা কেন্দ্র স্থাপন।
- ✓ পৌরসভার কর্মকাণ্ডে মহিলাদের আরো বেশি অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি।
- ✓ ক্ষুদ্র ব্যবসাতে মহিলাদের অংশগ্রহণে উৎসাহিত করার জন্য সুযোগ সুবিধা প্রদান।







Rangamati First Consultation Meeting (held on 10th May 2016)



Honorable Mayor Akbar Hossain Chowdhury



Lecturer, Rangamati Government College



ADF,Champaknagar, Banarupa



Team Leader, Dr. Akhter Husain Chaudhury



Councilor, Ward 6



Ex-Civil Surgeon



Rangamati First Consultation Meeting



Ex Member of Rangamati Hill District Council



Secretary, Rangamati Press Club

স্থানীয় লোকজনের নগর সম্বন্ধে ভাবনা এবং প্রস্তাবনা সমূহ

- একটি সুন্দর আধুনিক পর্যটন শহর।
- একটি পরিস্কার, যানজটমুক্ত পরিকল্পিত নগর।
- চিত্তবিনোদনের জন্য পার্ক, ছোট চিড়িয়াখানা তৈরি করতে হয়।
- লোকজনের বিনোদনের জন্য কফি হাউস এবং লোকাল সেন্টার নির্মাণ করতে হবে।
- ছোট ছোট শিল্প কারখান তৈরি করতে হবে যাতে করে স্থানীয় লোকজনের কর্মসংস্থান এর ব্যবস্থা হয়।




Figure: Frequency of Major Problem Raised by Participants

Rangamati 2nd Consultation Meeting (held on 28th December 2016)



Urban Planner, Rangamati Pourashava



Representative, Citizen Committee



Ex-Civil Surgeon, TLCC Member



Honorable Mayor



Poor Community Representative



Rangamati 2nd Consultation Meeting



Public Health Engineering Directorate, TLCC Member



Councilor, Ward No. 8



TLCC Member

বস্তি ও বিভিন্ন শ্রেণি পেশার মানুষের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD)



চেম্বার অফ কমার্স এর সদস্যদের সাথে



কলেজ এর শিক্ষক দের সাথে


আইনজীবী ও সাংবাদিক দের সাথে


মেয়রের সাথে


বস্তি বাসীদের সাথে

মেয়র, কাউন্সিলর, ও জেলা পরিষদ সদস্যদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD)









78

ড্রেনেজ ও দূর্যোগ বিশেষজ্ঞের পৌরসভা পরিদর্শন



79

তৃতীয় মতবিনিময় সভা (৩১ জানুয়ারি, ২০১৮)


টীম লিডার


নির্বাহী পরিচালক, শেলটেক কনসালটেন্টস (প্রাঃ) লিঃ


সভাপতি, রাঙ্গামাটি প্রেসক্লাব


নগর পরিকল্পনাবিদ, রাঙ্গামাটি পৌরসভা


সাজিদ বিন জাহিদ


মাননীয় মেয়র, রাঙ্গামাটি পৌরসভা


সংসদ সদস্য


প্রভাষক, রাঙ্গামাটি পাবলিক কলেজ


সাধারন সম্পাদক, রাঙ্গামাটি প্রেসক্লাব

80


ধন্যবাদ
উপস্থাপনায়ঃ
শেলটেক্ কনসালটেন্টস্ (প্রাঃ) লিঃ
SHELTECH
CONSULTANTS (PVT.) LTD.

পরিশিষ্ট ৭:
চতুর্থ মতবিনিময় সভার উপস্থিতি

Local Government Engineering Department

Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project

Preparation of Master Plan for Pourashavas

Attendance Sheet (LGED Officials)

Subject : Fourth and Final Consultation Meeting on Lakshmipur, Habiganj and Rangamati Pourashava Master Plan

Venue : RDEC Bhaban, Level -11, Shere Bangla Nagar, Agargaon, Dhaka-1207

Date : 26 September, 2018

Time : 09:00-05:00

SL no	Participants Name	Designation	Contact No	Signature
1	[illegible]	[illegible]		26/9/18
2	মোঃ আহসান হাবিব	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ICT ও Acting UAE	01716187468	26/9/18
3	[illegible]	[illegible] UGIIP-3, LGED	01791679798	
4	[illegible]	[illegible] UGIIP-3 LGED	01715015507	
5	Khan Muhammad Udam Rabbani	Project Manager, UGIIP-3, DPHE	01713370307	
6	Mohammad Nazmul Hasan Chowdhury	Executive Engr. CRIMP, LGEDIIR	01746651768	26/9/18
7	S.M. Abdullah Al Mamun	Urban Planner UGIIP-III, LGED	01710-605878	
8	Hasina Shabnam	Training officer UGIIP-III, LGED	01611418490	Shabnam 26.9.18
9	Md. Jakir Hossain Majumder.	Sub-Assistant Engineer UGIIP-III, LGED, H/Q.	01717942762	26.09.18
10	Paresh Chandra Biswas	Sub-Assistant Engineer UGIIP-III, LGED. H/Q.	01715 312007	
11	A.B.M. ASHRAFUZZAMAN KHAN	Town Planning Associate, UGIIP-III, LGED	01714224488	
12	Md. Abdullah Al Kafi	Assistant Engr. UGIIP-III	01521476644	
13	Farida Pervin	Sub Asst. Engineer UGIIP-III	01719138977	26.09.18

Local Government Engineering Department

Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project

Preparation of Master Plan for Pourashavas

Attendance Sheet (Pourashava Officials)

Subject : Fourth and Final Consultation Meeting on Lakshmipur, Habiganj and Rangamati Pourashava Master Plan

Venue : RDEC Bhaban, Level -11, Shere Bangla Nagar, Agargaon, Dhaka-1207

Date : 26 September, 2018

Time : 09:00-05:00

SL no	Name of Pourashava	Designation	Participants Name	Contact No	Signature
1	Lakshmipur	Mayor	Abu Taher	01733687166	
2		Chairman (Town planning, services for citizen and development committee)			
3		Chairman (Communication and Infrastructural development committee)			
4		Executive Engineer	Engr. Md. Abul Bashar	01712513202	
5		Secretary	Alauddin	01711014903	26.09.18
6		Town planner/In-charge	AKM Mostafizur Rahman	01741910379	26.09.18
7		Slum Development Officer/In-charge	Md. Mozammel Hossain	01712275255	
8	Habiganj	Mayor	Utpal Kumar Roy Councillor	01727813939	
9		Chairman (Town planning, services for citizen and development committee)			
10		Chairman (Communication and Infrastructural development committee)			
11		Executive Engineer	Dilip Kumar Datta S.A.E	01712-918415	26.09.18
12		Secretary	Md. Fayaz Ahmed	01816938693	29/9/18
13		Town planner/In-charge			
14		Slum Development Officer/In-charge			

Local Government Engineering Department

Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project

Preparation of Master Plan for Pourashavas

Attendance Sheet (Pourashava Officials)

Subject : Fourth and Final Consultation Meeting on Lakshmipur, Habiganj and Rangamati Pourashava Master Plan

Venue : RDEC Bhaban, Level -11, Shere Bangla Nagar, Agargaon, Dhaka-1207

Date : 26 September, 2018

Time : 09:00-05:00

SL. no	Name of Pourashava	Designation	Participants Name	Contact No	Signature
15	Rangamati	Mayor			
16		Chairman (Town planning, services for citizen and development committee)			
17		Chairman (Communication and Infrastructural development committee)	Md. Karim Akbar	01828855177	
18		Executive Engineer	Md. Akbar Rahman	01716-271969	
19		Secretary	Suman Chowdhury	01550607670	
20		Town planner/~~In-charge~~	Suvarna Chakma	01557 319495	
21		Slum Development Officer/In-charge	MD. REZAUL HASAN	01912-620649	

Local Government Engineering Department

Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project

Preparation of Master Plan for Pourashavas

Attendance Sheet (Consultant Team)

Subject : Fourth and Final Consultation Meeting on Lakshmipur, Habiganj and Rangamati Pourashava Master Plan

Venue : RDEC Bhaban, Level -11, Shere Bangla Nagar, Agargaon, Dhaka-1207

Date : 26 September, 2018

Time : 09:00-05:00

SL no	Participants Name	Designation	Contact No	Signature
1	ZEENAT NAHREEN	Executive Director	01715008955	
2	Md. Anisur Rahman	DGM Shelltech	01711180985	
3				
4	Abdullah Al Mamun	Manager, SCPL	01678114182	
5	Suzana Huq	Senior Executive	01670052808	
6	Zulfiker Haider Fayad	Junior Urban Planner	01827368840	
7	Towhidul Islam	Senior Executive		
8	Sudipta Chowdhury	Asst. Manager	01798278886	
9				
10				
11				
12				

Local Government Engineering Department

Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project

Preparation of Master Plan for Pourashavas

Attendance Sheet (Consultant Team)

Subject : Fourth and Final Consultation Meeting on Lakshmipur, Habiganj and Rangamati Pourashava Master Plan

Venue : RDEC Bhaban, Level -11, Shere Bangla Nagar, Agargaon, Dhaka-1207

Date : 26 September, 2018

Time : 09:00-05:00

SL no	Participants Name	Designation	Contact No	Signature
1	[illegible]	[illegible]	[illegible]	
2	Most Rotan Begum	EDO	01716-656082	
3				
4				
5				
6				
7				
8				
9				
10				
11				
12				

পরিশিষ্ট ৮:
ইউজিপ প্রকল্পের ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনা উপস্থাপন ও পর্যালোচনা সভার কার্যবিবরণী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
১৬টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনা উপস্থাপন ও পর্যালোচনা সভা

প্রধান অতিথিঃ জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রধান প্রকৌশলী, এলজিইডি

স্থানঃ এলজিইডি ভবন, লেভেল-৪, সেমিনার রুম, আগারগাঁও, ঢাকা-১২০৭

তারিখঃ ১৫ এপ্রিল, ২০১৯ খ্রিঃ | সময়ঃ সকাল ১১.০০-০৫:০০ ঘটিকা পর্যন্ত

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প (UGIIP-III) এর আওতায় ১৬টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনার উপস্থাপন ও পর্যালোচনা সভা বিগত ১৫ এপ্রিল, ২০১৯ খ্রিঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের এলজিইডি ভবন, লেভেল-৪ এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয় । ডেভেলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিঃ ও শেলটেক কনসালটেন্টস (প্রাঃ) লিঃ পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে উপস্থিত ছিলেন । সভার প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ আবুল কালাম আজাদ। সভায় উপস্থিত ব্যক্তিবর্গের তালিকা সংযুক্ত-'ক' সদয় দ্রষ্টব্য।

অনুষ্ঠানের শুরুতেই প্রধান অতিথি জনাব মোঃ আবুল কালাম আজাদ সকলের প্রতি সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রকল্প পরিচালক, জনাব এ.কে.এম.রেজাউল ইসলাম তাঁর বক্তব্যের শুরুতে সকলকে উক্ত মতবিনিময় সভায় স্বাগত জানান। তিনি বলেন, একটি মহাপরিকল্পনা প্রণয়নের বিভিন্ন পর্যায় রয়েছে। মহাপরিকল্পনা প্রণয়ন কাজে পরামর্শক প্রতিষ্ঠান মহাপরিকল্পনা প্রণয়নের বিভিন্ন ধাপ সুষ্ঠু ভাবে অতিক্রম করে চূড়ান্ত মহাপরিকল্পনা প্রণয়ন করেছে । এই সভার উদ্দেশ্য হল প্রণীত চূড়ান্ত মহাপরিকল্পনার বিভিন্ন ত্রুটি বিচ্যুতি উন্মুক্ত আলোচনার মাধ্যমে খুঁজে বের করে ভবিষ্যতে বৃহত্তর পরিসরে মহাপরিকল্পনা প্রণয়নে সেগুলোর সমাধান করা।এরপর তিনি একটি পৌরসভাকে পরিকল্পিত ও আদর্শ পৌরসভা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মহাপরিকল্পনার গুরুত্বের বিষয় তুলে ধরেন।

সভার এই পর্যায়ে সম্মানিত প্রধান প্রকৌশলী তার স্বাগত বক্তব্য দেন এবং সভার লক্ষ্য ও উদ্দেশ্য সকলের সামনে তুলে ধরে তিনি বলেন, পরামর্শক, শিক্ষাবিদ, গবেষক, ক্লায়েন্ট সবাই মিলে একটা ভবিষ্যৎ পথ তৈরি করাই এই মতবিনিময় সভার প্রধান উদ্দেশ্য এবং কিভাবে উন্নততর আধুনিক প্রযুক্তিকে আরো ভালভাবে ব্যবহার করে ভবিষ্যৎ পরিকল্পনাগুলো করা যায়। দেশে অনেক বিজ্ঞ লোক রয়েছে যাদেরকে যথাযথভাবে ব্যবহার করা যাচ্ছে না, পরিকল্পনায় কিভাবে তাদেরকে আরো ভালভাবে সংযুক্ত করা যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন।

বর্তমান নাগরিক জীবনে বর্জ্য ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ একটা বিষয়। এই বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী ও মন্ত্রী মহোদয় খুবই উদ্বিগ্ন। কিভাবে এ বিষয়টি সমাধান করা যায় এজন্য বিভিন্ন দেশের বর্জ্য প্রক্রিয়াকরণ উদাহরণগুলো দেখা হচ্ছে বিশেষ করে কোরিয়া, থাইল্যান্ড ও ভিয়েতনামের ।এদের ট্রিটমেন্ট প্রক্রিয়া দেখা হচ্ছে এবং আমাদের দেশের দৃষ্টিকোণ থেকে তা কিভাবে ব্যবহার করা যায় তা চিন্তাভাবনা করা হচ্ছে। এই সেক্টরের বিশেষজ্ঞদের নিয়ে এই বিষয়ের সুরাহা করতে হবে। ড্রেনেজ নেটওয়ার্ক নিয়ে কাজ করতে হবে যাতে করে বৃষ্টির পানি ও বর্জ্য পানি এক না হয় এবং ড্রেনের পানি যাতে আউটফলে পড়া নিশ্চিত হয়।

বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে বিশেষজ্ঞ হিসাবে KUET-এর প্রফেসর ড. আলমগীর রয়েছেন এবং ড্রেনেজ নেটওয়ার্কের জন্য প্রফেসর ড. সাইফুল বিশেষজ্ঞ হিসেবে কাজ করেন । আরবান প্ল্যানিং এর জন্য বুয়েট, কুয়েট, চুয়েট, রুয়েট, খুলনা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বেশ কিছু বিশেষজ্ঞ রয়েছেন।জিআইএস, রিমোট সেন্সিং এর জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিওগ্রাফি ডিপার্টমেন্ট রয়েছে। এইসব বিজ্ঞ লোক নিয়ে এবং শেলটেক, ডিডিসি পরামর্শক যারা আছেন তাদের সবাইকে নিয়ে একটা সিদ্ধান্ত নিতে হবে । আমাদের দেশকে বাসযোগ্য করার লক্ষ্যে কি পরিমান রিসোর্স বর্তমানে রয়েছে আর কি পরিমান সহায়তা আমাদের দেশের বাইরে থেকে নিতে হবে, কিভাবে পার্টনারশিপ করে পরিকল্পনাটিকে সুন্দর করা যায় তার একটা ভবিষ্যৎ পথ নির্দেশনা করা দরকার ।

স্যাটেলাইট ইমেজের সহজলভ্যতা আমাদের বাড়াতে হবে। বিশেষ করে আশেপাশের দেশ ভারত, চীন তারা স্যাটেলাইট ইমেজের নির্ভুলতা ও সহজলভ্যতার দিক থেকে অনেক এগিয়ে রয়েছে। আমরা তাদের সহযোগিতা নিতে পারি। নেদারল্যান্ডে ইমেজ এবং থ্রি লাইনার টেকনোলজি ব্যবহার করে তারা নগর পরিকল্পনাকে অনেক সহজ করে ফেলেছে ফলে তারা ঘরে বসেই খুব সহজে অ্যাসেসমেন্ট করতে পারে। প্রযুক্তির জন্য তারা সব ডাটা খুব সহজেই পেয়ে যায় ফলে পরিকল্পনার এবং ম্যানেজমেন্টের সহজ হয় এবং স্বচ্ছতা আরো বেড়ে যায়।

মতবিনিময় সভার প্রধান উদ্দেশ্যই হলো ভবিষ্যৎ পরিকল্পনার পথ নির্দেশনা। এই মতবিনিময় সভায় বিভিন্ন ডিসিপ্লিনের লোকজনদের আহ্বান জানানোর মূল উদ্দেশ্যই হলো আমরা কিভাবে নর্দমা ব্যবস্থাপনা (ড্রেনেজ ম্যানেজমেন্ট), বর্জ্য ব্যবস্থাপনা (ওয়েস্ট ম্যানেজমেন্ট), রিমোট সেন্সিং কিভাবে কাজ করে এবং পরিকল্পনাবিদরা কিভাবে এগুলো সবকিছু নিয়ে কাজ করে - সবাই যদি এগুলো জানতে পারে তাহলে সবাইমিলে পার্টনারশিপ করে প্রয়োজনে প্রতিবেশী রাষ্ট্র অথবা ইউরোপিয়ান রাষ্ট্রের সাথে সহযোগীতার মাধ্যমে অল্প সময়ে সরকারের কাছে বাংলাদেশের একটি সুন্দর গ্রহণযোগ্য ভূমি ব্যবহার পরিকল্পনা উপস্থাপন করা যায়।

